জাবালি বলিবেন, হে মুনীশ্বর! সেই পরম ধর্ম্মবেত্তা মাতাপিতৃ-সেবক উত্তম ব্যাধ কে? এবং তাহার সর্ব্বজ্ঞতাই বা কিরূপ বিখ্যাত আছে? হে ব্রহ্মন্! তাহা শ্রবণ-পরায়ণ আমাকে বলুন; শুনিতে আমার কৌতূহল হইয়াছে, প্রভো! যদি গোপনীয়ও হয়, তথাপি আমাকে তাহা বলিতে হইবে। কেননা, হে প্রভো! প্রসন্ন, ভক্ত, শুশ্রূষা-নিরত শিষ্যের নিকট, গুরু অজিজ্ঞাসিত প্রয়োজনীয় বিষয় অথবা গোপনীয় কথাও অনুগ্রহ করিয়া বলিতে পারেন। ব্যাস বলিলেন, আমি এ বিষয়ে পুরাতন ইতিহাস কীর্ত্তন করিতেছি, এই পবিত্র ইতিহাস আমার পিতা পরাশর আমাকে বলেন। তিনি বলিয়াছিলেন, তপোদেব নামে এক কৃতী গৃহস্থ ব্রাহ্মণ ছিলেন, সেই তেজস্বী ব্রাহ্মণের পুত্রের নাম কৃতবোধ। ব্রাহ্মণপুত্র কৃতবোধের চিত্ত তপস্যায় অভিনিবিষ্ট। কৃতবোধের নিশ্চয় হইয়াছিল, তপস্যাই ব্রাহ্মণের ধন। স্থিরসঙ্কল্প কৃতবোধ, মাতাপিতার মত না লইয়াই তপস্যায় গমন করিতে অভিলাষী হইলেন। তখন ব্রাহ্মণ তপোদেব, পুত্রকে গমনাভিলাষী জানিয়া বলিতে লাগিলেন, বৃদ্ধ আমি ঘরে থাকিতে, বাবা! তুমি তপস্যার জন্য কেন বাহিরে যাইতেছ? আর বিশেষতঃ তোমার অপেক্ষাও অল্পবয়স্কা তোমার ভার্য্যা আমার বধূমাতা গৃহে রহিয়াছেন। অতএব পুত্রোৎপাদন কর, গার্হস্থ্যধর্ম্ম পালন কর, দেবপূজা কর, পিতৃ-সেবা কর, অতিথি-সৎকার কর এবং অভ্যস্ত-বিদ্যার অনুশীলন কর। বৎস! মুনিগণের নির্দ্দিষ্ট এবং মহাত্মাদিগের আরাধিত মহাফলদায়ী গৃহস্থধর্ম্ম আমার আদেশে উত্তমরূপে পালন করিয়া গৃহে বসিয়াই উত্তম শত যজ্ঞের ফল প্রাপ্ত হও। পরে, উপযুক্ত পুত্র হইলে, তাহার উপর সকল ভার দিয়া তপস্যায় যাইও। উত্তমজ্ঞানসম্পন্ন মদীয় পূর্ব্বপুরুষগণ এইরূপই করিয়া গিয়াছেন। পিতৃ-আজ্ঞা-অতিক্রমাদি করিয়া বৃথা কালযাপন করিও না। পরাশর বলিলেন, মহাত্মা তপোদেব, বহুবার এইরূপ বলিলেও মুনি কৃতবোধ, পিতৃবাক্য অবহেলা করিয়া তপস্যায় যাইলেন। তখন কৃতবোধ হবিষ্যাশী হইয়া এক দেবপীঠে তপস্যা করিতে লাগিলেন। কিন্তু তপস্যায় স্থৈর্য্যলাভ করিতে পারিলেন না, কেমন অতিশয় বিভীষিকা হইতে লাগিল। তার পর কৃতবোধ

যত্নসহকারে পরমোত্তম গঙ্গাতীরে যাইলেন,—যথায় পাপ বা পুণ্য যাহাই করিবে, তাহারই কোটিগুণফল হইয়া থাকে। তিনি তথায় স্নান, পূজা, জপ এবং দানাদি কর্ম্ম করত মন দৃঢ় করিয়া অবস্থিত হইলেন, কিন্তু কি আশ্চর্য্য তাঁহাকে কেহই অভিনন্দন করিত না। গঙ্গার অনুচর স্বরূপ লোকেরা সেখানেও কৃতবোধকে ব্যতিব্যস্ত করিয়া তুলিল; তখন তিনি মনুষ্যগণের গতিবিধি-বর্জ্জিত সমুদ্র তীরে গমন করিলেন। কৃতবোধ, তথায় থাকিয়া অচলদেহে অনাহারে তপস্যা করিতে লাগিলেন। হে পুত্র দ্বৈপায়ন! তপস্যা করিতে করিতে তাঁহার দ্বাদশ বৎসর অতিবাহিত হইল। সকল জলচর প্রাণী ও পশুপক্ষিগণ তাঁহাকে বিশ্বাস করিতে লাগিল। অনন্তর, কালক্রমে বিশাল বল্মীকস্তূপ কৃতবোধের দেহার্দ্ধ আবৃত করিল। বল্মীকস্তূপের গর্ত্তে, মূষিক ও সর্পাদি বাস করত ডিম্ব শাবকাদি উৎপাদন করিতে লাগিল। তারপর বর্ষার প্রবল বৃষ্টিধারায় বল্মীকস্তূপ দেহ হইতে গলিয়া পড়িল। পক্ষিগণ, কৃতবোধের শিরঃস্থিত জটাকলাপের মধ্যে নীড় নির্ম্মাণ করিয়া বহু শাবকের সহিত বাস করত শেষে কোথায় গেল; মুনিপুত্র কৃতবোধ, তদ্দর্শনে আপনাকে সিদ্ধতাপস বলিয়া মনে করিলেন। তখন তিনি তপোগর্ব্বিত হইয়া বনে বনে বিচরণ করিতে লাগিলেন। একদা তিনি সমুদ্রজলে স্নান করিতে যাইতেছেন, এমন সময় উড্ডীন বক তাঁহার গাত্রে বিষ্ঠাত্যাগ করিল। বিপ্র কৃতবোধ তৎকার্য্যকারী বকপক্ষীর প্রতি সক্রোধ দৃষ্টিনিক্ষেপ করিয়া ভস্ম করেন, তাহাতে তাঁহার গর্ব্ব আরও বাড়িয়া যায়। তার পর তিনি সরস্বতীসলিলে স্নান করিয়া বাড়ী যাইতে কৃতনিশ্চয় হইলেন। কৃতবোধ মধ্যাহ্নকালে, এক ব্রাহ্মণের গৃহে অতিথিরূপে গমন করিলেন। গিয়া দেখিলেন, এক ব্রাহ্মণ আপনার উরুদেশে নিদ্রাপরায়ণ পিতার পদদ্বয় স্থাপন পূর্ব্বক সেবা করিতেছেন, অতিথি দেখিয়াও তিনি কিছু বলিলেন না। এইরূপে মুহূর্ত্তার্দ্ধ অতীত হইলে, অতিথি ব্রাহ্মণের প্রতি বকভস্মকারিণী দৃষ্টি নিক্ষেপ করত সক্রোধে বলিলেন, অহে ব্রাহ্মণপুত্র! তোমার এ কি ব্যাপার! দেখিতে পাইতেছ না—অভ্যাগত আমি তোমার প্রাঙ্গণে দাঁড়াইয়া আছি? তোমার গৃহে কি ধর্ম্ম নাই যে, অতিথিসেবা হয়? অতিথি যাহার গৃহ হইতে সম্পূর্ণ নিরাশ হইয়া গমন করে, সে তৎক্ষণাৎ সর্ব্ব-পুণ্য-বিহীন হইয়া বহু পাপভাগী হয়। ধর্ম্মই, গার্হস্থ্যধর্ম্ম কে কিরূপ পালন করে, তাহা জানিবার অভিপ্রায়ে গৃহস্থগণের গৃহে গৃহে অতিথিরূপে নিরপেক্ষ-ভাবে বিচরণ করেন—হে গৃহস্থপুত্র! ইহা কি তুমি শ্রবণ কর নাই? অতিথি, গৃহস্থ-দিগের গৃহ দেখিয়া সমাগত হন। তথায় যদি অতিথির অর্চ্চনা না হয়, তাহা হইলে সে সব গৃহ—গৃহ নহে; পরন্তু শ্বপচ জাতির বাসস্থলস্বরূপ অরণ্য মাত্র। হে ব্রাহ্মণ-বালক! অতিথিকে যথাযোগ্য সেবা করিবে, অন্ততঃ মিষ্টবাক্য দ্বারাও তুষ্ট করিবে, নচেৎ নির্দ্দিষ্ট নরকে পড়িতে হয়। যে প্রত্যুপকারলিপ্সু, আত্মাভিমানী মূর্খ, অতিথি চণ্ডালই হউক, আর ব্রাহ্মণই হউন, তাঁহার উপযুক্ত সৎকার না করে,

নরকপতিত ব্যক্তিগণও তাহার মুখাবলোকন করে না। তুমি কিন্তু বাক্য দ্বারাও কিঞ্চিন্মাত্র আতিথ্য কর নাই। অতএব তোমাকে অভিশাপ দিয়া আমি যাইতেছি, আমার ব্রহ্মবল অবলোকন কর। ব্রাহ্মণ বলিলেন, অতিথে! আমার প্রতি আপনি কেন ক্রোধদৃষ্টিক্ষেপ করিতেছেন? আপনি অতিথি; অতএব ভূতলে ধর্ম্মরূপেই বিচরণ করিতেছেন। অতিথিত্ব এবং গৃহিত্ব—পরস্পর সাপেক্ষ সম্বন্ধ; অন্যথা আপনি সুবর্ণনির্ম্মিত বা ধনপ্রসূ পাদপের অতিথি হন না কেন?—আমি পিতার অধীন, আমি সতত পিতার আজ্ঞাবাহক; আমি যে ধনোপার্জ্জন করি, তৎসমস্তই আমার পিতার। ভার্য্যা, পুত্র এবং ভৃত্য কদাচ স্বাধীন নহে; ইহাদিগের সকল কার্য্যই স্বামীর ফলজনক; অতএব ভার্য্যা পুত্র ভৃত্য যাহার, ভার্য্যাদির উপার্জ্জিত ধনও তাহার। আপনি পিতার অতিথি, অথচ আমার পিতা নিদ্রাগত, আমি গৃহস্থ নহি, আপনি আমার অতিথিও নহেন, আমার পিতা গৃহস্থ, তিনি কিন্তু নিদ্রাগত। পিতার নিদ্রাভঙ্গ করা আমার পক্ষে সজ্জনাচরিত ধর্ম্মানুসারী নহে। অপিচ, গৃহস্থ স্বয়ং গৃহে না থাকিলেও, গৃহস্থের গৃহে ভার্য্যা পুত্র যে থাকে, সে কি গৃহস্থের ধর্ম্মরক্ষা করে না? যাহার গৃহে সুশীল পুত্র এবং সুশীলা পত্নী থাকে, তাহার গৃহ সুখপ্রদধর্ম্মে পরিপূর্ণ। পুরুষ, পত্নী বা পুত্রের উপর গৃহধর্ম্ম রক্ষার ভার দিয়া নিশ্চিন্ত ভাবে বিচরণ করিবে, ধর্ম্মশাস্ত্রবক্তারা এইরূপ বলিয়াছেন। ইহা অবশ্য সত্য বটে, কিন্তু আপনি প্রকৃতপক্ষে অতিথি নহেন; আপনি একটী পক্ষীকে ভস্ম করিয়া অতি অহঙ্কারে কেবল বিচরণ করিতেছেন; আমি ত সে বকপক্ষী নহি, আমি মাতা-পিতার সেবক। আপনিও ব্রাহ্মণ, ভোজন, দান এবং পরিধান আপনারাই করিয়া থাকেন। পরের নিকট ভোজনাদি না পাইয়া ক্রোধ করিতেছেন কেন? শান্তি অবলম্বন করুন। অতিথি, গৃহিগণের গৃহে আপনার অন্ন বস্ত্র গ্রহণের জন্যই আপনি গমন করেন, গৃহী তাহা দান না করিলে পরস্বাপহারী হয়। তাহা হইলেই গৃহী দান পাইবার যোগ্য। অতিথির পীড়া দিতে কে পারে? অতএব শান্তি অবলম্বন করুন। অতিথি বলিলেন, আপনার এরূপ জ্ঞান কোথা হইতে হইল? আমি যে বক ভস্ম করিয়াছি এবং তাহাতে যে আমার অহঙ্কার হইয়াছে, এই পরোক্ষ বিষয় যে আপনি জানিতেছেন। আমি দেহকে ক্লিষ্ট করিয়া যে জ্ঞান উপার্জ্জন করিতে পারি নাই, আপনি কিন্তু এই বয়সে অনায়াসে তাহা অর্জ্জন করিয়াছেন। আমি যে বক ভস্ম করিয়াছি, এ কথা কে বলিতে সক্ষম হয়! আমি কিরূপে আপনার তুল্য জ্ঞানলাভ করিতে পারি তাহা উপদেশ দিন। আপনি বয়সে অল্প হইলেও জ্ঞানদাতা বলিয়া গুরু হইয়াছেন। পরাশর বলিলেন, তখন অতিথি বিস্ময়াপন্ন ও হতদর্প হইয়া এই কথা বলিলে, সেই ব্রাহ্মণ তাঁহাকে বলিলেন, হে বিপ্র! আপনি বারাণসীনগরীতে যান, তথায় তুলাধার নামে এক ধর্ম্মশীল সাধু ব্যাধ বাস করেন। সেই ধার্ম্মিক আপনাকে নিঃসন্দিগ্ধ সকল কথা বলিবেন। তাঁহার আচরণ দেখিলেই

আপনার জ্ঞান হইবে। সেই ব্যাধ পূর্ব্বে জাবালি নামক এক ব্রাহ্মণকে উপদেশ প্রদান করেন; আমি জাবালির নিদর্শনে কিঞ্চিৎ এই ধর্ম্মাচরণ করি। এখানে ক্ষণকাল উপবেশন করুন, আমার পিতা জাগ্রৎ হউন। ইনি আপনার অর্চ্চনা করিলে তার পর জ্ঞানপ্রাপ্তির জন্য গমন করিবেন। পরাশর বলিলেন, হে ব্যাস! সেই ব্রাহ্মণ-কুমার এই কথা বলিলে, বিস্ময়াপন্ন অতিথি চুপ করিয়া রহিলেন, ভাল মন্দ কিছুই বলিলেন না। কিন্তু অত্যন্ত ত্বরাপ্রযুক্ত তৎক্ষণাৎ যাইতে ইচ্ছুক হইলেন। এমন সময় গৃহস্থ ব্রাহ্মণ জাগরিত হইয়া অতিথিকে অবলোকন পূর্ব্বক, পুত্র ও অতিথির সাক্ষাতে বলিতে লাগিলেন, আমার ভাল কাজ করা হয় নাই; এই ব্রাহ্মণ আমার অতিথি হইয়াছেন। কিন্তু আমি এই মৃত্যুতুল্য নিদ্রায় অচেতন হইয়াছিলাম, ইনি আসিয়া না জানি কতক্ষণ আমার প্রাঙ্গণেই দাঁড়াইয়া আছেন। আর আমার পুত্র ত ধর্ম্মভীরু; আমার নিদ্রাভঙ্গভয়ে তাহার উরুস্থিত মদীয় পদদ্বয় অপসারিত করে নাই, অতএব আমিই অপরাধী, আমার জন্যই অতিথির আতিথ্য হয় নাই। ব্রাহ্মণ, আপনা-আপনি এইরূপ অনুতাপ করিয়া যথাশক্তি সেই অতিথির পূজা করিলেন। সেই ব্রাহ্মণ-সৎকৃত অতিথি, তথায় সেই রাত্রি বাস করিয়া প্রাতঃকালে উঠিয়া ব্রাহ্মণ-পুত্র এবং গৃহী ব্রাহ্মণকে নমস্কার করত শীঘ্র তুলাধার ব্যাধ সকাশে বারাণসীধামে যাত্রা করিলেন। তার পর বারাণসীতে গিয়া দেখিলেন, তুলাধার, সস্ত্রীক, বাজারে মৃগমাংস বিক্রয় করিতেছেন অথচ ধর্ম্মতেজে জাজ্বল্যমান। ব্যাধ তুলাধার, সম্মুখে অবস্থিত সেই ব্রাহ্মণকে দেখিয়া সায়ংকালের অতিথি উপস্থিত বিবেচনা করিয়া তাঁহাকে বলিলেন, হে ব্রাহ্মণসন্তান! আপনি সুখে আগমন করিয়াছেন ত? এক দ্বিজপুত্র, আপনাকে আমার নিকট পাঠাইয়াছেন এবং আপনার মস্তকে পক্ষীরা কুলায় নির্ম্মাণ করিয়াছিল, এই কারণে যে তপোদম্ভ আপনার হইয়াছিল, তাহা তিনিই দূর করিয়াছেন। ব্রহ্মন্! আপনার মনে যে সন্দেহ উপস্থিত হইয়াছে, তাহা আমি ছেদন করিব। আপনি আমার গৃহে আসুন, আপনি আমার সায়ংকালের অতিথি। পরাশর বলিয়াছিলেন, চরিতার্থ ব্যাধ, ব্রাহ্মণকে এই কথা বলিলে, ব্রাহ্মণ পরম বিস্ময় প্রাপ্ত হইলেন। তাহাতেই কোন কথা বলিতে পারিলেন না। কেবল সেই সাধু ধর্ম্মী ব্যাধের সঙ্গে সঙ্গে তাহার গৃহে গমন করিলেন। ব্রাহ্মণ দেখিলেন, ব্যাধের গৃহ, সুন্দর এবং নানা শোভায় শোভিত। মাতাপিতৃভক্ত ব্যাধ তুলাধার, গৃহে গিয়া সেই ব্রাহ্মণের সমক্ষেই সহধর্ম্মিণী সমভিব্যাহারে, মাতাপিতাকে প্রণাম করিয়া তাঁহাদের সম্মুখে দাঁড়াইয়া থাকিলেন। তদ্রূপে অবস্থিত ধার্ম্মিকশ্রেষ্ঠ পুত্র তুলাধারকে মাতা-পিতা আনন্দিত হইয়া বলিলেন, অতিথিসেবা কর গিয়া। তুলাধার এইরূপে মাতা-পিতার আজ্ঞা পাইয়া ধন, যোগ্যতা এবং বুদ্ধি অনুসারে সেই ব্রাহ্মণের পূজা করিলেন। তুলাধার যথাকালে মাতা-পিতাকে পূজা করিয়া তাঁহাদের ভোজনাদি দ্রব্য ও

আবশ্যকীয় কর্ম্ম নির্ব্বাহের জন্য নিজ পত্নীকে নিযুক্ত করিয়া জিজ্ঞাসু অতিথি ব্রাহ্মণের নিকট গিয়া বসিলেন। হে ব্যাস! ব্রাহ্মণ-নন্দন, তুলাধারকে দেখিয়া হৃষ্টান্তঃকরণে বহুদিনের অভিলষিত তত্ত্ব জিজ্ঞাসা করিলেন, তুমি কোন্ গুরুর নিকট এরূপ জ্ঞান উপার্জ্জন করিয়াছ? এরূপ জ্ঞানলাভ আমার কিরূপে হয়, তাহা বল। আমি যে বক ভস্ম করিয়াছি, তাহা জানিলে কিরূপে? তাহা তুমি আমায় বল। আমি শরীরশোষকর তপস্যা দ্বারাও যে জ্ঞান লাভ করিতে পারি নাই, হে আমিষ-বিক্রয়িন্! তুমি যথেচ্ছ ব্যবহার করিয়াও সে জ্ঞান লাভ করিয়াছ কেমন করিয়া? ব্যাধ বলিলেন, হে ব্রাহ্মণ-নন্দন! আমার বৃত্তান্ত যত্নপূর্ব্বক শ্রবণ করুন। মুনে! পূর্ব্বে আমি বাল্যাবস্থায়, জ্বলন্ত অনলের ন্যায় দুর্নিরীক্ষ্য তেজোরাশি-সম্পন্ন উত্তম ব্রাহ্মণ অবলোকন করিয়া ক্রীড়া পরিত্যাগ করত সহর্ষে তাঁহার অনুগমন করিলাম। যাইতে যাইতে বনে একটী পক্ষীও ধরিলাম। মদ্গৃহীত জালবদ্ধ বৃদ্ধ পক্ষী ব্যাকুল-ভাবে শব্দ করিতে লাগিল। তখন পূর্ব্বপোষণ স্মরণ করিয়া সেই পক্ষীর এক পুত্র, পিতাকে একটু জল (চঞ্চুপুটে আনিয়া) দেয়। কিন্তু ভয় ও চাঞ্চল্য বশতঃ সেই পক্ষি-তনয়ও জালে পতিত হইয়া মরে। সেই পক্ষি-তনয়, তৎক্ষণাৎ পক্ষিদেহ পরিত্যাগ পূর্ব্বক দিব্যদেহ ধারণ করিয়া সর্ব্বসৎকৃত স্বর্গে গমন করিল। আমি অতুলনীয় সেই ব্যাপার অবলোকন করিয়া বিস্ময়াবিষ্টচিত্তে সেই জ্ঞানিশ্রেষ্ঠ ব্রাহ্মণকে ইহার বৃত্তান্ত জিজ্ঞাসা করিলে তিনি আমাকে বলিলেন, হে ব্যাধপুত্র! তুমি যে পক্ষীকে বাঁধিয়া রাখিয়াছ—মৃত পক্ষী ইহার ঔরস পুত্র। এই পক্ষী পূর্ব্বের কথা স্মরণ করিয়া আপনার মরণ বিচার না করিয়াই পিতাকে জলদান করিয়া, তাহার তৃপ্তি সাধন করে; সেই কর্ম্মফলেই এই উৎকৃষ্ট গতিপ্রাপ্তি তাহার ঘটিল। হে বালক! তুমিও আমার উপদেশে মাতা-পিতার সেবা কর; নিশ্চয় তোমারও দিব্যজ্ঞান এবং দিব্যদেহ প্রাপ্তি হইবে। সেই গুরুদেব ব্রাহ্মণ আমাকে এই কথা বলিলে আমি (তদবধি) প্রতিজ্ঞা করিয়া সতত মাতা-পিতার সেবা করিতেছি। আমি তপস্যা, দান, ব্রত যজ্ঞাদি কিছুই জানি না; জানি কেবল এক মাতা-পিতার চরণসেবা। আমার যে জ্ঞান উৎপন্ন হইয়াছে, তাহা পিতৃ-সেবার ফল। প্রাতঃকালে উঠিয়া সেই পিতৃ-সেবার উপদেষ্টা ব্রাহ্মণকে প্রণাম করিয়া অনন্তর পিতৃ-সেবায় নিযুক্ত হই। আমি বৈশ্যবৃত্তি অনুসারে মাংস-ক্রয়-বিক্রয় দ্বারা গৃহস্থাশ্রমে জীবিকা নির্ব্বাহ করি। আমি সদেক-পরায়ণা পতিদেবতা সুভাগা ভার্য্যা পাইয়াছি, তাঁহার সহিত পিতৃ-সেবা ও অতিথি-সেবা ধর্ম্ম আচরণ করিয়া থাকি। কিন্তু আপনি পিতার আজ্ঞা না পাইয়া—অন্যত্র স্থান পান নাই,—দেহশোষক উগ্র তপস্যা সমুদ্রতীরে করিয়াছেন। পক্ষী মূষিকাদি প্রাণীরাও তখন আপনার প্রতি বিস্ময়াপন্ন হইয়াছিল। এদিকে আপনার পিতা আপনাকে দেখিতে না পাইয়া বহু অনুতাপ করিয়াছেন, পিতার অনুতাপেই

আপনার উগ্র তপস্যাও স্থায়ী হয় নাই। আপনার তপস্যাই, শুক্লবর্ণ বকরূপে আকাশে অধিষ্ঠিত হয়, কিন্তু আপনি আপনার পিতার অনুতাপানলেই সেই তপস্যাকে ক্ষণমধ্যে ভস্মীভূত দেখিতে পান। তপস্যা অগ্রে নিঃসৃত হইলে, আপনি বিশেষ অহঙ্কারী হন। অতএব বিপ্র। এখন আমার বাক্য অবধারণ করুন। ঘরে গিয়া যত্ন-সহকারে, সর্ব্বতোভাবে মাতাপিতার অর্চ্চনা করুন। যে আপনি প্রত্যক্ষ দেবতা পরিত্যাগ করিয়া বৃথা শরীর শুষ্ক করিয়াছেন, এক্ষণে সেই আপনি সেই দেবতা পিতা-মাতাকে পূজা করিয়া স্বকীয় অভীষ্ট প্রাপ্ত হইবেন। আমি এই আপনাকে সকল কথা বলিলাম, এইরূপ করিলে নিশ্চয়ই ইষ্টসিদ্ধি হইবে। মানুষ, দুরদৃষ্টবশে পুরুষের বীর্য্য অবলম্বনে, মাতার উদরে দশ মাস দশ দিন বাস করে। মানব, সেই দুঃখমন্দির মাতৃগর্ভে বাস করতই দুঃখ ভোগ করে। হে ব্রাহ্মণ! গর্ভস্থ মানব শেষ চারি মাস, পূর্ব্বজন্মের দুঃখ সকল স্মরণ করিয়া থাকে। তার পর কোনরূপে, মন সুস্থির করিয়া বিষ্ণুকে স্মরণ করত সে এইরূপ বলিতে থাকে,—হে জগৎপতে! লোকপিতঃ! লোকধাতঃ! লোককর্ত্তঃ! ভগবন্! হরে! নারায়ণ! আপনাকে নমস্কার। আপনিই লোকের কর্ম্ম অনুসারে সুখ দুঃখ প্রদান করেন। প্রাণিগণ আপনারই সৃষ্ট, আপনিই তাহাদিগকে পালন করিতেছেন। কু-কর্ম্ম করিলে জীব দুঃখ ভোগ করে, আর আপনার সেবা করিলে সুখভোগ হয়। অতএব হে বিভো! গর্ভ হইতে নিঃসৃত হইয়া তোমারই স্বরূপ পিতা-মাতাকে সেবা করিব; যাহাতে করিয়া আর জন্মমৃত্যু-ব্যথা ভোগ করিতে না হয়। মানব এইরূপ বলিতে বলিতে বিষ্ণুকে যেন সাক্ষাৎ দর্শন করত যথাসময়ে সূতিকাবায়ু কর্ত্তৃক আকৃষ্ট হইয়া শনৈঃ শনৈঃ গর্ভ হইতে নিঃসারিত হয়। তখন মানব কোটি-বৃশ্চিকদংশন-ক্লেশ প্রাপ্ত হয়। দেহী মরণ সময়েও এইরূপ ক্লেশ প্রাপ্ত হয়। যাহউক, তৎপরে জাত ও ক্রমে মাতার পরিপোষণে বর্দ্ধিত হইয়া মাতা-পিতার সেবায় দেবগণকেও পরিতুষ্ট করিয়া থাকেন। তার পর তাহার সদ্গুরু-প্রাপ্তি ঘটে, দেবতানিদর্শনের তাহাই মূল। প্রাণী এইরূপে সুখ ভোগ করিয়া পরলোকেও সুখ ভোগ করিবে। পরাশর বলিলেন, তুলাধর, প্রসন্নমনে, সেই ব্রাহ্মণ-নন্দনকে উক্ত কথা বলিলে, মাতা-পিতা কেমন করিয়া তুষ্ট হইবেন, এই ভাবনা করত ব্রাহ্মণ, প্রাতঃকালে গৃহে গমন করিলেন।

তৃতীয় অধ্যায় সমাপ্ত ॥ ৩ ॥

চতুর্থ অধ্যায়।

ব্যাস বলিলেন, মন্ত্রদাতা এবং জ্ঞানদাতা গুরু, পিতা-মাতা অপেক্ষাও শ্রেষ্ঠ। মানব-জন্মপ্রাপ্তির পরেও মৃত্যুবিমোচনে অসমর্থ পতি পুত্রাদির প্রতি আসক্ত হইয়া যে ব্যক্তি

গুরু-দীপ সাহায্যে পরব্রহ্ম দর্শন না করে, তাহার স্বহস্তে বিষভোজন করা হয়। প্রাণীর অজ্ঞান-তিমিরাবৃত চিত্তকে গুরু নিজে, জ্ঞানাঞ্জনযোগে সম্মার্জ্জিত করিয়া নির্ম্মল ব্রহ্ম-জ্ঞানের উপযোগী করিয়া দেন। শ্রীগুরুর পাদজ্যোতি ব্যতীত চিরন্তন তমঃসংবৃত জীব-হৃদয়কে নির্ম্মল করিতে আর কে পারে? নির্দ্দোষীর দুষ্প্রাপ্য নিম্নিতলোকে লোকনিয়ন্তা যমের হস্ত হইতে মোচন একমাত্র গুরুই করিয়া থাকেন, অতএব যত্নসহকারে গুরু-ভজনা করিবে। শান্ত, দান্ত, সুশীল, ধর্ম্মজ্ঞ, শাস্ত্রজ্ঞ, প্রিয়দর্শন, দয়ালু, পুত্রবান্ গৃহস্থকে গুরু করিতে হয়। পিতা, ভ্রাতা, মাতামহ এবং শত্রুকে গুরু করিবে না। বয়োজ্যেষ্ঠ, অজ্ঞানশূন্য, শঠতাবর্জ্জিত, অন্তরে বাহিরে তুল্যচেষ্ট, সতত সম্মিতভাষী, সরল-বুদ্ধিসম্পন্ন, অনাসক্তভাবে গৃহে অবস্থিত ব্যক্তিকে, স্বয়ং যোগ্য হইয়া গুরু করিবে। যে ব্যক্তি, গুরু-পুত্র, গুরুপৌত্র এবং গুরু-ভ্রাতার ভেদবুদ্ধি করে, সে, মূঢ় গুরুঘাতী এবং ধর্ম্মলোপকারী বলিয়া কথিত হয়। অতএব গুরুবংশজাত ব্যক্তি বয়ঃকনিষ্ঠ হইলেও পাণ্ডিত্য থাকিলে তাহাকেই দীক্ষাবিষয়ে গুরু করা বিধি। গুরুকুল এইজন্য বিশেষ বিচার করিতে হয় না। হে জাবালে! ঈশ্বরের যেমন নানামূর্ত্তি, গুরুরও সেইরূপ পুত্র পৌত্রাদি ভেদে নানা-মূর্ত্তি সম্পন্ন—এ বিষয়ে সন্দেহ নাই। বাক্যাদি দ্বারা যে ব্যক্তি, দেবতার অর্থাৎ বিষ্ণু-শিবাদির কিংবা গুরু, গুরুপুত্রাদির পরস্পর ভেদ সূচনা করে, তাহার তীব্রনরক ভোগ করিতে হয়। গুরুর সম্মুখে দণ্ডায়মান থাকিবে। গুরুর আজ্ঞা পাইলে পৃথক্ আসনে বসিবে। গলায় কাপড় দিয়া সভায় সবিনয়ে গুরুর সম্মুখে থাকিতে হয়। গুরু দণ্ডায়মান থাকিলে দাঁড়াইয়া থাকিতে হয়। গুরু উপবেশন করিলে, তাঁহার আজ্ঞাক্রমে শিষ্য, উপবেশন করিবে; গুরু শয়ান থাকিলে, শিষ্য তাঁহার পাদসেবা করিবে; গুরু কোনস্থল হইতে আগমন করিলে শিষ্য তাঁহার পদধৌত করিয়া দিবে। গুরু-সমীপে চাপল্য, স্ত্রীঘটিত কথাবার্ত্তা এবং অহঙ্কার পরিত্যাগ করিবে। জিজ্ঞাসিত না হইয়া গুরুকে কোন কথা বলিবে না; গুরুকে নিষেধ করিবে না। গুরুর পাদোদক পান করিবে, মস্তকে ধারণ করিবে এবং পূজা করিবে। শিষ্য, অন্যত্র মন দিবে না, নিজের আনীত মিষ্ট গুরুকে ভোজন করাইবে। অবশিষ্ট মাত্র নিজে ভোজন করিবে। শিষ্য এইরূপ হইবে। গুরু সাক্ষাৎ উপস্থিত থাকিতে, শিষ্য পৃথক্ পূজা করিবে না। শমদমাদি গুণযুক্ত, পিতৃভক্ত, শিব-পূজারত সুধী সাধু শিষ্য, গুরুর আত্মতুল্য বলিয়া বিবেচিত। চতুর্ব্বর্ণ এবং স্ত্রীজাতির গুরু ব্রাহ্মণ। ব্রাহ্মণ—জ্ঞানবৃদ্ধ, অতএব বয়ঃকনিষ্ঠ হইলেও গুরু হইতে পারেন। হে দ্বিজ! স্ত্রীলোক গুরুজনের সম্বন্ধ বশতঃ অর্থাৎ পত্নীত্ববশতঃ গুরু বলিয়া স্মৃত হন। গুরু, তন্ত্র এবং মন্ত্র প্রযত্ন সহকারে গোপনীয়; প্রকাশ হইলে সিদ্ধিহানি হয়, ভগবান্ শিব এই কথা বলেন। শৌক্র, (শুক্রশোণিত সম্বন্ধঘটিত), সাবিত্র (সাবিত্রী উপদেশ অর্থাৎ উপনয়ন) এবং দৈক্ষ (দীক্ষাগ্রহণ) এই ত্রিবিধ জন্ম ব্রাহ্মণ-জাতির। আর স্ত্রী-শূদ্রের সাবিত্র-জন্ম নাই, আর দুই জন্ম

আছে। গুরু, মন্ত্র এবং দেবতাতে পরস্পর-ভেদবুদ্ধি করিলে নরকে যাইবে। যেমন গঙ্গা, দুর্গা, বিষ্ণু এবং শিবে ভেদবুদ্ধি-সম্পন্ন ব্যক্তি নরকে যায়। পতি পতিত না হইলে তিনিই স্ত্রীজাতির অদ্বিতীয় গুরু। ভার্য্যার দেবপূজনে ভর্ত্তা আনুকূল্য করিবে। পতি-প্রেমিকা রমণী সর্ব্বদা সুখভাগিনী হয়। পুত্র মাতাপিতার সেবা যেরূপভাবে করিবে, পত্নী পতিসেবা সেইরূপে করিবে। ভার্য্যা পতিসেবায় সতত দক্ষা হইবে এবং নির্ম্মলা হইবে। রমণী অলোলুপা এবং সর্ব্ব সময়ে সর্ব্বত্র লজ্জাশীলা হইবে, কেবল পতিসহবাসে নির্লজ্জা হইবে। সর্ব্বদা স্মিতমুখী থাকিবে। রমণী অন্তঃকরণ দুঃখার্ত্ত হইলেও তাহা গোপন করিয়া স্নেহ ও আনন্দপ্রকাশ করিবে। স্ত্রীলোক, পুত্রলালন এবং পরের পুত্রকেও পুত্রজ্ঞান করিবে। নারী স্বামীর সুখে সুখিনী এবং দুঃখে দুঃখিনী হইবে। স্বামী প্রবাসে যাইলে, পত্নী দেবকার্য্যপরায়ণা হইবে, আর সকল সুখ তাহার নষ্ট হইবে। সুচরিত্রা সতী রমণী গৃহে দ্রব্যসামগ্রী রক্ষা করিবে, সর্ব্বত্র সাবধানী হইবে এবং অন্নাদির সংবিভাগ করিবে। যে নারী এই প্রকার, হে দ্বিজ! তাঁহার পূজা সকলে করে। সেই রমণী হইতেই পৃথিবী রক্ষা হয় এবং তিনিই লোক-দেবতা। গৃহের ভূষণ পুত্র, সভার ভূষণ পণ্ডিত, পুরুষের ভূষণ সুবুদ্ধি আর রমণীর ভূষণ লজ্জা। যে ব্রাহ্মণের পাণ্ডিত্য নাই, সে ব্রাহ্মণ মৃতেরই মধ্যে; দক্ষিণা না দিলে যজ্ঞ মৃত অর্থাৎ পণ্ড; পণ্ডিত না থাকিলে সভাও মৃত অর্থাৎ অকর্ম্মণ্য; আর যে নারীর লজ্জা নাই, সে নারীও মৃত—কিম্বা অপদার্থ। যেমন জলহীন নদী, যেমন কৃষ্ণ-ভক্তিহীন বুদ্ধি, যেমন রাজহীন পৃথিবী, পতিহীন অবলাও সেইরূপ। যৌবন, বিবিধ বেশভূষা, উত্তম কেশাদি রাখা এবং শরীর-শোভাসম্পাদন বিধবা রমণীগণের পক্ষে ভাল নহে। হে কশ্যপনন্দন! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, তাহা এই আমি বলিলাম, এই পরমপবিত্র গুরুচরিত মানবেরা উত্তমভাবে কীর্ত্তন করিবে ও শ্রবণ করিবে। ইহাতে পুত্রগণের মাতা-পিতৃভক্তি, পতির প্রতি স্ত্রীর ভক্তি আর গুরুর প্রতি শিষ্যের ভক্তি হয়। অতঃপর তুমি কি শুনিতে মনস্থ করিয়াছ, আমার কি বক্তব্য আছে,—তাহা বল; তার পর শুনিবে।

চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চম অধ্যায়।

জাবালি বলিলেন, হে জগদ্‌গুরো ব্রহ্মন্ বেদব্যাস! স্বর্গে, ভূতলে এবং আকাশে যে সব তীর্থ আছে, তৎসমস্ত বিশেষরূপে বল। সেই সব তীর্থের স্বরূপ, নাম, তথায় যে কার্য্য করিতে হয়, তাহার বিধান এবং তত্তৎ-তীর্থসেবার ফল আমি শুনিতে ইচ্ছুক, তৎসমস্ত বিশেষ করিয়া আমাকে বলিতে আজ্ঞা হয়। ব্যাস বলি

স্বর্গে, ভূতলে এবং আকাশে অসংখ্য তীর্থ বর্ত্তমান; বায়ুই তন্মধ্যে প্রধানরূপে তীর্থ-কীর্ত্তন করিয়াছেন। বায়ু-কীর্ত্তিত তীর্থের সংখ্যা সার্দ্ধত্রিকোটি, কিন্তু ইহা আমি বলিতেছি, যত তীর্থ আছে, তাহার নিকট উক্ত সংখ্যাও সামান্য মাত্র। কতিপয় তীর্থ বাক্যরূপ, কতিপয় তীর্থ দেহ ও কালস্বরূপ, কতকগুলি তীর্থ ইন্দ্রিয়স্বরূপ এবং বৃক্ষস্বরূপ তীর্থও কতক আছে। দেবগণের অধিষ্ঠানস্থানই এস্থলে তীর্থ বলিয়া কথিত হইতেছে। রুদ্রাণী দেবী নিজ সখী জয়া বিজয়ার নিকট যাহা কীর্ত্তন করিয়াছেন, সেই সব তীর্থের কথা শ্রবণ কর; তাহার ফল এবং স্বরূপও শুন। জাবালি বলিলেন, জগদম্বা শিবা-রুদ্রাণীদেবী কোথায় কি জন্য সখী জয়া বিজয়াকে তীর্থের কথা বলেন? আর রুদ্রাণী-মুখপঙ্কজনির্গত পরমপাবন পীযূষসদৃশ তীর্থমাহাত্ম্য আপনাকে কে বলিলেন? আর সেই উপাখ্যান পৃথিবীতেই বা আসিল কিরূপে? ইহা আমি জিজ্ঞাসা করিতেছি। হে জগদ্গুরো! এ সব কথা আপনার নিকট শুনিলে আমি কৃতার্থ হইব। ব্যাস বলিলেন, হে দ্বিজ! একদা পার্ব্বতী দেবী সখী জয়া বিজয়ার সহিত নির্জ্জনে কৈলাস-শিখরে অবস্থান করেন। জয়া বিজয়া দেবীকে সুখাসীনা অবলোকন করিয়া কৃতাঞ্জলি-পুটে অনেক দিনের অভীষ্ট বিষয় জিজ্ঞাসা করিলেন, হে গিরীশরমণি পার্ব্বতি! হে ভগবতি মাতদুর্গে! হে প্রসন্নবদনে! আমাদের কিঞ্চিৎ অভীষ্ট পূরণ কর। হে সর্ব্বদেব-সমারাধ্যে জগদম্বে! প্রসন্ন হও; আমাদের চিরবাঞ্ছিত তীর্থ দর্শন এবং তীর্থা-বগাহন করাও। ব্যাস বলিলেন, সখীদ্বয় এই কথা বলিলে, লোকদুর্গতি-হারিণী দুর্গা এই কথা বলিলেন, আমারও ইহা ইষ্ট; বিজয়ে! জয়াকে সঙ্গে লইয়া এস; হে সখীদ্বয়! তোমাদিগকে এক্ষণে সকল তীর্থ দর্শন ও তৎসমস্তে স্নান করাইতেছি। সতী শিবা, এই কথা বলিয়া আনন্দিতা সখীদ্বয়ের সহিত হিমালয়ের সেই স্থানে গমন করিলেন, যথায় গঙ্গা বেগবতী প্রবাহিতা। পার্ব্বতী তথায় সখীদ্বয়ের সহিত সেই বেগবতী গঙ্গা দর্শন ও সেইখানে অবগাহন করিলেন। তার পরেই তিনি নিজগৃহে প্রতিনিবৃত্ত হইতে লাগিলেন। হে দ্বিজ! সখীদ্বয় জয়া বিজয়া, পার্ব্বতীকে গৃহে ফিরিয়া যাইতে দেখিয়া বলিলেন, হে মহেশানি! আমরা সর্ব্বতীর্থ-গমনে অভিলাষিণী; অথচ একটী মাত্র তীর্থপ্রাপ্তি বৈ আমাদের হয় নাই, অতএব আমাদের মনোরথ পূর্ণ না করিয়া কোথায় যাইতেছ? দেবী বলিলেন, সখীরা! সকল তীর্থে স্নান হইল না সে কি!—জান না কি?—এই গঙ্গাই যে সর্ব্বতীর্থজননী। এই সদাশিবা কেবল যে সর্ব্বতীর্থ-জননী তাহা নহেন, পরন্তু এই দেবতা সর্ব্বলোক এবং সর্ব্ব ধর্ম্মেরও প্রসবিত্রী। এই প্রভাবসম্পন্না দেবী ক্রীড়া করত চতুর্দ্দশভুবন পবিত্র করিয়া ত্রৈলোক্যে দীপ্তি পাইতেছেন, ঊর্দ্ধদেশ, আকাশ, ভূতল, তলদেশ এবং পর্ব্বত-শিখরাবলী প্রভৃতি সমস্ত স্থানই এই দেবীর অধিষ্ঠিত। গঙ্গাধিষ্ঠিত সকল স্থানই তুল্যগুণসম্পন্ন এবং পবিত্র; এ বিষয়ে সংশয় নাই। গঙ্গা যে স্থানে প্রবাহিতা, তাহাই মুক্তিস্থান, তাহাই সুখস্থান, তাহাই

বাসস্থান, আর শোক ভয় সেই স্থানেই নাই। গঙ্গা-সন্দর্শনাদিই স্বর্গ, সুখ, পঞ্চবিধ মুক্তি, সম্পত্তি এবং যশ। যেমন ব্রহ্মাকে আশ্রয় না করিয়া কখনও সৃষ্টি হয় না, সেইরূপ এই গঙ্গাকে আশ্রয় না করিয়া কোন তীর্থই বিরাজিত নাই। স্ত্রীঘাতী, রাজঘাতী, পুত্রঘাতী, গোঘাতী, গুরুঘাতী এবং আত্মঘাতী ব্যক্তিকেও এই গঙ্গা মহাভীষণ যমদণ্ড হইতে মাতার ন্যায় পরিত্রাণ করেন। যে ব্যক্তি এই গঙ্গাদেবীকে অবলম্বন করিয়াছে, স্নান, দান, যপ, যজ্ঞ এবং মুক্তিপ্রদ তপস্যা—সকলই তাহার করা হইয়াছে। হে সখীদ্বয়! এই পুণ্যা সুরধুনী ত্রিপথগামিনী নদীকে স্মরণ না করিলেই পরম বিপদ। হে সখীদ্বয়! গঙ্গার প্রতি যাহার ভক্তি নাই,—সদা-অপ্রিয়ভাষী ব্যক্তিকে লোকে যেমন পরিত্যাগ করে তদ্রূপ, সকল ধর্ম্মই তাহাকে পরিত্যাগ করিয়া থাকেন। আমি গঙ্গা, শিব এবং বিষ্ণু—আমাদের প্রকৃতপক্ষে পার্থক্য নাই। হে সখী বিজয়ে! জয়ে! বহু বর্ণনা আর করিব কি?—তোমাদের সকল তীর্থে স্নান ও সকল তীর্থ দর্শন হইয়াছে। জয়া বিজয়া বলিলেন, তুমি এই গঙ্গাসম্বন্ধে যাহা বর্ণনা করিলে, তদ্বিষয়ে আমাদের প্রত্যয় হয় কিসে? অপ্রত্যক্ষ বিষয়ে পণ্ডিতেরা বিশ্বাস করেন না। দেবী বলিলেন, সখীদ্বয়! তোমরা আমার সাক্ষাতে ভক্তিভাবে এই গঙ্গার স্তব কর. অবিলম্বেই সর্ব্বতীর্থোদ্ভবা গঙ্গাকে দেখিতে পাইবে। আমি বলিতেছি, এখন তোমাদের মুখ হইতে যে বাক্য নির্গত হইবে, তাহাই গঙ্গাস্তব। ব্যাস বলিলেন, দেবী পার্ব্বতী এই কথা বলিলে, তাঁহার সখী জয়া বিজয়া, ত্রৈলোক্য-পাবনী গঙ্গাদেবীকে স্তব করিতে যোগ্য হইলেন। জয়া বিজয়া বলিলেন, হে জননি মহেশি! আমি প্রণাম করি, হে ত্রৈলোক্য-নিখিল-দুঃখহন্ত্রি মাতর্গঙ্গে! প্রসন্ন হও; তুমি সেই বিষ্ণুর পরমপদ লাভ করিয়া হিতের জন্য ত্রৈলোক্য প্লাবিত করিতেছ। হে কার্য্য-কারণেশ্বরি! তোমাকে দেখি, স্তব করি, আর দেহ এবং অঙ্গসমূহ দ্বারা প্রণাম করি। আমরা অজ্ঞান-মোহান্ধকার নিরস্ত করিয়া, তুমি যাদৃশী, তাহা আমার মনে বুঝাইয়া দেও। ব্রহ্মা, বিষ্ণু, পুরুষ, দেবাধিদেব শিব, সিদ্ধগণ এবং তত্ত্বজ্ঞ ধীরগণ তোমাকে বার বার স্তব করিয়াছেন, তুমি এতাদৃশী; আমরা তোমার কি স্তব করিব? এই ভূতধাত্রী পৃথিবী ধন্যা ও অধিক পুণ্যবতী; ইনি সর্ব্বলোকেরই পূজনীয় হইয়াছেন; কেননা, এই পৃথিবীতে সর্ব্বপাবনী তুমি মানব-সমূহের অবগাহনযোগ্যা হইয়া বিরাজ করিতেছ। হে দেবি! মূঢ়বুদ্ধি মানব, না স্ত্রীলোক, না বন জন্তুগণ, আপনাকে জানিতে পারিবে। যাঁহারা অমৃতপায়ী, সহস্র সূর্য্য-দর্শী (অর্থাৎ অমর) তাঁহারাও আপনাকে নমস্কার করেন, আপনি যে অনন্ত অমৃতের সারভূতা। নরকযোগ্য ব্যক্তিও যদি তোমাতে প্রাণত্যাগ করে বা তোমার তীরে বাস করে, অথবা হে আনন্দময়ি! তোমার নাম গান করে, তাহা হইলে, তাহাকে ভববন্ধন হইতে মুক্ত করিয়া তৎপ্রতি অনুগ্রহ প্রকাশ তুমি ভিন্ন আর কে করে? হে গঙ্গে! যিনি সর্ব্বলোকের, সর্ব্ব দেবতার এবং সর্ব্বযজ্ঞের অধিদেবতা, সেই স্বয়ং শিব,

আপনার শিবত্বকে সার্থক বিবেচনা করত শ্রীসম্পন্ন নিজ উত্তমাঙ্গে, সর্ব্বোত্তমা তোমাকে ধারণ করিয়া আছেন। সকলের কিছু সর্ব্বত্র অধিকার থাকে না, কোন ব্যক্তির কোন স্থানে সম্বন্ধ থাকে। কিন্তু আপনি ব্রহ্মকটাহ ভেদ করিয়া উত্থিত এবং সর্ব্বত্র অব্যাহত-গতি। হে শিবে! আপনি চন্দ্রের ন্যায় শুক্লবর্ণা, পদ্ম-অমৃত-বরাভয়-ধারিণী চতুর্ভুজা, শুক্লমকরে আসীনা, সর্ব্বদেব-স্তুতা, অলঙ্কৃতা, ত্রিনয়না; আপনার এইরূপ ধ্যান করি। হে শিবে শান্তে! আপনাকে নমস্কার; হে গঙ্গে! আপনাকে বারংবার নমস্কার; হে মকরবাসিনি! আপনাকে নমস্কার; হে কোটিশশাঙ্কসমপ্রভে! আপনাকে বারংবার নমস্কার। চতুর্ভুজা; বর, অভয়, পদ্ম এবং অমৃতপূর্ণ সুবর্ণ ঘটে সুশোভিত, সর্ব্বালঙ্কার ভূষিত, ত্রিনেত্রসম্পন্ন, স্মিতবদন ও শুক্লবসন যুক্ত, স্থিরনূপুরনিক্বণ, ব্রহ্মবিষ্ণু-শিবারাধ্য দেবসঙ্গত দেহধারিণী গঙ্গাকে নমস্কার। পাপনাশিনী লোকমাতা গঙ্গাকে বারংবার নমস্কার। সর্ব্বতীর্থভবা অথচ সুলভা গঙ্গাদেবীকে বারংবার নমস্কার। ব্যাস বলিলেন, হে দ্বিজ! জয়া বিজয়া এইরূপ স্তব করিতে থাকিলে, তাঁহাদিগের সম্মুখে, গঙ্গা ত্রিজগৎ উজ্জ্বল করত প্রাদুর্ভূতা হইলেন। জয়া বিজয়া, সেই মকরাসনাসীনা দেবী গঙ্গাকে প্রাদুর্ভূতা দেখিয়া, অত্যন্ত আনন্দ এবং বিস্ময়যুক্ত হইলেন। হে দ্বিজ! তখন তাঁহারা কোন কথা বলিতে পারিলেন না; রোমাঞ্চিতদেহে, বাষ্পনিরুদ্ধনয়নে দণ্ডায়মান থাকিলেন। তখন, সকল দেবতা, মুনি, সিদ্ধ, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, কিন্নর অপ্সরা; সকলেই হৃষ্টচিত্তে তথায় সমাগত হইলেন। মহর্ষি বাল্মীকি এবং আমি আমরাও দুজনে গেলাম। ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর প্রভৃতি দেবগণ এবং দেবীগণ সকলে কৃতাঞ্জলি হইয়া অঞ্জলিপুটে, পুষ্পচন্দন গ্রহণ-পূর্ব্বক সর্ব্বালঙ্কারভূষিতা গঙ্গাকে তদ্দারা সুশোভিত করিলেন। হে জাবালে! অনন্তর, সেই গঙ্গার অঙ্গ হইতে তীর্থসমূহ উৎপন্ন হইতে লাগিলেন; তখন জয়া বিজয়া তাহা দেখিলেন। বাক্যাদি স্বরূপ বিখ্যাত তীর্থ সকল মূর্ত্তিমান্ হইয়া গঙ্গার দেহ হইতে নির্গত হইলেন। সে সব তীর্থের নানাপ্রকার রূপ। ব্রহ্মতীর্থ সকল গঙ্গার মুখ হইতে, দেশতীর্থসমূহ তাঁহার চরণ হইতে, জলতীর্থ সকল তাঁহার বক্ষঃস্থল হইতে এবং আকাশতীর্থসমূহ কর্ণদ্বয় হইতে উৎপন্ন হন। আর দিব্যতীর্থরাজি ভাস্বর ললাট হইতে এবং অঙ্গতীর্থ সকল তাঁহার অঙ্গ হইতে উৎপন্ন হইলেন। সর্ব্বাবয়বপূর্ণ, ভূষণরাজি-সমুজ্জ্বল, নানাবর্ণ সমস্ত তীর্থ, হৃষ্টচিত্তে, মুনিগণ, দেবগণ জয়া বিজয়া ও অপরাপর সকলের সাক্ষাতে গঙ্গাকে স্তব করিতে লাগিলেন, হে বিমলবদনে! আপনি ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক এবং মহর্লোকের সার, আপনি কেবল পরমানন্দসমূহ-স্বরূপা; পৃথিবী, পাতাল এবং স্বর্গ এই ত্রিলোকের তিমিরাপহরণে মহাজ্যোতিঃস্বরূপা; অসৎপ্রলাপরূপ তিক্তরসে দূষিত রসনার একমাত্র শরণ পরমামৃত রসায়নস্বরূপ যে জলপ্রবাহ, তাহা আপনারই রূপ। আর দেবমূর্ত্তিমতী আপনি কোটি কোটি চন্দ্রের ন্যায় শুক্লবর্ণা এবং মকরাসনে আসীনা; আপনাকে নমস্কার। হে গঙ্গাদেবি হে স্বর্ণদি!

হে বিষ্ণুপদোদ্ভবে। হে নারায়ণের প্রণবময়-তৈজস-শরীর-সম্মিলিতে। প্রণবময়শরীরে! পরমাত্মরূপে! প্রসন্ন হও, প্রসন্ন হও; তোমাকে বারংবার নমস্কার। হে ত্রিপথগামিনি! দেব-দেবেশি! গঙ্গে! হে ত্রিলোচনে! শুক্লবর্ণে! হে ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বর-পূজিতে! আপনাকে নমস্কার। হে দোষনাশিনি! আপনি নিজবেগে ব্রহ্মাণ্ডকটাহ ভেদ করিয়াছেন। আপনার নির্ম্মল মস্তক রত্নকিরীটে মণ্ডিত। আপনার পদাম্বুজযুগলে সুরাসুর-কিরীটমাল্য বিলুণ্ঠিত, হে অভীষ্টদায়িনি! আপনি কামরূপা এবং তীর্থগণের প্রসবিনী। হে শ্যামে!* হে সুশোভিত-আকুঞ্চিত-বিমল-কৃষ্ণ-কুন্তলে! হে শিবপ্রিয়ে! হে শিবারাধ্যে! হে শিবশিরোবিহারিণি! আপনি নিখিল জগৎকে মঙ্গলময় করিতেছেন। হে অব্যয়ে! হে অচ্যুতভূষণ-ভূষিতে! হে অচ্যুতপাদসম্ভূতে! হে অচ্যুত-পূজিত-পাদকমলে! আপনার আগমনে পৃথিবী পবিত্রা হইয়াছেন। আপনি অচ্যুত-প্রেমধারা-শালিনী ব্রহ্মরূপিণী, ব্রহ্মাণী, আপনি ব্রহ্মানন্দময়ী, ব্রহ্মপ্রসবিনী এবং ব্রহ্মরসামৃতা। আপনি ব্রহ্মত্বদায়িনী, ব্রহ্মনদী, সুরধুনী এবং সুধারূপিণী। আপনি ভেদ-শূন্যা, ভেদকরী এবং ভেদকগণের (বিষ্ণু, শিব ও দুর্গার সহিত আপনার ভেদ যাহারা মনে করে তাহাদিগের) প্রাণহারিণী; আপনি অভেদ-বুদ্ধি-স্বরূপা, অভেদ-বুদ্ধি-সম্পন্ন ব্যক্তিগণের প্রীতিপাত্রী আপনি, হে সত্যে! হে সংসারবর্জ্জিতে! হে অনিন্দ্যে! হে নির্দ্দোষে! হে কমলে! হে বিমলে! হে শুদ্ধে! আপনি পরব্রহ্মতত্ত্বস্বরূপিণী। হে বেগাধারে! হে বেগগামিনি! আপনি স্থিরবায়ুচক্র ভেদ করিয়াছেন। হে সূর্য্যমণ্ডলভেদকারিণি! মহেশ্বরি! মন্দাকিনি! হে সুরপূজিতে! মহানন্দে! রণপ্রিয়ে! কোকামুখি! হে বলিমাংসপ্রিয়ে! কালীরূপিণি! মৎস্য এবং মদ্য আপনার সুখাবহ। হে জবারক্তনয়নে! রক্তবস্ত্র-পরিধানে! চঞ্চলনয়নে! আপনাকে সেবা করা সঙ্গপরিত্যাগী সাধুজনের পক্ষেই সম্ভব। হে নিঃসঙ্গে! অকিঞ্চন জনের আপনিই অবলম্বন। হে দিগম্বর-প্রিয়ে! হে দিব্যে! হে বীররূপে! হে মনোহরে! হে আকাশনিলয়ে! সদা পর্ব্বত-বাসিনি! দেবি! পৃথিবী পাতাল সকলই আপনার আলয়, আপনি খেচরা! আপনি অচরা। হে ভীমে! সর্ব্বদা খড়্গ আপনার হস্তে থাকে; মহাভৈরব আপনার সাধনা করিয়াছেন। হে ভবমোচনি! ভবরঙ্গিণি! ভবভাবিনি! হে ভব-শিরো-বিহারিণি! ভবজ্ঞে! ভাবরসিকে! হে গিরিজে! গিরিশিখরচারিণি! হে শৃঙ্গাটকগতে! শৃঙ্গার-রস-শোভনে! কান্তিমতি! আপনি কামরূপা, কামভাবা, আপনি নিষ্কাম ব্যক্তিগণের পূজিতা। হে দুর্গমে! দুর্গতিহরে! দুঃখহন্ত্রি! হে সুখালয়ে! শুভে! আপনার তীরদ্বয়, হংস, কারণ্ডব এবং ক্রৌঞ্চগণে বিমণ্ডিত। আপনার তীর দেববৃন্দ-সেবিত এবং স্মৃতমাত্রেই আপনি পাপ

* যে নারী, শীতকালে উষ্ণাঙ্গী, গ্রীষ্মকালে শীতলাবয়বা এবং যাঁহার মুখে পদ্মগন্ধ, তাঁহার নাম, "শ্যামা"।

বনাশ করেন। আপনার নাম মাত্রই ব্রহ্মহত্যাদি পাপের গ্রাসকারী। হে মাতঃ! আপনি সর্ব্বজগতের সুখদা এবং মোক্ষদা। হে যোগিনি! গৃহস্থ, সন্ন্যাসী যোগী এবং নাগলোকেও আপনার সেবা করিতে পারে। হে পাপনাশিনি! হর-গৃহিণি! আপনি বিষয়-বিষের-জ্বালাহারিণী। হে হারভূষিতে! দশহরে! পরমদেবি! আপনি তরঙ্গ দ্বারা কলিকলুষ অপহরণ করেন। হে মাতঃ! আপনি হুঙ্কার, প্রণব ও হ্রীঙ্কার স্বরূপিণী। হে মাতঃ! ভগবতি! ভীষ্মজননি! বারংবার আপনাকে নমস্কার। হে ইষ্টসিদ্ধিকরে! স্ফ্ঁ ক্ষৌঁ ইত্যাদি মন্ত্রস্বরূপিণি! হে বিমলমুখি! চন্দ্রমুখি! কোলাহলে! ধর্ম্মরূপিণি! প্রসন্ন হউন। আপনিই প্রাণিগণের রাজলক্ষ্মী, আপনিই গৃহিগণের শুভা গৃহিণী। আপনিই যোগিনী, আপনি যোগ এবং আপনিই সন্ন্যাসিগণের বুদ্ধি। আপনিই কবিগণের সর্ব্বতোমুখী দৃষ্টি, আপনিই রাজসেবকগণের বুদ্ধি, আপনিই কুলস্ত্রীগণের লজ্জা এবং আপনিই বালকগণের মধুর বাক্য। আপনিই যুদ্ধস্থলে স্পর্দ্ধাস্বরূপা, আপনিই সাধুগণের ক্ষমা। আপনিই বাল্মীকি-হৃদয়ের সরস্বতী, আপনিই বেদব্যাসের বাগ্মিতা। আপনিই সাঙ্গ শ্রুতি স্মৃতি এবং কবিতা-লহরী। জল যেমন মৎস্যগণের অবলম্বন, সেইরূপ আপনিই সর্ব্বভূতের অবলম্বন। আপনি জাড্যবিনাশিনী, মন্ত্ররূপা, কালরূপা এবং কপালিনী। আপনি কুমারী, তরুণী, বৃদ্ধা, রসজ্ঞা এবং রসসুন্দরী। আপনি স্বর্গে দেব-দেবীগণ-সেবিতা মন্দাকিনী। পৃথিবীতে আপনি অলকনন্দারূপে মানবগণকে কৃতার্থ করিতেছেন। আর পাতালে আপনি নাগগণ-নিষেবিতা ভোগবতী। পূর্ব্বদিকে আপনি সীতা, উত্তরে ভদ্রা, পশ্চিমে বংক্ষু এবং দক্ষিণে অলকনন্দা। আপনি ব্রাহ্মী, বৈষ্ণবী, শৈবী, কুমারী এবং যুবতী। আপনি কপালমালিনী, বিকটাক্ষা এবং সরস্বতী। আপনি শ্মশানবাসিনী; চিতাঙ্গার ও অস্থিসমূহ আপনার ভূষণ। আপনি সরস্বতী, জাহ্নবী, গঙ্গা এবং ভাগীরথী। আপনি হংসী, পদ্মমুখী ও সহস্রদল-কমলবাসিনী। হে মাতঃ! আমরা সমুদয় তীর্থ; পরম মঙ্গলাস্পদ ভবদীয় তীরে বাস, ভবদীয় নীরে অবগাহন, আপনার দর্শন এবং স্মরণকারী অনেক তীর্থ, তদিতরও অনেক তীর্থ; আপনি আশ্রয়; আমরা আপনাকে আশ্রয় করিয়াছি। আপনি সর্ব্বরূপা, আমরা তীর্থত্ব পুরস্কারে আপনারই প্রপঞ্চ। যাহারা আপনার ভক্ত কিন্তু আপনারই বিভূতিবিশেষ দর্শনের অভিলাষেই তীর্থ-পর্য্যটন-পরায়ণ, তাহাদিগকে আমরা পবিত্র করি। আর যাহারা আপনার অভক্ত, তাহাদিগকে দূর হইতে পরিত্যাগ করি। আপনি তত্তৎপদার্থময় বলিয়া দেবগণ, তীর্থগণ, লোকসমূহ এবং ধর্ম্মনিচয়ের মাতা সর্ব্বসাক্ষিণী। আপনি শতবার প্রণামের পাত্র। আমাদের উৎপত্তি ও লয় আপনা হইতে। অতএব আমরা আপনার তত্ত্ব কি বলিব? আপনার মহিমার অন্ত নাই, যেহেতু, ব্রহ্মহত্যা, গুরুহত্যাদি মহাপাতক, অতিপাতক একাধারে যাহাতে আছে, সে ব্যক্তিও আপনার জলস্পর্শ মাত্রেই পবিত্র হয়। আপনার দর্শন মাত্রেই ব্রহ্মপদপ্রাপ্তির ফল হয়। যে ব্যক্তি আপনার মহিমার কথা বিপরীত প্রকারে

বলে, সে পাপভাগী হয়, ইহা যথার্থ কথা। ব্যাস বলিলেন, এই বলিয়া তীর্থগণ সেই গঙ্গাতেই সর্ব্বপ্রকারে বিলীন হইলেন। গঙ্গা রুদ্রাণীর সহিত একরূপা হইলেন। তখন জয়া বিজয়া, পার্ব্বতীকে না দেখিয়া ব্যাকুলা হইলেন। পার্ব্বতী জয়া বিজয়ার সমক্ষেই গঙ্গাসম্মিলিত স্বস্বরূপ অন্তর্হিত করিয়া রুদ্রাণীরূপেই বিরাজ করিতে লাগিলেন। দেবগণ ও ঋষিগণ সকলেই অন্তর্হিত হইলেন। বিস্ময়াপন্ন সখীদ্বয়ের সহিত দেবী রুদ্রাণীও স্বস্থানে গমন করিলেন।

পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

ষষ্ঠ অধ্যায়।

জয় বিজয়া বলিলেন, হে মহেশ্বরি! আপনার প্রসাদে, সর্ব্বতীর্থে স্নান এবং তদ্দর্শন আর বিশেষরূপে গঙ্গাতত্ত্ব-জ্ঞান আমাদের হইয়াছে। আপনার আদেশে যে স্তব, আমাদের মুখবিনির্গত হইয়াছে, তাহা লোকে তদ্রূপেই প্রচারিত হউক, হে মাতঃ! আমরা আপনাকে প্রণাম করি। যে সব তীর্থ দেখিলাম, তৎসমস্তের নাম সর্ব্বতোভাবে কীর্ত্তন করুন। ভগবতী কহিলেন, পরমপাবন গঙ্গাতীর্থের কথা প্রথমেই তোমাদিগকে বলিয়াছি। এই গঙ্গাতীর্থের অন্তর্নিবিষ্ট অন্য তীর্থের বিষয়ও যথাতথ বলিতেছি। গঙ্গা যে স্থান হইতে উৎপন্ন, জ্ঞানিগণের সদাদৃশ্য বিষ্ণুর সেই পরমপদ প্রথম তীর্থ বলিয়া বিদিত। আর ধ্রুবাদিলোকে, বায়ুপথে গঙ্গাপ্রবাহ-পূত-স্থল নবসংখ্যকতীর্থ কথিত আছে। গঙ্গা আবির্ভূতা হইয়া প্রথম যে স্থলে মহাবেগবতী ও মহাবলবতী হইয়াছেন, সিদ্ধগণ, দেবগণ ও ঋষিগণ, গমনাগমনে তথায় স্নান করেন। গঙ্গা যেখানে ঊর্দ্ধলোক হইতে পতিত হইতেছেন, সুমেরুশিখরে তাহা ধারাপাত নামে বিখ্যাত। চতুর্দ্দিকে যাইবার জন্য গঙ্গা তথায় চতুর্দ্ধা হইয়াছেন। এই সুমেরু পর্ব্বতেরই যে চারিদিক্ হইতে গঙ্গা চারিদিকে অবরোহণ করিয়াছেন, সে চারিটীও তীর্থস্থান, তৎসমস্তের নাম কীর্ত্তন করিতেছি। পূর্ব্বতীর্থ সীতাদক, দক্ষিণ নন্দক, পশ্চিম বংক্ষুভদ্র এবং উত্তর ভদ্রোত্তর। সুমেরুর নিম্নবর্ত্তী অষ্টপর্ব্বতে গঙ্গা পতিত হইয়াছেন, আবার সে সব পর্ব্বত হইতে তন্নিম্নে পতিত হইয়াছেন, ষোড়শসংখ্যক এই সংযোগ-বিয়োগ-স্থান সকলই পূর্ব্বদিকে গন্ধমাদন পর্ব্বতে পরপাত ও পুনঃপাত নামক দুই তীর্থ। পশ্চিম-পর্ব্বতে শাঙ্করী এবং বিলসন্তী নামক তীর্থ, পুণ্যপ্রস্তা, প্রকাশাক্ষী, গোমতী, গৌতমী, মণিকর্ণা এবং মণিস্রোতা— উত্তরে এই সব তীর্থ। মণিদর্শা, মহাবেগা, অম্বরী, ব্রহ্মবেগিণী, শিবেশ্বরী এবং শম্ভুমুখী দক্ষিণ-পর্ব্বতে এই সব তীর্থ। পশ্চিম-পূর্ব্ব এবং উত্তর দেশবর্ত্তী পর্ব্বতসমূহের মধ্য-প্রদেশে পূর্ব্ব-শঙ্খপাত, উত্তর-শঙ্খপাত এবং পশ্চিম-শঙ্খপাত এই তিন তীর্থ। হিমালয়-

মিতবে, গঙ্গার শিবশীর্ষপ্রবেশস্থান, শিরঃস্রোত নামে বিখ্যাত মহাফলজনক তীর্থ। ভূমণ্ডলে, গঙ্গাদ্বার তীর্থ চারিটী। তাহার স্থান, কেতুমালবর্ষ, কুরুবর্ষ, ভদ্রাশ্ববর্ষ এবং ভারতবর্ষ। গঙ্গাদ্বার-চতুষ্টয়ের নাম, ব্রহ্মদ্বার, শিবদ্বার, তেজোদ্বার এবং হরিদ্বার। হরিদ্বারে গঙ্গার সপ্ত ধারা। সুরধুনী এই স্থানে সপ্তর্ষিগণের প্রীতির জন্য সপ্তধারা হইয়াছিলেন। গঙ্গা কেতুমালবর্ষে শিবা নদীর সহিত সঙ্গত হইয়াছেন, সেই সঙ্গমস্থান গোকল নামক তীর্থ, আর যে স্থলে শিবানদীর সহিত বিচ্ছেদ হইয়াছে, তাহার নাম পরগোকল। কুরুবর্ষে গঙ্গা, গোমতী এবং ভানুমতীর সহিত সঙ্গতা হইয়াছেন। সেই সঙ্গমস্থান পুণ্যমাল নামক তীর্থ, আর বিচ্ছেদ স্থানের নাম সোমমাল। ভদ্রাশ্ববর্ষে গঙ্গা, বৈষ্ণবী এবং মাকরী নদীর সহিত সঙ্গতা ও বিচ্ছিন্না হইয়াছেন, সেই সঙ্গমস্থানদ্বয় সবল নামে এবং বিচ্ছেদস্থানদ্বয় দেবল নামে কথিত। আর গঙ্গাসাগর-সঙ্গম, পশ্চিমারণ্যস্রোত, উত্তরে ত্রিশতস্রোত এবং পূর্ব্বে সপ্তস্রোত এ সমস্তই তীর্থ; হে নৃপেশ্বর! ভারতবর্ষের কতকগুলি তীর্থের কথা আমার নিকট শুন। যে স্থানে গঙ্গার নাম হয় জাহ্নবী, তাহা জহ্নুতীর্থ, তারপর প্রয়াগ, প্রয়াগে অক্ষয়বটতীর্থ, তথায়, তীর্থদ্বয়—যমুনা এবং সরস্বতী গঙ্গায় সম্মিলিত হইয়াছেন। এই স্থানে মস্তক মুণ্ডন করিয়া মানুষ যে কোন স্থানে মরুক না কেন।* ম্লেচ্ছও যদি প্রসঙ্গক্রমে এই প্রয়াগতীর্থে গিয়া মুণ্ডিত-মুণ্ড হয়, তাহা হইলে, সে ব্যক্তিও অন্তে, ম্লেচ্ছদেহ পরিত্যাগ করিয়া মুক্তি লাভ করে, এ বিষয়ে সন্দেহ নাই। তার পর বসন্তক-ক্ষেত্র, এই তীর্থে বাসন্তী দেবী পূজিত হন। অনন্তর সজ্জন-সম্মতা শিবপুরী বারাণসী, এখানে গঙ্গা উত্তর-বাহিনী; এই স্থলে মরণ দুর্লভ। সুরধুনী মণিকর্ণিকা, এখানে জলে স্থলে মুক্তিদায়িনী। এই ক্ষেত্রে ভগবান্ শিবের সুবহু লিঙ্গ আছেন। সেই সব লিঙ্গস্থান, নামভেদে পৃথক্ পৃথক্ তীর্থ। বারাণসীর বিশেষ বিবরণ মৎস্য পুরাণে বিজ্ঞেয়। তৎপরে পদ্মাবতী-গঙ্গা-সঙ্গম তীর্থ। সরস্বতী এবং যমুনা যে স্থানে গঙ্গা হইতে পৃথক্ হইয়াছেন, তথায় 'ত্রিবেণী' তীর্থ। প্রয়াগের তুল্য ফল এই তীর্থে পাওয়া যায়। গঙ্গাসাগর-তীর্থ পরম তীর্থ। গঙ্গা এই স্থলে সহস্রধারায় সাগরগামিণী হইয়াছেন। সেই সহস্রধারাই স্বতন্ত্র স্বতন্ত্র তীর্থ বলিয়া কথিত আছে। এই তীর্থে আকাশে, স্থলে বা জলে মরিলেও মানবগণের মুক্তি হইবে। এখানে স্ত্রী কি পুরুষ, যে কামনা করিয়া মরিবে, পরদেহে সেই কামনাই তাহার সিদ্ধ হইবে। বিমল গঙ্গাতীর-দ্বয়ে যেখানে যেখানে শিবালয়, ব্রহ্মা বিষ্ণু এবং ব্রাহ্মণদিগের আলয় আর দেব-পীঠ সকল তৎসমস্তও তীর্থবিশেষ। হে নৃপেশ্বর!

---

* একটী চলিত কথা আছে, তাহা এই শ্লোকের অনুরূপ,—
"প্রয়াগে মুড়িয়ে মাথা, মরুগে পাপী যেথা সেথা"।

গঙ্গার তীর্থসমূহের কথা এইরূপ তোমাদিগকে বলিলাম। এই সকল হইল ব্রহ্মতীর্থ; ব্রহ্মতীর্থগণের উৎপত্তি গঙ্গার মস্তক হইতে। হে জয়াবিজয়া! পৃথিবীতে অন্য যে সব তীর্থ আছে, তাহা শুন।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত ॥ ৬ ॥

সপ্তম অধ্যায়।

দেবী বলিলেন, ব্রাহ্মণেরা যথায় বাস করেন, সেই ভূভাগই তীর্থ। ব্রাহ্মণগণের চরণ-যুগল সর্ব্বতীর্থের আশ্রয় পরম তীর্থ। পদ্মবন তীর্থ, তুলসীবন তীর্থ। তুলসীর মূল হইতে দশদিকে ষোড়শ হস্ত পরিমিত স্থান দেব-বন্দিত মহাতীর্থ। যথায় বিল্ববৃক্ষ অবস্থিত, সে প্রদেশও সুতীর্থ। আমলক বৃক্ষও তুলসীর ন্যায় কীর্ত্তিত। সখীদ্বয় বলিলেন, হে কৃপাময়ি! মহেশানি! মাতঃ! দুর্গে! তুলসী বৃক্ষ ও বিল্ব বৃক্ষের জন্ম, মাহাত্ম্য এবং স্বরূপ-তত্ত্ব কীর্ত্তন করুন। দেবী বলিলেন, পূর্ব্বকালে, কৈলাসশিখরে, ধর্ম্মদেব নামে বিখ্যাত বিষ্ণুপরায়ণ এক সাধু-ব্রাহ্মণ বাস করিতেন। বৃন্দা নামে তাঁহার ধর্ম্মচারিণী ব্রাহ্মণী-পত্নী ছিলেন। সেই সাধ্বী সতত স্বামীর অনুগামিনী, পতিদেবতা ছিলেন। তাহাতেই তাঁহার বিশেষ সুখ ছিল। হে সখীদ্বয়! সতী বৃন্দা, স্বামীর আদেশে দেবসেবার কার্য্য করিতেন। আর তিনি স্বয়ং স্বামীর পূজাকার্য্য ও দেবপূজা কার্য্যে সানন্দে নিযুক্ত থাকিতেন। সেই সতী সর্ব্বদা স্মিতমুখী তপোবিনয়-সম্পন্না ও লক্ষণান্বিতা ছিলেন। সকল লোকেই সর্ব্বদা তাঁহার সম্মান করিত। সতত কৃষ্ণভক্তি-পরায়ণ ধর্ম্মদেব, সদাশিব কৃষ্ণের নামগান করত ঋষি-মণ্ডলীতে পর্য্যটন করিতেন। তিনি দর্শনীয়াকৃতি ধর্ম্মাত্মা ধর্ম্মজ্ঞ ছিলেন, মুখে তাঁহার হাসি লাগিয়াই ছিল। তিনি গানবিদ্যার পরগামী সুস্বর এবং সাধুজনের সম্মানিত ছিলেন। পরম-পাবন ধর্ম্মদেব, সুস্বরগীতি, বিষ্ণুভক্তি এবং স্বভাবে সর্ব্বলোকের মনোরঞ্জন করত ভ্রমণ করিতেন। হে সখীদ্বয়! একদা সেই দ্বিজোত্তম, ব্রাহ্মণসভায় গান করত গৃহে ভোজন করিবার সময় অতিক্রম করিয়া ফেলিলেন। এ দিকে তদীয় ভার্য্যা বৃন্দা, গৃহে সমাগত অতিথির পূজা করিয়া (ক্ষুধায় কাতরতা-নিবন্ধন) উত্তম কৈলাসশিখরে বিচরণ করিতে লাগিলেন। তখন ব্রাহ্মণও গৃহে আসিয়া পত্নীকে ক্ষুধাপীড়ায় গৃহ হইতে স্থানান্তরিতা দেখিয়া ক্রোধে তাঁহাকে সুদারুণ অভিসম্পাত দিলেন, যে হেতু, তুই ক্ষুধার্ত্তা হইয়া গৃহ পরিত্যাগ ও মদীয় সেবায় অনাদর করিয়া ইতস্ততঃ বিচরণ করিতেছিস্, এজন্য রাক্ষসী হইবি। বৃন্দা এইরূপে অভিশপ্তা হইয়া তদবধি একাকিনী বিচরণ করিতে লাগিলেন এবং পৃথিবীতলে আসিয়া ক্ষুধায় বহুলোককে ভোজন করিতে লাগিলেন।

বৃন্দা, সতত ক্ষুধাপীড়ায় কাতর হইয়া সক্রোধে বনে বনে ব্যাঘ্র, সিংহ, হস্তী, গণ্ডার, শশক, মৃগ, অশ্ব এবং মহিষ বহুতর ভোজন করিতে লাগিলেন। পূর্ব্ব-ধর্ম্ম সংস্কার-বশে বৃন্দা ব্রাহ্মণ, বৈষ্ণব, শৈব এবং গোজাতি পরিত্যাগ করিয়া সানন্দে সর্ব্ব জন্তু ভোজন করিয়া তদীয় অস্থিসঞ্চয়ে সমগ্র পৃথিবীকে পরিব্যাপ্তা করিলেন। কোন সময়ে বৃন্দা, কৈলাসশিখরের কথা স্মরণ হওয়াতে তথায় যাইতে অভিলাষিণী হইলেন। অনন্তর স্বভাবতঃ ক্ষুধাশীলা বৃন্দা ত্রিরাত্র অনাহারে বুভুক্ষিতা হইয়া কৈলাসশিখরে আসিয়া উপস্থিত হইলেন। তথায় আসিয়া ভোজনের জন্য ভাবিতে লাগিলেন। কৈলাসের সর্ব্বত্রই প্রাণীরা শৈব, ব্রাহ্মণেরা ত স্বভাবতই অভক্ষ্য; অতএব সম্প্রতি আমি কাহার প্রতি দন্তপ্রহার করি? এই শিবলোকে বৃক্ষগণও আমার অভক্ষ্য, কেন না, এখানকার বৃক্ষেরাও শিবময়। রাক্ষসী বলিয়া বিখ্যাতা এইরূপ চিন্তাকুলা বৃন্দাকে কৈলাসে দেখিয়া ব্রাহ্মণেরা পরস্পর বলাবলি করিতে লাগিলেন, এই গুণশালিনী দোষবর্জ্জিতা বৃন্দা রাক্ষসত্ব প্রাপ্ত হইয়াছেন; অতএব দৈব অপেক্ষা পরম বল আর কিছু নাই। স্ত্রীজাতির প্রধান দোষ হইল লোলুপতা। দোষবর্জ্জিতা এই বৃন্দারও সে দোষ ঘটিয়াছিল; অতএব দৈব অপেক্ষা পরম বল আর কি আছে? সুতরাং বাহুবলকে বল বলা যায় না; বাহুবল-হীন ব্যক্তিও ভাগ্যধর হয়, ফল কথা এই, 'ন চ দৈবাৎ পরং বলম্'। কাহারও কাহারও মত ধনই বল, কেহ কেহ বলেন, সামর্থ্যই বল। কাহারও কাহারও মত বুদ্ধিই বল, কিন্তু সার কথা এই 'ন চ দৈবাৎ পরং বলম্'। কাহারও কাহারও মত, তপস্যাই বল; কেহ কেহ বলেন, ব্রাহ্মণ্যই বল; কেহ কেহ বলেন, ঐশ্বর্য্যই বল, কিন্তু 'ন চ দৈবাৎ পরং বলম্'। লোক ধনী এবং বুদ্ধিমান্ হইলেও আপনাকে শ্রেষ্ঠ মনে করিলেও সর্ব্বদা পরবশ। অতএব 'ন চ দৈবাৎ পরং বলম্।' ধীর ব্যক্তি নিয়ম আচার এবং কর্ত্তব্যপালনে সতত যত্নবান্ হইবে এবং সর্ব্বদা জানিবে, 'নচ দৈবাৎ পরং বলম্।' যদি প্রগাঢ় য করিলেও কার্য্যসিদ্ধি না হয়, তাহা হইলেও দুঃখবোধ করিবে না, কেন না 'ন চ দৈবাৎ পরং বলম্।' যে ব্যক্তি পুরুষকারের সাহায্যে দৈব প্রতিরোধ করিতে ইচ্ছুক, সে মূর্খ জানে না, 'ন চ দৈবাৎ পরং বলম্'। দৈব-বলেই স্বর্গ, এবং দৈব-বলেই মোক্ষ লাভ হয়। ত্রৈলোক্যই দৈবের বশবর্ত্তী, অতএব 'ন চ দৈবাৎ পরং বলম্।' প্রাক্তন কর্ম্ম অথবা ঈশ্বরেচ্ছাই দৈব; ফলতঃ এতদুভয়ই তুল্যবস্তু। অতএব দৈবই পরম বল। পূর্ব্বকৃতধর্ম্মযুক্তা এই বৃন্দা কৃষ্ণনাম শ্রবণ ও কৃষ্ণনামাঙ্কিত দেহ লাভপূর্ব্বক মোক্ষ লাভ করিবে। এই বলিয়া সেই ব্রাহ্মণেরা উচ্চশব্দে সর্ব্বপাপহারী শ্রীহরির নামকীর্ত্তন করিতে লাগিলেন। পাপরাক্ষসীরূপা ব্রাহ্মণী-বৃন্দা সতত তাহা শুনিতে লাগিল। বৃন্দা, ক্ষুধায় অতিশয় পীড়িতা হইয়া যথায় যথায় যাইতে লাগিল, সেই সেই স্থলেই সতত হরিনামধ্বনি শুনিতে পাইল। বৃন্দা হরিনাম শ্রবণ ও সপ্তাহ উপবাস করিয়া

শিবধর্ম্মভূষিত কৈলাসপর্ব্বতে প্রাণত্যাগ করিলেন। হে সখীদ্বয়! অনন্তর সংবৎসর অতীত হইলে, মহাদেব, বনশোভা দর্শন করিতে আমার সহিত বিচরণ করত,—মালতী, মল্লিকা, যূথিকা, টগর, কুন্দ, মন্দার, শেফালিকা, কুটজ, ধুস্তুর, চম্পক, বকুল, শিরীষ, নবমালিকা, মুচুকুন্দ এবং বন্ধুক এই সকল পুষ্পবৃক্ষ পৃথক্ পৃথক্ দর্শন করিলেন। অনন্তর, কদম্ব, পনস, আম্র, আম্রতক, অশ্বত্থ, বট, নিম্ব, শিংশপা, চন্দন, কাম্রলী, তাল, হিন্তাল, গুবাক, বেত্র, বংশ, খর্জ্জুর, বেতস, অন্যপ্রকার কদম্ব, শাল, পিয়াল, নমের এবং কোবিদার প্রভৃতি বৃক্ষশ্রেণী, বনমধ্যে শিব দর্শন করিলেন। শিব, সেইবনে এইরূপে বিচরণ করিতে লাগিলেন, স্থলপদ্ম ও পদ্ম তথায় প্রস্ফুটিত ছিল, আর ভ্রমর, কোকিল, ময়ূর প্রভৃতি পক্ষিগণ তথায় কূজন করিতেছিল। শিবের সঙ্গী প্রমথেরা সহর্ষে নৃত্য, গীত, বাদ্য, করবাদ্য, গালবাদ্য করিতেছিল। আর বিবিধ ঘোর হুঙ্কার রব এবং উল্লম্ফনে গমনও করিতেছিল। বৃষধ্বজ, এই সব প্রমথের সহিত সানন্দে বিচরণ করিতে লাগিলেন। সেই বনে শিব, ফুল্লকমল-শোভিত পুষ্করিণীর তীরে মৃতা এক রমণী দেখিতে পাইলেন। রমণী তখনও তেজঃসমুজ্জ্বলা। মৃতা রমণী রাক্ষসী বৃন্দা। মহেশ্বর, সেই রাক্ষসীদেহ দেখিয়া আমাকে বলিলেন, দেখ পার্ব্বতি! এই বৃন্দা রাক্ষসী। বৃন্দা পূর্ব্বে বিষ্ণুভক্ত ব্রাহ্মণের ব্রাহ্মণী ভার্য্যা ও পরম বৈষ্ণবী ছিল। দৈববশতঃ রাক্ষসী হইয়া মরিয়াছে বটে; কিন্তু একবৎসর মরিয়াছে, তথাপি ইহার পূর্ব্বকান্তি আছে, দেহ নষ্ট হয় নাই। ইহা কেবল শ্রীকৃষ্ণভক্তির ও তদীয় নামশ্রবণের মাহাত্ম্য। হে ব্রহ্মবন্দিতে! এই বৃন্দার দেহে কি নাম অঙ্কিত রহিয়াছে দেখ। হে সখীদ্বয়! মহেশ্বরের সেই কথা শুনিয়া মৃতা-বৃন্দার শারীরিক ঔজ্জ্বল্য দর্শনে বিস্মিতা হইলাম। (ভালরূপে দেখিয়া) দেবদেব শিবকে বলিলাম, হে প্রভো! দেব দেব! বৃন্দার সকল অবয়বে বিষ্ণুনাম দেখা যাইতেছে। আর ইহার সম্পূর্ণদেহে দ্বাদশাক্ষর বিষ্ণুমন্ত্র দৃষ্ট হইতেছে শিবগণেরা সহর্ষে সেই মন্ত্র তখন পাঠ করিল। অনন্তর তাহারা সেই তৈজস-শরীর স্পর্শ করিল। শিব-কিঙ্করগণের স্পর্শমাত্রে, বৃন্দার দেহ খণ্ড খণ্ড হইয়া দীপ্তি পাইতে লাগিল। আর প্রতিখণ্ডই সেই মহাফলদায়ক প্রণবাদি 'নমো ভগবতে বাসুদেবায়' এই দ্বাদশাক্ষর মন্ত্র সকলেই দেখিতে পাইল। আর দেখিল, সেই মন্ত্রের প্রতিবর্ণের গর্ভে বিষ্ণুর সহস্র নাম। বৃন্দার কোটি কোটি খণ্ডে পরিণত দেহ এইরূপ ভাবাপন্ন দৃষ্ট হইল। অনন্তর, বিশ্ব-মঙ্গলদাতা সাক্ষাৎ শঙ্কর, আমার সম্মুখে স্বভাব-হৃষ্ট নিজ কিঙ্করগণকে প্রীতিসহকারে বলিলেন, এই বৃন্দা-রাক্ষসী ধর্ম্মদেবের বনিতা বৈষ্ণবী। অভিশপ্তা হইয়াও বৃন্দা ব্রহ্ম-হিংসা করে নাই। ইহার দেহ বৃথা হওয়া উচিত নহে। কেননা, বৃন্দা বিষ্ণুপ্রীতিকারিণী। অতএব বৃন্দা, বৃক্ষ হইয়া ভূতলে বিষ্ণু-প্রীতিসম্পাদন করুক। হে প্রমথগণ। শ্রীবিষ্ণুপ্রীতির উদ্দেশে ইহার দেহ আজ্ঞাও (রোপণ কর)। হরি, বৃক্ষরূপিণী বৃন্দার পত্রে যেরূপ পূজিত হইবেন, মণিমুক্তাদি অপরাপর বস্তু দ্বারা সেরূপ পূজিত হইবেন না। ইহা উত্তমরূপে বিজ্ঞেয়।

এই বৃক্ষের নাম হউক 'তুলসী', তুলসী পবিত্র-পাবন। তকার শব্দে মরণ, উকার শব্দে যোগ। (তু'র অর্থ মরাযুক্তা অর্থাৎ মৃতা) মৃতা হইয়াও লসী—(লসধাতুর অর্থ কান্তি) অর্থাৎ কান্তিমতী থাকাতে তুলসী নামেই ইহা গীত হইবে। তুলসীর প্রতিপত্রে দ্বাদশাক্ষর বিষ্ণুমন্ত্র অবস্থিত। তুলসীর অধিষ্ঠাত্রী দেবতা আমরা—দুর্গা ও মহেশ্বর। ইহার উপাস্য নারায়ণ, আর ইহা বৈষ্ণবী প্রিয়া। এদিকে ধর্ম্মদেব, পত্নীর বিষয় মনে করিয়া শোকে ক্ষীণ ও মলিন হইয়াছিলেন, তিনি এই সময়ে বৃন্দা বৃন্দা বলিয়া রোদন করত তথায় আসিয়া উপস্থিত হইলেন। "প্রিয়ে! কান্তে! বৃন্দে! কোথায় তুমি? তুমি নির্দ্দোষা, নিষ্ঠুরচিত্ত আমি, তথাপি তোমাকে রাক্ষসী হও বলিয়া অভিশাপ দিয়াছি। আমাকে ধিক্।" এই বলিয়া ধর্ম্মদেব রোদন করিতেছিলেন; শিব সান্ত্বনা করিলেন। ব্রাহ্মণ তখন স্থির হইয়া শিবকে প্রণাম করিয়া পুনরায় আপনার নিন্দা করিতে লাগিলেন, 'ধিক্ আমাকে! যেহেতু আমি সাক্ষাৎ মহাদেব শিবকে অভিনন্দন করি··নাই।" দেবী বলিলেন, ধার্ম্মিক সেই ব্রাহ্মণ, সন্তোষপ্রদ উক্ত বৃন্দা-বৃত্তান্ত অবগত হইয়া শান্ত মহেশ্বর শিবকে বলিলেন, প্রিয়া আমার যদি নারায়ণের জন্য তুলসী বৃক্ষ হন, তবে, আমিও যেন প্রিয়ার প্রীতিকামনায় এই তরুর মূল হই। শিব বলিলেন, "তথাস্তু"। শিব-কিঙ্করেরা শিবের আদেশে, সহর্ষে পৃথিবীতে আসিয়া উত্তম কালিন্দীতটে, বৃন্দাদেহ রোপণ করিল। যথায়, অর্দ্ধচন্দ্রাকৃতি গিরিরাজ গোবর্দ্ধন বিরাজমান, সেই যমুনাবৃত প্রদেশ বৃন্দাবন নামে অভিহিত। সেই স্থান পরম কৃষ্ণপ্রীতি-সম্পাদক এই বৃন্দাবন প্রদেশ ত্রৈলোক্য মধ্যে গোপনীয়। মস্তকস্থ সহস্র-দল পঙ্কজ, যোগিগণের পক্ষে সুতীর্থ। শৈবগণ, পৃথিবীতে বৃন্দার দেহ রোপণ করিয়া শ্বেতপর্ব্বত কৈলাসে গমন করিলেন।

সপ্তম অধ্যায় সমাপ্ত ॥ ৭ ॥

অষ্টম অধ্যায়।

দেবী বলিলেন, হে খগেশ্বর! অনন্তর বিষ্ণু, শিব এবং দুর্গার প্রীতিসম্পাদনী তুলসী, বিষ্ণুপ্রিয়, কার্ত্তিকমাসে অমাবস্যাতিথিতে প্রাতঃকালে ভূতলে প্রাদুর্ভূত হন। তুলসীবৃক্ষ প্রাদুর্ভূত হইলে প্রভু নারায়ণদেব এবং শিব ভূতলে আসিয়া তুলসীবৃক্ষ দর্শন করিলেন। দেখিলেন, তুলসী মহামেঘের ন্যায় কৃষ্ণবর্ণা, স্কন্ধপল্লব-শোভিতা, অসংখ্য পত্রপূর্ণা দ্বাদশা-ক্ষর মহামন্ত্রময়ী এবং স্থিরা। দেখিলেন, তুলসী মসৃণতা এবং তেজে জাজ্বল্যমানা, আর সৌরভরাশি দ্বারা দিঙ্মণ্ডল আমোদিত করিতেছেন। শিব ও বিষ্ণু তদ্দর্শনে আনন্দিত হইলেন। অনন্তর, কল্যাণী তুলসীদেবী মূর্ত্তিমতী হইয়া প্রকাশ পাইলেন। তুলসীদেবী শ্যামাঙ্গী, চারুমুখী, দ্বিভুজা এবং ঈষৎ হাস্যপূর্ব্বক কথা বলা তাঁহার স্বভাব। হস্তে তাঁহার

পদ্ম ও শঙ্খ, পরিধানে শুক্লবস্ত্র, নানা অলঙ্কার-ভূষায় তিনি সজ্জিতা। তিনি যুবতী এবং সতী। তাঁহার ললাট সিন্দূরে রক্তবর্ণ। আর সুগন্ধমুগ্ধ মধুকরেরা মুখপদ্ম ব্যাপ্ত করিয়া রাখিয়াছে। তুলসীদেবী নারায়ণদেবকে দর্শন করিয়া আনন্দে তাঁহার স্তব করিতে লাগিলেন। হে ভগবন্! জগৎপতে নারায়ণ! হে কেবলচিদানন্দস্বরূপ পরমেশ্বর! আপনাকে নমস্কার। হে কংসারে! মহেশ্বর! কেশব! আপনাকে নমস্কার। হে হরে! শ্রীকান্ত নরসিংহ! আপনাকে নমস্কার, আপনি ভক্তি দ্বারাই একমাত্র লভ্য, তর্কের বহুদূর * আপনাকে নমস্কার। হে বেদান্ত-বেদ্য! আপনি ব্রহ্মজ্ঞানলভ্য; আপনাকে নমস্কার। হে শ্রুতিগম্য! হে শ্রুতিস্তুত্য! আপনাকে নমস্কার। হে গৃহীত-দেহ! নীল-নীরদ-শ্যাম-কলেবর! আপনাকে নমস্কার। হে বহুরূপ! ঊর্দ্ধরূপ! হে নীরূপ! আপনাকে বারংবার নমস্কার। হে প্রভো! আপনি পূজক এবং পত্র পুষ্প ও জল দ্বারা পূজ্য। হে সুখ-দুঃখ প্রদাতা! আপনি অনাদি ও সংসারচ্ছেত্তা। আমি আপনারই প্রীতিদায়িনী, আপনিই আমার প্রভু ঈশ্বর। হে হরে! আপনাকে নমস্কার, আপনাকে নমস্কার, আপনাকে বারংবার নমস্কার। তুলসী এইরূপ স্তব করিয়া, প্রদক্ষিণ করিয়া দণ্ডবৎ প্রণাম করিলেন। হে সখি! অনন্তর তুষ্টচিত্তে নির্ম্মল বাক্য দ্বারা পুনরায় স্তব করিতে লাগিলেন, অভেদজ্ঞানে হরিহরকে বলিলেন, হে প্রণবস্বরূপ শঙ্কর! আপনাকে বারংবার নমস্কার। হে শিব! হে হরে! হে দক্ষযজ্ঞনাশন! হে বলিচ্ছলনকারিন্! হে সৌভপুরবিনাশক! হে ত্রিপুরঘাতন! হে অন্ধকসূদন! আপনাকে নমস্কার। হে শ্রীপতে! গৌরীপতে! কৃষ্ণ! মহাদেব আপনাকে নমস্কার। এইরূপ স্তবকারিণী তুলসীদেবীকে, বরদাতা দেবকীনন্দন হরি, শিবসমীপে বলিতে লাগিলেন, হে শ্রীমতি তুলসি! হে বৃন্দাবনপ্রিয়ে! বৃন্দে! যতদিন চন্দ্র ও নক্ষত্র থাকে, আমার প্রীতিসম্পাদন করিবার জন্য, ততদিন তুমি পৃথিবীতলে স্থায়িনী হও। সুরাসুরনরনাগে সর্ব্বদা তোমার অভিনন্দন এবং বন্দনা করিবে। আজ হইতে, তোমার পত্র ব্যতীত আমার পূজা হইবে না। একদিকে নানা পুষ্প অলঙ্কার এবং সর্ব্ববিধ নৈবেদ্য আর অপরদিকে—(হে তুলসি!) দ্বাদশাক্ষর-মন্ত্র-সমন্বিত একটী পত্র। যে ব্যক্তি তোমাকে প্রদক্ষিণ করিয়া গুরুজ্ঞানে তোমাকে দণ্ডবৎ প্রণাম করে, তাহার সপ্তদ্বীপা পৃথিবী প্রদক্ষিণ করা হয়। শ্রাদ্ধ, তর্পণ, দান, নৈবেদ্য-নিবেদন প্রভৃতি কোন কর্ম্মই তোমার পত্র ব্যতীত ফলজনক হয় না। তোমার পত্র দ্বারা আমাকে পূজা করিলে সর্ব্ব-দেবতা তুষ্ট হন। যে ব্যক্তি, কার্ত্তিকমাসে তোমার একটী পত্র আমাকে প্রদান করে, তাহার সহস্র গোদানের ফল হয়। যে ব্যক্তি মাঘমাসে, ত্বদীয় পত্র, আমাকে অর্পণ করে, তাহাকে আমি অশ্বমেধফল প্রদান করি। যে ব্যক্তি বৈশাখমাসে তোমার পত্র দ্বারা শয্যারচনা করিয়া আমাকে দেয়, আমি তাহাকে আত্মদান করি, ইহা অপেক্ষা অধিক

---

* এতদনুসারে একটী চলিত কথা আছে,—"ভক্তিতে মিলয়ে কৃষ্ণ, তর্কে বহুদূর।"

আর কি আছে? যে ব্যক্তি তোমার পত্র ও জল দ্বারা আষাঢ়মাসে আমার অভিষিক্ত করে, তাহাকে আমি সতত ক্ষীরোদবাস প্রদান করি। যে ব্যক্তি, আষাঢ়মাসে ত্বদীয় পত্ররসে বাসিত জল আমাকে দেয়, তাহার পুনর্জ্জন্ম হইতে দিই না। তোমার পত্র ভূতলে যেখানে পতিত হইবে, তাহা আমি শিবের আদেশে সেইখানে মস্তকে গ্রহণ করিব। যে মানব, ত্বদীয় পত্ররসে সিক্ত অন্ন কখন ভোজন করে, হে শুভে! সেই ভাগ্যধরের ভুক্ত অন্নই অমৃত বলিয়া কথিত হয়। গঙ্গাজল সহযোগে ত্বদীয় পত্ররস ভোজনকারী যে ব্যক্তি, তাহাতে আর আমাতে অভেদ; ইহা পুনঃপুনঃ সত্য করিয়া শপথ করিতেছি। হে শোভনে! যে ব্যক্তি তুলসীপত্র স্পর্শ করিয়া মিথ্যা কথা বলে, বহুকোটি কল্পেও উগ্র নরক হইতে তাহার উদ্ধার নাই। হে শুদ্ধে! যে ব্যক্তি, ত্বদীয় কাষ্ঠসম্ভূত মালা এবং ত্বদীয় কাষ্ঠঘর্ষণসম্ভূত অনুলেপন ধারণ করে, পুত্র যেমন পিতার অনুবর্ত্তী হয়, তদ্রূপ আমিও তাহার অনুবর্ত্তী হই। এই কথা বলিয়া দেবশ্রেষ্ঠ নারায়ণ, শিবের সম্মতিক্রমে ইন্দ্রাদি দেবগণ সহযোগে পৃথিবীতলে পাপনাশিনী তুলসীকে অভিষিক্ত করিয়া দেবগণ ও শিব এবং শিবানুচরগণের সহিত অন্তর্হিত হইলেন। হে সখীদ্বয়! তুলসীর জন্ম ও কর্ম্ম এইরূপে তোমাদিগকে বলিলাম। এই তুলসীকে উদ্দেশ করিয়া আকাশ, স্বর্গ ও মর্ত্ত্যের তিন তীর্থের কথা বলা হইল, অর্থাৎ এক তুলসী তিন স্থানেরই তীর্থ। এই বিষ্ণুসম্মানিতা তুলসীকে মানব সাদরে পূজা করিবে। হে সখীদ্বয়! দর্শন, প্রণাম, স্পর্শ, স্থানসম্মার্জ্জন, পূজন এবং চয়নে যথাক্রমে এই সব মন্ত্র পাঠ করিবে। হে দেবি! বিষ্ণুপ্রিয়ে! প্রিয়দর্শনে মাতঃ! তুলসি! আপনি বিষ্ণুদর্শনে দীপশিখা-সদৃশী; হে দ্বিজবল্লভে! প্রসীদ। মানব, প্রাতঃকালে এই মন্ত্র পাঠ করিবে,—হে শুভে! প্রফুল্লনয়নে তোমাকে দর্শন করিলে তাহার যমদর্শন হয় না। দর্শনের পর প্রণাম করিবে। হে বিষ্ণুপ্রীতিকরে! ঈশ্বরি! মাতঃ তুলসি! আপনাকে নমস্কার করি। হে বিষ্ণুহর্ষকারিণি! * আমার অঙ্গ সকল পবিত্র কর। এই মন্ত্র পাঠ করিয়া মানব প্রদক্ষিণপূর্ব্বক অষ্টাঙ্গ লুটাইয়া তুলসীকে প্রণাম করিবে। কিন্তু তুলসীবৃক্ষের ছায়া লঙ্ঘন করিবে না। বৈকুণ্ঠনাথ-পদকমল-বাসিনি! প্রিয়দর্শনে। তুলসি! তোমাকে স্পর্শ করিতেছি, আমার মহাপাপরাশি বিনাশ কর। মানব, এই মন্ত্র পাঠ করিয়া, তুলসী স্পর্শ করিলে বিমুক্ত হয়। স্থানমার্জ্জনের মন্ত্র বলিতেছি, তাহা শ্রবণ কর। হে কল্যাণি! মাতঃ তুলসি! তোমার সুমনোহর অবস্থিতি-ক্ষেত্রে আসিয়া দেবগণ ক্রীড়া করেন, আমি সেই স্থানমার্জ্জনা করিতেছি, আমার প্রতি প্রসন্ন হও। এই মন্ত্র পাঠ করত তুলসীর তল বার হাত স্থান, গোময় জল দ্বারা সহর্ষে চতুর্দ্দিকে সম্মার্জ্জনা করিবে। প্রণব, তুলস্যৈ নমঃ এই ষড়ক্ষর মন্ত্র দ্বারা তুলসীকে পূজা

---

* 'বিষ্ণুকে ক্রোড়ে করিয়া তাঁহার আনন্দবিধান করেন, বিষ্ণুশব্দে শালগ্রাম শিলাচক্র, শালগ্রাম শিলাকে তুলসীপত্রদ্বয়ের মধ্যে রাখিতে হয়। তাই উক্ত সম্বোধন তুলসীর।

করিয়া শতবার উক্তমন্ত্র জপ করিবে। হে মাতঃ কল্যাণি তুলসি! হে গোবিন্দচরণপ্রিয়ে! আমি নারায়ণের জন্য তোমার পত্র চয়ন করিতেছি, * হে শুভদর্শনে প্রসন্ন হও। সখি! কৃতী, এই মন্ত্র পাঠ করিয়া তুলসীপত্র চয়ন করিবে; তুলসীপত্র পর্য্যুষিত হইলেও তদ্দ্বারা বিষ্ণুপূজা করিতে পারিবে। অশুচি অবস্থায় তুলসী স্পর্শ করিবে না। পাদুকা-পায়ে তুলসী স্পর্শ করিবে না পশ্চিমমুখ হইয়া তুলসীচয়ন নিষিদ্ধ, পক্ষান্ত অর্থাৎ অমাবস্যা, পূর্ণিমা, সংক্রান্তি, রাত্রি এবং সায়ংকালেও তুলসীবৃক্ষ স্পর্শ করিবে না। কিন্তু বিষ্ণুপূজার জন্য হইলে, নিষিদ্ধকালেও স্বল্প অর্থাৎ পূজানির্ব্বাহোপযোগী তুলসী চয়ন করিবে। যাহাতে শাখা ভগ্ন বা অতিশয় কম্পিত না হয়, এইরূপে তুলসীপত্র চয়ন করিবে, তাহা হইলে বিষ্ণুপ্রিয় হইবে। 'যে ব্যক্তি, তুলসীমূলসম্ভূত মৃত্তিকা মস্তকে ধারণ করেন, তিনিই তামোনাশক সূর্য্যস্বরূপ। গঙ্গামৃত্তিকা, চন্দন, বা তুলসী-মূলসম্ভূত মৃত্তিকায় সংযুক্ত পত্র নিজ মস্তকে ধারণ করেন, তাহাতে তীর্থত্ব আছেই। যেখানে তুলসীকানন, যমের ব্যাপার সেখানে নাই। প্রাণী সেখানে মরিলে আর পুনর্জ্জন্ম হয় না। মানব, পরিষ্কৃত উচ্চস্থানে তুলসী স্থাপনা করিবে; তাহাতে অক্ষয়স্বর্গ লাভ হইবে, এ বিষয়ে সংশয় নাই। শ্রাদ্ধ, দান, তপস্যা, হোম, সন্ধ্যোপাসনা, পূজা এবং পুরাণপাঠ তুলসীবৃক্ষ সমীপে কর্ত্তব্য। হে সখীদ্বয়! এই শ্রুতিসুখকর, কালদোষনাশক, এক অপূর্ব্ব চরিত তোমাদিগকে বলিলাম, ইহা হরিহরের সুখপ্রদ এবং মানসপ্রীতিপ্রদ; এই উপাখ্যান শ্রবণ এবং পাঠ করিলে অনন্ত পুণ্য হয়।

অষ্টম অধ্যায় সমাপ্ত ॥ ৮ ॥

নবম অধ্যায়।

দেবী কহিলেন, হে সখীদ্বয়! এক্ষণে শ্রীফল মাহাত্ম্য শ্রবণ কর, উহা শ্রবণ করিলে মানব শিবানুচর মধ্যে পরিগণিত হইয়া থাকে। ব্রহ্মাণ্ডের উপরিভাগে সনাতন ব্রহ্মলোক বিরাজমান আছে, তথায় সকলেই সর্ব্বদা বেদ গান করিয়া থাকে, এবং সকলেরই চারি হস্ত ও চারি মুখ। ঐ ব্রহ্মলোকের উপরে শিবলোক। তত্রত্য সমুদয় ব্যক্তিই শিবস্বরূপ। তাহার উর্দ্ধভাগে ভগবান্ হরির প্রীতিপ্রদ বৈকুণ্ঠধাম শোভা পাইতেছে। তথায় হরির ন্যায় সকলেই নবঘনশ্যাম ও পীতকৌষেয়ধারী এবং সকলেরই ভুজ-চতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা, পদ্ম; কর্ণে উজ্জ্বল রত্নময় কুণ্ডল ও চরণদ্বয়ে নূপুর শোভা পাইতেছে। উক্ত বৈকুণ্ঠধামের উর্দ্ধভাগে দুর্গালোক, তথাকার সমুদয় রমণীগণ পরম রূপলাবণ্যবতী ও শুভপ্রদা। হে সখি! উহা পৃথিবীতে কামরূপ নামে

---

* অথবা বিষ্ণু—অর্থে বৈষ্ণব; 'হে বৈষ্ণবদিগের আনন্দদায়িনি!', এই অর্থ।

প্রসিদ্ধ। তাহার ঊর্দ্ধে পরম তেজোময় গোলোকধাম, যাহা পৃথিবীতে বৃন্দাবন নামে কথিত হইয়া থাকে। ঐ সমস্ত লোক মধ্যে আমি যে ভগবান্ নারায়ণের পরম প্রিয় বৈকুণ্ঠধামের উল্লেখ করিয়াছি; তথায় একদা ভগবান্ হরি, স্বপ্নাবস্থায় কোটিচন্দ্র-সমপ্রভ, ত্রিশূল-ডমরুধর, ভুজঙ্গাভরণ-ভূষিত, অণিমাদি সিদ্ধিগণে পরিবৃত এবং চন্দ্র-সূর্য্য প্রভৃতি সুরগণ কর্ত্তৃক স্তূয়মান ত্রিলোচন শঙ্করকে সানন্দে নৃত্য করিতে দেখিয়া স্বয়ং পরমানন্দে মগ্ন হইয়া সহসা কমলা-বিরাজিত পর্য্যঙ্কের উপর উঠিয়া বসিলেন। তখন দেবী কমলা, "অহো এ কি?" এই কথা বলিবা মাত্র জাগরিত হইয়া স্তব্ধ হইয়া রহিলেন। অনন্তর দেবী পুনরায় কহিলেন, হে প্রভো জনার্দ্দন। স্বপ্নে কোন্ প্রিয়মূর্ত্তি দেখিয়াছেন, প্রকাশ করুন। দেবী মহালক্ষ্মী এইরূপ জিজ্ঞাসা করিলে দেবদেব জনার্দ্দন হর্ষবিমোহিত হইয়া ক্ষণকাল কিছুই বলিতে পারিলেন না। পরে গদ্গদ স্বরে কহিলেন, হে মহালক্ষ্মি! আমি স্বপ্নে অতি অদ্ভুতদর্শন আনন্দময় দেব মহেশ্বরকে নিরীক্ষণ করিয়াছি। হে কমলে! আজ মহাত্মা ত্রিলোচন মহাদেবকে অবলোকন করিব, এক্ষণে গাত্রোত্থান কর, আমার সহিত কৈলাসে চল। বোধ করি, আমার শুভাদৃষ্ট বশতই তিনি আমাকে স্মরণ করিয়াছেন। নারায়ণ এইরূপ কহিলে লক্ষ্মী বিস্ময়ান্বিতা হইয়া কৈলাস-গমনে উদ্যতা হইলেন। অনন্তর বৈকুণ্ঠনাথ, গমন করিতে করিতে পথিমধ্যে দেখিলেন, স্বয়ং চন্দ্রশেখর বৈকুণ্ঠাভিমুখে আগমন করিতেছেন। তখন পরস্পর-দর্শনোৎসুক ভগবান্ বিষ্ণু ও মহেশ্বর, পরস্পরকে নিরীক্ষণ করিয়া পরম বিস্ময়ান্বিত ও বচনাতীত আনন্দিত হইলেন। অনন্তর উভয়ে নিরতিশয় উৎসাহান্বিত হইয়া কমলার সম্মুখে রোমাঞ্চিত-কলেবরে আনন্দাশ্রু বিসর্জ্জন করত পরস্পর পরস্পরকে প্রণাম ও আলিঙ্গন করিয়া গদ্গদ স্বরে কহিলেন, কি জন্য কোথায় গমন করিতেছেন? অতঃপর মহেশ্বর, ক্ষণকাল নিস্তব্ধ থাকিয়া কেশবকে কহিলেন, আমি আজ স্বপ্নাবস্থায় লক্ষ্মীর সহিত তোমার অপূর্ব্ব শঙ্খ-চক্র-গদাধর শ্যামসুন্দর কলেবর অবলোকন করিয়া আগমন করিতেছি এবং এক্ষণেও সেই রূপ সন্দর্শন করিলাম। এক্ষণে বল, হে অনন্ত! হে কেশব! হে নারায়ণ! হে জনার্দ্দন! তুমি উৎকণ্ঠান্বিত হইয়া কোথায় গমন করিতেছ? আমার শুভাদৃষ্ট বশতই পথিমধ্যে উপস্থিত হইলে। তখন ভগবান্ হরি কহিলেন, হে শিব শঙ্কর! হে সর্ব্বদ! আমিও আজ তোমাকে স্বপ্নে যেরূপ দেখিয়াছি, এক্ষণেও সেইরূপ দেখিলাম। হে অষ্টমূর্ত্তিধর! তোমাকে নমস্কার, হে পার্ব্বতীশ! হে পিণাকপাণে! তোমাকে ভূয়োভূয়ঃ প্রণিপাত করি। হে নাথ! হে প্রভো গিরিশ! এক্ষণে আমার বৈকুণ্ঠধামে আগমন করুন, আমি তথায় যোগিগণের আরাধ্য দেব তোমাকে অর্চ্চনা করিব। হে প্রভো! আমি তোমাকেই দেখিবার জন্য গমন করত পথিমধ্যে দর্শন পাইলাম। তৎশ্রবণে শঙ্কর কহিলেন, হে আত্মস্বরূপ! হে দেব! তুমি আমারই অভিপ্রায় ব্যক্ত করিয়াছ, অতএব মদীয় ভবনে আগমন কর। হে সখীগণ!

তাঁহারা উভয়েই উভয়কে প্রেমভরে এইরূপ বলিতে লাগিলেন এবং কে কাহার ভবনে গমন করিবেন, তাহা স্থির করিতে পারিলেন না। তখন সহসা তথায় নারদ উপস্থিত হওয়ায় উভয়েই যথাবিধি সমাদর পূর্ব্বক তাঁহাকে এই বিষয় জিজ্ঞাসা করিলে তিনিও কিছুমাত্র স্থির করিতে না পারিয়া কহিলেন, হে দেবেশদ্বয়! ভগবতী পার্ব্বতী ও কমলাকে এই বিষয় জিজ্ঞাসা করুন, কারণ উহাঁরা উভয়েই যুক্তিদানে নিপুণ, সুতরাং আপনাদিগের এবিষয়ে যেরূপ কর্ত্তব্য হয় বলিবেন। তখন হরিহর কহিলেন, হে গিরিজে! হে লক্ষ্মি! বল, কে কাহার ভবনে গমন করিবে? তৎশ্রবণে কমলা কহিলেন, হে দেবদ্বয়! এবিষয়ে আমাকে নিয়োগ করিবেন না, যাহা কর্ত্তব্য হয়, শঙ্করীই বলিবেন। তখন হরিহর কহিলেন, হে গিরিজে! তুমিই বল, কে কাহার ভবনে গমন করিবেন? হে সখীদ্বয়! তাঁহারা আমাকে এইরূপ কহিলে, আমি সেই সন্দেহে আমাকেই একমাত্র নির্ণয়কর্ত্রী দেখিয়া এবং সেই পথিমধ্যে তাঁহাদিগের অন্যূন অনধিক প্রণয় দর্শনে, কোথায় কাহার গমন করা কর্ত্তব্য, সে বিষয়ে তাঁহাদিগের ন্যায় আমারও অন্তঃকরণ সন্দিহান হইল। হে সখি! অনন্তর কিঞ্চিৎ স্থির হইয়া পরস্পর-প্রীতিমান্ সেই দেব-যুগলকে কহিলাম, আপনাদিগের পরস্পর যেরূপ অকৃত্রিম প্রণয় দেখিতেছি, তাহাতে বোধ হয়, আপনারা উভয়েই একস্থানেই বাস করেন। হে নাথ! হে কেশব! আপনাদিগের প্রণয় দর্শনে বোধ হয় না যে, আপনাদিগের আত্মা বিভিন্ন, কেবল মাত্র শরীরই পৃথক্ দেখিতেছি। হে কেশব! হে নাথ! আপনারা যাদৃশ পরস্পর সৌহার্দ্দ্য প্রকাশ করিলেন, তাহাতে বিবেচনা করি, আপনাদিগের ভার্য্যা আমরাও পৃথক্ নহি। হে নাথ! হে কেশব! আপনাদের পরস্পর যে প্রীতি দেখিতেছি, সেই প্রমাণে বিবেচনা করি, আপনাদের একের প্রতি বিদ্বেষ করা আর উভয়ের প্রতি বিদ্বেষ করা সমান। হে নাথ! হে কেশব! আপনাদের পরস্পর যেরূপ প্রীতি দেখিতেছি, সেই প্রমাণবলেই বিবেচনা করি, আপনাদের দুজনেরই এক পূজা। হে নাথ! হে কেশব! আপনারা পরস্পর যেরূপ প্রীতি প্রদর্শন করিতেছেন, তৎপ্রমাণবলে বিবেচনা করি, আপনাদের একের পূজা না করিলে উভয়েরই পূজা করা হয় না। আপনাদিগের প্রণয় দর্শনে বোধ হয়, যে মানব, উভয়ে ভেদজ্ঞান করে, সে অনন্তকাল সন্তাপানলে দগ্ধ হইয়া থাকে। অতএব হে নাথ! হে কেশব! কিজন্য ভেদ প্রদর্শন করাইয়া মধ্যস্থের অন্তঃকরণ আকুলিত করিতেছেন? হে সখীগণ! ভগবান্ শ্রীকৃষ্ণ ও শঙ্করকে এইরূপ কহিলে তাঁহারা পরম আনন্দিত হইয়া আমাকে ভূরি ভূরি প্রশংসা করিতে লাগিলেন। পরে পরস্পর পরস্পরকে প্রণাম ও আলিঙ্গনাদি করিয়া শঙ্কর কৈলাসে ও শ্রীকৃষ্ণ বৈকুণ্ঠধামে গমন করিলে মুনিবর নারদও স্বস্থানে প্রস্থান করিলেন।

নবম অধ্যায় সমাপ্ত ॥ ৯ ॥

শম অধ্যায়।

দেবী কহিলেন, ভগবান্ শঙ্কর কৈলাসগিরিতে উপস্থিত হইলে পর বৈকুণ্ঠধামে সুখোপবিষ্ট ভগবান্ নারায়ণকে দেবীলক্ষ্মী প্রফুল্লমুখে জিজ্ঞাসা করিলেন, হে প্রভো জগন্নাথ! হে শ্রীপতে! আপনার কোন্ কোন্ ব্যক্তি পরম প্রিয়তম তাহা প্রকাশ করুন। নিখিল গুরুজন মধ্যে যেমন মাতাই অধিক, পুত্র যেমন আপনা অপেক্ষা অধিক প্রিয়, সমুদয় বন্ধুগণ মধ্যে ভার্য্যাই যেমন সর্ব্বপ্রধান, সেইরূপ সমুদয় প্রিয়গণ মধ্যে আমিই আপনার অধিক প্রিয় বিবেচনা করিতাম, কিন্তু হে নাথ! আজ দেখিলাম, মহেশ্বর আমা-অপেক্ষাও অধিক প্রিয়। অতএব হে দেব! যদি কেহ তদপেক্ষাও অধিকতম প্রিয় থাকে প্রকাশ করুন; তাহা হইলেই জানিব, আমি আপনার প্রিয়ভার্য্যা। তখন ভগবান্ কহিলেন, হে সৌম্যে! শঙ্কর ব্যতীত বিশ্বমণ্ডলে অপর কেহই আমার প্রিয়তম নাই। প্রাণিগণের স্বকীয় শরীর যেরূপ প্রিয়বস্তু, আমার পক্ষে শঙ্করও সেইরূপ। জগতে পুত্রের নিমিত্ত, যৌবন-সুখভোগের নিমিত্ত এবং গার্হস্থ্যের নিমিত্তই মানবগণের পত্নী প্রিয় হইয়া থাকে। হে কমলে! পিণ্ড ও কীর্ত্তির জন্য পুত্র, বিপদ হইতে উদ্ধার ও সুখের জন্য ধন এবং ধর্ম্মার্থে ধার্ম্মিকদিগের শরীর প্রিয় হয়। হে প্রিয়ে! জগতে কাহাকেও বিনা কারণে প্রিয় দেখি না, সকলেই কোন না কোন কারণ বশত প্রিয় হইয়া থাকে। রমণীদিগের পতি যেরূপ সর্ব্বপ্রধান প্রিয়বস্তু, পুরুষদিগের পত্নী সেরূপ নহে; কারণ, স্বামীর নিকট পত্নী কোন প্রয়োজন বশত প্রিয় হয়, কিন্তু স্বামী পত্নীর স্বাভাবিক প্রিয়। এই নিমিত্তই পত্নী প্রদীপ্ত হুতাশনে স্বামীর অনুগমন করিয়া থাকে; কিন্তু পত্নী গতাসু হইলে স্বামী সেরূপ না করিয়া পুত্রার্থে পুনরায় অপর রমণীর পাণিগ্রহণ করেন। পুরুষেরই সহিত পুরুষের অকৃত্রিম প্রণয় হইয়া থাকে, কারণ মিত্রতা সমতা অপেক্ষা করে, সুতরাং ভিন্নভাব হেতু রমণীর সহিত পুরুষের তাদৃশ প্রণয়ের সম্ভব নাই। পূর্ব্বে একদা ভগবান্ শঙ্কর ও আমি পৃথিবীতে গমন করিয়াছিলাম। হে কান্তে! তথায় আমি প্রিয়প্রাপ্তি-কামনায় দশ দিক্ পর্য্যটন করত মনে মনে স্থির করিলাম, আমি এইরূপ দশদিক্ও ভ্রমণ করিব, এইরূপ করিয়া যাহাকে দেখিতে পাইব, সেই আমার অকৃত্রিম প্রিয় হইবে। মনে মনে এই প্রকার নিশ্চয় করিয়া ভ্রমণ করিতেছি, এমন সময়ে শঙ্করের সহিত সাক্ষাৎ হইল। তখন উভয়ের প্রতি উভয়ের দৃষ্টিপাত হওয়ায় পূর্ব্বজন্মার্জ্জিতা বিদ্যার ন্যায় পরস্পর মহতী প্রীতি জন্মিল, সুতরাং সেই মহেশ্বর ও সেই জনার্দ্দন আমাতে ঘটদ্বয়স্থিত জলের ন্যায় কিছুমাত্র প্রভেদ নাই। তবে যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক শঙ্করের অর্চ্চনা করে, সেও আমার প্রিয় হইয়া থাকে। হে কমলালয়ে! যে ব্যক্তি শিবপূজায় পরাঙ্মুখ, সে কখনই আমার প্রিয় নহে। হে সখি! দেবী কমলা বিষ্ণু কর্ত্তৃক এইরূপ অভিহিতা হইয়া বিবেচনা করিলেন, আমি

যখন শিবপূজায় বিমুখ, তখন কখনই কেশবের প্রিয়পাত্রী নই, অতএব আমায় ধিক্ আমায় ধিক্! তিনি বারংবার ঈদৃশ বলিতে লাগিলে ভগবান্ কৃষ্ণ পরম হৃষ্ট হইয়া কহিলেন, হে সতি! দুঃখিতা হইও না, আমি তোমায় শিবপূজায় প্রবৃত্ত করিবার জন্য এরূপ কহিতেছি। তুমি আজ হইতে প্রতিদিন যথাবিধি মহেশ্বরের অর্চ্চনা করিয়া তাঁহার ন্যায় আমার প্রীতিভাজন হও। হে সখি! ভগবতী কমলা শ্রীকৃষ্ণের বাক্যশ্রবণে দৃঢ়সঙ্কল্প হইয়া স্বামি আজ্ঞায় নারদের নিকট যথারীতি পূজাবিধি শিক্ষা করত প্রতিদিন শিবপূজা করিতে আরম্ভ করিলেন। তখন দিন দিন তাঁহার শিবভক্তি পরিবর্দ্ধিত হইতে লাগিল। কিছুকাল এইরূপে অতিবাহিত হইলে একদা কমলা শিবভক্তি হেতু সাদরে ভগবান্ কেশবকে জিজ্ঞাসা করিলেন, হে প্রভো পুণ্ডরীকাক্ষ! আপনার নীলকণ্ঠ কোন্ পুষ্পে বিশেষ পরিতুষ্ট হন, তাহা প্রকাশ করিয়া আমার অভিলাষ পূর্ণ করুন। আমি কৃতসঙ্কল্প হইয়া সেই পুষ্পে প্রত্যহ নীললোহিতকে অর্চ্চনা করিব। তৎশ্রবণে ভগবান্ কহিলেন, হে প্রাণাধিকে লক্ষ্মি! ভাগ্যক্রমে ভগবান্ মহেশ্বর তোমার প্রতি নিশ্চয় সুপ্রসন্ন হইয়াছেন। হে সিন্ধুসুতে! তিনি যাহাতে পরিতুষ্ট হন, শ্রবণ কর। মানব, অষ্টোত্তর শত সালঙ্কৃত সবৎস পয়স্বিনী ধেনু বিপ্রগণকে দান করিয়া যে ফল লাভ করে, শঙ্করকে কেবলমাত্র করবীর পুষ্পে অর্চ্চনা করিলে তাদৃশ ফলভাগী হইয়া থাকে এবং সুরক্ত করবীর পুষ্প দান করিলে তাহার দ্বিগুণ ফল হয়। শেফালিকা পুষ্পদানে কোটি রৌপ্যময় পুষ্পদানের পুণ্য হইয়া থাকে এবং কুন্দপুষ্পে শেফালিকা অপেক্ষা শত গুণ আর মল্লিকা পুষ্পদানে তদপেক্ষাও শত গুণ ফল কথিত আছে। মুক্তারাজি দ্বারা মুক্তাময় লিঙ্গের পূজা করিলে যাদৃশ পুণ্য হয়, দ্রোণপুষ্প দান করিলেও সাধক সেই ফল লাভ করিয়া থাকে এবং চম্পক পুষ্পদানে সুবর্ণময় পুষ্পরাজি দ্বারা সুবর্ণময় লিঙ্গের অর্চ্চনার ফল লাভ হয়। বৈশাখ মাসের শুক্লপক্ষে শঙ্করকে চামরব্যজন করিলে যে ফল লাভ হয়, শিরীষ কুসুম দান করিলেও তাদৃশ ফল লাভ হইয়া থাকে। নাগকেশর পুষ্পদানে অশ্বমেধ যজ্ঞের ও মুচুকুন্দ পুষ্পদানে পিতৃগণের সন্তোষপ্রদ গয়াশ্রাদ্ধের ফল হয় এবং যে ব্যক্তি তুলসী-পত্র দান করে, সে তদপেক্ষা শত গুণ ফল লাভ করিয়া থাকে। ভগবান্ শঙ্করকে তগরপুষ্প দান করিলে, চান্দ্রায়ণ ব্রতের, বজ্রপুষ্প দানে কাশীক্ষেত্রে উপবাসের এবং ধুস্তুর পুষ্পদানে শত একাদশীতে উপবাসের পুণ্য লাভ হয়। হে কমলে! কেতকী ব্যতীত শঙ্করের আরও প্রীতিজনক পুষ্প আছে, বলিতেছি, শ্রবণ কর। পূর্ব্বোক্ত সর্ব্বপ্রকার পুষ্প দান করিলে যে ফল হয়, এক পদ্ম পুষ্পদানেই সেই ফল হইয়া থাকে। পদ্মপুষ্প ভিন্ন অধিক প্রীতিকর আর কিছুই নাই। অতএব তুমি সঙ্কল্প-পুরঃসর পদ্মপুষ্প-রাজি দান করিতে প্রবৃত্ত হও। হে জয়াবিজয়ে! দেবী লক্ষ্মী শ্রীকৃষ্ণের বাক্যে পদ্ম-প্রদানে কৃতসঙ্কল্প হইয়া প্রতিদিন সরোবর হইতে স্বয়ং সহস্র পদ্ম চয়ন করত বারত্রয় গণিয়া প্রক্ষালনপূর্ব্বক

পরম ভক্তিভাবে মহেশ্বরকে দান করিতে লাগিলেন। এইরূপে প্রায় এক বৎসর অতিবাহিত হইলে, একদা লক্ষ্মী সরোবরে গমনপূর্ব্বক প্রাতঃস্নানান্তে পবিত্র-হৃদয়ে সাবধানে সংখ্যা করত সহস্র পদ্ম উত্তোলন করিয়া সসম্ভ্রমে প্রক্ষালন করিলেন। পরে স্বর্ণময়-লিঙ্গে পূজা করত সংখ্যা করিয়া এক একটী ক্রমে দান করিতে করিতে দেখিলেন দুইটী পদ্ম ন্যূন হইয়াছে। তখন সেই শিবভক্তা সিন্ধুতনয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন, এ কি। দুইটী পদ্ম কোথায় যাইল? কেহ কি অপহরণ করিল? না আমিই ভ্রম বশতঃ দ্বিন্যূন সহস্র চয়ন করিয়াছি? কিংবা উত্তমরূপ গণনা করি-নাই? যাহাই হউক, আমাকেই ধিক্। আমি ত প্রতিদিন কি চয়ন, কি প্রক্ষালন, কি পূজা, সর্ব্ব-বিষয়েই গণনা করিয়া থাকি। অথবা অল্পভক্তিহেতু আজ দুইবার মাত্র গণনা করিয়াছি। যাহাই হউক, তাঁহারই মায়ায় ভ্রান্ত হইয়া এই অনর্থ ঘটাইয়াছি। এক্ষণে কি করি? আমার কি সঙ্কল্প ভ্রষ্ট হইবে? আমি ত কোন দিন অপর ব্যক্তির হস্তে চয়ন করাই না; অতএব কিরূপে আজ অন্য দ্বারা দুইটী পদ্ম আনয়ন করাইব? এবং আসন পরিত্যাগ করিয়াও আমার অন্য স্থানে গমন করা উচিত নহে। আর যদি দুইটী ন্যূন হয়, তাহাতেও সঙ্কল্পের হানি হইল। তিনি ঈদৃশ চিন্তা করিয়া মনে মনে স্থির করিলেন, ভগবান্ কৃষ্ণ ত আমার একদা রতিকালে বলিয়াছিলেন, প্রিয়ে! তোমার স্তন-যুগল দেখিয়া আমার বিবেচনা হয়, অনঙ্গদেব যেন দুইটী পঙ্কজ দ্বারা আমায় অর্চ্চনা করিয়াছে এবং তাহাই যেন তোমার সৌন্দর্য্যরূপ সরোবরে বিরাজ করত আমার প্রীতি উৎপাদন করে। অতএব ভগবান্ বিষ্ণু, যখন আমার এই কুচযুগলকে পঙ্কজরূপে বর্ণনা করিয়াছেন, তখন তাহা মিথ্যা হইবার নহে; সুতরাং মদীয় কুচদ্বয়রূপ পঙ্কজ দ্বারা মহেশ্বরকে পূজা করিয়া সহস্র পদ্মদানের সঙ্কল্প পূর্ণ করিব এবং ভগবান্ কেশবও ইহাতে নিশ্চয় প্রীত হইবেন। দেবী কমলা, এইরূপ নিশ্চয় করিয়া স্বীয় স্তনযুগল ছেদনার্থ ছুরিকা গ্রহণ করিলে তদীয় স্তনদ্বয় পরম হৃষ্ট হইয়া কহিল, হে পদ্মালয়ে! আমরা তোমার শরীরে উৎপন্ন হইয়া আজ ধন্য হইলাম; কারণ, ত্রিজগতের অধীশ্বর আজ আমাদের দ্বারা অর্চ্চিত হইবেন। তৎ শ্রবণে কমলা কহিলেন, হে স্তনযুগল! মদীয় মস্তকের ন্যায় তোমরাও আজ পঙ্কজ-রূপে দেবাধিদেব মহেশ্বরের সন্নিধানে প্রণত হও। হরি ও হরে যেমন কিছুমাত্র প্রভেদ নাই, সেইরূপ তোমাদিগেরও যেন আজ পঙ্কজ হইতে অণুমাত্র পার্থক্য না থাকে। হে কুচদ্বয়! যদি তোমরা হস্তমস্তকাদিবৎ অমোত্তে উৎপন্ন হইয়া থাক, তাহা হইলে আজ শিবপূজায় সহস্রপদ্মের অভাব পূরণ কর। ভগবতী লক্ষ্মী এইরূপ বলিয়া, যাহা পূর্ব্বে বিষ্ণুকরে গৃহীত হইয়াছিল, বাম হস্তে সেই কমলসন্নিভ শোণবর্ণ মনোহর বাম স্তন ধারণ করত পঞ্চাক্ষর মন্ত্র উচ্চারণ পূর্ব্বক দক্ষিণহস্তস্থ ছুরিকা দ্বারা ছেদনান্তে ভগবান্ শঙ্করকে সমর্পণ করিয়া আপনাকে কৃতার্থা বোধ করিলেন। পরে উদ্যত দক্ষিণ

ম ছেদন করিতে উদ্যত হইলে বামস্তন-ছেদন হেতু তাঁহার নিকট খণ্ডপ্রস্ত ভগবান্ হেশ্বর তাহা দর্শন করিতে না পারিয়া সহসা সেই স্বর্ণময় লিঙ্গ হইতে প্রাদুর্ভূত হইয়া মলাকে কহিলেন, হে মাতঃ! সিন্ধুতনয়ে! আর ছেদন করিও না, ছেদন করিও না, তামার ছিন্ন বামস্তন পুনরায় সমুৎপন্ন হউক। হে শুভে! আমি তোমার পরম ভক্তি র্ষিত হইয়াছি। তুমি যে স্তন ছেদন করিয়া আমার স্বর্ণময় লিঙ্গের উপর অর্পণ রিয়াছ, উহা পৃথিবীতে তোমার মূর্ত্তিমতী ভক্তি স্বরূপ শ্রীফল নামে এক পরম পবিত্র বৃক্ষ ইয়া চন্দ্রসূর্য্যের অবস্থান কাল পর্য্যন্ত বিরাজমান থাকিবে। হে লক্ষ্মি! ঐ বৃক্ষ আমার রম প্রীতিজনক ও উহার পত্র দ্বারা আমার পূজা হইবে, ইহাতে কিছুমাত্র সংশয় নাই। র্ণ মুক্তা ও প্রবাল প্রভৃতি রত্ননিচয় এবং অন্যান্য যে সকল আমার প্রীতিজনক পুষ্প াছে, তন্মধ্যে কেহই শ্রীফলপত্রকণার কোটি ভাগেরও সমান হইবে না। ত্রিপুণ্ডক গঙ্গাজল আমার যেরূপ প্রিয়, শ্রীফলবৃক্ষের ত্রিপত্রও সেইরূপ প্রিয়তম হইবে। গবান্ মহেশ্বর এইরূপ কহিলে দেবী কমলা পরম আনন্দিত হইয়া রোমাঞ্চিত-কলেবরে দ্গদস্বরে "হে শিব! হে শান্ত! আপনি কারণত্রয়েরও কারণ, সকলের আশ্রয়, তএব হে পরমেশ্বর! আপনার শ্রীচরণে আমি আত্মসমর্পণ করিলাম" এইরূপ স্তুতিবাদ রা পুনঃপুনঃ প্রদক্ষিণ পূর্ব্বক পুনঃপুনঃ প্রণাম ও পুনঃপুনঃ গাত্রোত্থান করিতে লাগিলেন। নন্তর মহেশ্বরের আদেশে স্থির হইয়া কৃতাঞ্জলিপুটে স্তব করিতে আরম্ভ করিলেন। ক্ষ্মী কহিলেন, হে চন্দ্রমৌলে! হে ত্রিনেত্র! আপনার মূর্ত্তি সুধা ও শশধরের ন্যায় ভ্রবর্ণ, আপনি সহাস্যবদনে শুভ্র বৃষভোপরি বিরাজ করিয়া থাকেন; হে দেবদেবাধিদেব হ ডিণ্ডিমবাদিন্! ভবদীয় শুভ্র শরীরকান্তি, ত্রিগুণময় অক্ষমালা ও ধুস্তুরপুষ্পে সুশোভিত হইতেছে, আপনি ভক্তগণের প্রতি সতত পরম কারুণিক, অতএব হে দেব! আমার প্রতি প্রসন্ন হউন। হে শম্ভো! হে পার্ব্বতীপতে! আপনি সতত পরম সুখময় াগরে বিহার করিয়া থাকেন, জয় আপনার জয়। হে শম্ভো! আপনি নিখিল ভুবনের লীলাধার, চন্দ্র সূর্য্য ও অগ্নি আপনার নেত্রত্রয়, আপনি জগৎপ্রাণ অনিলদেবেরও ঈশ্বর, আপনি স্বীয় ইচ্ছানুসারে সমুদয় জগৎ সৃজন পালন ও সংহার করিতেছেন, অতএব আপনি কীদৃশ বা কি, তাহা কি প্রকারে জানিব? হে ভূতনাথ! হে দিগম্বর! আপনি সতত শ্মশান-ভূমিতে বিচরণ করিয়া থাকেন, আপনার কলেবর চিতাভস্মে এবং গলদেশ অস্থিমালায় বিভূষিত। হে নাথ! আপনি সমুদয় ঐশ্বর্য্যময় বলিয়া শ্মশানভূমি সতত আপনাকে মস্তকে ধারণ করিতে অভিলাষ করিয়া থাকে; হে ত্রিপুরহর! হে মহেশ! আপনি সমুদয় প্রভব ও বিভবের লীলাস্থল, আপনি শ্বেত ও রক্ত; হে শ্রীগুরো! হে গিরিশ! আপনি সকলের প্রতি সতত প্রসন্ন এবং সঙ্কট হইতে সকলকে নিস্তার করিয়া থাকেন; অতএব হে দুঃখহারিন্! নীলকণ্ঠ! প্রসন্ন হইয়া আমার সমুদয় দুঃখ দূর করুন। হে সখি! দেবী লক্ষ্মী, এবংবিধ স্তুতি করিলে ভগবান্ শঙ্কর পরম প্রীত হইয়া কহিলেন,

হে শুভে বিষ্ণুকান্তে! আমি তোমাকে অভীপ্সিত বর প্রদান করিতেছি, প্রার্থনা কর। তখন লক্ষ্মী কহিলেন, হে প্রভো! আজ আমি ভবদীয় ভক্তিপ্রভাবে ভগবান্ বিষ্ণুর প্রিয় পত্নী হইলাম। হে দেব! আপনাকে যখন সাক্ষাৎ করিলাম, তখন ইহা অপেক্ষা আর অন্য বর কি আছে? তবে সকলে যাঁহাকে নিরীক্ষণ করিতেও সমর্থ হন না, আমি সেই দুর্দ্দর্শন শঙ্কর হইতে বর লাভ করিয়াছি, বলিয়ার জন্য এইমাত্র বর প্রার্থনা করি যে, হে মহেশ্বর! আপনার প্রতি আমার যেন নিরন্তর অচলা ভক্তি থাকে; কারণ একমাত্র আপনিই ভক্তগণের অভীষ্ট পূরণ করিয়া থাকেন। হে সখি! তখন ভগবান্ শম্ভু, তথাস্তু বলিয়া অন্তর্দ্ধান করিলে কপালমোচনক্ষেত্রে শ্রীফলবৃক্ষ সমুদ্ভূত হইল।

দশম অধ্যায় সমাপ্ত ॥ ১০ ॥

একাদশ অধ্যায়।

দেবী কহিলেন, হে সখীগণ! ঐ শ্রীফলবৃক্ষ, বৈশাখ মাসের শুক্লপক্ষে উৎপন্ন হয়, এক্ষণে উহার মাহাত্ম্য বলিতেছি। শ্রীফলবৃক্ষ উৎপন্ন হইলে ভগবান্ ব্রহ্মা নরায়ণ ও ইন্দ্রাদি দেবগণ এবং সমুদয় দেবপত্নীগণ তথায় আগমনপূর্ব্বক কোম ত্রিপত্রযুক্ত, নিজতেজে দেদীপ্যমান শিবরূপী ঐ বৃক্ষকে সন্দর্শন করিয়া প্রণিপাত ও জলসেচন-পুরঃসর পরমসুখে তথায় অবস্থিতি করিতে লাগিলেন। পরে ভগবান্ সনাতন বিষ্ণু উহার রক্ষার নিমিত্ত কহিলেন, এই তরুবরের বিল্ব, মালূর, শ্রীফল, শণ্ডিলা, শৈলূষ, শিব, পুণ্য, শিবপ্রিয়, দেবাবাস, তীর্থপদ, পাপঘ্ন, কোমলচ্ছদ, জয়, বিজয়, বিষ্ণু, ত্রিনয়ন, বর, ধূম্রাক্ষ, শুক্রবর্ণ, সংযমী এবং শ্রাদ্ধদেব; এই একবিংশতি নাম রহিল। ইহার ঊর্দ্ধ অধঃ ও চতুর্দ্দিকে শত ধনুঃ পর্য্যন্ত স্থান তীর্থ হইবে। ইহার ঊর্দ্ধ পত্র শঙ্কর, বামপত্র ব্রহ্মা ও দক্ষিণপত্র আমাকে জানিবে। যে ব্যক্তি ইহার ছায়া লঙ্ঘন করিবে, তাহার আয়ুঃ বিনষ্ট হইবে; আর যে ব্যক্তি, পাদ দ্বারা ইহাকে স্পর্শ করিবে, সে শ্রীভ্রষ্ট হইবে। ইহার একটী মাত্র পত্র দান করিলে, সহস্র পদ্মদানের ফল লাভ করিবে। এই শ্রীফলবৃক্ষের দর্শন, স্পর্শন, স্থানসম্মার্জ্জন পূজন, পত্রচয়ন ও দানে * যে যে মন্ত্র পাঠ করিবে, বলিতেছি। হে বিল্ববৃক্ষ! হে মহাভাগ! তুমি ভগবান্ মহেশ্বরের পরম প্রিয়পাত্র এবং কমলার স্তনস্বরূপ, হে জ্যোতিৰ্ম্ময় শিবরূপিন্! আমার প্রতি প্রসন্ন হউন। যে মানব প্রাতঃকালে এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক সাদরে শুভ বিল্ববৃক্ষ সন্দর্শন করিবে, সে সাক্ষাৎ শিবদর্শনের ফলভাগী হইবে। অনন্তর, হে হর্ষপ্রদ বিল্বতরো! আপনি সদা শঙ্কররূপী, আপনাকে প্রণাম করি, আপনি

* অনেকগুলি পুস্তক মিলাইয়া দেখা হইল, দানের বিশেষ মন্ত্র কোনস্থলেই লিখিত নাই। বোধ হয়, সামান্য মন্ত্র দ্বারাই বিল্বপত্র দান, এইজন্য এ পুরাণে বিশেষ করিয়া কিছু উল্লিখিত হয় নাই, আর সেই সামান্য মন্ত্র দ্বারাই বিল্বপত্র দান করা হইয়া থাকে।

আমার সমুদয় অঙ্গ সফল করুন। যে ব্যক্তি, এই মন্ত্র উচ্চারণ করিয়া সাষ্টাঙ্গে বিল্ববৃক্ষকে প্রণাম করিবে, সেই আমার পরমপ্রিয় বৈষ্ণব হইবে। হে শিবপূজক মালুর! হে প্রিয়স্পর্শ! হে মহাতরো! আমি আপনাকে স্পর্শ করি, আপনি আমার পাপরাশি হইতে মুক্ত করুন, এই মন্ত্রে বিল্ববৃক্ষ স্পর্শ করিবে। হে দেববৃক্ষ! সুরগণ আপনার মনোহর অধিষ্ঠান ভূমিতে আগমনপূর্ব্বক ক্রীড়া করিয়া থাকেন, এজন্য আমি তাহা মার্জ্জনা করি, আপনি প্রসন্ন হউন। এই মন্ত্র পাঠ করিয়া যে ব্যক্তি, প্রাতঃকালে গোময়-মিশ্রিত জল দ্বারা দশহস্ত পরিমিত বিল্ববৃক্ষের তলভূমি মার্জ্জন করিবে, সে পরম বৈষ্ণব হইবে। 'নমো রুদ্রায় শ্রীফলায় নমঃ, এই দশাক্ষর মন্ত্র দ্বারা বিল্ববৃক্ষের অর্চ্চনা করিয়া যথাশক্তি জপ করিবে। হে মহাভাগ বিল্ববৃক্ষ! হে শ্রীফল! হে প্রভো মালুর! ভগবান্ শঙ্করের অর্চ্চনার জন্য ত্বদীয় পত্র চয়ন করিতেছি, সায়ংকাল, মধ্যাহ্নকাল দ্বাদশী ও অমাবস্যা পূর্ণিমা ব্যতীত অন্য সময়ে উক্ত মন্ত্র পাঠ করিয়া ভক্তিভাবে বিল্বপত্র চয়ন করিবে (নমঃ শিবায়) * এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক অর্পণ করিবে। বিল্ববৃক্ষে আরোহণ বা উহার শাখা-ভঙ্গ করিবে না। বরং আরোহণ পূর্ব্বক পত্র চয়ন করিবে, কিন্তু কখনই শাখাভঙ্গ করিবে না। উহার পত্র ছিন্নই হউক আর অখণ্ডিতই হউক, উহাতে শিবপূজা হইবে। ছয় মাসের মধ্যে বিল্বপত্র পর্য্যুষিত হইবে না। উহা দ্বারা সূর্য্য এবং গণেশ ব্যতীত সমুদয় দেবতার পূজা হইবে। যে স্থানে বিল্ববৃক্ষের কানন থাকিবে, সে স্থান কাশীতুল্য। যে স্থানে পঞ্চবিল্ব থাকিবে, তথায় স্বয়ং মহেশ্বর বিদ্যমান জানিবে। যে স্থানে সপ্তবিল্ব, তথায় মহেশ্বর পার্ব্বতীর সহিত অবস্থিত হইবেন। অধিক কি, যে স্থানে একটী মাত্রও বিল্ববৃক্ষ থাকিবে, সে স্থানে ভগবান্ শঙ্করের সহিত আমি অবস্থান করিব এবং যে স্থানে দশসংখ্যক ঐ পুণ্যপাদপ অবস্থিত থাকিবে, তথায় আমরা শঙ্করের অনুচরগণের সহিত অবস্থিতি করিব। হে সুরগণ! ঐ সকল স্থান তীর্থ বলিয়া কথিত হইবে। যে গৃহস্থের বাটীর ঈশানকোণে বিল্ববৃক্ষ উৎপন্ন হইবে, তথায় কখন বিপদ্ ঘটিবে না। বাটীর পূর্ব্ব-দিকে জন্মিলে সুখপ্রদ, দক্ষিণে ভয়নাশক ও পশ্চিমদিকে হইলে সন্তান-সন্ততি বর্দ্ধক হইবে। হে দেবগণ! ঐ বিল্ববৃক্ষ শ্মশানে, নদীতীরে, প্রান্তরে বা বনমধ্যে হইলে ঐ স্থান সিদ্ধপীঠস্থল জানিবে। প্রাঙ্গণের মধ্যস্থলে উহা স্থাপন করিবে না। যদি দৈবাৎ তথায় উৎপন্ন হয়, তাহা হইলে শঙ্করের ন্যায় তাহাকে অর্চ্চনা করিবে। চৈত্রাদি মাস-চতুষ্টয়ে ভগবান্ শঙ্করকে একটী মাত্র বিল্বপত্র দান করিলে, লক্ষ ধেনুদানের ফল হইবে। যে মানব, মধ্যাহ্ন সময়ে উহাকে প্রদক্ষিণ করিবে, তাহার ত্রিবার সুমেরু-প্রদক্ষিণ করা হইবে। ব্রাহ্মণের প্রয়োজন বা যজ্ঞ ব্যতীত উহা ছেদন বা দহন করিবে না। যে ব্যক্তি উহা বিক্রয় করিবে, সে পতিত হইবে। যে ব্যক্তি, বিল্বকাষ্ঠ মর্দ্দিত মৃত্তিকা ললাটে ধারণ

---

* ইহাই সামান্য মন্ত্র।

করিবে, সে ঘোর পাতকীই হউক আর পুণ্যাত্মাই হউক, তাহার যমের অধিকার থাকিবে না। অধিক কি কহিব, স্বয়ং পশুপতি, পাছে ব্যর্থ হয় বলিয়া ভূতল-পতিত বিল্বপত্র মস্তকে ধারণ করিয়া থাকেন। যে পুণ্যাত্মা, চৈত্রাদি মাসচতুষ্টয়ে বিল্ববৃক্ষে জলসেক করিবে, তাহার পিতৃগণ ঐ বৃক্ষের ন্যায় অভিষিক্ত হইবে। ঐ মাসচতুষ্টয়ে ভগবান্ শঙ্কর, নববিল্বপত্র-প্রার্থী হইয়া সর্ব্বদা ভ্রমণ করেন। হরিগ্রামনগরে যে স্থানে মহেশ্বর বৈদ্যনাথ বিরাজমান আছেন, তত্রত্য বিল্ববৃক্ষ স্বর্ণবৃক্ষ নামে প্রসিদ্ধ হইবে এবং কামরূপস্থিত ঐ বৃক্ষকে কামরস, কাশীধামে মুক্ত ও আদিম, আর কাঞ্চীপুরে অক্ষয়পুণ্যদ বলিয়া জানিবে। সেই সকল তীর্থও তীর্থমধ্যে সনাতন। দেবী কহিলেন, হে সখি! ভগবান্ বিষ্ণু এইরূপ বলিতেছেন, এমত সময়ে শঙ্কর তথায় উপস্থিত হইলে ব্রহ্মা ও বিষ্ণু বিল্বপত্র দ্বারা তাঁহার পূজা করিয়া দেবগণের সহিত স্ব স্ব স্থানে গমন করিলেন। হে সখীদ্বয়! এই আমি তোমাদিগের নিকট পরম পুণ্যজনক মনোহর শ্রীফলবৃক্ষের উপাখ্যান কীর্ত্তন করিলাম। পুণ্যাত্মাদিগের ইহা পাঠ ও শ্রবণ করা কর্ত্তব্য, তাহা হইলে ভগবান্ শঙ্কর ও নারায়ণে ভেদবুদ্ধি ও যমভয় তিরোহিত হইয়া থাকে।

একাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১১ ॥

দ্বাদশ অধ্যায়।

জয়া বিজয়া কহিলেন, হে মহেশানি! আপনি তুলসী ও বিল্বের বিষয় বর্ণন করিলেন, কিন্তু ঐ বৃক্ষদ্বয়ের তুল্য অপর কোন বৃক্ষ আছে কি? যাহা হরি ও হর উভয়েরই প্রিয়। হে শিবসুন্দরি! আমরা তাহা শুনিতে বাসনা করি, আপনি আমাদিগের সখী, কর্ত্রী ও পরম আরাধ্য দেবতা; অতএব তাহা প্রকাশ করুন। তখন শঙ্করী কহিলেন, হে সখীদ্বয়! তোমরা যেরূপ জিজ্ঞাসা করিলে, তদ্রূপ এক বৃক্ষ আছে, তাহার নাম আমলকী। দেবী কমলা ও আমা হইতেই সেই বৃক্ষের উৎপত্তি। একদা দেবগণের উৎসব উপলক্ষে কোন পুণ্যদিনে প্রভাস তীর্থে স্বয়ং হংসারূঢ় চতুর্ম্মুখ ব্রহ্মা, প্রমথগণ ও আমার সহিত ভগবান্ শঙ্কর, লক্ষ্মীর সহিত নারায়ণ, সুরগণের সহিত সুরপতি, স্ব স্ব অনুচরগণের সহিত বহ্নি, যম, কুবের প্রভৃতি অষ্ট দিগীশ্বর নারদাদি মহর্ষিগণ এবং গোতম, কশ্যপ, চ্যবন, অসিত, কর্ণ, মেধাতিথি, ব্যাস, পলাস, পরাশর, বিশ্বামিত্র, জাবালি, জৈমিনি, আষ্টিসেন, পিপ্পলাদ, অঙ্গিরা, পৈল, জামদগ্ন্য, ভরদ্বাজ, জৈগীষব্য ও বশিষ্ঠ প্রভৃতি বেদবেদাঙ্গ-পারগ মুনি-ঋষি সকল গমন পূর্ব্বক পরস্পর-সন্দর্শনে পরম আনন্দিত হইয়া যথোচিত পুণ্য ক্রিয়াকলাপ করিতে লাগিলেন এবং সমুদয় দেবতা ও মুনি-ঋষিগণ সানন্দে দেবাধিদেব শঙ্কর, ব্রহ্মা ও বিষ্ণুকে পূজা করিলেন। সেই সময়

আমি, দেবী লক্ষ্মীর সহিত নানাবিধ কৌতুককর কথোপকথন করিতেছি, এমত সময়ে উভয়েরই অন্তঃকরণ মধ্যে ভগবান্ শঙ্কর ও নারায়ণকে অর্চ্চনা করিবার বাসনা হইল। পরে লক্ষ্মীকে কহিলাম, হে সিন্ধুসুতে! আমি ইচ্ছা করিতেছি, কোনরূপ স্বকল্পিত দ্রব্যে প্রভু নারায়ণকে পূজা করিব, কারণ ভগবান্ হরি সমুদয় প্রাণিগণের আত্মা ও সাধুগণের পরম আরাধ্য দেবতা; অতএব বল কি প্রকারে তাঁহাকে অর্চ্চনা করি। হে বিজয়ে! দেবী কমলা মদীয় বাক্য শ্রবণে পরম পরিতুষ্টা হইয়া রোমাঞ্চিত-কলেবরে আমায় দণ্ডবৎ প্রণাম করিলেন। অনন্তর, আমি স্বহস্তে তাঁহাকে উত্তোলন পূর্ব্বক গাঢ়তর আলিঙ্গন করিলে তিনি গদ্‌গদ-স্বরে কহিলেন, হে নগনন্দিনি! তুমি যেরূপ কহিলে, আমারও ঐ রূপ অভিপ্রায় হইয়াছে। আমিও স্বকল্পিত দ্রব্যে ত্রিলোচন শঙ্করকে পূজা করিব। হে জয়াবিজয়ে! সেই সময় আমাদিগের নেত্র হইতে অমল আনন্দাশ্রু ভূতলে পতিত হইল। অনন্তর সেই অশ্রুজল হইতে অমলপ্রভ চারিটী বৃক্ষ উৎপন্ন হয়, উহার পত্র ও বৃন্ত শ্যামল বর্ণ; স্কন্ধ ও মূলদেশ কর্ব্বুর বর্ণ এবং পত্র সকল শিরা-গ্রথিত আর বহুল পত্রে এক একটী পত্র। অমল নেত্রজল হইতে উৎপন্ন হইল বলিয়া ঐ বৃক্ষের নাম আমলকী হইয়াছে। হে সখি! তুলসী ও বিল্ব উভয়ে যে যে গুণ আছে, এক এক আমলকী বৃক্ষেই তৎসমুদয় গুণ বিদ্যমান। উহার পত্রে দেবাধিদেব হরি ও হর উভয়েই পূজিত হইয়া থাকেন। অতঃপর মাঘমাসের শুক্লপক্ষীয় একাদশীতে সমুদ্ভূত হরিহররূপী পবিত্র সেই আমলকীকে নিরীক্ষণ করিয়া সমুদয় দেবগণ ও ঋষিগণ মিলিত হইয়া সানন্দচিত্তে স্তুতি করিতে লাগিলেন। কহিলেন, যিনি হরি ও হর উভয়েরই প্রিয় এবং পত্রমালাদিতে অলঙ্কৃত, যাঁহার প্রভা অতি মনোহর, আমরা সেই শ্রীমতী দেবী আমলকীকে প্রণাম করি। হে সখি! আমলকী সম্বন্ধে যাবতীয় কার্য্যেই ঐ মন্ত্র পাঠ করিবে। বিল্ব বৃক্ষের ন্যায় উহারও চতুর্দ্দিকে শত ধনুঃপরিমিত স্থল এবং ঊর্দ্ধ ও অধোভাগকে মনীষিগণ কর্ম্মক্ষেত্র ভারতবর্ষে তীর্থ বলিয়া উল্লেখ করিয়াছেন। অনন্তর সমুদয় দ্বিজগণ সর্ব্বতীর্থজলে উহাকে সেচন করিলেন। পরে সমুদয় দেবগণ-সমক্ষে উহার পত্র দ্বারা ভগবান্ বিষ্ণুকে অর্চ্চনা করিলাম। দেবী লক্ষ্মীও দেবাধিদেব শঙ্করকে অর্চ্চনা করিলেন। সেই সময়ে চতুর্দ্দিক্ হইতে জয় জয় ধ্বনি উত্থিত হইল এবং গগনমণ্ডল হইতে পুষ্পবর্ষণ ও শঙ্খধ্বনি হইতে লাগিল। তদ্দর্শনে দেবী আমলকী হৃদয়ে অতুল আনন্দ ধারণ করিলেন বলিয়া উহার অপর একটী নাম ধাত্রী হইয়াছে। অনন্তর, সুরগণ ও ব্রাহ্মণগণ, উক্ত আমলকী বৃক্ষকে নমস্কার করিয়া নিজ নিজ আলয়ে গমন করিলেন। কিন্তু ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর উহাতে অধিষ্ঠিত থাকিলেন। হে সখীদ্বয়! ঐ পরমানন্দদায়িনী দেবী আমলকীকে সকলেরই স্থাপন সম্মান ও অর্চ্চনা করা কর্ত্তব্য।

দ্বাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১২ ॥

ত্রয়োদশ অধ্যায়।

দেবী শঙ্করী কহিলেন, হে সহচরীদ্বয়! এক্ষণে ভূমণ্ডলে যে যে স্থানে গঙ্গা নাই, সেই সেই প্রসিদ্ধ স্থল ও তীর্থের উল্লেখ করিতেছি, শ্রবণ কর। প্রভাস নামে এক পরম পুণ্যজনক স্থান আছে। পূর্ব্বে চন্দ্র, দক্ষ কর্ত্তৃক অভিশপ্ত হইয়া, তথায় যক্ষ্মা রোগ হইতে মুক্ত হন। তাহার পশ্চিমে পৃথুদক তীর্থ, ঐ স্থানে সরিৎপতি স্বয়ং প্রতিদিন আগমন পূর্ব্বক স্নান করিয়া থাকেন। তাহার পর বিন্দুসরঃ নামে তীর্থ। ঐ স্থানে ভগবান্ ব্রহ্মার আনন্দাশ্রু হইতে বহুতর সরোবর উৎপন্ন হইয়াছে এবং প্রজাপতি কর্দ্দম ঘোরতর তপোনুষ্ঠান করিয়াছিলেন। তাহার উত্তরে ব্রহ্মতীর্থ। তথায় সরস্বতী নদী পূর্ব্বাভিমুখে প্রবাহিতা হইতেছে। উহার পশ্চিমে পবিত্র নৈমিষারণ্য। তথায় মুনিগণ সতত পুণ্য-ক্রিয়াকলাপ অনুষ্ঠান করিয়া থাকেন এবং সেই স্থানে মানবগণের সত্ত্বাহারী কলির প্রাদুর্ভাব নাই। ঋষিগণ যে কারণে উহার প্রশংসা করিয়া থাকেন, তাহা শ্রবণ কর। পূর্ব্বে এক সময় সমুদয় মুনিগণ কলি হইতে ভীত হইয়া শিষ্যগণের সহিত কলির সমক্ষে ভগবান্ ব্রহ্মার শরণাপন্ন হইয়া কহিয়াছিলেন, হে ব্রহ্মন্! হে চতুর্ব্বক্ত্র! হে চতুর্ব্বাহো! আপনি অবিনাশী, সত্ত্বগুণের আধার ও সনাতন; অতএব হে হংসবাহন! আপনাকে নমস্কার। হে প্রভো! আপনি শ্বেত ও নীল এবং সৃষ্টি-স্থিতি-প্রলয়কর্ত্তা। আপনার কলেবর শোণ বর্ণ এবং কেহই আপনার স্বরূপ অবগত হইতে পারেন না; অতএব আপনাকে প্রণাম করি। হে কমলাসন! আপনি প্রণবের অধিষ্ঠাত্রী দেবতা, আপনার বদন-চতুষ্টয়ে অষ্ট লোচন; করচতুষ্টয়ে অক্ষমালা, কমণ্ডলু, পুস্তক ও কুশ; ললাটে তিলক এবং গলদেশে যজ্ঞোপবীত শোভা পাইতেছে; আপনি গায়ত্রীপতি, আপনাকে নমস্কার। আপনি ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ববেদে অভিজ্ঞ; ভগবান্ হরিহর আপনাকে আরাধনা করিয়া থাকেন; আপনার আদি মধ্য বা অন্ত নাই, অতএব আপনাকে বারংবার প্রণাম করি। ঈদৃশ স্তুতিবাদ শ্রবণে ভগবান্ ব্রহ্মা পরম প্রীত হইয়া কহিলেন, হে সুরগণ! আমি প্রসন্ন হইয়াছি, এক্ষণে তোমরা কিজন্য আগমন করিয়াছ, প্রকাশ কর। তখন ঋষিগণ কহিলেন, হে দেব! মানবগণের সত্ত্বাপহারী কলি সমস্ত পৃথিবী অধিকার করিয়াছে, অতএব হে ব্রহ্মন্! আমরা এক্ষণে কোথায় তপোনুষ্ঠান করি, বলুন। ঋষিগণের বাক্য শ্রবণে ভগবান্ ব্রহ্মা চিন্তান্বিত হইলে তাঁহার লোচন হইতে সহসা কোটিশশাঙ্কের ন্যায় ধবলকায়, শুক্লবর্ণ মালা ও বসন-পরিহিত হস্তদ্বয়ে জপমালা ও কমণ্ডলু বিরাজিত, প্রসন্নাস্য, দ্বিবাহু এবং ত্রিলোচন এক মহাপ্রভু প্রাদুর্ভূত হইলেন। তাঁহাকে অবলোকন করিয়া ঋষিগণ ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন, ইনি কে? ব্রহ্মা কহিলেন, ইনি সত্যমূর্ত্তি সনাতন নিমিষদেব, ইহাঁর শরীর সত্যকালোচিত। ইনি তোমাদের কার্য্যসিদ্ধির নিমিত্ত উপস্থিত হইয়াছেন। তোমরা

ইঁহাকে অগ্রসর করিয়া ভূমণ্ডলে গমন কর। ইনি যে স্থানে গমন বা অবস্থিতি করিবেন, তোমরাও সেই স্থানে গমন ও অবস্থিতি করিও এবং বিষ্ণুমূর্ত্তিস্বরূপ ইনি যে স্থানে অন্তর্হিত হইবেন, সেই স্থানই তোমাদিগের ইষ্টপ্রদ হইবে; তথায় কলি গমন করিতে পারিবে না। হে সখি! মুনিগণ, শুভপ্রদ ব্রহ্মা কর্ত্তৃক এইরূপ অভিহিত হইয়া নিমিষের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। অনন্তর উত্তরকুরুতে অবতীর্ণ হইয়া সমুদয় পর্ব্বত ও ছয় বর্ষদেশ অতিক্রম পূর্ব্বক হিমালয়ের দক্ষিণ ভারতবর্ষে ভ্রমণ করিতে করিতে সৌরাষ্ট্রদেশের সমীপে এক স্থানে সেই নিমিষদেব অন্তর্হিত হইলেন। তিনি অন্তর্দ্ধান করিলে মুনিগণ সমুদয় স্থাবরাদি বস্তু বিষ্ণুময় দর্শন করিতে লাগিলেন এবং পরম বিস্ময়াপন্ন হইয়া পরস্পর বলিতে লাগিলেন, আজ অবধি এই স্থান নিমিষক্ষেত্র নামে প্রসিদ্ধ হইল। গঙ্গাতীরের ন্যায় এইস্থানে অবস্থিত যাবতীয় পশু, পক্ষী, লতা, দ্রুম ও মনুষ্যাদিই নারায়ণস্বরূপ। যজ্ঞাদি সমস্ত কার্য্যেই এই স্থান বিশেষ ফলপ্রদ। সমুদয় দ্বীপের মধ্যে জম্বুদ্বীপ প্রশস্ত, তন্মধ্যে ভারতবর্ষ এবং ভারতের মধ্যে নৈমিষারণ্যই সর্ব্বোত্তম তীর্থ। মুনিগণ এইরূপ বলিয়া তথায় অবস্থান পূর্ব্বক সতত হৃদয় মধ্যে শ্রীকৃষ্ণকে ভাবনা করত সুস্থচিত্তে হোম ও তপশ্চরণ করিতে লাগিলেন। ব্রাহ্মণগণ, অদ্যাপি ঐ বৈষ্ণবক্ষেত্র নৈমিষারণ্যে সর্ব্বদা পুণ্যক্রিয়াকলাপ করিয়া থাকেন। ঐ স্থানে লোমহর্ষণপুত্র মহাজ্ঞানী পবিত্রাত্মা সূত উগ্রশ্রবা ঋষিগণকে বহুপ্রকার পুরাণ শাস্ত্র শ্রবণ করাইয়াছেন। হে সহচরীগণ! আমি যে তোমাদিগের নিকট নৈমিষারণ্যের বিষয় বর্ণন করিলাম, যে ব্যক্তি ইহা শ্রবণ করিবে, সে কলিকল্মষ হইতে মুক্ত হইবে। আর যদি কোন ব্রাহ্মণ, পরমাত্মা ব্রহ্মার পূর্ব্বোক্ত স্তোত্র শ্রবণ করেন, তবে তিনি নিশ্চয়ই জন্মান্তরে মুক্তিলাভ করিবেন। কারণ, জ্ঞানবান্ ব্রাহ্মণ বিষ্ণুর শরীর স্বরূপ এবং মুক্তির পাত্র।

ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত॥ ১৩॥

চতুর্দ্দশ অধ্যায়।

দেবী কহিলেন, হে সখি! গণ্ডকী নদীর তীরে পুলহমুনির যে আশ্রম, তাহা ও ঐ ভগবত পর্ব্বত হইতে নিঃসৃত গণ্ডকী নদী পরম তীর্থ। ঐ স্থানে বজ্র নামক এক প্রকার কীট দ্বারা শালগ্রামশিলা নির্ম্মিত হইয়া থাকে। সেই স্থানে অগস্ত্যাশ্রম মলয়গিরি ও পরশুরামের আলয় মহেন্দ্রগিরি উভয়ই তীর্থ-ক্ষেত্র। কাবেরী নদীর তটদেশে রঙ্গনাথের আলয়, বিন্ধ্যপর্ব্বতে বাসন্তী-নিলয়, শ্রীশৈল, ঋষভগিরি, পঞ্চ অপ্সরঃসরোবর, শিবস্থান, গোকল, শূর্পারক, দণ্ডকারণ্য, মাহিষ্মতী ও বিশালা পুরী; ত্রিতকূপ, কাশ্মীর এবং এই সকল মহৎ তীর্থ বলিয়া উল্লিখিত আছে। মনীষিগণ, বেণ্বা, কাবেরী, সরস্বতী, যমুনা,

সরযূ, পম্পা, চন্দ্রভাগা, কৌশিকী, গোদাবরী, সরিৎবরা বিপাশা, নর্ম্মদা, তাম্রপর্ণী ও বটোদকা নদীকে জলতীর্থ বলিয়া কীর্ত্তন করিয়াছেন। হে শুভে! মথুরা, দ্বারকা গোবর্দ্ধনগিরি এবং যমুনা নদীর তটভূমিস্থিত বৃন্দাবন মহাতীর্থ। কুরুক্ষেত্র, সেতুবন্ধ, অযোধ্যাপুরী, গৌতমাশ্রম, ব্রহ্মনদের তীরবর্ত্তী পুণ্যপ্রদা কামকোষ্ঠী, যে স্থানে দক্ষকন্যা সতী দেহ ত্যাগ করিলে তাঁহার যোনিদেশ পতিত হয় সেই কামরূপ নামে প্রসিদ্ধস্থান, উজ্জয়িনীপুরে কামকোষ্ঠপীঠ, যথায় আমি মঙ্গলচণ্ডীরূপে অবস্থিত থাকিয়া জনগণের মঙ্গলসাধন ও তাহাদিগকে বর দান করিয়া থাকি এবং যে স্থানে বহু জ্ঞাতিবর্গের বাস, সেই স্থান পরম তীর্থ বলিয়া কথিত আছে। উক্ত জ্ঞাতিগণের প্রতি কদাচ হিংসা করিবে না, সর্ব্বদা তাঁহাদিগকে সম্মান করিবে। সাধুগণ একজন জ্ঞাতিকে সহস্র ব্রাহ্মণের তুল্য বলিয়া উল্লেখ করিয়াছেন। যে ব্যক্তি জ্ঞাতিগণের প্রিয় হয় সে স্বর্গতুল্য আদরের পাত্র, এজন্য দরিদ্র জ্ঞাতিগণকে পোষণ, বিপদ্ সময়ে জ্ঞাতিগণের সহায়তা ও কায়মনোবাক্যে সতত তাহাদিগের মঙ্গল-চিন্তা করা কর্ত্তব্য। যে ব্যক্তি জ্ঞাতিগণের নিকট সুদ গ্রহণ করে, তাহার বংশ লোপ হয় এবং দেহান্তে প্রেতত্বপ্রাপ্তি হইয়া থাকে। হে সখীদ্বয়! যে জন দীন অপুত্র জ্ঞাতিকে নিজপুত্র প্রদান করিয়া পুত্রবান্ করিয়া থাকে, সে প্রতিজন্মে বহুল পুত্রবান্ হয়। যে ব্যক্তি দরিদ্র ব্রাহ্মণ-জ্ঞাতিকে ভূম্যাদি দান করিয়া বাস করায়, সাধুগণ তাঁহাকে সহস্র শিবলিঙ্গের প্রতিষ্ঠাতা বলিয়া কীর্ত্তন করেন। জ্ঞাতির জন্য শত শত অকার্য্য করিলেও নিঃসন্দেহ পাতকী হইতে হয় না। অন্যের নিকট জ্ঞাতির দোষ কীর্ত্তন ও জ্ঞাতির নিকট নিজদোষ গোপন করিবে না এবং সতত জ্ঞাতিগণকে পাতক হইতে রক্ষা করিবে। সমর্থ হইলে জ্ঞাতির জন্য রাজদ্বারেও গমন করিবে, কারণ যে ব্যক্তি, রাজদ্বারে ও শ্মশানে সাহায্য করিয়া থাকে, সেই যথার্থ বান্ধব। যে মানব, স্বীয় সচ্চরিত্রতা গুণে সর্ব্বদা জ্ঞাতিগণের সন্তাপানল যথাসাধ্য শান্তি করে এবং দয়ার্হ হইলে কদাচ দয়া করিতে উপেক্ষা করে না, সেই ব্যক্তিই, জ্ঞাতিগণের মধ্যে শ্রেষ্ঠ ও কোনপ্রকার দোষে লিপ্ত হয় না। এজন্য যে স্থলে জ্ঞাতিগণ বাস করে, সেই স্থান পরম তীর্থ বলিয়া কথিত হয়। হে সখীদ্বয়! আমি যে এই প্রসঙ্গাধীন জ্ঞাতিকার্য্যের উল্লেখ করিলাম, যে ব্যক্তি, ইহা শ্রবণ বা পাঠ করিবে, সে জ্ঞাতিগণের প্রিয়কারী হইবে। পুষ্করাদি সকল জলতীর্থ ও গয়াক্ষেত্রকে দেশতীর্থ জানিবে। যে স্থানে পুরাণ পাঠ হয় এবং যে স্থানে পদ্মবন আছে, সে স্থান এবং গুরুগৃহও তীর্থপদবাচ্য। যেস্থানে শালগ্রাম-শিলা থাকেন, তাহার চতুর্দ্দিকে দুইক্রোশ তীর্থ। বৈদ্যনাথ কৈলাসতুল্য তীর্থস্থান এবং যে স্থানে পাপহরা নামে পুণ্যনদী প্রবাহিতা হইতেছে, সেই বক্রেশ্বর স্থলও পরমতীর্থ বলিয়া উল্লিখিত আছে। ব্রহ্মাণ্ডপুরাণে ইহার বিশেষ বিবরণ জানিতে পারিবে। হে সখি! ভূমণ্ডলে যে সকল প্রসিদ্ধ দেবপীঠ আছে সেই সকল ও বিবিধ মুক্তিক্ষেত্র সকল পরম তীর্থ বলিয়া জানিবে। লবণসমুদ্রের তীরে

যে সকল পুরুষোত্তম বিরাজ করিতেছেন, সেই পুরুষোত্তমতীর্থ পরম মুক্তিক্ষেত্র বলিয়া কথিত আছে। বারাণসী, কামাখ্যা, দ্বারকা, পুরুষোত্তম, প্রয়াগ, গয়া ও বৃন্দাবন; এই সকল স্থান তীর্থের মধ্যে প্রধান। আর শ্রীরামচন্দ্র বনবাসকালে যে যে স্থানে অবস্থান করিয়াছিলেন, ভূমণ্ডলে সেই অষ্টোত্তরশত তাঁহার বাসস্থানও মহৎ তীর্থ বলিয়া অভিহিত আছে।

চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত ॥ ১৪ ॥

পঞ্চদশ অধ্যায়।

দেবী কহিলেন, এক্ষণে ইন্দ্রিয় ও দেহের মধ্যে কোন্ কোন্টী তীর্থপদবাচ্য; তাহা বলিতেছি শ্রবণ কর। বিপ্রগণের চরণদ্বয়, গোপৃষ্ঠ এবং ইহারা যথায় অবস্থান করে, তাহাও তীর্থ বলিয়া কথিত হয়। পণ্ডিতেরা স্ত্রীলোকের সর্ব্ব অঙ্গকে তীর্থ বলিয়া থাকেন। বালকের মস্তক তীর্থ; নিজের চক্ষু ও দক্ষিণ কর্ণ তীর্থ মধ্যে পরিগণিত হয়। বাক্য মধ্যে সত্য বাক্য ও পুরাণ পাঠ তীর্থ স্বরূপ। দেবলিঙ্গধারী চিত্তকে বুধগণ তীর্থ-নামে অভিহিত করেন। যে মনে দুশ্চিন্তা ও কষ্টের সঞ্চার নাই, তাহা তীর্থ মধ্যে গণ্য। মাতৃবর্গের কর ও দেবপূজাকারীর কর উভয়ই তীর্থ। ভূতশুদ্ধিবলে দেহের অভ্যন্তর ও প্রাণায়ামে নাসিকা তীর্থ হইয়া থাকে। মন্ত্রপূত আসন ও পৈতৃক বাসস্থান তীর্থের ন্যায় পাবন হয়। অয়ি সুন্দরি! অতঃপর শিব, শক্তি, বিষ্ণু ও সূর্য্য প্রভৃতি দেবতা বিষয়ে কোন্ কোন্ কাল তীর্থ স্বরূপ, বলিতেছি, শ্রবণ কর। যদ্যপি সর্ব্বব্যাপী সর্ব্বসাক্ষী দীপ্যমান সৃষ্টি সংহারক্ষম নারায়ণ রূপী কাল একমাত্র বটে, তথাপি ক্রিয়াকৃত বিচ্ছেদ বশতঃ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই তিন উপাধিভেদে ইহা ত্রিবিধ বলিয়া উক্ত হয়। চন্দ্র সূর্য্যের গতি নিবন্ধন পরমাণু ও ক্ষণ প্রভৃতি নানা উপাধি ইহার বৈদিক ব্যবহারে প্রচলিত আছে। মনুষ্য পরিমাণে ষষ্টি দণ্ডে এক অহোরাত্র, পঞ্চদশ অহোরাত্রে এক পক্ষ ও দুইপক্ষে এক মাস কথিত হয়। চন্দ্রের এক এক কলায় এক এক তিথি। যখন চন্দ্রের কলা বৃদ্ধিপ্রাপ্ত হয়, তখন সেই পঞ্চদশ শুক্লা তিথিকে শুক্লপক্ষ বলে। অয়ি সতীশ্বর! এই শুক্লপক্ষে স্নান, দান, উৎসব প্রভৃতি সমস্ত দেবকার্য্য প্রশস্ত। আর যখন চন্দ্রকলা ক্ষয় হয়, তখন অন্য পঞ্চদশ তিথিকে কৃষ্ণপক্ষ কহে; এই কৃষ্ণপক্ষে প্রতিপদাদি পঞ্চমী তিথি পর্য্যন্ত চন্দ্রের বল প্রকাশ পায়। এইরূপ শুক্লপক্ষ ও কৃষ্ণপক্ষে পিতৃগণের এক অহোরাত্র। সৌর, চান্দ্র ভেদে আশ্বিন প্রভৃতি যে মাস উল্লিখিত আছে, সেই মাসদ্বয়ে এক ঋতু;—যেমন আশ্বিন ও কার্ত্তিক শরৎ

ঋতু। এইরূপে দ্বাদশ মাসে ছয় ঋতু ও দুই অয়ন এবং উক্ত পরিমাণ মাস, ঋতু ও অয়নে এক বৎসর হয়। দেবগণের উত্তরায়ণ দিন ও দক্ষিণায়ন রাত্রি। এই দ্বাদশ মাস মধ্যে আষাঢ়, কার্ত্তিক, মাঘ ও বৈশাখ এই চারিটী মাস তীর্থস্বরূপ ও অভীষ্টদায়ক। এই চারি মাসে মানব হবিষ্য ও ব্রহ্মচর্য্য করিলে কৃতকার্য্য হইয়া থাকে। স্নান, দান, তপস্যা, হোম, দেব-দ্বিজ-গুরু অর্চ্চনা, পুরাণ-ইতিহাসাদি পাঠ ও শ্রবণ, কূপ আরাম-তড়াগাদি ও দীক্ষা গ্রহণাদি শুভকার্য্য এই চারিমাসে তীর্থাশ্রিত ব্রাহ্মণের ন্যায় প্রশস্ত হয়। বৈশাখ মাসে কাশীতে, আষাঢ় মাসে শ্রীক্ষেত্রে, কার্ত্তিক মাসে কামরূপে ও মাঘ মাসে প্রয়াগে যে ব্যক্তি বাস করে, সে তৎপরে যে কোন স্থানে মরিলেও নির্ব্বাণ-মুক্তিভাজন হয়। অথবা সেই ব্যক্তি যদি তথায় বাস না করিয়া উক্ত চারি মাসের মধ্যে গঙ্গায় স্থল কিংবা জল মধ্যে দেহত্যাগ করে, তাহা হইলেও অবশ্য নির্ব্বাণ-মুক্তিলাভ করিবে। আষাঢ় মাসে পদ্ম পুষ্প দ্বারা, কার্ত্তিক মাসে তুলসীপত্র, দীপ ও যথোচিত বিবিধ নৈবেদ্য দানে, মাঘ মাসে কুন্দ পুষ্প দ্বারা এবং বৈশাখ মাসে বিল্বপত্র দ্বারা অভীষ্ট দেবের পূজা করিবে। উক্ত মাসতীর্থ-চতুষ্টয়ের মধ্যে আবার কালতীর্থ বিশেষ আছে, যেমন বৈশাখ মাসে অক্ষয়া নামে শুক্লপক্ষের তৃতীয়া তিথি,—এইদিনে গঙ্গাদেবী চতুর্ভুজ মূর্ত্তিতে হিমালয়ের গৃহে জন্ম পরিগ্রহ করিয়াছিলেন। হে সখি! পুরাণে এই তিথিকে সত্যযুগাদ্যা কহে। তৎপরে জহ্নুসপ্তমী, এই দিনে গঙ্গার জাহ্নবী নাম হয়। তৎপরে শুক্লা একাদশী। তৎপরে শুক্লা-দ্বাদশী, এই তিথি জলদান বিষয়ে প্রশস্ত এবং বিশাখা-নক্ষত্রযুক্ত বৈশাখী পূর্ণিমা, এই কয়েকটী বৈশাখ মাসে সময়তীর্থ-বিশেষ। আষাঢ় মাসে শুক্লপক্ষের দ্বিতীয়া বিষ্ণুর প্রশস্ত তিথি। তৎপরে সপ্তমী সূর্য্যের প্রীতিদায়িনী তিথি। তৎপরে দশমী ইহা মন্বন্তরা জানিবে। তৎপরে শুভ একাদশী অনুরাধা নক্ষত্রযুক্ত হইলে হরির অতি শ্রেষ্ঠ তিথি; এই তিথিতে অনুরাধার প্রথম পাদে জগৎপতি বিষ্ণু শয়ন করিয়া থাকেন। তৎপরে আষাঢ়ী পৌর্ণমাসী ইহাও মন্বন্তরা জানিও। তৎপরে কৃষ্ণপক্ষের পঞ্চমী—মনসাদেবীর অত্যন্ত প্রিয় তিথি। এইরূপ কার্ত্তিক মাসে দ্যূতপ্রতিপদ্, এই দিনে পার্ব্বতী দ্যূতক্রীড়ায় শিবকে পরাস্ত করিয়াছিলেন। নৃপতিবর্গ এইদিনে দ্যূতক্রীড়া করিয়া থাকে ও দ্বিজাতিগণ শিবপার্ব্বতীর অর্চ্চনা করেন। এই দিনে দ্যূতে পরাজয় হইলে রাজগণের চিত্তে সর্ব্বদা দুঃখ প্রকাশ করা উচিত। তৎপরে ভ্রাতৃদ্বিতীয়া—এই তিথিতে যমুনা গৃহাগত ধর্ম্মরাজকে অর্চ্চনা করিয়াছিলেন, স্বয়ং ধর্ম্মরাজও তাঁহাকে ভক্ষ্য ভূষণ দ্বারা পূজা করিয়াছিলেন। এইরূপে তাঁহারা পরস্পর পূজিত হইয়া, সেই তিথিশ্রেষ্ঠ দ্বিতীয়া তিথিকে এই বলিয়া প্রথম বর দিয়াছিলেন যে, অয়ি ভ্রাতাভগিনীর প্রিয়তিথে। যে ভ্রাতা-ভগিনীগণ তোমার দিনে বিবিধ উৎকৃষ্ট ভোজন, মাল্য, চন্দন ও তাম্বূল দ্বারা পরস্পরকে পূজা করিবে, সেই ভ্রাতা ও ভগিনীদিগের যশঃ, পাপক্ষয়, স্বজনসঙ্গতি, আয়ুর্বৃদ্ধি ও ধনবৃদ্ধি

দিন দিন হইবে। এই দিনে কলহ, দ্বেষ, কোন প্রকার পাপকর্ম্ম, পৈশুন্য প্রভৃতি দোষ, অধ্যয়ন ও অধ্যাপন হইতে মানব বিরত থাকিবে। ব্রাহ্মণ-ভোজন করাইবে এবং ভ্রাতা ভগিনীর পূজা করিবে। তৎপরে অষ্টমী সমস্ততীর্থস্বরূপ এইদিনে গো-পূজা করিলে গৃহস্থের মঙ্গল হয়। তৎপরে নবমী যুগাদ্যা, এই দিনে ত্রেতাযুগের উৎপত্তি। পরে দ্বাদশী তীর্থ স্বরূপ—ইহাও মন্বন্তরা বলিয়া কথিত। এইদিনে পাপ-নাশন ভগবান্ বিষ্ণু শয়ন হইতে উত্থিত হন। তৎপরে কার্ত্তিকী পূর্ণিমা—ইহাও মন্বন্তরা, এই দিনে তুলসীপত্র, সুচারু নৈবেদ্য ও প্রদীপদানে ভক্তিপূর্ব্বক দামোদর দেবের অর্চনা করা কর্ত্তব্য। তৎপরে কৃষ্ণপক্ষের নবমী, ইহা যুগান্ত বলিয়া কীর্ত্তিত আছে। পরে চতুর্দ্দশী ইহা রটন্তী নামে প্রসিদ্ধ—এইদিনে অরুণোদয়কালে স্নান করিলে মনুষ্যের যমালয় দর্শন করিতে হয় না। মাঘ মাসে শুক্লপক্ষের চতুর্থী, ইহা বরদা ও শুভদায়িনী। পরে শ্রীপঞ্চমী, এই দিনে লক্ষ্মী, মহাকালী ও সরস্বতী বিবিধ পূজায় পূজিত হন। তৎপরে সপ্তমী, ইহা মন্বন্তরা নামে খ্যাত। অয়ি সখি! এই দিন অরুণোদয় বেলায় মানব পবিত্র জলে স্নান করিবে ও সপ্তজন্মকৃত-পাপমোচনের নিমিত্ত সানন্দে সূর্য্যকে অর্ঘ্য প্রদান করিবে। এই দিনে গঙ্গাস্নান করিলে মনুষ্য শত সূর্য্যগ্রহণের ফল প্রাপ্ত হয়। স্নান ও অর্ঘ্যদান কালে এই দুইটী মন্ত্র পাঠ করিতে হয়। যথা—আমি সপ্তজন্মে যে যে পাপ জন্মাবধি করিয়াছি, সেই পাপ, ছিদ্র ও শোক এই মাকরী সপ্তমী বিনাশ করুন এবং অয়ি রবিমণ্ডলস্থে! সপ্তব্যাহৃতিকে! সপ্তসপ্তিকে! সর্ব্বভূতজননি! দেবি! সপ্তমি! তোমায় নমস্কার। পরে অষ্টমী, এই দিনে ভীষ্মদেবকে তিনি অঞ্জলি সতিল জলদানে অর্চনা করিতে হয়। বৈয়াঘ্রপদ্যগোত্র, সাঙ্কৃতিপ্রবর, অপুত্র ভীষ্মবর্ম্মাকে এই জল প্রদান করিতেছি—এই মন্ত্র পাঠ পূর্ব্বক তর্পণান্তে তিন অঞ্জলি জল প্রদান করিলে, এই দিনে পিতৃগণ ও সনাতন বিষ্ণু পরিতৃপ্ত হন। তৎপরে মহানন্দা নামে নবমী—এইদিনে ভীষ্মকে পাইয়া বিষ্ণুর পরম আনন্দ হয়। পরে যুগাদ্যা মাঘী পূর্ণিমা—এই দিনে গন্ধ ও পুষ্পরাশি দ্বারা বিষ্ণুর অভিষেক করিতে হয়। তৎপরে কৃষ্ণপক্ষের অষ্টমী তীর্থ স্বরূপ, এইদিনে বৈধ শাস্ত্র দ্বারা পিতৃগণের পূজা করিতে হয় ও এইদিনে কলিযুগের অবসান হয়। পরে চতুর্দ্দশী, রাত্রিযোগ হইলে শিবের প্রিয় ও অগণ্য মহিমান্বিত—ইহা শিবরাত্রি নামে প্রসিদ্ধ। এই দিনে রাত্রিকালে চারি প্রহরে স্বর্গমর্ত্ত্যপাতালবাসী লোকে শিবমোদিত হইয়া আনন্দে শিবপূজা করে। এই চতুর্দ্দশীরাত্রে উপবাস, পূজা ও জাগরণ যাহাদিগের আনন্দদায়ক হয়, তাহারা কৃতী ও সর্ব্ব ধর্ম্মকারী হইয়া থাকে। ইহাদিগের মধ্যে একটা কার্য্য করিলেই পাপনষ্ট হয়, ত্রিবিধ কার্য্যের তো কথাই নাই। শিবচতুর্দ্দশী, শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী ও ভগবতীর মহাষ্টমী উপবাসে মোক্ষপ্রদান করিয়া থাকে। তৎপরে মন্বন্তরা নামে খ্যাত অমাবস্যা। অয়ি সখি! এই চারিমাসের মধ্যে এই কয়েকটী কালতীর্থ বলিয়া জানিবে। যদিও

মাসচতুষ্টয় মধ্যে সমুদয় দিনই পুণ্য ও সৎকর্ম্মার্হ কালতীর্থ। তথাপি এইগুলি তোমা-দিগকে প্রশস্ত বলিয়া বলিলাম। অন্য মাসে যে কালতীর্থ আছে, তাহাও বলিতেছি।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৫ ॥

ষোড়শ অধ্যায়।

দেবী কহিলেন, চৈত্র মাসের শুক্ল পক্ষের পঞ্চমী কালতীর্থ বলিয়া কথিত আছে এই দিনে ভগবতী শ্রীদেবী ব্রহ্মলোক হইতে মর্ত্তালোকে আগমন করেন। অতএ যে ব্যক্তি উক্ত দিবসে তাঁহাকে পূজা করে, তাহার লক্ষ্মীত্যাগ ঘটে না। এই শ্রীপঞ্চ করিলে বিষ্ণুলোকে সদ্গতি হইয়া থাকে। তৎপরে অশোকাষ্টমী নামে খ্যাত শুক্লাষ্টমী এই তিথিতে মনুষ্য অশোককালিকাযুক্ত বারিপান ও গঙ্গাস্নান করিলে শোকভাজ হয় না। হে দেবদেববাঞ্ছিত চৈত্র-মাসোদ্ভব অশোক! আমি শোক-সন্তপ্ত হইয় তোমায় পান করিতেছি, আমায় সর্ব্বদা শোক-রহিত কর; এই মন্ত্রদ্বারা অশোককলিকাযু বারি পান করিবে। হে মহেশ্বরি শোকনাশিনি মাতর্গঙ্গে দেবি! হে অশো তুমিও ইহলোক ও পরলোকে আমার শোক হরণ কর; এই মন্ত্র দ্বারা গঙ্গাজলে স্ করিবে। তৎপরে পুষ্যানক্ষত্রযুক্ত শ্রীরামনবমী; এই দিনে ভগবান্ বিষ্ণু, দুষ্ট রাবণ ব নিমিত্ত আবির্ভূত হইয়াছিলেন। এই তিথিতে যে মনুষ্য উপবাস করত ভরত, ল ও সীতার সহিত ভগবান্ রামের পূজা করে, তাহার পুনর্জ্জন্ম-নিবন্ধন ক্লেশ পাইতে না। এই দিনে উপবাস ও পূজা করিয়া দশমীদিনে ব্রাহ্মণ-ভোজন করাইবে তিল দ্বারা শত হোম করিবে। তৎপরে শুক্লাত্রয়োদশী; এই তিথিতে সর্ব্বকাম সম্ লাভের নিমিত্ত কামদেবের পূজা করিতে হয়। তৎপরে মদনচতুর্দ্দশী, ইহা শি প্রিয়তিথি। এই তিথিতে যে ব্যক্তি মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক সমূল দমনক পুষ্প মহাদেবকে নিবেদন করে, সে সমস্ত চৈত্র মাসের অর্চ্চনার ফলভাগী হইয়া থাকে হে সখীদ্বয়! অগুরু, চন্দন, কর্পূর, কুঙ্কুম, মাল্য, বস্ত্র ও বিবিধ নৈবেদ্য দানে তাঁহ পূজা করিলে, ধ্বজ, ছত্র ও বিতানাদি প্রদান করিলে এবং রাত্রিজাগরণ করিলে অশ্বমেধ অপেক্ষা মহৎ পুণ্য লাভ হয়। তৎপরে চিত্রানক্ষত্রযুক্ত সৌভাগ্যদা চৈত্রী-পূর্ণিমা, এই তিথিতে চিত্রানক্ষত্রের পূজা করিলে চন্দ্রলোকে গতি হয় এবং তিথিতে ভক্তিভাবে আমার পূজা করিতে হয়। যদি চৈত্রী-মন্বন্তরা শনি সূর্য্য গুরুব ঘটে, তাহা হইলে সেই দিনে স্নান করিলে মানব অশ্বমেধ যজ্ঞের অধিক পুণ্য ল করে। দানে ও পিতৃতর্পণে অক্ষয় হয়। বৈশাখ মাসে শুক্ল পক্ষের তৃতীয়া তিথি ভগবান্ বিষ্ণু যব উৎপাদন ও সত্যযুগ প্রবর্ত্তিত করিয়াছিলেন এবং ত্রিপথগা

স্বর্লোক হইতে পৃথিবীতে অবতীর্ণ হন। এই তিথিতে যব দ্বারা হোম ও যব দ্বারা বিষ্ণুর অর্চ্চনা করিবে। সংযত থাকিয়া দ্বিজাতিগণকে যব দান করিবে ও যব ভোজন করাইবে। শঙ্কর, গঙ্গা, কৈলাস, হিমাচল, ভগীরথ ও সমস্ত সাগর পূজা করিবে। এই দিনে স্নান, দান, তপঃ, শ্রাদ্ধ, জপ ও হোমাদি; যাহা যাহা শ্রদ্ধাপূর্ব্বক নিষ্পাদিত হয়, তাহাতে অনন্ত ফল হইয়া থাকে। বিশেষতঃ গঙ্গাতীরে সমস্তই অক্ষয় ফল প্রদান করে। জ্যৈষ্ঠ মাসে শুক্লা চতুর্থীতে উমাদেবী জন্মগ্রহণ করেন; অতএব উক্ত তিথিতে স্ত্রীভাগ্যবৃদ্ধির নিমিত্ত নানাবিধ উপচারে নৃত্যগীত উৎসব সহকারে নরগণ তাঁহার পূজা করিবে, বিল্বপত্রে হোম করিবে ও বহু ব্রাহ্মণ-ভোজন করাইবে। জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষের দশমী দশহরা নামে খ্যাত। যদি উক্ত দশমী মঙ্গলবারে হস্তানক্ষত্রযুক্ত হয়, তাহা হইলে বিশেষরূপে তীর্থ বলিয়া গণ্য হয়। এই দিনে স্নান ও দানে মহাপাতক বিনষ্ট হয়। যে কোন নদীতে পিতৃপুরুষ-উদ্দেশে কুশ-তিলোদক প্রদান করিলে দশজন্মার্জ্জিত দশবিধ পাপ হইতে বিমুক্তি হয়। এই দিনে মাল্য-চন্দনাদি দ্বারা গঙ্গাপূজা, গঙ্গাস্তব শ্রবণ করিবে ও বহু ব্রাহ্মণ-ভোজন করাইবে। এই দিনে হিমালয় শৈল হইতে গঙ্গা ধরণীতলে অবতীর্ণ হন; অতএব এই দিনে শঙ্কর, বিরিঞ্চি, ভগীরথ, কুলাচল, পৃথ্বী, সাগর, হংস, বক, কারণ্ডব ও স্ত্রী পক্ষিগণের পূজা করিবেক। বিশেষতঃ শ্বেতকরবীর পুষ্প দ্বারা শত হোম করিবেক। এইরূপে যে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র ভক্তিপরায়ণ হইয়া দশহরাপূজা করে; কলিযুগে সে অশ্বমেধাদি যজ্ঞানুষ্ঠানের ফল প্রাপ্ত হয়। জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা জ্যেষ্ঠানক্ষত্র বা অনুরাধাযুক্ত হইলে মহাজ্যৈষ্ঠী নামে কথিত হয়। তন্মধ্যে শনিবারের যোগ হইলে ফলাধিক্যে প্রশস্ত হয়। উক্ত মহাজ্যৈষ্ঠীতে যে পুরুষ ভগবান্ পুরুষোত্তমকে দর্শন করে, সে বিষ্ণুলোকে গমন করে ও গঙ্গাস্নান করিলে মুক্তিলাভ করে। ভগবতী মহাজ্যৈষ্ঠী সহস্র চন্দ্রগ্রহণ ও শত সূর্য্যগ্রহণের ফল দান করেন। গঙ্গাতীরে শ্রাদ্ধ, জপ, স্নান ও দানে বিশেষ ফল হইয়া থাকে। আষাঢ়ী পূর্ণিমার পর শ্রবণানক্ষত্রযুক্ত কৃষ্ণপক্ষের পঞ্চমী তিথি, মহা বাজসনী-শাখাধ্যায়ী দ্বিজগণের মতে উপাকর্ম্মাখ্য সংস্কার বিষয়ে প্রশস্ত। অন্য মতে কেবলমাত্র তিথিও প্রশস্ত। অগ্নি সখি! অষ্টাবিংশযুগের কলিযুগে ভাদ্রমাসে কৃষ্ণপক্ষের অষ্টমীতিথিতে দেবকীর গর্ভে ভগবান্ কৃষ্ণ জন্মগ্রহণ করেন। এই তিথিতে প্রতিমা নির্ম্মাণপূর্ব্বক গন্ধ, মাল্য, বস্ত্র, গোধূম, যব, পিষ্টক, দুগ্ধ, ভোজ্য, পেয় ও নানাবিধ ফল দ্বারা যশোদা দেবকী ও কৃষ্ণের পূজা এবং নৃত্যগীত মহোৎসব সহকারে রাত্রিজাগরণ করিলে মনুষ্যের সর্ব্বার্থসিদ্ধি হয়। কেবলমাত্র অষ্টমীতিথিতেও এই পূজা যথাবিধি করা যায়, কিন্তু ঐ তিথি রোহিণীযুক্ত নিশীথব্যাপিনী হইলে তাহাতে পূজা অধিক-ফলপ্রদ হয়। এই যোগের নাম জয়ন্তী—দেবগণেরও প্রশংসনীয়। এই দিনে উপবাস, জাগরণ ও মহোৎসব করিবে এবং শ্রীকৃষ্ণের মাহাত্ম্য ও জন্মকথা শুনিবেক। পূজা, উপবাস ইত্যাদি কর্ম্মে নবমীবিদ্ধা

অষ্টমী গ্রাহ্য বটে, কিন্তু জন্মাষ্টমী—যে দিনে অর্দ্ধরাত্রব্যাপিনী হইবে, সেই দিনেই বৈদিককার্য্য করিতে হইবে। সেই দিনে ভক্তিভাবে শ্রীকৃষ্ণের অর্চ্চনা করিলে বাল্য কৌমার, যৌবন বা বার্দ্ধক্যে সপ্তজন্ম ব্যাপিয়া যে পাপ অর্জ্জিত হয়, তাহা সামান্য হউব বা অধিক হউক, তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া থাকে। আর হোম, জপ, দান অথবা অন্য যাহ কিছু সম্ভবে, তৎসমস্তেরই ফল শতগুণিত হয়, ইহাতে সন্দেহ নাই। সেই রাত্রে উপবাসেং মহাপাতক পর্য্যন্ত বিদূরিত হয়। এইরূপে সম্যক্ বিধি পালন করিয়া পরদিন অরুণোদয় কালে কি স্ত্রী, কি পুরুষ সকলেই নদী কিংবা জলাশয়ে গমন পূর্ব্বক ভক্তিভাবে সেই প্রতিমাগুলির স্নান করাইবে এবং তথায় মহোৎসব করিয়া গৃহে প্রত্যাগত হইবে। তিথি ও নক্ষত্রের অবসানে বৈষ্ণবগণের সহিত আনন্দে পারণ করিবে। হে সখি! যদি তিথি ও নক্ষত্র একপ্রহর রাত্রির অধিক থাকে, তাহা হইলে ইচ্ছাক্রমে পারণ আচরণ করিবে। গুরু অথবা ব্রাহ্মণকে বিত্তশাঠ্য না করিয়া দক্ষিণা দিবে। নন্দনবমীদিনে বিবিধ উপচারে গোপূজা করিবে। গোগণের প্রীতি হইলে ধর্ম্ম ও সম্পৎ উভয়ই বৃদ্ধিপ্রাপ্ত হয়। ভাদ্র-মাসের কৃষ্ণপক্ষে পুষ্যানক্ষত্রে সামবেদী দ্বিজগণের উপাকর্ম্মাখ্য সংস্কার মহাফলজনক। ভাদ্রমাসের শুক্লতৃতীয়া মন্বন্তরা; সেইদিনে স্ত্রীগণের উৎসব ও স্নানদানাদি পুণ্যজনক। তৎপরে পঞ্চমী তিথিতে নাগদেবতার অর্চ্চনা করিবে। তৎপরে ঐ ভাদ্রমাসে শুক্ল-পক্ষের ষষ্ঠী পাপহরা নামে কল্যাণদায়িনী,—ইহাতে স্নানদানাদির অক্ষয় ফল হইয়া থাকে। তৎপরে কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে দ্বাপর যুগ প্রবর্ত্তিত হয়,—এই তিথি মহাফলদায়িনী। তৎপরে শুক্লপক্ষের প্রতিপদ্ হইতে পূর্ণিমা পর্য্যন্ত ভগবান্ হরির আজ্ঞায় স্বয়ং ইন্দ্র পৃথিবীর ধান্য, শস্য ও ওষধি সকল পালন করিয়া থাকেন; অতএব উক্ত শুক্লপক্ষে ইন্দ্রদেবের মূর্ত্তি পটে অঙ্কিত করিয়া ভার্য্যা, বাহন, আয়ুধ ও পরিবারবর্গের সহিত প্রতিদিন পূজা করিবে। বিশেষতঃ ঐ দেবের পূজা করা রাজার অতীব কর্ত্তব্য। তন্মধ্যে এই বিশেষ যে, সপ্তমী, অষ্টমী ও নবমীতে শিবদুর্গার পূজা করিতে হয়। কিন্তু দ্বাদশী তিথিতে রাজা স্বয়ং শক্রোত্থাপনপূর্ব্বক পূজা করিবেক। এই দ্বাদশী তিথিতে নিদ্রিত ভগবান্ হরি পার্শ্ব-পরিবর্ত্তন করিয়া থাকেন। এই তিথি শ্রবণাযুক্ত হইলে শ্রবণাদ্বাদশী নামে উক্ত হয়। এই দিনে কশ্যপের ঔরসে অদিতির গর্ভে ভগবান্ বিষ্ণু বামনরূপে জন্মগ্রহণ করেন। এই তিথিতে স্নান, দান ও উপবাসাদি কার্য্য বৈষ্ণবমাত্রেরই কর্ত্তব্য। এই শুক্লপক্ষে সিংহ রাশির অংশে সাত (শেষ) দিন যাবৎ গৃহস্থ ব্যক্তি প্রত্যহ প্রাতঃকালে অগস্ত্যদেবের পূজা করিবে। পঞ্চরত্ন, ঘৃত, পায়স, নানাবিধ ভক্ষ্য ও ফল দ্বারা তাম্রপাত্রে করিয়া অঙ্গুষ্ঠমাত্র পুরুষ-চতুর্ভুজ কুম্ভযোনিকে দক্ষিণামুখ হইয়া সুবর্ণপ্রতিমায় পূজা করিতে হয়। উক্ত প্রতিমা ধান্য ও পট্টবস্ত্রযুক্ত করিয়া ঘটে নিহিত করিবে। পরে দুগ্ধবতী সবৎসা ধেনু ব্রাহ্মণকে দান করিবে। এইরূপ বিধানে অগস্ত্যকে অর্ঘ্য দান করিয়া, হে কাশ-কুসুমপ্রভ, অগ্নিমারুত সম্ভব,

মিত্রাবরুণের পুত্র কুম্ভযোনে। তোমায় নমস্কার, এই বলিয়া প্রণাম করিবে। তৎপরে হোম করিয়া ফল সমর্পণ করিবে। হে সখি! যে ব্যক্তি এইরূপ বিধানে অগস্ত্য দেবকে সাতটী অর্ঘ্য প্রদান করে, সে রূপবান্ ও আরোগ্যসম্পন্ন হইয়া অন্তে চন্দ্রলোক প্রাপ্ত হয়। ভগবান্ অগস্ত্য নক্ষত্র যাবৎ আকাশে উদিত হন, তাবৎকাল কন্যা ও সিংহ রাশির অংশ মধ্যে তাঁহার পূজা করিতে হয় এবং পায়স ও ফলাদি দ্বারা ব্রাহ্মণ-ভোজন করাইতে হয়। তৎপরে বিশুদ্ধ দক্ষিণা দানপূর্ব্বক ব্রাহ্মণকে সমস্ত দান করিবে। হে ভগবন্! যদি তোমার প্রসাদে আমার মনোভীষ্ট সিদ্ধ হয়, তাহা হইলে তোমাকে পুনরায় পূজা করিব; এই বলিয়া কাশীবাসী কুম্ভযোনিকে পূজা করিবে। হে সখি! এইরূপে পঞ্চদশটী কালতীর্থ তোমাদিগকে বলিলাম, এক্ষণে পক্ষতীর্থ বলিতেছি, শ্রবণ কর।

ষোড়শ অধ্যায় সমাপ্ত ॥ ১৬ ॥

সপ্তদশ অধ্যায়।

দেবী কহিলেন, হে সখীশ্বর! আশ্বিনমাসে কৃষ্ণপক্ষের তিথিগুলি পিতৃগণের পরম-প্রীতিপ্রদ তীর্থস্বরূপ, উহাতে পিতৃগণ পিণ্ডাদি কামনা করিয়া থাকেন; অতএব উক্ত পক্ষে প্রত্যহ পার্ব্বণ-বিধিক শ্রাদ্ধ করিবে। রবি কন্যাস্থ হইলে মর্ত্ত্যবাসিগণ প্রয়ত হইয়া এইরূপ বিধানে পিতৃরূপে অধিষ্ঠিত আমার পূজা করিবে। এই শ্রাদ্ধরূপে পূজা আমার সাতিশয় প্রীতিকরী। আমিই স্বধা, স্বাহা, নমঃ ও ওঙ্কার। বিশেষতঃ ভগবান্ বিষ্ণু শয়ন করিলে আমিই স্বয়ং সর্ব্বথা বিদ্যমান থাকি; অতএব এই অপর পক্ষে প্রতিদিন শ্রাদ্ধ করিবে। তাহাতে অশক্ত হইলে পঞ্চমী হইতে দশমী পর্য্যন্ত;—তাহাতে অশক্ত হইলে তিন দিনমাত্র; তাহাতেও যদি না পারে, তবে অমাবস্যা তিথিতে মাত্র শ্রাদ্ধ করিবে। তাহাও যদি না করিতে পারে, তবে দীপান্বিতা অমাবস্যাতে শ্রাদ্ধ অবশ্য কর্ত্তব্য, অতএব অপর পক্ষে গৃহস্থ শ্রাদ্ধ ও তর্পণ বিষয়ে যত্নবান্ হইবে। এই পক্ষে গঙ্গায় অথবা অন্য তীর্থে সতিল তর্পণ করিবে। নিষিদ্ধ দিনেও তিল-তর্পণে কোন প্রত্যবায় হইবে না। পুত্রবান্ গৃহস্থ মঘাত্রয়োদশীতে পিণ্ডদান করিবে না। যুদ্ধ, জল-মজ্জন, অগ্নিদাহ ও উচ্চস্থান হইতে পতনে মৃত ব্যক্তিদিগের পিণ্ডদান চতুর্দ্দশী তিথিতে করিবে, অমাবস্যায় কাম্যশ্রাদ্ধ করিতে পারে। এই তিথিতে উপসর্গ ও আত্মহত্যায় মৃত ব্যক্তিদিগের পিণ্ডদান ও তর্পণ কর্ত্তব্য। প্রসবকালে মৃতনারীরও শ্রাদ্ধ এইদিনে করিবে। এই পক্ষের অষ্টমী তিথিতে শাক দ্বারা শ্রাদ্ধ করিলে পিতৃগণের পরম প্রীতি হইয়া থাকে। ত্রয়োদশীতে মধু ও পায়সে শ্রাদ্ধ অতি প্রীতিকর। কাম্য না হইলে

পুত্রবান্ গৃহস্থও তাহা করিতে পারে। আশ্বিনমাসের এই কৃষ্ণা ত্রয়োদশীকে যুগাদ্যা কহে। অতঃপর শারদীয়া পূজার তিথি বলিতেছি, শ্রবণ কর। জাবালি বলিলেন, হে গুরো! স্বয়ং ভগবতী দেবী কিরূপে স্বধা-ভোজন করিয়া থাকেন? অথবা অকালে শারদীয়াপূজা কেমনে হয়? তাহা বলুন। ব্যাস কহিলেন, হে দ্বিজ! তুমি যাহা জিজ্ঞাসা করিলে, সর্থীয়র তাহাই সাক্ষাৎ দেবীকে জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহাই তোমাকে বলিতেছি, একাগ্রচিত্তে শ্রবণ কর। সর্থীয়র বলিলেন, অয়ি শিবে! তুমি পিতৃরূপা, স্বধার্থিনী; শরৎকালে তোমার পূজা নিত্য কিরূপে হইল? তাহা বলুন।

সপ্তদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৭ ॥

অষ্টাদশ অধ্যায়।

দেবী কহিলেন, সূর্য্যবংশে উৎপন্ন, সপ্তদ্বীপপতি দশরথ নামে কোশলারাজ্যে এক প্রবল রাজা ছিলেন। তিনি যাগশীল, দাতা, শাস্ত্রজ্ঞ, সৎপরাক্রম ও অতিধার্ম্মিক ছিলেন। তাঁহার সার্দ্ধ সপ্তশত ভার্য্যা ছিল; তন্মধ্যে কৌশল্যা, কৈকেয়ী ও সুমিত্রা নামে তিন মহিষী সুশীলা ও সৌভাগ্যবতী ছিলেন। কিন্তু তাঁহাদিগের গর্ভে অনুরূপ সন্তান তাঁহার হয় নাই। রাজা তাহা দেখিয়া বিভাণ্ডক মুনির পুত্র ঋষ্যশৃঙ্গের শরণাগত হইলেন। তদীয় সাহায্যে পুত্রেষ্টি আরম্ভ করিলেন। ইত্যবসরে ব্রহ্মা দেবগণের সহিত বৈকুণ্ঠলোকে গমনপূর্ব্বক বৈকুণ্ঠপতিকে বলিলেন, হে বৈকুণ্ঠপতে জগন্নাথ নারায়ণ। হে কেশব! হে জনার্দ্দন! হে অনন্ত! হে মাধব! হে হৃষীকেশ! লঙ্কায় যে রাক্ষসপতি দুর্দ্দান্ত রাবণ আছে, ইহা আপনার অবিদিত নহে; হে নাথ! তাহাকে বধ করিবার নিমিত্ত আপনি মর্ত্ত্যলোকে গিয়া মনুষ্যদেহ ধারণ করুন। আমি তাহাকে "সকলের অবধ্য হইবে" বলিয়া তদীয় ঈপ্সিত বর প্রদান করিয়াছি বটে; কিন্তু হে জনার্দ্দন! 'মানুষ আমার ভক্ষ্য মধ্যে গণ্য' এই গর্ব্ববশতঃ মন্দবুদ্ধি সেই রাবণ মোহান্ধ হইয়া মানুষের নিকট অবধ্যতা গ্রহণ করে নাই; অতএব আপনি মনুষ্যমূর্ত্তি ধারণ করিয়া কণ্টকস্বরূপ রাবণকে বধ করুন। মর্ত্ত্যলোকে রাজা দশরথ পুত্রার্থী হইয়া যজ্ঞ করিতেছেন; হে মাধব! আপনি সেই বৈষ্ণবচূড়ামণি রাজা দশরথের পুত্রত্ব স্বীকার করুন। ভগবান্ কহিলেন, হে ব্রহ্মন্! আমিও ইহা যথার্থরূপে হৃদয়ঙ্গম করিয়াছি। আমি মনুষ্যরূপে অবতীর্ণ হইয়া সেই রাক্ষসকে বধ করিব বটে, কিন্তু আপনার সহিত কিঞ্চিৎ গোপনীয় কর্ত্তব্য আছে। দেবগণ স্ব স্ব আলয়ে প্রস্থান করুন এবং মদীয় সাহায্যের নিমিত্ত ঋক্ষ-বানরযোনিতে ভূতলে অবতীর্ণ হউন ও অপরকে অবতীর্ণ করুন। ভগবান্ কৃষ্ণ এই কথা বলিয়া দেবগণকে তত্তৎকার্য্যে

নিযুক্ত করিয়া ব্রহ্মার সহিত পার্ব্বতীর আবাসভূমি কৈলাস পর্ব্বতে গমন করিলেন। ভগবান্ দেবদেব তাঁহাদিগকে আসিতে দেখিয়া অভ্যর্থনা করিলেন। অনন্তর ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর, এই তিন জনে উমারূপী আমার সন্নিধানে উপস্থিত হইলেন। তাঁহারা আমায় প্রণাম করিতে উদ্যত হইলে মদীয় দেহ হইতে মহামেঘনীলা অষ্টাদশ-ভুজা নবযৌবনসম্পন্না নানাভরণ-ভূষিতা অর্দ্ধচন্দ্র-মৌলি স্বর্ণ-সিংহাসনে উপবিষ্টা লোলনয়না কল্যাণকরী এক ভগবতী জয়ন্তী প্রভৃতি অষ্টদেবীসহ নির্গত হইলেন। তাঁহারা সেই ভগবতীকে প্রণাম করিয়াই স্ব স্ব অভীষ্ট জানাইলেন। তন্মধ্যে বিষ্ণু ঈশানকে শুনাইয়া বলিতে লাগিলেন, হে মাতঃ বিষ্ণুমায়ে! অদ্য এই ব্রহ্মা দেবগণের সহিত লোকপীড়ক রাবণের বধনিমিত্ত আমায় উপরোধ করিয়াছেন; অতএব তাহাকে বধ করিতে আমি মনুষ্যরূপে অবতীর্ণ হইতেছি, দেবগণও ঋক্ষ-বানরযোনিতে অবতীর্ণ হইবেন; কিন্তু এই দুরাত্মা রাবণ আপনার সেবা করিয়াছে ও যাবজ্জীবন প্রতিদিন শিবপূজা করিয়াছে। অয়ি শৈলতনয়ে! যে আপনার ও শিবের ভক্ত, সেই আমার ভক্ত; তবে কিরূপে সেই রাবণকে বধ করিব? সে ত আমায় কখন দ্বেষ করে না। আপনারা দেব দেবী উভয়েই তাহাকে এত বর্দ্ধিত ও বলগর্ব্বিত করিয়াছেন। বিশেষতঃ আপনি দেবী লঙ্কেশ্বরী-মূর্ত্তিতে তাহার শুভবিধানে নিরত আছেন; অতএব রাবণকে বধ করিয়া ত্রিভুবন-রক্ষার নিমিত্ত এক অতুলনীয় উপায় উদ্ভাবন করুন; যাহাতে সে আপনার অপ্রীতি বশতঃ মৃত্যু প্রাপ্ত হয়। দেবী কহিলেন, দেবপতি ভগবান্ বিষ্ণু এই কথা বলিলে চণ্ডবিক্রমা ভগবতী চণ্ডিকা হাস্য করত তাঁহাকে বলিলেন, হে কেশব! সেই রাবণ ভক্তিসহকারে আমার আরাধনা ও উপাসনা এবং শম্ভুরও আরাধনা করিয়াছে সত্য। তাহাতেই সে তাদৃশ সম্পদ্ লাভে সমর্থ হইয়াছে। অধিক কি, দুর্লভ বস্তু পাইতে তাহার কিছুই অবশিষ্ট নাই। এক্ষণে সে নিজ-বিনাশের নিমিত্ত লোকপীড়নে প্রবৃত্ত হইয়াছে। আমিও সেই দুরাত্মা রাবণের নিধনো-পায় চিন্তা করিতেছি। যখন স্বয়ং ব্রহ্মা তাহাকে বর দিয়াছেন, তাহাতে আবার সে আমার ও শিবের ভক্ত, অতএব তোমার ভক্ত; মনুষ্য ত তাহার ভক্ষ্য মধ্যে গণ্য; তখন সে কেমনে মরিবে? তবে ব্রহ্মা যে মনুষ্যভাবে তদ্বধে তোমায় উপরোধ করিয়া উপায় উদ্ভাবন করিয়াছেন, তাহাই সর্ব্বশ্রেষ্ঠ। কিন্তু আমি লঙ্কা ত্যাগ না করিলে তাহার নিধন হইবে না; অতএব যাহাতে আমার লঙ্কাত্যাগ ঘটে, সেই উপায় বলি, শ্রবণ কর। তুমি মনুষ্যরূপে অবতীর্ণ হইলে, সেই দুরাত্মা মানুষীরূপে অবতীর্ণ আমার বিভূতিস্বরূপ তোমার পত্নী শ্রীদেবীকে হরণ করিবে। যখন সেই লক্ষ্মী-সুন্দরী তদীয় পুরী লঙ্কায় গমন করিবেন, তখন আমি শঙ্করের অনুমতিক্রমে লঙ্কাপুরী ত্যাগ করিব। আর যখন সেই দুরাত্মা আমার প্রতিনিধিস্বরূপ তোমার পত্নী লক্ষ্মীকে অবজ্ঞা করিবে, তখন জানিবে, সে নিধন প্রাপ্ত হইবে; অতএব তুমি

মানুষমূর্ত্তি ধারণ পূর্ব্বক তদ্বধে যত্নবান্ হও। আমাকে স্মরণ করিবা মাত্র আমি তুষ্ট হইয়া তোমার সাহায্য করিব, এক্ষণে এই শম্ভুকে প্রসন্ন কর। দেবী বলিলেন, ভগবতী চণ্ডিকা, ব্রহ্মা ও মহেশ্বরের সমক্ষে এই কথা বলিলে পর, তখন কেশব পরম প্রীত হইয়া শিবের দিকে দৃষ্টিপাত করিলেন। তখন ভগবান্ শিব দেবীর অনুমতিক্রমে হরিকর্ত্তৃক দৃষ্ট হইয়া হর্ষোৎফুল্ল-লোচনে বলিলেন, হে ভগবন্! আমি ভূতলে বানরযোনিতে অবতীর্ণ হইয়া তোমার আনন্দ বিধান করিতে ত্রিলোকী-দুষ্কর কর্ম্ম করিব ও অলৌকিক বিক্রমে তোমার আজ্ঞানুবর্ত্তী হইব। আর নন্দী রাক্ষসপতি উক্ত রাবণকে অভিশাপ দিয়াছিল যে, আমার তুল্যমুখ জীব তোরে বধ করিবে; অতএব আমি বানর-মূর্ত্তিতে তোমার আনন্দ বর্দ্ধন করিব। আমি ঐ মূর্ত্তিতে লঙ্কায় গমন করিলে পর দেবী লঙ্কাপুরী ত্যাগ করিবেন। এক্ষণে ব্রহ্মা এই কার্য্যে কি সাহায্য করিবেন বলুন। দেবী বলিলেন, ভগবান্ শূলপাণি কৃষ্ণকে এই কথা বলিলে পর, তিনি পরম আনন্দিত হইয়া আনন্দাশ্রু-পূর্ণনয়নে ব্রহ্মার মুখপানে তাকাইলেন। ব্রহ্মা কহিলেন, আমিও ভল্লুকযোনিতে অবতীর্ণ হইয়া মহাবলশালী, শুভাশুভদর্শী তোমার মন্ত্রী হইব। অগ্রেই সাক্ষাৎ ধর্ম্মদেব বিভীষণরূপে তথায় জন্মগ্রহণ করিয়াছেন। হে দেব! রাক্ষসপতি রাবণ সর্ব্বতোভাবে নষ্ট হইবে, তুমি মনুষ্যভাব অবলম্বন কর। দেবী বলিলেন, অয়ি সখি বিজয়ে ও জয়ে! সেই ব্রহ্মাদি দেবগণ এই কথা বলিয়া সেই দুষ্ট রাবণকে নিহত বোধ করিয়া আনন্দভরে স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন ও পরে যথোচিত কার্য্য করিলেন। অনন্তর স্বয়ং ভগবান্ হরি অজরাজের পুত্র নৃপতি দশরথের তিন মহিষীর গর্ভে উৎপন্ন হইবার নিমিত্ত ভূর্লোকে গমন করিলেন। তিনি এক হইলেও চারি ভাগে চরু বিভক্ত হওয়ায় চারি মূর্ত্তি ধারণ করিলেন; অতএব দশরথের পুত্রচতুষ্টয়কে সাক্ষাৎ ব্রহ্ম বলিয়া জানিতে হইবে।

অষ্টাদশ অধ্যায় সমাপ্ত॥ ১৮॥

একোনবিংশ অধ্যায়।

দেবী বলিলেন, রাজা দশরথের ঔরসে কৌশল্যার গর্ভে রামের জন্ম। কেকয়ীর গর্ভে ভরতের ও সুমিত্রার গর্ভে লক্ষ্মণ ও শত্রুঘ্ন নামে যমজ পুত্রের জন্ম হইল। রাম ও ভরত দূর্ব্বাদলশ্যাম এবং লক্ষ্মণ ও শত্রুঘ্ন কাঞ্চন-গৌরবর্ণ ছিলেন, এইরূপে সকলেই সুন্দর-মূর্ত্তি ছিলেন। সুলক্ষণাক্রান্ত লক্ষ্মণ বাল্যকাল হইতে রামের ও শত্রুঘ্ন ভরতের অনুগত হইলেন। তাঁহারা সকলেই লোকরঞ্জক ও সদা ধর্ম্মাচরণে তৎপর ছিলেন। একদা মহর্ষি

বিশ্বামিত্র অযোধ্যায় সমাগত হইয়া রাজা দশরথের নিকট রামচন্দ্রকে ভিক্ষা চাহিলেন। রাজা অতিকষ্টে লোকাভিরাম রামচন্দ্রকে তদীয় হস্তে অর্পণ করিলেন। রামচন্দ্রও পিতাকে প্রণামপূর্ব্বক লক্ষ্মণকে সমভিব্যাহারে লইয়া গমন করিলেন। পথে যাইতে যাইতে তারকা-রাক্ষসীকে বধ করায় বিশ্বামিত্র মুনির কাছে নানা অস্ত্র লাভ করিয়া তাঁহার সহিত রক্ষো-ভয়াক্রান্ত তদীয় যজ্ঞস্থলে উপস্থিত হইলেন। তথায় সুবাহুকে বধ ও তাড়কা-পুত্র মারীচকে এক বাণ দ্বারা শত যোজন দূরে সমুদ্রজলে নিক্ষেপ করত যজ্ঞরক্ষা করিয়া মুনিগণের শুভাশীর্ব্বাদ-ভাজন হইলেন। তদনন্তর বীরশ্রেষ্ঠ রাম ও লক্ষ্মণ, দুই ভ্রাতা বিশ্বামিত্র ও অন্য অন্য মুনিজনের সহিত মিথিলায় প্রস্থান করিলেন। পথে গমনকালে ইন্দ্রধর্ষিত, গৌতমমুনির শাপে পাষাণ-মূর্ত্তিতে পরিণত অহল্যাদেবীর শাপমোচন ও তদীয় পতি গৌতমের সহিত তাহাকে সম্মিলিত করিয়া রঘুনন্দন মিথিলানগরে প্রবেশ পূর্ব্বক জনকরাজের সহিত সাক্ষাৎ করিলেন। বিশ্বামিত্র মুনি জনক রাজাকে রাম ও লক্ষ্মণের পরিচয় প্রদান করিলে তিনি সাতিশয় আনন্দ-মগ্ন হইলেন। অনন্তর রামচন্দ্র সুরগণের শৌর্য্যনাশন শৈবধনুর কথা শুনিয়া তাহা আনিলে পর নত করিয়া ভীম-নিনাদে ভঙ্গ করিলেন। তাহাতে রাজা জনক আনন্দোৎফুল্ল হইয়া দূত দ্বারা ভরত ও শত্রুঘ্নের সহিত নৃপতি দশরথকে নিজ পুরীতে আনায়ন করাইয়া তদীয় পুত্রগণকে কন্যাদান করিলেন। তিনি রামচন্দ্রকে সীতা, ভরতকে মাণ্ডবী, লক্ষ্মণকে উর্ম্মিলা ও শত্রুঘ্নকে শ্রুতকীর্ত্তি নামে কন্যা দিলেন। এইরূপে সম্মানিত হইয়া সেই চারি ভ্রাতা স্ব স্ব পত্নীর সহিত অযোধ্যায় গমনে প্রবৃত্ত হইলে পথে পরশুরামের সহিত সাক্ষাৎ হইল। তখন প্রভু রঘুনন্দন তাঁহারই ধনু ও একমাত্র বাণে দর্প, প্রচণ্ডকোপ ও স্বর্গপথ সংহার করিয়া তদীয় ধনু গ্রহণ করিলে পরশুরাম কর্ত্তৃক প্রণত ও স্তুত হইয়া আনন্দিত সর্ব্বজনের সহিত নিজবিরহ-কাতর পৌরবর্গকে দ্বিগুণিত আনন্দে পূর্ণ করত সস্ত্রীক অযোধ্যায় আগমন করিলেন অনন্তর কতিপয় দিবস পরে ভরত মাতামহালয়ে গমন করিলে রাজা দশরথ সর্ব্বজন-সম্মতিক্রমে রামের রাজ্যাভিষেক বিষয়ে ইচ্ছা প্রকাশ করিলেন। কৈকেয়ী মন্থরা দাসীর মুখে সেই বৃত্তান্ত শুনিয়া প্রথমে আনন্দপ্রকাশ করিলেন; কিন্তু পরে উক্ত দাসীর পরামর্শে বর্ষাকালীন গঙ্গার ন্যায় তদীয় বুদ্ধি বিকৃত হওয়ায় তিনি নিজ পুত্র ভরতকে রাজ্যশ্রী প্রতিপাদন করিতে ভূপতিকে সত্যপাশে বদ্ধ করিয়া বিধিনিয়োগ বশতঃ গুণাভিরাম সর্ব্বমনোরম রামচন্দ্রকে কটুবাক্য-প্রয়োগপূর্ব্বক নির্ব্বাসিত করিলেন। হে সখি জয়ে ও বিজয়ে! রঘুনন্দন রাম পিতৃসত্য-পালনের জন্য হস্তগত রাজ্যলক্ষ্মী পরিত্যাগপূর্ব্বক সকল লোককে শোকসাগরে নিমগ্ন করিয়া অরণ্যবাসে যাত্রা করিলেন। তিনি শোকার্ণবে মগ্ন পিতা ও মাতা কৌসল্যা ও সুমিত্রাকে প্রণাম করত দণ্ডিতবদনে গমনোন্মুখ হইলেন। সীতা ও মহাবল-পরাক্রান্ত লক্ষ্মণ তাঁহার অনুগমন

করিলেন। নিদারুণা কৈকেয়ী জটাজিন-চীরধারী রাজীবলোচন রামকে ‘বনে যাও’ বলিয়া ত্বরা দিতে লাগিল। রামচন্দ্র ব্রাহ্মণগণকে ধন দান করিয়া শুক্ল পক্ষের দশমীতিথিতে পুষ্যানক্ষত্রে নগর হইতে বহির্গত হইলেন। রাম সহাস্যমুখে রাজ্যের প্রতিনিধি বনবাসে অভিরুচি করিয়াছিলেন। পৌরবর্গ সুমন্ত্র চালিত তদীয় রথের অনুগমন করিল। তিনি নৌকা দ্বারা সরয়ূ পার হইয়া গঙ্গা দর্শন করিলেন। সীতা ভক্তিপূর্ব্বক সুরধুনীকে প্রণাম ও স্তব করিলে ধীবরের সাহায্যে তাহারা গঙ্গার অপর পারে উপস্থিত হইলেন। তথায় শৃঙ্গবেরপুরে মৎস্যজীবী গুহকের আলয়ে অবস্থিতি করিয়াছিলেন। সুমন্ত্র সারথি ও পৌরগণ রামকর্ত্তৃক বিসর্জ্জিত হইয়া অযোধ্যায় প্রত্যাগমন করিলে পর রাজা দশরথ বহু বিলাপ করিয়া রামচন্দ্রধ্যানে প্রাণত্যাগ করিলেন। ওদিকে রামচন্দ্র ধনুর্হস্তে মুনিবৃন্দকে রক্ষা করত সীতা ও লক্ষ্মণের সহিত বনে বনে ভ্রমণ করিতে লাগিলেন। পরে ভরদ্বাজ মুনির আদেশক্রমে চিত্রকূট পর্ব্বতে গমন করিলেন। তখন অমাত্য ও বসিষ্ঠ প্রভৃতি দ্বিজগণ রাজশূন্য রাজ্য দেখিয়া ভরতকে মাতুলালয় হইতে আনাইয়া মৃত রাজার ঔর্দ্ধদেহিক-ক্রিয়া-কলাপ করাইলেন। রাম-শূন্য পুরী দেখিয়া ভরত মাতাকে ভর্ৎসনা করত মাতৃগণ, শত্রুঘ্ন ভ্রাতা, পৌর, অমাত্য ও অনুচরবর্গসহ রামকে দেখিতে বনে গমন করিলেন। তিনি বহুদেশ উত্তীর্ণ হইয়া ভরদ্বাজ মুনিকে প্রণাম পূর্ব্বক চিত্রকূট পর্ব্বতে চীরজটাধারী রামকে দেখিলেন। বসিষ্ঠ প্রভৃতি ঋষি, ভরত ও পৌরবর্গ প্রত্যাগমন করিতে পুনঃপুনঃ বলিলেও রাম কোন মতে সম্মত হইলেন না। তখন ভরত অনন্যোপায় হইয়া রামের পাদুকাদ্বয় গ্রহণ পূর্ব্বক তাহারই রাজ্যাভিষেক করিয়া নন্দিগ্রামে অবস্থিতি করিতে লাগিলেন। রাম সান্নিধ্য পরিহার জন্য তথা হইতে দুর্গম দণ্ডকারণ্যে প্রস্থান করিলেন। তথায় দনুপুত্র মহাবল বিরাধ নামক রাক্ষসকে বধ করিয়া পর্ণকুটীরদ্বয় নির্ম্মাণ পূর্ব্বক পঞ্চবটী বনে অবস্থিতি করিলেন। হে সত্তীশ্বর! একদা শূর্পণখা নামে কামরূপিণী রাক্ষসী তথায় আসিয়া রামকে পতি করিতে ইচ্ছা প্রকাশ করিল। লক্ষ্মণ তাহার দুরভিসন্ধি দেখিয়া শর দ্বারা রামের আজ্ঞাক্রমে তদীয় নাসা কর্ণ ছেদন করিলেন। সেই রাক্ষসী এইরূপে ছিন্ননাসা ও ছিন্নকর্ণা হইয়া রোদন করিতে করিতে খরদূষণ প্রভৃতি ভ্রাতৃবর্গের সমীপে উপস্থিত হইল। তাহারা তন্মুখে সমস্ত বৃত্তান্ত শ্রবণ করিয়া চতুর্দ্দশ সহস্র সংখ্যায় সশস্ত্র হইয়া সমাগত হইল। রাম একাকী এক বাণ দ্বারা তাহাদিগকে বধ করিলেন দেখিয়া সেই রাক্ষসী রাবণের নিকটে গমন পূর্ব্বক সমস্ত বৃত্তান্ত বলিল। রাবণ তন্মুখে তদীয় পত্নী সীতা পরম সুন্দরী শুনিয়া হরণ করিবার নিমিত্ত তাড়কাপুত্র মারীচের সাহায্য প্রার্থনা করিল। মারীচ ঈদৃশ কার্য্য করিতে রাবণকে পুনঃপুনঃ নিষেধ করিলেও সে বলবৎ-কাল-প্রণোদিত হইয়া তদীয় হিতবাক্য শ্রবণ করিল না। তখন মারীচ “রামের হস্তে মৃত্যুই ভাল” এই বোধ করিয়া তাহাই

করিল। সে সুবর্ণ মৃগরূপ ধারণ পূর্ব্বক সীতার দর্শনপথে উপস্থিত হইল। সীতা সম্মুখে বিচিত্র মৃগ দেখিয়া রামকে ধরিতে বলিলেন। রাম তৎক্ষণাৎ ধনুঃ হস্তে লইয়া লক্ষ্মণকে রক্ষক রাখিয়া তৎপশ্চাৎ ধাবমান হইলেন। রাবণের কার্য্যার্থী সেই মারীচ রাক্ষস বিচিত্র মৃগরূপে যতই দূরে যাইতে লাগিল, রামও তাহার অনুগমনে বিরত হইলেন না। অবশেষে এক বাণ নিক্ষেপে তাহাকে ভূতলশায়ী করিলেন। পতনকালে সেই রাক্ষস "হা লক্ষ্মণ" এই শব্দ করিল। সেই শব্দ সীতার কর্ণকুহরে প্রবিষ্ট হইবা মাত্র তিনি লক্ষ্মণকে বলিলেন, লক্ষ্মণ! তুমি শীঘ্র যাও, দেখিতেছ না, মায়াবী রাক্ষস তোমার ভ্রাতাকে বিনষ্ট করিতেছে! যদি একান্ত না যাও, তবে বিষপান করিয়া প্রাণত্যাগ করিব। এইরূপ নানাপ্রকার কটুবাক্য শুনিয়া লক্ষ্মণ তথায় গমন করিলেন। ইত্যবসরে রাবণ ভিক্ষুকবেশে আসিয়া, কৌশল্যা দেবী তোমাকে দেখিতে ইচ্ছুক; এই কথা বলিয়া সীতাকে রথে তুলিয়া নিজ মূর্ত্তি ধারণ পূর্ব্বক আকাশপথে রথ চালাইল। তখন সীতা আপনাকে রাক্ষসের রথস্থ দেখিয়া ও তৎকর্ত্তৃক হৃতাবোধ করিয়া 'হা রাম, হা লক্ষ্মণ' শব্দে আর্ত্তনাদ ও ভূতলে ভূষণাদি নিক্ষেপ করিতে লাগিলেন। হে সখি! তাঁহার আর্ত্তনাদ শুনিয়া দশরথের সখা পক্ষিরাজ জটায়ু রাবণের সহিত ঘোরতর যুদ্ধ করিল। দৈব বশতঃ রাবণ তাহাকে নিপাতিত করিয়া লঙ্কায় গমন পূর্ব্বক জনকনন্দিনীকে অশোকবনে রাক্ষসীগণ মধ্যে রাখিয়া দিল। তিনি রাম-বিরহে সদা তাঁহাকে হৃদয়ে ধ্যান করত বহুক্লেশে তথায় অবস্থিতি করিতে লাগিলেন। ব্রহ্মার আদেশে ইন্দ্র মৈথিলীকে চরু ভোজন করাইয়াছিলেন; তজ্জন্য যাবৎ তিনি তথায় ছিলেন তাবৎ তাঁহার ক্ষুধা-তৃষ্ণা কিছুই ছিল না। এদিকে রাম প্রত্যাগত হইয়া প্রিয়-পত্নী সীতাকে না দেখিতে পাইয়া ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিলেন। তিনি কবন্ধ নামক ঘোর রাক্ষসকে নিহত করিয়া শ্বাসমাত্রাবশিষ্ট জটায়ুকে দেখিতে পাইলেন। জটায়ু একবার মাত্র "রাবণ সীতাকে হরণ করিয়াছে" এই কথা বলিয়া রাম ও লক্ষ্মণের সমক্ষে প্রাণত্যাগ করিল। তদনন্তর রাম শবরীকে দেখিতে পাইয়া তাহার নিধন-সাধন পূর্ব্বক বানররাজ সুগ্রীবাধিষ্ঠিত ঋষ্যমূক পর্ব্বতে গমন করিলেন। তথায় হনুমান্, নল, নীল ও তার নামক বানরের সহিত অবস্থিত, বালিকর্ত্তৃক হৃতভার্য্যা, সুদুঃখিত, সূর্য্যপুত্র, বানররাজ বীর সুগ্রীবের সহিত তিনি সখিত্ব করিলেন। তিনি পদাঘাতে অস্থিকূটক্ষেপ, সপ্ততালভেদ ও রাবণবিজয়ী বালীকে বধ করিয়া কিষ্কিন্ধ্যারাজ্যে সুগ্রীবকে স্থাপন করিলেন। শ্রাবণ মাসে এইরূপ কর্ম্ম করিয়া তিনি বনে অবস্থিতি করিলেন। সুগ্রীবও সীতার উদ্ধার বিষয়ে প্রতিজ্ঞা করিয়া পুরে প্রস্থান করিলেন। অনন্তর কার্ত্তিকী-পূর্ণিমায় সুগ্রীব রামসমীপে আসিয়া দূত দ্বারা কপিগণকে আনাইয়া রঘুনন্দনকে বলিলেন, হে প্রভো! এই জাম্ববান্ ও অঙ্গদপ্রমুখ ঋক্ষ ও বানরগণ আপনার কর্ম্মের জন্য উপস্থিত হইয়াছে। ইহারা সংখ্যায় দশলক্ষ এগার হাজার এক শতকোটি

সাতচল্লিশ লক্ষ দশ হাজার। তন্মধ্যে জাম্ববান্ লক্ষ ঋক্ষের অধিনেতা। সুমেরু ও মলয়াদি পর্ব্বতবাসী অপরাপর অনেক বানরই এস্থানে উপস্থিত আছে। ইহারা সকলেই মহাবলশালী; ভূমণ্ডলের সর্ব্বত্র সীতার অন্বেষণ করত একমাস মধ্যে সংবাদ আনায়ন করুক। এই বলিয়া বানরগণকে তিনি প্রেরণ করিলেন। জাম্ববান্ ও অঙ্গদ প্রভৃতি দক্ষিণদিকে গমন করিল ও অপরাপর বানরেরা সুগ্রীবের আদেশ মত নানাদিকে প্রস্থান করিল। অনন্তর হনুমান্ প্রভৃতি বানরগণ সীতাকে না পাইয়া সময় উত্তীর্ণ হওয়ায় মরণে কৃতসঙ্কল্প হইল। ইত্যবসরে পক্ষিশ্রেষ্ঠ দগ্ধপক্ষ সম্পাতি তাহাদিগের মুখে রামনাম শ্রবণে পক্ষ পুনঃ প্রাপ্ত হইয়া বলিল,—সীতা লঙ্কায় আছেন, রাবণ তাহাকে হরণ করিয়া লইয়া গিয়াছে। দেবী বলিলেন,—তাহারা পক্ষিশ্রেষ্ঠ সম্পাতির মুখে এই শুভ বাক্য শ্রবণ করিয়া সকলে আনন্দিত হইয়া সমুদ্রতীরে গমন করিল; কিন্তু দুস্তর সমুদ্র দেখিয়া তাহারা সকলেই চমকিত হইল। তন্মধ্যে হনুমান্ সমুদ্র-উত্তরণেচ্ছায় আকাশমার্গে উত্থিত হইল।

একোনবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ১৯ ॥

বিংশ অধ্যায়।

হনুমান্ পথে সিংহিকা রাক্ষসীকে বিনাশ এবং মৈনাক পর্ব্বত স্পর্শ করিয়া সায়ংকালে লঙ্কায় প্রবেশ করেন, তৎপরে রাত্রিতে নগরী বিচরণ করিতে লাগিলেন। পবননন্দন সপ্তরাত্র নগরী অনুসন্ধান করত অনেক রহস্য অতিরহস্য স্থান দেখিতে পাইলেন, কিন্তু জানকীর দর্শন পাইলেন না। জানকীকে না দেখিতে পাইয়া অনুমানজ্ঞ হনুমান্ অনুমান করিলেন, জানকী মরিয়াছেন। কপিশ্রেষ্ঠ, অদৃষ্টের কথা চিন্তা করিতে করিতে রক্তপুষ্পিত অশোকবন দেখিতে পাইলেন। তথায় গিয়া, রাক্ষসীমধ্যে অবস্থিতা এক পরমা সুন্দরী রমণীকে দেখিয়া সুবুদ্ধি হনুমান্ সাধ্বীচিহ্ন দ্বারা স্থির করিলেন, ইনিই সীতা। রাবণ আসিয়া ভয়বিহ্বলা সীতাকে প্রলোভন দেখাইল, সীতা তাহাকে বারংবার ভর্ৎসনা করিলেন। বৃক্ষারূঢ় হনুমান্ এই সব দেখিয়া নিঃসন্দেহ হইলেন। হে সখীদ্বয়! অনন্তর, হনুমান্ বৃক্ষ হইতে অবতরণপূর্ব্বক "আমি রামের দাস" এই কথা বলিয়া বৈদেহীকে প্রণাম করিলেন। সীতা সেই অদ্ভুত জীব অবলোকন এবং মধুরাক্ষর শ্রবণ করিয়া নানাবিধ প্রশ্ন করিতে লাগিলেন। হনুমান্, সীতার বিশ্বাসজনক উত্তর দিলেন। অনন্তর, হনুমান্ রামের হস্তাঙ্গুরীয় অভিজ্ঞান প্রদান করিলেন। সীতা সেই সুপ্রভ অঙ্গুরীয় পাইয়া বক্ষে রাখিয়া রোদন করিতে লাগিলেন। সীতা বলিলেন, কপিবর! তুমি নাথবৃত্তান্ত শ্রবণ করাইয়া উপস্থিত এই শ্রাবণমাসকে* আমার পক্ষে উত্তম অর্থযুক্ত

---

* শ্রবণ শব্দ হইতে শ্রাবণের উৎপত্তি।

করিলে। বৎস! চিরজীবী হও, সুখে থাক। অনন্তর, বীর হনুমান্, সীতাকে প্রণাম করিয়া, সেই ঘোর নিশীথে, পুনরায় নগরী দর্শন করিবার জন্ত উঠিলেন। তথায় ভ্রমণ করিতে করিতে দেখিলেন, ঈশানকোণে তিন্তিড়ীবন-মধ্যস্থিত বিস্তৃত স্বর্ণবেদিকার উপর এক প্রফুল্ল অশোকবৃক্ষ; দেখিলেন, অত্যুত্তম তদীয় মূলদেশে, মণিমুক্তাদি-নির্ম্মিত পর্ব্বত-শৃঙ্গাকার, বৃহৎ-দ্বার কপাট-সম্পন্ন মনোরম মন্দির। মন্দিরের দ্বার উদ্‌ঘাটিত ছিল। দেখিলেন, মন্দিরাভ্যন্তরে, চারুচতুর্ভুজা ত্রিলোচনা, রুধিরবদনা শ্যামা; মুণ্ডমালা এবং মন্দার-কুসুমমালা তিনি ধারণ করিয়া আছেন; দেখিলেন, কল্যাণী, অট্টহাসা, দিগ্‌বসনা এবং যৌবনাভরণে উজ্জ্বলা; তাঁহার কটাক্ষে অসীম কামের বাসস্থল; দেখিলেন, সেই নূপুরশিঞ্জিনী দেবী, নৃত্য করিতেছেন ও শঙ্খ ঘণ্টাদি শুভবাদ্য বাজাইতেছেন। শ্বেত-পীতাদি অষ্টপ্রকার বর্ণশালিনী তদনুরূপা দিগম্বরা অষ্ট যোগিনী তাঁহার চতুর্দ্দিকে; তিনি রাবণের জয়কীর্ত্তন করিতেছেন। পবন-নন্দন তাহা দেখিয়া, দারুণ হুঙ্কার করত সদর্পে লম্ফপ্রদান পূর্ব্বক তথায় আপতিত হইলেন এবং ভয়ঙ্কররবে তাঁহাকে বলিলেন 'কে তুমি?' সেই দেবী চকিতনয়নে তাঁহাকে দর্শন ও নিজ যোগিনীগণকে সমাশ্বাস করিয়া হনুমান্‌কে জিজ্ঞাসা করিলেন, এবংবিধ বানররূপধারী কে তুমি? হনুমান্ বলিলেন, আমার নাম হনুমান্, আমি পবনদেবের বীরপুত্র। এক্ষণে শ্রীরামের দাস্য লাভ করিয়া তাঁহার সীতা-অন্বেষণ করিতে আসিয়াছি। আমি বন-শৈল-সাগরশালিনী সমগ্র ধরণীকে একগ্রাসে দন্তে দন্তে চিবাইতে পারি। এখন, রাবণের জয়াভিলাষিণী তুমি কে, তাহা বল। চণ্ডিকা বলিলেন, আমি মহাভুজা চণ্ডরূপা হিমালয়দুহিতা। মহাত্মা রাবণ ভক্তি দ্বারা আমাকে বশ করিয়াছে। আমার নাম চণ্ডিকা; কালী পার্ব্বতী ইত্যাদি অনেক নামও আমার আছে। এক্ষণে হে বানর! তোমার সেই (ধরণীগ্রাসী) ভীম রূপ আমায় প্রদর্শন করাও। দেবী বলিলেন, চণ্ডিকা এই কথা বলিলে, কামরূপী বীর পবননন্দন, ভীষণাকার হইলেন। নয়ন যেন বাহির হইয়া আসিতে লাগিল, মুখমণ্ডল অতি বৃহৎ হইল; চণ্ডিকা দেখিলেন, হনুমানের শরীরে, নখদন্তাগ্র-বিলগ্ন কোটি কোটি রাক্ষসদেহ। দেখিলেন, হনুমানের রোমসন্ধিতে তথাবিধ ভীমাকৃতি লক্ষকোটি বানর; আর মস্তকে অবস্থিত মহাবলসম্পন্ন, মহাসত্ত্ব, নবদূর্ব্বাদলশ্যামল কমল-লোচন রাম শরবিদ্ধ রাবণের প্রাণ হরণ করিতেছেন, আর বাম হস্তে কুম্ভকর্ণকে শরাসন-মুষ্টিতে ধারণ করিয়া আছেন। চণ্ডিকা দেখিলেন, হনুমানের ললাটদেশে রোচনা তিলকবৎ জাজ্বল্যমানরূপে লক্ষ্মণ অবস্থিত। হে সখি! রণভূমিতে অতিকায় ইন্দ্রজিৎকে তিনি শরাসন-মুষ্টিতে ধারণ করিয়াছেন। চণ্ডিকা দেখিলেন, লক্ষ্মণ-কিরীটে অবস্থিতা জানকী, শ্রীরামের চরণ-যুগলে নিহিত-দৃষ্টি। দেখিলেন, সেই জানকীকে রাবণ-অবলোকন করিতেছে। হে সখি! আর হনুমানের জ্রমধ্যে দেখিলেন, লঙ্কা নগরটী রাক্ষসগণের সহিত প্রজ্বলিত হইতেছে ও মূর্ত্তিমান্ ধর্ম্মস্বরূপ

বিভীষণ লঙ্কেশ্বররূপে হনূমানের হৃদয়ে দীপ্তি পাইতেছেন। শিবা এইরূপে হনূমানের অঙ্গে সকল তত্ত্ব দর্শন করিলেন। তখন মহেশ্বরী বিস্ময়সহকারে বলিলেন, আমি জানি, তুমি সাক্ষাৎ রুদ্র, রাবণবধের জন্য বানর-মূর্ত্তি অবলম্বনপূর্ব্বক রামের অধীন হইয়াছ। আমার এক্ষণে কর্ত্তব্য কি, তাহা বল এবং সৌম্যভাব অবলম্বন কর। দেবী বলিলেন, চণ্ডী দেবী এই কথা বলিলে, বানর-পুঙ্গব তাঁহাকে বলিলেন, রাবণ-পালিতা লঙ্কা পরিত্যাগ করিয়া স্থানান্তরে যান্; যে ব্যক্তি সীতার অবমাননা করিয়াছে, তাহার—সেই রাবণের—জয়াকাঙ্ক্ষা আপনি করিবেন কেন? তুমি এই লঙ্কায় থাকিতে রাম রাবণ বধ করিবেন না। রাবণ বধ না হইলে, জগৎ সমূলে বিনষ্ট হইবে। আর আপনি যদি এই শক্তিরূপা লঙ্কাকে পরিত্যাগ না করেন, তাহা হইলে, আমার যে শক্তি দেখিলেন, তাহাও কুণ্ঠিত হইয়া যাইবে। যে ব্যক্তি সীতার অবমাননা করিয়াছে, সে আমারই অবমাননা করিয়াছে; এই জন্য এই স্থান ত্যাগ করিতে আমি ইচ্ছাই করিয়াছিলাম; এক্ষণে হে কপে! তুমিও এ স্থান ত্যাগ করিতে বলিতেছ, অতএব আমি এই নগরী ত্যাগ করিতেছি। হনূমান্ বলিলেন, হে পর্ব্বতনন্দিনি! দেবি! মহেশ্বরি! হে বিন্ধ্য-বাসিনি! কালরূপে! সৈন্ধবি! লঙ্কেশ্বরি! আপনাকে নমস্কার করি। আপনি ব্রহ্ম-বিষ্ণু-শিবারাধ্যা, সৃষ্টি-স্থিতি-লয়কারিণী, ভক্তবৎসলা, সনাতনী আদ্যা শক্তি। আপনি দেবতা এবং ব্রহ্ম-বিষ্ণু প্রভৃতি দেবাদি-দেবগণেরও পালনকারিণী এবং শত্রুনাশিনী। আপনি শ্রীরামকে বর দিন, যাহাতে তিনি রাবণকে জয় করিতে পারেন। আর শ্রীরামের সাহায্যও করিতে হইবে, যাহাতে তিনি রাবণকে জয় করিতে সক্ষম হন। চণ্ডিকা বলিলেন, শ্রীরামকে আমি বর দিতেছি, রাবণকে তিনি জয় করিবেন, সীতা প্রাপ্ত হইবেন, অসীমকীর্ত্তি এবং ইক্ষ্বাকু-পালিত রাজ্যলাভ করিবেন। কিন্তু আমি সাহায্য করিতে পারিব না, কেন না, তাহা হইলে কাল-বিরোধ হয়। দেবগণ বেদবিহিত-বিধানে বোধিত এবং পূজিত হইয়া সুরাসুর মানবগণের কর্ম্মসাধক হন। পৌষ মাসের ত্রয়োদশ দিনের পর আর মুখ্যচান্দ্র শ্রাবণ মাসের শুক্লদশমী পর্য্যন্ত অথবা কৃষ্ণদশমী পর্য্যন্ত দেবপূজাকাল। সীতার সহিত রামকেও সকল দেবতারা পূর্ব্বে যথাকালে পূজা করিয়াছেন। এখন দক্ষিণায়ন পূজার অকাল; এ সময়ে পূজা করিলে আমি বোধিত হইব কেন? হে কপিবর! যদি এখন বেদোক্ত পূজাবিধির সময় হইত, তাহা হইলে, আমার পক্ষে লঙ্কাত্যাগ করা কঠিন হইত, রাবণ-বিজয়ও রামের পক্ষে দুঃসাধ্য হইত। কেমনা, রাবণ, এমন পূজা আমায় করিত যে, আমি রাবণের মঙ্গল সম্পাদন না করিয়া থাকিতে পারিতাম না। এখন পূজার অকাল বলিয়াই বর দিয়াছি, শ্রীরাম, রাবণকে জয় করিবেন। হনূমান্ বলিলেন, আপনি দেবগণ-প্রীতিদায়িনী স্বাহা এবং আপনিই পিতৃগণ-প্রীতিদায়িনী স্বধা। আপনি, সাহায্যার্থ স্বধারূপেই শ্রীরাম কর্ত্তৃক পূজিতা হউন। পূর্ব্বকালে ব্রহ্মা পিতৃলোক-সৃষ্টি

করেন,—অমাবস্যা দিনে। এইজন্য পিতৃগণকে সকল অমাবস্যাতেই কব্যভোজন করাই-বেন। আপনি রামদত্ত কব্যভোজন করিয়া রামকার্য্য করুন। চন্দ্রের অমাকলা, অণুস্বরূপা; তিনি তৎকালে সূর্য্যে অধিষ্ঠিতা হন। তিনি নিস্প্রপঞ্চা, দোষবর্জ্জিতা এবং পরম অমৃত-স্বরূপিণী; চন্দ্ররূপ দ্বার অবলম্বনে সেই নির্ব্বাণমুক্তিরূপা অমাকলা প্রাপ্ত হওয়া যায়। আপনি সেই পিতৃগণের কব্যস্বরূপা পরমা কলা। পিতৃগণ, দক্ষিণায়নে অরণ্যে সেই কলাকে প্রাপ্ত হইয়াছিলেন। চণ্ডিকা বলিলেন, "তথাস্তু" রাম, যখন এই নগরীতে আসিবেন, তদ্দিনাবধি অমাবস্যা পর্য্যন্ত আমি 'পিতৃ-স্বরূপা' হইব। সেই সব দিন অমাবস্যা না হইলেও পিতৃকর্ম্মে অমাবস্যাবৎ হইবে। অতএব, সেই সকল দিনেই পার্ব্বণবিধিক শ্রাদ্ধ করা কর্ত্তব্য। কিন্তু হে বানরেন্দ্র! শুক্লপক্ষে হইলে, এইরূপ হইবে না; কেননা, তাহা হওয়া অসম্ভব (পিতৃগণের পক্ষে শুক্লপক্ষ অপ্রশস্ত)। যুদ্ধকালে রাবণ বধ হইতে যদি কৃষ্ণপক্ষ অতিক্রান্ত হয়, তখন, রক্ষঃকুলে প্রাণনাশিনী দৃষ্টি আমার পতিত হইবে না। যথাক্রমে পঞ্চদশ চন্দ্রকলা আমাতে মিলিত হইবে, আর চন্দ্রকলাপ্রার্থী পঞ্চদশ দেবতাই আমাতে মিলিত হইবেন, কেবল তুমি—সাক্ষাৎ শিব—চতুর্দ্দশ কলা ভোজন করিয়া পূর্ণপরাক্রমে সেই যুদ্ধ করিবে, আমার নিকটে আসিবে না। অতএব চতুর্দ্দশী তিথিতে শ্রাদ্ধ বিহিত হয় নাই। হে কপিবর! সেই যুদ্ধে, আমি অমৃত দৃষ্টি দ্বারা যথাযথ উপকার করিয়া সমগ্র আহত বানরদিগকে প্রীত করিব। হনুমান্ বলিলেন, আপনি, ইহাই নিঃসন্দেহে করিবেন; আমরাও ত্বরা সহকারে যত্নপূর্ব্বক যুদ্ধ করিব। সম্প্রতি এই লঙ্কাতেই আমি আপনাকে পূজা করিব; হে দেবি! আমি যাবৎ এইখানে থাকি, তাবৎ আপনি স্থানান্তরে থাকুন। দেবী বলিলেন, এইরূপ কথা কহিতে কহিতে রাত্রি গতপ্রায় হইল। চণ্ডী, সেই পীঠত্যাগ করিলেন। তার পর কপিশ্রেষ্ঠ হনুমান্, দুর্গম প্রমোদকানন ভগ্ন করিলেন। রাবণ, তৎশ্রবণে ক্রুদ্ধ হইয়া বহুতর রাক্ষসকে সেইস্থানে প্রেরণ করিলেন, হনুমান্ তাহাদিগের রক্ত দ্বারা চণ্ডীকে পাদ্য অর্ঘ্য এবং আচমনীয় প্রদান করিলেন। পুষ্পশোভিত বৃক্ষসমূহ ক্ষেপণ করত পুষ্প দ্বারাও তাঁহার পূজা হনুমান্ করিলেন। আর অক্ষ প্রভৃতি রাজপুত্রগণকে নিহত করত চণ্ডী-উদ্দেশে বলিপ্রদান করিলেন। হে জয়ে! বিজয়ে! তার পর রাত্রিকালে ইন্দ্রজিতের সহিত হনুমানের মহাযুদ্ধ হয়। তৎপরে, হনুমান্ পাশবদ্ধ হইয়া প্রাতঃকালে লঙ্কাপতি রাবণকে দেখিতে গেলেন। নাগপাশবদ্ধ হনুমান্, রাবণের সহিত কথাবার্ত্তা অনেক কহিলেন। তার পর রাবণ, হনুমানের বিরূপতা সম্পাদনের জন্য, তাহার লাঙ্গুলে অগ্নি জ্বালিত করিয়া দিলেন। "দেবি! চণ্ডি! আমার নিকট ধূপ এবং বিবিধ দীপ গ্রহণ কর," এইরূপ চিন্তা করত দীর্ঘ লাঙ্গুলধারী হনুমান্ লঙ্কাদাহন করিতে লাগিলেন। চণ্ডীদেবী কামরূপে গমন করিলেন। হনুমান্ জানকীকে গিয়া দেখিলেন। সতী জানকী প্রীতা হইয়া সেই রামপ্রিয় বানরকে বলিলেন, শ্রীমন্! বৎস! পবন-নন্দন! এ স্থান

হইতে গিয়া যে দিন শ্রীরামকে দেখিতে পাইবে, সেই দিনেই আমার কথা বলিবে। "আপনি স্বয়ং আসিয়া রাক্ষস-রাজ রাবণকে বধ করিয়া যেন আমার উদ্ধার সাধন অবিলম্বে করেন। আমি আপনার আগমন আকাঙ্ক্ষা করত এই দুই মাস প্রাণ রক্ষা করিব; দুই মাস গত হইলে প্রাণত্যাগ করিব।" এই কথা তাঁহাকে বলিবে; তুমিও এতদনুসারে কার্য্য করিবে। বানরশ্রেষ্ঠ, তাহা স্বীকার করিয়া সাগরলঙ্ঘনে গমন করিলেন। তার পর সমুদ্র লঙ্ঘন করিয়া সমগ্র জ্ঞাতিবর্গকে পরিতোষিত করিলেন। তুমি পিতৃরূপত্ব প্রভৃতি যাহা জিজ্ঞাসা করিয়াছ—তাহা এই বলিলাম, কালতীর্থের কথা বলিলাম, কালতীর্থের সংখ্যা পঞ্চদশ।

বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২০ ॥

একবিংশ অধ্যায়।

দেবী বলিলেন, হনুমান্ ছয় দিবসে * লঙ্কা হইতে আসিয়া অঙ্গদাদির সহিত মিলিত হইয়া রঘুনন্দনকে দর্শন করিলেন এবং প্রণাম পূর্ব্বক প্রফুল্লমুখে সকল বৃত্তান্ত শ্রীরামকে বলিলেন। শ্রীরামও শ্রাবণ মাসের শুক্লদশমী স্থির করিয়া তদ্দিনে সর্ব্ব সেনা সমভিব্যাহারে হৃষ্টচিত্তে যাত্রা করিলেন। সখি! তাঁহারা অহোরাত্র ষোড়শ প্রহর চলিয়া দ্বাদশী-অপরাহ্নে সমুদ্র দেখিতে পাইলেন। সমুদ্র পার হইবার জন্য তাঁহারা চিন্তাযুক্ত আছেন, ইত্যবসরে ত্রয়োদশী তিথিতে শরণার্থী বিভীষণ তথায় আসিয়া উপস্থিত হইলেন। তাঁহার সঙ্গে আর চার জন রাক্ষস ছিল, রাম, বিশেষ বিবেচনা করিয়া, তাঁহার সহিত সখ্য স্থাপন পূর্ব্বক, তাঁহাকে লঙ্কারাজ্যে অভিষিক্ত করিলেন। শ্রীরাম, বিভীষণের মন্ত্রণানুসারে ত্রিরাত্র নিয়ম অবলম্বন করত সমুদ্র পতিকে প্রসন্ন করিয়া সেতুবন্ধনে সম্মত করিলেন। সমুদ্র, এক শত বিংশতি যোজন স্বীয় জল স্তম্ভিত করিলেন; তখন, তাঁহারা সেই সব জলে সেতুবন্ধন করিতে আরম্ভ করিলেন। ময়-পুত্র (অথবা বিশ্বকর্ম্মার পুত্র) নল, পর্ব্বত, পর্ব্বতশৃঙ্গ এবং শাল পিয়ালাদি বৃক্ষ দ্বারা সমুদ্রে সুদুষ্কর সেতু প্রস্তুত করিতে লাগিলেন। শ্রাবণী পূর্ণিমা শেষ প্রহরদ্বয় অবশিষ্ট, এমন সময়ে নল, সাগরে চতুর্দ্দশ যোজন সেতু নির্ম্মাণ করেন। দ্বিতীয় দিনে নল, আট যোজন পরিত্যাগ করিয়া ষড়্বিংশতি যোজন সেতু বন্ধন করিলেন। তৃতীয় দিনে সাত যোজন ছাড়িয়া একেবারে পঞ্চাশৎ যোজন সেতু নির্ম্মাণ করিলেন, চতুর্থ দিনে

* ছয় দিন এবং সাতরাত্রি হনুমান্ লঙ্কায় ছিলেন।

পাঁচ যোজন ত্যাগ করিয়া দশ যোজন সেতু বন্ধন করিলেন।* সেতু বন্ধন হইলে, ত্রিভুবনে জয় জয় ধ্বনি হইল। কেননা, সমুদ্রে সেতু কেহ কখন চক্ষে দেখে নাই, শুনে নাই, বেদেও দেখে নাই। "যে প্রভুর অপ্রতিহত আজ্ঞা বা প্রার্থনা সমুদ্রের সেতু, সেই বিখ্যাত রাম জয়ী হউন।" পঞ্চাশৎ সহস্র কোটী বানর সমভিব্যাহারে মহাবাহু শ্রীরাম বিভীষণের সহিত শ্রাবণ মাসের কৃষ্ণ ত্রয়োদশী পুষ্যানক্ষত্রে সমুদ্রের দক্ষিণ পারে আসিয়া উপস্থিত হন। দশানন, তাহা শুনিয়া, ভয়, শোক, দিগ্‌ভ্রম, প্রলাপ, বুদ্ধিমোহ, কম্প, নিরন্তর চিন্তা, নিরন্তর পরমার্শ, সুহৃদ্‌ বাক্য শ্রবণ না করা এবং কটুভাষিতা এই দশ অবস্থা প্রাপ্ত হইলেন। তার পর চরপ্রস্থাপনাদি করিলেন। রামপ্রেরিত দূত প্রতাপবান্‌ বালিপুত্র অঙ্গদ, রাবণের মস্তক হইতে মুকুট গ্রহণ করিয়া প্রভুর সম্মুখে উপস্থিত হইলেন। রাবণ, যুদ্ধ নিশ্চয় করিয়া পুররক্ষা করিতে লাগিলেন। রাম আপনার সমগ্র সৈন্য সমুদ্র পার* হইয়াছে—অবশিষ্ট একেবারেই নাই দেখিয়া—ভাদ্র পূর্ণিমার পর দিন প্রাতঃকালে লঙ্কানগরীতে প্রবেশ করিলেন। লঙ্কানগরী বানরগণ কর্ত্তৃক পরিব্যাপ্তা হইল। তথায় জল, স্থল, বৃক্ষ, প্রাচীর, গৃহের উপর, গৃহ মধ্যে, গৃহের প্রকোষ্ঠে পর্য্যন্ত বানর সকল দৃষ্টিগোচর হইতে লাগিল। অনন্তর বিশুদ্ধ সঙ্কল্পযুক্ত মহাবাহু রাম,—লক্ষ্মণ, হনুমান্‌, বিভীষণ, সুগ্রীব, জাম্ববান্‌ এবং অঙ্গদকে আহ্বান করিয়া বলিতে লাগিলেন, হে মহাভাগগণ! অদ্য আমার মন বড়ই প্রসন্ন বোধ হইতেছে। পর্ব্ব না হইলেও পিতৃপূজা করিতে আমার বুদ্ধি ত্বরাযুক্ত হইতেছে। বিবেচনা করি, অদ্য আশ্বিন মাসের কৃষ্ণপক্ষের প্রথম তিথি। আজ হইতে এক পক্ষকাল, অমানাম্নী পর্ব্বরূপিণী দেবীচণ্ডী সকল তিথিকেই ব্যাপিয়া থাকিবেন। হে প্রধানতম ব্যক্তিগণ! অদ্য হইতে অমাবস্যা পর্য্যন্ত আমি পার্ব্বণ-বিধিক্রমে পিতৃপূজা করিব। হনুমান্‌ বলিলেন, হে পুণ্ডরীকাক্ষ! আপনার মঙ্গল হউক, এই কার্য্য করুন, আপনার যুদ্ধজয় নিশ্চয় হইবে এবং পিতৃকার্য্য সম্বন্ধে অক্ষয় কীর্ত্তি থাকিবে। সকলেই এই সময়ে পিতৃগণের শ্রাদ্ধ করিবে, শ্রাদ্ধ করিলে জ্ঞাতিপ্রাধান্য, শুভবুদ্ধি, বিপন্নাশ, বহুধন, যুদ্ধজয় বিপুল ধর্ম্ম এবং অপর নানাবিধ অভিলষিত বস্তু লাভ হয়। পিতৃগণের নাম অপর। এই আশ্বিন কৃষ্ণপক্ষে, অপরগণের শুভ পূজা হয় বলিয়া ইহার নামান্তর 'অপরপক্ষ'। এই পক্ষে শ্রাদ্ধ এবং সতিল গঙ্গাজল দ্বারা তর্পণ করিলে বহু অশ্বমেধের অপেক্ষা ফল হয়। দেবী বলিলেন, পবন-নন্দন এই কথা বলিলে, রাম,

---

* সর্ব্বশুদ্ধ একশ বিশ যোজন জল; তন্মধ্যে একশ যোজন সেতু হইল; আর মধ্যে মধ্যে বাদ থাকিল, তাহাতে বিশ যোজন সেতু শূন্য হইল। যাহারা এতটুকু দূর পার হইতে অসমর্থ, সে সব বানর সঙ্গে না যায়, এই অভিপ্রায়ে বিশ যোজন সেতু বন্ধন করিলেন না।

পরম প্রীতিসহকারে তাঁহাকে গাঢ় আলিঙ্গন করিয়া শ্রাদ্ধ করিবার জন্ম দক্ষিণাস্য হইয়া বসিলেন। রাম, প্রতিপদের শ্রাদ্ধ করিয়া যখন অবস্থিত আছেন, তখন দেখিলেন, বলবান্ রাবণ, চতুরঙ্গ সৈন্য সমভিব্যাহারী ঘোরতর রাক্ষসগণকে যুদ্ধার্থ পাঠাইয়াছে। সেই সেনাগণের নায়ক, অক্ষৌহিণীপতি মহাবল পরাক্রম অকম্পন নামক রাক্ষসকে পবন-নন্দন নিহত করিলেন। দশরথাত্মজ রাম তাঁহার প্রতি পরমপ্রীত ও আনন্দিত হইলেন। শ্রীরাম, প্রতিদিনই এইরূপ শ্রাদ্ধ করিয়া যুদ্ধ করিতে লাগিলেন। হে সখীদ্বয়! অকম্পনবধের পর, ধূম্রাক্ষ নিহত হইল। তৎপরে বজ্রদংষ্ট্রবধ হইল। বীর বজ্রদংষ্ট্র নিহত হইলে, শক্র রাবণ, চিন্তায় ব্যাকুল হইয়া মাতুল প্রহস্তকে সজ্জিত করিয়া যুদ্ধে পাঠাইলেন। প্রহস্তের যুদ্ধে রাত্রি হইয়াছিল; সেই যুদ্ধ দেব-দৈত্য-দানব-মানব-ত্রাসকর এবং বিশেষ তুমুল হইয়াছিল। প্রাতে প্রহস্ত নিহত হইলে, রাবণ চিন্তিত হইলেন। তখন তদীয় পুত্র মেঘনাদ পিতৃপ্রীতিসম্পাদনের জন্ম যুদ্ধে আসিলেন। যুদ্ধে মায়াবী ইন্দ্রজিৎ নাগপাশ দ্বারা বীর রাম লক্ষ্মণকে বন্ধন করেন। পরে গরুড় তাহাদিগকে বন্ধন-মুক্ত করেন। অনন্তর স্বয়ং রাবণ যুদ্ধে উপস্থিত হন। রাম-রাবণের মহাযুদ্ধ অতীব বিস্ময়াবহ। সে যুদ্ধে দশসহস্র কোটি বীর নিপতিত হন। মুণ্ডমালা-সঙ্কুলা বহুতর রক্তনদী সেই রণক্ষেত্রে প্রবাহিত হইল। বহুতর কবন্ধ নৃত্য করিতে ও ছিন্নমুণ্ড-সমূহ হাস্য করিতে লাগিল। এক অক্ষৌহিণী বীর নিহত হইলে, ঐন্দ্রজালিকের ন্যায় এক কবন্ধ (মুণ্ডহীন দেহ) উঠিয়া নৃত্য করিতে থাকে। দশ কবন্ধ নৃত্য করিলে, এক ছিন্নমুণ্ড হাস্য করিতে থাকে। অনন্তর রাক্ষসরাজ, দুই দিন দুই রাত্রি যুদ্ধ করিয়া ভগ্নরথ এবং হতাশ্বাদি হইয়া যুদ্ধক্ষেত্র হইতে পলায়ন করিলেন। সখি! তৎপরে নিখিল বানরী-সেনা চর্ব্বণে সমর্থ মহাবল কুম্ভকর্ণ, বহুযত্নে জাগরিত হইলেন। মহাবল কুম্ভকর্ণ জাগরিত হইলে, দেবতারা চিন্তিত হইয়া, ব্রহ্মাকে এই কথা বলিলেন, প্রভো! এই কুম্ভকর্ণ, সুদুর্দ্ধর্ষ পঞ্চলক্ষ কোটি রাক্ষসবীরে পরিবৃত হইয়া, শ্রীরামের সহিত যুদ্ধ করিবে, অতএব, আমরা শ্রীরামের জন্ম স্বস্ত্যয়ন করিব; হে ব্রহ্মন্! আপনি মত প্রদান করুন। দেবতারা ব্রহ্মাকে এই কথা বলিলে, তিনি দেখিলেন, কৃষ্ণপক্ষের অল্পই অবশিষ্ট, অতএব শুক্লপক্ষ-প্রবৃত্তির পূর্ব্বে রাবণ বধ হইবে না। আর, দেবীর আদেশ বা দৃষ্টি ব্যতীতও রাবণবধ হওয়া সম্ভব নহে। কিন্তু রাবণ, শুক্লপক্ষ পাইলে কোন দিন যদি দেবীপূজা করে, তাহা হইলে রাবণ বধ হইবে না; অতএব, দেবীকে প্রবোধিত করা উচিত; "ইহা মনে মনে করিয়া ব্রহ্মা দেবগণকে বলিলেন, হে বিবিজ্ঞ দেবগণ! শ্রীরামের রাবণ-জয়ের জন্ম আমাদিগের সকলেরই স্বস্ত্যয়ন করা আবশ্যক; তোমরাও স্বস্ত্যয়ন কর, আমিও নিশ্চয় তাহা করিব। কিন্তু ভগবতীর বোধন ব্যতীত কার্য্যসিদ্ধি হওয়া দুর্ঘট। ব্রহ্মা দেবগণকে এই কথা বলিলে, রাবণ-পীড়িত সেই দেবতারা ব্রহ্মার সহযোগে ভক্তি পূর্ব্বক দেবী আদ্যা শক্তিকে স্তব করিতে লাগিলেন;—

পরম দেবতা কমল-নয়না
শাম্ভবী শঙ্করী দেবী ত্রিলোচনা
বরদা কালিকা শিবা।

ভক্তিপ্রিয়া ভক্তিস্বরূপা ভবানী
ভবপ্রিয়া ভীমা তুমি ভীমাননী
ভৈরবী ভীমাস্বা শুভা।

বিষ্ণুরূপা তুমি বিষ্ণুকার্য্যকরী
বৈষ্ণবী, সৃজন-স্থিতি-লয়করী
করালাক্ষী কপর্দ্দিনী।

তব মৌলিভূমি শশি-সুশোভিতা,
তুমি শ্যামা, গৌরী, বিচিত্রা ও শ্বেতা,
বিচিত্র সুন্দরী তথা।

দেবশক্তিরূপা শকতি-ধারিণী,
দ্বিভুজা ষড়্ভুজা কৌমারী-রূপিণী,
চতুর্ভুজা অষ্টভুজা।

কালরূপা তুমি দেবী দশভুজা,
লক্ষ-সুলোচনা অষ্টাদশ ভুজা
কালিকা ষোড়শভুজা।

সহস্র-চরণা কোটিরশ্মিমালা,
নিষ্কল-রূপিণী সূক্ষ্মা শুদ্ধা স্থূলা,
খর্ব্বা তথা মহত্তমা।

দীর্ঘ-জীহ্বা বৃহৎ-শিলা অপ্রমেয়া,
কামরূপা যন্ত্র-রূপা স্তবনীয়া,
জগন্ময়ী কামগমা।

নভস্থিতা সর্ব্বা পর্ব্বতনন্দিনী,
বিন্ধ্যাদ্রিনিলয়া ত্রিলোকপাবনী,
জঠরে ব্রহ্মাণ্ড-কোটি।

শ্রীদুর্গা দুর্গতি-হরা শান্তিযুতা,
শিববক্ষঃস্থল বিল্বদল তথা,
তব বাস গিরিতটী।

কমল-লোচনা শাস্তজন-প্রিয়া,
কমল-বাসিনী তুমি পদ্মালয়া,
প্রত্যেকে তোমারে নমি।

তুমি স্বাহা, তুমি লজ্জা, তুমি স্বধা,
(সাত্ত্বিকী রাজসী তামসী)—ত্রিবিধা,
মতি তুমি মাতা তুমি।

দেবী বলিলেন, তখন দেবতারা এইরূপ স্তব করিলে, সত্ত্বরূপা সনাতনী দেবি শক্তি, কুমারীরূপে দেবগণকে দর্শন দিলেন। দেবতারা বলিলেন,—

"তোমারে প্রণমি, দেবী দয়ার্দ্রহৃদয়া শিবা!
স্ত্রীরূপা পরমানন্দরূপা ব্রহ্মসনাতনী!
সুভক্তিতে করি বহু তোমায় প্রণতি নতি,
সর্ব্বেশ্বরী সর্ব্বশক্তিযুতা সর্ব্বস্বরূপিণী!
(আবার) আমরা দেবি! করি তোমা নমস্কার।
অম্বিকে! মো'সবে তুমি ভয় হ'তে কর পার।"

কুমারী বলিলেন, হে ব্রহ্মাদি দেবগণ! আমি তোমাদিগের প্রতি গাঢ় সন্তুষ্ট হইয়াছি, দুর্গা আমাকে পাঠাইয়াছেন, যাহা তোমাদিগকে বলি, তাহা শুন। আগামী কল্য বিল্ববৃক্ষে তাঁহার বোধন করিবে, তোমাদিগের উপরোধে, এ সময়ও তিনি বোধিতা হইবেন। বোধন, স্তব এবং প্রণাম করিয়া সেই শিবাকে পূজা করিবে, তোমাদের এবং মহাত্মা রামের কার্য্যসিদ্ধি হইবে। এই বলিয়া দেবী তথায় অন্তর্হিতা হইলেন, ব্রহ্মা দেবগণ-সমভিব্যাহারে ভূতলে বিল্ববৃক্ষ-সমীপে আসিলেন।

একবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২১ ॥

দ্বাবিংশ অধ্যায়।

দেবী বলিলেন, ব্রহ্মা দেবগণের সহিত ভূতলে আসিয়া কোন সুদুর্গম নির্জ্জন স্থানে বিল্ববৃক্ষ দেখিলেন। আর দেখিলেন, সেই বিল্ববৃক্ষের একটী মনোহর পত্রে, তপ্ত-কাঞ্চনবর্ণা, সুচারু-নবমাল্য-ভূষিতা, বিম্বোষ্ঠী, ক্ষীণমধ্যা, সুরুচিরা এক অচিরপ্রসূতা বালিকা নিদ্রিতা। বালিকা নিদ্রায় নিশ্চেষ্টা, শরীরে আবরণ নাই। অনন্তর দেবীর চরিত্রজ্ঞ ব্রহ্মা তাঁহাকে দেখিয়া বিস্মিত হইলেন। পুনরায় সকল দেবগণের সহিত প্রণত হইয়া তাঁহার স্তব করিতে লাগিলেন,—আমি জানিতে পারিয়াছি তোমাকে মহেশ্বরী, তুমি এই ভূতলে ক্রীড়াস্থানে এইরূপে শুভাগমন করিয়াছ। দুর্গে! তুমি শক্ররূপাও

বটে, মিত্ররূপাও বটে; তুমি যোগিগণের অন্তরেও দুর্লভা। তুমি একা, তুমি অনেকা, তুমি সূক্ষ্মরূপা অবিকারা; তুমি কোটি কোটি ব্রহ্মাণ্ড-*-প্রসবিনী। আমি কে, বিষ্ণু কে, শিব কে, অন্যান্য দেবগণই বা কে—আপনার স্তবে কেহই সমর্থ নহে। আপনি স্বাহা, স্বধা, বৌষট্; আপনি প্রণব এবং হ্রীঁ প্রভৃতি বীজ। আপনি স্ত্রী, আপনি পুরুষ, (অধিক কি) আপনি সর্ব্বস্বরূপা; আপনাকে প্রণাম করিয়া বোধিত করিতেছি, আমাদের প্রতি প্রসন্ন হউন। হে মাতঃ! আপনিই কালরূপা দেবতা, আপনিই বর্ষ, মাস, অয়নদ্বয়; হে দেবি! আপনি স্বধারূপে যেমন কব্যভোজন করেন, আবার স্বাহারূপে তদ্রূপ হব্যভোজনও করিয়া থাকেন। আপনিই শুক্লপক্ষে পূজ্য দেবগণ, আবার আপনিই কৃষ্ণপক্ষে পূজনীয় পিতৃগণ। আপনিই নিষ্প্রপঞ্চ সত্যস্বরূপ; আপনাকে প্রণাম করিয়া বোধিত করিতেছি, আপনি আমাদিগের প্রতি প্রসন্ন হউন। আপনার চরণারবিন্দধ্যানযোগী জনগণ, উত্তরায়ণে সূর্য্য দ্বারা মুক্তিরূপিণী আপনাকে প্রাপ্ত হ'ন। আর দক্ষিণায়নে সূক্ষ্মা মুক্তিস্বরূপা আপনাকে চন্দ্র দ্বারা লাভ করেন। উচ্চকে নীচ করিতে এবং নীচকে উচ্চ করিতে, চন্দ্রকে সূর্য্য করিতে আর সূর্য্যকে চন্দ্র করিতে আপনিই সমর্থা, এখন অকালে শক্তিরূপা হউন; আপনাকে নমস্কার করিয়া বোধিত করি, অতএব প্রসন্ন হউন। রাম, রাবণ, রুদ্র, ইন্দ্র এবং অস্মদাদি ব্যক্তিতে যে যে শক্তি বর্ত্তমান, সে সবই আপনি। সেই সর্ব্বশক্তিরূপিণী আপনি সমষ্টিরূপে একমাত্র রামেতেই প্রবৃত্ত হউন; হে দেবি। সেই জন্যই আপনাকে বোধিত করিতেছি, আমাদের প্রতি প্রসন্ন হউন। দেবী বলিলেন, সেই মহেশ্বরী ব্রহ্মকৃত এই সব স্তবে প্রবুদ্ধ হইয়া তৎক্ষণাৎ বাল্য পরিত্যাগপূর্ব্বক যুবতীরূপ ধারণ করিলেন। তিনি নিদ্রা পরিত্যাগ করিয়া উঠিয়া দেবগণের দৃষ্টিপথবর্ত্তিনী হইলেন, তাঁহার নাম হইল উগ্রচণ্ডা। উগ্রচণ্ডা—চণ্ডী বলিলেন, তোমাদের প্রতি আমি তুষ্টা হইয়াছি, অভীষ্ট বিষয় প্রার্থনা কর। দেবতারা তাঁহার শরণাপন্ন হইলেন। ব্রহ্মা হৃষ্টচিত্ত হইয়া দেবগণের সাক্ষাতেই শ্রীমতী চণ্ডীকে স্বীয় অভীষ্ট বিষয় কীর্ত্তন করিলেন, রাবণ-বধের জন্য এবং রামের প্রতি অনুগ্রহ করিবার জন্য—হে দেবি! শিবে! অকালে আমি তোমার বোধন করিয়াছি। অতএব অদ্য শুভ আশ্বিন মাসের আর্দ্রাযুক্ত কৃষ্ণনবমীতিথি, আজ হইতে যাবৎ রাবণ-বধ না হয়, তাবৎ আপনাকে আমরা পূজা করিব; তার পর আমরা বিসর্জ্জন করিলে যথাস্থানে যাইবেন। যাবৎ সৃষ্টি থাকিবে, স্বর্গ, মর্ত্ত্য, পাতালে সুর-নরাদি তাবৎ এইরূপে—সবিশেষে আপনাকে পূজা করিবে। হে জগদম্বিকে! মহেশ্বরি! আর্দ্রা-নক্ষত্রযুক্ত কৃষ্ণপক্ষীয় নবমীতিথিতে আপনার বোধন মহাপূজার জন্য লোকে করিবে।

---

* মূলে "ব্রহ্মাণ্ডানি কোটি কোটীঃ" আছে; সে পাঠ ভাল নহে। "ব্রহ্মাণ্ডানাং কোটিকোটীঃ" এই পাঠ হইবে। সম্পাদক।

দেবী বলিলেন, ব্রহ্মা এই কথা বলিলে, লোকের ঐহিক পারত্রিক অনুগ্রহ করিবার জন্ত দয়াময়ী দেবী চণ্ডিকা বলিলেন, হে মহামতে ব্রহ্মন্! তথাস্তু, তোমার বাক্য সত্য হউক; তুমি আমার বোধন করিলে, অতএব তোমার কামনানুযায়ী কার্য্য আমি করিব। মহাবল রাক্ষস কুম্ভকর্ণ আজ মরিবে, অষ্টিকায় ত্রয়োদশী তিথিতে লক্ষ্মণাস্ত্রে মরিবে। রাবণ চতুর্দ্দশীতে যুদ্ধযাত্রা করিবে। লক্ষ্মণ অমাবস্যা-নিশীথে ইন্দ্রজিৎকে নিহত করিবেন। প্রতিপদে মকরাক্ষ, আর দ্বিতীয়াতে দেবান্তকাদি রাক্ষসেরা নিহত হইবে। অনন্তর সুমেরুবৎ-সারসম্পন্ন দিব্য অদ্ভুত শ্রীরাম-শরাসনে আমি সপ্তমীতিথিতে প্রবিষ্ট হইব। তার পর অষ্টমীতে রামরাবণে যুদ্ধ হইবে। রাম-রাবণের তুমুল যুদ্ধ ত্রৈলোক্য-বাসীরা দেখিবে। অষ্টমী-নবমী-সন্ধিক্ষণে রাবণের মস্তকসমূহ ছিন্ন হইয়া পতিত হইবে। রাবণের শিরঃসমূহ পুনঃপুনঃ উত্থিত ও নিপতিত হইবে। শুক্লা নবমী তিথি অপরাহ্নে, রাবণ-বধ হইবে। জয়যুক্ত রাম দশমীতে পরমানন্দযুক্ত হইবেন। অদ্য যেমন আমার পূজা করিবে, এইরূপ পঞ্চদশ দিন আমার পূজা-মহোৎসব হইবে। অদ্য হইতে শুক্লষষ্ঠী পর্য্যন্ত তের দিন, বিচক্ষণ ব্যক্তি, বিল্ববৃক্ষে আমার পূজা করিবে। সপ্তমীতে গৃহে আনিয়া পূজা করিবে। তৎপরে দুই দিন, নানাবিধ বলি, পূজা ও জাগরণাদি দ্বারা আমার পূজা করিবে। (বিশেষতঃ) মহা-অষ্টমীতে উপবাস-অবলম্বনপূর্ব্বক এবং নবমীতে বলিদান দ্বারা মহাভক্তিসহকারে আমার পূজা করিবে। কোটিযোগিনীর পূজাও ঐ দুই দিন কর্ত্তব্য। অষ্টমী-নবমীর সন্ধিক্ষণ—মদীয় পূজার বৎসর তুল্য কাল, তন্মধ্যে আবার নবমীক্ষণ কল্প স্বরূপ কাল—অর্থাৎ অষ্টমীক্ষণে একবার পূজা করিলে, দেবীর বৎসর ব্যাপিনী পূজার ফল হয়; নবমীক্ষণে পূজা করিলে কল্পব্যাপিনী পূজার ফল হয়। অষ্টমী নবমী এই দুই দিন কাল পূজা সর্ব্বস্ব ব্যয় করিয়াও কর্ত্তব্য। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, সকলেই বিষয়কার্য্য, হিংসা, কলহ এবং মাৎসর্য্য পরিত্যাগ পূর্ব্বক ভক্তি-সহকারে, পূজা করিবে, ব্যয়ে অপ্রসন্নচিত্ত হইবে না, সতত লাভ-বুদ্ধি-যুক্ত থাকিবে। অধ্যয়ন, অধ্যাপনা, যুদ্ধ, ক্রয়, বিক্রয়, মূল্যস্থিরীকরণ বা কর্ষণাদি, সে সময়ে এসব কিছুই কর্ত্তব্য নহে। ভগলিঙ্গ-নামযুক্ত শৃঙ্গারবচন দ্বারা গান করা কর্ত্তব্য। আর ব্রাহ্মণ ভোজন এবং স্ত্রীলোকের সন্তোষ সাধন করিতে হয়। তৎকালে ঘৃতাক্ত বিল্বপত্র দ্বারা পরমাদরে হোম করিবে। যে ব্যক্তি এইরূপ পূজা করিবে, সে সর্ব্ব কার্য্যে সমর্থ হইবে। শরৎকালে এই মদীয় পর্য্যাপ্ত পূজা না করিলে পাপী হয়, আপনি বহুকাল নরক ভোগ করে এবং পিতৃ-গণকে ও দেবগণকে পীড়িত করে। মহাবিপদ্ হইতে পার করেন বলিয়া সেই অষ্টমীর নাম মহাষ্টমী। আর মহাসম্পদ্ প্রদান করেন বলিয়া সেই নবমীর নাম মহানবমী। যে কোন কর্ম্মের আরম্ভ বিজয়া দশমীতে প্রশস্ত। হে ব্রহ্মন্! সপ্তমী হইতে দশমী পর্য্যন্ত তিথিচ-তুষ্টয়ে, যথাক্রমে, মূলা, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া এবং শ্রবণা নক্ষত্র হইলে, তৎকালে পূজার বহুতর ফল হয়। এই মহাপূজা করিলে আমার যেরূপ প্রীতি জন্মিবে এবং রাবণকে

বধ করিলে যেরূপ রামের কীর্ত্তি প্রচুর, তদ্রূপ আমার এই পূজা সংস্থাপন করাতে তোমারও মহতী কীর্ত্তি হইবে। হে মহাভাগ! আমার এই শারদী পূজা প্রথমে তুমি কর, আর স্বর্গ ভূমণ্ডল প্রভৃতি স্থানে দেবতাদি দ্বারাও এই পূজা করাও। এই বলিয়া মহাদেবী তথায় অন্তর্হিত হইলেন। দেবতারা দেবীকে স্বর্গে পূজা করিলেন। মনুষ্যরূপী হইয়া দেবতারা ভূতলে মহাপূজা প্রবর্ত্তিত করিলেন। এদিকে রামও নবমীদিনে রাবণা-নুজ কুম্ভকর্ণকে বধ করিলেন। তার পর অতিকায়ের মৃত্যু হইল। রাবণের যুদ্ধযাত্রা, ইন্দ্রজিৎবধ, মকরাক্ষবধ, দেবান্তকাদিবধ শুক্লদ্বিতীয়া পর্য্যন্ত হইল। এইরূপ নয় দিন দিবারাত্র মহাযুদ্ধে রাক্ষসগণের হস্তে বহুকোটি বানর বিনষ্ট হয়। অশ্ব, হস্তী, রথ, পদাতির সহিত পঞ্চ লক্ষ কোটি ষোড়শ সহস্র রাক্ষসবীর নিপতিত হয়। হে সখি! সে সঙ্গে বহুতর কবন্ধ নৃত্য করিয়াছিল, ছিন্নমুণ্ডগণ হাস্য করিয়াছিল। মুণ্ডমালাসঙ্কুল, ঘোরতর লক্ষ লক্ষ সাগরগামিনী রক্তনদী সেই ভয়ানক মহাযুদ্ধে বেগে বহিয়াছিল। কাকেরা পরমাদরে ঊর্দ্ধমুখে রক্ত পান করিতে লাগিল। তার পর তৃতীয়া হইতে রাম-রাবণের মহাভয়ানক দারুণ মহাযুদ্ধ আরম্ভ হইল। এই যুদ্ধ পূর্ব্বকার নয় দিন যুদ্ধের দ্বিগুণ এবং তদপেক্ষা তুমুল হইল। রাম, রাবণের প্রতি বহু শর বর্ষণ করিলেন। অনন্তর মহৎ বাক্যযুদ্ধ করিয়া রাম সুদীপ্ত ধনু গ্রহণ করিলেন। তখন রাম দুর্দ্দর্শনীয় এবং অতি ভয়ঙ্কর হইলেন। রাম, সেই সুমেরুতুল্য গুরু শরাসনে দশ বাণ সন্ধান করিলেন এবং অষ্টমী-নবমী-সন্ধিক্ষণে রাবণের দশ মুণ্ড ছেদন করিয়া ফেলিলেন। রঘুবর রাম, এইরূপ এক-শ আটবার রাবণের দশ মস্তক ছেদন করিলেন। পরিশেষে নবমীর অপরাহ্নে, রাবণকে নিপাতিত করিলেন। জগতের আর্ত্তনাদ-সম্পাদক, লোক-কণ্টক দশাস্য বিংশতি-ভুজসম্পন্ন মহাবীর রাবণ নিপতিত হইলে, সমগ্র পৃথিবী পর্ব্বত-রাজি এবং সমুদ্র সকল বিকম্পিত হইল। স্ত্রীগণ আসিয়া রোদন করিতে লাগিল। বিভীষণ রাবণের 'সৎকার' করিলেন। হে জয়ে! হে বিজয়ে! অনন্তর রঘুনন্দন, দশমীর নির্ম্মল প্রাতঃকালে সীতাকে আনাইয়া দেখিলেন, তিনি অতীব কৃশা হইয়াছেন। বানরগণ সীতাকে দেখিল, যেন সাক্ষাৎ লক্ষ্মী। অনন্তর তাহারা পরম ভক্তিসহকারে জননীর ন্যায় জানকীকে প্রণাম করিল। তাহারা বলিতে লাগিল, "আমরা যাঁহার জন্য বার বার ভূমণ্ডল অন্বেষণ করিয়াছি, যাঁহার জন্য সুগ্রীব রামের সখা, যাঁহার জন্য বালী নষ্ট হইয়াছে, যাঁহার জন্য লঙ্কা দগ্ধ হইয়াছে এবং যাঁহারই জন্য সমুদ্রবন্ধন, ইনিই সেই রাজস্নুষা, জনক-রাজনন্দিনী রামভার্য্যা সীতা।" দেবী বলিলেন, অনন্তর সীতা রামের কথায় অগ্নি-প্রবেশ করিতে ইচ্ছা করিলেন। ব্রহ্মা শিব প্রভৃতি দেবতা সকলে আসিয়া সীতাকে পরিত্যাগ করিতে শ্রীরামকে নিষেধ করিলেন। শ্রীরাম, অগ্নিপ্রবিষ্টা নিষ্পাপা সীতাকে প্রাপ্ত হইলেন। ইন্দ্র, মৃত বানর-ভল্লুকগণকে অমৃত-বর্ষণে বাঁচাইয়া দিলেন। লঙ্কায় বিভীষণকে রাজা করিয়া, বিভীষণ ও নিখিল বানর-ভল্লুক সমভিব্যাহারে লঙ্কা

হইতে গমন করিলেন। প্রভু রাম, সেতুবন্ধে শিবস্থাপনা ও পিতৃসত্য পালন করিয়া পুরবাসিগণের অতীব আনন্দবিধান করত অযোধ্যায় প্রত্যাগত হইলেন। দশসহস্র বৎসর এবং দশশত বৎসর অর্থাৎ একাদশ সহস্র বৎসর রাজ্য করিয়া রাম, ব্রহ্মরূপতা অর্থাৎ স্বরূপত্ব প্রাপ্ত হইলেন। এই তোমাদিগকে কালতীর্থসমূহের কথা একবারে বলিলাম, আশ্বিন মাসের শেষ তীর্থ হইল আশ্বিনী-পূর্ণিমা।

দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত॥ ২২॥

ত্রয়োবিংশ অধ্যায়।

দেবী কহিলেন, আশ্বিনমাসের পৌর্ণমাসী রাত্রিতে কমল-সম্ভবা ভগবতী লক্ষ্মী, কৃপা-পরবশ হইয়া সর্ব্বত্র বিচরণ করত বলিয়া থাকেন, এই মহীমণ্ডলে কোন্ ব্যক্তি সমস্ত দিবস উপবাসী থাকিয়া প্রদোষ সময়ে আমার অর্চ্চনাপূর্ব্বক নারিকেলোদক পান করিয়া রাত্রি-জাগরণ করিতেছে? আমি তাহাকে চতুর্ব্বর্গদানে অনুগৃহীত করিব। হে সহচরীদ্বয়! এই নিমিত্ত পরমৈশ্বর্য্য-প্রার্থী মানব, ঐ দিবস প্রদোষকালে ভক্তিভাবে লক্ষ্মীর অর্চ্চনা করিবে, তাহার পর শুভদীপান্বিতা নামে অমাবস্যা, ঐ দিন সকলেরই পার্ব্বণশ্রাদ্ধ করা কর্ত্তব্য এবং সায়ংকালে পিতৃগণকে বিসর্জ্জন করিবে। পূর্ব্বে দিগম্বরী ভগবতী কালী, অসুর-দিগের সংহার ও সুরগণের মঙ্গলের জন্য ঐ অমাবস্যার নিশীথকালে ভূতলে অবতীর্ণ হইলে, যখন পৃথিবী তদীয় ভারে কম্পিতা হইতে লাগিলেন, তখন শঙ্কর শবরূপ অবলম্বন পূর্ব্বক সেই ত্রিলোচনাকে ধারণ করিলে কূর্ম্ম, অনন্ত ও বসুন্ধরাদি সমুদয় স্থিরতা প্রাপ্ত হইলেন। এইজন্য জিতেন্দ্রিয় জিতাহার জিতনিদ্র মহাশয় দ্বিজাতিগণ, ঐ দিবসে পশু, পুষ্প, বস্ত্র, অলঙ্কার, বিবিধ খাদ্যদ্রব্য এবং দীপমালা দ্বারা তাঁহাকে পূজা করিয়া নৃত্য ও গীত ও ভগ-লিঙ্গাদি শব্দ উচ্চারণ করিবে। সেই দেবদেবী মহাকালীর মনোহর বাম বাহু-দ্বয়ে বর ও অভয়মুদ্রা এবং দক্ষিণ করদ্বয়ে অসি ও নরমুণ্ড শোভা পাইতেছে। তিনি শবরূপ মহাদেবের হৃদয়রূপ আসনে অধিষ্ঠিতা এবং বিবিধ ভূষণে ভূষিতা। সেই নিষ্কলা শিবা চতুর্ভুজা মহাকালীর প্রলয়কালীন নিবিড় অন্ধকারবৎ সমুজ্জ্বল দেহকান্তি নিরীক্ষণ করিলে বোধ হয় যেন কোটি কোটি পাপান্ধকার সংহার করিতেছেন। তাঁহার কেশপাশ আলুলায়িত, কটিদেশ বসন-বিহীন, স্তনদ্বয় স্থূল ও উন্নত এবং ওষ্ঠের উভয় প্রান্ত হইতে নিরন্তর রক্তধারা গলিত হইয়া অসুরগণকে ভয়প্রদান করিতেছে। সেই ব্রহ্মা বিষ্ণু ও ইন্দ্রাদি দেবগণের বন্দনীয় কালরূপিণী কালিকার চতুর্দ্দিকে যোগিনীগণ, পরস্পর শোণিত ও আসবমধু দান ও পান করত নৃত্য করিতেছে। মানবগণ এইরূপ চিন্তা করিয়া পরমানন্দে সমুদয় সুরগণ ও পরমাত্মা বিষ্ণুর প্রীতির জন্য নানাবিধ বাদ্যোদ্যমের সহিত মহাষ্টমী-বিধানে কিংবা তন্ত্রোক্তবিধানে প্রহরে প্রহরে সেই জগন্ময়ীকে পূজা করিয়া ব্রাহ্ম-

মুহূর্ত্তে ব্রাহ্মণগণকে বিপুল দক্ষিণা দান ও বিসর্জ্জনান্তে পরদিন ভক্তিসহকারে বহুল ব্রাহ্মণভোজন করাইবে। অনন্তর সর্ব্বজনবিদিত কার্ত্তিকী-পূর্ণিমা, ঐ দিবসে নন্দনন্দন শ্রীকৃষ্ণ, গোপিকাগণের সহিত রাসলীলা করিয়াছিলেন। এজন্য মানবগণ, নিশাকর সম্পূর্ণতা প্রাপ্ত হইলে ঐ তিথিতে সমস্ত দিবস উপবাসী থাকিয়া সায়ংকাল অতিক্রম পূর্ব্বক মৃণ্ময়াদি প্রতিমার উপর সানন্দে গোপিকাগণের সহিত নবঘনশ্যাম, বনমালা-সুশোভিত, হার-কেয়ূরালঙ্কৃত, সুবর্ণসম সমুজ্জ্বল পীতাম্বরধারী; কর্ণে কুণ্ডল, ললাটে গোরোচনা-নির্ম্মিত তিলক ও চরণদ্বয়ে সুমধুর শব্দায়মান মণিময় নূপুরযুগলে বিরাজমান; পরমরসিকা কনককান্তি লোহিতনয়না কামবশে স্খলিতবসনা এবং যাহারা প্রত্যেকেই নিজ নিজ নিকটে ভগবান্ শ্রীকৃষ্ণের পূর্ণরূপ ও অন্যত্র প্রতিবিম্বময়ী মূর্ত্তি বিবেচনা করিতেছেন, ঈদৃশ যুবতীগণে বিমণ্ডিত; বহুল গোপিকাগণের মনস্তুষ্টির জন্য সর্ব্বসমীপে মনোহর মূর্ত্তিতে শোভমান; মদভ্রান্তলোচন; পার্শ্বস্থ যুবতীদ্বয়ের মধ্যবর্ত্তী; প্রেমভাবপূর্ণ; যুগল-কৈশোর; ব্রহ্মবন্দিত, জ্যোৎস্না-পুষ্প-সুশোভিত মনোহর বৃন্দাবনবিহারী নন্দ-নন্দনকে ধ্যান করিয়া স্বাগতপ্রশ্ন, আসন, পাদ্য, বস্ত্র, অলঙ্কার ও বিবিধ নৈবেদ্য দানে অর্চ্চনা পুরঃসর নৃত্যগীত ও বাদ্যসহকারে গোপিকোৎসব করিবে। অতঃপর পর-দিন সমাদর পূর্ব্বক দক্ষিণাদানে ব্রাহ্মণকে পরিতুষ্ট করিয়া মহাসমারোহে প্রতিমা সকল বিসর্জ্জন করত বিপ্রগণকে বিবিধ মিষ্টান্ন ভোজন করাইবে। তাহা হইলে মানব অনায়াসে সমুদয় পাপপুঞ্জ অতিক্রম করিয়া পুত্র-পৌত্র ও স্বজনগণের সহিত অন্তে বৈকুণ্ঠনাথের চরণ-যুগল লাভ করিতে পারিবে। অনন্তর অগ্রহায়ণ-মাসীয় পৌর্ণ-মাসী মৃগশিরানক্ষত্রযুক্ত হইলে পরম পুণ্যজনক কালতীর্থ বলিয়া কথিত হইয়া থাকে। মুখ্যচান্দ্র পৌষ এবং গৌণচান্দ্র মাঘ মাসে দিবসে অমাবস্যা যদি শ্রবণানক্ষত্র রবিবার ও ব্যতিপাতযোগযুক্ত হয়, তাহা হইলে উহার নাম অর্দ্ধোদয় যোগ; ঐ কাল কোটিসূর্য্য-গ্রহণের তুল্য। ঐ সময় স্নান-দানাদি সৎকর্ম্ম এবং উত্তম তীর্থস্থলে শ্রাদ্ধ করা কর্ত্তব্য। উহা অপেক্ষা পুণ্যজনক কালতীর্থ আর কিছুই নাই। পুণ্যপ্রার্থী মানবগণের উহাকে অতি সুদুর্লভ জ্ঞান করা উচিত। তৎপরে ফাল্গুন মাসের শুক্লা দ্বাদশী গোবিন্দদ্বাদশী নামে অভিহিত হইয়া থাকে। মানব পূর্ব্বদিন গোবিন্দ নাম স্মরণ করত সংযত থাকিয়া পূর্ব্বাহ্নব্যাপী ঐ দ্বাদশীতে দ্বাদশবিধ পুষ্প ও তুলসী চয়ন করিয়া তদ্দ্বারা এবং চন্দনাদি উপকরণ ও দ্বাদশ নৈবেদ্য দ্বারা ভগবান্ গোবিন্দকে অর্চ্চনাপূর্ব্বক সমাহিত-চিত্তে ইন্দ্র, সুরভি, গোবর্দ্ধন-গিরি, গো ও গোপ-গোপীগণকে পূজা করিবে, পরে দ্বাদশ জন ব্রাহ্মণকে ভোজন করাইয়া স্বয়ং ফলমূল ভক্ষণ করিবে। সখীদ্বয় কহিলেন, হে মাতঃ! হে দেবি শঙ্করি! কি জন্য ভাদ্র মাসে না হইয়া ফাল্গুন মাসে এরূপ বিধান হইল? তখন দেবী কহিলেন, পূর্ব্বে ভাদ্র মাসে দ্বাদশীতিথিতে দেবদেবেশ্বর ভগবান্ হরি ইন্দ্রকর্ত্তৃক সুরভির দুগ্ধ দ্বারা অভিষিক্ত হইয়াছিলেন, তৎশ্রবণে সাগর

মনে মনে চিন্তা করেন, কিরূপে আমি ঐ তিথিতে জগৎপতি গোবিন্দকে স্বীয় সলিলে অভিষিক্ত করিব? ইন্দ্র সুরভির দুগ্ধ সার্থক করিয়াছেন। যাহাই হউক, আমিও ঐ দিনে পরমাত্মা গোবিন্দকে অভিষেক করিব। ভাল, ঐ দ্বাদশীই বা আমার জল ব্যতীত মহাত্মা গোবিন্দের অভিষেকার্থ কি প্রকারে উপস্থিত হইল? সরিৎপতি এইরূপ চিন্তা করিয়া ঐ ভাদ্র-দ্বাদশীর অন্বেষণার্থ বিপ্ররূপে ভূমণ্ডলে ভ্রমণ করিতে লাগিলেন। অনন্তর একদা ভাদ্র মাস হইতে সপ্তম ফাল্গুন মাসে দ্বাদশীকে সন্দর্শন করিয়া তাঁহার প্রতি কোপাবিষ্ট হইলে গৌরাঙ্গী পীতবসনা দ্বিভুজা-শ্যামপৃষ্ঠিকা দেবী দ্বাদশী স্বমূর্ত্তি ধারণপূর্ব্বক জলধিনিকটে উপস্থিত হইয়া সবিনয়ে কহিলেন, হে সরিৎপতে! আমি ভাদ্র ও ফাল্গুন মাসে একরূপেই উপস্থিত হইয়া থাকি, অতএব আপনি এই ফাল্গুনী দ্বাদশীতেই অভীষ্টব্রতই সমাধা করুন। তখন দ্বাদশীর তাদৃশ সবিনয় বাক্য শ্রবণ করিয়া রত্নাকর কহিলেন, হে দ্বাদশি! তুমি কি জন্য ভীতা হইতেছ? আমি জানি, তুমি ভাদ্র ও ফাল্গুন মাসের শুক্লপক্ষে একরূপেই আগমন কর; পূর্ব্বে এই ফাল্গুন-দ্বাদশীতে কশ্যপাদিতি-সম্ভূত শ্রীপতি দেবরাজ কর্ত্তৃক অভিষিক্ত হইয়া যজ্ঞসূত্র ধারণপূর্ব্বক বামনরূপে বলিরাজকে ছলনা করিয়া পুনরায় ইন্দ্রকে ত্রৈলোক্য-রাজ্য দান করিয়াছিলেন; অতএব আমিও আজ তোমাতে যদুনন্দনের পূজা করিব। আজ হইতে সকলে ভাদ্র-দ্বাদশীকে অতিক্রম করিয়া, ফাল্গুন-দ্বাদশীতে গোবিন্দকে অর্চ্চনা করিবে এবং ত্রয়োদশীতে এই বিবরণ শ্রবণ করিয়া বিপ্রগণকে ভোজন করাইবে ও স্বয়ংও ভোজন করিবে। দ্বাদশী দেবী জলেশ্বর কর্ত্তৃক এইরূপ কথিতা হইয়া তাঁহাকে প্রণাম করিতেছেন, ইত্যবসরে অভীষ্টপ্রদ অদ্ভুতাকার দেব দেবকীনন্দন হরিকে তথায় প্রাদুর্ভূত দেখিয়া সরিৎপতি রোমাঞ্চিত-কলেবরে তাঁহার অভিষেক করিলেন। তখন সর্ব্বদিকে শঙ্খনিনাদ ও জয়ধ্বনি হইতে লাগিল। ভগবান্ কৃষ্ণ এইরূপে অভিষিক্ত হইয়া ইন্দ্রাদি দেবগণের সহিত প্রস্থান করিলে সুরপূজিত সরিৎপতিও আপনাকে কৃতার্থ জ্ঞান করিয়া নিজালয়ে গমন করিলেন। হে সখীদ্বয়! এই আমি তোমাদিগের নিকট কালতীর্থ-দ্বাদশীর বিষয় বর্ণন করিলাম। কি স্ত্রী, কি পুরুষ, সকলেরই প্রতিবর্ষ এই দ্বাদশী-ব্রত কর্ত্তব্য। নরনারীগণ শুদ্ধকালে এই ব্রত আরম্ভ করিয়া দ্বাদশ বৎসর কাল প্রতিবর্ষ ফাল্গুন মাসের শুক্ল দ্বাদশীতে ভক্তিসহকারে ভগবান্‌কে পূজা করিবে এবং পূর্ণ দ্বাদশবর্ষে শুদ্ধ সময়ে উহা প্রতিষ্ঠা করিবে। ঐ সময়ে দ্বাদশ-সংখ্যক আহুতি দানান্তে দ্বাদশ জন ব্রাহ্মণকে দ্বাদশবিধ মিষ্ট দ্রব্য ভোজন করাইবে এবং দ্বাদশ বার দ্বাদশাক্ষর মন্ত্র জপ করিয়া বক্ষ্যমাণ দ্বাদশ মন্ত্রাত্মক স্তব পাঠ করিবে। যথা,—হে গদাধর! তুমি অনন্ত জগতের আধার এবং প্রণব ও আদিব্রহ্মস্বরূপ; অতএব তোমাকে নমস্কার। হে পদ্ম-পলাশলোচন! হে নবঘনশ্যাম! হে নরোত্তম! হে নারায়ণ! তুমি লক্ষ্মীকান্ত ও অবিনাশী; তোমাকে প্রণিপাত করি। হে প্রভো! তুমি ভক্তগণের নিখিল অজ্ঞানান্ধকার

র করিয়া থাক এবং ব্রহ্মময় আনন্দে বিভোর, মোক্ষলক্ষ্মী নিরন্তর তোমার চরণ-
মল সেবা করিতেছেন, অতএব তোমাকে নমস্কার। হে মঙ্গলময়! হে মঙ্গলপ্রিয়!
মি সতত মঙ্গলময় উদধিতে শয়ন করিতেছ; যাহারা তোমাকে ভজনা করে, তুমি
াহাদিগের সমুদয় ভয় নিবারণ করিয়া থাক; অতএব তোমাকে প্রণাম করি। হে দেব!
মি সকলের শ্রেষ্ঠ ও দুর্জ্জেয়, তুমি সমস্ত আকাশ-ব্যাপক, অথচ আকাশ তোমাকে
ক্ষা করিতে পারে না, আমি তোমাকে নমস্কার করি। হে বরহস্ত! তুমি সকলের
রেণ্য ও বরনাথ এবং জগতের বরবীজস্বরূপ; সকলে তোমার চরণযুগল বন্দনা করিয়া
াকে, অতএব তোমাকে নমস্কার। হে তেজোময়! ত্বদীয় তেজে ত্রিভুবন প্রদীপ্ত
ইতেছে, তুমি তেজঃ ও প্রসাদস্বরূপ, আমি তোমাকে প্রণিপাত করি। তুমি সর্ব্বপ্রাণীর
ন্ধু, ত্বদীয় বাহুবলের পরিসীমা নাই। তুমি নবকিশোর-মূর্ত্তি এবং বাণীকান্ত। তুমি
ায়ুরূপে সতত প্রবাহিত হইতেছ, তোমাকে নমস্কার। হে মহাত্মন্! তুমি সুখময়,
খেগম্য সুখপ্রদ ও পরমসুন্দর, সপ্তসাগর তোমার অংশলেশমাত্র; তোমাকে নমস্কার করি।
ুমিই বেদ্য এবং তুমিই বেদক। তুমি দেবগণের দেহস্বরূপ এবং ত্রিকোটি দেবগণের
দবতা, তোমাকে নমস্কার। তুমি বামদেবস্বরূপ এবং জগতের মঙ্গলার্থ বামন ও বরাহ
ূর্ত্তি ধারণ করিয়াছ, তোমার কলেবর বালকের ন্যায় কমনীয়; আমি তোমাকে বারংবার
মস্কার করি। তুমিই যজ্ঞ, তুমিই যজমান ও তুমিই যজুরাদি চতুর্ব্বেদাভিজ্ঞ।
াজ্ঞিকগণ যজ্ঞস্থলে তোমাকেই পূজা করিয়া থাকে, অতএব আমি তোমাকে পুনঃপুনঃ
মস্কার করি। এই দ্বাদশমন্ত্রাত্মক স্তব সমুদয় স্তবের মধ্যে শ্রেষ্ঠ, ইহা জপ ও পাঠ
রা সকলেরই কর্ত্তব্য, ইহা সমুদয় বেদার্থসার বলিয়া ব্রহ্মলোকে ও স্বরসংযোগে পঠিত
ইয়া থাকে। যে ব্যক্তি, প্রতিদিন বিশেষতঃ ফাল্গুনী দ্বাদশীতে এই স্তুতিবাদ দ্বারা
গবান্ বাসুদেবকে স্তব করিয়া প্রণাম করে, সে নিখিল পাপরাশি হইতে বিমুক্ত হইয়া
ৈকুণ্ঠপদ প্রাপ্ত হয়। মানব, এইরূপে উক্ত দ্বাদশীব্রতের অনুষ্ঠান করিয়া গুরুকে প্রণাম
ূর্ব্বক বিপুল দক্ষিণা দান করিলে সমুদয় অভীষ্ট সিদ্ধ হইবে। অনন্তর ফাল্গুনী পৌর্ণ-
াসী মন্বন্তরা। অতঃপর, চৈত্রমাসীয় কৃষ্ণা ত্রয়োদশী শতভিষা নক্ষত্রযুক্ত হইলে বারুণী
ামে অভিহিতা হইয়া থাকে। পণ্ডিতগণ উহাতে শনিবারযোগ হইলে মহাবারুণী
বং অধিকন্ত শুভযোগ পাইলে মহামহাবারুণীরূপে ত্রিধা বিভক্ত করিয়াছেন। হে
াবি! ত্রিবিধা বারুণীই দুর্ল্লভ। বারুণীতে স্নানাদি করিলে সহস্র, মহাবারুণীতে লক্ষ
। মহামহাবারুণীতে কোটিসূর্য্য-গ্রহণকালীন স্নানাদির ফললাভ হইয়া থাকে। তৎপরে
ুক্লতৃতীয়া মন্বন্তরা। হে সতীবর! আমি দ্বাদশমাসীয় বিশেষ বিশেষ কালতীর্থের
িষয় বর্ণন করিলাম, এক্ষণে পুনরায় মানবগণের হিতজনক আত্মোপযুক্ত তীর্থের উল্লেখ
করিতেছি, শ্রবণ কর।

ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৩ ॥

চতুর্ব্বিংশ অধ্যায়।

দেব কহিলেন, নিজ জন্মদিবস, পিতামাতার মৃত্যুদিবস এবং যে দিবসে গুরুদর্শন হ যে দিবসে পুত্রাদির উপনয়নাদি সংস্কার হয়, যে দিবসে অতিথি ও সাধুজনের সমাগম হ যে সময়ে পুরাণ অধ্যয়ন বা আরম্ভ কিংবা আরম্ভের সমাপ্তি হয় ও যে দিবসে পুণ্যকর্ম্মে অভিলাষ হয়, তৎসমুদয় সম্বন্ধীয় কালতীর্থ বলিয়া কথিত আছে; আর যে দেশে ভগবতী ভাগীরথী বিদ্যমান, তথায় সর্ব্ব সময়ই তীর্থরূপে গণ্য। হে সখি! সোমবারে অমাবস্যা রবিবারে সপ্তমী, মঙ্গলবারে চতুর্থী, ও বৃহস্পতিবারে অষ্টমী সূর্য্যগ্রহণের সদৃশ ফলদায় এই নিমিত্ত সাধুগণ সতত ঐ সকল কালতীর্থের কামনা করিয়া থাকেন। মঙ্গলবার-যু অষ্টমী বা চতুর্দ্দশী শত-চন্দ্রগ্রহণতুল্য কালতীর্থ। বৃহস্পতিবার পুষ্যানক্ষত্র-যুক্ত হইলে সেই দিনে গঙ্গায় স্নানাদি করিলে ত্রিকোটিকুল উদ্ধার হইয়া থাকে। সৎকার্য্যারম্ভ বিষয়ে অমাবস্যা, ব্যতিপাত যোগ, রবিবার ও রবিসংক্রান্তি অতীব প্রশস্ত। অগ্রহায়ণ মাসে শুক্লপক্ষীয় দ্বাদশী তিথিতে ভগবান্ হরি, ত্রিলোকের সন্তোষার্থ বরাহনামক অসুরকে সংহার করিয়াছিলেন বলিয়া ঐ তিথির নাম বরাহদ্বাদশী হইয়াছে, উহা বরাহদেবের পরম প্রীতিপদ ও সৎকার্য্য বিষয়ে শ্রেষ্ঠ। মাঘমাসে বুধবার শুক্লাষ্টমী, বুধগ্রহের জন্মদিন ভাদ্র মাসের শুক্লা চতুর্দ্দশীতে অনন্তদেবের এবং কৃত্তিকা যোগ হেতু কার্ত্তিক মাসে ভগবান্ কার্ত্তিকেয়ের পূজা হইয়া থাকে, এজন্য ঐ সকল দিন ও যে দিনে সৎব্রতের অনুষ্ঠান হয় সেই সমস্ত দিন তীর্থ বলিয়া অভিহিত হইয়াছে। এক্ষণে অপর বিষয় আর কি কহিব প্রকাশ কর।

চতুর্ব্বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৪ ॥

পঞ্চবিংশ অধ্যায়।

ঋষ্যা বিজয়া কহিলেন, হে মাতঃ দুর্গে! হে মহেশানি! আপনি যে পুরাণের বিষয় কীর্ত্তন করিলেন, ঐ সমুদয় পুরাণের কি প্রকার মত এবং কি প্রকারেই বা উহা সমুদ্ভূত হইল তাহা প্রকাশ করুন। দেবী কহিলেন, হে সখীদ্বয়! তোমাদিগের জিজ্ঞাসিত বিষ যাহা পূর্ব্বে ভগবান্ ব্রহ্মা, প্রণয়ন করিয়া হৃদয় মধ্যে সযত্নে রক্ষা করিয়াছিলেন, যদি তাহা অতি গোপনীয় হইলেও, তোমরা যখন আমার প্রতি পরম ভক্তিমতী ও নিতা শ্রবণেচ্ছু হইয়াছ, তখন তাহা তোমাদিগের নিকট প্রকাশ করিতেছি, শ্রবণ কর। পূর্ব্বকালে ব্রহ্মা জগৎসৃজন করিতে ইচ্ছুক হইয়া প্রথমে নবসংখ্যক প্রজাপতির সৃ করিলেন। পরে ব্রহ্মা সমুদয় বিশ্ব অন্ধকারময় দেখিয়া বিস্ময়াবিষ্টহৃদয়ে, মরীচি প্রজাপতিগণের সহিত কিংকর্ত্তব্য-বিষয়ে চিন্তাকুল হইলে, সহসা গগনমণ্ডল হই

"তপ" অর্থাৎ তপোনুষ্ঠান কর, এই বর্ণদ্বয় সমুদ্ভূত হইল। হে সখি! তখন সূর্য্য-কিরণের ন্যায় সেই শব্দে সমুদয় দিক্ বিদিক্ পরিব্যাপ্ত ও আলোকিত হইল দর্শনে ব্রহ্মা পরম নির্বৃতি লাভ করিয়া চতুর্দ্দিক্-নিরীক্ষণার্থ সহসা চতুর্দ্দিকে স্বীয় বদনচতুষ্টয় বিস্তার করিলেন। অনন্তর তিনি, অগ্রে সুনির্ম্মল বাক্য এবং পরে চতুর্ব্বেদ ও বিবিধ সংহিতা সৃজন করিলেন। কারণ, বাক্যই পরম পবিত্র দ্রব্য, বাক্যই সর্ব্বশ্রেষ্ঠ, বাক্যই সর্ব্বাপেক্ষা সুস্বাদু, বাক্যই অমৃত ও বাক্যই বিষস্বরূপ এবং বাক্যই সকলকে পবিত্র করিয়া থাকে। কি বেদ, কি সংহিতা, কি মন্ত্র, কি কাব্য, কি পুরাণ, সমুদয়ই বাক্যময়। ধৈর্য্য বল, গাম্ভীর্য্য বল, শৌর্য্যাদি বল, জয় বল, অজয় বল, সমস্তই বাক্য হইতে সম্পন্ন হইয়া থাকে; এই নিমিত্তই ব্রহ্মা সর্ব্বাগ্রে ব্রহ্মরূপী বাক্য সৃজন করিয়া অকারাদি স্বর ও ককারাদি হলবর্ণ এবং স্বরবর্ণ ও হলবর্ণে পরস্পর সম্মিলিত বর্ণ সকল সৃজনান্তে ষটপঞ্চাশৎসংখ্যক ভাষা এবং বালকদিগের ভাষাজ্ঞানের জন্য নানাবিধ ব্যাকরণ শাস্ত্রের সৃষ্টি করিলেন। ঐ ব্যাকরণ হইতে পদজ্ঞান, দর্শন শাস্ত্র হইতে অর্থজ্ঞান, পুরাণাদি শাস্ত্র হইতে ধর্ম্মজ্ঞান ও মন্ত্র হইতে মুক্তিলাভ হইয়া থাকে। হে সখি! বাক্যই ব্রহ্মস্বরূপ। যে ব্যক্তি, সেই বাক্যব্রহ্মকে মিথ্যারূপে ব্যবহার করে, তাহাকে ঘোর নারকী ও মিথ্যাবাদী জানিবে। যদি মস্তক ছেদন বা জীবন বিসর্জ্জন করিতে হয়, তথাপি বাক্যরূপী ব্রহ্মকে মিথ্যা ব্যবহার করিবে না। স্বয়ং বসুমতী বলিয়াছেন, অসত্য অপেক্ষা অধর্ম্ম আর কিছুই নাই। যে ব্যক্তি সতত সত্যবাক্য প্রয়োগ ও গুরুসেবা করে, তাহার আর অন্য কোনরূপ কঠোর তপোনুষ্ঠানের প্রয়োজন নাই। হে সখীগণ! পূর্ব্বোক্ত পুরাণ দ্বিবিধ,—মহাপুরাণ ও উপপুরাণ এবং সমস্ত পুরাণই সত্যবাক্যময়। ঐ উভয়বিধ পুরাণই প্রত্যেকে অষ্টাদশসংখ্যক। সম্প্রতি, তাহাদিগের নাম উল্লেখ করিতেছি, অবহিতচিত্তে শ্রবণ কর। ব্রহ্মপুরাণ, পদ্মপুরাণ, ব্রহ্মাণ্ডপুরাণ, বিষ্ণুপুরাণ, ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, নৃসিংহপুরাণ, ভবিষ্যপুরাণ, গরুড়পুরাণ, লিঙ্গপুরাণ, শিবপুরাণ, বরাহ-পুরাণ, মার্কণ্ডেয়পুরাণ, স্কন্দপুরাণ, কূর্ম্মপুরাণ, মৎস্যপুরাণ, অগ্নিপুরাণ, বায়ুপুরাণ ও শ্রীমদ্ভাগবত, এই অষ্টাদশ মহাপুরাণ এবং আদিপুরাণ, আদিত্যপুরাণ; বৃহন্নারদীয়পুরাণ, নারদপুরাণ, নন্দিকেশ্বরপুরাণ, বৃহন্নন্দিকেশ্বরপুরাণ, সাম্বপুরাণ, ক্রিয়াযোগসার, কালিকা-পুরাণ, ধর্ম্মপুরাণ, বিষ্ণুধর্ম্মোত্তর, শিবধর্ম্মপুরাণ, বিষ্ণুধর্ম্মপুরাণ, বামনপুরাণ, বারুণপুরাণ, নরসিংহপুরাণ, ভার্গবপুরাণ ও বৃহদ্ধর্ম্মপুরাণ; এই অষ্টাদশসংখ্যক উপপুরাণ। এতদ্ভিন্ন মারীচ ও কাপিলাদি বহুতর সংহিতা আছে। উক্ত সমুদয় গ্রন্থেই ধর্ম্মের বিষয় সম্যক্ভাবে বর্ণিত হইয়াছে। মহর্ষি বাল্মীকি, রামায়ণ নামে যে মহাকাব্য রচনা করিয়াছেন, তাহাই নিখিলকাব্য, ইতিহাস, পুরাণ ও সংহিতার মূলস্বরূপ। মহর্ষি বেদব্যাস, ঐ রামায়ণকেই আদর্শ করিয়া হরিগুণালঙ্কৃত মহাভারত নামক পুরাতন ইতিহাস, নিখিল পুরাণ ও সংহিতা এবং অন্যান্য মহর্ষিগণও ঐরূপ নানা

পুস্তক প্রণয়ন করিয়াছেন। সমস্ত পুস্তকেই ধর্ম্মের গুণকীর্ত্তন ও অধর্ম্মের নিন্দাবাদ বর্ণিত হইয়াছে। যাহাদিগের বুদ্ধি ঐ সকল শাস্ত্রে প্রবর্ত্তিত হয়, তাঁহারা কখন মোহাভিভূত হন না এবং তাঁহারাই বহুদর্শী বলিয়া গণ্য। হে সখি! যে ব্যক্তি, সর্ব্বদা রামায়ণ, পুরাণ, মহাভারত এবং ধর্ম্মজনক মন্বাদি ধর্ম্মশাস্ত্র পাঠ, অভ্যাস ও পাঠনা করেন এবং তদুক্ত আচরণে প্রবৃত্ত হন, সেই ব্যক্তিই সংসার হইতে মুক্ত হইয়া থাকে। ধর্ম্মসংহিতা স্মৃতিশাস্ত্রে ধর্ম্মাধর্ম্ম নির্ণীত হইয়াছে এবং ইতিহাসাদিবাক্য তাহার নিদর্শন স্বরূপ। পূর্ব্বকালে ভগবান্ প্রজাপতি ব্রহ্মা পৃথগ্বিধ বর্ণ ও ভাষার সৃষ্টি করিয়া বর্ণাশ্রম-বিভাগানুসারে বহুবিধ ধর্ম্মসৃজনান্তে জনগণের মঙ্গলসাধনার্থ মনে মনে চিন্তা করিলেন যে, শাস্ত্র ব্যতীত কি প্রকারে প্রাণি-গণের ধর্ম্মজ্ঞান হইবে? এইরূপ চিন্তার পর অগ্রে পদজ্ঞানের জন্য নানাবিধ ব্যাকরণ ও পরে জগতী ও অনুষ্টুভ্ আদি ছন্দঃ সৃজন করিলেন। অনন্তর বর্ণাত্মিকা শুক্লবর্ণা দেবী সরস্বতী সমুদ্ভূতা হইলেন, তাঁহার মস্তকে চন্দ্রকলা, সর্ব্বাঙ্গে বিবিধ অলঙ্কার, ললাটদেশে তৃতীয় নেত্র এবং ভুজচতুষ্টয়ে সুধা, বিদ্যা, মুদ্রা ও অক্ষমালা বিরাজ করিতেছে। সেই চারুলোচনা সরস্বতীকে দেখিয়া প্রজাপতি জিজ্ঞাসা করিলেন, হে সুলোচনে! তুমি কে? কোথা হইতে আসিতেছ? তোমার প্রার্থনা কি? আমাকে তোমার জন্য কি করিতে হইবে? তোমার পিতাই বা কে? এবং পতিই বা কোন ব্যক্তি? তৎশ্রবণে সরস্বতী কহিলেন, যিনি আকাশ হইতে সমুদ্ভূত, যাঁহাকে বর্ণ-ব্রহ্ম বলে, আমি তাঁহা হইতেই জন্ম লাভ করিয়াছি, আমার নাম সরস্বতী। তুমি আমার অগ্রজ ভ্রাতা, অতএব যাহা বলিতেছি, শ্রবণ কর। হে বিধে! এক্ষণে আমার বাসস্থান ও পতির বিষয় স্থির কর, আমি নির্ম্মলরূপিণী; তোমারই কীর্ত্তির জন্য আমি জন্ম গ্রহণ করিয়াছি। বিধাতা কহিলেন, হে সুলোচনে! ভাল হইল, আমারও এইরূপ অভিপ্রায়। এক্ষণে আমার বদনচতুষ্টয়ই তোমার মনোনীত বাসস্থান হইবে এবং মদীয় হৃদয় মধ্যে যে ভগবান্ হরি বিরাজমান আছেন, তিনিই তোমার পতি হইবেন। সম্প্রতি তুমি কবিত্বশক্তিরূপে কবিগণের বদনে বাস কর। তাঁহারা বিবিধ শাস্ত্র রচনা করুন। ধর্ম্ম প্রবর্ত্তিত হউক। বিশ্বাত্মা বিশ্বভাবন তদীয় পতি ভগবান্ নারায়ণ, সমুদয় শাস্ত্রের অধিষ্ঠাত্রী দেবতা হইবেন। সরস্বতী কহিলেন হে ব্রহ্মন্! আমি একাকিনী কিরূপে নিখিল কবিগণের কবিত্বশক্তিতে বাস করিব? ইহা আমার অসঙ্গত বোধ হইতেছে, অতএব যাহা সঙ্গত হয়, প্রকাশ কর। ব্রহ্মা বলিলেন, হে দেবি! তুমি স্বয়ং ত্রিলোক পরিভ্রমণ করত উপযুক্ত ব্যক্তি অনুসন্ধান করিয়া দেখ, যাহার মুখ-মণ্ডলে তুমি কবিত্বশক্তিরূপে বাস করিবে। আর আমিও সমুদয় বর্ণনীয় বিষয়ের অগ্রগণ্য নিখিল ধর্ম্মের নিদর্শন স্বরূপ অনুপম ভবিষৎ বিষ্ণুচরিত্র যে সময় কল্পনা করিব, সেই সময় তুমিও তাহা প্রকাশ করিবে। আর, তুমি যাহাকে আশ্রয় করিবে, সেই আদি কবির কৃপাবলেই অন্যান্য অনেকে কবি মধ্যে গণ্য হইবে। দেবী কহিলেন, ব্রহ্মবাক্য-শ্রবণে ব্রহ্মমুখ-বাসিনী দেবী সরস্বতী, স্বীয় ঈপ্সিত

পাত্র অন্বেষণ করত সমুদয় বিশ্ব-মণ্ডল পর্য্যটন করিতে লাগিলেন। হে সখি! তিনি সপ্ত সুরলোকে সুরগণ এবং সপ্ত পাতালপুরে সর্পগণমধ্যে অন্বেষণ করিতে লাগিলে সম্পূর্ণ সত্যযুগ অতিক্রান্ত হইল। অনন্তর ত্রেতা যুগের আদিতে পৃথিবীর ভারতবর্ষে বিচরণ করিতে করিতে দেখিলেন, তপঃপ্রদীপ্ত-তেজাঃ মহর্ষি বাল্মীকি, শিষ্যগণ সমভিব্যাহারে তমসানদীতে অবগাহনান্তে দেবতর্পণ সমাপন করিয়া বনশোভাদর্শনে কৌতূহলাক্রান্ত হইয়া বিবিধ পাদপরাজি-রঞ্জিত তমসাতীরবর্ত্তী কাননমধ্যে বিচরণ করিতেছেন। তদীয় মস্তকে স্বর্ণপ্রভ জটাজাল, হস্তে কুশ এবং কটিতটে ব্যাঘ্রচর্ম্ম। তাঁহার শরীরকান্তি তাম্রের ন্যায়, বদনমণ্ডল ঈষৎ হাস্যযুক্ত, বক্ষঃস্থল উন্নত ও প্রশস্ত, নাভিদেশ গভীর, বাহুদ্বয় আজানুলম্বিত এবং গতি পুষ্পদন্ত নামক মাতঙ্গের ন্যায়। যে সকল মুনিগণ তথায় গমন ও আগমন করিতেছেন, সকলেই তাঁহাকে নমস্কার করিয়া যাইতেছেন। রাগ-শোকাদি-বর্জ্জিত ওঁ পরমতত্ত্ববিৎ বাল্মীকি এইরূপে ভ্রমণ করিতে করিতে সহসা এক বিহঙ্গমকে ব্যাধশরে নিহত ও তদীয় পত্নীকে উচ্চ করুণস্বরে বিলাপ করিতে দেখিয়া নিতান্ত শোকাভিভূত হইলেন; কিন্তু তাদৃশ ঋষিপ্রবরের অন্তঃকরণে তাদৃশ শোকসঞ্চার হওয়া নিতান্ত অসঙ্গত। যে মহর্ষির হৃদয়ে কখনই শোকাবেগ স্থান পায় নাই, আজ তিনি কি জন্য সহসা ঈদৃশ শোকাক্রান্ত হইলেন? এইরূপ বিবেচনা করিয়া তদীয় শিষ্যগণ অতীব আশ্চর্য্যান্বিত হইলেন। তখন, আকাশ-প্রভবা দেবী সরস্বতী, সেই শোক-মোহাদির অযোগ্য তপোনিধিকে তাদৃশাবস্থাপন্ন নিরীক্ষণ করিয়া তাঁহার শোকশান্তির জন্য কবিত্বশক্তিরূপে আস্য মধ্যে প্রবেশ করিবা মাত্র মুনিবর দয়াপরবশ হইয়া, ব্যাধকে কহিলেন,—রে নিষাদ; তুই যখন কামমোহিত বিহঙ্গম-মিথুনের একটীকে হত্যা করিলি, তখন অনন্তকাল তোর গতি হইবে না। মহর্ষি বাল্মীকির মুখনির্গত এই বাক্য চারিপাদে পূর্ণ এবং শোকসমুৎপন্ন বলিয়া উহার নাম শ্লোক হইল। সেই সময়, ত্রিভুবন মধ্যে চতুর্দ্দিকে জয়ধ্বনি হইতে লাগিল এবং বিপ্রগণ, সযত্নে ঐ শ্লোক উচ্চারণ করিতে লাগিলেন। মুনিবর বাল্মীকি, পক্ষি-শোক পরিত্যাগ করিয়া, ঐ চতুষ্চরণ শ্লোক উচ্চারণ করিবা মাত্র ভগবান্ ব্রহ্মা তথায় সমাগত হইয়া কহিলেন, হে মহর্ষে বাল্মীকে! অদ্য কবিত্বশক্তি-স্বরূপিণী দেবী বাণী স্বয়ং তোমার কণ্ঠে অধিষ্ঠান করিয়াছেন। তুমি এক্ষণে কাব্যরূপে বেদার্থ প্রকাশ করিবে। আমি পূর্ব্বে এই নিমিত্তই তোমাকে ভূতলে প্রেরণ করিয়াছি। হে মুনে! আমি সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা, ভগবান্ হরি আমার সৃষ্টিমধ্যে লীলা করিয়া থাকেন, অতএব তুমি সেই নারায়ণ-লীলা বর্ণন করিয়া মদীয় সৃষ্টির রক্ষা বিধান কর। ভগবান্ হরির লীলা লোকদিগের ধর্ম্ম-স্বরূপিণী ও সর্ব্বপাপ-বিনাশিনী, অতএব তুমি সেই লীলাময়ের লীলা বর্ণন করিলে, প্রাণিগণের পরম ধর্ম্ম সংস্থাপিত হইবে। হে বাল্মীকে! তুমি চিন্তা করিও না, কারণ কবিতা-ব্রহ্মরূপিণী ভগবতী বাণী, তদীয় মুখমণ্ডলে শ্লোক-

রূপে আবির্ভূতা হইয়াছেন। দেখ, একমাত্র কাব্যই চতুর্ব্বর্গ-ফলপ্রাপ্তির নিদানভূত। মহাত্মা মানবগণের পূর্ব্বসংস্কার বশতই কবিত্বশক্তি জন্মিয়া থাকে। কবিতা, নীচ-মুখে প্রকাশ পাইলেও কদাচ অবমাননা করা কর্ত্তব্য নহে। কাব্য, অসদর্থ হইলেও পুণ্যপ্রদ, সুতরাং সদর্থপূর্ণ হইলে তাহার কথা আর কি কহিব? একমাত্র শ্লোকই, কাব্য মধ্যে পরিগণিত, আর তুমি যে বিপুল শ্লোকপূর্ণ বিষ্ণুলীলা বর্ণন করিবে, তাহা মহাকাব্য হইবে। তুমি ঐ কাব্যে নাতি বিস্তৃত পৃথক্ পৃথক্ সর্গ রচনা করিবে। দেবর্ষি নারদের মুখে তুমি যে হরিলীলার বিষয় অবগত হইয়াছ, হে মহাভাগ! তাহাই বর্ণনা করিবে, তাহাতেই সর্ব্বার্থসিদ্ধি হইবে। তুমি, ভাবি-রামলীলাময় মহাকাব্য প্রণয়ন করিলে, জগতে অপরাপর কবিগণ, তাহারই অনুবর্ত্তী হইবে। তুমি, ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সকল বিষয়ই অবগত আছ এবং সত্যবাদী ও প্রতিষ্ঠাপন্ন। আমি তোমা হইতে কিছুমাত্র পৃথগ্‌ভূত নহি; কারণ, কবিই অপর প্রজাপতি, কবিই ব্রহ্মা, কবিই বিষ্ণু এবং কবিই স্বয়ং শিবস্বরূপ। জগতে কবিই ধর্ম্মরক্ষা ও সর্ব্ব-রসাভিজ্ঞ। কবিবর্ণিত বিষয় কখন মিথ্যা হইবার নহে, কারণ কবিই অপর সৃষ্টিকর্ত্তা। কবিগণ যেমন সর্ব্বাপেক্ষা সূক্ষ্ম দর্শন করিতে পারেন, এমত আর কেহই পারে না। অধিক কি, ইন্দ্র উপেন্দ্র ও যম প্রভৃতি সমুদয় সুরগণ ও সমস্তই বর্ণই কবিগণের বশতাপন্ন এবং কবিগণ নিখিল দেবগণকে অবলোকন করিয়া থাকেন। হে মুনে! তুমি যে ভাবী রামচরিত বর্ণন করিবে, উহা রামায়ণ নামে প্রসিদ্ধ হইবে। ঐ রামায়ণ-কাব্যে রামলীলা যেরূপ বর্ণিত হইবে, ভগবান্ বিষ্ণুও সেই প্রকার কার্য্য করিবেন। গগন-মণ্ডলে যাবৎকাল নিশাকর ও তারকাগণ দেদীপ্যমান থাকিবে, তাবৎকাল ত্বৎপ্রণীত রামায়ণ হইতে বিশ্বমণ্ডলে রামরূপী বিষ্ণুর গুণাবলী ঘোষিত হইবে। ত্বৎপ্রণীত রামায়ণ-কাব্য ভগবান্ শ্রীরামচন্দ্রের দিব্যমূর্ত্তিস্বরূপ হইবে। এক্ষণে যাহার প্রভাবে রামায়ণ প্রণয়ন করিতে সক্ষম হইবে, সেই রামকবচ কীর্ত্তন করিতেছি শ্রবণ কর। অষ্টাদশ তত্ত্ব-স্বরূপ মহামন্ত্রময় রামায়ণকে নমস্কার করি। রে নিষাদ! অনন্তকাল তোর গতি হইবে না, এই মূল আমার শিরোদেশে রক্ষা করুন এবং অনুক্রমণিকা বীজ মুখমণ্ডল, ঋষ্যশৃঙ্গোপাখ্যানরূপ ঋষি রসনা, অনুষ্টুপ্ ছন্দঃ গলদেশ, কৈকেয়ীর আদেশরূপ দেবতা হৃদয়, সীতা ও লক্ষ্মণের অনুগমন এবং শ্রীরামচন্দ্রের হর্ষরূপ প্রমাণ জঠর-দেশ, ভক্তিবলেই শক্তি সমুদ্ভূত হইয়া থাকে, এই মন্ত্র মধ্যদেশ, মুনিগণের পালনই শক্তিমান্ ধর্ম এই মন্ত্র উরুদ্বয়, মারীচরাক্ষা-প্রতিপালন চরণযুগল, সুগ্রীবের সহিত মিত্রতা স্তনদ্বয়, হনুমৎকার্য্য ভুজযুগল, সম্পাতির পক্ষোদ্গমবার্ত্তা স্কন্ধদেশ, বিভীষণকে রাজ্যপ্রদানরূপ প্রয়োজন গ্রীবা, রাবণবধবিবরণ কর্ণদ্বয়, সীতাদেবীর উদ্ধার নাসিকা, সমকাল লক্ষণ-সংবাদ নাভিদেশ এবং শ্রীরামাদি ধর্ম্ম আমার সর্ব্ব শরীর রক্ষা করুন, যাহারা রামায়ণ পাঠ করিবে, অগ্রে এই রামায়ণ কবচ পাঠ করা তাহাদিগের কর্ত্তব্য।

তুমিও এই কবচ জপ করিয়া সপ্তকাণ্ড রামায়ণ রচনায় প্রবৃত্ত হও। ভগবান্ ব্রহ্মা, বাল্মীকিকে এবংবিধ কহিয়া, ব্রহ্মলোকে গমন করিলেন, এদিকে মহর্ষি বাল্মীকিও কবিত্বশক্তিলাভে পরম সুখী হইলেন।

পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৫ ॥

ষড়্‌বিংশ অধ্যায়।

দেবী কহিলেন, মুনিবর বাল্মীকি, স্বয়ং রামায়ণ মহাকাব্যের রচয়িতা। ঐ কাব্যে শ্রীরামচন্দ্রের চরিত্র-বর্ণনচ্ছলে নিখিল বর্ণাশ্রমধর্ম্ম বর্ণিত হইয়াছে, উহাতে মহর্ষি বাল্মীকি, ইতিহাসরূপে স্ত্রীধর্ম্ম, রাজধর্ম্ম, ব্রাহ্মণধর্ম্ম, ক্ষত্রিয়ধর্ম্ম, বৈশ্যধর্ম্ম, শূদ্রধর্ম্ম ও গৃহিধর্ম্ম প্রভৃতি সমুদয় ধর্ম্ম এবং নানা দেবচরিত্র ও শত্রুমিত্রকথন প্রভৃতি সমস্ত বিষয়ই নিরূপণ করিয়া দিয়াছেন। কুশলাভিলাষী মানবগণের ঐ গ্রন্থ পাঠ, শ্রবণ ও উহার অর্থজ্ঞান করা সর্ব্বতোভাবে বিধেয়। হে সখি! যাহার গৃহে সম্পূর্ণ রামায়ণ লিখিত হইয়া স্থাপিত হয়, তথায় কোনরূপ বিপদ্ বা অধর্ম্ম উপস্থিত হয় না। হে সখীবর! যে গৃহে কল্যাণপ্রদ রামায়ণ না থাকে, সেই গৃহে, পিতৃগণ ও সুরগণের পরিত্যাজ্য ও শ্মশানভূমি-তুল্য; যে ব্যক্তি, অভাবপক্ষে সমস্ত দিবারাত্রের মধ্যে উক্ত রামায়ণের এক সর্গ, কিংবা সর্গার্দ্ধ, অথবা একটীমাত্র শ্লোক বা অভাবপক্ষে শ্লোকার্দ্ধও স্মরণ না করে, সে নিতান্ত নরাধম। পঞ্চম বর্ষীয় বালক, যদি "মা নিষাদ!" এই শ্লোক কণ্ঠস্থ করিয়া রাখে, তাহা হইলে নিঃসন্দেহ সে বয়ঃপ্রাপ্ত হইলে কবি হয়। মানবগণ অনাবৃষ্টি, সঙ্কট পীড়া কিংবা গ্রহপীড়ায় প্রপীড়িত হইলে আদিকাণ্ড পাঠ করিবে, তাহা হইলে নিশ্চয় অনাবৃষ্ট্যাদিভয় বিদূরিত হইবে। পুত্রজন্ম, বিবাহ এবং গুরুদর্শন দিবসে মঙ্গলার্থ অযোধ্যাকাণ্ড পাঠ বা শ্রবণ করিবে। অরণ্যমধ্যে, রাজদ্বারে এবং অনল বা সলিলভয় উপস্থিত হইলে কিংবা রোগগ্রস্ত হইলে অরণ্যকাণ্ড পাঠ বা শ্রবণ করিবে। মিত্রলাভার্থ কিংবা নষ্টদ্রব্যপ্রাপ্তি-বাসনায় কিষ্কিন্ধ্যাকাণ্ড পাঠ বা শ্রবণ করিলে অভীষ্টসিদ্ধি হইয়া থাকে। মানব, শ্রাদ্ধ বা দেবকার্য্য দিনে পিতৃগণ ও দেবগণের প্রীত্যর্থ সুন্দরকাণ্ড পাঠ করিবে। উৎসাহজনক-কার্য্য এবং লোকনিন্দা উপস্থিত হইলে কিংবা শত্রুজয়-সময়ে লঙ্কাকাণ্ড পাঠ বা শ্রবণ করিলে মানব সুখী হইয়া থাকে। আনন্দজনক কার্য্য এবং যাত্রা সময়ে যে ব্যক্তি, উত্তরকাণ্ড পাঠ বা শ্রবণ করে, সে ইহকালে ও পরকালে জয়ী হইয়া থাকে। মহর্ষি বাল্মীকি-বিরচিত সম্পূর্ণ রামায়ণ পাঠ কিংবা শ্রবণ করিলে মোক্ষার্থী হইলে মোক্ষ, ভক্তিপ্রার্থী হইলে ভক্তি এবং জ্ঞানার্থী হইলে পরমজ্ঞান লাভ হইয়া থাকে। হে জয়া-বিজয়ে! যে ব্যক্তি, শুদ্ধকালে ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক সমাহিতচিত্তে মাঘমাসে আদিকাণ্ড,

ফাল্গুনমাসে অযোধ্যাকাণ্ড, চৈত্রমাসে আরণ্যকাণ্ড, বৈশাখমাসে কিষ্কিন্ধ্যাকাণ্ড, জ্যৈষ্ঠমাসে সুন্দরকাণ্ড এবং আষাঢ়মাসে লঙ্কাকাণ্ড ও উত্তরাকাণ্ড; ঈদৃশক্রমে সমুদয় রামায়ণ পাঠ বা শ্রবণ করে, সে স্ত্রী-হন্তা, রাজহন্তা, গোহন্তা, পিতৃহন্তা, ব্রহ্মহন্তা, সুবর্ণচোর, মদ্যপায়ী, গুরুপত্নীগামী, বেদবেষক এবং অন্যান্য নানাপাপে পাপী হইলেও তৎক্ষণাৎ সমুদয় পাপ-রাশি হইতে মুক্তিলাভ করিয়া থাকে; অধিক কি, তাহা দ্বারা ত্রিভুবন পবিত্র হয় ও দেব-গণও তাহাকে প্রার্থনা করিয়া থাকেন। হে সখি! যে স্থানে রামায়ণ-পাঠের প্রস্তাব হয়, সে স্থানে সমুদয় তীর্থ পিতৃগণ ও সুরগণ অধিষ্ঠান করিয়া থাকেন। যে ব্যক্তি রামায়ণ-পাঠের প্রস্তাব সময়ে অপর কোন বিষয়প্রস্তাব উত্থাপন করে, একমাত্র মৎস্য ভোজন করিলে, মানব যেমন সর্ব্বপ্রাণিভোজনের পাতকী হয়, সেইরূপ সেই পাপিষ্ঠও সমুদয় পাপের আশ্রয় হইয়া থাকে। রামায়ণ-পাঠের প্রস্তাবমাত্রে যাহার সমুদয় শোক, দুঃখ ও পরিতাপ বিদূরিত না হয়, সে পরমেশ্বরের নিকট বঞ্চিত। আশ্বিনমাসে শারদীয় মহা-পূজার দিবসত্রয়ে যে ব্যক্তি, বাল্মীকি-প্রণীত মনোহর রামচরিত পাঠ করে, ব্রহ্মাদি-সুরগণ-বন্দিতা সর্ব্বাভীষ্টফলপ্রদা, মুক্তিদায়িনী দেবী ভগবতী তাহার প্রতি পরম প্রসন্না হন। ঐ রামায়ণকাব্য শ্রবণ বা পাঠান্তে বিত্তশাঠ্য না করিয়া বিপুল ধন ও স্ত্রীপুত্রাদি দক্ষিণা দান করিবে। হে সখীদ্বয়! এই আমি তোমাদিগের নিকট যৎকিঞ্চিৎ রামায়ণ-মাহাত্ম্য কীর্ত্তন করিলাম, উহা সম্পূর্ণ বর্ণন করা আমার দুঃসাধ্য। যে মানব, উক্ত রামায়ণমাহাত্ম্য শ্রবণ করিতে অভিলাষ করে, পরম দুর্লভভক্তি তাহার দাসী হইয়া থাকে।

ষড়্বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৬ ॥

সপ্তবিংশ অধ্যায়।

দেবী বলিলেন, যখন বাল্মীকি রামায়ণ রচনা করিয়া বিরত হইলেন, তখন ব্রহ্মা আসিয়া বাল্মীকিকে এই কথা বলিলেন, হে মহর্ষি বাল্মীকে! তুমি রামায়ণ রচনা করিয়াছ, অতএব তোমার কর্ত্তব্যাবশেষ কিছুই নাই। তুমি ধর্ম্মরূপিণী অক্ষয়া-পরমা-কীর্ত্তি অর্জ্জন করিয়াছ। কিন্তু গগনসম্ভবা দেবী সরস্বতী তোমার বদনরূপ প্রফুল্ল পদ্মে নিত্য ক্রীড়া করিতে অভিলাষিণী। তুমি তাহা চিরস্থায়ী কর। আমি দেবীর উদ্যম বুঝিয়া মহাভারত নামক সনাতন মহাপবিত্র পুরাতন ইতিহাস, তোমার জন্য সম্যক্‌রূপে স্থির করিয়া রাখিয়াছি, হে মুনে! তুমি তাহা শ্লোক-বদ্ধ কর। বাল্মীকি বলিলেন, প্রভো ব্রহ্মন্! আপনি সকলই জানিতেছেন, তথাপি নিজের মনোবৃত্তি নিবেদন করি, যাহা উচিত হয়, তাহা বলুন। ব্রহ্মন্! আমি রামায়ণ-রচনা করিয়াছি, রামায়ণ

স্পষ্টই মোক্ষের সাধন। আমি ক্ষোভ-মোহ-বর্জ্জিত এবং সংসার-শূন্য হইয়াছি। হে ব্রহ্মন্! আমি আর কি জন্য উদ্যম করিব? আমার পক্ষে সকল উদ্যমই এখন বৃথা। হে দেব! যদি সরস্বতী সতত কাহারও মুখ-কমলে বিরাজমান হইতে ইচ্ছা করেন ত, সে জন্য দ্বাপরে বেদব্যাস জন্মিবেন। তিনিই বহু বিচিত্রার্থসম্পন্ন মহাভারত রচনা করিবেন। তিনিই পুরাণ উপপুরাণ-সমূহ রচনা করিবেন। অল্প চেষ্টায় মানুষের ধর্ম্ম-বুদ্ধি হয় না। বেদব্যাস লোকের ধর্ম্ম-বুদ্ধি-সম্পাদনের জন্য বহু গ্রন্থ রচনা করিবেন, তিনি বিষ্ণুর অংশে জন্মিবেন, বেদ-বিভাগ করিবেন। হে ঈশ্বর! আমি রামায়ণ রচনা করিয়া কৃতার্থ হইয়াছি (আমার আর প্রয়োজন নাই); আমি সেই ব্যাসকে সনাতন কাব্যবীজ উপদেশ দিব। তৎপ্রভাবে তিনি বহুতর গ্রন্থ রচনা করিয়া মঙ্গল প্রাপ্ত হইবেন। দেবী বলিলেন, হে সখি! বাল্মীকি এই কথা বলিলে, চতুর্ম্মুখ ব্রহ্মা 'এইরূপই হউক' বলিয়া হংসারোহণে নিজলোকে গমন করিলেন। অনন্তর দীর্ঘকাল গত হইলে, দ্বাপরের আদিতে, সত্যবতীর গর্ভে পরাশরের ঔরসে বিষ্ণু-অংশে বেদব্যাস উৎপন্ন হন। লোকের মেধা অল্প হইয়াছে দেখিয়া তিনি বেদস্বরূপ মহাবৃক্ষের শাখা বিভাগ করিলেন। একদা কশ্যপ, কপিল, অত্রি, ভার্গব, পরাশর, পরমোদার বেদব্যাস, পুলস্ত্য, পুলহ, ক্রতু, যাজ্ঞবল্ক্য, বিষ্ণু, হারীত, বৃহস্পতি, বিশ্বামিত্র, বামদেব, শঙ্খ, লিখিত, জৈগীষব্য, বশিষ্ঠ, একত, দ্বিত, ত্রিত, বালখিল্য ঋষিগণ গোতম, গালব, ভৃগু, কাত্যায়ন, অঙ্গিরাঃ, দক্ষ এবং স্বয়ং প্রজাপতি মনু—এই সকল মহর্ষি এবং অন্যান্য বহুতর মুনিগণ সুমেরু পর্ব্বতে ব্রহ্মসভায় সমাগত হইলেন। ইহাঁরা সকলে সুখাসীন হইলে, পিতামহ ব্রহ্মা তাঁহাদিগকে যথাবিধি আদর-অভ্যর্থনা করিয়া পরম প্রীতিসহকারে চিরদিনের মনোগত কথা বলিতে লাগিলেন। ব্রহ্মা বলিলেন, আমি পূর্ব্বে ভবিষ্যতের রামায়ণ-ঘটনা স্থির করিয়া রাখিয়াছিলাম, তা'র পর বাল্মীকি আমার উপদেশে ও সরস্বতীর অনুগ্রহে তাহাই কাব্যাকারে রচনা করিয়াছেন। রামায়ণ পঞ্চবিংশতি-সহস্র-শ্লোকাত্মিকা সংহিতা, তাহাতে সপ্ত কাণ্ড এবং বহুতর সর্গ (পরিচ্ছেদ) আছে। সেই সংহিতা নিত্যা এবং বহু পুণ্যদায়িনী। তার পরেই মহাভারত নামক অন্য এক গ্রন্থ, আর অষ্টাদশ মহাপুরাণ ও অষ্টাদশ উপপুরাণ প্রস্তুত করিয়া রাখিয়াছি, কিন্তু তাহা শ্লোকে নিবদ্ধ হয় নাই এবং সংক্ষিপ্ত। এই সব ঋষিমধ্যে কে সমর্থ আছেন? তিনি পুরাণ ও মহাভারত রচনা করুন। এই জন্য আমি পূর্ব্বে মুনিপ্রবর বাল্মীকিকে বলিয়াছিলাম, কিন্তু তিনি রামায়ণ রচনা করিয়া অন্য বিষয় নিরপেক্ষ হইয়াছেন। দেবী বলিলেন, ব্রহ্মা এই কথা বলিলে, মুনিমণ্ডলীর মধ্যে কেহ কিছু বলিলেন না। তখন নারদ ব্রহ্মাকে প্রণাম করিয়া এই কথা বলিলেন, আমি নারদ, প্রণাম করিতেছি, আমার নিবেদন শুনুন। আদিকাব্যকর্ত্তা বাল্মীকি, পূর্ব্বে আপনাকে যাহা বলিয়াছেন, আমি তাহাই নিবেদন করিতেছি।—সে জন্য দ্বাপরে বেদব্যাস জন্মিবেন, তিনিই বহু বিচিত্রার্থসম্পন্ন মহাভারত রচনা করিবেন। তিনিই

পুরাণ উপপুরাণ-সমূহ রচনা করিবেন। অল্প চেষ্টায় মানুষের ধর্ম্ম-বুদ্ধি হয় না, বেদব্যাস, লোকের ধর্ম্ম-বুদ্ধি-সম্পাদনের জন্ত বহু গ্রন্থ রচনা করিবেন। তিনি বিষ্ণুর অংশে জন্মিবেন, বেদ-বিভাগ করিবেন। আমি রামায়ণ-রচনা করিয়া কৃতার্থ হইয়াছি (আমার আর প্রয়োজন নাই); আমি সেই ব্যাসকে সনাতন কাব্যবীজ উপদেশ দিব। তৎপ্রভাবে তিনি বহুতর গ্রন্থ রচনা করিয়া মঙ্গল প্রাপ্ত হইবেন। অতএব এই ব্যাসই আপনার আজ্ঞা পালন করিবেন। যদি অন্তে এ বিষয়ে সমর্থ থাকেন, তবে তিনিও এই স্থানে বলুন। মুনিগণ বলিলেন, প্রভো! আমরা সকলেই পুরাণ-রচনায় সমর্থ, যিনি যে পুরাণ করিবেন, তাঁহাকে তদ্বিষয়ে নিযুক্ত করুন, এক ব্যাসই আপনার আজ্ঞাবাহী হইবে। দেবী বলিলেন, ব্রহ্মা আত্মধ্যাননিষ্ঠ ঋষিগণের এই কথা শুনিয়া মনে মনে এই বিরোধ-বিষয়ে চিন্তা করত তাঁহাদিগকে বলিলেন, হে সমস্ত মুনিবৃন্দ! আমি যাহা তোমাদিগকে বলিতেছি, তাহা শুন। নারদ আমাকে যে বাল্মীকি-বচন বলিয়াছেন, তাহা তোমাদিগকে বলি, হে দ্বিজগণ! তোমরা সকলেই পুরাণ-রচনায় সমর্থ। তবে ধর্ম্মদর্শী রাজা জনকের নিকট যাও, জনক মধ্যস্থ হইয়া তোমাদিগের বিবাদ ভঙ্গ করিয়া দিবেন। দেবী বলিলেন, ব্রহ্মা এই কথা বলিলে, সর্ব্বার্থদর্শী মুনিগণ তথায় গমন করিলেন, যথায় ধর্ম্মার্থদর্শী রাজা জনক অবস্থিত।

সপ্তবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৭ ॥

অষ্টাবিংশ অধ্যায়।

দেবী বলিলেন, জনক রাজা, সেই সমস্ত মুনিদিগকে সমাগত দেখিবা মাত্র তৎক্ষণাৎ আসন হইতে গাত্রোত্থান করিয়া সাদরে তাঁহাদিগের পূজা করিলেন। রাজা বলিলেন, আপনারা সকলেই সূর্য্য-সদৃশ তেজঃসম্পন্ন, সকলেই সর্ব্ব-বিষয়াভিজ্ঞ, সকলেই সর্ব্বার্থ-দর্শী এবং আপনারা সকলেই সর্ব্বকার্য্যে কুশল; কি জন্ত এ স্থলে আপনাদের শুভা-গমন? আপনারা লোকের পরম গুরু; গৃহস্থ আমরা সতত আপনাদের কৃপা ভিক্ষা করি। সেই কৃপা ফলবতী হয় সর্ব্বকার্য্য সিদ্ধ হয়। আপনারা বৈষ্ণব, সাধু, শান্ত, লোকানুগ্রহকারক এবং স্বয়ং কৃত-কৃত্য; আপনাদিগকে আমি দর্শন করিতেছি (আমার পরম ভাগ্য); এই সাধু সমাগম ভিন্ন গৃহস্থদিগের অপর লাভ আর কি আছে? মুনিগণ বলিলেন, আপনি সত্যস্বরূপ রাজর্ষি; আপনাকে দেখিতে আমাদের সতত ইচ্ছা হয়। আপনি সাক্ষাৎ ধর্ম্মাবতার। আর আমরা ধর্ম্মাভিকাঙ্ক্ষী। ব্রহ্মা কর্তৃক প্রেরিত হইয়া আমরা আপনার নিকট আসিয়াছি। হে ভূপতে! আমরা জিজ্ঞাসা

আমাদিগের মধ্যে কে করিবেন? তাহা নির্দ্দেশ করুন। এই পরাশর আমাদের কথা বলিবেন; ইনি যাহা বলিবেন, তাহাই আমাদের মত। আমরা সকলে শ্রোতা আর আপনি এ বিষয়ে স্থির করিবেন। রাজা বলিলেন, হে শক্তিপুত্র! মহাভাগ! পরাশর! আপনাকে নমস্কার। ব্রহ্মা কি বলিয়াছেন? আর বিবাদে সংশয়াপন্ন কাহারা? পরাশর বলিলেন, রাজন্! ব্রহ্মা, তাঁহার সমীপস্থ সমবেত মুনিগণকে বলেন, ভগবান্ বাল্মীকি, পরম কাব্য রামায়ণ রচনা করিয়াছেন। এক্ষণে তোমাদিগের মধ্যে ভারত-পুরাণের রচয়িতা কে হইবে? তখন, নারদ বলেন, আমাদের মধ্যে ব্যাস ভারতাদি করিবেন। কিন্তু আমরাও সে কার্য্যে সমর্থ, এই জন্য বিবাদ করিতেছি। রাজা বলিলেন, ব্রহ্মা এবং নারদ উভয়েই ব্যাস-পক্ষ, আপনারা কাহার অনুমতিক্রমে পুরাণাদি করিবেন? দেব-দেব ব্রহ্মাই স্বয়ং সর্ব্বতোভাবে সর্ব্বশাস্ত্রের রচয়িতা; ব্যাস তাঁহার অনুমত; কিন্তু আপনারা ব্যাস-পক্ষ হইতেছেন না।—ভাল, ব্যাস এবং আপনারা সকলেই সর্ব্ব-শাস্ত্রার্থ-দর্শী। আপনারা ভগবানের নাম-মাহাত্ম্য কীর্ত্তন করুন, আমি শ্রবণ করিতেছি। পরাশর বলিলেন, হে মিথিলাধিপতে! ভগবানের নাম-মাহাত্ম্য কি বলিব? তবে আপনি বার বার জিজ্ঞাসা করিতেছেন, তাই কিঞ্চিন্মাত্র বলিতেছি। যাহার বাক্যে "কৃষ্ণ" এই মঙ্গলময় নাম উচ্চারিত হয়, হে রাজেন্দ্র! তাহার কোটি কোটি মহাপাতক ভস্ম হইয়া যায়। ব্যাস বলিলেন, পাপবিনাশনে হরিনামের যতদূর শক্তি আছে, পাতকী লোক ততদূর পাপ করিতে পারে না; (ইহার তাৎপর্য্য হইল, পাপ যেরূপই কেন হউক না, হরিনামে তাহা বিনষ্ট হইবেই), মহারাজ জনক, উভয় পক্ষের কথা শ্রবণ করিয়া পরাশর প্রভৃতি মুনিগণকে এবং ব্যাসকে বলিতে লাগিলেন, মহাভারত রচনা বেদব্যাসই করিবেন, আর কেহ নহেন; ষট্‌ত্রিংশৎ পুরাণ রচনা ব্যাস এবং অন্য মুনিরাও করিবেন। যাহা হউক, কিন্তু এক্ষণে আপনারা, চিরজীবী মহর্ষি বাল্মীকির নিকট গমন করুন, সেই আদিকাব্যকর্ত্তা তত্ত্বজ্ঞ মুনি, আপনাদের মঙ্গল বিধান করিবেন। এক পক্ষী আকাশে উড়িয়া যাইতেছিল, বাল্মীকিপ্রোক্ত যে কথা তাহার নিকট শুনিতে পাইয়াছি—হে মুনিগণ! তাহা শ্রবণ করুন। "সেজন্য দ্বাপরে বেদব্যাস জন্মিবেন। বহুবিচিত্রার্থ-সম্পন্ন মহাভারত-রচনা তিনিই করিবেন। পুরাণ উপপুরাণ প্রভৃতি রচনাও তিনি করিবেন। মানুষের ধর্ম্ম-বুদ্ধি অল্পচেষ্টাতে হয় না। লোক সকলের ধর্ম্ম-বুদ্ধি-সম্পাদনের জন্য তিনি বহু গ্রন্থ করিবেন। তিনি বিষ্ণুর অংশে জন্মিবেন। বেদ-বিভাগ করিবেন। হে ঈশ্বর! আমি রামায়ণ রচনা করিয়া কৃতার্থ হইয়াছি। বেদব্যাসকে সনাতন কাব্যবীজ উপদেশ দিব। তৎপ্রভাবে তিনি বহু গ্রন্থ রচনা করিয়া মঙ্গল প্রাপ্ত হইবেন।' এই উপাখ্যান ও বিধি বাল্মীকি-প্রকীর্ত্তিত। হে মহারাজ! চিন্তা করিবেন না, জগতে ব্যাস উৎপন্ন হইবেন।" হে বিপ্রগণ! আমি পক্ষীর মুখে এই কথা শুনিয়াছি; অতএব যথায় কাব্যসৃষ্টি

বিষয়ে অদ্বিতীয় স্বয়ং ব্রহ্মতুল্য মুনিবর বাল্মীকি অবস্থিত, তথায় আপনারা গমন করুন। আপনারা তাঁহার অনুগ্রহে কবিও হইবেন। এই পরম রামায়ণ জপ করত বাল্মীকি তমসাতীরে আছেন। দেবী বলিলেন, মহাত্মাজনক, এই কথা বলিলেন, মুনিরা যথায় আদিকবি বাল্মীকি অবস্থিত, তথায় পরমানন্দে উপস্থিত হইলেন।

অষ্টাবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৮ ॥

একোনত্রিংশ অধ্যায়।

দেবী বলিলেন, সেই ঋষিগণ তমসাতীরে গিয়া দেখিলেন, শিষ্য-সমন্বিত তপোনিধি বাল্মীকি ভূতলে ভাস্করের ন্যায় অবস্থিত। দেবতারা ব্রহ্মাকে যেমন পরম ভক্তি সহকারে প্রণাম করেন; তাঁহারাও বাল্মীকিকে তদ্রূপ পরম ভক্তি সহকারে প্রণাম করিলেন। মহর্ষি বাল্মীকিও পরাশর প্রভৃতি ঋষিগণেকে দেখিয়া স্বাগত সম্ভাষণাদি দ্বারা সম্মান প্রদর্শন করিলেন। অনন্তর তাঁহারা আসনে উপবিষ্ট হইলে বাল্মীকি জিজ্ঞাসা করিলেন, হে পরাশর-ব্যাস-প্রমুখ সূর্য্যসমপ্রভ মমপ্রভ মুনিগণ! কিজন্য এস্থানে আপনাদিগের আগমন? মুনিগণ বলিলেন, কিছুদিন পূর্ব্বে সত্তম ব্রহ্মা আমাদের সকলকে জিজ্ঞাসা করেন, হে প্রধানতম ঋষিগণ! ভারত এবং পুরাণ রচনা তোমাদিগের মধ্যে কে করিতে সমর্থ? তন্মধ্য হইতে নারদ বলিলেন, মহাকবি মহামতি বেদব্যাসই ভারত পুরাণ রচনা করিবেন। হে প্রভো! তখন পুরাণরচনায় আমাদেরও মন হয়। চতুর্ম্মুখ ব্রহ্মা আমাদিগকে বিবদমান দেখিয়া আমাদিকে বলিলেন, রাজা জনক, তোমাদিগের বিবাদভঞ্জন করিয়া দিবেন। হে মুনীশ্বর! ব্রহ্মার আদেশে আমরা সকলে জনকের নিকট উপস্থিত হইলাম, জনক আমাদিগকে পূজা করিয়া জিজ্ঞাসাও করিলেন। তখন আমাদের মধ্যে শক্তিপুত্র পুণ্যবান্ পরাশর, বক্তা হইলেন। আমরা শ্রোতা হইলাম। আমাদের বিবাদ-ভঙ্গের জন্য, আমাদের সমক্ষেই রাজা জনক বলিতে লাগিলেন, "সর্ব্বশাস্ত্রের মূলকর্ত্তা মহাত্মা ব্রহ্মা ও নারদের অনুমতি-প্রাপ্ত বেদব্যাস মহাভারতকর্ত্তা হইবেন। অন্য পুরাণ সকল রচনা করিবেন, ব্যাস এবং অপরা-পর মহর্ষি। কিন্তু এ বিষয়ে আমার মধ্যস্থতা করা উচিত নহে; কেননা, মহর্ষি বাল্মীকি, বেদব্যাসকে পুরাণ-কর্ত্তা বলিয়া স্থির করিয়াছেন, অতএব এ বিষয়ে কোথাও আপনাদের বিবাদ থাকিতে পারে না। অতএব আপনারা, যথায় বাল্মীকি অবস্থিত, তথায় গমন করুন, তাঁহার অনুগ্রহে যিনি কবি হইবেন, সে-ই কৃতীই মহাভারতাদি-রচয়িতা হইবেন। বাল্মীকিই কাব্যবীজ অবগত আছেন, তথায় আপনারা গমন করুন। অনন্তর আমরা সকল মহর্ষিই, আপনার নিকট আসিয়াছি, হে প্রভো! আদিকবে! মুনিবর! এখন

আমাদের সকলকে কবি করিয়া দিন। বাল্মীকি বলিলেন, এক নারায়ণ দেবই সত্যরূপী এবং সনাতন। তাঁহার বশবর্ত্তী হইয়াই জীবগণ কর্ম্ম করিয়া থাকে। জীবগণ, তাঁহাতেই বিলীন হয়, তাঁহা হইতেই উদ্ভূত হয়। তাঁহার আদেশেই ব্রহ্মা আদি করিয়া আমরা পর্য্যন্ত সকলেই যথানিয়মে যথাতথ কর্ম্ম করিতেছি। আমি তাঁহারই নিয়োগে রামায়ণকাব্য রচনা করিয়াছি; তিনিই ব্যাসকে আমার দ্বিতীয় কবি করিয়া নির্ম্মাণ করিয়াছেন। ইনি মহাভারত-রচয়িতা হইয়াই বিধাতা-কর্ত্তৃক সৃষ্ট হইয়াছেন। ইহাঁর সৃষ্টির পূর্ব্বে, এ বিষয় স্থির ছিল। হে মুনিশ্রেষ্ঠগণ! ইনি বিবিধ পুরাণ (মহাপুরাণ ও উপপুরাণ) রচনা করিবেন। আপনারাও কতিপয় পুরাণ বেদব্যাসেরই প্রসাদে রচনা করিবেন, এ বিষয়ে সন্দেহ নাই। আমি সনাতন কাব্যবীজ ব্যাসকে উপদেশ দিব, তাহাতেই আপনাদের প্রয়োজন সিদ্ধ হইবে। বেদব্যাস প্রথমে মহাভারত করিবেন, তৎপরে পরাশর বিষ্ণুপুরাণ করিবেন। অন্য সকল মহাপুরাণ, একা ব্যাসই রচনা করিবেন। উপপুরাণ-রচনা ব্যাস ও অপর কোন কোন ঋষি করিবেন। যত মহাপুরাণ যত উপপুরাণ আছে, তৎসমস্তেরই শ্লোক-রচনা কিন্তু বেদব্যাসই সম্পূর্ণরূপে করিবেন। আপনাদের কেহ লেখক, কেহ বক্তা, কেহ অর্থ-নিরূপয়িতা হইবেন। মনু অঙ্গিরা প্রভৃতি মুনিগণ, সংহিতা রচনা করিবেন। মনু, অত্রি, বিষ্ণু, হারীত, যাজ্ঞবল্ক্য, উশনা, অঙ্গিরাঃ, যম, আপস্তম্ব, সম্বর্ত্ত, কাত্যায়ন, বৃহস্পতি, পরাশর, ব্যাস, শঙ্খ, লিখিত, দক্ষ, গৌতম, শাতাতপ এবং বসিষ্ঠ; ইহাঁরা সংহিতা বা ধর্ম্মশাস্ত্র-প্রবর্ত্তক হইবেন। ইহাঁ-দিগের মধ্যেও কেহ কেহ বক্তা, কেহ কেহ বা শ্লোকার্থ-নির্ম্মাতা। অন্য ঋষিরাও স্বয়ং শাস্ত্রকর্ত্তা হউন। সকলেই স্ব স্ব মতানুসারে পবিত্র গ্রন্থ সকল প্রস্তুত করুন। হে দ্বিজগণ! আপনারা সকলে নিবৃত্ত হউন, স্ব স্ব গৃহে গমন করুন। আমি মহাত্মা ব্যাসকে কাব্য-বীজ উপদেশ দিব। ব্যাসের অনুগ্রহে আপনারাও কবি হইবেন। দেবী বলিলেন, হে সখি! বাল্মীকি এই কথা বলিলে, সেই সব মুনি হৃষ্টচিত্তে আদি-কবি শ্রীল শ্রীযুক্ত বাল্মীকিকে প্রণাম করিয়া গমন করিলেন। হে সখীবর! ব্যাস, বাল্মীকির আশ্রমে থাকিলেন, বাল্মীকি বেদব্যাসকে সনাতন কাব্য-বীজ সাদরে উপদেশ দিলেন।

একোনত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৯ ॥

ত্রিংশ অধ্যায়।

বাল্মীকি বলিলেন, বেদব্যাস! এক্ষণে সর্ব্বপ্রথমে তুমি কি শুনিতে ইচ্ছা কর বল; তৎপরে, আমি ভারতাদির বীজ তোমাকে উপদেশ দিব। ব্যাস বলিলেন, ভারত কিরূপ? তাহার ফল কিরূপ? কিরূপে আমি ভারত রচনা করিব? সে শক্তি আমার

কিরূপে হইবে? বাল্মীকি বলিলেন, যেমই মহাভারতরূপে পরিণত হয়। তপস্বিজাতি ব্রাহ্মণ বিষ্ণুর মুখ হইতে উদ্ভূত। পৃথিবী জন পালকজাতি ক্ষত্রিয় বাহু হইতে উৎপন্ন। হে মুনে! উরু হইতে বৈশ্য এবং চরণ হইতে শূদ্রের উৎপত্তি। এই চতুর্ব্বর্ণ। এই চতুর্ব্বর্ণের কর্ত্তব্য-নিরূপণ মহাভারতরূপে পরিণত বেদে আছে। যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান এবং প্রতিগ্রহ—ব্রাহ্মণের এই ছয়টী কর্ম্ম। ব্রাহ্মণপূজা, প্রজারক্ষা, দান, যুদ্ধ এবং করগ্রহণ—ক্ষত্রিয়ের এই পঞ্চ কর্ম্ম। বৈশ্যকর্ম্ম বলিতেছি, ব্রাহ্মণ-ক্ষত্রিয়ের সেবা, ধনসঞ্চয়, বাণিজ্য এবং দান, বৈশ্যের এই চয় কর্ম্ম। ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্যের সেবা এবং কৃষিকার্য্য শূদ্রের পক্ষে বিহিত। চতুর্ব্বর্ণের এই সব কর্ম্ম তোমাকে বলিলাম। তন্মধ্যে প্রথম তিন বর্ণ বেদে অধিকারী। স্ত্রী শূদ্রের বেদে অধিকার নাই। আর উক্ত তিন বর্ণের মধ্যেও অপকৃষ্ট ব্যক্তিগণের * বেদশ্রবণেও অধিকার নাই। স্ত্রী, শূদ্র এবং দ্বিজবন্ধুগণের বেদার্থজ্ঞানের জন্য, দেব নারায়ণ স্বয়ং ভারত রচনা করেন। সেই ভারতেরই পরাৎপরতর বীজ হইল রামায়ণ। দেব নারায়ণ, প্রথমে ব্রহ্মাকে রামায়ণ প্রদান করেন, ব্রহ্মা আমাকে তাহা দেন; আমি তাহা শ্লোকে নিবদ্ধ করিয়াছি। আর বেদার্থসারসম্মতরূপে ও মনোজ্ঞরূপে তাহা বিস্তার করিয়াছি। ভারত রচনা করিবার জন্য ব্রহ্মা পুনরায় আমাকে আদেশ করেন, কিন্তু ভারতরচনা করিতে আমি স্বীকার করি নাই। ভারত রচনা করিবার জন্য তোমাকেই নারায়ণ সৃষ্টি করিয়াছেন। তুমি রামায়ণ অপেক্ষা বিস্তীর্ণ মহাভারত রচনা কর। আর রামায়ণের পরিপাটি ক্রমেই মহাভারত রচনা কর। হে মুনে! রামায়ণকাব্য ও মহাভারতের যে বিশেষ বা পার্থক্য নারায়ণ কর্ত্তৃক নিরূপিত হইয়াছে, তাহা আমি বলিতেছি, শুন। আত্মারাম পরমাত্মা একই, তিনিই প্রভুত্বসম্পন্ন এবং সর্ব্বেশ্বর। তিনিই কালাকাশ স্বরূপ এবং সুখদুঃখ-বর্জ্জিত। সেই কমলাপতি পরমাত্মাই মানুষরূপে অবতীর্ণ হইয়া রাক্ষসবধ-চ্ছলে জগতী মধ্যে ক্রীড়া করিয়াছেন; বর্ণ এবং আশ্রমানুসারে যথাবিভাগে ধর্ম্ম প্রদর্শন তিনি করিয়াছেন। সেই পরমাত্মস্বরূপী একরূপ সীতানাথের চেষ্টা রামায়ণকাব্যে বর্ণনা করিয়াছি; রামায়ণ তাঁহার শরীরবিশেষবৎ হইয়াছে। সেই পরমাত্মা দেবই কমল-লোচন ভগবান্ কৃষ্ণ; তিনি ভূভার-হরণের চ্ছলে জীবাত্মার সহিত ক্রীড়া করিবেন। নর নারায়ণ দুই জনে জীবাত্মা ও পরমাত্মা, স্বেচ্ছাক্রমে অবতীর্ণ নর-নারায়ণই অর্জ্জুন ও কৃষ্ণ। পঞ্চ পাণ্ডুপুত্রের মধ্যে যিনি তৃতীয়, সেই অর্জ্জুনই নর। আর দেবকীনন্দন কৃষ্ণই নিখিলবাধা-প্রশমনকারী বাসুদেব। বাসুদেবই নারায়ণ, অর্জ্জুনেরই নাম নর। যাহা নর-নারায়ণ-ময় অর্থাৎ নর-নারায়ণ-চরিত্রে পূর্ণ, তাহাকেই মহাভারত বলিয়া পণ্ডিতেরা জানেন। আর আমি এক নারায়ণময় কাব্য রামায়ণ রচনা করিয়াছি, রামায়ণ

---

* ইহাদিগের নাম 'দ্বিজ-বন্ধু'।

এবং মহাভারতে বিশেষ এইটুকু। এ তত্ত্ব অতি গোপনীয়, কাহারও নিকট বক্তব্য নহে। ভারত এইরূপ বলিয়া কথিত হইয়াছে। নর-নারায়ণ-ময় ভারত পরম পবিত্র, ভারত বেদের তুল্য। ভারত যাহার গৃহে থাকে, জয় তাহার করতলস্থ। ভারত সমুদ্র, সুমেরু এবং নারায়ণের পুণ্য, জল, গুহা এবং গুণ যথাক্রমে এই চারিটী অপরিমেয়।* ভারত, গঙ্গা, শিব এবং হরি—ইহাদিগের প্রত্যেকেরই নাম, পুণ্যজনকতা, অর্থসাধকতা এবং সামর্থ্য চারিটীই অপ্রমেয়। স্বর্গে ভারতশ্রবণ হয়, পৃথিবীতে ভারতশ্রবণ হয়, পাতালেও ভারতশ্রবণ হয়। সর্ব্বত্রই ভারতের পরমাদর। বিবিধ অর্থ ভারতে, বিবিধ কথা ভারতে, ষড়্দর্শন ভারতে এবং ধর্ম্মসমূহ ভারতে বর্ত্তমান। যেমন আহার-অবলম্বন ব্যতীত শরীরধারণ হয় না, তদ্রূপ ভারত আশ্রয় না করিয়া কোন কথার প্রবৃত্তিই হয় না। ব্রাহ্মণ, ইন্দ্রিয় দ্বারা বিচরণ করত রাত্রিতে যে পাপসঞ্চয় করে, প্রাতঃকালে মহাভারত নাম উচ্চারণ করিলে সে পাপ হইতে মুক্ত হয়। ব্রাহ্মণ ইন্দ্রিয় দ্বারা বিচরণ করত দিবসে যে পাপ করে, সায়ংকালে মহাভারত নাম উচ্চারণ করিলে, তাহা হইতে মুক্ত হয়। গৃহে ভারতপূজা করিবে, ভারত ঘরে রাখিবে, পণ্ডিতদিগকে ভারত দান করিবে, ভারত শ্রবণ করিবে এবং ভারত পাঠ করিবে। যে এইরূপ করিবে, সেই উৎকৃষ্ট, সে-ই শ্রীমান্ এবং তাহারই জন্ম সার্থক। শত বৃষোৎসর্গ, শত গয়াশ্রাদ্ধ, প্রচুর দক্ষিণাসম্পন্ন রাজসূয় যজ্ঞ, অশ্বমেধ যজ্ঞ, আর দক্ষিণা-সমেত ভারতশ্রবণ এবং ভারতপাঠ, এই সকল কর্ম্ম তুল্য এবং পরস্পর প্রতিনিধি। ভারতের দক্ষিণা আত্মা এবং সর্ব্বস্ব। ভারত পাঠ বা শ্রবণের পর সর্ব্বস্ব দক্ষিণা দান করিবে, পিতৃমাতৃ শ্রাদ্ধেও সর্ব্বস্ব ব্যয় করিবে। গুরুকেও সর্ব্বস্ব দান করিবে। এই সব কর্ম্মের জন্যই সর্ব্বস্ব। ভারতের ফল সংক্ষেপে এই তোমাকে বলিলাম। ভারতের কবচ এক্ষণে বলিতেছি, হে বিপ্র! তাহা শ্রবণ কর। প্রণব-বাচ্য পরমেশ্বর পরমাত্মা ভগবান্ বাসুদেব এবং জীবকে ধ্যান করি। মূল আদিপর্ব্ব রক্ষাকর্ত্তা হউন। বীজ সভাপর্ব্ব, রক্ষক হউন। ইহার ঋষি নারায়ণ, রক্ষা করুন। শক্তি রামায়ণ, রক্ষক হউন। বিরাটপর্ব্ব হৃদ্ আর আর্য্যাস্তব দৈবতা, ইঁহারাও রক্ষা করুন। প্রমাণ ভগবদ্গীতা এবং শক্তিমান্ ভীষ্ম রক্ষা করুন। দ্রোণপর্ব্ব প্রতিপাদ্য, কর্ণপর্ব্ব অর্থ, তাঁহারাও রক্ষক হউন। শল্যপর্ব্ব সিদ্ধান্ত, সেই শল্যপর্ব্ব আর কর্ত্তা গদাদি রক্ষক হউন। প্রয়োজন শান্তিপর্ব্ব, স্বরূপ অশ্বমেধ পর্ব্ব, জ্ঞেয় লক্ষণ ও লয় স্মরণ অন্য পর্ব্ব সকল আমাকে রক্ষা করুন। আচরণীয় অদ্ভুত শেষপর্ব্ব আমাকে রক্ষা করুন। এই কবচ ধারণ করিয়া উত্তম ভারত রচনা কর। এই কবচ হইতেও

---

* অর্থাৎ ভারতের পুণ্য অপরিমেয়; "ভারতের" কি না ভারত-পাঠের। সমুদ্রের জল অপরিমেয়। সুমেরুর গুহা অপরিমেয় এবং বিষ্ণুর গুণ অপরিমেয়।

ভারতের ফল হয়। হে ব্যাস! সনাতন-কাব্য-বীজ রামায়ণ পাঠ কর। সকল পুরাণের ক্রম এইরূপ জানিবে। অষ্টাদশ পুরাণ অষ্টাদশ তত্ত্ব। আর অষ্টাদশ উপ-পুরাণও অষ্টাদশ তত্ত্ব। হে মুনে! মহাপুরাণের মধ্যে শ্রীমদ্ভাগবত যেমন উত্তম, উপ-পুরাণের মধ্যে বৃহদ্ধর্ম্মপুরাণও সেইরূপ। হে মুনে! এই দুইটীই বিবিধ পুরাণ প্রধানে সার। অন্য সকল পুরাণ, মূল ইত্যাদি। তুমি সকল পুরাণ এবং মহাভারত রচনা কর। সেই সব পুরাণে ও মহাভারতে রামচরিত্র যেখানে থাকিবে, সেখানে আমার কবিত্বশক্তি থাকিবে। হে ব্যাস! এইরূপ, ব্রহ্মার কথা আমি প্রতিপালন করিব। অন্য মুনিগণের মধ্যে, যিনি (শ্লোক দ্বারা গ্রন্থনিবন্ধ করিতে না পারিলেও) গ্রন্থ-সংগ্রহ অর্থাৎ গ্রন্থের ভাব সঙ্কলন করিবেন, তিনিই কৃতী। দেবী কহিলেন, ব্যাস, তখন আদিকবি গুরু বাল্মীকির এই অদ্ভুত কথা শুনিয়া, তাঁহাকে নমস্কার করিলেন। ব্যাস বলিলেন, মহর্ষে! আমার পক্ষে রামায়ণ অধ্যয়ন স্থির করাতেই আমি মহামতি কবি হইলাম এবং কৃতার্থ হইলাম, আপনি আমার অন্তঃকরণ প্রসন্ন করিলেন। হে মহামুনে! আপনার প্রসাদে আমি মহাভারত ও পুরাণ রচনা করিব এবং ধর্ম্ম কীর্ত্তন করিব। দেবী বলিলেন, ব্যাস, যখনই রামায়ণ পড়িয়া সুব্যবস্থিত হইলেন, তখনই তিনি ভারতাদির মূর্ত্তি সম্যক্‌রূপে দেখিতে পাইলেন। হে সখি! মুনি তখন, ষট্‌-ত্রিংশৎ পুরাণ, ভারত ও সর্ব্ব প্রকার সংহিতার মূর্ত্তি সম্যক্‌রূপে দেখিলেন। ভারত পুরাণ সমস্তই মূর্ত্তিমান্ হইয়া সেই মুনিশ্রেষ্ঠদ্বয়কে প্রণাম পূর্ব্বক তথায় অন্তর্হিত হইলেন। ব্যাস, মুনিগণ-সমভিব্যাহারে বদরিকাশ্রমে গেলেন। হে সখীদ্বয়! তোমরা যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, তাহা তোমাদিগকে এই বলিলাম, এক্ষণে এস, মহেশ্বর ঘরে আছেন, আমরাও তথায় যাই। ব্যাস বলিলেন, হে জাবালে! পার্ব্বতী দেবীর কথাশ্রবণে জয়া বিজয়ার মন অতি প্রফুল্ল, বদন প্রফুল্ল এবং শরীর রোমাঞ্চিত হইয়া-ছিল; দেবী, গঙ্গার নিকটবর্ত্তী স্থান হইতে, আপনার সহিত তাঁহাদিগকে গিরিবর কৈলাসে লইয়া গেলেন। এ সব আমি সাক্ষাৎ অবলোকন করিয়াছি। ইহার পর কি বলিব?

ত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩০ ॥

পূর্ব্বখণ্ড সমাপ্ত।

মধ্যখণ্ড।

প্রথম অধ্যায়।

জাবালি কহিলেন, হে গুরো! আপনি যে রুদ্রাণী ও তদীয় সখীদ্বয়ের পরস্পর কথোপকথন বর্ণন করিলেন, তন্মধ্যে যে সমুদয় জলাশয়ের মধ্যে শ্রেষ্ঠ পুণ্যতম গঙ্গার নামোল্লেখ করিয়াছেন, তিনি কে? তাঁহার প্রভাব কি প্রকার? কোথা হইতে তাঁহার উৎপত্তি? কি প্রকারে তিনি হিমালয়ের কন্যারূপে উৎপন্ন হন এবং কি জন্যই বা জলরূপিণী হইয়া ভূতলে অবতরণ করিয়াছিলেন? তৎসমুদয় আমার নিকট কীর্ত্তন করুন। ব্যাসদেব কহিলেন, হে জাবালে! তোমার জিজ্ঞাসিত বিষয়ে শুক-জৈমিনিসংবাদ নামক পুরাতন এক ইতিহাস বর্ণন করিতেছি, শ্রবণ কর। পূর্ব্বে একদা শুকনামক কোন মুনি, আত্মশিষ্য জৈমিনিকে নিখিলশাস্ত্র অধ্যয়ন করাইয়া গঙ্গাতীরে গমনার্থ আদেশ করিলে, তুমি যে বিষয় জিজ্ঞাসা করিতেছ, ভগবান্ জৈমিনিও আত্মগুরুকে সেই বিষয় জিজ্ঞাসা করায় মুনিবর শুকও কৃপান্বিত হইয়া তাঁহাকে বলিলেন, হে জৈমিনে! পূর্ব্বে এই জগৎ কেবল শূন্যময় ও অন্ধকারপূর্ণ ছিল। চন্দ্র-সূর্য্যাদি গ্রহগণ ও স্থাবর-জঙ্গমাত্মক কোন পদার্থই ছিল না, তৎকালে কেবলমাত্র প্রকৃতি ও পুরুষ এই উভয়ই বিদ্যমান ছিলেন, তৃতীয় বস্তু কিছুই ছিল না। অনন্তর কৈবল্যসংস্থিত পুরুষের সৃষ্টিবাসনা হইবামাত্র প্রকৃতিযোগে এক ব্রহ্মই ত্রিধা বিভক্ত হন। প্রকৃতিসম্ভব সত্ত্ব রজঃ ও তমঃ এই গুণত্রয় হইতেই পুরুষত্রয় উৎপন্ন হইলেন, তাঁহাদিগের নাম শ্রবণ কর। প্রথম সাত্ত্বিক, দ্বিতীয় রাজস ও তৃতীয় তামস। পরে দেবী প্রকৃতি, পুরুষকে গুণত্রয়ে ত্রিধা বিভক্ত দেখিয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন, ইহাঁদিগের মধ্যে কে আমাকে গ্রহণ করিবেন? সেই পুরুষত্রয়ের উপকারিণী দেবী প্রকৃতি এইরূপ চিন্তা করিয়া অদ্বিতীয় পরমব্রহ্মরূপ ধারণ পূর্ব্বক অগ্রে জলের সৃষ্টি করত তাহাতে রস যোজনা করিলেন। যাহারা সৃষ্টিবিষয়ে অনভিজ্ঞ, উক্ত প্রকৃতিই তাহাদিগের অভিজ্ঞাস্বরূপিণী। অতঃপর প্রকৃতি, পুরুষকলেবর ধারণপূর্ব্বক সেই জলে অবস্থিতি করিতে লাগিলেন বলিয়া, নারায়ণ নামে সেই মূর্ত্তি প্রসিদ্ধ হইল, কারণ, নারশব্দে জল ও অয়ন শব্দে স্থান, সুতরাং জলই তাঁহার আবাসস্থান হইল বলিয়া, নারায়ণ নাম হইল। অনন্তর দেবী প্রকৃতি, সেই সাত্ত্বিকাদি পুরুষত্রয়কে শরীরী করিলে তাঁহারা বাসস্থান না পাইয়া সলিল মধ্যে ভ্রমণ করত চিন্তান্বিত হইলেন। পরে "তোমরা সকলে তপস্যা কর" এইরূপ আকাশবাণী শুনিতে পাইলেন। সেই সময় জলরাশি শুষ্কীভূত হইল। অতঃপর তাহারা আত্মসন্নিবেশ করত তপস্যাচরণে প্রবৃত্ত হইলেন। পরে ভগবতী প্রকৃতি, তাঁহাদিগকে তপোনিবিষ্ট দেখিয়া পরীক্ষ

উপায়োদ্ভাবন পূর্ব্বক শবরূপ ধারণ করিয়া সেই জলরাশিতে ভাসমান হইতে থাকিলেন। তাঁহার অঙ্গ সকল বিকৃত, ছিন্নভিন্ন এবং কৃমিগণে পরিব্যাপ্ত। তদীয় দেহ হইতে কেশজাল ও মাংসবসাদি গলিত হইতেছে। সেই বীভৎসরূপিণী শবরূপা প্রকৃতি এইরূপে ভাসমান হইয়া প্রথমে সাত্ত্বিকপুরুষের নিকট গমন করিলে সাত্ত্বিক বিমুখ হইয়া পূর্ব্বদিকে মুখপরিবর্ত্তন করিলেন। অনন্তর, শবরূপা প্রকৃতি তাঁহার পূর্ব্বদিকে গমন করিলে সাত্ত্বিক উত্তরাস্য হইলেন, পরে প্রকৃতি উত্তরদিকে যাইলে তিনি পশ্চিমাস্য হইলেন। তৎপরে প্রকৃতি পুনরায় পশ্চিমদিগ্বর্ত্তিনী হইলে তিনি দক্ষিণদিকে মুখ ফিরাইলেন। সাত্ত্বিক এইরূপে চতুর্মুখ হইয়াও নিবৃত্তি লাভ করিতে না পারায়, পলায়ন করিতে বাসনা করিলে প্রকৃতি তাঁহাকে পরিত্যাগ করিলেন। প্রকৃতিকে দেখিয়া সাত্ত্বিকের মুখত্রয় বৃদ্ধি পাইল বলিয়া তিনি তদবধি ব্রহ্মা নামে প্রসিদ্ধ হইলেন। অনন্তর ভগবতী প্রকৃতি তাঁহাকে সাত্ত্বিক ভাবের অভিভাবক রাজসভাব দান করিয়া এবং রক্তবর্ণ ও সৃষ্টিকর্ত্তা করিয়া সেই স্থান হইতে নির্গত হইলেন। পরে শবরূপা-প্রকৃতি রাজসপুরুষের সমীপবর্ত্তিনী হইলে, তিনি মনোবিকার বশতঃ সহস্রশীর্ষ সহস্রচক্ষুঃ ও সহস্রপাদ হইয়া দশ দিক্ পরিব্যাপ্ত করিলেন বলিয়া তিনি বিষ্ণু নামে প্রসিদ্ধ হইয়াছেন এবং নেত্র নিমীলন করিয়া জলমধ্যে শয়ন করিতে লাগিলেন, তখন প্রকৃতি তাহার তাদৃশ ভাব-দর্শনে তাঁহাকে রাজসভাবের অভিভাবক সাত্ত্বিকভাব প্রদানপূর্ব্বক শুক্লবর্ণ ও পালক করিয়া সেই স্থান হইতে নির্গত হইলেন। পরে সেই শবরূপিণী প্রকৃতি তামস-পুরুষের নিকটবর্ত্তিনী হইলেন, কিন্তু তাঁহার সমাধি-ভঙ্গ করিতে অসমর্থা হইয়া গন্ধবাহ বায়ুর সৃষ্টি করিলেন। হে জৈমিনে! তৎক্ষণাৎ সেই বায়ু তাঁহার শরীর হইতে পূতিগন্ধি পরমাণু সকল সঞ্চালিত করত তামস-পুরুষের নাসারন্ধ্রে সংযোজন করিতে আরম্ভ করিলে দুর্গন্ধে তাঁহার সমাধি-ভঙ্গ হইল। অনন্তর তামস জানু-সংস্পৃষ্ট বিকৃতাকার শব-দর্শনে কর দ্বারা তাহা ধারণ করিয়া তদীয় বক্ষঃস্থলে উপবেশনপূর্ব্বক সমাধি অবলম্বন করিলেন। তখন আদ্যা শক্তি দেবী পরমা-প্রকৃতি সেই তামস-পুরুষকে পরম শিবময় এজন্য শিব-নামের যোগ্য জানিয়া মনে মনে তাহাকে আশ্রয় করিলেন। এদিকে ভগবান্ শিবও শবোপরি আরোহণপূর্ব্বক মুহূর্ত্তকাল চিন্তা করিয়া তাহাকে মূলপ্রকৃতি বলিয়া জানিতে পারিলেন এবং তৎক্ষণাৎ অঙ্গুষ্ঠ-পরিমিত লিঙ্গরূপ ধারণ করিলেন। তখন শবরূপিণী দেবী প্রকৃতি মহেশ্বরকে লিঙ্গরূপী দেখিয়া স্বয়ং যোনিরূপ ধারণপূর্ব্বক স্বীয় ত্রিকোণ মণ্ডলাকারে লিঙ্গ স্থাপন করত মাহেশ্বরী প্রজাসৃষ্টির জন্য জলমধ্যে নিমগ্না হইলেন। হে দ্বিজ! যাবৎকাল পর্য্যন্ত প্রকৃতি ও পুরুষের ঐ লিঙ্গ জলমধ্যে থাকিবে, তাবৎকালই মাহেশ্বরী সৃষ্টি, উহাদের বিয়োগ হইলেই প্রলয় উপস্থিত হইবে জানিও। এই নিমিত্তই যোনি সাক্ষাৎ ভগবতী ও লিঙ্গ সাক্ষাৎ মহেশ্বর স্বরূপ। উহাঁদের পূজা করিলেই সমুদয় সুরগণের পূজা করা হয়। যোনি ও লিঙ্গপূজার অভাব ঘটিলে নিঃসন্দেহ

সৃষ্টিলোপ হইবে। যে ব্যক্তি উক্ত লিঙ্গপূজা না করিয়া ভোজন করে, তাহার নিখিল অভীষ্ট বিলুপ্ত হইয়া থাকে। এইরূপে লিঙ্গ জলমগ্ন হইলে দেবী প্রকৃতি শবরূপতা পরিত্যাগপূর্ব্বক স্বার্দ্ধ-সাধমার্দ্ধ ভগবান্ শিবকে ত্রিগুণময় স্থূলমূর্ত্তি ধারণ করাইলেন। এক গুণে সৃষ্টি ও এক গুণে পালনকার্য্য হইয়া থাকে; কিন্তু হে জৈমিনে! গুণত্রয় ব্যতীত কখন সংহারসাধন হইতে পারে না। এই জন্যই নীললোহিত, ত্রিনেত্র, শুক্লবর্ণ, সর্ব্বোপকারক. ভগবান্ শিব ত্রিগুণময়রূপে বিরাজ করিতেছেন। এদিকে পূর্ব্বজাত ব্রহ্ম-বিষ্ণু দেবী-প্রকৃতির অদর্শনে ব্যাকুল-চিত্তে নিরালম্ব হইয়া ভ্রমণ করিতে লাগিলেন। পরে প্রকৃতি তাঁহাদিগের ব্যাকুলতা দেখিয়া আপনাকে দর্শন দিলেন। তখন ব্রহ্ম-বিষ্ণু নিরাকারা জ্যোতিঃস্বরূপিণী ভগবতী প্রকৃতিকে নিরীক্ষণ করত স্তব করিতে লাগিলেন। কহিলেন, হে দেবি! তুমি নিরাকারা, সনাতনী মূল-প্রকৃতি, মহদাদি ষোড়শ-তত্ত্ব তোমারই বিকার। আমরা তোমারই অধীন, অতএব কি জন্য আমাদিগকে পরিত্যাগ পূর্ব্বক কেবল শঙ্করকেই আশ্রয় করিলেন? শুক কহিলেন, নিরাকারা প্রকৃতি ব্রহ্মা ও বিষ্ণুর তাদৃশ বাক্য শ্রবণে শঙ্করকে সমীপবর্ত্তী করিয়া সকলকেই কহিলেন, সত্ত্ব রজঃ তমঃ মদীয় এই গুণত্রয়ই জগতের ঈশ্বর, অর্থাৎ উহা হইতেই সৃষ্টি স্থিতি লয় হইয়া থাকে; তোমরা ঐ তিন গুণ হইতেই সমুৎপন্ন হইয়াছ; সুতরাং এরূপ বোধ করিও না যে, আমি তোমাদিগের উভয়কে পরিত্যাগ করিলাম। তোমরা যেমন গুণত্রয়ভেদে মূর্ত্তিত্রয় ধারণ করিয়াছ, আমাকেও সেইরূপ বিবিধ মূর্ত্তি জানিবে। আমিও পঞ্চভাগে বিভক্ত হইব। এক্ষণে চতুরানন ব্রহ্মা সৃষ্টি করিতে প্রবৃত্ত হউন এবং সত্ত্বমূর্ত্তি সনাতন ভগবান্ নারায়ণ পালন কার্য্যে নিযুক্ত থাকুন, পরে ত্রিগুণময় শিব, প্রলয় করিবেন। ব্রহ্মা স্থাবর ও জঙ্গম উভয়বিধ প্রজাসৃজন করুন এবং প্রজাবৃদ্ধির জন্য মানসী সৃষ্টি করিতেও প্রবৃত্ত হউন। আর আমরাও স্ত্রী-পুরুষভেদে বিবিধ জঙ্গমের সৃষ্টি করিব, তাহা হইলেই প্রজায় পরিপূর্ণ হইবে। আমি স্ত্রীরূপ এবং শঙ্কর পুরুষরূপে উৎপন্ন হইবেন, এজন্য মাহেশ্বরী প্রজা লিঙ্গাঙ্কা ও ভগাকাররূপে দ্বিবিধা হইবে। এই প্রজাবৃদ্ধির নিমিত্তই ভগবিদ্ধ লিঙ্গ জল মধ্যে বিরাজমান হইল। ঐ ভগলিঙ্গ হইতেই জগৎ প্রজাপুঞ্জে পরিব্যাপ্ত হইবে। আমি গঙ্গা, দুর্গা, সাবিত্রী, লক্ষ্মী ও সরস্বতী; এই পঞ্চ প্রকার স্ত্রীমূর্ত্তিতে তোমাদিগের সকলকেই প্রাপ্ত হইব। দেবতাদিগের মধ্যে প্রধান উক্ত পঞ্চ প্রকার প্রকৃতিরূপে উৎপন্ন হইয়া পুনরায় আমরা সকলেই ব্রহ্মসৃষ্টিতে নানারূপে প্রাদুর্ভূত হইব। এক্ষণে তোমরা সত্ত্বাদি-গুণকার্য্যে যত্নবান্ হও। নিরাকারা নিরঞ্জনা দেবী প্রকৃতি, এইরূপ কহিয়া অন্তর্হিত হইলেন এবং ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরও নিজ নিজ কার্য্যে মনোনিবেশ করিলেন।

প্রথম অধ্যায় সমাপ্ত ॥ ১ ॥

দ্বিতীয় অধ্যায়।

শুক কহিলেন, অনন্তর ভূতভাবন পূর্ণপুরুষ বিষ্ণু, সত্বগুণ আশ্রয় পূর্ব্বক সলিলোপরি শয়ন করিলে তদীয় নাভিদেশ হইতে এক পদ্ম সমুদ্ভূত হইল। হে দ্বিজোত্তম। পরে ভগবান্ ব্রহ্মা সৃষ্টিবাসনায় সলিলোপরি বহুধা ভ্রমণ করিতে করিতে সেই পদ্মকে আশ্রয় গ্রহণ করিলেন এবং সেই মহাপদ্মে অবস্থানপূর্ব্বক সৃষ্টি করিতে সমুদ্যত হইয়া অগ্রে দণ্ড, ক্ষণ ও লবাদি কাল সৃজন করিলেন। অতঃপর কাল হইতে মহত্তত্ব, মহত্তত্ব হইতে অহঙ্কার, অহঙ্কার হইতে পঞ্চতন্মাত্র এবং পঞ্চতন্মাত্র হইতে ক্ষিতি, অপ্, তেজঃ, মরুত ও ব্যোম এই পঞ্চভূত ও পঞ্চভূত হইতে পঞ্চ-ভূততন্মাত্র সৃজন করিয়া উৎপাদন-ক্রমে ক্ষিতিকে গন্ধের, জলকে রসের, তেজকে রূপের, বায়ুকে স্পর্শের ও আকাশকে শব্দের আশ্রয় করিলেন। অতঃপর পঞ্চভূত দ্বারা দেহ ও পঞ্চতন্মাত্র দ্বারা ইন্দ্রিয় সকল সৃষ্ট হইলে, পরম পুরুষ ভগবান্ বিষ্ণু জীবরূপে দেহের অধিষ্ঠাতা হইলেন এবং প্রকৃতি কর্ত্তৃক অবলোকিত হইয়া অহং মম ইত্যাদি নানাকারে বিরাজ করিতে লাগিলেন। প্রকৃতি তিন প্রকার, বিদ্যা ও অবিদ্যাদ্বয়; উক্ত বিদ্যাই গন্ধাদি পঞ্চমূর্ত্তিতে উৎপন্ন হইয়াছেন, ইহা পূর্ব্বেই কথিত হইয়াছে। আর যে অবিদ্যাদ্বয়ের কথা বলিলাম, তাহার একের নাম মায়া ও অপর একের নাম পরমা। মায়া, পরমা ও জীবের আবরিকা শক্তি। জীব, সাক্ষাৎ পরমপুরুষ নারায়ণ বিষ্ণু হইলেও মায়ায় আবৃত বলিয়া পরমাকে সন্দর্শন করিতে সমর্থ নহেন। তপস্যাদি দ্বারা তাঁহাকে প্রসন্ন করিতে পারিলেই তাঁহার প্রসাদে জীব তাঁহাকে সন্দর্শন পূর্ব্বক তত্ত্বজ্ঞান লাভ করিয়া পরম শান্তি প্রাপ্ত হইয়া থাকেন। অনন্তর ব্রহ্মা বসিষ্ঠ, অত্রি, অঙ্গিরাঃ, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, দক্ষ, নারদ ও কর্দ্দম এই দশ মানস পুত্র উৎপাদন করিলে তাঁহারা স্বীয় পিতা ব্রহ্মাকে কহিলেন, হে ব্রহ্মন্! কি নিমিত্ত আমাদিগকে সৃজন করিলেন? তখন ব্রহ্মা বলিলেন, পুত্রগণ! তোমরা প্রজা উৎপাদন কর। তাঁহারা ব্রহ্মার তদ্বাক্য শ্রবণে আমরা এ বিষয়ে অক্ষম বলিয়া সকলেই তপস্যায় মনোনিবেশ করিলেন। হে দ্বিজোত্তম! পরে ব্রহ্মা, প্রজাবৃদ্ধির জন্য স্বীয় শরীর দ্বিধা বিভক্ত করিলে বামার্দ্ধ হইতে শতরূপা নামে চারুরূপিণী এক রমণী ও দক্ষিণার্দ্ধ হইতে সায়ম্ভুব মনু নামে এক পুরুষ সমুৎপন্ন হইল। তৎপরে ব্রহ্মা সৃষ্টির নিমিত্ত, হৃদয় হইতে কন্দর্পের সৃষ্টি করিলেন। তখন মৈথুনধর্ম্মে বহুল প্রজা বৃদ্ধি হইতে লাগিল। উক্ত সায়ম্ভুব মনুর ঔরসে শতরূপার গর্ভে প্রিয়ব্রত ও উত্তান পাদনামে দুই পুত্র এবং আকূতি, দেবহূতি ও প্রসূতি নামে তিন কন্যা উৎপন্ন হয়। হে দ্বিজবর! ঐ সময় ভগবান্ বিষ্ণু, প্রজাগণের অবস্থানার্থ শূকররূপ ধারণ করিয়া রসাতল হইতে প্রজাধারণকারিণী ধরিত্রীকে উদ্ধার করিলেন। অনন্তর সায়ম্ভুব মনু, রুচির হস্তে আকূতি, কর্দ্দমের করে দেবহূতি ও দক্ষের করে প্রসূতিকে সমর্পণ

করিলেন। পরে কর্দ্দম, দেবহূতির গর্ভে বহুল পুত্র এবং রুচি আকূতির গর্ভে বসিষ্ঠ-পত্নী অরুন্ধতী প্রভৃতি সুলক্ষণাক্রান্ত কন্যাগণকে উৎপাদন করেন। এক্ষণে দক্ষের সন্তানের কথা শ্রবণ কর। তিনিও প্রসূতির গর্ভে অনেকগুলি কন্যা উৎপাদন করিয়া স্বাহানাম্নী কন্যাকে অগ্নির হস্তে, সতীকে শঙ্করের করে এবং কশ্যপহস্তে অদিতি, দিতি, দনু, কাষ্ঠা, অরিষ্টা, সুরসা, তিমি, মুনি, ক্রোধবশা, তাম্রা, বিনতা, কদ্রু ও ভানুমতী এই ত্রয়োদশটী কন্যা দান করেন। হে দ্বিজোত্তম জৈমিনে! এক্ষণে উহাদের অপত্যগণের বিবরণ শ্রবণ কর। অদিতির গর্ভে সূর্য্য উৎপন্ন হন এবং সূর্য্য হইতে মনু ও মনু হইতে পবিত্র মহান্ সূর্য্যবংশের উদ্ভব হইয়াছে। দিতির গর্ভে দৈত্যগণ, দনুর গর্ভে দানবনিচয়, কাষ্ঠার গর্ভে অশ্বাদি পশু, অরিষ্টার গর্ভে মহীরুহজাতি, সুরসার গর্ভে পঞ্চনখ পশু, তিমির গর্ভে কুম্ভীর মৎস্যাদি জলচর এবং মুনির গর্ভে গো-মহিষাদি জন্মগ্রহণ করিয়াছে। অত্রি-পত্নী কর্দ্দমীর গর্ভে ব্রহ্ম-বিষ্ণু-শিবাত্মক দত্ত, দুর্ব্বাসা ও চন্দ্র নামে তিন পুত্র হয়। পরে চন্দ্র হইতে বুধ ও বুধ হইতে পুরূরবা এবং পুরূরবা হইতে ক্রমে পরম পবিত্র চন্দ্রবংশের উৎপত্তি হইয়াছে। উক্ত মানবী সৃষ্টিতে সুর, অসুর, নর, পশু, পক্ষী, দ্রুম ও লতাদি নিখিল পদার্থই ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রভেদে চারি জাতি। অনন্তর সন্ধ্যা নামে ব্রহ্মার এক মানসী কন্যা হয়, পরে ব্রহ্মা তাঁহার রূপ-লাবণ্য দর্শনে কাম-পীড়িত হইয়া তাঁহার সহিত সহবাস বাসনা করেন। অতঃপর প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়াহ্ন ভেদে তাঁহাকে ত্রিধা বিভক্ত করিয়া স্বীয় কলেবর পরিত্যাগ করায় তাহা হইতে নীহারের উৎপত্তি হয়। অনন্তর ব্রহ্মা পুনর্ব্বার দেহধারণ পূর্ব্বক কামের প্রতি সাতিশয় ক্রোধ করায় সেই ক্রোধ হইতে কামবিনাশার্থ কোটিসূর্য্যসমপ্রভ ভীমমূর্ত্তি মহারুদ্র জন্ম গ্রহণ করেন। তিনি নীললোহিত, ত্রিনেত্র, জটিল এবং যেন সমুদয় জগৎকে গ্রাস করিতে ইচ্ছুক। ব্রহ্মা দেখিলেন, তিনি কখন পঞ্চবক্ত্র, কখন ত্রিবক্ত্র, কখন দ্বিবক্ত্র, কখন একবক্ত্র ও কখন বা চতুর্ব্বক্ত্র হইতেছেন। তৎকালে তিনি নয়ন ঘূর্ণিত করত ঘন ঘন প্রবল নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক ভীষণ ক্রোধের সহিত ভীমরবে কেবল মারয় মারয় ইত্যাদি বাক্য উদ্গীরণ করিতে করিতে চতুর্দ্দিকে ধাবমান হইতেছেন। তখন ব্রহ্মা সেই বিকটদন্ত মহারুদ্রের তাদৃশ ভাব দর্শনে ভীত হইয়া তাঁহাকে একাদশ খণ্ডে বিভক্ত করিলেন, তাহাতেই একাদশ রুদ্রের উৎপত্তি। অনন্তর তাহাদিগকে পূর্ব্বের ন্যায়ই সৃষ্টিলোপকর উগ্ররূপ দর্শন করিয়া ভগবান্ ব্রহ্মা, ভয়বিহ্বলহৃদয়ে দক্ষকে আহ্বান পূর্ব্বক কহিলেন, হে বৎস! হে মহাভাগ! আমার কথা শ্রবণ কর, ইহারা তোমার ভ্রাতা, অতএব ইহাদিগকে স্বীয় বশে আনায়ন কর, দেখিও যেন আমাকে গ্রাস না করে। তখন পিতৃহিতাকাঙ্ক্ষী দক্ষ, ব্রহ্মার তাদৃশ বাক্য শ্রবণ করিয়া মহামন্ত্রবলে উগ্রবিষধর সর্পগণকে যেরূপ বশীভূত করা যায় স্বয়ং নিজযোগবলে তাহাদিগকে সেইরূপ বশবর্ত্তী করিলেন। বিধাতা, এই প্রকারে রুদ্রগণকে উৎপাদন করিয়া ক্রোধ পরিত্যাগ

করিলেন। ফল কথা, ক্রোধ নিজ আশ্রয়েরই অহিতকারী, এজন্য কুশলার্থী ব্যক্তিগণে ক্রোধ পরিত্যাগ করা কর্ত্তব্য। রজভয়ে ব্রহ্মার শরীরে যে বিকৃতি উপস্থিত হইয়াছিল, তাহা হইতেই সহস্র সহস্র যক্ষ, রাক্ষস ও ক্রমে গন্ধর্ব্বগণের উৎপত্তি হয়। সৃষ্টিকর্ত্তা সনাতন ব্রহ্মা এইরূপে সৃজন করিলে ভগবান্ বিষ্ণুও স্বেচ্ছানুসারে পালন করিতে লাগিলেন।

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥ ২ ॥

তৃতীয় অধ্যায়।

শুক কহিলেন, পূর্ব্বে যে প্রকৃতির বিদ্যাদি-অংশত্রয়ের মধ্যে বিদ্যার পঞ্চভাগে বিভক্ত হইবার কথা উল্লেখ করিয়াছি, তন্মধ্যে বিদ্যার অর্দ্ধাংশে দাক্ষায়ণী, তৃতীয় অংশে সাবিত্রী এবং চতুর্থাংশে লক্ষ্মী ও রসস্বতী প্রাদুর্ভূত হইয়াছেন। হে দ্বিজ! ঐ দেবী দাক্ষায়ণী সতী, পিতৃযজ্ঞে শিবনিন্দা শ্রবণ করিয়া দেহত্যাগ পূর্ব্বক গঙ্গা ও উমারূপে হিমালয় হইতে জন্মগ্রহণ করেন। জৈমিনি কহিলেন, হে গুরো! কি জন্য দক্ষ, মহেশ্বরকে নিন্দা করেন ও কি প্রকারে দাক্ষায়ণী দেহত্যাগ করিয়াছিলেন এবং কি প্রকারেই বা হিমালয় হইতে দ্বিধা হইয়া জন্মলাভ করিয়াছিলেন? আমি যদি আপনার প্রিয় শিষ্য হই, তাহা হইলে যথাক্রমে তৎসমুদয় বিবরণ কৃপা করিয়া আমার নিকট বর্ণন করুন। শুক কহিলেন, প্রজাপতি দক্ষ, অনুপম রূপলাবণ্যবতী সত্যরূপিণী কনিষ্ঠকন্যা সতীকে বিবাহের যোগ্যা দেখিয়া চিন্তা করিলেন, ইহার উপযুক্ত পাত্র কে হইতে পারে? আমার বিবেচনায় সতী, স্বয়ংবর-সভায় স্বয়ং যোগ্য পতি লাভ করুন। দক্ষ, মনে মনে ঈদৃশ বিবেচনা করিয়া পরম রমণীয় স্বয়ংবর-সভা প্রস্তুত করাইলেন। সেই সভায় শঙ্কর ব্যতীত অপর সকলকেই নিমন্ত্রণ করিলেন। কিন্তু সতী যে শঙ্করকেই পতিরূপে লাভ করিতে বাসনা করিয়া সতত সযত্নে তাঁহার আরাধনা করিতেন, তাহা কেহই জানিতেন না। অনন্তর শুভ সময় উপস্থিত হইলে প্রজাপতি দক্ষ, সেই পরমসুন্দরী সতীকে সভাস্থলে আনায়ন করাইলেন। তৎকালে তাঁহার রূপদর্শনে ত্রিলোক মুগ্ধ হইয়াছিল। তিনি উজ্জ্বল-কনকবৎ গৌরবর্ণা, তদীয় পরিধেয় বসন কোটিচন্দ্রের ন্যায় মনোহর, কেশপাশ সুগন্ধ কুসুমমালায়-জড়িত এবং ললাটে সিন্দূরতিলক বিরাজমান। সেই চারুলোচনা কৃশোদরী সতী, যখন মাল্যহস্তে রত্নময় পীঠোপরি অধিষ্ঠিত হইয়াছিলেন, তখন তাঁহাকে নিরীক্ষণ করিয়া সকলেই জ্ঞানশূন্য হইয়াছিল এবং মনে মনে বিবেচনা করিয়াছিল, যেন, রূপরূপ রত্নাকরে রূপলক্ষ্মী সমুত্থিতা হইয়াছেন। বস্তুতঃ সতীর রূপ-বর্ণনায় বাক্‌শক্তিও পরাভব স্বীকার করিয়া থাকেন। দক্ষ

হিলেন, বৎসে! সতি! এক্ষণে তুমি স্বয়ং দেখিয়া স্বীয় পতি বরণ কর। দেব, দানব, মুনি প্রভৃতি সকলেই এই স্থলে সমাগত হইয়াছেন, ইহাদের মধ্যে যাহাকে আপনার অনুরূপ বিবেচনা হয়, তাহাকেই বরণ কর। বৎসে তুমি ত্রিনয়না, আপনার নয়নত্রয় উন্মীলন করিয়া (তুমি স্বয়ং যেরূপ সর্ব্বাঙ্গসুন্দরী) সেইরূপ সর্ব্বাঙ্গসুন্দর পতি বরণ কর। পিতার বাক্য শ্রবণ করিয়া, সতী সভার দিকে দৃষ্টিনিক্ষেপ করিলেন, তথায় মহেশ্বরকে দেখিতে পাইলেন না। সেই শিবশূন্য সভাস্থল তাঁহার নয়নে শূন্যবোধ হইল। তিনি মনে মনে চিন্তা করিতে লাগিলেন, "পিতা আমার শিবদ্বেষী হইয়া শিবশূন্য সভা করিয়াছেন। কিন্তু সেই ত্রিলোচন ব্যতীত আর কে আমার পতি হইবে? হে প্রভো! দেব মহেশ্বর! আপনি সনাতন, বুদ্ধিস্বরূপ; যখন এই সভাস্থলে আগমন করেন নাই, তখন নিশ্চয়ই আমাকে উপেক্ষা করিতেছেন; কিন্তু নাথ! আপনি ত্রিজগতের পতি, আপনি ভিন্ন আমি আর কাহাকেও বরণ করিব না। আপনার প্রতি কেহ দ্বেষ করুক বা আপনার শত শত নিন্দা করুক, অধিক কি, এ বিষয়ের জন্য যদি আমার প্রাণ পর্য্যন্ত বিনষ্ট হয়, তথাপি আপনিই আমার পতি। আপনার নিন্দাবাক্য কখনও যেন আমার কর্ণপথে পতিত না হয়। যখনই আপনার নিন্দাবাক্য আমার কর্ণগোচর হইবে, তখনই এই দেহ পরিত্যাগ করিব; তবে এইমাত্র প্রার্থনা করিতেছি, যেন জন্মান্তরে পুনর্ব্বার আপনাকেই প্রাপ্ত হই। হে দ্বিজশ্রেষ্ঠ! দেবী দাক্ষায়ণী মনে মনে এইরূপ নিশ্চয় করিয়া "নমঃ শিবায়" বলিয়া ভূমিতলে মাল্য নিক্ষেপ করিয়া বলিলেন, দেব মহেশ্বর! আপনি সনাতন, ভক্তিলভ্য এই ভূমিনিক্ষিপ্ত মাল্য দ্বারা আপনাকে বরণ করিলাম, আপনি আমার পতি হউন। এইরূপ বলিতে বলিতে দেবী দাক্ষায়ণী দেখিতে পাইলেন যে, ভগবান্ মহাদেব, কোটিচন্দ্রপ্রভ মূর্ত্তি ধারণ করিয়া সেই ভূতলক্ষিপ্ত মাল্য ধারণ করিয়া, ভূমি হইতে উত্থিত হইলেন, তদীয় গলদেশে নিহিত হইয়া মাল্য অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছে। তখন দেবী সেই বৃষারূঢ় মহেশ্বরকে প্রণাম করিলেন। ভগবান্ ত্রিলোচন দাক্ষায়ণীকে আত্ম-পরিদর্শন করাইয়া যজ্ঞের অদৃশ্যভাবেই অন্তর্হিত হইলেন। ভূমিদেশে মাল্যপ্রদান করিতে দেখিয়া দক্ষ প্রভৃতি সকলেই সতীর নিমিত্ত হাহাকার করিতে লাগিল এবং বলিতে লাগিল, মূর্খে! তুমি শিবকে পতি পাইয়া কি কৃতকৃত্য হইলে? দক্ষ বলিলেন, সতি! তুই আমার কন্যা হইয়া ইন্দ্র, বহ্নি, পিতৃপতি, নৈঋত, বরুণ, বায়ু, কুবের, ঈশ প্রভৃতি সকলকে ত্যাগ করিয়া, শ্মশানের ধূলি-ভস্ম যাহার বক্ষঃস্থলের ভূষণ, এতাদৃশ পতিকে আলিঙ্গন করিবার অভিলাষ করিয়াছিস্? ধিক্ রে দুরাত্মঃ! তুই কিনা এই দুর্ম্মতি সতীকে রূপরাশি প্রদান করিয়াছিস্! শ্মশানভূমিতে লুণ্ঠিত করিবার জন্যই কি এই মনোহর কুসুমফুলের মালা গাঁথিয়াছিলি! ব্রহ্মার সৃষ্টির মধ্যে অদ্বিতীয় রূপবান্, এই সভামধ্যে সমাহূত হইয়াছিলেন; সতি! তুই আমার সমস্ত উদ্যম কি কারণে ভস্মসাৎ করিলি? তুই আমার কন্যা না হইলে আমার পক্ষে শুভ হইত;

এক্ষণে আমার ঔরসে জন্মগ্রহণ করিয়া আমার কুলকে দূষিত করিলি। বোধ হয়, আমি তোর নিকট কোন অপরাধ করিয়া থাকিব, সেই জন্যই আমাকে ঈদৃশ মনঃকষ্ট প্রদান করিলি। তুই শিবের যোগ্যতার বিষয় কিছুই জ্ঞাত নহিস্ এবং আপনার ও আমার সম্মানাদির বিষয়ও জ্ঞাত নহিস্, তজ্জন্যই শিবকে পতিত্বে বরণ করিয়া আমাদের সকলকেই শিবতুল্য করিলি। তুই কি আমার গৃহে একাদশ রুদ্রগণকে দেখিস্ নাই? সেই প্রকার অপর কোন রুদ্রকে তুই পতিত্বে বরণ করিয়াছিস্। আমার বোধ হয়, তোর কোন দোষ নাই। সেই দুষ্টই কুমন্ত্রণাবলে গোপনে আসিয়া তো'কে বশীভূত করিয়াছে, ইহাতে আর অণুমাত্র সন্দেহ নাই। শুকদেব কহিলেন, এই প্রকার শিবনিন্দাসূচক দক্ষবাক্য শ্রবণ করিয়া মুনিশ্রেষ্ঠ দধীচি সভামধ্যে দক্ষকে বলিতে লাগিলেন, হে প্রজাপতে! আপনি কি জন্য সেই রাজীবলোচন শিবের নিন্দা করিতেছেন? তিনি ব্রহ্মা, বিষ্ণু ইহাঁরা সকলেই একাত্মা ও সনাতন। আপনি আপনার ভাগ্য বুঝিতে পারিতেছেন না। আপনার কন্যা সাক্ষাৎপ্রকৃতি এবং শিব সাক্ষাৎ পরমপুরুষ; আপনার দুরদৃষ্টবশতঃ কে শিব এবং কে সতী ইহা জানিতে না পারিয়া কি জন্য শিবনিন্দা-বিষয়ে আপনার বুদ্ধি ধাবিত হইয়াছে? দক্ষ বলিলেন, আমি সেই শ্মশানবাসী ভিক্ষুক, ভূত-প্রেতাধিপতি শিবকে জানি। তাহার পরিধেয় বস্ত্র বায়ু; উন্মত্তের ন্যায় তাহার বাক্য, সে গুণহীন, বুদ্ধিহীন, রূপহীন বলিয়া (কেবল আমার নিকটে নহে) সমস্ত চরাচরে খ্যাত; সে ব্যক্তি কিরূপে আমার কন্যার পাণি-গ্রহণের যোগ্য? ব্রহ্মা ভূত সকল সৃষ্টি করেন, বিষ্ণু তাহাদের পালন করেন, এ উভয়েরই ঐশ্বর্য্য আছে; কিন্তু বল দেখি, তাহার ঐশ্বর্য্য কিরূপে স্বীকার করিব? তবে এই পর্য্যন্ত বলিতেছি যে, ভিক্ষাদি বিষয়ে তাহার ঐশ্বর্য্য আছে। দধীচি বলিলেন, আপনি বলিলেন যে, শিব ভিক্ষুক এবং শ্মশানপ্রিয়; কিন্তু ভিক্ষার্থিরূপে তাঁহাকে কি কুত্রাপি দেখিয়াছেন? কেবল লোকপরম্পরায় এই সকল বাক্য শ্রবণ করিয়া আপনিও সর্ব্বেশ্বর শিবের নিন্দা করিতেছেন। জগতে উত্তম, মধ্যম ও অধম এই ত্রিবিধ লোক দৃষ্ট হয়, ইহারা আপার ন্যায় দেবগণকেও মনে করে; এইরূপ দেবগণও গর্হিত ব্যক্তির নিকট আপনার গর্হিত ভাব প্রকাশ করেন মাত্র, কিন্তু আপনি জানিবেন যে, বাস্তবিব তাহা নহে। আমি সত্য বলিতেছি, এই শিব সর্ব্বশ্রেষ্ঠ; অতএব ইঁহার নিন্দা করিবেন না। যখন গুণশালিনী আপনার কন্যা ইঁহাকে বরণ করিয়াছে তখনই বুঝিতে হইবে যে, শিব-সর্ব্বেশ্বর। দক্ষ বলিলেন, আমি যখন শিবকে তাদৃশ দেব-দেবেশ্বররূপে দেখিব কিংবা নিশ্চয় জানিতে পারিব, তখন আমার প্রত্যয় হইবে। কেবল গুণমাত্র কীর্ত্তন করিলে কাহারও গুণ দোষ বুঝিতে পারা যায় না। দধীচি বলিলেন, তিনি যে প্রকারই হউন না কেন, যাঁহাকে সতী বরণ করিয়াছে, আপনি তাঁহাকে আহ্বান করিয়া পূজাপূর্ব্বক সতীকে সংপ্রদান করুন। দক্ষ বলিলেন, সতী

আমার বিনষ্ট হইয়াছে, কিংবা আমার কন্যা নহে, সংপ্রতি ইহাই স্থির; এই বলিয়া গৃহমধ্যে প্রবেশ করিলেন। সকলেও স্ব স্ব ভবনে গমন করিলেন। হে দ্বিজশ্রেষ্ঠ! সতী শিবলাভে আনন্দিত হইয়া সর্ব্বদা হর্ষচিত্তে ভ্রমণ করিতে লাগিলেন, অন্যের নিকট অপমান কিংবা সম্মান এ উভয়ই তাঁহার পক্ষে সমান বোধ হইতে লাগিল।

তৃতীয় অধ্যায় সমাপ্ত ॥ ৩ ॥

চতুর্থ অধ্যায়।

শুকদেব কহিলেন, একদা মহেশ্বর সতীদর্শন-মানসে ভিক্ষুরূপী হইয়া দক্ষালয়ে উপস্থিত হইলেন। তাঁহার স্কন্ধদেশে একটী জীর্ণ কন্থা, বায়ুভরে তাহা হইতে ধূলিরাশি নির্গত হইতেছিল। বামহস্তে একটী মৃণ্ময় ভাণ্ড, তন্মধ্যে কতকগুলি ধূলিমিশ্রিত তণ্ডুল-কণা, দক্ষিণহস্তে একটী জীর্ণ দণ্ড, যাহা তদীয় জীর্ণ দেহভরেও কম্পিত হইতেছিল, তদীয় সর্ব্বাঙ্গ বলীপলিত এবং মস্তক সর্ব্বদা কম্পমান। ভগবান্ সর্ব্বস্বরূপ, তাঁহার পক্ষে এতাদৃশ আকার ধারণ করা বিচিত্র নহে। মহাদেব এতদ্ভূত আকার ধারণ করিয়া সেইস্থানে ভ্রমণ করিতে করিতে সপ্তসখী-পরিবেষ্টিতা সতীকে দেখিতে পাইলেন। অনন্তর তিনি সখীদিগের নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন, তোমরা কে? এবং সম্মুখে যাহাকে প্রজ্বলিত-সুবর্ণপ্রতিমার ন্যায় দেখিতেছি, এই সুন্দরীই বা কে? কি জন্যই বা ইনি পুরদেবীর ন্যায় যদৃচ্ছাক্রমে ভ্রমণ করিতেছেন? সখীগণ কহিলেন, বৃদ্ধ! কি বলিব, ইনি প্রজাপতি দক্ষের কন্যা, ইহাঁর নাম সতী; মহাবুদ্ধি প্রজাপতি কন্যার ঈদৃশ রূপলাবণ্য দেখিয়া স্বয়ংবরের নিমিত্ত সভা করিয়া সমস্ত দেবগণকে আহ্বান করিয়াছিলেন, কিন্তু ইনি সমাগত দেবগণকে পরিত্যাগ করিয়া বরমাল্য দ্বারা শম্ভুকে পতিত্বে বরণ করিয়াছেন। অযোগ্য পতি বরণ করিয়াছে বলিয়া পিতা ইহাঁর প্রতি বিরক্ত ও দুঃখিত হইয়াছেন, আদরের কন্যা হইলেও এখন ইনি পিতার স্নেহদৃষ্টির বহির্ভূতা হইয়াছেন, কিন্তু তথাপি ক্ষণমাত্রও ইহাঁকে দুঃখিত দেখিতে পাই না; আপনাকে কৃতার্থ মনে করিয়া সর্ব্বদা আপনার সুখে আপনিই মগ্ন থাকেন। ইহাঁর এইরূপ ব্যবহারে পিতা মাতা বন্ধুবর্গ সকলেই দুঃখিত। যাহা হউক, ইনি শিবকে বরণ করিয়াছেন বটে, কিন্তু এ পর্য্যন্ত তাঁহার সাক্ষাৎ লাভ করিতে পারেন নাই। বৃদ্ধ, সখীগণের বাক্য শ্রবণ করিয়া বলিলেন, সত্যই ইহা দুঃখের বিষয়, সন্দেহ নাই। যাহা হউক, এক্ষণে ইনি পরোক্ষভাবে শিবকে পতিত্বে বরণ করিয়াছেন শুনিয়াও শম্ভু ইহাঁকে স্মরণ করেন না, ইহা আশ্চর্য্যের বিষয়; কেননা এতাদৃশ স্ত্রীরত্ন তাঁহার পক্ষে দুর্লভ। আর এই বালিকারও দুর্ভাগ্য বলিতে হইবে, নতুবা যাবতীয় দেব-

গণকে পরিত্যাগ করিয়া, শম্ভুকে বরণ করিবেন কেন? যাহা হউক, এক্ষণে তোমা
যদি অনুমতি দাও, তবে আমিই শিবস্বরূপ হইয়া ইহাকে গ্রহণ করি। শ্মশানবাসী
শম্ভুই বা কোথায়, সর্ব্বজনদুর্লভ এই রাজকন্যাই বা কোথায়? ইহাদিগের পরস্প
সম্বন্ধ কাহারও বোধগম্য নহে। প্রজাপতি ভাগ্যবলে এতাদৃশ রুচিরাননা কন্যা লা
করিয়াছেন। শম্ভু স্ত্রী লইয়া কি করিবেন? আমিই ইহঁাকে গ্রহণ করিব
সখীগণ কহিলেন, হে বৃদ্ধ! তুমি মূর্খ, নতুবা এতাদৃশ অকথনীয় বাক্য বলিবে কেন
তুমি ভিক্ষুক, তোমার ইন্দ্রিয় সকল জীর্ণ এবং তোমার শরীরও জীর্ণ; যিনি সমস
দেবগণকে পরিত্যাগ করিয়াছেন, তিনি কিনা তোমাকে আশ্রয় করিবেন! তোমা
বাক্য শ্রবণ করিয়া, তোমাকে মুমূর্ষু বলিয়া বোধ হইতেছে। যদি বাঁচিবার ইচ্ছ
থাকে, তবে এখান হইতে দূর হইয়া যাও। রত্নমুখী নাম্নী সখী এইরূপ বলিলে
নীলকুন্তলা তাঁহাকে নিবারণ করিয়া বলিলেন, সখী রত্নমুখি! এই বৃদ্ধ সামান্য বৃদ্ধ
নহে, ইহঁাকে সাক্ষাৎ শিব বলিয়া আমার বোধ হইতেছে, মূর্খেরা ইহঁাকে চিনিতে
পারে না। সখি! আরও দেখ, সতী একদৃষ্টে ভিক্ষুকের মুখাবলোকন করিতেছে।
দেবগণের চরিত্র কেহ বুঝিতে পারে না, পণ্ডিত ব্যক্তিও তাঁহাদের মায়ায় মুগ্ধ হন।
রত্নমুখী বলিলেন, সতীও যেমন, তুমিও তেমনই; তোমাদের উভয়ের মতি বিভিন্ন
নহে। এব্যক্তি বৃদ্ধই হউক, আর মহেশই হউক, আমার তাহাতে কোন ক্ষতি বৃদ্ধি নাই
নীলকুন্তলা কহিলেন, আমি ইহঁাকে বিশ্বেশ্বর সনাতন, শিব বলিয়া জানিতে পারিয়াছি
তুমি এ বিষয়ে মূর্খ এবং দক্ষও মূর্খশ্রেষ্ঠ, অচিরাৎ তাহাকে শিবনিন্দার প্রতিফল ভোগ
করিতে হইবে। মূর্খে! তুমি কি ইহাই মনে করিয়াছ যে, এই সর্ব্বগুণশালিনী দক্ষ-
কন্যা সতী অসৎপতির হস্তে পতিত হইবে? এ বিষয়ে যে যাহাই মনে করুক না
কিন্তু আমি স্থির জানিয়াছি যে, ইন্দ্রাদি দেবগণ যাঁহার পাদপদ্ম সেবা করেন,
অলক্ষ্যস্বরূপ ভগবান্ মহেশ্বরই ইহঁার পতি হইয়াছেন। রত্নমুখী বলিলেন, হে নী
কুন্তলে! তুমি মহামূর্খ আর অধিক বাক্যব্যয় করিবার আবশ্যক নাই, বৃষের
তোমার বুদ্ধি, আর তুমি যেরূপ শিবভক্তি দেখাইতেছ, তাহাতে তোমার
হওয়াই উচিত, তাহা হইলে মহাদেব তোমার উপর আরোহণ করিয়া ভ্রমণ করিবে
নীলকুন্তলা বলিলেন, তাই হউক, ইহা অপেক্ষা আর অধিক ভাগ্য কি আছে? আ
শিবের বাহন হইলাম, সর্ব্বদা শিব ও শিবাকে যথেচ্ছাক্রমে নিরীক্ষণ করিয়া কৃত
হইব। এই কথা বলিতে বলিতে সেই নীলকুন্তলা বৃষরূপ ধারণ করিলেন এবং মহা
তৎক্ষণাৎ স্বরূপ ধারণ করিয়া তদুপরি আরোহণ করিলেন। তৎকালে আকাশে জয়ধ্ব
ও পুষ্পবৃষ্টি হইতে লাগিল। এই সময়ে দক্ষের নগর মধ্যে "সতীপতি আসিয়া
বলিয়া মহান্ কোলাহল হইতে লাগিল; কিন্তু মহেশ্বর অন্তর্হিত হইলেন। তখন সক
"শম্ভু কোথায়, শম্ভু কোথায়" বলিতে লাগিল। কেহ বলিতে লাগিল, "এইমাত্র শ

ষারূঢ় হইয়া এখানে আসিয়াছিলেন," কেহ বলিতে লাগিল "শম্ভু অমুকের ভবনে হিয়াছেন।" লোকশ্রেষ্ঠ ভগবান্ মহেশ্বর এইরূপে বিচরণ করিতে লাগিলেন, সেই দেব জগৎপতিকে কেহ দেখিতে পাইল না। নন্দী নামক তার্কিকশ্রেষ্ঠ কোন ব্যক্তি তস্ততঃ অন্বেষণ করিয়া পরিশেষে পুরবহির্ভাগে মহাদেবকে দেখিতে পাইলেন। নন্দী খিলেন, তিনি পরম দুর্ব্বল, ক্ষুধিত এবং জীর্ণ শাস্তভাবে শয়ন করিয়া আছেন। বলি-ষ্ঠ তদীয় শুক্ল বৃষ, তৎপার্শ্বে বিচরণ করিতেছে। মহাবুদ্ধি নন্দী তাঁহাকে এতদবস্থ খিয়াও মহেশ্বর বলিয়া স্থির করিলেন এবং তাঁহাকে ভক্তিভাবে 'নমো মহেশায়' বলিয়া ণাম করিলেন। বৃদ্ধ বলিলেন, আমি বৃদ্ধ, কি জন্য আমাকে "নমো মহেশায়" বলিয়া ণাম করিতেছ? আমি লোকের উপদ্রব সহ্য করিতে না পারিয়া এই নির্জ্জন স্থানে হিয়াছি। নন্দী বলিলেন, আপনি ছদ্মবেশী; বৃদ্ধরূপী হইলেও আপনাকে আমি সাক্ষাৎ হেশ্বর বলিয়া জানিতে পারিয়াছি? আপনি কি নিমিত্ত বৃদ্ধবেশে আগমন করিয়া লোক নকে বিড়ম্বনা করিতেছেন; আমি দক্ষের অনুচর, নাম নন্দী, আমি বিপ্রর্ষি ীচির শিষ্য তাঁহার নিকটে আপনার প্রভাব জ্ঞাত আছি। বৃদ্ধ বলিলেন, বল দেখি, প্রমাণ দ্বারা আমাকে শিব বলিয়া জানিতে পারিয়াছ এবং হে মহামতে! আমার ম্বেষণের জন্য তোমার কীদৃশ বুদ্ধির উদয় হইয়াছে? নন্দী বলিলেন, ভগবন্! আপনি কাত্যায়নী পতি সাক্ষাৎ শিব, বৃদ্ধরূপে এখানে আসিয়াছেন, ইহা আমি ভবৎপ্রদত্ত বলেই জানিতে পারিয়াছি। শুকদেব কহিলেন, নন্দীর এই কথা শ্রবণ করিয়া শম্ভু বেশ পরিত্যাগ করিয়া স্বীয় কোটিচন্দ্র-সদৃশ মূর্ত্তি ধারণ করিয়া বৃষোপরি আরোহণ রিলেন। তখন নন্দী স্তব করিতে লাগিলেন, হে মহেশ্বর! আপনার চরণে প্রণাম রিতেছি। হে ত্রিলোচন! আপনি ভাস্বরমূর্ত্তি ধারণ করিয়াছেন, আপনার অঙ্গ-া শতশত-চন্দ্রকান্তিকে দূরীভূত করিয়াছে। আপনি ত্রিগুণধারী, যোগিগণের ধ্য শ্রেষ্ঠ এবং সতীপতি। আপনি ধরাধরশায়ী এবং জগতের কর্ত্তা ও সংহারক, পনাকে প্রণাম করি। আপনি প্রকৃতিসম্ভূত গুণত্রয় ধারণ করিয়া, বিধি বিষ্ণু ও দ্ররূপ ধারণ করিয়াছেন। স্বয়ম্ভু, প্রকৃতি কর্তৃক বশীকৃত হইয়াছেন, কিন্তু আপনি ই প্রকৃতিকেও বশীভূতা করিয়াছেন; যেহেতু প্রকৃতিরূপিণী সতী আপনারই অন্বেষণ িতেছেন। এই শরীরনামক পুরমধ্যে যে পুরুষ বাস করিতেছেন, তিনি স্বভাবতই হইলেও প্রকৃতির কর্তৃত্ব অনুসারে কৃতিমান্ যে পুরুষ আমি, আমার, আমি িতেছি, আমি ধারণ করিতেছি, ইত্যাদি ভ্রমশীল এবং যিনি নির্গুণ অথচ সুখাদি-সরহিত, লঘু, প্রকাশরূপ প্রকৃতিসম্ভূত সত্বনামক গুণ ধারণ করেন, আপনি সেই াত্মা ও পরমাত্মাস্বরূপ পুরুষবর। আপনি শেষকারক, স্বয়ম্ভু, শেষরূপী, শিব, হর, তন, মহেশ্বর এবং পুরাণ পুরুষ। আপনি বৃষপৃষ্ঠ শোভিত করিয়াছেন, আপনাকে ম করি। হে সতীপতে! আমি আপনাকে আশ্রয় করিয়া সর্ব্বদা আপনার সমীপে

থাকিব, এই বাঞ্ছা করিয়া এখানে আসিয়াছি; এক্ষণে আপনি আমার প্রতি প্রসন্ন হউন। মহাদেব কহিলেন, যদি তোমার ঈদৃশ মতি হইয়া থাকে, তবে আমি বর দিতেছি, মৎপ্রসাদে তোমার ইচ্ছা পূর্ণ হউক। এক্ষণে আমি দক্ষকন্যার পরিণয় অভিলাষে গমন করিতেছি, তিনি আমাকে বরণ করিয়াছেন, তিনি ভিন্ন আর ক্ষণকালও স্থির থাকিতে পারিতেছি না। শুকদেব কহিলেন। নন্দী শিবসকাশে এতাদৃশ প্রসাদ লাভ করিয়া মনে মনে "তদীয় অনুচর হইব" বলিয়া স্থির করিলেন। ভগবান্ মহাদেব নন্দীর সহিত বিপ্রবেশ ধারণ করিয়া (যে স্থানে দক্ষকন্যা সখীমধ্যে বাস করিতেছেন) তথায় গমন করিলেন।

চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চম অধ্যায়।

শুক বলিলেন, অনন্তর ভূতভাবন ভগবান্ মহাদেব ব্রাহ্মণের বেশ ধারণ করিয়া, প্রজাপতি দক্ষের পুরীর পার্শ্বস্থিত উদ্যানে উপস্থিত হইলেন। দেখিলেন, উদ্যানটী অতি মনোহর এবং চারিদিকে তপস্বিগণের আশ্রম। কিয়ৎক্ষণ উদ্যান মধ্যে থাকিয়া "কি উপায়ে দাক্ষায়ণী সতীর দেখা পাইব" মনে মনে এই চিন্তা করিতে লাগিলেন; কিন্তু অধিকক্ষণ তাঁহাকে এ চিন্তা করিতে হইল না; দেখিতে দেখিতে সতী সপ্তসখী-পরিবেষ্টিত হইয়া সেই স্থানে উপস্থিত হইলেন। ভগবান্ ভূতনাথ, সতীকে সখীদিগের সহিত হাস্যালাপ করিতে দেখিয়া, আপনিও অন্যমনার ন্যায় হইয়া, বেদমন্ত্র পাঠ এবং হরিগুণ গান করিতে আরম্ভ করিলেন। এদিকে দাক্ষায়ণীর নেত্রদ্বয় সখীদিগের নিকট হইতে অপসৃত হইয়া বিপ্ররূপী মহেশ্বরের দিকে ধাবিত হইল। তিনি দেখিলেন, সম্মুখে একজন মহাতেজস্বী ব্রাহ্মণ এবং তৎপার্শ্বে তাঁহার সহচর হস্তে পুষ্পাধার লইয়া দণ্ডায়মান রহিয়াছেন। ব্রাহ্মণের ললাটে ঊর্দ্ধপুণ্ড্র গলদেশে শুভ্র যজ্ঞসূত্র এবং উত্তরীয়। অনন্তর সতী ইহাঁকে প্রণাম করা উচিত, এই ভাবিয়া তাঁহার নিকটে উপস্থিত হইলেন। উদ্যানস্থিত মুনিগণ উভয়ের তাৎকালিক ভাব নিরীক্ষণ করিতে লাগিলেন। দাক্ষায়ণী প্রণামচ্ছলে আত্মসমর্পণ করিব বলিয়া যেন ভূমিতলে দণ্ডবৎ প্রণাম করিতে লাগিলেন; তখন আশুতোষ নিজমূর্ত্তি ধারণ করিয়া প্রণতা সতীকে বাহুযুগল দ্বারা ভূমি হইতে আপন উৎসঙ্গদেশে তুলিয়া আকাশপথে গমন করিতে লাগিলেন। হে দ্বিজশ্রেষ্ঠ! এইরূপ সতীহরণ-সংবাদ শুনিবামাত্র অন্তঃপুরে মহান্ কোলাহল হইতে লাগিল। সকলে ঊর্দ্ধদৃষ্টে দেখিতে লাগিল যে, মহাদেব আপনার বাম ঊরুদেশে দক্ষবালাকে বসাইয়া বামবাহু দ্বারা বেষ্টন

করিয়া গমন করিতেছেন। শম্ভু এবং সতীর অঙ্গপ্রভায় সমস্ত আকাশমণ্ডল পরিপূর্ণ হইয়াছে, এদিকে কোটিচন্দ্র-বিনিন্দিত শিবের শুভ্রকান্তি, তাহার সঙ্গে দাক্ষায়ণীর অঙ্গচ্ছবি প্রজ্বলিত স্বর্ণের ন্যায় মিলিত হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছে। প্রজাপতি দক্ষ বিস্মিত হইয়া আকাশপথে শম্ভু এবং সতীর সেই অঙ্গপ্রভা মধ্যাহ্নকালীন কোটিসূর্য্যের ন্যায় দেখিতে লাগিলেন এবং যেদিকে দৃষ্টিপাত করেন, সেই দিকেই সতীরূপ দেখিতে লাগিলেন। দেখিতে দেখিতে সেই প্রভাময়ী মূর্ত্তি লোকলোচনের বহির্গত হইয়া, আকাশপথে লীন হইয়া গেল। এই সময়ে প্রজাপতি দক্ষ মূর্চ্ছিতের ন্যায় আপনার স্বাভাবিক দিব্যজ্ঞান হারাইয়া বিলাপ করিতে করিতে বলিতে লাগিলেন, তোমরা আমার সতীকে শিবের নিকট হইতে ফিরাইয়া আন। হায় হায়! যে সতী আমার প্রাণ অপেক্ষা প্রিয়তমা, যার মুখ মলিন দেখিলে আমি সমস্ত জগৎ শূন্য দেখিতাম, সেই চন্দ্রমুখী সতী আমার কিনা শ্মশানবাসী শিবের ভিক্ষান্ন খাইয়া জীবনধারণ করিবে! হা বৎসে! হা পুত্রি! সতি! তুমি আমাকে পরিত্যাগ করিয়া কোথায় যাইতেছ? বৎসে! তুমি পূর্ব্বজন্মে এমন কি দুষ্কর্ম্ম করিয়াছিলে, যাহার ফলে তোমাকে এতাদৃশ হতভাগ্য অযোগ্য পতির হস্তে পড়িতে হইল। প্রজাপতি এইরূপে বিলাপ করিতেছেন, এমন সময়ে মহামুনি দধীচি তথায় উপস্থিত হইলেন এবং প্রজাপতিকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন, হে প্রজানাথ! আপনি পণ্ডিত হইয়াও মূর্খের ন্যায় বিলাপ করিতেছেন কেন? কি আশ্চর্য্য! আকাশ-মণ্ডল, পৃথিবী, জল, বৃক্ষ, পশু-পক্ষী কি স্ত্রী, কি পুরুষ, সর্ব্বত্রই শিবময় এবং সতীময় দেখিতেছেন; তথাপি আপনার চিত্তভ্রম দূর হইল না? বুঝিলাম, যতক্ষণ পর্য্যন্ত শিবনিন্দার প্রতিফল না পাইবেন, ততক্ষণ পর্য্যন্ত আপনার এ দুর্ব্বুদ্ধি নষ্ট হইবে না এবং দেবাদিদেব মহাদেবও সতীর পরমতত্ত্ব বুঝিতে পারিবেন না। হে প্রজাপতে! বিধাতা আপনাকে নিশ্চয়ই বঞ্চিত করিয়াছেন, নতুবা করতলস্থিত রত্নের ন্যায় শিবরূপী সাক্ষাৎ পরমব্রহ্ম বস্তুকে উপেক্ষা করিবেন কেন? এক্ষণে যদি আপনার মঙ্গল অভিলাষ করেন, তবে আমার কথা শ্রবণ করুন; সেই প্রকৃতিরূপিণী সতী-মূর্ত্তি এবং পরমপুরুষ শিবমূর্ত্তি, হৃদয়ে ধ্যান করুন এবং কায়মনোবাক্যে তাঁহাদের শরণাপন্ন হউন। এই বলিয়া মহামুনি মৌনাবলম্বন করিলে, প্রজাপতি দক্ষ, কিঞ্চিৎ ক্ষুব্ধ হইয়া বলিতে লাগিলেন; আমার কন্যা সতী যে, প্রকৃতিরূপিণী এবং শিব যে, পুরাণ পুরুষ; ইহা সত্য এবং আপনাকেও আমি সত্যবাদী বলিয়া জানি; কিন্তু তথাপি মহেশকে পরদেবতা বলিয়া আমার জ্ঞান হয় না। আর আমি যে, শিবের প্রতি এরূপ অসূয়া প্রদর্শন করিতেছি, তাহার কারণ শ্রবণ করুন। পূর্ব্বে ব্রহ্মার ক্রোধ হইতে একাদশ রুদ্রের সৃষ্টি হয়, তাহারা ব্রহ্মার সৃষ্টিলোপ করিবার জন্য স্বয়ং প্রজাসৃষ্টি করিতে লাগিল। তাহা দেখিয়া ব্রহ্মা, আজ্ঞাবশে তাহাদিগকে সান্ত্বনা করিয়া আমাকে আদেশ করিলেন, দক্ষ!

তুমি আমার আদেশক্রমে এই রুদ্রগণকে আপনার বশে রক্ষা কর, যেন ইহারা প্রশ্রয় পাইয়া যথেচ্ছাচারী না হয়। এইরূপ ব্রহ্মার আদেশক্রমে এ পর্য্যন্ত এই মহত্তর একাদশ রুদ্র আমার বশবর্ত্তী রহিয়াছে। যাহার অংশে অবতীর্ণ এই একাদশ রুদ্র ভৃত্যের ন্যায় আমার আজ্ঞা প্রতিপালন করিতেছে, হে মহামুনে! তাহার হস্তে কেমন করিয়া কন্যা প্রদান করা যাইতে পারে? সৎপাত্রে কন্যা সংপ্রদান করিলে কুলকীর্ত্তি লাভ হয়; অতএব কৃতব্যক্তির সৎকুল-সম্ভূত পাত্রে কন্যাদানে যত্নবান হওয়া উচিত। এই সকল কারণে আমি সতীর অভিপ্রায় বুঝিতে পারিয়াও সতীর স্বয়ংবরে রুদ্রেশ্বর শিবকে আহ্বান করি নাই। আরও এক্ষণে আমার অভিপ্রায় শ্রবণ করুন, যে পর্য্যন্ত এই মহারুদ্রগণ আমার আজ্ঞানুবর্ত্তী থাকিবে, সে পর্য্যন্ত শিবের প্রতি আমার দ্বেষ থাকিবে, আর যখন ইহারা আমাকে অতিক্রম করিয়া, সেই মহেশ্বরের সাহত মিলিত হইবে, তখন মহাদেবও আমার পূজ্য হইবেন। শুকদেব কহিলেন, এই বলিয়া প্রজাপতি দধীচিকে প্রণাম করিয়া গৃহে গমন করিলেন; মহামুনি দধীচিও আপনার আশ্রমে প্রতিগমন করিলেন।

পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

ষষ্ঠ অধ্যায়।

শুকদেব কহিলেন, হে মহারাজ! অনন্তর দেবর্ষি নারদ একদিন দক্ষালয়ে উপস্থিত হইলেন। সাধুগণ কেবল লোকোপকার-সাধনের নিমিত্তই বিচরণ করিয়া থাকেন। তিনি প্রজাপতিকে বলিলেন, হে প্রজাপতে! আপনি সর্ব্বদা শিবনিন্দা করিয়া থাকেন বলিয়া, মহেশ্বর তাহার প্রতিফল দিবার নিমিত্ত যেরূপ চেষ্টা করিতেছেন, তাহা শ্রবণ করুন। মহেশ্বর স্বীয় ভূতসমূহে পরিবেষ্টিত হইয়া আপনার পুরমধ্যে আসিয়া অস্থি ভস্মাদি নিক্ষেপ করিবেন; আপনি কোনরূপে নিবারণ করিতে সক্ষম হইবেন না। এই বলিয়া দেবর্ষি শূন্যমার্গে গমন করিলেন। এখানে প্রজাপতি দক্ষ মন্ত্রিগণের সহিত কর্ত্তব্য স্থির করিলেন যে, প্রেতভূমিপ্রিয় শম্ভু আমার পুরমধ্যে আগমন করিবে; কিন্তু আমি দেবগণের সহিত পুরমধ্যে পুণ্যক্রিয়া আরম্ভ করিব, তাহা হইলে, মহাদেব এই পুণ্যকর্ম্ম-বিশোধিত পুরমধ্যে কখনই আসিতে পারিবে না। হে জৈমিনে! সেই প্রজাপতি এইরূপ স্থির-নিশ্চয় করিয়া, শিবদ্বেষী হইয়া যজ্ঞ আরম্ভ করিলেন। তিনি সেই যজ্ঞে দেবতা, রাক্ষস, কিন্নর, সিদ্ধ, যক্ষ, গন্ধর্ব্ব, অপ্সর, পিতৃলোক, চারণ, মুনিগণ, দৈত্য, নরলোক এবং সর্পলোক প্রভৃতি সকলকে আহ্বান করিলেন, কেবল স্বীয় কন্যা সতী এবং জামাতা শিবের নিমন্ত্রণ করিলেন না আর এই ঘোষণা করিয়া দিলেন যে, আমি শিব ও শিবপ্রিয়া সতীকে আহ্বান করি নাই; যাঁহারা এই যজ্ঞে না

আসিবেন, তাঁহারা অদ্যাবধি যজ্ঞভাগ হইতে বহিস্কৃত হইলেন। এইরূপ দক্ষবাক্য শ্রবণ করিয়া সুরাসুর সকলেই ভীত হইয়া সেই শিবশূন্য যজ্ঞে সমাগত হইলেন। প্রজাপতি বিন্ধ্যাচলের স্থায় বস্ত্র এবং অন্নাদি দ্রব্যের পর্ব্বত নির্ম্মাণ করিলেন; দুগ্ধ ঘৃতাদির সরোবর নির্ম্মাণ করিলেন। এইরূপ মহাসমারোহে যজ্ঞকার্য্য হইতে লাগিল। এখানে দাক্ষায়ণী সতী কৈলাস পর্ব্বতে থাকিয়া পিতার এইরূপ যজ্ঞবার্ত্তা লোকমুখে শ্রবণ করিয়া পিত্রালয়ে যাইবার জন্য সমুৎসুক হইয়া মহাদেবকে প্রসন্ন করিবার নিমিত্ত স্তব করিতে লাগিলেন; হে দেবদেব! মহেশ্বর! আপনি মহামতি এবং শরণাপন্ন লোকদিগের মনোভিলাষ পূর্ণ করিয়া থাকেন। আপনি ব্রহ্মারূপে সমস্ত জগৎ-সৃষ্টি করেন, বিষ্ণুরূপে সমস্ত জগৎ পালন করেন এবং অব্যক্তরূপে ত্রিগুণাত্মক হইয়াও ব্যক্ততমোগুণাংশী হইয়া, স্থাবর-জঙ্গমাত্মক সমস্ত বিশ্বের সংহার করিয়া, আপনার হর নামের সার্থক্য সম্পাদন করেন। প্রকৃতি দেবী আপনাকে আশ্রয় করিবার নিমিত্ত কতই যত্ন করিয়া থাকেন এবং ব্রহ্মা ও বিষ্ণুকে পরিত্যাগ করিয়া আপনাতেই নিশ্চলা হইয়া থাকেন। হে বরদেশ্বর! আমার প্রতি প্রসন্ন হউন। মহাদেব কহিলেন, দেবি! তুমি কিজন্য স্তব করিতেছ? আপনার মনোভিলাষ প্রকাশ করিয়া বল। যদি কাহাও প্রতি অনুগ্রহ বা নিগ্রহ করিতে হয়, তোমার প্রিয় হইলে এখনই করিতে প্রস্তুত আছি। তখন সতী কহিলেন, ভগবন্! ত্রিলোচন! আপনার শ্বশুর দক্ষ, একটী যজ্ঞ করিতেছেন, ত্রিভুবনবাসী সকলেই সেই মহাযজ্ঞে গমন করিয়াছেন; যদি আপনি অনুমতি প্রদান করেন, তাহা হইলে আমরাও উভয়ে সেই যজ্ঞে গমন করি। তথায় উপস্থিত হইলে, পিতা আমাদের কতই সম্মান করিবেন এবং মনে মনে কতই আনন্দ প্রকাশ করিবেন! মহাদেব কহিলেন, অয়ি প্রিয়ে! এরূপ সঙ্কল্পকে মনেও স্থান দিও না, অনিমন্ত্রিত হইয়া যজ্ঞাদি কার্য্যক্ষেত্রে গমন করিতে লোকে মৃত্যুতুল্য বিবেচনা করিয়া থাকে। তোমার পিতা আপনাকে ধনবান্, কুলীন ও বিদ্যাবান্ মনে করিয়া, সর্ব্বদা গর্ব্বিত হইয়া আমাকে অবহেলা করেন। বিশেষতঃ অদ্য রবিবার, পশ্চিম দিকে গমন করা কখনই যুক্তি-সঙ্গত নহে। দেবি! প্রজাপতি কেবল আমার অপমান করিবার মানসেই এই যজ্ঞ আরম্ভ করিয়াছেন। যদি তাই হয়, তবে তুমি কেমন করিয়া তথায় গমন করিতে অভিলাষ করিতেছ? বিবেচনা করিয়া দেখিলে, জামাতা শ্বশুরের নিকট সর্ব্বদা পরম আদর পাইবারই প্রত্যাশা করে এবং জামাতার প্রতি পিতৃতুল্য মনে করিয়া আচরণ করা শ্বশুরেরও কর্ত্তব্য কর্ম্ম। যাঁহারা জামাতাকে দেখিয়া সম্বোধনাদি না করেন, তাহার প্রতি দুর্ব্বাক্য প্রয়োগ করেন, বলপূর্ব্বক ভৃত্যাদির স্থায় আদেশ করেন, কখনও কোন দ্রব্য দান করেন না এবং বাৎসল্য ভাব প্রকাশ করেন না, তাঁহারা লোকসমাজে নিন্দিত হন এবং তাঁহাদের ধর্ম্ম-কর্ম্ম সমস্তই বৃথা। আর যদি কন্যা, জামাতার প্রতি অসদাচরণ করে, শ্বশুরের পক্ষে তাহাও মৃত্যুতুল্য।

এইরূপ শ্বশুরের প্রিয়কর্ম্ম করা জামতারও উচিত। শ্বশুরালয়ে জামতা অসম্মানিত হইলে, তথায় গমন করা কখনই উচিত নহে। জামাতা শ্বশুরের প্রীতিভাজন হইলে, রূপবৃদ্ধি এবং প্রজাবৃদ্ধি হয়। এইরূপ শ্বশুরের নিকট কেবল জামাতাই সম্মানার্হ এমন নহে, তাহার পিতা মাতা এবং ভ্রাতা প্রভৃতি সকলেরই সম্মান করা উচিত। জামতার প্রিয়কামনা করিতে হইলে, স্বীয় কন্যারও সম্মান করা কর্ত্তব্য; কারণ কন্যার অপমান হইলে জামাতারও অপমান হয়। আর শ্বশুরের যে সকল পুত্রাদি, তাহারও বয়োজ্যেষ্ঠ ভগিনীপতিকে দেবতার ন্যায় পূজা করিবে। প্রিয়ে! তোমার পিতা এই সমস্ত শাস্ত্রবিহিত নিয়ম অতিক্রম করিয়াছেন, নতুবা আমাদিগকে আহ্বান না করিয়া, কেমন করিয়া যজ্ঞকার্য্য করিতেছেন! হে দাক্ষায়ণি! তোমার নিকট কিছুই অবিদিত নহে, তোমার পিতা ইচ্ছাপূর্ব্বক তোমাকে আমার হস্তে সংপ্রদান করেন নাই; তুমি আপন ইচ্ছায় আমাকে প্রাপ্ত হইয়াছ। এক্ষণে আমার আজ্ঞা অতিক্রম করিও না; পতির আজ্ঞা উল্লঙ্ঘন করিলে, ভার্য্যা স্বীয় সুখে বঞ্চিত হয়। সতী কহিলেন, প্রভো! আপনি যে সকল শাস্ত্রবিহিত নিয়ম নির্দ্দেশ করিলেন, সমস্তই সত্য, এবিষয়ে অণুমাত্র সন্দেহ নাই; কিন্তু বলুন দেখি, পিতৃগৃহে মহোৎসব শ্রবণ করিয়া, কন্যা কেমন করিয়া ধৈর্য্যাবলম্বন করিয়া রহিবে? যে যজ্ঞস্থলে অসম্মানার্হ ব্যক্তিগণও সম্মানলাভ করিতেছে, আমি পিতার আদরের কন্যা হইয়া, তথায় না গিয়া কেমন করিয়া স্থির থাকিব? বিশেষতঃ পিতার নিকটে গমন করিব, ইহাতে আর নিমন্ত্রণের অপেক্ষা কি এবং সেই জন্যই পিতা আমাকে নিমন্ত্রণ করেন নাই, তিনি আমার আগমনের প্রতীক্ষা কবিতেছেন। অতএব প্রভো! অনুমতি করুন, আমি যজ্ঞস্থলে গমন করি, আমি তথায় গমন করিলে পিতা বহু সম্মান করিবেন এবং আমার সম্মান হইলে আপনারও সম্মান হইবে। আর যদিও পিতা মূর্খতা বশতঃ আপনার তত্ত্ব না বুঝিয়া এইরূপ কার্য্য করিয়াছেন, তথাপি আপনি অভিমান করিয়া, স্বীয় যজ্ঞভাগ কি নিমিত্ত উপেক্ষা করিতেছেন? হে মহেশ্বর! আমার পিতাকে দিব্যজ্ঞান প্রদান করা কর্ত্তব্য, সেই জন্যই বলিতেছি, আমাদের উভয়েরই যজ্ঞস্থলে গমন করা উচিত। মহেশ্বর কহিলেন, প্রিয়ে! তুমি যাহা বলিতেছ, সমস্তই আমি পূর্ব্বে স্থির করিয়া রাখিয়াছি; কিন্তু আমাদের উভয়েরই সেইস্থলে গমন করা যুক্তিযুক্ত নহে; কারণ, সেই প্রজাপতি আমাকে অবহেলা করিয়া, দেবগণের সহিত যে যজ্ঞ আরব্ধ করিয়াছেন, তাহার প্রতিফল অচিরাৎ ভোগ করিবেন এবং তদীয় মূর্খতাও সেই সঙ্গে দূরীভূত হইবে। আমার বোধ হইতেছে, তুমি তথায় গমন করিয়া আপনারই অনর্থ সম্পাদন করিবে। তোমার পিতা সেই যজ্ঞস্থলে তোমারই সমক্ষে আমার নিন্দা করিবেন, তৎসমুদয় স্বকর্ণে শ্রবণ করিয়া, অসহ্য যন্ত্রণা ভোগ করিতে হইবে; সুতরাং তথায় গমন করিবার আবশ্যক নাই। হে দক্ষকন্যে! তুমি সমস্তই

জান; অধিক আর কি বলিব, আমার বাক্য উল্লঙ্ঘন করিও না। সতী কহিলেন, দেব! আপনার যুক্তিমতে তথায় উভয়েরই যাওয়া উচিত নহে, কিন্তু অন্যরূপে বিবেচনা করিয়া দেখিলে, গমন করাই উচিত বলিয়া বোধ হয়। হে ত্রিদশেশ্বর! আপনি সমস্ত দেবতার অধিপতি এবং সর্ব্বযজ্ঞের ঈশ্বর; লোকে যজ্ঞ, দান, তপ এবং হোমাদি যেরূপেই করুক না কেন, যখন আপনাতেই সমর্পিত হয়, তখন মদীয় পিতৃযজ্ঞে আপনি অনাহূত হইলেও আপনাতেই সমর্পিত হইতেছে। পিতার অনিচ্ছাসত্ত্বেও যেরূপ আমি আপনারই চরণে সমর্পিত হইয়াছি, এই যজ্ঞকার্য্যও সেই-রূপই হইবে। এক্ষণে প্রার্থনা করিতেছি, আপনি সাক্ষাৎ হইয়া স্বীয় যজ্ঞভাগ গ্রহণ করুন। আপনার আহ্বান কিংবা অনাহ্বান এ উভয়েই বিশেষ নাই; কেননা আপনি যোগী, পূজা কিংবা অপমান উভয়ই আপনার সমান। মহাদেব পুনর্ব্বার কহিলেন, দেবি! আহ্বান কিংবা অনাহ্বান এই উভয়ের মধ্যে বিশেষ করা যোগীদিগের বিধেয় নহে, কিন্তু তথায় গমনেরই বা বিশেষ প্রয়োজন কি? কর্ম্ম ব্যতীত যোগ হয় না এবং কর্ম্ম করিতে হইলে অনুচিত কর্ম্ম করা বিধেয় নহে। মান্যলোকের পূজা করা উচিত এবং যাহাদের নিকট সম্মান পাওয়া যায় না, এইরূপ শ্রদ্ধাহীন লোকের নিকট পূজ্য ব্যক্তির গমন করা বিধেয় নহে; কেননা, শ্রদ্ধাহীন ব্যক্তিগণ পূজা করিলেও তাহা পূজা বলিয়া গণ্য হয় না। এইরূপ পূজ্য ব্যক্তির অনাদর করিয়া, যাহারা পূজা করিয়া থাকে, তাহাদের পূজা সফল হওয়া দূরে থাকুক, প্রত্যুত বিপদের কারণ হইয়া উঠে। পূজ্য ব্যক্তির পূজার ব্যতিক্রম হইলে, অভিষ্টসিদ্ধি সম্মুখীন হইলেও প্রতিহত হয়; অতএব তোমার যাওয়া উপযুক্ত বলিয়া কোনরূপেই বোধ হইতেছে না, আর আমার বোধ হইতেছে, তুমি তথায় গমন করিলে, আমার নিন্দা শ্রবণ করিতে হইবে এবং তৎক্ষণাৎ সহ্য করিতে না পারিয়া প্রাণত্যাগ করিবে, তুমি প্রাণত্যাগ করিলে প্রজাপতি দক্ষকেও যজ্ঞের সহিত বিনষ্ট হইতে হইবে। আর যদি আমিও তথায় গমন করি, তাহা হইলে স্বীয় নিন্দা শ্রবণ করিয়া হয় ত তৎক্ষণাৎ যজ্ঞের সহিত প্রজাপতি দক্ষকে বিনাশ করিব, তাহা হইলে তুমিও পিতৃবধহেতু আমার প্রতি বিরক্তা হইবে; তাহা হইলে আমাদের উভয়ের পক্ষে অপ্রীতি এবং মৃত্যু এ উভয়ই তুল্য হইবে; ইহা বিবেচনা করিয়া যাহা কর্ত্তব্য হয় কর। সতী কহিলেন, দেব! আপনি বলিলেন যে, আমি স্বকর্ণে আপনার নিন্দা শ্রবণ করিব তাহা কখনই হইবে না, পূর্ব্বে স্বয়ংবরস্থলে আপনার নিকট প্রার্থনা করিয়াছিলাম, "দেব কখনও যেন আপনার নিন্দা শ্রবণ করিতে হয় না। যদি কখনও আপনার নিন্দা শ্রবণপথে পতিত হয়, তবে তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিয়া জন্মান্তরে যেন আপনার চরণ প্রাপ্ত হই" এই প্রার্থনা আপনি তখন শ্রবণ করিয়াছেন, এক্ষণে আপনি অন্য প্রকার ভাবিবেন না; আপনি

পরিত্যাগ করিলে, নিশ্চয়ই প্রাণ পরিত্যাগ করিব। মহাদেব কহিলেন, স্বয়ংবরস্থলে তোমার প্রার্থনা আমি পূর্ণ করিয়াছি, কিন্তু অধুনা তুমি স্বয়ং আমার নিন্দা শ্রবণ করিতে প্রস্তুত হইয়াছ, নতুবা মন্নিন্দক-দক্ষযজ্ঞে যাইবার জন্য অভিলাষ করিবে কেন? এক্ষণে যাহা তোমার অভিরুচি হয় করিতে পার আমি কোনবিষয়ে প্রতিষেধ করিব না, দুষ্টবুদ্ধিগণ নিন্দিতকর্ম্ম আপনি করিয়া পরের প্রতি দোষারোপ করিয়া থাকে। মহাদেবের বাক্য শেষ হইলে, দেবী দাক্ষায়ণী স্তব্ধাক্ষী হইয়া মৌনাবলম্বন করিয়া রহিলেন এবং এক একবার সাসূয়-নয়নে শিবের প্রতি নিরীক্ষণ করিতে লাগিলেন। ভগবান্ ভূতনাথ চারুরূপিণী সতীর ভয়ানক লোচনত্রয় দেখিয়া মুগ্ধ হইলেন; কিয়ৎক্ষণ পরে পুনর্ব্বার দেখিলেন, তাঁহার নেত্রদ্বয় ক্রোধোদ্দীপ্ত এবং তৃতীয় নয়ন হইতে অগ্নিরাশি নির্গত হইতেছে, ঊর্দ্ধ দন্তপংক্তি অট্টহাস মিশ্রিত, রক্তবর্ণ অধর, দন্তাবলী মধুর মৃদুহাস্যে ভূষিত, সর্ব্বাঙ্গ স্বেদার্দ্র এবং শরীর কামভরে অলস; দেখিতে দেখিতে তাঁহার প্রজ্বলিত স্বর্ণের ন্যায় অঙ্গকান্তি লুক্কায়িত হইল। তিনি গাঢ় অন্ধকাররাশির ন্যায় প্রভা ধারণ করিলেন। সর্ব্বশরীর লোমাঞ্চিত, পয়োধরযুগল পীনোন্নত, কেশকলাপ উন্মুক্ত এবং বিবস্ত্রা হইয়া, চারিটী হস্ত ধারণ করিলেন এবং বীরপুরুষের ন্যায় দেহভরে সেই পর্ব্বতকে কম্পিত করিতে লাগিলেন। অধিক কি তৎকালে তীব্রযৌবনমদে মত্ত হইয়া সাক্ষাৎ মহেশ্বরকেও অগণ্য বিবেচনা করিতে লাগিলেন। কমলনয়না সতী, এইরূপ শ্যামা মূর্ত্তি ধারণ করিয়া সহসা উত্থিত হইলেন, চরণ-যুগল প্রস্ফুটিত কমলের ন্যায় শোভা পাইতে লাগিল। মহেশ্বর তাদৃশ মূর্ত্তি নিরীক্ষণ করিয়া অধৈর্য্য হইলেন এবং অন্য উপায় না দেখিয়া তথা হইতে পলায়ন করাই উচিত বিবেচনা করিয়া একবারে বিমুগ্ধ হইয়া দৌড়িতে লাগিলেন। দাক্ষায়ণী তাঁহাকে পলায়ন করিতে দেখিয়া "মাভৈঃ, মাভৈঃ," শব্দ করিতে লাগিলেন; কিন্তু তথাপি ভূতনাথ পলায়নে ক্ষান্ত হইলেন না দেখিয়া, দেবী দশদিকে দশমূর্ত্তি ধারণ করিলেন। ভয়দ্রুত ভূতনাথ যে দিকে অবলোকন করেন, সেই দিকেই দাক্ষায়ণীর সেই সেই মূর্ত্তি নিরীক্ষণ করিয়া অত্যন্ত ভীত হইলেন। অনন্তর শম্ভু যখন কোনদিকে পলায়ন করিতে অশক্ত হইলেন, তখন সেই স্থানেই দণ্ডায়মান হইয়া চক্ষু মুদ্রিত করিলেন। কিয়ৎক্ষণ পরে চক্ষুরুন্মীলন করিয়া দেখিলেন, সেই মুক্তকেশী শ্যামাঙ্গী দক্ষিণাভিমুখী হইয়া হাস্য করিতেছেন, তখন মহেশ্বর ভয়কম্পিত হৃদয়ে কহিলেন, দেবি! তুমি কি জন্য এই ভয়াবহ শ্যামমূর্ত্তি ধারণ করিয়াছ? তুমি কে এবং এই দেবীমূর্ত্তিসকলই বা কাহার? পরিচয় দাও। দেবী কহিলেন, আমি সূক্ষ্ম প্রকৃতিস্বরূপা, আপনি পুরুষোত্তম; আপনাকে লাভ করিবার জন্যই দক্ষ-ঔরসে প্রসূতির গর্ভে গৌরাঙ্গী হইয়া জন্মগ্রহণ করিয়াছি। যে সময়ে ব্রহ্মা বিষ্ণু এবং আপনি জন্মগ্রহণ করিয়াছিলেন, সেই সময়ে শবরূপে আমি আপনাদের নিকটে গমন করিয়াছিলাম, আমাকে বিকৃতাকার দেখিয়া ব্রহ্মা এবং বিষ্ণু উভয়েই উপেক্ষা করিয়াছিলেন। কিন্তু আপনি গ্রহণ করিয়াছিলেন বলিয়া, সেই অবধি আপনার

বশবর্ত্তিনী হইয়াছি। আপনি আমার প্রাণ, সুহৃৎ, ভর্ত্তা এবং প্রকৃতিপ্রিয় পুরুষ; আপনাকে পাইবার জন্যই দক্ষক্ষেত্রে জন্মিয়াছি এবং ত্বদীয়-নিন্দা-শ্রবণকালে দেহত্যাগ করিতে সঙ্কল্প করিয়াছি। আপনি যে আমাকে ত্যাগ করিবেন, তাহা আমি পূর্ব্বেই নিরূপণ করিয়াছি। এক্ষণে যদি আপনার নিন্দা শ্রবণ করিতে হয়, তাহা হইলেও প্রাণত্যাগে সঙ্কল্প করিয়াছি এবং আপনিও বলিলেন, যেস্থানে আমার নিন্দা শ্রবণ করিতে হইবে, তথায় গমন করা বিধেয় নহে; সুতরাং আপনারও প্রীতিভাজন হইতে পারিলাম না, অতএব মৃত্যুই শ্রেয়স্কর বলিয়া বোধ হইতেছে। দক্ষ হইতে যে শরীর উৎপন্ন হইয়াছে, আপনার নিকটে সেই শরীর ধারণ করিতে আমার লজ্জাবোধ হইতেছে। আর এই দেবীমূর্ত্তি সকল আমারই ঐশ্বর্য্য হইতে আবির্ভূত হইয়াছেন, দক্ষযজ্ঞবিনাশে সামর্থ্যপ্রদর্শন হেতুই এই সকল মূর্ত্তি প্রকটিত করিয়াছি, এক্ষণে অনুমতি হইলে যজ্ঞের সহিত দক্ষকে বিনষ্ট করি। মহাদেব কহিলেন, দেবি! যদি আপনি সূক্ষ্মপ্রকৃতিরূপা এবং আমি সাক্ষাৎ পরমপুরুষ, তাহা হইলে স্বতন্ত্রা এবং শক্তিরূপিণী হইয়াও কি নিমিত্ত আমার বশবর্ত্তিনী হইয়াছেন? সতী কহিলেন, ভগবন্! শ্রবণ করুন, যেরূপে প্রথম সৃষ্টি হয়; এই উপাখ্যান গুহ্যতর, অধিক কি ব্রহ্মা এবং বিষ্ণুও ইহা জ্ঞাত নহেন। যে মূলপ্রকৃতি সূক্ষ্মরূপা এবং উপাধিশূন্য; যিনি অনন্তব্রহ্মাণ্ডের মূলকারণ; যাহার আদিও নাই, অন্তও নাই এবং যিনি সত্ত্ব রজঃ তমঃ এই গুণত্রয়ের আধার, প্রথমে তিনি সৃষ্টি করিতে ইচ্ছা করিলে, তদীয় গুণত্রয়-একত্রিত হইয়া, চেতনারহিত এক পুরুষ জন্মগ্রহণ করিলেন। অনন্তর মূলপ্রকৃতির ইচ্ছানুসারে সেই গুণত্রয়শালী পুরুষেরও সৃষ্টিবিষয়ক ইচ্ছা হইল। তখন তিনি শক্তিমান্ হইলেন এবং গুণত্রয়ভেদে ত্রিবিধ রূপ ধারণ করিলেন। তাঁহা-দিগের মধ্যে, প্রথম ব্রহ্মা সত্ত্বগুণাবলম্বী, দ্বিতীয়, বিষ্ণু রজোগুণাবলম্বী এবং তৃতীয়, শিব তমোগুণাবলম্বী হইলেন। যখন সেই পরমা প্রকৃতি পুরুষত্রয়ের প্রতি নিরীক্ষণ করিলেন, তখন তাঁহারা পরমোপাধিযুক্ত হইলেন; কিন্তু তথাপি সৃষ্টি হইল না দেখিয়া, মহেশ্বরী সেই পুরুষত্রয়কে জীব এবং পরমোপাধিরূপে দ্বিধা বিভক্ত করিলেন। কিন্তু পরম-পুরুষের প্রতি জীবের সর্ব্বদা দৃষ্টিপাত হওয়াতে তত্ত্বজ্ঞান হইতে লাগিল বলিয়া, তখনও সৃষ্টি হইল না দেখিয়া, সেই মূলপ্রকৃতি মায়া ও বিদ্যারূপে আপনি দ্বিধা বিভক্ত হইলেন। তন্মধ্যে মায়া পরমপুরুষের বশবর্ত্তিনী হইলেন এবং তৎকালে মায়াবৃত পরমপুরুষের প্রতি জীবের অবলোকন হইল না, এইরূপে মহামায়া কর্ত্তৃক মোহময়ী সৃষ্টির সূত্রপাত হইল। অনন্তর বিদ্যারূপা প্রকৃতি আকাশে গুপ্তভাবে থাকিয়া পরমপুরুষত্রয়কে আদেশ করিলেন যে, "হে ব্রহ্মন্! তুমি সৃষ্টিকর। হে বিষ্ণো! তুমি পালন কর, হে মহেশ্বর! তুমি সংহার কর এবং তজ্জন্য তোমাদিগকে তপস্যা করিতে হইবে" এই বলিয়া তিনি অন্তর্হিত হইলেন। এইরূপ দৈববাণী শ্রবণ করিয়া ব্রহ্মা, প্রথমে জল সৃষ্টি করিলেন এবং তন্মধ্যে সকলে তপস্যা

করিতে আরম্ভ করিলেন। তাঁহাদিগকে তপস্যানিরত দেখিয়া প্রকৃতি দেবী "কে আমাকে গ্রহণ করিবে" বলিয়া তাঁহাদের নিকট উপস্থিত হইলেন। তাহা দেখিয়া ব্রহ্মা চারিদিকে মুখ ফিরাইয়া চতুর্ম্মুখ হইলেন, বিষ্ণু নিমীলিতাক্ষ হইয়া অচেতনভাবে জলমগ্ন হইলেন, কিন্তু মহেশ্বর তাঁহাকে সাদরে গ্রহণ করিলেন; হে দেবাদিদেব! আপনি সেই শিবরূপী পরমপুরুষ এবং আমিও সেই মূলপ্রকৃতি; তৎকালে আমাকে পরিত্যাগ করেন নাই বলিয়া আমি আপনার বশবর্ত্তিনী হইয়াছি। অনন্তর আমারই আদেশক্রমে ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা হইয়াছেন, তৎকালীন জলমগ্ন বিষ্ণু পালনকর্ত্তা হইয়াছেন এবং পরমপুরুষ আপনি সংহারকর্ত্তা হইয়াছেন। মদীয় সত্ত্বদৃষ্টিতে বিষ্ণু সর্ব্বশ্রেষ্ঠত্ব লাভ করিয়াছেন এবং সর্ব্বভূতের নিয়ন্তা হইয়াছেন; তিনি প্রথমে জলমধ্যে সাত্ত্বিক স্বইচ্ছানুসারে ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়া ভূরাদি ও অতলাদিরূপে সেই ব্রহ্মাণ্ড দ্বিধা বিভক্ত করিলেন। তদীয় অর্দ্ধভাগ জলপূর্ণ এবং মধ্যস্থল অন্ধকারে পরিপূর্ণ হইল। অনন্তর বিষ্ণুর নাভিদেশ হইতে এক পদ্ম নির্গত হইলে ব্রহ্মা তন্মধ্যে থাকিয়া সৃষ্টি করিতে লাগিলেন এবং ষোড়শকলাসংযুক্ত পুরুষকে জল হইতে উত্থিত করিয়া সর্ব্বতোভাবে সৃষ্টি করিতে লাগিলেন। ব্রহ্মা কর্ত্তৃক যে সমস্ত সৃষ্টি হইতে লাগিল, ইহাই রাজসী সৃষ্টি; সাত্ত্বিকী সৃষ্টি অতি সংক্ষিপ্ত; কিন্তু রাজসী সৃষ্টি বহু বিস্তৃত; আর সংহারকারিণী সৃষ্টি, তামসী সৃষ্টি বলিয়া অভিহিত; সনাতন বিষ্ণু সত্ত্বিকসৃষ্টিকর্ত্তা; রাজসী এবং তামসী সৃষ্টিদ্বয়ের মধ্যে একমাত্র ব্রহ্মা রাজস পুরুষ এবং সংহারকার্য্যের জন্য আপনি ত্রিগুণাত্মক শিবরূপ ধারণ করিয়াছেন। সত্ত্ব, রজঃ এবং তম; এই গুণত্রয় পরস্পর সুসম্বদ্ধ, একমাত্র কোন গুণ একাধারে থাকে না, তবে যে সাত্ত্বিক, রাজসিক ও তামসিক বলিয়া কথিত হয়, তত্তৎ গুণের প্রাধান্যই তাহার কারণ মাত্র। আমি নির্গুণ হইলেও সগুণের সহিত মিলিত হইয়া থাকি, আপনি ত্রিগুণাত্মক, তজ্জন্যই আপনাকে আশ্রয় করিয়াছি। হে ত্রিলোচন! এইরূপে আমি ব্রহ্মা এবং বিষ্ণুকেও আশ্রয় করিয়া থাকি; কিন্তু সর্ব্বতোভাবে আপনাকে আশ্রয় করিয়াছি। এক্ষণে ব্রহ্মার সৃষ্টিকার্য্যে আমরাও সকলে স্বেচ্ছানুসারে জন্ম গ্রহণ করিয়া থাকি এবং সেই জন্যই প্রসূতিগর্ভে জন্ম গ্রহণ করিয়াছি এবং লক্ষ্মী, সরস্বতী ও সাবিত্রী প্রভৃতি আমারই অংশমাত্র জানিবেন। আর যে মূলপ্রকৃতি আমা হইতেও অধিক শ্রেষ্ঠা এবং সূক্ষ্মরূপা, সম্মুখস্থিত দশবিধ মূর্ত্তিসম্পন্ন দেবীগণ তাঁহারই অংশমাত্র; ইঁহারা সকলে মহাবিদ্যা। ইঁহাদের প্রত্যেকের নাম কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, সুন্দরী, বগলামুখী, ধূমাবতী ও মাতঙ্গী। মহাদেব কহিলেন, দেবি! এই যে সমস্ত মহাবিদ্যাগণের নাম উল্লেখ করিলেন, তন্মধ্যে কাহার কি নাম এবং উপাসনা কি প্রকার? তাহা বিস্তৃত করিয়া বলুন। সতী কহিলেন, আপনি যাঁহাকে সম্মুখে দিগম্বরীরূপা দেখিতেছেন, তাঁহার নাম কালী, আর অন্তরীক্ষদেশে যাঁহাকে কালরূপিণী শ্যামবর্ণা দেখিতেছেন,

উঁহার নাম তারা, আপনার দক্ষিণভাগে ছিন্নমস্তা, বামভাগে ভুবনেশ্বরী, পশ্চাদ্দেশে বগলামুখী, অগ্নিকোণে ধূমাবতী, নৈঋতকোণে সুন্দরী, বায়ুকোণে মাতঙ্গী, ঈশানকোণে ষোড়শী এবং ভৈরবীরূপে আমি আপনার শরীর মধ্যে বিরাজ করিতেছি। এক্ষণে আপনার অনুমতি হইলে এই সকল মহাবিদ্যার সহিত আমি ভবদ্বেষী প্রজাপতি দক্ষকে যজ্ঞের সহিত বিনষ্ট করি। আর এই সকল মহাবিদ্যা ভক্তদিগের মুক্তি প্রদান করিয়া থাকেন এবং মারণ, উচ্চাটন, ক্ষোভন, মোহন, দ্রাবণ, জৃম্ভণ, স্তম্ভন এবং সংহার প্রভৃতি বাঞ্ছিতার্থ প্রদান করেন। হে মহেশ্বর! আপনার জিজ্ঞাসিত সমস্ত তত্ত্ব বিবৃত করিলাম, ইহা অতি গোপনীয় এবং সকলের নিকট অপ্রকাশ্য। ভগবন্! আপনি দিব্যজ্ঞাননেত্রে অবলোকন করুন, আমি সেই জগদম্বিকা; মদীয় আরাধন-শাস্ত্র আপনি প্রণয়ন করিবেন এবং কালী, তারা প্রভৃতি মহাবিদ্যাগণের মন্ত্র, স্তব ও কবচাদি আপনি সর্ব্বতোভাবে প্রকাশ করিবেন, আমি সর্ব্ব দেবতা মধ্যে নির্ম্মলা এবং অতি গোপনীয়া; মদীয় সুরহস্য মন্ত্রতন্ত্র সকল আপনি ব্যক্ত করিবেন। আপনি আগমকর্ত্তা এবং স্বয়ং বিষ্ণু, বেদকর্ত্তা। আপনি অগ্রে আগমকর্ত্তৃত্ব-বিষয়ে বিনিযুক্ত হইয়াছেন, তৎপরে বেদকর্ত্তৃত্ব-বিষয়ে বিষ্ণু নিয়োজিত হইয়াছেন। আগম ও বেদ এই দুইটী আমার প্রধান বাহু, এই উভয় দ্বারা ভূর্লোক, ভুবর্লোকাদি সমস্ত জগৎ ধারণ করিয়া থাকে। হে ধূর্জ্জটে! যে ব্যক্তি আগম এবং বেদের উল্লঙ্ঘন করিয়া থাকে, সেই ব্যক্তি মদীয় হস্ত হইতে গলিত হইয়া চিরকালের নিমিত্ত অধঃপতিত হয়। যে ব্যক্তি আগম কিংবা বেদ, এতদন্যতরের উল্লঙ্ঘন করিয়া একের আশ্রয় গ্রহণ করে, আমি বিকলাঙ্গী হইয়া কখনও তাহার উদ্ধার করিতে পারি না। এই উভয়বিধ পন্থা মঙ্গলদায়ক, দুরূহ, দুর্ঘট, দুর্জ্ঞেয় এবং দুরতিক্রমণীয়; ইহাদের মধ্যে বিভিন্ন জ্ঞান করা কদাচ উচিত নয়। আপনি সমস্ত দেবতার মন্ত্র-তন্ত্রাদি ব্যক্ত করিয়াছেন; বৈষ্ণবাচারশালী লোকের পক্ষেও মদীয় তন্ত্র-মন্ত্র দুরক্ষণীয়, অতএব মন্মন্ত্র-দীক্ষিত লোক সকলের পক্ষে শাক্ত ও বৈষ্ণব ভিন্ন নহে। শক্তি এবং বিষ্ণুর প্রতি যাহার অচলা ভক্তি, সেইই শাক্ত; এতদ্ভিন্ন কখনও শাক্ত হইতে পারে না। যাহারা বিষ্ণুভক্তি আশ্রয় না করে, তাহারা শক্তি-সম্বন্ধীয় বিধি, কি করিয়া আচরণ করিবে? বৈষ্ণব-মন্ত্র সকলেরও আমি দেবতা, অতএব মদুপাসক ব্যক্তি বিষ্ণুদীক্ষা-বিষয়ে গুরু হইতে পারে; কিন্তু যদি কোন ব্যক্তি শক্তি-দীক্ষিত না হইয়া শক্তি-দীক্ষায় প্রবর্ত্তক হয়, তাহা হইলে মন্ত্রদাতা এবং মন্ত্র-গ্রহীতা উভয়কেই অন্ধকূপে বাস করিতে হয়; এই সকল বাক্য আপনার যেন স্মরণ থাকে, এক্ষণে আমি দক্ষযজ্ঞে গমন করিব। শুকদেব কহিলেন, এই বলিয়া সেই গগনবাসিনী মহাকালী, তারা প্রভৃতি মহাবিদ্যাগণের সহিত মিলিত হইয়া একরূপ ধারণ করিলেন। মহাদেব কহিলেন, দেবি! আপনি সূক্ষ্মমূল-প্রকৃতি, লোক-কার্য্যার্থে শরীর ধারণ করিয়া পতিভাবে আমাকে আশ্রয় করিয়াছেন বটে, কিন্তু কোথায় আপনি তাদৃশ সূক্ষ্মরূপ

মূল-প্রকৃতি এবং কোথায় বা মাদৃশ জড়রূপী পুরুষ, যদি আপনি স্বয়ং দক্ষালয়ে গমন করেন, তাহা হইলে মাদৃশ ব্যক্তির নিষেধ করিবার কি শক্তি আছে? হে মহেশানি! আপনার যাহা অভিরুচি হয়, তাহাই করুন। পরন্তু প্রভুত্বাভিমানী হইয়া আপনাকে যে সমস্ত কথা বলিয়াছি, এক্ষণে তাহা ক্ষমা করিবেন। শুকদেব কহিলেন, এইরূপ শিববাক্য শ্রবণ করিয়া, দক্ষকন্যা সেই মুক্তকেশী নীলাম্বুদ-বিনিন্দিত চতুর্ভুজা কালীমূর্ত্তি ধারণ করিয়াই আকাশপথে গমন করিতে লাগিলেন; কটিতটস্থিত ব্যাঘ্রচর্ম্ম পবনবেগে বিচলিত হইতে লাগিল, তদীয় পীনস্তনদ্বয় অতিবেগে আন্দোলিত হইতে লাগিল এবং প্রদীপ্ত লোচনত্রয়ে তাঁহার মুখমণ্ডল অতীব ভয়ঙ্কর হইল।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত ॥ ৬ ॥

সপ্তম অধ্যায়।

শুকদেব কহিলেন, অনন্তর সতী দক্ষালয়ে উপস্থিত হইলে, সতী আসিয়াছে বলিয়া সকলে কোলাহল করিয়া উঠিল এবং পুরবাসী আবাল-বৃদ্ধ সকলেই শ্যামবর্ণা সতীকে দেখিবার নিমিত্ত উপস্থিত হইল। ক্রমে ক্রমে দেবী অন্তঃপুর মধ্যে প্রবেশ করিয়া স্বীয় জননী প্রসূতির নিকট উপস্থিত হইলেন; প্রসূতিও বহুকালের পর সমাগতা সতীকে অবলোকন করিয়া তাঁহাকে ক্রোড়ে গ্রহণ করিয়া রোদন করিতে লাগিলেন; তাঁহার নয়নজলে সতীর সর্ব্বাঙ্গ অভিষিক্ত হইতে লাগিল। কিয়ৎক্ষণ পরে প্রসূতি কহিলেন, বৎসে! তুমি সর্ব্বদেবের অধীশ্বর মহেশ্বরকে পতি প্রাপ্ত হইয়াছ এবং তাঁহার হৃদয়বল্লভা হইয়া আমাদিগকে একবারে বিস্মৃত হইয়াছ। হে শুচিস্মিতে! আমরা তোমার জন্য সর্ব্বদা শোকসাগরে মগ্ন হইয়া থাকি; অদ্য বহুদিনের পর সেই শোক দূরীভূত হইল। বৎসে! তোমার পিতার দুর্ব্বুদ্ধির কথা কি কহিব? তিনি সর্ব্বদা শিবদ্বেষী এবং তজ্জন্যই তোমাদিগকে আহ্বান না করিয়া এই যজ্ঞ আরম্ভ করিয়াছেন। বৎসে! অদ্য আমি যে প্রকার স্বপ্ন দেখিয়াছি, তাহা শ্রবণ কর; যেন প্রজাপতি, স্কন্ধহীন হইয়া মূত্রকুণ্ডতটে পড়িয়া আছেন এবং বিকৃতাকারা রাক্ষসী সকল তাঁহাকে ভক্ষণ করিবার নিমিত্ত সমুদ্যত হইয়া কেহ বা নৃত্য করিতেছে, কেহ বা হাস্য করিতেছে, কেহ বা শোণিতবর্ষণ করিতেছে, কেহ বা দক্ষের মস্তক লইয়া কন্দুকক্রীড়া করিতেছে। এইরূপ যাবতীয় ভূত, প্রেত, পিশাচ, কুষ্মাণ্ড এবং কটপূতনা প্রভৃতি সকলে দক্ষকে প্রদক্ষিণ করিয়া সহাস্যে নৃত্য করিতেছে; নগরস্থিত প্রজাগণ এবং আমরা সকলে এইরূপ ব্যাপার দেখিয়া ব্যাকুল হইয়া রোদন করিতে লাগিলাম এবং তৎকালে কি কর্ত্তব্য, কিছুই স্থির করিতে পারিলাম না। তদনন্তর দেখিলাম, মহামেঘপ্রভার ন্যায় শ্যামবর্ণা দিগম্বরী, ত্রিনেত্রা, চতু-

ভুঙ্গা কোন মহেশ্বরী মূর্ত্তি কোটিসূর্য্যের ন্যায় প্রভাবতী হইয়া অট্টহাস্য করিতেছেন এবং মহারবে দিগন্তরাল ব্যাপ্ত করিতেছেন। যে প্রকার গরুড়ের ভয়ে সর্প সকল পলায়ন করে, সেই প্রকার তাঁহাকে দেখিবামাত্র রাক্ষসাদি সকলে ভীত হইয়া ইতস্ততঃ পলায়ন করিল; তাহা দেখিয়া মৎপুরস্থিত একাদশ রুদ্র তথায় উপস্থিত হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিল, আপনি কে এবং কাহার কন্যা, কি নিমিত্তই বা এই যজ্ঞস্থলে আসিয়াছেন? তখন সেই দিগম্বরী কহিলেন, আমি দক্ষকন্যা আমার নাম সতী; মদীয় পিতৃযজ্ঞ রাক্ষসেরা ধ্বংস করিতেছে এবং পিতা আমার ছিন্নমস্তক হইয়াছেন দেখিয়া, আমি ব্যাকুলা হইয়া সর্ব্ববিঘ্ন বিনাশ করিবার জন্য এস্থলে উপস্থিত হইয়াছি; এক্ষণে ভীমরূপধারী আপনি কে পরিচয় প্রদান করুন? রুদ্র কহিলেন, আমি রুদ্র, এই দক্ষভবনে আরও দশ রুদ্রের সহিত বাস করি; এক্ষণে সত্যই যদি আপনি দক্ষকন্যা, তাহা হইলে স্বীয় পিতার জীবন প্রদান করুন। এইরূপ রুদ্রবাক্য শ্রবণ করিয়া সেই দেবী, স্বীয় পতি মহাদেবকে তৎক্ষণাৎ যজ্ঞস্থলে আনাইয়া দক্ষের জীবন প্রদান করিলেন। তখন ছাগমুখ, দক্ষ হর্ষান্বিত হইয়া শিবের স্তব করিতে লাগিলেন, তাঁহার কুবুদ্ধি দূরীভূত হইল। অনন্তর ইন্দ্র, ব্রহ্মা এবং বিষ্ণু প্রভৃতি দেবগণ যজ্ঞস্থলে উপস্থিত হইয়া সেই যজ্ঞ পরিপূর্ণ করিলেন। বৎসে! গত রাত্রিতে আমি এই প্রকার স্বপ্ন দেখিয়াছি, এক্ষণে আমার বোধ হইতেছে, তুমিই সেই কালরূপিণী মহেশ্বরী হইবে, নতুবা শ্যামাঙ্গী হইয়া আমার নিকটে আগমন করিবে কেন? আর শিব-নিন্দাকারী দক্ষ শিবনিন্দার প্রতিফল পাইয়া তোমাদিগকে চিনিতে পারিবেন; কারণ আমি যে স্বপ্ন দেখিয়াছি, ইহা মিথ্যা বলিয়া বোধ হইতেছে না। বৎসে! তুমি চিরজীবিনী হও এবং আমি তোমার জননী, আমাকে কখনও পরিত্যাগ করিও না; আমি তোমার মুখ নিরীক্ষণ করিয়া কৃতকৃত্য হইয়া সকল শোক বিস্মৃত হইব। সতী কহিলেন, মাতঃ! আপনি যাহা কহিলেন, সমস্তই সত্য; এক্ষণে আজ্ঞা প্রদান করুন, আমি যজ্ঞশালাস্থিত পিতার সহিত সাক্ষাৎ করি; এই বলিয়া জননীকে প্রণাম করিলেন এবং তদীয় সম্মান লাভ করিয়া সহোদরাগণের সহিত যজ্ঞস্থলে উপস্থিত হইয়া দেখিলেন, অধ্বর্য্যু, উদ্গাতৃ এবং হোতৃগণ কেহ বা স্বাহা, কেহ বা স্বধা, কেহ বা বৌষট্ ইত্যাদি মন্ত্রোচ্চারণ করিতেছেন এবং প্রজাপতি তাঁহাদের সহিত শিবনিন্দাসম্ভূত হর্ষপ্রকাশ করিতেছেন। অনন্তর দক্ষ, তারাগণের মধ্যস্থিতা রোহিণীর ন্যায় ভগিনীগণের মধ্যে কমললোচনা সতীকে নিরীক্ষণ করিয়া কহিলেন, তুমি কে? কাহার কন্যা? তুমি শ্যামবর্ণা হইলেও মদীয় সতীর ন্যায় বোধ হইতেছে, অথবা তুমি আমারই কন্যা সতী এই যজ্ঞস্থলে স্বয়ং আগমন করিয়াছ? সতী কহিলেন, পিতঃ! আমি আপনার আদরের কন্যা সেই সতী, আপনি কি আমাকে চিনিতে পারিতেছেন না? আপনি প্রজাপতি এবং আমার জনক; অতএব আমি আপনাকে প্রণাম করিতেছি। তখন প্রজাপতি সতীকে চিনিতে পারিয়া কহিলেন, হা বৎসে!

হা প্রাণপ্রতিমে! তুমি ভূতাধিপতি শিবের হস্তে পতিত হইয়া ঈদৃশাবস্থাপন্না হইয়াছ
এবং সেই জন্যই তোমার শরীরকান্তি ঈদৃশ শ্যামীভূত হইয়াছে? বৎসে! তুমি
যাহার নিকটে থাকিয়া প্রদীপ্ত সুবর্ণের ন্যায় গৌরাঙ্গী হইয়াও শ্যামরূপধারণ করিয়াছ,
সেই দুষ্টস্বভাব রুদ্রের চরিত্র আমি সমস্তই জানি এবং তজ্জন্যই (কন্যা হইলেও)
তোমাকে যজ্ঞক্ষেত্রে আহ্বান করি নাই। যাহা হউক, অতঃপর আর শিবের নিকটে
গমন করিবার আবশ্যক নাই, কারণ কন্যা পতিসুখে বঞ্চিত হইলে পিতৃগৃহেই তাহার
বাস করা উচিত; অতএব তুমি আমার নিকটে থাক, দুরাচার শিবের নিকটে যাইবার
আর প্রয়োজন নাই। শুকদেব কহিলেন, সতী এই প্রকার পিতৃবাক্য শ্রবণ করিয়া
ক্রোধপ্রস্ফুরিতাক্ষী হইয়া কহিলেন, হে দক্ষ! যদি কল্যাণ ইচ্ছা কর, তাহা হইলে
আর অধিক বাক্যব্যয়ের আবশ্যক নাই। যদি তোমার ধর্ম্মলিপ্সা থাকে, তবে শিব-
নিন্দাকারী স্বীয় জিহ্বা ছেদন কর। মহাদেব সর্ব্বভূতের আত্মা এবং আমাদেরও প্রভু;
বিবেচনা করিয়া দেখিলে নিন্দা সকলের পক্ষেই মৃত্যুতুল্য, অতএব সর্ব্বভূতাত্মস্বরূপ
শিবনিন্দা করিয়া আত্মঘাতী হইবার প্রয়োজন কি? আর এই সভাস্থিত সকলেই
মহামূর্খ এবং শিবনিন্দাকারী বলিয়া দণ্ডার্হ; অতএব শিবনিন্দার প্রতিফল সকলকেই
অচিরাৎ ভোগ করিতে হইবে, এবিষয়ে আর সন্দেহ নাই। দক্ষ কহিলেন,
বালিকে! তুমি নিজ বুদ্ধির অল্পতা প্রযুক্ত শিবকে পতিরূপে বরণ করিয়াছ এবং
অগত্যা তোমাকে তৎসুখে সুখী হইতে হয়; কিন্তু তদীয় সম্মানাদি আমরা সমস্তই
জানি, এস্থলে তাহার প্রশংসা করিবার আবশ্যক নাই। আমি প্রজাপতি দক্ষ, সমস্ত
দেব-দেবীগণের নিকট পরিচিত, মৎসকাশে তদীয় প্রশংসাবাক্য দুঃসহ বলিয়া
বোধ হইতেছে। তুমি নিশ্চয় জানিও, মহেশ্বর তোমারই মনোনীত, অন্যের নিকট
কদাচ হইতে পারে না। সতী কহিলেন, দক্ষ! ক্ষান্ত হও, নিয়ন্তা না থাকিলে
কেহই ধর্ম্মাচরণ করিতে পারে না বলিয়া আমি পুনর্ব্বার বলিতেছি, ক্ষান্ত হও, পাপমতি
ত্যাগ করিয়া মদীয় হিতবাক্য শ্রবণ কর। দেব মহারুদ্রের চরণে প্রণাম কর, আমি
তোমার কন্যা, কন্যার বাক্য অবহেলা করিও না। সাধুগণ কনিষ্ঠেরও সদ্বাক্য
গ্রহণ করেন এবং যাহাদের সদসৎ জ্ঞান আছে, তাহারাই সাধু; তুমি পাপমতি এবং
সাধুত্ববিরহিত, নতুবা জন্মাবধি শিবদ্বেষী হইয়া দণ্ডার্হ হইবে কেন? এক্ষণে মহেশ্বরের
নিন্দা করিয়া আর বৃথা কালক্ষেপ করিও না। কি আশ্চর্য্য! যে শম্ভু সকলের আনন্দ-
ভাজন এবং পূজ্য, তোমার নিকটে তিনি নিন্দিত এবং অপূজিত হইলেন। অনন্তর
প্রজাপতি ক্রুদ্ধ হইয়া কহিলেন, হে সভ্যগণ! আমি প্রজাপতি এবং পিতা, আমার নিকটে
সতীর ঈদৃশ বাক্য তোমরা কি শুনিতেছ না? এক্ষণে ইহাকে সান্ত্বনা কর অথবা
এস্থান হইতে দূর করিয়া দাও। অদ্য শিবের ন্যায় সতীও আমার নিকটে সুদুঃসহা
হইয়াছে। রে দুশ্চরিত্রে! শিবপ্রিয়ে! তুমি আমার নেত্রপথের বহির্ভূত হইয়া

যাও; যে দিবসে তুমি স্ব-ইচ্ছায় শিবকে পতি প্রাপ্ত হইয়াছ, সেই দিবসাবধি আমি তোমাকে মৃতকন্যার ন্যায় মনে করি। তুমি আমার কন্যা হইয়াও ইহা জানিতে পার নাই যে, তুমি রুদ্রহস্তে সমর্পিত হইয়াছ, ইহা দেখিয়া প্রজাপতি জীবন্মৃত হইয়া আছে নতুবা নিজপতি রুদ্রকে পুনঃপুনঃ স্মরণ করাইয়া তুষানলের ন্যায় অন্তর্হিত ক্রোধ-বহ্নিকে বর্দ্ধিত করিবে কেন? মদীয় ভবনে জটাজূটধারী শূলহস্ত একাদশরুদ্র সর্ব্বদা বাস করিতেছে, সেই একাদশ রুদ্র ব্যতীত আমি অন্য কোন ব্যক্তিকে মহেশ্বর বলিয়া বিবেচনা করি না। হে দুর্ম্মতে! শিবনামধারী অন্য কোন মহারুদ্র আছে, যাঁহাকে তুমি পতিরূপে বরণ করিয়াছ। সতী কহিলেন, পিতা, মাতা, গুরু, বন্ধু, পিতামহ, পত্নী, ভ্রাতা, পুত্র প্রভৃতি সকলেই ধর্ম্মস্বরূপ, এবিষয়ে কোন সন্দেহ নাই; কিন্তু তুমি অধর্ম্মমতি হইয়া কি করিয়া আমার পিতা হইতে ইচ্ছা করিতেছ এবং ধর্ম্মমতি হইয়া আমিই বা কি করিয়া তোমার কন্যা হইব? যাহারা তোমার কন্যা, তুমি তাহাদিগকে রক্ষা কর; অদ্য হইতে আমি তোমার কন্যা নহি; আমি ভগবান্ ত্রিলোচনের শরণাপন্ন হইয়াছি, সেই শান্ত, বন্ধু, কৃপাকর মহাদেবই আমার ভর্ত্তা; তিনি অদ্বেষী, সর্ব্ব-ভূতাত্মা, কূটস্থ এবং জগদীশ্বর; কিন্তু তুমি স্বীয় মূর্খতা প্রযুক্ত সর্ব্বদা তাঁহার প্রতি দ্বেষ কর। যাঁহার (শিব) এই দ্ব্যক্ষর নাম অমঙ্গলনাশক কেবল স্মরণ করিলেই সর্ব্বপাপ বিনষ্ট হয় এবং যাঁহার নামে ত্রিভুবনের এতাদৃশ উপকার হয়, তাঁহাকে সাক্ষাৎ ভজনা করিলে উপকারের কথা আর কি বলিব? আর তোমারই বা দোষ কি, বিধাতা তোমাকে বঞ্চিত করিয়াছেন, নতুবা শিবভক্তিসুখ তোমাকে প্রদান করিবেন না কেন? আর শিবদ্বেষের প্রতিফল তুমি কি হৃদয়ে অনুভব করিতেছ না? শিবদ্বেষী ব্যক্তি নিষ্কল্যাণ এবং মঙ্গলশূন্য; অতএব হে প্রজাপতে! আমি এখনও তোমার উপকারের নিমিত্ত বলিতেছি, যত্নসহকারে মহেশ্বর রুদ্রের উপাসনা কর এবং স্তবাদি দ্বারা তাঁহাকে সন্তুষ্ট কর। আমার বাক্য অন্যথা করিও না। দক্ষ, ক্রুদ্ধ হইয়া পুনর্ব্বার কহিলেন, তুই যে 'স্তব' শব্দ করিলি, এই শব্দ আমি বিপরীত করিয়া পাঠ করিলেই শিববোধক হইবে। (স্তব—বিপরীত পাঠ করিলে হয় 'বস্ত' বস্ত শব্দের অর্থ ছাগল। দক্ষ, শিবের স্তব করার পরিবর্ত্তে শিবকে ছাগল বলিয়া গালি দিলেন)। তুই পুনঃ পুনঃ কিজন্য আমাকে বলিতেছিস্? সকলের রুচি সমান নহে, আমার যাহা ইচ্ছা করিব। তুই এখনই আমার দৃষ্টিপথের বহির্ভূত হইয়া যা, তোকে দর্শন করিলে আমার মনোদুঃখ দাবাগ্নির ন্যায় বর্দ্ধিত হইতেছে। সতী আর সহ্য করিতে না পারিয়া কহিলেন, রে মূর্খ! অধমাচার! এক্ষণে শিবনিন্দার প্রতিফল প্রাপ্ত হও। তুমি যেমন (স্তবশব্দোহন্যথা মুখে) অর্থাৎ 'স্তবশব্দ আমি বিপরীত করিয়া পাঠ করিলে' এই কথা বলিলে তদনুসারে তাহাই হউক, তুমি বস্তমুখ হও অর্থাৎ ছাগলের ন্যায় তোমার মুখ হউক এবং তোমার শব্দ ছাগলশব্দের

ন্যায় হউক, আর যেন কেহ কখনও শিবনিন্দা শ্রবণ না করে। আর আমি যে কেবল তোমার চক্ষুর বহির্ভূত হইব, তাহা নহে ; যে দেহ তোমা হইতে উৎপন্ন হইয়াছে, অচিরাৎ সেই দেহেরও বহির্ভূত হইতেছি। এইরূপ সতীবাক্য অবসান হইবামাত্র প্রজাপতি ছাগমুখ হইয়া, ছাগবৎ শব্দ করিতে লাগিলেন। হে জৈমিনে! তৎকালে যাবতীয় দেবতা ও মুনিগণ অতিশয় বিস্ময়ান্বিত হইয়াছিলেন। অনন্তর সতী যখন সেই সভাস্থল হইতে নির্গত হইলেন, তখন ইন্দ্রাদি দেবগণের সহিত সভাস্থল কম্পিত হইতে লাগিল। তদীয় পদভরে সমগ্র পৃথিবী কাঁপিতে লাগিল, সভায় সকলেরই বাক্য স্তম্ভিত হইল, সকলে হতবুদ্ধি হইয়া তাঁহাকে নিবারণ করিতে কেহই সক্ষম হইল না, অধিক কি, তাঁহার ভ্রুকুটী-ভীষণ-মুখের দিকে দৃষ্টিনিক্ষেপ করিতে কেহ সাহস করিল না। সতী অদৃশ্য হইলে, চারিদিকে হাহাকারধ্বনি সমুত্থিত হইতে লাগিল। দক্ষ সমুত্থিত হইয়া (সতী) এই কথা বলিতে গিয়া, ছাগলের ন্যায় অব্যক্ত শব্দ করিতে লাগিলেন। কি ধরণীমণ্ডল, কি গগনমণ্ডল সর্ব্বত্রই (সতী) এই বাক্য ভিন্ন আর কিছুই শুনা যায় না এবং সকল লোকই 'সতী কোথায়' 'সতী কোথায়' বলিতে বলিতে দশদিকে ধাবিত হইতে লাগিল। হে মুনিবর! শিবপ্রিয়া সতী তথা হইতে প্রস্থান করিয়া হিমালয়ের নিকটস্থিত কোন সুদুর্গম অরণ্যামধ্যে উপস্থিত হইয়া, তথায় দক্ষসম্ভূত দেহ ত্যাগ করিয়া হিমালয়ে গমন করিলেন। এদিকে দক্ষালয়ে কিয়ৎক্ষণ পরে সকলে সুস্থ হইয়া ছাগমুখ দক্ষের সহিত পুনর্ব্বার যজ্ঞকার্য্যে প্রবৃত্ত হইলেন। তাঁহারা যজ্ঞকার্য্যে প্রবৃত্ত হইলেন বটে, কিন্তু তৎকালে কেহই সুখী হইলেন না। কেননা, স্বয়ং যজ্ঞাধিকারী দক্ষ, যখন ছাগমুখ হইয়া মন্ত্রোচ্চারণ কালে ছাগশব্দ বিস্তার করিতেছেন, তখন ইহা অপেক্ষা অসুখের বিষয় আর কি হইতে পারে? এই সকল ব্যাপার দেখিয়া শুনিয়া কেহবা হাস্য করিতে লাগিলেন, কেহবা অনুতাপ করিতে লাগিলেন, কেহবা রোদন করিতে লাগিলেন, কেহবা বলিতে লাগিলেন, "দক্ষকন্যার কি অদ্ভুত শক্তি"। কেহ বলিতে লাগিলেন "কি আশ্চর্য্য! শিব-নিন্দার প্রতিফল অচিরাৎ প্রতিফলিত হইল" ; কেহ বলিতে লাগিলেন, "সতী কোথায় গমন করিলেন"? কেহ বলিতে লাগিলেন, "সতী শম্ভুসকাশে গমন করিয়াছেন" ; অন্তঃপুরস্থিতা সতীজননী প্রসূতি এই সকল ব্যাপার শ্রবণ করিয়াও দুঃখিতা হইলেন না ; কারণ তৎকালে তাঁহার মোহ দূর হইয়াছিল এবং তিনি জানিয়াছিলেন যে, সতী সাক্ষাৎ পরমা-প্রকৃতি এবং তাঁহার প্রতি আমরা যে কন্যাবুদ্ধি করিয়া থাকি, ইহা ভ্রমমাত্র।

সপ্তম অধ্যায় সমাপ্ত ॥ ৭ ॥

অষ্টম অধ্যায়।

শুক বলিলেন, ব্রহ্মা কর্ত্তৃক প্রেরিত হইয়া দেবর্ষি নারদ, সতীর দেহপরিত্যাগের কথা জানাইবার জন্য মহাদেবের নিকট উপস্থিত হইয়া কহিলেন, হে দেবদেব! ত্রিলোচন! আপনাকে নমস্কার করিতেছি। দেবী সতী দক্ষালয়ে দেহ ত্যাগ করিয়াছেন; প্রজাপতি দক্ষ সতীসমক্ষে আপনার বহুবিধ নিন্দা করিয়াছিলেন, তাহা শ্রবণ করিয়া, ক্রোধাবিষ্টা হইয়া, দক্ষকে অভিশাপ প্রদান পূর্ব্বক তিনি দক্ষসম্ভূত স্বীয় দেহ ত্যাগ করিয়াছেন। দক্ষ ছাগমুখ হইয়া ছাগশব্দে 'সতী' 'সতী' বলিয়া, কিয়ৎক্ষণ মাত্র বিলাপ করিয়া পুনর্ব্বার আরব্ধ যজ্ঞে মন দিয়াছেন। মহাদেব, নারদের এই প্রকার বাক্য শ্রবণ করিয়া, শোকে বিহ্বল হইয়া, বহুক্ষণ রোদন করিলেন। পরে নারদের প্রতি কহিলেন, বৎস নারদ! সতী দেহপরিত্যাগ এবং ব্যাকুলচিত্ত আমাকেও পরিত্যাগ করিয়াছেন; এক্ষণে যাহা উপযুক্ত হয়, বল, আমি সেই কার্য্য করিতেছি। নারদ কহিলেন, দেব মহেশ্বর! চিন্তা করিবেন না, পুনর্ব্বার সতীকে প্রাপ্ত হইবেন; সতী আপনার ভিন্ন অন্য কাহারও নহেন; ত্রিজগতে আপনিই তাঁহার প্রিয়তম। এক্ষণে, যেস্থানে সতী, দেহত্যাগ করিয়াছেন, সেই প্রজাপতির ভবনে আপনি গমন করিয়া, প্রজাপতির চরিত্রের বিষয় সমস্ত জ্ঞাত হউন। সম্প্রতি তিনি ছাগমুখ হইয়াই বা কিরূপ কার্য্য করিতেছেন এবং সতীর দেহত্যাগ, সত্য কিনা ইহাও জানা আবশ্যক। আর যদি দক্ষ তাদৃশ ছাগমুখ হইয়াও পুনর্ব্বার আপনার নিন্দা করে, তাহা হইলে তৎক্ষণাৎ যজ্ঞের সহিত তাঁহাকে বিনষ্ট করিবেন। অতএব তদীয় ভবনে যে একাদশ রুদ্র বাস করেন, আপনি তাঁহাদেরই অন্যতমরূপে তথায় গমন করুন। মহাদেব কহিলেন, আমি এখনই তথায় গমন করিতেছি, তুমি যথা ইচ্ছা গমন কর। শুকদেব কহিলেন, দেব মহেশ্বর মনে মনে এই প্রকার নিশ্চয় করিয়া, ভীষণাকার মহারুদ্ররূপ ধারণ করিলেন। তাঁহার দেহ তৎকালে অতি বৃহৎ হইল এবং ক্ষণে ক্ষণে তাঁহার মূর্ত্তিবৈলক্ষণ্য হইতে লাগিল। তৎকালে তিনি, তাম্রবর্ণজটাজুট, দীর্ঘললাটফলক, অঙ্গে ভস্মলেপ, নেত্রত্রয়াভ্যন্তরে চন্দ্রখণ্ড, মুখমণ্ডলে মুহুর্মুহুঃ হাস ও অট্টহাস, গলদেশে মুণ্ডমালা ও নাগযজ্ঞোপবীত, স্কন্ধদেশে কালদণ্ড, হস্তে কপাল ও ভিক্ষাপাত্র, কটিতটে গজাজিন ও নাগবন্ধ ধারণ করিলেন এবং সুদীর্ঘ জানু, সুদীর্ঘ জঙ্ঘা, মহাগুল্ফ ও মহাপদ ধারণ করিয়া পদভরে মেদিনীমণ্ডল প্রকম্পিত করিতে করিতে দক্ষালয়ে গমন করিলেন। তাঁহার ভীষণ মূর্ত্তি দেখিয়া সকলে ভীত হইয়া পলায়ন করিতে লাগিল। তিনি দক্ষশালার বহির্দ্দেশে থাকিয়া উচ্চৈঃস্বরে বলিতে লাগিলেন, অহে দক্ষ! আমি

ভিক্ষুক, আমাকে ভিক্ষা প্রদান কর। গৃহাভ্যন্তরস্থিত সকলেরই এই মহাঘোরশব্দে হৃদয়-দৌর্ব্বল্য উপস্থিত হইল এবং সকলেই স্ব স্ব কর্ম্মে শিথিল হইয়া পড়িলেন। দক্ষ ছাগশব্দ করিয়া সঙ্কেতে অবরোধ করিয়া, ভিক্ষুকের বিষয় জানিবার জন্য কোন দেবতাকে পাঠাইলেন। দক্ষপ্রেরিত সেই দেবতা বহির্ভাগে আসিয়া সেই ভীষণাকার মহারুদ্রকে সভয়দর্পে জিজ্ঞাসা করিলেন; তুমি কে এবং কি প্রার্থনা করিতেছ? তোমাকে দেখিয়া দর্পিষ্ঠ বলিয়া বোধ হইতেছে; ভিক্ষুকের আকার এরূপ নহে, তাহাদের বিনয়ান্বিত হওয়া উচিত। রুদ্র কহিলেন, আমি নিশ্চয়ই ভিক্ষার্থী, আমার নাম রুদ্র, আমি স্বভাবতই এতাদৃশ ভীমাকার, এই স্থলে সতীভিক্ষা করিবার জন্য সমাগত হইয়াছি; এক্ষণে সুলোচনা সতীকে প্রদান করিতে তুমি সক্ষম হইবে কি না? যদি না হও, তবে শীঘ্র বল, কে সক্ষম হইবে? মহারুদ্র ঘূর্ণিতনেত্রে এই কথা বলিলে, সেই দেব "যজ্ঞশালাস্থিত দক্ষের নিকট সতী ভিক্ষা করুন" এই বলিয়া তথায় তাঁহাকে রাখিয়া প্রতিগমন করিলেন; এদিকে অকুতোভয় মহারুদ্রও যজ্ঞশালাতে প্রবেশ করিলেন। তাঁহাকে দেখিয়া, দক্ষ ক্রোধস্ফুরিত-মুখে কহিতে লাগিলেন; এই রুদ্র আমার সতীকে হরণ করিয়াছে এবং আমার নির্ম্মল কুলকে কলঙ্কিত করিয়াছে, দুরাত্মাকে এখান হইতে দূর করিয়া দাও। দক্ষ পুনঃপুনঃ এইরূপ বলিতে লাগিলেন; রুদ্র কহিলেন, রে ছাগমুখ! তুই অস্ফুটশব্দে কি বলিতেছিস্? এক্ষণে আমার শ্যামবর্ণা পরমসুন্দরী সতীকে প্রদান কর্, নচেৎ সকলের সমক্ষে এখনই যজ্ঞের সহিত তোকে বিনষ্ট করিব; এই বলিয়া একবারে তিনটী চক্ষু ঘুরাইতে লাগিলেন; তাহা দেখিয়া দেবর্ষি, নর এবং কিন্নর প্রভৃতি সকলেই ভীত হইয়া ইতস্ততঃ দৌড়িতে লাগিলেন; কিন্তু শম্ভু অবলীলাক্রমে সকলকে হস্তদ্বয় দ্বারা আক্রমণ করিয়া কেশাকর্ষণ করিলেন এবং দক্ষের প্রতি ভীষণ দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিলেন। দক্ষ তাঁহাদের এই প্রকার কেশাকর্ষণ দেখিয়া ছাগশব্দে একাদশ রুদ্রগণকে আহ্বান করিতে লাগিলেন; তাঁহারা তৎক্ষণাৎ তথায় উপস্থিত হইয়া দেখিলেন, মহারুদ্র দক্ষ প্রভৃতির সহিত কলহে প্রবৃত্ত হইয়াছেন। তখন সকলে অভিন্নমতি হইয়া সেই একাদশরুদ্র রুদ্রেশ্বরের সহিত মিলিত হইলেন। অনন্তর মহারুদ্র প্রজাপতিকে কহিলেন, দক্ষ! তুই কি বলিতে ইচ্ছা করিতেছিস্? সম্প্রতি সতীকে প্রদান করিবি কিনা এবং মৃত্যু বা জীবন ইচ্ছা করিতেছিস্? এই সময়ে মানুষের ন্যায় দক্ষের বাক্যস্ফূর্ত্তি হইল, তিনি ক্রুদ্ধ হইয়া মহারুদ্র মহেশ্বরের প্রতি বলিতে লাগিলেন, রে শিবাধম! পূর্ব্বেই আমি স্বেচ্ছাক্রমে তোকে স্বীয় কন্যা সতীকে প্রদান করি নাই, এখনই বা কিরূপে দিব? সতী ইচ্ছা করিয়া তোকে পতি প্রাপ্ত হইয়াছে এবং আমিও সেই দিবসাবধি "সতী মরিয়াছে" বলিয়া মনে করি; অধুনা এখানে আসিয়া সতী মৃতশরীরই পুনর্ব্বার ত্যাগ করিয়া প্রেতত্ব প্রাপ্ত হইয়াছে। তুমি প্রেতস্থানপ্রিয়,

া পাও, তাহার অন্বেষণ কর; এই স্থান প্রেতভূমি নহে এবং আমিও প্রেতাধিপ
আমি তোমাকে আহ্বান করি নাই, তবে কিজন্য মরিবার অভিলাষে এখানে
াছ? এখান হইতে সরিয়া যাও, বৃথা যজ্ঞবিঘ্ন করিবার আবশ্যক নাই। শুকদেব
ন, দক্ষ এইরূপ কহিলে, সেই একাদশ রুদ্র মুহুর্ম্মুহুঃ নিশ্বাস ফেলিতে লাগিলেন।
দর নিশ্বাস হইতে রুদ্রসম আরও বহু রুদ্র উৎপন্ন হইল; রুদ্রেশ্বর তাঁহাদের মধ্যে
া নামে খ্যাত হইলেন। রুদ্রগণ বীরভদ্রের নিকট উপস্থিত হইয়া "আমাদিগকে
রিতে হইবে" এইরূপ জিজ্ঞাসা করিলে, তিনি যজ্ঞধ্বংস করিতে আদেশ করিলেন।
তৎক্ষণাৎ যজ্ঞকুণ্ডকে মূত্রপূর্ণ করিয়া দক্ষের কেশাকর্ষণ করিয়া নানাপ্রকারে
করিতে লাগিলেন। দেবগণ বিভিন্নাঙ্গ হইয়া প্রাণমাত্র অবশিষ্ট লইয়া ক্ষণে
প্রাণনাশভয়ে ইতস্ততঃ অবলোকন করিতে লাগিলেন। সমাগত লোক সকল
া সেই ঘোরশব্দ শ্রবণ করিতেছিল, কেহ বা এই প্রকার মহাঘোর যজ্ঞধ্বংস
ণ করিতেছিল, কাহারও চক্ষু, কাহারও কর্ণ ইত্যাদি অঙ্গপ্রত্যঙ্গ সকল ক্ষত-বিক্ষত
লাগিল। রুদ্রগণ কর্তৃক আক্রান্ত হইয়া ব্রাহ্মণগণ ম্লানমুখে "আমরা ব্রাহ্মণ"
কথা বলিতে বলিতে পলায়ন করিতে লাগিল। বীরভদ্ররূপী দেব মহারুদ্র স্বয়ং
শৃঙ্গের ন্যায় দক্ষের মস্তক উৎপাটিত করিলেন, পূষার দন্ত ভগ্ন করিলেন এবং
অন্ধ করিয়া দিলেন। রুদ্রগণ এইরূপে যজ্ঞধ্বংস করিয়া অন্তঃপুরে প্রবেশ
। নারীগণকেও বিনাশ করিতে লাগিলেন। অনন্তর প্রসূতি কাতরনেত্রে নিরীক্ষণ
ত লাগিলেন, দেখিয়া শম্ভু কিয়ৎপরিমাণে শান্তপ্রায় হইলেন। তাঁহাকে শান্তপ্রায়
া প্রসূতি দিব্যজ্ঞানবলে পরমপুরুষ বলিয়া এইরূপে স্তব করিতে লাগিলেন।
হেশ্বর! আপনার পাদপঙ্কজে প্রণাম করিতেছি, কারণ আপনার পাদপদ্ম
নে অদ্বিতীয়, ভয়হর এবং ইষ্টসাধক। সুর-নর-কিন্নরাদি সকলেই আপনার চরণ
করিয়া নিখিল-ভয় হইতে মুক্ত হয়। আপনি শিব, কন্দর্পের বিনাশকর্তা বলিয়া
ার নাম স্মরহর, এইরূপ হর, ঈশ, উত্তম, মহেশ্বর, প্রভৃতি নামের আপনিই
াদ্য; আপনি ভবভয় হইতে মুক্ত করেন এবং আপনার স্মরণে শত্রু সকল নষ্ট
চন্দ্র, সূর্য্য, বহ্নি ইহারা আপনার লোচনত্রয় মধ্যে বিরাজমান; আপনি মহামনা
মাদৃশ লোক সকলের মনোমধ্যে বিরাজমান; শত শত চন্দ্র এবং শত শত সূর্য্যের
আপনার প্রভা। আপনার প্রভাবের কথা কিছুই বুঝিতে পারা যায় না। কেন-
দৃশ কোটিব্রহ্মাণ্ড আপনার শরীর মধ্যে লক্ষিত হইতেছে। এক্ষণে এই উত্তম
আপনাতেই সমর্পিত হইল; কেননা, সমস্ত যজ্ঞেই সেবকেরা আপনারই পূজা
া থাকে, তবে কিজন্য পশুতুল্য দক্ষের বাক্য গণ্য করিতেছেন! আপনার প্রিয়তমা
রূপিণী প্রকৃতি-দেবী যে আমার গর্ভে সতীরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন, ইহা
। অনুগ্রহ প্রকাশ মাত্র বলিয়া লক্ষিত হইতেছে। আর এই যে যজ্ঞধ্বংস হইল,

ইহাও আমি আপনার অনুগ্রহ মনে করিতেছি। কেননা, যে ঈশ্বরের অপাঙ্গমাত্র অবলোকন মহাফলদায়ক বলিয়া লোকে বাঞ্ছা করে, সেই ঈশ্বর আপনিই ঐ যজ্ঞে নিগ্রহাত্মক সম্পূর্ণ দৃষ্টি করিয়াছেন। এই প্রজাপতি আজন্ম আপনার প্রতি অতি কুৎসিত বাক্য প্রয়োগ করিয়াছিলেন, কিন্তু আপনি অনুগ্রহ করিয়া বহ্নিশোধিত সুবর্ণের ন্যায় তাঁহাকে নিগ্রহাগ্নি দ্বারা শোধিত করিলেন; তাঁহার জন্ম সার্থক হইল, এক্ষণে তাঁহাকে সুমতি প্রদান করিলে তিনি উত্তম ভক্তিসহকারে আপনার চরণে প্রণত হইবেন এবং আদ্যাবধি আপনার পাদপদ্মসেবা করিবেন। প্রভো! আপনার শশিপ্রভ সুকোমল-মূর্ত্তি গোপন করিয়া কিজন্য এই ভীষণমূর্ত্তি ধারণ করিয়াছেন? শুকদেব কহিলেন, ভগবান্ মহেশ্বর প্রসূতির স্তবে প্রসন্ন হইলেন এবং স্বীয় বৃষবাহনে অধিষ্ঠিত হইয়া মনোহর রূপ ধারণ করিলেন। এই সময়ে ব্রহ্মা হংসারূঢ় হইয়া এবং বিষ্ণু গরুড়ারূঢ় হইয়া, তথায় উপস্থিত হইয়া, বৃষধ্বজের প্রতি বলিতে লাগিলেন, হে দেবেশ! আপনি যে দক্ষকে এইরূপে বিমর্দ্দিত করিয়াছেন, ইহা তাহার অপরাধের উপযুক্ত প্রতিফল প্রদত্ত হইয়াছে; এক্ষণে শান্ত হউন, ভগ্নাঙ্গ দেবগণকে প্রকৃতিস্থ করুন এবং দক্ষের জীবন প্রদান করুন; ইহারা আপনার স্তব করিতে ইচ্ছা করিতেছে। রুদ্রদেব কহিলেন, তথাস্তু, দেবতা সকল প্রকৃতিস্থ হউক, কিন্তু আমার অপমানস্থলে সহানুভূতি প্রদর্শন করিয়া আর যেন কদাচ এরূপ কার্য্য না করে। আর অন্য একটী পশুর মস্তক আনিয়া দক্ষকে প্রদান কর, এক্ষণে মদীয় নিন্দার প্রতিফল ভোগ করিয়া সে কলুষশূন্য হইয়াছে। শুকদেব কহিলেন, এইরূপ রুদ্রবাক্য শ্রবণ করিয়া ব্রহ্মা এবং বিষ্ণুর আজ্ঞানুসারে নন্দী অন্য এক ছাগমস্তক আনিয়া দক্ষস্কন্ধে সংযুক্ত করিলেন; প্রজাপতি তৎক্ষণাৎ জীবিত হইয়া, ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর এই পুরুষত্রয়কে নিরীক্ষণ করিলেন এবং তাঁহাদের অপূর্ব্ব শোভা অবলোকন করিয়া বিস্মিত হইয়া রহিলেন। দক্ষ পুনর্ব্বার সম্মার্জ্জিত দর্পণের ন্যায় বিমলচিত্তে মহেশ্বরের কোটিচন্দ্রসদৃশ মূর্ত্তি নিরীক্ষণ করিতে লাগিলেন। তিনি দেখিলেন, মহেশ্বরের মুখমণ্ডলে লোচনত্রয় অপূর্ব্বশোভা ধারণ করিয়াছে, করদ্বয়ে ত্রিশূল এবং ডমরু, সর্ব্বাঙ্গ স্বর্ণাভরণে ভূষিত, অণিমাদি সিদ্ধিগণ মূর্ত্তিমান্ হইয়া তাঁহার উপাসনা করিতেছে এবং তিনি ব্রহ্মা ও বিষ্ণুর মধ্যস্থলে বিরাজ করিতেছেন। মহাদেবের ঐরূপ মূর্ত্তি দেখিয়া দক্ষ স্তব করিবার উপক্রম করিলেন, কিন্তু কথা কহিতে পারিলেন না। তাহা দেখিয়া ভগবান্ ব্রহ্মা এবং সনাতন বিষ্ণু প্রজাপতিকে বলিলেন, হে প্রজাপতে! আপনি মহাভাগ্যবান্, যেহেতু সাক্ষাৎ মহাদেব আপনার সম্মুখে দণ্ডায়মান; আপনি পূর্ব্বকৃত অপরাধের ক্ষমা প্রার্থনা করুন, ভক্তিভাবে পরমানন্দে ইহাঁর স্তব করিয়া প্রণাম করুন। ইনি স্বভাবতই আশুতোষ এবং শিবনামধারী, ইহাঁর হৃদয়ে তোমার প্রতি কোন বৈষম্য বুদ্ধি নাই। ইনি দণ্ডার্হ হইলে দণ্ড দিয়া থাকেন, কিন্তু

অপরাধের প্রতীক্ষা করেন না। শুকদেব কহিলেন, তাঁহাদের বাক্যশ্রবণান্তে প্রজাপতি আনন্দসহকারে দেব মহেশ্বরকে প্রণাম করিয়া এইরূপে স্তব করিতে লাগিলেন।

অষ্টম অধ্যায় সমাপ্ত ॥ ৮ ॥

নবম অধ্যায়।

দক্ষ বলিলেন, হে দেবদেবেশ্বর! আপনি সুরাসুরের বন্দিত, আমি আপনাকে প্রণাম করিতেছি। আপনি বিশ্বভাবন এবং বিশ্বেশ্বর, আপনাকে প্রণাম করি। আপনি আদি এবং আদিকর্ত্তা; এই নিখিল বিশ্ব আপনিই রক্ষা করেন। আমি যে, পশু অপেক্ষাও অধিক, ইহা পশুগণও জ্ঞাত আছে। আমি আপনার তত্ত্ব না জানিয়া স্বীয় জন্ম বিফল করিয়াছি। আপনি সর্ব্বভূতাত্মা এবং পরমগতি।

অনাদি অনন্ত ভব মুক্তিদাতা ভগবান্।
তুমি শিব মহাভাগ পরমেশ পুরাতন ॥
হর সনাতন দেব পরমাত্মা অগোচর।
ক্ষমাশীল আশুতোষ সন্তোষ সন্তোষকর ॥
করুণাসাগর শান্ত কমনীয় প্রজাপতি।
বিশ্বেশ্বর বিশ্ববন্ধু পূর্ণানন্দ সমমতি ॥
পরম ঈশ্বর তুমি কেবল আনন্দ-চিতি।
বিরূপ ও বিশ্বরূপ, কাল, কালীপতি, পতি ॥
সতীবন্ধু নিজবন্ধু বন্ধুরূপী সতীপতি।
ভগবান্ ভগদ্ধ্যানন্দী মহানন্দ মহামতি ॥
বিশ্বোদ্ভব প্রসন্নাত্মা কামরূপ পরতাপী।
কালানল কালকর্ত্তা কলানিধি কালরূপী ॥
কামিনীনায়ক কামী কৌতুকী কামলাপন।
কাম কাল অগ্নি রুদ্র কৌবেরবসনভূষ ॥
কপর্দ্দী কূটকঙ্কাল কূটস্থ কৈবল্যাত্মক।
কোটর কোটরীকার কোষ্ক বেস্কটবাসক ॥
ক্রীড়াত্রয় পরিশ্রান্ত ক্রীড়াকারী কলীকল।
কারী কেরী কের কেরী কেকরী শোকনির্ম্মূল ॥
কপালী কালীনিরত করপালী বিভূষণ।
কপালভূষণ ভব যোগবিয়োগ-শোভন॥

যজ্ঞরূপ যজ্ঞকর্ত্তা যজনীয় স্বয়ং যম।
যক্ষার-শোষক যাতা যন্ত যন্তক যন্তন॥
যোনিদেব যোনিমালী যশস্বী যত্নবান্ পর।
যক্ষনাথ যক্ষপর জয়ী যক্ষরাজেশ্বর॥
পরমানন্দবিগ্রহ পবিত্ররূপী পাবন।
পূর্ণ পুরয়িতা পাতা পুণ্য-শ্রবণ-কীর্ত্তন॥
পদ্মগন্ধ পদ্মমুদ্রা পদাম্বুজ পদ্মকর।
পবন পণ্ডিত পটু পরমার্থপটুতর॥
গোপনীয় গোপনাথ গোপাল গো-পুরবাসী।
গৌরাঙ্গ গৌরমস্তক গুরু ও গগনবাসী॥
গোলোকস্থ গতিমান্ গেয় গুণী গানকৃতী।
গয়রিপু পিতামাতা পিতামহ গণপতি॥
সদ্‌বুদ্ধি সদ্‌বুদ্ধিদাতা সাত্ত্বিক সত্ত্বশোভিত।
সাক্ষী ত্র্যক্ষ দয়াসার দিব্যভাবী দিবিস্থিত॥
বিভূতিভূষণ তুমি, তুমি প্রেতভূমি-প্রিয়।
তুমি মৃত ও জীবিত, তুমি নিন্দ্য, পূজনীয়॥

হে মহেশ্বর! আপনি এই সকল নামের প্রতিপাদ্য এবং পূর্ব্বে আমি আপনার প্রতি যে সকল নিন্দাবাক্য প্রয়োগ করিয়াছি, তাহাতে আপনারই স্বরূপ কীর্ত্তন করা হইয়াছে। আপনি বেদের অগম্য এবং বেদকর্ত্তা অথচ বেদপ্রতিপাদ্য; আপনা অপেক্ষা বিদ্বান্ আর কেহ নাই। দক্ষ, কশ্যপ, চন্দ্র, সূর্য্য প্রভৃতি আপনারই রূপভেদ-মাত্র। ব্রহ্মা এবং বিষ্ণু ইঁহারাও আপনা হইতে ভিন্ন নহেন; সুমতি ও কুমতি আপনা হইতেই প্রবর্ত্তিত হয়। আপনি শাস্ত্রকর্ত্তা এবং সর্ব্বভূতের প্রকর্ষক; স্তম্ভণ, মোহন, বিদ্রাবণ, ক্ষোভণ প্রভৃতি আপনারই ঐশ্বর্য্য এবং একাদশরুদ্ররূপে আপনিই জগৎকে ত্রাসিত করেন। যাঁহার উদরমধ্যে স্থাবর-জঙ্গমাদি সমস্ত জগৎ বাস করে, আমি পশু অপেক্ষাও অধিক মূর্খ হইয়া কিরূপে তাঁহার তত্ত্ব বুঝিতে পারিব? হে নাথ! আপনাকে আর যুদ্ধোদ্যোগী দেখিতেছি কেন? আমি আপনাকে স্মরণ না করিয়া যে বৃথা-যজ্ঞ আরম্ভ করিয়াছিলাম, উহা বিনষ্ট করিয়া উপযুক্ত প্রতিফল দিয়াছেন; কেননা, যে কার্য্যে শম্ভু পূজিত হন না, সে কার্য্য কখনই সম্পন্ন হইতে পারে না। শুক বলিলেন, হে দ্বিজশ্রেষ্ঠ জৈমিনে! প্রজাপতি স্বকৃত অপরাধে ভীত হইয়া মহেশ্বরের চরণে পতিত হইলেন। তখন সমস্ত দেবগণ তাঁহার প্রতি প্রসন্ন হইলেন। দক্ষ এইরূপে পুনঃপুনঃ তাঁহার চরণে পতিত হইয়া প্রণাম করিতে লাগিলেন এবং পুনর্ব্বার এইরূপে স্তব করিতে লাগিলেন। হে দেব! আপনার চরণদ্বয় ভাবনা করিলে মৃত্যুভয় নষ্ট হয়, অতএব আপনার চরণে প্রণাম করি।

আপনার নাম ভিন্ন ভবরোগের আর দ্বিতীয় ঔষধ নাই, এ বিষয়ে শ্রুতিই প্রমাণ। হে দীনবন্ধো! আপনি মন, চক্ষু ও আত্মার অধিষ্ঠাতা এবং সর্ব্বান্তর্যামী, আপনার চরণে প্রণাম করিতেছি, আমার অপরাধ ক্ষমা করুন। আমি পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফলে এই শরীরাত্মক বন্ধনে বদ্ধ হইয়াছি, সেই বন্ধনমোচন করিবার জন্য আপনার চরণে প্রণত হইলাম, আমার অপরাধ ক্ষমা করুন। হে মহাদেব! আমি, আমার, ইত্যাদি মোহে মোহিত হইয়া রহিয়াছি, যাহাতে ঈদৃশ মোহ বিনষ্ট হয়, তাহারই জন্য আপনার চরণে প্রণাম করিতেছি, আমার অপরাধ ক্ষমা করুন। মদীয় বাক্য, চক্ষু, হস্ত, জিহ্বা, পদ, ত্বক্, কর্ণ প্রভৃতি সমস্তই আপনার ভিন্ন আমার নহে; অতএব আপনাকে প্রণাম করিতেছি, আমার অপরাধ ক্ষমা করুন। আপনি মহাত্মা, দিক্ আকাশ এবং কালস্বরূপ, এমন কোন বস্তু নাই, যাহাতে আপনি বিরাজিত নহেন; অতএব আপনাকে প্রণাম করিতেছি, আমার অপরাধ ক্ষমা করুন। হে শম্ভো! শরীর ধারণ করিতে হইলে, সর্ব্বদাই আপনার নিকট অপরাধী হইতে হয়, আপনি প্রভু হইয়া যদি সে অপরাধ ক্ষমা না করেন, তবে আর কাহার নিকট হইতে সে অপরাধে মুক্তিলাভ করিব? হে মহাদেব! আপনি অপরাধ ক্ষমা করুন আর নাই করুন, এই আমি আপনার চরণ ধারণ করিলাম। কারণ জীবনকালেই হউক, আর মরণকালেই হউক, আপনি ভিন্ন আর দ্বিতীয় গতি নাই। শুকদেব কহিলেন, এইরূপে চরণে পতিত, ভক্তিমান্, প্রজাপতিকে, দয়ানিধি মহেশ্বর হস্ত দ্বারা উঠাইলেন, প্রজাপতি শিবদেহামৃতস্পর্শে পরম নির্বৃতিলাভ করিয়া আপনাকে পূর্ণমনোরথ মনে করিলেন এবং সেই ক্ষণমাত্র সময়কে কোটিকল্পের ন্যায় মনে করিলেন। তৎকালে দক্ষ এইরূপ মনে মনে বিবেচনা করিলেন, যেন আমি ঘোর নরক হইতে বিমুক্ত হইয়াছি। বৎস! ত্রৈলোক্যনাথ শিব পরম পুরুষ, তাঁহার সাক্ষাৎ লাভ হইলে সংসার হইতে উদ্ধার হওয়া যায়; অতএব তাঁহার প্রতি আত্মসমর্পণ করা বিধেয়। আরও ইঁহার দয়ালুতার বিষয় বিবেচনা করিয়া দেখ, যে দক্ষ, আজন্ম তাঁহার নিন্দা করিয়াছে; সেই কি না একবার মাত্র স্তব করিয়া মুক্তি লাভ করিল। অতএব সর্ব্বতোভাবে ইঁহার সেবা করা কর্ত্তব্য; কেননা, একমাত্র মহেশ্বরই সংসারের মোচনকর্ত্তা। বৎস! তুমি স্বীয় কর্ম্ম, ভোজন, হোম, দানাদি সমস্তই শিবের প্রতি সমর্পণ কর, প্রাণান্তেও ভগবান্ ত্রিলোচনের পূজা না করিয়া ভোজন করিও না। অনন্তর ব্রহ্মা এবং বিষ্ণু, দক্ষকে ভক্তিযুক্ত দেখিয়া পরম প্রীত হইয়া বলিলেন, হে প্রজাপতে! আপনি মহাভাগ, এক্ষণে দেবতাগণের প্রীতি হেতু আরব্ধ যজ্ঞ সম্পূর্ণ করুন। আপনি সকল দেবতাগণেরই যজ্ঞভাগ কল্পিত করিয়াছেন, কেবল মাত্র সতী ও মহাদেবের যজ্ঞভাগ কল্পিত হয় নাই। যাহা হউক, এক্ষণে তাহা কল্পিত করুন; শেষ পূজা ইঁহাদের সম্মানহানিকর নহে; কেননা, ইঁহারা সর্ব্বদেবময়; বরং ইঁহাদের পূজান্তে অন্যপূজা নিষিদ্ধ। এই জন্যই সর্ব্বদেব-পূজান্তে ইঁহাদের পূজা করা

কর্ত্তব্য। যদি সর্ব্বদেবের পূজা করিয়াও শিব ও সতীর পূজা না করে, তবে সমস্তই বৃথা হয়, এবিষয়ে আপনার যজ্ঞই দৃষ্টান্তস্থল; কেননা, এই যজ্ঞে অন্য সমস্ত দেবগণেরই পূজা হইয়াছিল। অন্য পূজা না করিয়াও শিব পূজা দ্বারাই কৃতার্থতা লাভ করিতে পারা যায় বলিয়া শিবপূজা-তৎপর ব্যক্তি অন্যের পূজা করিবে না। এক্ষণে আপনি শম্ভুর পূজা করুন, দেবী না থাকিলেও ইনি স্বয়ংই উভয়ভাগ গ্রহণ করিবেন; কেননা, ইহাঁদের উভয়ের পূজার কোন বিশেষ নাই; একের পূজা হইলে উভয়েরই পূজা হয়, অতএব শেষ পূজা আপনি মহাদেবকে সমর্পণ করুন। শুকদেব কহিলেন, বিধিজ্ঞ প্রজাপতি উভয়ের বাক্য শ্রবণ করিয়া বিধানজ্ঞ মহর্ষিগণের সহিত মিলিত হইয়া দেব ত্রিলোচনের যথাবিধি পূজা করিয়া যজ্ঞকার্য্য সম্পূর্ণ করিলেন। ব্রহ্মা, বিষ্ণু প্রভৃতি দেবগণ স্ব স্ব যজ্ঞভাগ গ্রহণ পূর্ব্বক স্ব স্ব স্থানে গমন করিলেন এবং মহর্ষি, অপ্সর, কিন্নর, গন্ধর্ব্ব প্রভৃতি সকলেই স্ব স্ব স্থলে গমন করিলেন। এক্ষণে পূর্ব্বকথিত দক্ষযজ্ঞ-বিনাশ বর্ণিত হইল এবং সতীর দেহত্যাগ, দক্ষোক্ত শম্ভুস্তব, পুনর্ব্বার যজ্ঞ-সিদ্ধি, দেবগণের পরিতোষ প্রভৃতি সমস্তই বর্ণন করিলাম; যে ব্যক্তি এই সমস্ত নিত্য শ্রবণ করে বা পাঠ করে, সে ব্যক্তি পাপরাশি হইতে মুক্ত হয় এবং পরলোকে শিবত্ব প্রাপ্ত হয়। শ্রাদ্ধকালে এই সমস্ত স্তবাদি পাঠ করিলে পিতৃলোক সকল অযুতাযুত বৎসর পর্য্যন্ত সন্তুষ্ট হইয়া থাকেন। যাত্রাকালে, বিবাহাদি সংস্কার কার্য্যে, এবং নিত্য-সন্ধ্যা-সময়ে ভক্তিযুক্ত হইয়া ইহা পাঠ করা উচিত। গঙ্গাতটে, সাধু-সমীপে, শিবলিঙ্গসকাশে এবং শ্রবণেচ্ছু সজ্জনগণ মধ্যে ইহা পাঠ বা শ্রবণ করিলে সাক্ষাৎ শম্ভুস্বরূপ প্রাপ্ত হয়।

নবম অধ্যায় সমাপ্ত ॥ ৯ ॥

দশম অধ্যায়।

জৈমিনি পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, গুরো! অনন্তর প্রজাপতি দক্ষ কি করিলেন এবং কিরূপে কোন্ স্থানে গঙ্গাদেবীর উৎপত্তি হইল? তাহা বর্ণন করুন। শুকদেব বলিলেন, অনন্তর দেবর্ষি-মনুষ্যাদি সকলে স্ব স্ব স্থানে গমন করিলে, প্রজাপতি ভার্য্যা প্রসূতির সহিত শোকমুগ্ধ হইলেন। হে মুনিপুঙ্গব! ভার্য্যা না থাকিলে শ্বশুরালয়ে জামতা শোভা পায় না, সুতরাং তৎকালে মহাদেবও অত্যন্ত মুগ্ধ ও বিষণ্ণ হইলেন। দক্ষ মুহুর্মুহুঃ দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিতে করিতে অনুতাপ করিতে লাগিলেন; হা বৎসে সতি! হা সুলোচনে! আমরা জন্মাবধি মোহান্ধ; এক্ষণে আমাদিগকে দুঃখসাগরে পরিত্যাগ করিয়া কোথায় গমন করিলে? বৎসে! তুমি মহাভাগ্যবতী

আপনার দিব্যজ্ঞানবলে শিবকে পরমেশ্বর বলিয়া জানিতে পারিয়াছিলে এবং তজ্জন্যই অন্যদেবতা সকলকে পরিত্যাগ করিয়া, তাঁহাকেই আশ্রয় করিয়াছিলে। বৎসে! তুমি দেবতাগণের বন্দিতা এবং মহাদেবও দেবতাগণের বন্দিত বলিয়াই পরস্পর উপযুক্ত দাম্পত্য-প্রণয় লাভ করিয়াছিলে; কিন্তু কুবুদ্ধি আমি বুঝিতে পারি নাই। বৎসে! জগতের মধ্যে আমার ন্যায় দুষ্কৃতী আর নাই, যার দোষে এতাদৃশ পতিকে পরিত্যাগ করিয়া তোমাকে পরলোকে গমন করিতে হইল! কিন্তু বৎসে! জন্মান্তরে তুমি পুনর্ব্বার মহাদেবকে পতি প্রাপ্ত হইবে, কেবল মাত্র আমরা উভয়ের মনোহর মূর্ত্তি দেখিতে পাইলাম না। হায়! হায়! আমি জীবিত থাকিয়াও মৃত হইলাম। আমার ন্যায় ব্যক্তির জীবনধারণ বৃথা, ত্রৈলোক্য-দুর্লভ রত্ন হস্তে পাইয়া গভীর জলে নিক্ষেপ করিলাম! আমি পরমপুরুষ রাজীবলোচন শিবকে জামাতা বলিয়াও যত্ন করিলাম না! বুঝিলাম, বিধাতা আমাকে বঞ্চিত করিয়াছেন। শুকদেব কহিলেন, প্রজাপতি এইরূপে অনুতাপ করিতে লাগিলেন। এখানে মহেশ্বর "আমার সতী কই" "আমার সতী কই" এইকথা প্রজাপতিকে পুনঃপুনঃ জিজ্ঞাসা করিতে লাগিলেন। কিয়ৎক্ষণ পরে মূর্চ্ছের ন্যায় তথা হইতে উঠিয়া "সতী সতী" "কালী কালী" বলিয়া ভয়ানক শব্দ করিতে করিতে উত্তর মুখে গমন করিতে লাগিলেন। তৎকালে তাঁহার দিকে নেত্রপাত করা কাহার সাধ্য, ইন্দ্রাদি দেবগণেরও দুর্দ্দর্শ হইয়াছিলেন। দক্ষ প্রভৃতি সকলে দূরে দণ্ডায়মান রহিলেন, মহাদেব ক্রমে ক্রমে যে স্থানে দাক্ষায়ণী দেহত্যাগ করিয়াছেন, সেই দুর্গম স্থানে উপস্থিত হইলেন। তথায় উপস্থিত হইয়া দেখিলেন, দাক্ষায়ণীর মৃত দেহ পড়িয়া আছে; অনাবৃত ও অধোমুখে সতীর দেহলতা লুণ্ঠিত হইতেছে। দেহে প্রাণ নাই, তথাপি অদ্ভুত তেজোরাশি সেই শবদেহ প্রদীপ্ত করিয়া রাখিয়াছে, কেবল মাত্র লোচনত্রয় উলটিয়া পড়িয়াছে বলিয়াই মৃত্যুচিহ্ন লক্ষিত হইতেছে। অনন্তর মহেশ্বর বলিতে লাগিলেন, অয়ি সাধ্বি! গাত্রোত্থান কর, এই দেখ, হতভাগ্য ত্রিলোচন তোমার নিকটে উপস্থিত হইয়াছে সতি! তুমি আমাদিগকে অকৃতার্থ রাখিয়া স্বয়ং পরলোক গমন করিয়া কৃতার্থ হইলে? আমি ও তোমার পিতা দক্ষ তোমার নিকট অপরাধ করিয়াছিলাম বলিয়া আমাদিগকে পরিত্যাগ করিলে। তোমার পিতা মুগ্ধতা প্রযুক্ত তোমাকে চিনিতে পারেন নাই; কিন্তু আমি তোমাকে কখনই ত্যাগ করিব না। ভগবান্ ত্রিলোচন প্রাকৃত লোকের ন্যায় এই প্রকার বহুবিধ বিলাপ করিলেন, অবশেষে দেবী দাক্ষায়ণীর সেই মৃতদেহ ভুজদ্বয় দ্বারা আলিঙ্গন করিয়া, আপনার মস্তকে গ্রহণ করিলেন। জগদাত্মা মহেশ্বর দেবীর শবদেহ মস্তকে করিয়া, পরমানন্দিত হইয়া বলিতে লাগিলেন, সতি! আমি ভার্য্যা বলিয়া, লোকলজ্জাভয়ে কখনও তোমার আরাধনা করি নাই, এক্ষণে আজ আমার কি সৌভাগ্য, যেহেতু তোমাকে মস্তকে বহন করিতেছি। এই বলিয়া পরমানন্দে বিহ্বল হইয়া ভগবান্ ত্রিলোচন নৃত্য করিতে উদ্যত হইলেন। ব্রহ্মাদি

দেবগণ দর্শনমানসে আকাশপথে উপস্থিত হইলেন। তখন মহাতাণ্ডবপণ্ডিত, মহেশ্বর দেবী দাক্ষায়ণীর শবদেহ কখন মস্তকে, কখন বাম হস্তে, কখন দক্ষিণ হস্তে ধারণ করিয়া সমগ্র ধরণীমণ্ডলে নৃত্য করিতে লাগিলেন। তদীয় হস্তবিক্ষেপে তাড়িত হইয়া দিক্‌পালগণ ইতস্ততঃ গমন করিলেন; মস্তকস্থিত জটা সকল বিক্ষিপ্ত হইয়া, তারাগণকে প্রতিক্ষিপ্ত করিতে লাগিল; ধরণী অচলা হইয়াও তৎকালে স্বাভাবিক ধৈর্য্য পরিত্যাগ করিয়া চালিত হইতে লাগিলেন; কূর্ম্ম ও অনন্তদেব ধরাধারণে ব্যথিত হইতে লাগিলেন; পাদপ্রক্ষেপে সংভূত বায়ুরাশি দ্বারা পরিপীড়িত হইয়া, কৈলাস মেরু প্রভৃতি অচল শৈলগণ ইতস্ততঃ বিচলিত হইতে লাগিল; সমুদ্রগণ স্বাভাবিক ধৈর্য্য পরিত্যাগ করিয়া, উত্তাল-তরঙ্গমালায় পূর্ণ হইতে লাগিল; অধিক কি, পশু-পক্ষ্যাদি সকলেই মৃতপ্রায় হইয়া নীরবে অবস্থান করিতে লাগিল (যাহারা দেবীর আকস্মিক দেহত্যাগে পূর্ব্বে মৃতকল্প হইয়াছিল)। দেব মহেশ্বর আনন্দে বিহ্বল হইয়া লোক সকলের বিপদ্ বিবেচনা না করিয়া, ঘূর্ণিতনেত্রে বহু প্রকার নৃত্য করিতে লাগিলেন। দেব মহেশ্বর কি উপায়ে শান্ত হইবেন, তখন এই চিন্তা, দেব নর প্রভৃতি সকলেরই হইতে লাগিল। যিনি সমস্ত জগতের পালনকার্য্যে তৎপর সেই ভগবান্ বিষ্ণু এ বিষয়ে উপায় স্থির করিয়া কিঞ্চিৎ ভীত হইয়া, সুদর্শন চক্র দ্বারা মহাদেবের মস্তকস্থিত সতীদেহ ক্রমে ক্রমে খণ্ড খণ্ড করিয়া ছেদন করিতে লাগিলেন। যৎকালে মহেশ্বর ভূমিতলে চরণ নিক্ষেপ করিতে লাগিলেন, ভগবান্ বিষ্ণুও তৎক্ষণাৎ চক্র নিক্ষেপ করিয়া ছেদন করিতে লাগিলেন। এইরূপে সুদর্শন কর্ত্তৃক বিচ্ছিন্ন হইয়া, দেবীর অবয়ব সকল যে যে স্থানে পড়িতে লাগিল, সেই সেই স্থান পুণ্যভূমি বলিয়া প্রসিদ্ধ হইল। ত্রিলোচনের মস্তক হইতে সতীদেহ বিচ্ছিন্ন হইয়া, কোথাও পদ, কোথাও জঙ্ঘা, কোথাও জিহ্বা, কোথাও মুখ, কোথাও স্তন, কোথাও বক্ষঃ, কোথাও বাহু, কোথাও হস্ত, কোথাও পার্শ্বদ্বয় এবং কোথাও যোনি, এইরূপে পড়িতে লাগিল। পৃথিবীর যে সকল স্থানে এই অঙ্গ প্রত্যঙ্গ সকল পতিত হইয়াছিল, সেই সকল স্থান জগতের মধ্যে শ্রেষ্ঠতম এবং পুণ্যতম; দেবী সেই সকল স্থানে নিত্য অধিষ্ঠিত বলিয়া তাহাদের নাম সিদ্ধপীঠ। এই সকল স্থান দেবতাগণের পক্ষেও দুর্লভ; ঐ সকল স্থান মহাতীর্থ এবং ভূমিতলে মুক্তিক্ষেত্র। দেবীর অবয়ব সকল ভূমিতলে পতিত হইবামাত্র লোকানুগ্রহহেতু পাষাণরূপে পরিণত হইয়াছে। ব্রহ্মা, বিষ্ণু, দিক্‌পাল, সিদ্ধ, চারণ প্রভৃতি সকলে তথায় উপস্থিত হইয়া অহরহঃ ভগবতী সতীর আরাধনা করিয়া থাকেন। যে স্থানে দেবীর যোনি পতিত হইয়াছিল, সেই স্থান তীর্থচূড়ামণি, এই স্থান ব্রহ্মনদের তীরে, মহাযোগস্থল বলিয়া জগতের হিতকর। কালীপুরাণে ইহার বিবরণ বিশেষরূপে বর্ণিত হইয়াছে, ঐ স্থানের মাহাত্ম্য বিষ্ণু ভিন্ন আর কেহই জানেন না। এইরূপে সতীদেহ বিচ্ছিন্ন হইলে, দেব মহেশ্বর নৃত্য করিতে করিতে দিক্ সকল লঘু বলিয়া বোধ করিতে লাগিলেন এবং কিয়ৎপরিমাণে শান্তি লাভ

।। দেবগণ এই সময়ে ভীত হইয়া ইতস্ততঃ অবস্থান করিতেছিলেন। অনন্তর নারদ তাঁহার নিকটে গমন করিতে ইচ্ছা করিয়া, স্তব করিতে করিতে মন্দ মন্দ থায় উপস্থিত হইয়া কৃতাঞ্জলিপুটে পুরোভাগে দণ্ডায়মান হইলেন। হে জৈমিনে! গুলি নারদকে সম্মুখে দেখিয়া জিজ্ঞাসা করিলেন, কে তুমি? দাক্ষায়ণী সতীকে হ কি? নারদ কহিতে লাগিলেন, দেব! মহেশ্বর! সতীকে পুনর্ব্বার নিশ্চয়ই ইবেন; কিন্তু এই আকালিক প্রলয় কিজন্য করিতেছেন? আপনি লোক সকলের র্ত্তা এবং রক্ষিতা হইয়া কি নিমিত্ত নৃত্যচ্ছলে স্বয়ং জগৎ ধ্বংস করিতেছেন? গণের বিনাশ করা প্রভুর উপযুক্ত কর্ম্ম নহে। মহাদেব কহিলেন, নারদ! এক্ষণে ান্ত হইয়াছি, আর কোন ভয় নাই; দেব নর প্রভৃতি সকলে এক্ষণে শান্তিলাভ কিন্তু বল, আমার মস্তকস্থিত সতীদেহ কোথায় এবং কোথায় গমন করিলেই বা সতীকে প্রাপ্ত হইব? নারদ কহিলেন, ভগবন্! ভূতভবেশ! ত্রিলোচন! কর এই বিপদ্ দেখিয়া, উপায়জ্ঞ বিষ্ণু, চক্রের দ্বারা সতীদেহ খণ্ড খণ্ড করিয়া ক কথঞ্চিৎ লঘু করিয়াছেন। ঐ দেখুন, দেবীর অঙ্গসমূহ যে যে স্থানে পতিত ;, সেই সেই স্থান মহাপীঠস্থানরূপে কামরূপাদি নামে অভিহিত হইবে। শুকদেব ।, নারদের বাক্য শ্রবণ করিয়া মহাদেব সেই যোনিমণ্ডল নিরীক্ষণ করিতে ন। দেখিতে দেখিতে তদীয় সর্ব্বাঙ্গ রোমাঞ্চিত হইতে লাগিল। মহাদেব নিরীক্ষণ াত্র সেই যোনিমণ্ডল ধরা ভেদ করিয়া, যেন পাতালমধ্যে প্রবিষ্ট হইল; তখন ব্যগ্র দেখিয়া, মহেশ্বর স্বয়ং পর্ব্বতরূপে সেই যোনিমণ্ডল ধারণ করিলেন। ব্রহ্মা ষ্ণু তাঁহার সাহায্যার্থ আগত হইলেন এবং সকলেই ভগাত্মিকা দেবীকে ধারণ জন্য তথায় উপস্থিত হইল। মহেশ্বর পর্ব্বতরূপে যোনিমণ্ডল ধারণ করিয়া রিতোষ লাভ করিলেন এবং যে সকল স্থানে সতীর দেহভাগ পতিত হইয়াছিল, দেবীর আরাধনা হেতু পাষাণ-লিঙ্গরূপে অধিষ্ঠিত হইলেন। অনন্তর পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, বল, আমার সতী কোথায়? নারদ বলিলেন, আপনি

মরূপে যোগাবলম্বী হইয়া বিশ্রাম করুন, আমি দেবী সতীর অন্বেষণ করিবার মন করিতেছি। আপনি চঞ্চল হইবেন না এবং অন্যভাব আশ্রয় করিবেন তী আপনাকে ভিন্ন অন্য কাহাকেও আশ্রয় করিবেন না। প্রভো! আমি ! শপথ করিতেছি, আপনার নিকট সতীকে পুনর্ব্বার আনিয়া দিব। শুকদেব ন, দেবর্ষি এই বলিয়া মহেশ্বরকে প্রণাম করিয়া, আকাশপথে প্রস্থান ।, শম্ভুও তথায় শান্তভাবে অবস্থান করিতে লাগিলেন। দেব নর প্রভৃতি সকলে াত করিয়া পরস্পর বলিতে লাগিলেন, "যদি অদ্য বিষ্ণু না থাকিতেন তবে নিশ্চয়ই পস্থিত হইত। দেবর্ষি নারদ ধন্য!" যিনি এতাদৃশ অবস্থায় শম্ভুসকাশে গমন ছেন। অদ্য বিষ্ণু ত্রিলোকের মধ্যে দুষ্কর কর্ম্ম করিয়াছেন নতুবা যিনি সংহারকর্ত্তা,

তাঁহার মুখ হইতে ত্রিজগৎ রক্ষা করা আর কার সাধ্য? সত্য সত্যই ভগবান্ বিষ্ণু ত্রিজগৎ সর্ব্বদা রক্ষা করিতেছেন। যদি তিনি অদ্য এই কার্য্য না করিতেন, তবে এতক্ষণ ত্রিলোকবাসীর কি হইত। ব্রহ্মা ইন্দ্র প্রভৃতি দেবগণ এইরূপ চিন্তা করিয়া, ভগবান্ নারায়ণের স্তব করিবার অভিলাষে বিষ্ণুলোকে গমন করিলেন। তথায় উপস্থিত হইয়া সকলে স্তব করিতে লাগিলেন, হে প্রভো! আপনি বিষ্ণু, পুরাণ পুরুষ; আমরা আপনাকে নমস্কার করিতেছি। আপনি ত্রিযুগ ও বিকল্পস্বরূপ, হে নারায়ণ! আপনাকে নমস্কার। আপনি সত্যব্রত, সত্য, সত্যযোনি, সত্যবিধান ও সত্যাত্মক আপনাকে প্রণাম করিতেছি। আপনি ইজ্য, যজমান এবং জ্ঞানদেবতাস্বরূপ; আপনি দেবাধিপতি, বিষ্ণুরূপী হইয়া ত্রিলোক রক্ষা করুন; আপনি নিখিলবিশ্বের কারণ, আপনার কারণ কেহ নাই; আপনি পুরুষ এবং সুখদুঃখাত্মক জীব। আপনি পদ্মপাদ, পদ্মহস্ত, পদ্মনেত্র, পরমাত্মা বিষ্ণু, আপনাকে প্রণাম করিতেছি। আপনি যজ্ঞেশ্বর এবং যজ্ঞস্বরূপ; আপনি দৈত্য এবং দানবগণের বিনাশকারী। আপনি শিব, শিবরূপী, শিবদাতা। আপনি সদা পালনকর্ত্তা, সত্ত্বগুণাশ্রয়, গুণাতীত এবং পরমেষ্ঠী; গুণবান্ ব্যক্তিই আপনাকে দেখিতে পায়। আপনি বেদজ্ঞ, বেদকর্ত্তা ও বেদাচরণকর্ত্তা। আপনি স্থূল, সূক্ষ্ম এবং শাস্ত্রকর্ত্তা। আপনি নিষ্কল, বিশেষ, প্রসন্ন, প্রসাদকর্ত্তা! আপনি কর্ত্তা, হর্ত্তা, প্রবক্তা; আপনাকে নমস্কার। এই সমুদয় সৃষ্টি প্রায় বিনষ্ট হইয়াছিল; কিন্তু আপনি পুনর্ব্বার রক্ষা করিয়াছেন। সংহারকারক শম্ভু অপেক্ষা আর ভয়ানক কে আছে? শম্ভু সংহারকর্ত্তা এবং আপনি পালনকর্ত্তা, এ বিষয়ে আর কোন সন্দেহ নাই। শুকদেব কহিলেন, দেবগণ এইরূপে স্তব করিয়া ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি সকলে মিলিত হইয়া দেব-মহেশ্বরকে দেখিবার নিমিত্ত কামরূপে সমাগত হইলেন।

দশম অধ্যায় সমাপ্ত ॥ ১০ ॥

একাদশ অধ্যায়।

শুকদেব কহিলেন, অনন্তর ব্রহ্মা এবং বিষ্ণু (যেখানে ভগবান্ মহেশ্বর তপস্যা করিতেছিলেন) তথায় উপস্থিত হইয়া নির্জ্জনে মহাপ্রভু ত্রিলোচনের সহিত সাক্ষাৎ লাভ করিয়া পরমানন্দ লাভ করিলেন। পরে মহেশ্বর তাঁহাদের যথাবিধি সম্মান করিলে উভয়ে বলিতে লাগিলেন; হে দেবদেব মহাদেব! আপনার ভার্য্যা মনস্বিনী সতী দক্ষযজ্ঞে দেহত্যাগ করিয়াছেন বটে, কিন্তু অবশ্যম্ভাবি-বিষয়ে শোক করা বৃথা; যাহা হইবার তাহা হইবেই। ভার্য্যা, পুত্র, ভৃত্য, ধন, বান্ধব প্রভৃতি কেহ কাহারও নহে; অধিক কি, আপনার শরীরও আপনার নহে। এই সমস্ত বিষয় বিবেচনা করিয়া পণ্ডিত

ব্যক্তি মুগ্ধ হন না। বিশেষতঃ জন্মগ্রহণ করিলে মৃত্যু অবশ্যম্ভাবী; অতএব অপরিহার্য্য বিষয়ে আপনার শোক করা বিধেয় নহে। আপনি জ্ঞানী, মহাযোগী, শিব, আপনি ত্রিলোক-বিশ্রুত; যদিও আপনার মোহাদি কিছুই নাই, তথাপি আমরা সৌহার্দ্দ্যপ্রযুক্ত এইরূপ বলিতেছি। আপনি বিনা যত্নে সতীকে প্রাপ্ত হইয়াছিলেন, এক্ষণে আপনাকে প্রাপ্ত হইবার জন্য সতী স্বয়ংই যত্নবতী হইবেন। আরও সতী যে কেবল আপনারই ভার্য্যা এমন নহে, তিনি মূলপ্রকৃতি; স্বইচ্ছায় দেহধারণ করিয়া থাকেন। আমি বিষ্ণু এবং আপনি, আমরা সনাতন, পরমাত্মা; আমাদের প্রতি সেই পরমা প্রকৃতি অবলোকন করেন বলিয়াই পরস্পর সহায়ীভূত তদীয় গুণত্রয় বহন করিয়া থাকি। সেই প্রকৃতিদেবী সতীরূপে আমাদের সকলকেই আশ্রয় করিয়া থাকেন, তবে আপনাকে পূর্ণভাবে আশ্রয় করেন এবং আমাদিগকে অংশভাবে আশ্রয় করেন, এইমাত্র প্রভেদ। হে মহেশ্বর! আপনার ভার্য্যা দাক্ষায়ণীর এই কামরূপাখ্য মহাপীঠস্থান প্রকল্পিত হইল; এক্ষণে যদি আপনার অনুমতি হয়, তবে এইস্থানেই সেই পরমপ্রকৃতির স্তব করিয়া সাক্ষাৎ লাভ করিয়া আপনার সহিত মিলন করাইয়া আমরা যথাস্থানে প্রস্থান করি। মহেশ্বর বলিলেন, নারদ আমার নিকট প্রতিজ্ঞা করিয়া সতীর অন্বেষণের নিমিত্ত গমন করিয়াছেন; আপনারা অদ্যই আমাকে কিরূপে দেখাইবেন? আমি যে পর্য্যন্ত সতীর দর্শন না পাই, সে পর্য্যন্ত এই স্থানেই তপস্যায় নিযুক্ত থাকিব। আমার সতী বোধ হয় কোথাও জন্মগ্রহণ করিয়াছেন, অবশ্যই পুনর্ব্বার তাঁহাকে প্রাপ্ত হইব। ব্রহ্মা বলিলেন, দেব! নারদের প্রত্যাগমনে বহু বিলম্ব হইবে, যদি শীঘ্রই তাঁহার দর্শনলাভ হয়, তবে এ বিষয়ে উপেক্ষা করিতেছেন কেন? তখন মহেশ্বর বলিলেন, যাহা হউক, আপনাদের বাক্য স্বীকার করিতেছি, তাঁহার দর্শন পাই আর নাই পাই, চলুন সকলে ভক্তিভাবে তাঁহার স্তব করিব। অনন্তর সকলে মিলিত হইয়া দেবীর স্তব করিতে আরম্ভ করিলেন। হে দেবি মূলরূপে চিদ্রূপিণি! আপনি সূক্ষ্মরূপা পরমা প্রকৃতি, আমাদের প্রতি প্রসন্না হউন। আপনাকে কেহ শ্রবণ বা দর্শন করিতে পারে না এবং পরমাণুস্বরূপ মন দ্বারাও কেহ আপনার ধ্যান করিতে পারে না। নিদ্রাগত পুরুষের রোমাবলীমধ্যে পিপীলিকাগতিবোধের ন্যায় যোগবিবিক্ত-চিত্ত-ব্যক্তির হৃদয়ে আপনি সূক্ষ্মাতিসূক্ষ্ম বুদ্ধিস্বরূপা, আপনাকে নমস্কার করিতেছি। হে মহেশ্বরি! কি দেবলোক, কি মনুষ্যলোক, এতাদৃশ পরমতত্ত্বজ্ঞান কাহারও সম্ভব নহে যে, আপনার তত্ত্ব বুঝিতে পারে। আপনি সেই বুদ্ধিরূপা আপনাকে প্রণাম করিতেছি। হে অতিসূক্ষ্মে! আপনি পরমসূক্ষ্ম-কলাত্মিকা, আপনার স্তব, প্রণাম, মনন প্রভৃতি কিছুই সম্ভাবিত নহে; তথাপি আপনাকে লাভ করিতে কামনা করিয়াছি, আমাদের প্রতি কৃপা করিয়া প্রসন্ন হউন। আপনি স্বেচ্ছাক্রমে ত্রিগুণাত্মক আমাদিগকে সৃষ্ট করিয়া প্রতিপালন করেন এবং অবশেষে আমাদিগকেও সংহার করিয়া থাকেন, তখন জগতের কথা আর কি বলিব! আপনি

স্থূলা, সূক্ষ্মা, পরমা, মহাত্মিকা এবং নিষেধরূপা; আপনাকে কেহ বুঝিতে পারে না। আপনি অনুগ্রহ পূর্ব্বক শরীর ধারণ করিয়া ভক্তকে জগৎকে পবিত্র করেন, তজ্জন্য আমরা আপনার স্তবন, প্রণাম, মননাদি কার্য্য করিয়া থাকি। দেবি! আমাদের প্রতি প্রসন্না হউন। আপনি মহেশ্বরেরও দুর্লভা, তবে একমাত্র নিঃস্বার্থ ভক্তি দ্বারা আপনাকে পাওয়া যায়, কিন্তু দেবি! নিঃস্বার্থভক্তি লোকমধ্যে অসম্ভাবিত; অতএব শরীরী হইয়াও যে ব্যক্তি শরীরবন্ধমুক্ত হইয়া আপনার স্মরণ করে, সেই ব্যক্তিই আপনাকে প্রাপ্ত হইতে সমর্থ হয়। আপনি ব্রহ্মা, বিষ্ণু, শিব প্রভৃতির দেহধারণের কারণ, কিন্তু স্বয়ং আকাশ এবং কালের ন্যায় অতীন্দ্রিয়। মাতঃ! আপনার লোমকূপে কোটিব্রহ্মাণ্ড বিরাজমান, আমরা ক্ষুদ্র ব্যক্তি হইয়া কি বুঝিব? আপনি দাক্ষায়ণী সতী, আপনার সুন্দর কান্তি এবং কোটিসূর্য্যসদৃশ তেজোরাশি সর্ব্বতোভাবে স্মরণ করিতেছি। আপনি শ্যামবর্ণা, চন্দ্রসদৃশ শুক্লবর্ণা, স্বর্ণবৎ গৌরবর্ণা, আপনার অনুরূপ তনু আমরা ভাবনা করিতেছি। দেবি! আপনি সর্ব্ব আত্মায় বর্ত্তমান থাকিয়া লোক সকলকে যেরূপে নিযুক্ত করেন, সকলে সেইরূপ কার্য্য করিয়া থাকে; (আমি, আমার,) ইত্যাদি যে সমস্ত বুদ্ধি, উহা আপনারই মায়া মাত্র। মাতঃ! নবীনমেঘমালা-বিনিন্দিত আপনার শ্যামমূর্ত্তি, অথচ পরার্দ্ধচন্দ্রসদৃশ দীপ্তিমতী এবং বিমলা; চরণদ্বয় বিকশিত-পদ্মপ্রভার পরাভূত করিয়াছে। হে অম্বিকে! আপনি সদয়া হইয়া প্রসন্না হউন। এই শিবাখ্য পরমপুরুষ, উগ্ররূপ হইলেও সত্ত্বগুণাশ্রয়; এই ত্রিলোচনকে পরিত্যাগ করিয়া, আপনার বিভব-সংহার করিয়া কি নিমিত্ত অবস্থান করিতেছেন? দেবি! কৃপা করিয়া এই ত্রিলোচনের প্রতি দৃষ্টিনিক্ষেপ করুন এবং আমাদিগকে জীবন প্রদান করুন। শুকদেব কহিলেন, তাঁহারা এইরূপে স্তব করিতেছেন, এমন সময়ে কমললোচনা দেবী সহস্র নারীরূপ ধারণ করিয়া তাঁহাদের দর্শনপথে উপস্থিত হইলেন। তাঁহারা সকলেই যুবতী, সকলেরই সর্ব্বাঙ্গ অতি মনোহর, সকলেই নানাভরণে ভূষিতা এবং সকলেরই মুখপদ্ম স্মেরোৎফুল্ল, সকলেই দিব্যবস্ত্রে সুসজ্জিত হইয়া নানারূপ ধারণ করিয়াছেন। তাঁহারা তখনি শ্যামবর্ণা, তখনই শুক্লবর্ণা, তখনই রক্তবর্ণা হইতেছেন এবং কখন বিবস্ত্রা, কখন স্বর্ণবস্ত্রা, কখন যুবতী, কখন বৃদ্ধা হইতেছেন। কখন নৃত্য, কখন হাস্য, কখন গান, কখন বাদ্য করিতেছেন; কখন সম্মুখে, কখন পৃষ্ঠে, কখন পার্শ্বে, কখন ঊর্দ্ধে, কখন বা অধোদেশে বিরাজ করিতেছেন। তাঁহাদের তাদৃশভাব অবলোকন করিয়া মহাত্মা ব্রহ্মা প্রভৃতি সকলেরই চিত্ত চঞ্চল হইল এবং সকলেই বিমর্ষচিত্তে চিন্তা করিতে লাগিলেন যে, আমরা ইহাঁদিগকে কি বলিব? কোন্ দিকে অবলোকন করিব এবং কোন্ দিকেই বা স্তব করিব? বোধ হয় দেবী আমাদিগকে এইরূপে আপনার স্বরূপ প্রদর্শন করাইতেছেন। হে বিপ্রশ্রেষ্ঠ! দেবী তাঁহাদিগকে বিমুগ্ধ দেখিয়া কৃপা প্রকাশ পূর্ব্বক একীভূত মূর্ত্তিধারণ করিলেন; যেন সতী ভিন্নপ্রকারে নির্ম্মিত হইয়া তাঁহাদের সম্মুখে উপস্থিত হইলেন।

তখন ব্রহ্মা এবং বিষ্ণু বলিলেন, দেবি! আপনি সেই সতী, এই শম্ভু আপনারই, এক্ষণে দয়া করিয়া পূর্ব্বভাব অবলম্বন করুন। দেবী বলিলেন, আপনাদের স্তবে সন্তুষ্ট হইয়া আমি দর্শন দিলাম, কিন্তু আমি দেহত্যাগ করিয়াছি, সুতরাং অশরীরিণী হইয়া কিরূপে শম্ভুকে আশ্রয় করিব? আর যদি আপনাদের এতাদৃশ অভিলাষ ছিল, তবে ত্রিলোকের উপায় হেতু আমার দেহ কি জন্য বিচ্ছিন্ন করিয়াছেন? যদি আমার সেই শরীর সুরক্ষিত থাকিত, তবে আমি পুনর্ব্বার সেই শরীর ধারণ করিয়া, শম্ভুকে আশ্রয় করিতাম; কিন্তু হে দেবশ্রেষ্ঠ! আমার সেই দেহ আপনারা বিনষ্ট করিয়াছেন। যাহা হউক, এক্ষণে আমি স্থির করিয়াছি, যাবৎ প্রজাপতি দক্ষের কুবুদ্ধি বিনষ্ট না হয়, তাবৎ আমি এই অশরীরিণী হইয়াই অন্যত্র কালযাপন করিব। পরে দক্ষ সুমতি প্রাপ্ত হইলে পুনর্ব্বার শরীর গ্রহণ করিয়া শম্ভুকেই আশ্রয় করিব। শম্ভু যখন পরমানন্দে আমাকে মস্তকে গ্রহণ করিয়াছিলেন, তখনই আমার মৃতদেহ প্রসন্নপ্রাণ হইয়াছিল, কিন্তু তোমাদের দ্বারা পুনর্ব্বার প্রতিহত হইয়াছে। আর তৎকালে শম্ভুর মস্তকে আমার বাস হইয়াছিল, এজন্য পুনর্ব্বার জন্মগ্রহণ সময়ে সেই স্থানেই আমার বাস হইবে। আর দেবগণ! তোমরা আমার অভিলষিত বিষয়ে প্রতিকূলাচরণ করিয়াছ, তজ্জন্য ব্রহ্মাকে পুনঃপুনঃ পুত্রাবশ হইতে হইবে, বিষ্ণু বার্ষিক চারিমাস নিদ্রাভিভূত থাকিবেন, সেই প্রকার চতুর্যুগ-দিন গত হইলে ব্রহ্মাও নিদ্রাভিভূত হইবেন; পরে প্রলয়ানন্তর পুনর্ব্বার সৃষ্টি করিবেন। আর অন্যান্য দেবগণ সম্পত্তিকামনা করিলেও বিপন্ন হইবেন। এইরূপ দেবীবাক্য শ্রবণ করিয়া অমিততেজস্বী দেবগণ বিমনা হইলেন। ব্রহ্মা এবং বিষ্ণু কৃতাঞ্জলি হইয়া বলিলেন, দেবি! আমরা অপরাধ করিয়াছি, তজ্জন্য অভিশাপ প্রদান করিলেন, কিন্তু শম্ভু আমাদের হইতে কোন অংশে ভিন্ন নহেন, তবে তিনি কি জন্য অবশিষ্ট থাকিবেন, আপনার নিকটে আমরা সকলেই সমান। শুকদেব বলিলেন, তাঁহাদের বাক্য শ্রবণ করিয়া দেবী চারুবাক্যে মৃদুহাস্য করিয়া কহিলেন, সত্য, শম্ভুকেও শাপ দেওয়া উচিত, তজ্জন্য তিনি প্রেতভূমিপ্রিয় এবং ধনবান্ হইয়াও দরিদ্র হইলেন। হে ব্রহ্মন্! আপনা-দের স্তবে আমি সন্তুষ্ট হইয়াছি, তজ্জন্য বরপ্রদান করিতেছি, আপনি বর্ণ সকল সৃষ্টি করি-বার জন্য প্রজাপতি হইবেন। আপনি যে সমস্ত প্রজা সৃষ্টি করিবেন, তাহারা সর্ব্বদা পবিত্র, ক্ষমাশীল, শাস্ত্রজ্ঞানী এবং পৃথিবীর রক্ষাকারক হইবে; তাহারা মহাপ্রভাবশালী, ধর্ম্মপূর্ণ এবং দেবগণেরও সমারাধ্য হইবে, তাহারা সর্ব্বদেবতার মুখস্বরূপ এবং তাহাদের চরণে সমস্ত তীর্থ বাস করিবে। হে বিষ্ণো! আপনি শ্রীমান্ এবং সর্ব্বদেববন্দিত হইবেন, আপনি সর্ব্বভূতের সমানসুহৃৎ, সহস্ররূপী ভগবান্ এবং সর্ব্বব্যাপক বিষ্ণু; সর্ব্বমহাশক্তি আপনার আশ্রিত হইবে, আপনি সনাতন, অজর, অমর, সত্য, সদৃযশস্বী, বিষ্ণুরূপধারী; আপনি নানা অবতার করিয়া প্রজাপালন করিবেন। সকল মন্বন্তরে আপনি অবতার গ্রহণ করিবেন, যখনই ধর্ম্মের হানি এবং পাপের বৃদ্ধি হইবে, তখনই আপনি অধর্ম্মের

বিনাশ এবং ধর্ম্মের বৃদ্ধিহেতু অবতীর্ণ হইবেন। আপনি বহুবিধবর্ণাশ্রম ধর্ম্ম প্রবর্ত্তিত করিবেন। আমি লক্ষ্মীরূপে অংশে অবতীর্ণ হইয়া পত্নীভাবে আপনাকে আশ্রয় করিব; আপনি যে যে অবতার গ্রহণ করিবেন, সর্ব্বত্রই আমিও লক্ষ্মীরূপে অবতীর্ণা হইব। দেব! প্রথমতঃ কৃতযুগে আপনি ব্রহ্মচারী হইবেন, দ্বিতীয় অবতারে নারদরূপে বহুতন্ত্র প্রবর্ত্তিত করিবেন। পরে বরাহমূর্ত্তি ধারণ করিয়া অবলীলাক্রমে পৃথিবীর উদ্ধার করিয়া হিরণ্যাক্ষকে বিনষ্ট করিবেন। অনন্তর পুনর্ব্বার নরনারায়ণরূপে অবতীর্ণ হইয়া তপস্যা করিবেন, পরে কপিলরূপে জগতে সাংখ্যযোগ বিস্তার করিবেন। তদনন্তর দত্তাত্রেয়নামক ষষ্ঠাবতার গ্রহণ করিবেন। পরে রুচির ঔরসে দুর্ভিগর্ভে যজ্ঞাবতার গ্রহণ করিবেন। তৎপরে প্রিয়ব্রতবংশে ঋষভদেবরূপে অবতীর্ণ হইবেন। অনন্তর মহারাজ পৃথুরূপ ধারণ করিয়া গ্রাম নগরাদি কল্পনা করিবেন। পরে দশমাবতারে শকরীরূপে অবতীর্ণ হইয়া দেবগণকে রক্ষা করিবেন। অনন্তর কূর্ম্মরূপী হইয়া মন্থানদণ্ডস্বরূপ মন্দরশৈল পৃষ্ঠে ধারণ করিবেন, তাহাতে দেবগণ সমুদ্রমথন করিয়া, অমৃত আহরণ করিবেন। তদনন্তর ধন্বন্তরিরূপে আয়ুর্ব্বেদ প্রকাশিত করিবেন। তৎপরে নরসিংহরূপে দৈত্যরাজ হিরণ্যকশিপুকে বিনষ্ট করিবেন। পরে রামরূপে অবতীর্ণ হইয়া রাবণ ও কুম্ভকর্ণকে নষ্ট করিবেন। অনন্তর বামনরূপে অবতীর্ণ হইয়া ছলক্রমে বলিরাজ্য হরণ করিয়া ইন্দ্রকে প্রদান করিবেন। অনন্তর ভৃগুরাম-রূপে অবতীর্ণ হইয়া পৃথিবী নিঃক্ষত্রিয়া করিবেন। তদনন্তর বাল্মীকিরূপে মহাকাব্য বিস্তার করিবেন। তদনন্তর পরাশরপুত্র ব্যাসরূপে জন্মগ্রহণ করিয়া পুরাণাদি প্রবর্ত্তিত করিবেন। পরে বুদ্ধাবতারে লোক সকলকে বিমোহিত করিবেন। তৎপরে সকলধর্ম্মদ্বেষিমণ্ডলে পৃথিবী পরিপূর্ণ দেখিয়া, বসুদেবের ঔরসে দৈবকীর সপ্তম ও অষ্টম গর্ভে কৃষ্ণরামরূপে অবতীর্ণ হইয়া, গোকুলে গোপবৃন্দের অধীশ্বর হইবেন। তখন কংসকে বিনষ্ট করিবার জন্য প্রথমতঃ পূতনাদি তদীয় অনুচরগণকে ধ্বংস করিয়া, মথুরাপুরে গমন পূর্ব্বক দুষ্ট শত্রু কংসকে বিনষ্ট করিবেন; তৎকালে ইন্দ্রযাগ রহিত করিয়া, গোবর্দ্ধন ধারণ করিয়া, গোপবর্গ ও গোপীগণের রক্ষা করিবেন; কামাভিলাষিণী গোপরমণীগণের মনোরথ পূর্ণ করিবেন। ঐ সময়ে আপনার প্রতি আমার অধিক প্রীতি উৎপন্ন হইবে। পরে জরাসন্ধের সমস্ত বল নষ্ট করিয়া, যবনের ভয়ে সমুদ্রমধ্যে দ্বারকা নাম্নী পুণ্যতরা পুরী নির্ম্মাণ করিয়া, ছলক্রমে যবনের বিনাশ সাধন করিয়া মুচুকুন্দ নৃপতিকে বর প্রদান করিবেন। আপনি এই অবতারে সাষ্টশতাধিক ষোড়শসহস্র রমণীবৃন্দের পতি হইয়া, আপনিও সাষ্টশতাধিক ষোড়শসহস্র মূর্ত্তি ধারণ করিয়া সুখে কালযাপন করিবেন। পুত্র পৌত্রাদি গোষ্ঠী-সহকারে গৃহী হইয়া গৃহস্থদিগকে আশ্রমধর্ম্ম উপদেশ দিবেন। জরাসন্ধ, শিশুপাল, সৌভ, শাল্ব, দন্তবক্র প্রভৃতির বিনাশ করিয়া, পাণ্ডুপুত্র অর্জ্জুনের সারথি হইয়া দুর্য্যোধনাদি ধর্ম্মদ্বেষিগণের ধ্বংস করিবেন। আপনারা সাক্ষাৎ নর-নারায়ণ, কৃষ্ণার্জ্জুনরূপে পৃথিবীর ভূরি ভার হরণ

করিয়া পৃথিবীর সুখস্বাচ্ছন্দ্য বর্দ্ধিত করিবেন এবং সাক্ষাৎ ধর্ম্মস্বরূপ ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে ধর্ম্মসিংহাসনে স্থাপিত করিয়া পুরী-প্রত্যাগমন করিবেন। তদনন্তর ব্রহ্ম-শাপচ্ছলে ধরাভার হরণ করিয়া বৈকুণ্ঠপুরে গমন করিবেন। ঐ দেখুন বৈকুণ্ঠনামক স্থান আপনার জন্য কল্পিত হইয়াছে। আর আপনার পরম পুণ্যনাম সকল লোকে এইরূপে গান করিবে।

মধুকৈটভবিনাশি নারায়ণাচ্যুত হরি।
গোবিন্দ কেশব ভয়াপহ পুতনার অরি॥
গোপীজনগণপ্রিয় নন্দসুত বকান্তক।
চাণূর-মুষ্টিকনাশী দুষ্ট-কংস-বিনাশক॥
দেবকী-তনয় গোপ-কুলপতি মুর-অরি।
গোপালগণ-পালক ধরাধররাজধারী॥
শ্রীনাথ অনাথ-নাথ গজ-বিপত্তিনাশক।
কংসালয়ে কুবলয়হস্তি-শিরোবিদারক॥
ত্রিপদ লঙ্ঘিত সূর্য্য-চন্দ্রাদি গ্রহনিকর।
অখণ্ড সুযশঃ তব প্রসন্ন হও দামোদর॥
নবাম্বুদশান্তমূর্ত্তি অবনী-ভার-হারক।
ভূদেব দেবতাধার বসুন্ধরা-উদ্ধারক॥
লোকনাথ গো-ব্রাহ্মণ ক্ষিতি দুঃখ হরিবারে।
অর্জ্জুন-সারথি তুমি হ'লে কৃষ্ণ-অবতারে॥
বিনাশ করিলে দেব তুমি বক-প্রলম্বেরে।
অরিষ্ট-ধেনু'কে' মারি নিঃশঙ্ক করিলে সুরে॥
মুকুন্দ পুরুষোত্তম তুমি বিষ্ণু পদ্মনাভ।
বৈকুণ্ঠ বামন জনার্দ্দন তুমি বাসুদেব॥
মথুরানগরেশ্বর তুমি নাথ রামানুজ।
রৌহিণেয় বিমোহন সুচারু নয়নাম্বুজ॥
গোপীপতি ব্রজপতি যমুনাপুলিনচারী।
তুমি বৃন্দাবনেশ্বর যাদবেন্দ্র গদাধারী॥
সত্যভামা-সূর্য্যাত্মজাধর সুধাকর তুমি।
বৃষ্ণিবংশসম্ভব সাত্বতগণের স্বামী॥
মাধব রুক্মিণীধব কৌস্তুভ শোভিতবক্ষঃ।
শার্ঙ্গধনুসুশোভিকতকর কামকমলাদক্ষ॥
তুমি হরি যজ্ঞভোক্তা নাগেন্দ্রশয়নমর্দ্দন।
শ্রীনৃসিংহ ভক্তভয়হরণ ভক্তরঞ্জন॥

মহার্ণবমনোরঞ্জন তুমি দশরথাত্মজ।
জয় জয় রামকৃষ্ণ জয় হে রাজাধিরাজ॥
সাষ্টশতাধিক ভার্য্যা ষোড়শ সহস্র তব।
পুত্র পৌত্র সমন্বিত তুমি হে গৃহী কেশব॥
প্রদ্যুম্নানিরুদ্ধ তুমি সঙ্কর্ষণরূপধর।
হও নাথ সুপ্রসন্ন অভয়দ শান্তিকর॥

আপনি শেষ-শয্যায় পাতালপুরে শয়ন করিবেন, লক্ষ্মী আপনার চরণসেবা করিবে শিব, ব্রহ্মা এবং আপনি আপনাদের পরস্পর কিছুই ভেদ নাই; কেননা, সকলেই আমা স্বরূপমাত্র; অতএব আপনাদের মধ্যে যে ব্যক্তি ভেদবুদ্ধি করিবে, সে ব্যক্তি পর নারকী। আপনাদের সকল কার্য্যে আমাকে স্মরণ করিলে নিশ্চয়ই আমি অভীষ্ট করিব। আমি নারীগণের মধ্যে যোগরূপিণী, আপনাদের নিকট গোপনীয়া। সম নারীগণমধ্যে আমার অধিষ্ঠান, বিশেষতঃ কুমারী এবং যুবতীগণের হৃদয়ে আমি সর্ব্বা বাস করি। ইহাদের যোনি কিংবা স্তন, দৃষ্ট হইলে, আমাকে স্মরণ করিয়া প্রণাম ক কর্ত্তব্য। কি শাক্ত, কি শৈব, কি বৈষ্ণব, কেহই নারীগণের প্রতি কটুবাক্য প্রয়ো অথবা কোনপ্রকার কষ্ট প্রদান করিবে না, অধিক কি পুষ্প দ্বারাও তাড়িত করিবে যে ব্যক্তি স্ত্রীগণের প্রতি পীড়া দান করে, দেবগণ তাহার প্রতি বিমুখ হইবেন; কেন সর্ব্বজগন্মাতা আমি স্ত্রীগণের হৃদয়ে বাস করি। আমার জন্মমন্ত্রাদি জগতে মা প্রকাশ করিবেন। আমি এক্ষণে শরীর ত্যাগ করিয়াছি, পরে কোনস্থানে দ্বিধাভূত হ জন্মগ্রহণ পূর্ব্বক মহাদেবকে আশ্রয় করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই। আপ পরস্পর পরস্পরের সহায় হইয়া, কার্য্যাদি সমাধান করুন, মদীয় কৃপাদৃষ্টে সব শান্তিলাভ করিবেন, এ বিষয়ে অন্যথা হইবে না। শুকদেব কহিলেন, দেবী বলিয়া অন্তর্হিতা হইলেন। ব্রহ্মা এবং বিষ্ণু স্ব স্ব স্থানে গমন করিলেন। মহে নারদের অপেক্ষা করিয়া সেই কামরূপে তপস্যায় নিরত হইলেন। অন ত্যক্তদেহা সতী দ্বিধাভূত হইয়া হিমালয়ে মেনকাগর্ভে কন্যাদ্বয়রূপে জন্মগ্র করিলেন। যে সময়ে সতীর শবদেহ শম্ভু মস্তকে ধারণ করিয়াছিলেন, সেই স সতী তদীয় মস্তকে বাসস্থান কল্পিত করিয়াছিলেন; এক্ষণে শিবমস্তকে অব করিবার জন্য মেনকাগর্ভে গঙ্গারূপে জন্ম গ্রহণ করিলেন এবং তদীয় কনিষ্ঠা ভগি উমারূপে জন্মগ্রহণ করিলেন। এক্ষণে গঙ্গার জন্ম-কর্ম্মাদি সমস্ত ব করিতেছি, শ্রবণ কর।

একাদশ অধ্যায় সমাপ্ত॥ ১১॥

দ্বাদশ অধ্যায়।

শুক কহিলেন, সুমেরুর কন্যা মেনকার গর্ভে গঙ্গাদেবী জন্মগ্রহণ করেন, পরে তিনি ব্রহ্মার কমণ্ডলুমধ্যে অদৃশ্যভাবে অবস্থিত থাকিয়া, সুরগণকর্তৃক স্বর্গে নীতা হন। অনন্তর সাক্ষাৎ নারায়ণমূর্ত্তি শঙ্করের পত্নী হইয়া কিয়ৎকাল পরে ভগীরথের তপস্যা হেতু দ্রবময়ীরূপে ভগবান্ বিষ্ণুর চরণপ্রান্ত হইতে ভূতলে অবতীর্ণা হন। হে মহামুনে। পূর্ব্বে দক্ষযজ্ঞে সতী দেহ বিসর্জ্জন করিয়া সুমেরুর কন্যা হিমালয়পত্নী ভাগ্যবতী মেনকার গর্ভে বৈশাখ মাসীয় শুক্লতৃতীয়া তিথিতে মধ্যাহ্ন সময়ে সাক্ষাৎ সত্যযুগের মূর্ত্তিস্বরূপা শুক্লবর্ণা গঙ্গারূপে প্রাদুর্ভূতা হইলেন। তখন শৈলরাজ পরম আনন্দিত হইয়া, নানাবিধ উৎসব করিতে লাগিলেন। অনন্তর ত্রিনেত্রা শুক্লবর্ণা চতুর্ভুজা সুলোচনা গঙ্গাদেবী দিন দিন শশিকলার ন্যায় বৃদ্ধি পাইতে লাগিলে, সমুদয় দ্বিজগণ তদ্দর্শনে পরম আনন্দিত হইলেন এবং সেই কোটিচন্দ্রসমপ্রভাসম্পন্ন পরম লাবণ্যবতী তনয়া গঙ্গার প্রতি দিন দিন শৈলরাজের বাৎসল্যভাব পরিবর্দ্ধিত হইতে লাগিল। অতঃপর মাসচতুষ্টয় অতীত হইলে গঙ্গাদেবীর বাক্‌শক্তি স্ফূর্ত্তি পাইল। পরে একদা দেবর্ষি নারদ, সুরপুরে সুরগণকে সম্বোধনপূর্ব্বক কহিলেন, হে ব্রহ্মাদি দেবগণ। আমি যাহা বলিতেছি শ্রবণ করুন। ভগবতী সতী, দেহ ত্যাগ করিয়া সম্প্রতি হিমালয়ভবনে অর্দ্ধাংশে গঙ্গারূপে জন্মগ্রহণ করিয়াছেন এবং অপর অর্দ্ধাংশে সেই স্থানেই উমারূপে আবির্ভূতা হইবেন। এক্ষণে চলুন, আমরা সকলে ধরাতলে যাইয়া তাঁহাকে দর্শন করি। তৎশ্রবণে দেবগণ কহিলেন, হে নারদ। বড় আনন্দের বিষয়, বল, সতী সত্য সত্যই কি পুনরায় দেহধারণ করিয়াছেন? অতএব ত্বরায় গমন করিয়া সতীবিরহবিধুর ভগবান্ শঙ্করকে এই সমাচার নিবেদন কর। নারদ কহিলেন, হে দেবগণ। আপনারা ভাল বিবেচনা করিতেছেন না, আমি যাহা বলিতেছি, বিচার করিয়া দেখুন। যে সময় ভগবান্ শম্ভু, সতীদেহ মস্তকে ধারণ করিয়া প্রমত্তভাবে নৃত্য করেন, তখন আপনারাই তাঁহাকে সেই মহানৃত্যসুখে বঞ্চিত করায় তিনি অদ্যাপি আপনাদিগের উপর নিরতিশয় দুঃখিত আছেন। এজন্য আমার বিবেচনায় আমরাই গিরিজা সতীকে স্বর্গপুরে আনয়ন করিয়া শঙ্করের সন্তোষার্থ তাঁহাকে সমর্পণ করি। অতএব হে অমরগণ। অগ্রে আপনারা গিরিনন্দিনী গঙ্গাকে আনয়ন করুন, পরে মহেশ্বরকে নিবেদন করিব যে, আমরা পুনরায় দাক্ষায়ণীকে প্রাপ্ত হইয়াছি। দেবগণ বলিলেন, ভাল, কিন্তু মহাভাগ শৈলরাজ দেবী গঙ্গাকে আমাদের নিকট প্রেরণ করিবে কেন? আর দেবীই বা কি প্রকারে শৈলরাজকে পরিত্যাগ করিয়া আগমন করিবেন? দেখ, সেই দেবী ভক্তির অধীন এবং হিমালয়ও তাঁহার প্রতি পরম ভক্তিমান্; সুতরাং তিনি কি হিমালয়ের আলয় পরিত্যাগপূর্ব্বক আমাদিগের আলয়ে আগমন করিবেন? নারদ কহিলেন, হে সুরগণ। তোমরা সকলেই মহাত্মা এবং গিরিবর হিমালয়ও পরম

দাতা, অতএব তোমরা হিমালয়ের নিকট প্রার্থনা করিলে অবশ্যই তিনি গঙ্গাদেবীকে দান করিবেন, আর তোমরাও ভগবতী গঙ্গার স্তুতিবাদ করিলে নিঃসন্দেহ তিনিও তোমাদিগের সহিত সুরপুরে আগমন করিবেন। শুকদেব কহিলেন, নারদের ঈদৃশ বাক্য শ্রবণে ব্রহ্মাদি নিখিল দেবগণ ইহাই কর্ত্তব্য বোধ করিয়া তদ্বিষয়ে যত্নবান্ হইলেন। অনন্তর ব্রহ্মা, ইন্দ্র, কুবের, বরুণ ও যম এই পঞ্চদেবতা ত্বরায় হিমালয়ভবনে গমন করিতে অভিলাষ করিলেন। এদিকে দেবী গঙ্গাও স্বপ্নযোগে হিমালয়কে স্বীয় রূপ সন্দর্শন করাইলেন। হিমালয় দেখিলেন, স্বীয় তনয়া গঙ্গাদেবীর চারি হস্তে বরমুদ্রা, অভয়মুদ্রা এবং পদ্ম ও অমৃত বিরাজমান রহিয়াছে। তিনি শুভ্রবর্ণা, ত্রিনয়না ও মকরোপরি অধিষ্ঠিতা। তাঁহার সমুদয় অঙ্গ প্রত্যঙ্গ অতিশয় মনোহর ও মুখমণ্ডল ঈষৎ হাস্যযুক্ত। তিনি নানাভরণে বিভূষিতা এবং দেখিতে যুবতী। সমস্ত সুরগণ তাঁহাকে প্রণিপাত করিতেছেন এবং তিনি নিজ শরীরকান্তিতে সমুদয় দিগ্‌বিদিক্ এরূপ উদ্ভাসিত করিতেছেন, যেন পর্ব্বতের চতুর্দ্দিকে দাবানল প্রজ্বলিত হইয়াছে। ভগবতী গঙ্গা, হিমালয়কে এবংবিধ নিজমূর্ত্তি দর্শন করাইয়া, দেবগণের প্রতি অনুগ্রহ-প্রকাশার্থ স্বপ্নযোগেই কহিলেন, হে মহাত্মন্ শৈলাধিরাজ! আমি তোমার প্রিয়কন্যা; তুমি শুনিয়া থাকিবে, দক্ষযজ্ঞে দাক্ষায়ণী সতী প্রাণত্যাগ করিয়াছেন; আমি সেই সতী অর্দ্ধাংশে গঙ্গারূপে তোমা হইতে জন্মলাভ করিয়াছি এবং অপর অর্দ্ধাংশে উমারূপে জন্মলাভ করিব। অমরগণ আমাকে স্বর্গধামে লইয়া যাইবার জন্য, আগমনপূর্ব্বক তোমার নিকট প্রার্থনা করিলে, তাঁহাদিগের সহিত আমাকে প্রেরণ করিও, কারণ আমি সুরপুরে ভগবান্ শঙ্করকে পতিরূপে প্রাপ্ত হইব। কিছুকাল পরে তুমিও অপর তনয়াকে স্বয়ং আহ্বানপূর্ব্বক শঙ্করকে সমর্পণ করিবে। দেবকার্য্যানুরোধে আমি সুরপুরে গমন করিলে আমার বিয়োগহেতু শোক করিও না। আমি এইজন্যই অগ্রে তোমাকে শোকশান্তির বাক্য কহিলাম। দেবী গঙ্গা এই কথা বলিয়া অন্তর্দ্ধান করিলে, শৈলরাজ শয্যা হইতে গাত্রোত্থানপূর্ব্বক স্বপ্নাবস্থায় যাহা অদ্ভুত দর্শন ও শ্রবণ করিলেন, তদ্বিষয়ই চিন্তা করিতে লাগিলেন এবং স্বীয় দুহিতার প্রকৃত-তত্ত্ব অবগত হইয়া পূর্ব্বে যে তাঁহাকে আমার কন্যা বলিয়া বিবেচনা করিতেন, অন্তঃকরণ হইতে সেই মোহ এককালে দূর করিলেন। গিরিবর সেই অবধি কি শয়ন, কি ভোজন, কি স্নান, সকল অবস্থাতেই সেই দেবদেবীগণের অর্চ্চনীয় পরমা দেবী গঙ্গার বিষয় চিন্তা করিতে লাগিলেন। অনন্তর ব্রহ্মাদি পঞ্চদেবতা গগনমণ্ডল হইতে অবতরণপূর্ব্বক মহাভাগ হিমালয়ের নেত্রপথে পতিত হইলেন। তখন গিরিরাজ, নিজতেজে দেদীপ্যমান ব্রহ্মাদিকে অবলোকন করিয়া যথাবিধি অর্চ্চনাপূর্ব্বক আসনে উপবেশন করাইয়া কহিলেন, হে মহাভাগগণ! আপনারা কে? কি জন্যই বা আগমন করিয়াছেন? আমাকে আপনাদিগের কি প্রিয়কার্য্য করিতে হইবে? বলুন। তখন ব্রহ্মা কহিলেন, হে মহাভাগ! আমরা দেবগণ, আমরা যে বিষয় তোমার নিকট প্রার্থনা করিতে উপস্থিত হইয়াছি, তাহা শ্রবণ

কর। আমি ব্রহ্মা, ইনি ইন্দ্র, ইনি যম, ইনি বরুণ ও ইনি কুবের। নানাবিধ ফলসমন্বিত কোন একটী বৃক্ষ আছে, সেই বৃক্ষের একটী ফলের জন্য আমরা তোমার নিকট উপস্থিত হইয়াছি। এক্ষণে যাহাতে সেই ফল আমরা লাভ করিতে পারি, তদ্বিষয়ে তুমি সহায় হও। শুক কহিলেন, গিরিবর হিমালয়, তাহাদিগের তাদৃশ বাক্য শ্রবণে স্বপ্নাবস্থায় গঙ্গার বাক্য স্মরণ করিয়া এবং তাঁহাদিগের ভাব গতিক দেখিয়া, তাঁহারা যে গঙ্গাকে লইয়া যাইবার জন্য আসিয়াছেন, ইহা স্পষ্টই বুঝিতে পারিলেন, কিন্তু গঙ্গাকে ত্যাগ করা দুঃসাধ্য বোধ করিয়া কহিলেন, হে দেবগণ। আপনারা যে পরম ঐশ্বর্য্যশালী দেবতাধিপ ব্রহ্মাদি দেবতা এবং মহাসৌভাগ্যফলেই যে আপনাদিগের শুভাগমন হইয়াছে, তাহাও জানিতেছি; তথাপি কিঞ্চিৎ নিবেদন আছে শ্রবণ করুন। বিধাতা আমাকে চলৎশক্তি-বিহীন করিয়াছেন, অতএব আমি কিরূপে কোথায় গমন করিব এবং সেই বৃক্ষই বা কি? ও তাহার ফলই বা কি প্রকার তাহা ত কিছুই জানি না। দেবগণ কহিলেন, সেই মহাবৃক্ষ ও তাহার ফল নিঃসন্দেহ তোমারই অধীন। তুমি যদি সরলান্তঃকরণে বল তাহা দান করিব, তাহা হইলেই আমরা তাহা প্রাপ্ত হইতে পারি। জগতে সকল ব্যক্তিই স্বার্থপর, কেহই অন্যের বিপৎচিন্তা করে না, যদি করিত এবং দাতাও যদি প্রার্থিত বিষয় দান করিতে পারিব না বলিতে পারিত, তাহা হইলে কেহ কাহার নিকট কোন বিষয় যাচ্ঞা করিত না। হিমালয় কহিলেন, হাঁ এক মহাবৃক্ষ ও তাহার ফলও আছে সত্য, কিন্তু সেই ফল অপরিপক্ব, সুতরাং তাহার বিচ্ছেদদুঃখ দুঃসহনীয়। দেবগণ কহিলেন, বৃক্ষ যে ফল ধারণ করে, সে কেবল পরের জন্য, এজন্য উপস্থিত পাত্রে দান করিলেই তাহা সার্থক হয়। বিশেষতঃ আমরা দেবগণ, সেই ফলপ্রার্থী হইয়া তোমার নিকট সমাগত হইয়াছি। তুমি যদি সেই ধনে ধনী না হইতে তাহা হইলে কখনই আমাদিগের সাক্ষাৎ পাইতে না। দেবগণের ঈদৃশ বাক্য শ্রবণে ধরাধর হিমালয়কে কাতর দেখিয়া গঙ্গাদেবী কহিলেন, হে পিতঃ শৈলরাজ! আপনি দেবগণের সহিত কি প্রকার কথোপকথন করিতেছেন? উহাঁরা যেরূপ বলিতেছেন, তাহাই উত্তম। আমি ত সতত তোমার নিকটেই আছি, অতএব কিজন্য সাধারণ লোকের ন্যায় শোকাকুল হইতেছ? যাহারা সর্ব্বদা অন্যকার্য্যে চিত্ত নিবিষ্ট রাখে, আমি অদূরস্থা হইলেও তাহাদের নিকট দূরস্থা; আর যাহারা সতত আমার প্রতি ভক্তিপরায়ণ, আমি দূরবর্ত্তিনী হইলেও তাহাদিগের হৃদয়মধ্যেই অবস্থান করিয়া থাকি। প্রাণিগণ, কেবলমাত্র এক ভক্তিবলেই আমাকে গ্রহণ করিতে পারে, নতুবা ধ্যানাদি অন্য কোন উপায়েই আমার উদ্দেশ পায় না; অতএব আমি যে স্থানেই থাকি, তুমি আমাকে নিকটস্থা জানিবে, কখনই দূরবর্ত্তিনী বিবেচনা করিও না। তনয়ার বাক্য শ্রবণে হিমালয় কহিলেন, যদি দেবী স্বয়ংই আপনাদিগের আলয়ে যাইতে ইচ্ছা করেন, তাহা হইলে আমি আর কিপ্রকারে প্রতিরোধ করিব। কিন্তু আমার মুখ হইতে "যাও" এ বাক্য কোনক্রমেই নির্গত হইবে না।

আপনারা দেবগণ, দেবীর অভিপ্রায় বুঝিয়া যেরূপ উচিত হয় করুন। হিমালয় এইরূপ কহিলে দেবগণ প্রফুল্লবদনে গগনমার্গে অধিষ্ঠান করিয়া পরমভক্তিসহকারে দেবীকে স্তব করিতে আরম্ভ করিলেন। বলিলেন, হে দেবি! তোমার প্রভাব অসীম, তুমি নিখিল সুরগণের ঈশ্বরী এবং নিত্য আকাশবাসিনী। সাধুগণ নিরন্তর তোমার সেবা করিয়া থাকেন। তুমি অনাদি ও অনন্তপ্রকৃতি পরমেশ্বরী। তুমি সুগম অথচ দুর্গম। কোটি কোটি ব্রহ্মাণ্ডমধ্যে তোমার অধিষ্ঠান রহিয়াছে। তুমি আদ্যাশক্তি ও মহাশক্তি, তুমি পরমরূপলাবণ্যসম্পন্ন ও তরুণী। তোমার কলেবর শুভ্রবর্ণ ও সত্যস্বরূপ এবং তোমার নাম পরম পবিত্র ও পুণ্যজনক। তুমি সকলের আরাধ্যা ও গণেশ্বরী। নিখিল প্রাণিগণ তোমাকে বন্দনা করিয়া থাকে। তুমি ত্রিগুণাত্মিকা অথচ সর্ব্ব গুণাতীতা। তুমি জীবগণের পাপরাশি দূর করিয়া থাক। সমুদয় ত্রিভুবন তোমারই মূর্ত্তিস্বরূপ। তুমি কলাবতী, ত্রিলোচনা, পরমা, অনাময়া, অব্যয়া, বামা, বামাক্ষী, বীররূপিণী ও বরপ্রদা, অতএব আমরা তোমাকে নমস্কার করি। শুক কহিলেন, গিরিজা-সতী সুরগণের ঈদৃশ স্তুতিবাদ শ্রবণে পরম পরিতুষ্ট হইয়া ভূমিতল পরিত্যাগপূর্ব্বক গগনমার্গস্থিত ব্রহ্মাদি সমীপে উপস্থিত হইলে তাঁহারা সেই সুদুর্লভা গঙ্গাকে লাভ করিয়া আনন্দসাগরে ভাসমান হইলেন। অনন্তর গঙ্গাদেবী, ব্রহ্মার কমণ্ডলুমধ্যে অন্তর্হিতভাবে অবস্থান করিলে, ব্রহ্মাদি দেবগণ তাঁহাকে লইয়া সুরপুরে গমন করিলে সমুদয় সুরগণ সেই পরম আনন্দময়ী গিরি-সুতার সেবা করিয়া নিরতিশয় আনন্দ অনুভব করিতে লাগিলেন। অনন্তর মেনকাদি হিমালয়ের পত্নীগণ, পুত্ররূপিণী দেবীকে না দেখিয়া নিতান্ত কাতর হইয়া "হায় কি সর্ব্বনাশ হইল! পুত্রি! কোথায় যাইলে?" এইরূপ নানাবিধ বাক্যে বিলাপ ও রোদন করিতে লাগিলেন। পরে শৈলরাজ, তাঁহাদিগকে প্রবোধবাক্যে সান্ত্বনা করিয়া আদ্যন্ত সমুদয় বিবরণ পরিজ্ঞাত করিলেন। তখন তাঁহারা নিরতিশয় দুঃখিতহৃদয়ে কহিলেন, "রে পুত্রি! তুমি যখন আমাদিগকে অভিনন্দন না করিয়া, স্বীয় ইচ্ছাক্রমে সুরপুরে গমন করিয়াছ, তখন নিঃসন্দেহ পুনরায় নদীরূপে স্বর্গ হইতে ভূতলে নিপতিতা হইবে এবং তুমি যে "গাং" অর্থাৎ পৃথিবী পরিত্যাগ করিয়া স্বর্গে গমন করিলে, এজন্য ত্রিলোকমধ্যে 'গঙ্গা' নামে প্রসিদ্ধা হইবে। আমরা তোমার অপরাংশ সম্ভূতা কন্যা লাভে অবশ্য সুখী হইব" এইরূপ অভিসম্পাত প্রদান করিলেন। অনন্তর কিয়ৎকাল অতীত হইলে দেবর্ষি নারদ, যে স্থানে ভগবান্ মহেশ্বর, সতী-ধ্যান করত তপস্যা করিতেছিলেন, তথায় উপস্থিত হইয়া কহিলেন, হে মহাদেব! আমি নারদ, আপনাকে প্রণাম করিতেছি। দেব! আমরা আপনার সতীকে পুনরায় প্রাপ্ত হইয়াছি, দেখিতে ইচ্ছা করেন ত উদ্যোগ করুন। শুক কহিলেন, হে মুনে! তখন ভগবান্ ত্রিলোচন, নারদের মুখে তাদৃশ পরম বিস্ময়কর বাক্য শ্রবণ করিবা মাত্র রোমাঞ্চিত-কলেবরে সহসা আসন হইতে গাত্রোত্থানপূর্ব্বক সতী-দর্শনাভিলাষে

চকিত কুরঙ্গের ন্যায় চতুর্দ্দিকে নেত্র বিস্ফারণ করত বারংবার কহিতে লাগিলেন, কি! কি! নারদ! কি বলিলে! কোথায়? আমার সতী কোথায়? কোথায় যাইতে হইবে? নারদ! আমার সতী কোথায় আছেন? কোথায় যাইলে দর্শন পাইব? নারদ কহিলেন, হে প্রভো! হে মহেশ! স্থির হউন, কিজন্য এরূপ বলিতেছেন? ক্ষণকাল চিত্ত স্থির করিয়া আমার বাক্য শ্রবণ করুন, অধীর হইয়া কার্য্য করিবেন না; অধৈর্য্য হইলে কোন কার্য্যই সিদ্ধ হয় না। আমি স্বর্গ, মর্ত্ত্য, পাতাল নানাস্থান পর্য্যটন করিয়া দেখিলাম, আপনার সতী হিমালয়-পত্নী মেনকার গর্ভে পুনরায় জন্মলাভ করিয়াছেন। তিনি শুক্ল-বর্ণা ও চতুর্ভুজা, তাঁহার মুখকমল পরম প্রফুল্ল, তিনি শুক্লবর্ণ মকরাসনে উপবিষ্টা হইয়া, নিরন্তর কেবল হে প্রভো! হে মহাদেব! হে স্বামিন্! বলিয়া আপনাকে জপ করিতে-ছেন। তিনি এক্ষণে ব্রহ্মাদি দেবগণকর্ত্তৃক বহুযত্নে হিমালয়গৃহ হইতে আনীতা হইয়া সুরপুরে অবস্থান করিতেছেন, আপনি যাইয়া নিরীক্ষণ করুন। শঙ্কর কহিলেন, হে বৎস দেবর্ষে নারদ! তুমি চিরজীবী হও, তুমি আমার এই মৃতপ্রায় দেহে পুনরায় জীবন-সঞ্চার করিলে। হে পুত্র! নিকটে এস, আমি তোমার মনোহর শুক্লবর্ণ দেহ একবার আলিঙ্গন করি। সতী যে আমার প্রাণাধিক, তাহা তুমিই মাত্র জানিয়াছ। চল, এক্ষণে আমার প্রিয়া সতী যে স্থানে আছেন, তথায় তোমার সহিত গমন করি। শুক কহিলেন, ভগবান্ শঙ্কর এই কথা বলিয়া বৃষারোহণপূর্ব্বক যে স্থানে পার্ব্বতী অবস্থান করিতে-ছিলেন, নন্দীর সহিত সুরপুরে তথায় গমন করিলেন। অনন্তর ব্রহ্মাদি দেবগণ শঙ্করকে সমাগত শ্রবণ করিয়া, সমুদয় দেবগণের সহিত সমবেত হইয়া, এক মনোহর সভা করিলেন। হে মুনে! অনন্তর সমুদয়দিক্‌পালগণ, হরপার্ব্বতীর সম্মিলন-দর্শনাভিলাষে নানাভরণে ভূষিত, অস্ত্র-শস্ত্রে সুসজ্জিত ও নিজ নিজ বাহনে অধিরূঢ় হইয়া, সহস্র সহস্র পরিজনের সহিত প্রফুল্লহৃদয়ে তথায় উপস্থিত হইলেন।

দ্বাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১২ ॥

ত্রয়োদশ অধ্যায়।

শুক বলিলেন, অনন্তর ক্রমে সমুদয় সুরগণ মেরুশিখরস্থিত সুরসভায় সমাগম হইলে দেবগণের মধ্যবর্ত্তিনী বহুল-শশধরের ন্যায় দেদীপ্যমানা গঙ্গাদেবী, ইন্দ্রিয়নিচয়বেষ্টিত পরমাত্মস্বরূপিণীর ন্যায় শোভা পাইতে লাগিলেন। তৎকালে সকলের নেত্র, সেই মধুরমূর্ত্তি গঙ্গাদেবীর আনন্দামৃত পানের পাত্রস্বরূপ মুখমণ্ডলে নিশ্চলভাব ধারণ করিল। হে জৈমিনে! ভগবান্ শশাঙ্কশেখর, সযত্নে নয়নত্রয় বিস্ফারণপূর্ব্বক তদীয় মুখকমল বহুক্ষণ নিরীক্ষণ করিয়াও পরিতৃপ্ত হইতে পারিলেন না। অনন্তর সুরগণ, আনন্দে দেবীর

হস্তে সুনির্ম্মল চন্দ্রকৌমুদীর ন্যায় শুক্লমাল্য সমর্পণ করিলে, তিনি গাত্রোত্থানপূর্ব্বক ভগবান্ শঙ্করের মস্তকোপরি তাহা স্থাপন করিলেন। তখন সেই মাল্য শিবের গলদেশে পতিত না হইয়া শিরোপরি মনোহর সৌন্দর্য্য বিস্তার করিতে লাগিল। ঐ সময় চতুর্দ্দিক্ হইতে জয়-শব্দ ও শঙ্খধ্বনি হইতে লাগিল। পরে ভগবান্ পিনাকপাণি, দেবগণকে সম্বোধনপূর্ব্বক কহিলেন, হে দেবগণ! আমি যখন গঙ্গাপ্রদত্ত মাল্য মস্তকেই ধারণ করিলাম, তখন নিশ্চয় জানিও, এই প্রিয়তমা গঙ্গাকেই আমার মস্তকে ধারণ করা হইল। আর দেখ, আমি যে সময় সতীর মৃতদেহ মস্তকে ধারণ করিয়াছিলাম, সেই সময়েই এই দেবী আমার শিরোদেশে স্থান পাইয়াছেন। ফলকথা, আমার হৃদয়মধ্যে যোগ ও বামাঙ্গে শক্তি অবস্থান করিতেছেন এবং পুরুষের দক্ষিণাঙ্গ কন্যাপুত্রাদির অবস্থান-স্থল। সুতরাং সম্যক্ বিচারপূর্ব্বকই দেবীকে মস্তকে ধারণ করিলাম। তোমরা কারণ জানিলে, অতএব এ বিষয়ে আর অন্যরূপ সন্দেহ করিও না। দেবগণ, শঙ্করের পরমার্থপূর্ণ ঈদৃশ বাক্য শ্রবণে পরমপুলকিত ও সংশয়বিহীন হইয়া মস্তকে সেই মাল্য ধারণ হেতু শঙ্করকে অদ্ভুতরূপ বর্ণন করিতে লাগিলেন। অনন্তর ভগবান্ চতুরানন, শঙ্করকে গঙ্গা সমভিব্যাহারে গমনেচ্ছু জানিয়া সম্মুখে আগমনপূর্ব্বক বিনয়বাক্যে চতুর্ম্মুখে কহিলেন, হে দেব! এই সুমুখী গঙ্গাদেবী পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছিলেন, অনন্তর আমরা ভিক্ষা দ্বারা ইহাঁকে প্রাপ্ত হইয়া উপযুক্ত পাত্র আপনার করে সমর্পণ করিয়াছি; অতএব কিয়ংকাল পিতৃগৃহতুল্য এই সুরপুরে অবস্থান করুন, পরে কিছুকাল অতীত হইলে ভবদীয় ভবনে গমন করিবেন। তখন মহেশ্বর কহিলেন, আপনারা যখন ইহাঁকে আমায় দান করিয়াছেন, তখন কি জন্য আর মমতা করিতেছেন? দেখুন, রমণীগণের স্বামিগৃহে বাসই সর্ব্বদা কর্ত্তব্য; অতএব অদ্যই ইহাঁর মদীয় ভবনে গমন করা উচিত। অথবা যাহা উচিত হয়, ইনিই বলুন। তখন গঙ্গা কহিলেন, হে ব্রহ্মন্! আপনারা যখন শঙ্করকরে আমাকে সমর্পণ করিয়াছেন, তখন শঙ্করকে পরিত্যাগ করিয়া এক্ষণে আর কুত্রাপি অবস্থিত করা বৈধ নহে। তোমরা আমার প্রতি পরম ভক্তিমান্ এবং ভক্তিবলেই আমাকে প্রীত করিয়াছ; অতএব হে ব্রহ্মন্! ত্বদীয় কমণ্ডলুমধ্যে আমি চিরদিন অবস্থান করিব, উহা আমি কখনই পরিত্যাগ করিতে পারিব না। কার্য্যকাল উপস্থিত হইলেই আমাকে প্রাপ্ত হইবে। আমি স্বমূর্ত্তিতে সর্ব্বদা শম্ভুর নিকট অবস্থান করিব। আমি শিবা ও ইনি শিব, সুতরাং আমাদিগের উভয়ের বিচ্ছেদ কখনই সম্ভব নহে, আর আমি ভক্তিমান্‌দিগের নিকটেও সতত বাস করিয়া থাকি। তোমরা এইরূপ অবগত হইয়া সন্দেহ পরিত্যাগপূর্ব্বক সুখলাভ কর। ব্রহ্মা কহিলেন, হে গিরিজে! হে শিবসুন্দরি! আমরা তোমার ভক্ত, যেরূপ উচিত হয়, করুন। শুক কহিলেন, অনন্তর ব্রহ্মাদি দেবগণ, ভক্তিসহকারে ভূতলে মস্তক বিলুণ্ঠিত করত শিব-শিবাকে প্রণাম করিলেন। অনন্তর গঙ্গা, ব্রহ্মার কমণ্ডলুমধ্যে অন্তর্দ্ধানাংশ রক্ষা

করিয়া স্বমূর্ত্তিতে শঙ্করের সহিত গমন করিলেন। পরে সমুদয় দেবগণ, স্ব স্ব স্থানে প্রস্থান করিলে ভগবান্ ব্রহ্মাও নিজ কমণ্ডলুমধ্যে দেবী গঙ্গাকে অবস্থিতা জানিয়া পরমানন্দে তাঁহাকে লইয়া ব্রহ্মলোকে গমন করিলেন।

ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৩ ॥

চতুর্দ্দশ অধ্যায়।

শুক কহিলেন, ভগবান্ মহেশ্বর গঙ্গাসমভিব্যাহারে কৈলাসে গমন করিলে দেবর্ষি নারদ, বৈকুণ্ঠধামে গমনপূর্ব্বক বৈকুণ্ঠনাথ নারায়ণকে সন্দর্শন করিয়া কহিলেন, হে প্রভো! আমি নারদ, আপনাকে প্রণাম করিতেছি। তখন ভগবান্ নারায়ণ, জটাজালবিমণ্ডিত, শঙ্খবৎশুভ্রকায়, বিশালবক্ষঃ, আজানুলম্বিতবাহু, শ্বেতাম্বরধারী, দিব্যভাবপূর্ণ, বীণাবাদনতৎপর সেই দেবদর্শন নারদকে নিরীক্ষণপূর্ব্বক পাদ্যার্ঘ্যাদি দ্বারা পূজা করিয়া আগমনের কারণ জিজ্ঞাসা করিলে নারদ কহিলেন, হে প্রভো জগন্নাথ! দক্ষকন্যা সতী দেহত্যাগের পর পুনরায় হিমালয়পত্নী মেনকার গর্ভে জন্মগ্রহণ করিয়াছেন। ব্রহ্মাদি দেবগণ, তাঁহাকে সুরপুরে আনয়নপূর্ব্বক ভগবান্ শঙ্করের করে সমর্পণ করিলে শঙ্কর তাঁহাকে লইয়া কৈলাসপুরে গমন করিয়াছেন এবং ব্রহ্মাও অন্তর্হিতভাবে কমণ্ডলুস্থিতা গঙ্গাকে লইয়া ব্রহ্মলোকে প্রত্যাগত হইয়াছেন। হে প্রভো! আপনার দৃষ্টিপথাতীত এই অদ্ভুত বিবরণ নিবেদন করিলাম। নারদের বাক্য শ্রবণে হরি কহিলেন, নারদ! বড় আনন্দের বিষয় যে, শঙ্কর এতদিনের পর আবার সতীকে লাভ করিয়াছেন। এক্ষণে বল দেখি, আমি স্বয়ং যাইয়া সতীর সহিত শঙ্করকে দর্শন করিব? না, তিনিই এখানে আগমন করিবেন? নারদ কহিলেন, হে বিভো! আপনিও সাক্ষাৎ ব্রহ্ম এবং সঙ্গীতও সাক্ষাৎ ব্রহ্মস্বরূপ অতএব আপনাদের উভয়ের সম্মিলন একবার দেখিতে ইচ্ছা করি। হরি কহিলেন, নারদ! যথাবিধি সঙ্গীত হইলে ত্রিজগৎ মোহিত হইয়া থাকে, অতএব যথাবিধি সঙ্গীত কর। সঙ্গীত করিতে হইলে সুস্বরবত্তা ও বিধিজ্ঞান উভয়ই অপেক্ষা করে। কারণ, রাগ-রাগিণী-বোধ ও সুস্বর থাকিলেই সঙ্গীতের উৎকর্ষ সাধিত হইয়া থাকে। সঙ্গীতমধ্যে যে সকল পদনিচয় ব্যবহৃত হয়, তাহা কেবল পদার্থের বাচক, কেহই পদার্থের জ্ঞাপক নহে; কিন্তু, সেই সকল পদাবলী স্বরসম্বলিত হইলে রস-সাক্ষাৎকার ঘটিয়া থাকে। মূলাধারে যে অগ্নি আছেন, তাঁহা হইতেই নাদ উৎপন্ন হয়। ঐ নাদ ক্রমে নাভিদেশ প্রভৃতি পঞ্চস্থান অতিক্রমপূর্ব্বক মস্তকে প্রস্ফুটতা প্রাপ্ত হইয়া থাকে। উহা প্রথমে মূলাধারে উৎপন্ন হইয়া নাভিদেশে অতি সূক্ষ্ম, হৃদয়ে সূক্ষ্ম, কণ্ঠে অব্যক্ত এবং মুখে

কিঞ্চিৎ ব্যক্তরূপে প্রকাশ পাইয়া অবশেষে মস্তকে সম্পূর্ণ স্ফুটতাকে ধারণ করিয়া থাকে। নাভি হইতে মস্তক পর্য্যন্ত দয়াবতী প্রভৃতি দ্বাবিংশতি শ্রুতিমণ্ডল অবস্থিত আছে; তন্মধ্যে প্রথম চতুঃসংখ্যক শ্রুতি সমষ্টিতে ষড়্‌জ, দ্বিতীয় ত্রিসংখ্যক শ্রুতিতে ঋষভ, তৃতীয় ত্রিসংখ্যক শ্রুতিতে গান্ধার, চতুর্থ চতুঃসংখ্যক শ্রুতিতে মধ্যম, পঞ্চম ত্রিসংখ্যক শ্রুতিতে পঞ্চম, ষষ্ঠ ত্রিসংখ্যক শ্রুতিতে ধৈবত এবং সপ্তম ষট্‌সংখ্যক শ্রুতিতে নিষাদ; এইরূপে দ্বাবিংশতি শ্রুতিমণ্ডল হইতে ষড়্‌জাদি সপ্তস্বরের উৎপত্তি হয়। উক্ত সপ্তবিধ স্বরের ঘোর মন্দ্র ও উচ্চনামক স্বরবন্ধ বিশেষ ত্রিবিধ গতি এবং ঐ সপ্তস্বরজাত পঞ্চকোটি পঞ্চলক্ষ ও সহস্রসংখ্যক রাগরাগিণী সকল শঙ্করের কণ্ঠদেশে বাস করে। তন্মধ্যে কামদাদি ছয় রাগ প্রধানভূত এবং কিঙ্করী সমন্বিতা ছত্রিশ-রাগিণী উঁহাদের পত্নী। উঁহারা সকলেই সালঙ্কারা, সুরূপা ও পরম আনন্দময়মূর্ত্তি। ঐ সকল রাগের সম্যক্ প্রতিপত্তির জন্য পূর্ব্বোক্ত সপ্তস্বর কখন আরোহী ও কখন অবরোহী ও কখন সঞ্চারী হইয়া থাকে। স্বরের আরোহ, অবরোহ ও সঞ্চরণ ক্রমে রাগ সকল ত্রিবিধ হইয়াছে। কি যন্ত্র, কি কণ্ঠ উভয়ত্রই উঁহারা সমভাবে আবির্ভূত হইয়া থাকে। তখন নারদ কহিলেন, হে সুরসত্তম! কমল লোচন! কৃপা করিয়া ঐ সকল রাগ-রাগিণীগণের এবং উঁহাদের দাস ও দাসীদিগের নাম কীর্ত্তন করুন। বিষ্ণু কহিলেন, কামদ, বসন্ত, মল্লার, বিভাষ, গান্ধার ও দীপক এই ছয় রাগ। তন্মধ্যে মায়ূরী, ভোটিকা, গৌড়ী, বারাড়ী, বিলোলিকা ও ধানাশ্রী নামে ছয় রাগিণী কামদরাগের পত্নী। বাগেশ্বরী, সারদী, শ্যামা, বৃন্দাবলী, জয়ন্তী ও বৈজয়ন্তী নামে ছয় রাগিণী কামদরাগের পত্নীগণের দাসী, পরন্তু কামদরাগের কিঙ্কর। কেদারী, কল্যাণী, সিন্ধুরা, অশ্বারূঢ়া ও সুধারা নামে ছয় রাগিণী, বসন্তরাগের পত্নী। শ্যামকেলী, দেবকেলী, মালিনী, কামকেলী, সত্তাবতী ও সম্বরী নামে উঁহাদের ছয় দাসী, এবং মধুনামে বসন্তরাগের এক প্রসিদ্ধ কিঙ্কর আছে। নটী, সুরইট্টা, পাহিড়ী, চারুরূপিণী, লীলা ও জয়জয়ন্তী নামে ছয় রাগিণী মল্লারের পত্নী। উঁহাদের প্রত্যেকের দাসীর নাম চক্রবাকী, চন্দ্রমুখী, রসিকা, বিলাসিকা, যামিনী ও শ্যামঘোটিকা। বিভাষরাগের পত্নীগণের নাম রামকেলী, ললিতা, কোরড়া, কৌমুদী, ভৈরবী ও শর্ব্বরী, এবং তরঙ্গিণী, নাগিনী, কিশোরী, হেমভূষণা, কল্লোলিনী ও ভীমনেত্রা নামে বিভাষরাগের পত্নীগণের ছয় দাসী। শ্যামঘোটক ঐ রাগের কিঙ্কর। গান্ধাররাগের শ্রী, রূপবতী, গৌরী, ধামনী, মঙ্গলা ও গন্ধর্ব্বী নামে ছয় পত্নী। পঠমঞ্জরী, মঞ্জীরা, পদ্মাবতী, বেলাবতী, ভূপালী, গন্ধিনী উঁহাদের দাসী, এবং গৌড়রাজ নামে গান্ধাররাগের প্রসিদ্ধ এক কিঙ্কর আছে। দীপকরাগের পত্নীগণের নাম উত্তরী, পূর্ব্বিকা, গুর্জ্জরী, কালগুর্জ্জরী, গোণ্ডকরী ও মালা এবং দীপহস্তা, দীপবর্ণা, দীপকর্ণা, প্রদীপিকা, দীপাক্ষী ও দীপবক্ত্রা উঁহাদের দাসী উক্ত দীপকরাগের কিঙ্করের নাম প্রদীপনাভ। হে নারদ! এই আমি তোমার

নিকট রাগ-রাগিণীগণের বিষয় কীর্ত্তন করিলাম, এক্ষণে সঙ্গীত করিতে প্রবৃত্ত হও। শুক কহিলেন, অনন্তর নারদ তথাস্ত বলিয়া সঙ্গীত আরম্ভ করিলেন। ভগবান্ হরি যে সকল রাগরাগিণীর বিষয় উল্লেখ করিলেন, দেবর্ষি নারদ, পরমযত্নসহকারে তাহাদিগকে অবিকলরূপে সাক্ষাৎ আনয়নার্থ ইচ্ছা করিলেন বটে, কিন্তু কিছুতেই সমর্থ হইলেন না। উক্ত রাগরাগিণীর মধ্যে কেহ স্থানভ্রষ্ট, কেহ খঞ্জ, কেহ পথিমধ্যে রোগগ্রস্ত, কেহ কাণ, কেহ বিবর্ণ, কেহ বিহ্বল, কেহ বলবিহীন, কেহ ভূষণবিহীন, কেহ পত্নীবিহীন ও কেহ বা অধীর হইয়া পড়িল। তখন দেবী সরস্বতী, রাগ-রাগিণীদিগকে নারদকর্ত্তৃক ঈদৃশ দুরবস্থাপন্ন দেখিয়া বস্ত্রাঞ্চলে মুখমণ্ডল আবৃত করিয়া হাস্য করিতে লাগিলেন। তদ্দর্শনে নারদ, ম্লানমুখে সঙ্গীত হইতে বিরত হইবার উপক্রম করিলে ভগবান্ হরিও কহিলেন, হে দেবর্ষে! তুমি যথেষ্ট সঙ্গীত করিয়াছ, এক্ষণে বিশ্রাম কর। তুমি নূতন শিক্ষা করিয়াছ, কিছুদিন পরে তুমি উত্তম সঙ্গীতজ্ঞ হইবে। দেখ নারদ! যে ব্যক্তি, 'সঙ্গীত কর' এইরূপ বলিবামাত্র সঙ্গীত করিতে উদ্যত হয়, সে সুবুদ্ধি নহে। আর যে ব্যক্তি পরীক্ষার্থ সঙ্গীত করিতে আদেশ করে, তাহার নিকটে সঙ্গীত করাও অবৈধ। আমি তোমাকে পরীক্ষার্থ সঙ্গীত করিতে আদেশ করিবামাত্র সঙ্গীত করিয়া এইরূপ লজ্জিত হইলে। সে যাহাই হউক, এক্ষণে গাত্রোত্থানপূর্ব্বক মদীয় বৈকুণ্ঠধামের সর্ব্বদিক্ নিরীক্ষণ কর। এস্থানে সমুদয় রাগ রাগিণীগণ বিদ্যমান আছে দেখিতে পাইবে। শুক কহিলেন, ভগবান্ হরি এইরূপ কহিলে মুনিপুঙ্গব নারদ তাঁহার সহিত গাত্রোত্থানপূর্ব্বক বৈকুণ্ঠধাম সন্দর্শন করিতে লাগিলেন। দেখিলেন, তত্রত্য সকলেই চতুর্ভুজ ও নবযৌবনসম্পন্ন; সকলেরই মুখমণ্ডল মনোহর এবং হস্তচতুষ্টয়ে শঙ্খ চক্র গদা পদ্ম, মস্তকে কিরীট, কর্ণে কুণ্ডল ও গলদেশে পুষ্করমালা বিরাজ করিতেছে; তাঁহাদিগের দেহপ্রভায় দিঙ্মণ্ডল উদ্ভাসিত হইতেছে। অনন্তর নারদ এক স্থানে কতিপয় বিকলাঙ্গ প্রাণীকে দেখিয়া কহিলেন, হে দেব! হে পুণ্ডরীকাক্ষ! আপনার এই সুখময় পুরে কি জন্য নরকবাসীর ন্যায় কতকগুলি বিকৃতাকার প্রাণী অবলোকন করিতেছি? তখন হরি কহিলেন, নারদ! ইহারা রাগরাগিণীগণ, তুমিই ইহাদিগকে বিকৃতাঙ্গ করিয়াছ, এই নিমিত্তই সরস্বতী বস্ত্রাঞ্চলে মুখাবরণপূর্ব্বক হাস্য করিয়াছিলেন। ভগবান্ শঙ্কর আগমন করিলে ইহারা পুনরায় পূর্ণকলেবরে সজ্জিত হইবে। দেবর্ষি নারদ, হরিকর্ত্তৃক এইরূপ কথিত হইয়া লজ্জাবনত-মুখে অপর কিছুমাত্র না বলিয়া হরির সহিত উপবেশন করিলেন। তখন ভগবান্ হরি, লক্ষ্মী ও সরস্বতীর মধ্যস্থলে উপবেশন করিলে মধুর সৌন্দর্য্যরাশি বিকীর্ণ হইতে লাগিল। অনন্তর বৈকুণ্ঠপুরবাসী পরমাত্মতত্ত্বজ্ঞ অন্যান্য ঋষিগণ সেই সভায় উপবিষ্ট হইলে, ভগবান্ নারায়ণ, মহেশ্বর গঙ্গা ও ব্রহ্মাকে স্মরণ করিলেন। পরে তাঁহারা তথায় সমাগত হইলে ইন্দ্রাদিদেবগণ

শঙ্করসঙ্গীত-শ্রবণাভিলাষে তথায় উপস্থিত হইলেন। অনন্তর ব্রহ্মাদি দেবগণ রত্নাসনোপবিষ্ট মস্তকে শুক্লমাল্য সুশোভিত, বামভাগে গঙ্গাদেবী বিরাজিত, কটিদেশে ব্যাঘ্রচর্ম্মধারী, পিনাকপাণি ধবলকায় ভগবান্ মহেশ্বরকে অর্ঘ্যাদি দানে পূজা করিলে বৈকুণ্ঠনাথ গদাধর পরমপ্রীতিসহকারে কহিলেন, হে শম্ভো! হে চন্দ্রশেখর! জগতে কোন্ কার্য্য পরমসুখকর এবং শোকদুঃখ-বিনাশক? শঙ্কর কহিলেন, হে কৃষ্ণ! জগতে ত্বদীয়সেবাই পরমসুখকর ও শোকদুঃখনাশক। আর, যে তোমার অঙ্গ প্রত্যঙ্গ হইতে রাগরাগিণী সকল উৎপন্ন হইয়াছে, সেই তোমার গুণকীর্ত্তনময় সঙ্গীত ও অপর এক তাদৃশ পরম সুখকর ও শোকদুঃখহারী কর্ম্ম। যে ব্যক্তি যথার্থরূপে সুবর্ণকে পরিজ্ঞাত হইয়াছে, সে যেমন সুবর্ণবর্ণ ভূভাগ দর্শনে প্রধাবিত হয় না, সেইরূপ অভিজ্ঞ ব্যক্তিও নানালঙ্কারশোভিত বিচিত্র বাক্যনিচয়কেও ত্বদীয় গুণকীর্ত্তিবিহীন হইলে সুধা বোধে সমাদর করিয়া থাকেন না। বস্তুতঃ ত্বদীয় নামগান ব্যতীত অপর কোন প্রকারেই পবিত্রতা লাভ করা যায় না। যাহারা প্রতিদিন হে নারায়ণ! হে অচ্যুত! হে অনন্ত! হে কৃষ্ণ! হে শ্রীমধুসূদন! এই নাম গান করে, তাহাদিগকে আর সংসারে আগমন করিতে হয় না। কিংবা যে সকল ব্যক্তি হে গোবিন্দ! হে কেশব! হে শ্রীরাম! হে পুরুষোত্তম! এবংবিধ গান করিয়া থাকে, তাহারাও আর জন্ম গ্রহণ করে না। যাহারা নিত্য হে মুকুন্দ! হে পদ্মনাভ! হে মাধব! হে পুণ্ডরীকাক্ষ! এইরূপ উচ্চারণ করে, তাহাদিকে কলি আক্রমণ করিতে পারে না। শঙ্করের বাক্য শ্রবণে ভগবান্ হরি কহিলেন, হে পুণ্যকীর্ত্তন শঙ্কর! তুমি মদীয় নামমাহাত্ম্য কীর্ত্তন করিলে, এক্ষণে সঙ্গীত দ্বারা আমার কর্ণকুহর পরিতৃপ্ত কর; দেখ, সকলেই ত্বদীয় সঙ্গীত-শ্রবণার্থ সমুৎসুক হইয়াছেন। সঙ্গীতরূপ সুধাময় মহাবিদ্যায় তুমি ভিন্ন অপর কেহই আর দক্ষ নাই। শুক কহিলেন, হে দ্বিজ! গানশাস্ত্রবিশারদ শঙ্কর, ভগবান্ হরিকর্ত্তৃক ঈদৃশ অভিহিত হইয়া সঙ্গীত আরম্ভ করিলে মহামুনি নারদও তাঁহার অনুগত হইয়া তাঁহার সহিত সঙ্গীত করিতে লাগিলেন। তখন লক্ষ্মী, সরস্বতী এবং ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি সমুদয় দেবগণ ও ঋষিগণ ভগবান্ শঙ্করের প্রতি এক দৃষ্টিতে চাহিয়া রহিলেন। ভগবান্ শঙ্কর, প্রথমে নাদ উত্থাপনপূর্ব্বক গান্ধার রাগ আলাপ করিতে লাগিলে ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি সকলেই সাক্ষাৎ গান্ধার রাগকে সমাগত দেখিতে পাইলেন। দেখিলেন, তাহার শরীর মনোহর, হৈমাভরণ, কটিদেশে পীতবসন ও করদ্বয়ে শঙ্খকম্বর দেদীপ্যমান হইতেছে এবং অঙ্গ-প্রত্যঙ্গ পরম রমণীয় ও শরীরকান্তি নবঘনবৎ শ্যামল। পরে সেই মহাপ্রভ রাগবর গান্ধার স্বর্ণাসনে সমাসীন হইলে ভগবান্ মহেশ্বর হরিগুণগান আরম্ভ করিলেন। তখন কোন এক দূতী আসিয়া কহিল, কেশব! হে কুঞ্জনাথ! বিজনস্থিত কমলমুখীর বিমল মুখকমলের প্রতি কমলনয়নে কটাক্ষপাত করুন; (ধুয়া)। দূতী এইরূপ ধুয়া আরম্ভ করিয়া দিলে মধুরকণ্ঠ গানবিশারদ ভগবান্

মহেশ্বর "অবলম্বনবিহীনা মনোহর হেমলতাময়ী দেবী, জগতের অবলম্বন স্বরূপ; তরুণ তরুমূর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণকে অবলম্বন করিতে অভিলাষিণী হইতেছেন, এইরূপ সঙ্গীত করিতে লাগিলে বৈকুণ্ঠেশ্বর কমলাপতি সেই দূতীকে স্তম্ভিত-লোচনে নিরীক্ষণ করিতে লাগিলেন। সেই সময় শিবসঙ্গীত-শ্রবণে সভামণ্ডলস্থ সকলেই বাহ্যজ্ঞান-বিহীন হইয়া শঙ্করের প্রতি এক দৃষ্টিতে অচলবৎ অবস্থিত হইলেন এবং ভগবান্ চতুরাননের চতুরানন বিঘূর্ণিত হইতে লাগিল। হে দ্বিজ! অনন্তর শঙ্কর পুনরায় সঙ্গীত করিতে লাগিলে স্বরবন্ধসম্ভবা গান্ধারপত্নী শ্রীরাগিণী গানজনিত আনন্দ-বিচ্ছেদভয়ে তথায় প্রকাশ পাইলেন। তাঁহার কলেবর সুবর্ণের ন্যায় বিমল ও উজ্জ্বল এবং বিচিত্র বসন ভূষণে বিরাজিত। তদীয় হস্তদ্বয়ে কমলযুগল ও মুখকমলে ঈষৎ হাস্য প্রকাশ পাইতেছে। পূর্ব্বে যে দূতী ভগবান্ হরিকে সম্বোধনপূর্ব্বক বলিয়াছিল, তৎকালে সেই আবার হরির প্রিয়ারূপ ধারণ করত হরিকে বিমোহিত দর্শনে এক প্রান্তে অবস্থিত থাকিয়া মন্দ মন্দ হাস্য করিতে লাগিল। হরিও সাক্ষাৎ প্রিয়ারূপ সন্দর্শন করিতে লাগিলেন। তখন প্রিয়া কহিলেন, হে রসিকেশ! হে কেশব! হে রসময়! আপনার জয় হউক, আপনি রসসরোবরতুল্য আমাকে লাভ করিয়া সতত রসমণ্ডলমধ্যে অবস্থান করুন। প্রিয়া এইরূপ ধুয়া ধরিলেন, শুক কহিলেন, দেবাধিদেব মহাদেব এইরূপে সঙ্গীত আবদ্ধ করিলে ভগবান্ নারায়ণ তাঁহাকে আলিঙ্গন করিতে গিয়া রসতাদাত্ম্য-বশতঃ স্বয়ং রসরূপে পরিণত হইয়া আসন হইতে পতিত হইলেন। তখন ভগবান্ হরির তেজোময় শরীর এইরূপে দ্রবীভূত হইয়া সমুদয় বৈকুণ্ঠধাম প্লাবিত করিতে লাগিলে ব্রহ্মাদি নিখিল দেবগণ নিদ্রোত্থিতের ন্যায় চৈতন্য লাভ করিয়া সমুদয় বৈকুণ্ঠধাম জল-প্লাবিত দর্শনে মনে মনে চিন্তা করিতে লাগিলেন, একি! কিরূপে এই জল উৎপন্ন হইল। ভগবান্ নারায়ণই বা কোথায় গমন করিলেন? সিংহাসনেও তাঁহাকে দিখিতেছি না! কিয়ৎকাল এবংবিধ চিন্তার পর স্থির করিলেন, ইহা শিবসঙ্গীতেরই পরিণাম। ব্রহ্মা ঈদৃশ নিশ্চয় করিয়া তথায় গঙ্গাধিষ্ঠিত কমণ্ডলুকে আবরণবিহীন করিয়া কহিলেন, সঙ্গীতও ব্রহ্মসম্ভূত ব্রহ্মময় এবং দেব হরিও স্বয়ং ব্রহ্ম দ্রবীভূত হইয়াছেন, অতএব ব্রহ্মময়ী গঙ্গা এই সলিলরাশি সংবরণ করুন, এই বলিয়া সেই সলিলনিচয়ে কমণ্ডলু স্পর্শ করাইবামাত্র দেখিতে দেখিতে সমুদয় সলিল গঙ্গার সহিত মিশ্রিত হইল। তখন দেবী গঙ্গা পাপনাশিনী সলিলময়ী হইলেন। যেরূপ আত্মাকে আশ্রয় করিয়া শরীর শোভা পাইয়া থাকে, তদ্রূপ দ্রবময় ভগবান্ হরি গঙ্গাকে আশ্রয় করত দেদীপ্যমান হইতে থাকিলেন। অনন্তর ভগবান্ চতুরানন, ব্রহ্মদুর্লভ সেই কমণ্ডলু লইয়া ব্রহ্মলোকে গমন করিলে দেবদেব মহাদেব এবং দেবরাজ প্রভৃতি সমুদয় সুরগণ স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন। তৎকালে ত্রিলোকবাসী সকলেই এই কথা ঘোষণা করিল যে, ভগবান্ নারায়ণ শঙ্করের সঙ্গীতপ্রভাবে দ্রবীভূত হইয়াছেন। লক্ষ্মী সরস্বতী তাঁহার অদর্শনে

অন্তর্হিত হইয়াছেন এবং পুনরায় হরির দেহধারণ অপেক্ষা করিতেছেন। আর গঙ্গা কৈলাসে শঙ্করের সেবায় নিযুক্তা আছেন। গঙ্গা যে শঙ্করের প্রিয়তমা হইয়াছেন, ইহা দেহধারণেরই ফল। হে দ্বিজবর! লোকপাবনী হিমালয়সুতা গঙ্গাদেবী যেরূপে ব্রহ্ম-কমণ্ডলুতে অধিষ্ঠিতা হইয়া ব্রহ্মলোকে গমন করিয়াছিলেন, তৎসমুদয় তোমার নিকট বর্ণন করিলাম। অনন্তর সেই গঙ্গাদেবীই আবার বিষ্ণুপদ লাভ করিয়া পুনরায় ভূপতি ভগীরথের মনোরথ-পূরণার্থ বিষ্ণুপদ হইতে প্রবাহিত হইয়া ধরাতলে আগমন করেন। পরে পাতালপুরে প্রবেশপূর্ব্বক সগরসন্তানগণকে পবিত্র করিয়া অনন্তদেবের সমীপবর্ত্তিনী হইয়া জলরূপে বিরাজ করিতে লাগিলেন। হে বিপ্র! এই আমি তোমার সমীপে সংক্ষেপে সমস্ত বিবরণ বর্ণন করিলাম, এক্ষণে পুনরায় কোন্ বিষয় শ্রবণ করিতে বাসনা কর?

চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত ॥ ১৪ ॥

পঞ্চদশ অধ্যায়।

জৈমিনি কহিলেন, হে ভগবন্! দেবী গঙ্গা, কি প্রকারে বিষ্ণুপদ প্রাপ্ত হন? কি প্রকারে বিষ্ণুপদ হইতে ধরাতলে প্রবাহিতা হন? ভূপতি ভগীরথ, কিরূপে তাঁহাকে আরাধনা করেন? কিরূপেই বা সেই পরমেশ্বরী সগরপুত্রদিগকে পবিত্র করেন? এবং কোন্ স্থান পর্য্যন্ত গমন করিয়াই বা তিনি নিবৃত্ত হন? আপনি এই সমুদয় বিষয় আমার নিকট প্রকাশ করুন। আপনি যে সমস্ত বিষয় সংক্ষেপে কহিলেন, এক্ষণে তাহাই বিশেষ করিয়া বলুন। শুক কহিলেন, মরীচি নামে ব্রহ্মার এক পুত্র হয়, তাঁহা-হইতে কশ্যপ জন্ম গ্রহণ করেন। পরে কশ্যপপত্নী দিতির গর্ভে হিরণ্যকশিপু নামে এক দৈত্য উৎপন্ন হয়। উক্ত দৈত্যবরের চারিপুত্র, তন্মধ্যে পরম বিষ্ণুপরায়ণ প্রহ্লাদ সর্ব্বজ্যেষ্ঠ, প্রহ্লাদের পুত্র বিরোচন ও বিরোচনের পুত্র বলি। মহাবল পরাক্রান্ত দৈত্যবর বলি, সংগ্রামে ইন্দ্রাদি নিখিল সুরগণকে পরাভব করিয়া স্বয়ং ভূর্লোকাদি সমুদয় লোক উপভোগ করিতে লাগিলে দেবমাতা অদিতি, পুত্রগণের দুঃখশান্তির নিমিত্ত পতির আজ্ঞানুসারে বিজন অরণ্যমধ্যে তপোনুষ্ঠান করত পরমারাধ্য বরদাতা ভগবান্ হরির আরাধনা করিতে লাগিলেন। একদা শঠতাপরায়ণ দৈত্যগণ, তাঁহাকে তাদৃশ তপোনুষ্ঠানে নিরত দেখিয়া দেবগণের মূর্ত্তি ধারণ করিয়া কহিল, হে মাতঃ! আমরা দেবগণ, আপনার চরণে প্রণিপাত করি। আপনার ঐ চরণযুগলই আমাদিগের একমাত্র মঙ্গলের নিদান; অতএব কি জন্য অনশনে দেহ শুষ্ক করত ঈদৃশ কঠোর তপোনুষ্ঠান করিতেছেন? আপনি জীবিতা থাকিলেই আমাদিগের পরম মঙ্গল

সুতরাং আপনি দেহের প্রতি এরূপ উপেক্ষা করিলে কিসে আর আমাদিগের মঙ্গল হইবে? দেখুন, যাহার গৃহে জননী নাই এবং ভার্য্যা অপ্রিয়বাদিনী, তাহার অরণ্যে গমন করাই কর্ত্তব্য, কারণ তাহার গৃহ রণভূমির তুল্য। অর্থাৎ মৃত্যুর স্থান। যে ব্যক্তির গৃহে মাতা ও ভার্য্যা না থাকে এবং পুত্র অবাধ্য হয় ও পরিবারবর্গ যাহার প্রতি সতত বিরক্ত; তাহার বন প্রস্থানই বিধেয়; অতএব, আপনি যখন এরূপ কঠোর তপোনুষ্ঠান-পূর্ব্বক স্বীয় শরীরের প্রতি অনাস্থা প্রদর্শন করিতেছেন, তখন আমাদিগের আর রাজ্য, সুখ বা জীবনের প্রয়োজন কি? মাতঃ! আপনি দুঃখের অযোগ্য হইয়াও যখন দুঃখিতহৃদয়ে আমাদিগের জন্য তপস্যা করিতেছেন, তখন, আমাদিগকেই ধিক্! জননি! একমাত্র জগদীশ্বরই প্রাণিগণের সুখ বা দুঃখের কর্ত্তা, অপর কেহই নাই; কিন্তু তিনি আরাধিত না হইলেও সুখ দুঃখ বিধান করিয়া থাকেন। কারণ জীবগণের যে সুখ দুঃখ, তাহা পূর্ব্বজন্মের কর্ম্মফল; সুতরাং আপনি কি প্রকারে কঠোর তপস্যা দ্বারা তাহা নিবারণ করিবেন? অতএব হে মাতঃ! আপনি এই উগ্রতর তপোনুষ্ঠান পরিত্যাগপূর্ব্বক গৃহে থাকিয়া ভগবান্ হরিকে দিবারাত্র স্মরণ করুন। জননি! আপনি চিরদিন সুখে জীবন ধারণ করুন, আমাদিগের তাহাই পরম রাজ্যলাভ। মাতঃ! আপনি আত্মবিনাশ করিয়া আমাদিগের রাজ্যবিনাশকর দুরদৃষ্টকে আর পরিবর্দ্ধিত করিবেন না, কারণ তাহাতে আমাদিগের মঙ্গল নাই। দৈত্যগণের বাক্য শ্রবণে অদিতি কহিলেন, তোমরা যে সর্ব্বদা আমার সর্ব্বপ্রকার মঙ্গলচিন্তা করিয়া থাক, তাহা বিলক্ষণ জানি, তোমরা অচিরে দেবগণ হইতে রাজ্যবিহীন হইবে। আমি তোমাদিগের পরিহাসের অযোগ্য হইলেও যখন আমার সহিত পরিহাস করিতেছ, তখন নিঃসন্দেহ অবিলম্বে দেবগণের ন্যায় দুঃখ পাইবে। আমি সেই সুখ ও দুঃখের কর্ত্তা অনাময় প্রভু হরির আরাধনা করিতেছি, তোমরা তাহাতে উপহাস করিতে লাগিলে, অতএব তোমাদিগকে ধিক্! শুক কহিলেন, অদিতি এইরূপ কহিলে দৈত্যগণ ভগ্নমনোরথ হইয়া দন্ত দ্বারা দন্ত সকল নিষ্পীড়ন করত ঘন ঘন নিশ্বাস পরিত্যাগপূর্ব্বক সমস্ত বন দগ্ধ করিবার অভিপ্রায়ে মুখমণ্ডল হইতে নিশ্বাসবায়ুর সহিত অগ্নি উদ্গীরণ করিয়া সমুদয় অরণ্য প্রজ্বলিত করিল। অনন্তর তাহারা বনদাহিভয়ে দৈত্যরাজ বলির সন্নিধানে গমনপূর্ব্বক সমুদয় ইতিবৃত্ত ও অদিতি দগ্ধ হইয়াছে ইহাও নিবেদন করিল। এদিকে ভগবান্ অব্যয় হরি, সেই অরণ্যমধ্যে দেবমাতা অদিতিকে সুদর্শনাস্ত্র দ্বারা অগ্নি হইতে রক্ষা করিলেন। অনন্তর অদিতি, ভগবান্ হরিকে দর্শনার্থ ধরাপৃষ্ঠে চরণের অঙ্গুষ্ঠমাত্র স্থাপন করিয়া বায়ুমাত্র আহার করত উগ্রতর তপস্যাচরণে প্রবৃত্ত হইলেন। এইরূপে দেবপরিমিত সংবৎসরকাল অতীত হইলে ভগবান্ হরি পরমাদ্ভুত-কলেবরে অদিতিকে দর্শন দিলেন। তাঁহার সর্ব্বশরীর মরকত মণির ন্যায় মনোহর শ্যামবর্ণ ও পরমসুন্দরসুদীর্ঘভুজচতুষ্টয়ে সুশোভিত। সেই পদ্মপলাশলোচন

শ্রীকৃষ্ণের কটিতটে পীতবাস, কর্ণে সমুজ্জ্বল কনককুণ্ডল, মস্তকে রত্নকিরীট এবং গলদেশে পদ্ম ও তুলসীমালা বিরাজ করিতেছে। তিনি গরুড়োপরি সমাসীন এবং তদীয় মুখকমল ঈষৎ হাস্যযুক্ত হওয়ায় মাধুরীর পরিসীমা নাই। অথন অদিতি এইরূপ ভগবান্ হরিকে দর্শন করিয়া তদীয় দর্শনজনিত আনন্দভরে মত্ত হইয়া কহিলেন, হে প্রভো! অতি দুঃখিনী দেবমাতা অদিতি আপনাকে প্রণাম করিতেছে। দেব! আমি অল্পবুদ্ধি স্ত্রীজাতি, আপনি ত্রিলোকের নিয়ন্তা, আপনাতে আমাতে অনেক প্রভেদ। আপনি স্বভাবতঃ কৃপাপরায়ণ বলিয়াই আমাকে দর্শন দিয়াছেন। আপনি ত্রিজগতের ঈশ্বর, কমলাকান্ত ও অব্যয়; অতএব আপনাকে প্রণাম করি। আপনি স্বভাবতই জনগণের অভিষ্টপূরণ করিয়া থাকেন, আমি আর আপনাকে কি কহিব? হে লোকেশ! হে জগন্নিবাস! আপনি আমার প্রতি প্রসন্ন হউন। আপনি স্থূল অথচ সূক্ষ্ম, আপনি ত্রিলোকের মধ্যে গুপ্ত অথচ প্রসিদ্ধ। কেহই আপনার স্বরূপ অবগত হইতে পারে না, আপনি কালরূপী ও জগতের একমাত্র বন্ধু। আপনার অন্ত নাই বলিয়া অনন্ত নামে বিখ্যাত হইয়াছেন। চন্দ্র, সূর্য্য ও অনল আপনারাই মূর্ত্তি। আপনি কূটস্থ আদ্য ও পুরাণ পুরুষ। যোগিগণ কঠোর যোগাভ্যাস করিয়া আপনার বিষ্ণুমূর্ত্তি নিরীক্ষণ করিতে সমর্থ হন। অনল যেরূপ নানাকাষ্ঠে নানারূপে প্রকাশ পান, আপনিও সেই প্রকার এক হইলেও নিখিল-জীবশরীরে বিরাজ করিতেছেন। আপনি অখিল প্রাণিগণে জ্ঞানরূপে অবস্থান করেন, হে বিষ্ণো! বেদচতুষ্টয় আপনারই স্তব করিয়া থাকে। আপনি সকলের গুরু, আপনিই পরমাত্মা; অতএব আপনাকে বারংবার নমস্কার। তখন দেবকীনন্দন হরি, তপঃকৃশা দেবমাতা অদিতির ইত্যাদি স্তুতিবাদ-শ্রবণে মধুরবচনে কহিলেন, হে মহাভাগে! আমি তোমায় বরপ্রদানার্থ উপস্থিত হইয়াছি, অভিলষিত বর প্রার্থনা কর। হে অনঘে! আমি তোমার তপস্যা ও স্তুতিবাদে পরম পরিতোষ লাভ করিয়াছি। অদিতি কহিলেন, হে শঙ্খচক্রগদাধর! হে নারায়ণ! আপনাকে নমস্কার, সত্যই আমি বরপ্রার্থিনী এবং আপনিও বরদাতা; কিন্তু হে দেব! আপনি অন্তর্যামী হইয়া কি জন্য আমাকে জিজ্ঞাসা করিতেছেন? হে যদুনন্দন! আপনি ত স্বয়ংই আমার হৃদ্গত অভিপ্রায় জানিতেছেন, অতএব আপনিই যাহা উচিত হয় করুন। আপনি নিখিল-বরদাতাদিগেরও ঈশ্বর, মুক্তি আপনার সেবিকা, অতএব আমি আর আপনার নিকট রাজ্যলাভাদিরূপ বৃথা বরপ্রার্থনা করিব না। দেব! আপনিই জীবগণকে বিবিধবাসনার ফলস্বরূপ শরীর ধারণ করাইয়া থাকেন, তথাপি ঐ বাসনা পরিত্যাগ করা নিতান্ত দুঃসাধ্য বলিয়া কেহই ত্যাগ করিতে পারে না। আপনি সর্ব্বজ্ঞ, অতএব আপনিই যথারুচি বর প্রদান করুন। আমার এক্ষণে অভিলাষ, আমি আপনাকে যথোচিত লাভ করি। হরি কহিলেন, হে দেবজননি! তুমি যাহা বাঞ্ছা করিতেছ, তাহাই হইবে। তোমার ইন্দ্রাদি পুত্রগণ নিঃসংশয়

পুনরায় রাজ্যলাভ করিবেন। আমি তোমার গর্ভে জন্ম গ্রহণ করিয়া ইন্দ্রকে পুনরায় বলিকর্তৃক অপহৃত রাজ্য প্রদান করিব, এ বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। শুক কহিলেন, তখন দেবমাতা অদিতি, ভগবান্ হরির ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া ভয়কম্পিতহৃদয়ে কহিলেন, হে প্রভো! বিশেশ! হে বিশ্বাত্মন্! আমার এ বরে প্রয়োজন নাই; কারণ, আপনি বিশ্বমূর্ত্তি বিশ্বব্যাপী পরম পুরুষ, আপনার লোমকূপনিচয়ে অখিল ব্রহ্মাণ্ড অবস্থিত রহিয়াছে; অতএব আমি আপনাকে কি প্রকারে উদরে ধারণ করিব? হে জগন্নাথ! একে আমি সামান্য ক্ষুদ্র স্ত্রীজাতি, তাহাতে আবার তাপসী কৃশোদরী; সুতরাং কিরূপে আপনাকে স্বগর্ভে রক্ষা করিব? অতএব হে গোবিন্দ! হে পুরুষোত্তম! এবংবিধ বরের কথা দূরে থাক, আমি আপনাকে মনোমধ্যে চিন্তা করিতেও সক্ষম নহি। অদিতির তাদৃশ বাক্য শ্রবণে ভগবান্ কহিলেন, হে মাতঃ! হে দেব-জননি! তোমার কোন ভয় নাই, তুমি অবশ্যই আমাকে গর্ভে ধারণ করিবে; কি নিমিত্ত আমাকে গর্ভে ধারণ করিতে এরূপ শঙ্কিতা হইতেছ? আমি যদি জগদীশ্বরই হই এবং তোমার জঠরে আমি যদি প্রবেশ করি, তবে তুমিও অবশ্যই আমাকে ধারণ করিতে পারিবে। দেখ, যে ব্যক্তি, সকলের প্রতি সমভাবাপন্ন, সকলের উপকারক এবং সত্যবাদী ও ক্ষমাশীল; সে আমাকে ধারণ করিয়া থাকে। যাহার চিত্ত দুঃখে অনুদ্বিগ্ন ও সুখে স্পৃহাবিহীন এবং সর্ব্বত্র সমদর্শী; সে আমাকে সতত ধারণ করে। যে ব্যক্তি, পিতা মাতার প্রীতিকর, গুরুভক্ত, প্রিয় বদ এবং শিবপূজারত; সেই সাধুশীল সর্ব্বদাই আমাকে ধারণ করিয়া থাকে। যে জন, কি শয়ন, কি ভোজন, কি গমন, কি কথন, কি পুণ্য কর্ম্ম-নিচয় সকল অবস্থাতেই আমার প্রিয়কার্য্য করিতে পারে; সে নিরন্তর আমাকে ধারণ করে। যে ব্যক্তি পুরাণার্থ শ্রবণে লোলুপ, সাধুসহবাসী এবং তুলসী ধারণে তৎপর; সে নিত্য আমাকে ধারণ করে। ধন ও পুত্রাদিতে যাহার পদ্মপত্রস্থিত জলের ন্যায় জ্ঞান আছে, সে পরম বৈষ্ণব, সে নিয়তই আমাকে ধারণ করিয়া থাকে। যে ব্যক্তি গঙ্গাস্নানে রত, ব্রাহ্মণের প্রতি যাহার অচলা ভক্তি, সেই পরম বৈষ্ণব সর্ব্বদা আমাকে ধারণ করে। যে, রুদ্রাক্ষের মালা ধারণ করে এবং প্রতিদিন হরিহরের পূজায় নিরত; সে পরম বৈষ্ণব, সে সতত আমাকে ধারণ করিয়া থাকে। চণ্ডীপাঠ ও জপে যাহার আসক্তি থাকে, সেই পরমবৈষ্ণব নিয়ত আমাকে ধারণ করিতেছে। শাস্ত্রবিষয়ে যাহার জ্ঞান আছে, যে ব্যক্তি, আমাকে আশ্রয় করিয়া, সমুদয় ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করে; সে আমার পরম ভক্ত বলিয়া অভিহিত হয় এবং সর্ব্বদা সে আমাকে ধারণ করিয়া থাকে। যে জন, সর্ব্বদা মদীয় নামগানে তৎপর, সে পরমবৈষ্ণব; সে সতত আমাকে ধারণ করে। যে ব্যক্তি, সর্ব্বদা হে রাম! হে নারায়ণ! হে অনন্ত! হে মুকুন্দ! হে মধু-সূদন! এই নাম উচ্চারণ করে; সে নিয়তই আমাকে ধারণ করিয়া থাকে। যে

নিয়ত হে পদ্মনাভ। হে কৃপানাথ। হে স্তবেশ। হে শ্রীপুরুষোত্তম। এই নাম গান করে; সে আমাকে ধারণ করিতেছে। যে ব্যক্তি, সর্ব্বদা হে গরুড়ধ্বজ। হে গোবিন্দ। হে মধুসূদন। হে কেশব। এই নাম উচ্চারণ করে; সে আমাকে সতত ধারণ করিয়া থাকে। যাহার মুখে হে শঙ্কর। হে ঈশ। হে নীলকণ্ঠ। হে ত্রিলোচন। এই নাম উচ্চারিত হয়; সে আমাকে সতত ধারণ করে। যাহার মুখমণ্ডল হইতে সতত হে বৃষকেতো। হে ঈশান। হে ভব। হে পার্ব্বতীপতে। এই শব্দ বহির্গত হয়; সে নিয়তই আমাকে ধারণ করিয়া থাকে। যে ব্যক্তি, সর্ব্বদা হে চন্দ্রমৌলে। হে বাসুদেব। হে সরিৎপতে। এই নাম গান করে, সে সতত আমাকে ধারণ করিয়া থাকে। মহাবিপদে পতিত হইলেও যে ধর্ম্মত্যাগ না করে, সে দেবগণের প্রিয় হয় এবং সে সর্ব্বদা আমাকে ধারণ করে। যে ব্যক্তি, কর্ম্মভূমি ভারতবর্ষে জন্মগ্রহণ করিয়া, নিয়ত ভক্তিসহকারে আমাকে ভজনা করে; সে আমাকে ধারণ করিয়া থাকে। যাহার মুখে সর্ব্বদা দুর্গা, ভদ্রকালী, বৈষ্ণবী ও চণ্ডিকা এই নাম গীত হয়; সে সতত আমাকে ধারণ করে এবং যে রমণী, সর্ব্বদাই পতিসেবায় নিরত, সাধুগণের প্রতি যাহার ভক্তি থাকে ও সকলের প্রতি দয়াবতী, যাহার স্বভাব ও অন্তঃকরণ বিশুদ্ধ; সে নিয়তই আমাকে ধারণ করিতেছে। মাতঃ। আমি মহান্, আমি দীর্ঘ, আমি বামন, আমি কৃশ, আমি স্থূল, আমি সূক্ষ্ম এবং আমি সুরূপ অথচ কুরূপ। হে সাধ্বি অদিতে। তুমি যেরূপে আমাকে ধারণ করিতে পার, প্রার্থনা কর; আমি সেইরূপেই তোমার পুত্র হইব। তখন অদিতি কহিলেন, হে দেব। আমি যদি বরযোগ্যা বলিয়া আমাকে বর প্রদান করেন, তাহা হইলে, হে কেশব। যেরূপে আমি আপনাকে ধারণ করিতে সক্ষম; এরূপ অতি কৃশও নহে, অতি স্থূলও নহে, বামন মূর্ত্তিতে আমার পুত্র হইবেন। কেশব। আপনি স্বয়ং বামন মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া, বলিকে পরাজয়পূর্ব্বক পুনর্ব্বার ইন্দ্রের রাজ্য ইন্দ্রকে সমর্পণ করুন। আপনি মদীয় গর্ভে জন্মগ্রহণ করিয়া বলিকে পরাজয় করিলে, আপনার এই পাপনাশিনী কীর্ত্তি জগতে চিরদিন জাগরূক থাকিবে। শুক কহিলেন, দেবজননী অদিতি এইরূপ কহিলে, ভগবান্ নারায়ণ, শিবসঙ্গীতে দেহনাশ-হেতু পুনর্ব্বার দেহধারণেচ্ছায় অদিতিকে তথাস্তু বলিয়া, তৎক্ষণাৎ দেখিতে দেখিতে অন্তর্হিত হইলেন। পরে অদিতিও যথাসময়ে পতি কশ্যপের সেবার্থ তৎসন্নিধানে গমন করিলেন।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৫ ॥

ষোড়শ অধ্যায়।

শুক কহিলেন, অনন্তর কিয়ৎকাল অতীত হইলে কশ্যপপত্নী অদিতি, পূর্ব্বদিক্‌
রূপ ভাস্করকে ধারণ করিয়া থাকে, কশ্যপ হইতে তাদৃশ গর্ভধারণ করিলেন। পরে
ব্রহ্মাদি দেবগণ অদিতি গর্ভবতী হইয়াছেন শুনিয়া, অলক্ষিতভাবে গর্ভস্থ ভগবান্‌
বিষ্ণুকে স্তব করিতে লাগিলেন। বলিলেন, হে গোবিন্দ! হে পুরুষোত্তম! হে
মধুসূদন! আপনি জগতের এক ঈশ্বর; আমরা আপনাকে নমস্কার করি। হে নিখিল
জগতের পাপহারিন্‌! আপনি সূর্য্যদেবের ন্যায় বিবিধ পাপরূপ হিমপুঞ্জকে নিধন
করিয়া থাকেন। হে দেবাধিদেব! বৈকুণ্ঠ! হে পুরুষোত্তম! আপনি সমুদয় সুরগণের
অগ্রগণ্য, আপনি নিখিল প্রাণিগণের শরীর মধ্যে মনঃ, চক্ষু, কর্ণ, রসনা ও ঘ্রাণরূপ
পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং বাক্‌, পাণি, পাদ, পায়ু ও উপস্থরূপ পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী
দেবতারূপে বিরাজ করিতেছেন। আপনিই জীবগণের চৈতন্যস্বরূপ, আপনি
নির্ম্মল ও শ্রীপতি; অতএব আপনাকে বারংবার প্রণাম করি। সুরগণ এইরূপে জগদীশ্বর
নারায়ণকে স্তব করিয়াছিলেন। হে দ্বিজপুঙ্গব! অনন্তর ভাদ্রমাসীয় শুক্লপক্ষে শ্রবণা
নক্ষত্রযুক্ত দ্বাদশী তিথিতে চন্দ্রমুহূর্ত্তে ভগবান্‌ বিষ্ণু, বিপ্র ও দেবগণের মঙ্গলের জন্য
বলির দমনার্থ কশ্যপভবনে অবতীর্ণ হইলেন। তখন কশ্যপ ও অদিতি তাঁহাকে
দেখিলেন, তিনি চতুর্ভুজ এবং তাহাতে শঙ্খ, চক্র, গদা, পদ্ম বিরাজমান রহিয়াছে।
তাঁহার বক্ষঃস্থলে কৌস্তভ মণি ও শ্রীবৎসচিহ্ন; কর্ণে রত্নময় কুণ্ডল এবং কটিদেশে
পীতবসন শোভা পাইতেছে। তাঁহার কলেবর রক্তবর্ণ। ব্রহ্মাদি দেবগণ তাঁহাকে
বন্দনা করিতেছেন। কশ্যপ, অতীব অদ্ভুতমূর্ত্তি সেই ভগবানকে সন্দর্শন করিয়া
প্রণামপূর্ব্বক কহিলেন, হে কৃষ্ণ! হে গোবিন্দ! হে হরে! আপনি পরমাত্মা ও
ভক্তগণের ক্লেশনাশক এবং কমলাকান্ত; আমি আপনাকে পুনঃপুনঃ নমস্কার করি।
অদিতি কহিলেন, হে কৃষ্ণ! হে হরে! হে পরমাত্মন্‌! আপনি অজ। আপনি আজ হইতে
অদিতের ও কাশ্যপের হইলেন, আমি আপনাকে নমস্কার করি। হে মোক্ষপতে!
সুরগণ সতত আপনার চরণকমল বন্দনা করিয়া থাকেন, হে দেব! পদ্মপলাশলোচন!
আপনাকে স্মরণ করিলে সর্ব্ব দুঃখ দূর হয়; অতএব আপনাকে পুনঃপুনঃ প্রণাম করি।
নিখিলব্রহ্মাণ্ড আপনার ক্রীড়াকন্দুকস্বরূপ, আপনি প্রতি নিয়ত উহা নিক্ষেপ বিক্ষেপ
প্রতিক্ষেপ করিতেছেন; অতএব আপনাকে বারংবার নমস্কার। হে বিষ্ণো! আপনার
কৃপা হইলে জীবগণ পরমানন্দ লাভ করিয়া থাকে, তপস্যা আপনার হৃদয়স্বরূপ এবং
এক মাত্র ভক্তিই আপনাকে সাক্ষাৎকার করিবার উপায়; আপনি নিষ্কলা পরমা
আত্ম মূর্ত্তিতে প্রাণিগণের অভ্যন্তরে অবস্থান করিতেছেন, আমি আপনাকে ভূয়োভূয়ঃ
নমস্কার করি। প্রাণায়ামাদি দ্বারা যাহাদিগের সমুদয় পাপরাশি নির্দ্ধূত হইয়াছে,

তাদৃশ যোগিগণই আপনাকে প্রত্যক্ষ করিতে সমর্থ। চন্দ্র, সূর্য্য আপনার চক্ষুর্দ্বয়, ব্রাহ্মণগণ ও অগ্নি আপনার মুখ; দশদিক্ কর্ণ; স্বয়ং বায়ুদেব শ্বাস প্রশ্বাস; পৃথিবী আসন; গগনদেশ মুকুট; দক্ষিণ ও উত্তর দিক্ মহাবল বাহুযুগল এবং পূর্ব্বদিক্ নাসাগ্র ও পশ্চিম দিক্ আপনার পৃষ্ঠস্বরূপ; আমি আপনাকে অসংখ্যবার প্রণাম করি। হে দেব! চন্দ্র, সূর্য্য, বায়ু, বরুণ প্রভৃতি আপনার আজ্ঞাকারী; আপনার উদরমধ্যে ভূর্ভুবাদি সপ্তম লোক অবস্থিতি করিতেছে। ভবদীয় মুখ, বাহু, উরু ও চরণ হইতে যথাক্রমে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এবং মনঃ, চক্ষুঃ, কর্ণ ও ত্বক্ হইতে আশ্রম-চতুষ্টয় সমুৎপন্ন হইয়াছে। আপনার মস্তক অনন্ত, চক্ষুঃ অনন্ত ও চরণ অনন্ত। আপনি কোটি কোটি আদিত্যের ন্যায় তেজঃপুঞ্জকলেবর এবং সর্ব্বদা সমভাবাপন্ন। আপনাকে নেত্রগোচর করিলে, নিখিল অজ্ঞানান্ধকার বিদূরিত হয়। মহাপ্রলয়কালে একমাত্র আপনিই বিরাজ করিয়া থাকেন। আপনার শক্তি অপার। আপনি যেরূপে দৃষ্ট হইতেছেন, কেবল এরূপ নহে। আপনি গুণত্রয়ভেদে পৃথক্ পৃথক্ মূর্ত্তিতে সৃষ্টি স্থিতি লয় করিয়া থাকেন। আপনি কেবল ভক্তের মনোবাঞ্ছা-পূরণার্থই মদীয় গর্ভে আবির্ভূত হইয়াছেন, এজন্য আপনাকে সংখ্যাতীত নমস্কার করি। আপনি গর্ভ-দুঃখ-বিবর্জ্জিত এবং ভক্তগণের গর্ভদুঃখ-বিনাশক, অতএব হে দেব! আপনাতে আমার যেন পুত্রবুদ্ধি না হয়। হে প্রভো! আপনিই পৃথক্ পৃথক্‌রূপে জীবগণের পিতা, মাতা, পুত্র, গুরু, ইষ্টদেবতা, ভার্য্যা, পতি ও শিষ্য, ফলতঃ আপনিই সর্ব্বরূপী। শুক কহিলেন, সেই সর্ব্বদুঃখহারী ভগবান্ হরি, অদিতিকে এবংবিধ স্তব করিতে শুনিয়া কহিলেন, হে মাতঃ! আপনি যাহা বলিতেছেন, তাহা সত্য, ইহার কিছুমাত্র অন্যথা নাই। জননি! আপনি আশ্বস্ত হউন, এই আমি আপনার কার্য্যসিদ্ধির নিমিত্ত বামনমূর্ত্তি ধারণ করিলাম। ভগবান্ এই কথা বলিয়া তৎক্ষণাৎ বামন মূর্ত্তি ধারণ করিলেন। হে মুনে! অনন্তর কশ্যপ, তদর্থে বহুবিধ মঙ্গলোৎসব করিলে, পর্ব্বদিবসে সমুদ্রের ন্যায় সর্ব্বমঙ্গলপূর্ণ, জবা-কুসুম সঙ্কাশ, মহাদ্যুতি সেই কশ্যপনন্দন শিশু বামন দেব পরমশোভা পাইতে লাগিলেন। পরে কশ্যপ, তাঁহার নামকরণ করিলেন। ইন্দ্রের অনুজ বলিয়া তাঁহার নাম উপেন্দ্র, খর্ব্বকায় হেতু বামন, রক্তবর্ণ বলিয়া রক্ত এবং কশ্যপ ও অদিতি হইতে উৎপন্ন বলিয়া কাশ্যপেয় ও আদিতেয় নাম হইল। উক্ত বামনদেব ত্রেতাযুগে রক্তবর্ণ হইয়া অবতীর্ণ হন। অতঃপর, কিয়ৎকাল অতীত হইলে কশ্যপ, পুত্রকে উপনয়নযোগ্য জানিয়া, দেবগণ ও ঋষিগণকে আমন্ত্রণপূর্ব্বক বিশুদ্ধ বহ্নিতে যথাবিধি আহুতি দান করিলে, বৃহস্পতি মুঞ্জান্বিত যজ্ঞসূত্র এবং স্বয়ং সূর্য্য-দেব আগমন করিয়া গায়ত্রী প্রদান করিলেন। অনন্তর শিবসুন্দরী পার্ব্বতী আগমন-পূর্ব্বক ভিক্ষাদানার্থ বামনদেবকে কহিলেন, হে বিপ্র! আমি তোমাকে প্রথম ভিক্ষা দান করিতেছি, তুমি এই জরামরণ-হারিণী ভিক্ষা গ্রহণ কর। বামন কহিলেন,

হে মাতঃ পার্ব্বতি! আপনার ভিক্ষা পরম প্রার্থনীয়, অতএব প্রদান করুন। এই বলিয়া ভগবান্ বামনদেব, স্বস্তি এই বাক্য উচ্চারণ করত অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা তাহার কিয়দংশ গ্রহণপূর্ব্বক তাঁহাকে বন্দনা করিলেন। হে জৈমিনে! পরে গগন, তাঁহাকে ছত্র, ধরাদেবী পাদুকাদ্বয়, শঙ্কর ভিক্ষাপাত্র ও মনোহর কৌপীন, যম দণ্ড, ব্রহ্মর্ষিগণ দর্ভনিচয়, ব্রহ্মা কমণ্ডলু এবং শৈলগণ শুক্লতিলক ও ঊর্দ্ধপুণ্ড্র দান করিলেন। বামনদেব এইরূপে পরম তেজস্বী হইয়া ভূমণ্ডলে অপর রাজাধিরাজের তুল্য দেদীপ্যমান হইতে লাগিলেন। অতঃপর মহাপ্রভু বামন পরিসমূহনান্তে যথাক্রমে পরম গুরু মাতা ও পিতাকে প্রণাম করিয়া, ব্রহ্মাদি দেবগণ, সমুদয় ঋষিগণ এবং ব্রাহ্মণেভ্যঃ নমঃ বলিয়া, একদা নিখিল ব্রাহ্মণগণকে প্রণামপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া কহিলেন, আমি এক্ষণে গুরুকুলে গমন করিব, আপনারা সকলে অনুমোদন করুন, পুনরায় সমাবর্ত্তনান্তে আগমনপূর্ব্বক আপনাদিগকে দর্শন করিব। শুক কহিলেন, বামনদেব এইরূপ বলিয়া গমন করিতে প্রবৃত্ত হইলেন। অদিতি এবং কশ্যপাদি অন্যান্য সকলে যথাযোগ্য চিন্তা করিতে লাগিলেন; অদিতি ভাবিলেন, এই অব্যয় ভগবান্ বিষ্ণু কশ্যপ হইতে মদীয় গর্ভে জন্মগ্রহণ করিয়া, এক্ষণে মহাপ্রভাব সম্পন্ন ব্রাহ্মণ হইয়া গুরুকুলে বাসার্থ গমন করিতেছেন। ইনি, কীদৃশ উপায়ে বলিকে পরাজয় করিবেন জানি না এবং সকলেই ভাবিতে লাগিলেন, এই ভূমণ্ডলে বালক বামনরূপী ভগবান্ ব্রাহ্মণ হইয়া কি প্রকারে বলিকর্ত্তৃক অপহৃত রাজ্য পুনরায় ইন্দ্রকে দান করিবেন? সমুদয় দেবগণ যাহা হইতে শঙ্কিত, ধর্ম্মাত্মা বামন কিরূপেই বা তাদৃশ দৈত্যপতি বলিরাজকে পরাভূত করিবেন? আমাদিগের বিবেচনা হয়, বিরোচনপুত্র বলি, বামনদেবের প্রভাবে বিমুগ্ধ হইয়া নিঃসন্দেহ উঁহাকে সমুদয় রাজ্য সমর্পণ করিবে, পরে উনিও দানবলব্ধ নিখিল রাজ্য ইন্দ্রকে দান করিবেন। বলিরাজ, দাতা ও ধর্ম্মাত্মা, তাহাকে কোনরূপ দণ্ড করা কর্ত্তব্য নয়, এই বিবেচনাতে ইন্দ্রের জন্য বিপ্ররূপে ভিক্ষা করিবেন। তাহারা ঈদৃশ চিন্তা করিতে লাগিলে বিপ্রকুমার বামন কতিপয় ব্রাহ্মণের সহিত গুরুগৃহে গমন করিলেন। অনন্তর বৃহস্পতির নিকট ব্যাকরণ, বেদান্ত, মীমাংসা, ন্যায়, পাতঞ্জল, সাংখ্য ও বৈশেষিক এই ষড়্দর্শন এবং সমস্ত স্মৃতি শাস্ত্র, আগম, নিগম ও শিক্ষাকল্পাদি সমুদয় বেদাঙ্গ অল্পকালমধ্যে অধ্যয়ন করিয়া, গুরুদক্ষিণার্থ বৃহস্পতিকে কহিলেন, হে মহাভাগ! হে গুরো! আপনি আমাকে নিখিল শাস্ত্র অধ্যয়ন করাইলেন, এক্ষণে কি দক্ষিণা দিয়া আপনার ঋণ হইতে মুক্ত হই? গুরু, যদি শিষ্যকে একটী মাত্র বর্ণ শিক্ষা দেন, ত্রিভুবনে এমত কোন বস্তু নাই, যাহা দান করিয়া শিষ্য সেই গুরুর ঋণ হইতে মুক্ত হইতে পারে। কেবল, গুরু যদি স্বয়ং প্রসন্ন হন, তবে সামান্য বস্তুও গুরু দক্ষিণার যোগ্য হইতে পারে। আপনি ত আমার সমুদয় শাস্ত্র বিষয়ে জ্ঞানদাতা,

আপনাকে আর আমি কি দিব? আপনি স্বয়ংই আমার প্রতি প্রসন্ন হউন। হে বৃহস্পতে! আমার কিঞ্চিৎ ভক্তিমাত্রই সম্বল। তখন বৃহস্পতি কহিলেন, আপনি অখিল জগতের ঈশ্বর হইয়াও বামনরূপে অবতীর্ণ হইয়া, লোকশিক্ষার্থ সমুদয় বিদ্যা অধ্যয়ন করিলেন, নতুবা আপনিই সর্ব্বশাস্ত্রের কর্ত্তা, সর্ব্বলোকের পতি ও সর্ব্বলোক হইতে অতীত। আমি যে আপনাকে শিষ্যরূপে লাভ করিয়াছি, ইঁহাপেক্ষা দক্ষিণা কি হইতে পারে যে, তাহা ইচ্ছা করিব? আপনি যে জন্য অবতীর্ণ হইয়াছেন, তাহাই আমার পরম দক্ষিণা। দেবরাজ বলিকর্ত্তৃক হৃতরাজ্য হইয়াছেন, এক্ষণে আপনার প্রসাদে পুনরায় রাজ্য লাভ করিবেন, ইহা অপেক্ষা আনন্দের বিষয় কি আছে? আমি পরম প্রসন্ন হইলাম, যথাপ্রয়োজন গমন করুন। শুক কহিলেন, অদিতিনন্দন বামন দেব বৃহস্পতিকর্ত্তৃক এইরূপে কথিত হইয়া, তাঁহাকে প্রণামপূর্ব্বক কতিপয় ব্রাহ্মণের সহিত গমন করিলেন।

ষোড়শ অধ্যায় সমাপ্ত ॥ ১৬ ॥

সপ্তদশ অধ্যায়।

শুকদেব কহিলেন, হে বিপ্র! তখন ভগবান্ অদিতিনন্দন বামন সর্ব্বদর্শী হইলেও লোকযাত্রা-অনুষ্ঠানের ছলে সেই ব্রাহ্মণদিগকে জিজ্ঞাসা করিলেন, হে ব্রাহ্মণগণ! সম্প্রতি তপস্যাচরণের জন্য আমি ভূমি-ভিক্ষার্থী; যথায় তপস্বী হইয়া তপস্যা করিব? এইরূপ ভূমি আমায় কোন্ ব্যক্তি প্রদান করিবে, ব্রাহ্মণগণ কহিলেন, এক্ষণে এই সমস্ত ভূমি বিরোচনপুত্র বলি রাজার অধিকৃত; সেই যাগশীল দাতা ব্রাহ্মণ-ভক্ত রাজা সম্প্রতি নর্ম্মদা নদীর উত্তরতীরে যজ্ঞ আরম্ভ করিয়াছেন, তাঁহার নিকটে গমন-পূর্ব্বক নিজ প্রয়োজনসাধিকা ভূমি প্রার্থনা কর। শুকদেব কহিলেন, তখন সেই বালক বামন "তথাস্তু" বলিয়া বলির নিকটে গমন করিতে মানস করিলেন। তদীয় গমনকালে পদে পদে ধরণী কম্পমানা হইতে লাগিল। ইত্যবসরে ঋষিমণ্ডল-বেষ্টিত যজ্ঞাসনে আসীন বলিরাজ দূর হইতে তাঁহাকে আসিতে দেখিয়া, মনে মনে বিবিধ তর্ক করিতে লাগিলেন; সাক্ষাৎ সূর্য্যদেব কি আসিতেছেন! চন্দ্র ত দিবসে উদিত হয় না; তবে কি অগ্নি? না সনৎকুমার? সত্ত্বগুণের লক্ষণ থাকায় ভগবান্ রুদ্র ত নহেনই। তিনি এইরূপ বহু তর্ক করিতেছেন, ইতিমধ্যে দেখিতে দেখিতে মেদিনী কম্পিত করিয়া বামনদেব উপস্থিত হইলেন। তখন তদীয় তেজে আকৃষ্টচিত্ত বলিরাজ অধৈর্য্য হইয়া নিবারিত হইলেও আসন হইতে উত্থানপূর্ব্বক তাঁহাকে জলদগ্নিনিভ সুবর্ণাসন প্রদান করিলে তিনি তাহাতে উপবেশন করিলেন। রাজা স্বহস্তে তদীয় পাদদ্বয় প্রক্ষালিত করিয়া সেই

পাদোদক মস্তকে ধারণ করত যজ্ঞকর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক তৎপূজায় মনোনিবেশ করিলেন। বলিরাজ নির্ম্মল অন্তঃকরণে তাঁহাকে যথাবিধি পূজা করিয়া কৃতাঞ্জলি-পুটে বলিতে লাগিলেন। হে মহাবাহো! আপনার কুশল ত? হে মহামুনে! আপনাকে প্রণাম; অদ্য ব্রহ্মর্ষিগণের সাক্ষাৎ তপস্যা আমার নয়নগোচর হইল। আপনাকে কিঞ্চিৎ দান করিতে আমার বাসনা হইতেছে, আপনিও বোধ হয় কোন বিষয়ের প্রার্থী হইয়া আসিয়া থাকিবেন; আপনার মত যাচক পাইয়া আমি কৃতার্থ হইলাম। বামন বলিলেন, হে ধার্ম্মিকবর প্রহ্লাদপৌত্র! তোমার এই বাক্য অনুরূপই বটে; তুমি যজ্ঞ করিতেছ শুনিয়া আমি তোমার নিকট যাচকভাবে উপস্থিত হইয়াছি। প্রার্থনা করিলে তুমি যে আমাকে কিঞ্চিৎ প্রদান করিবে, তদ্বিষয়ে সংশয় নাই। আমরা ব্রাহ্মণ বহনিস্পৃহ, স্বল্পই যাচ্ঞা করিয়া থাকি। বলি কহিলেন, আপনাকে সাক্ষাৎ ব্রহ্মণ্যদেব দেখিতেছি; আর আমি যখন ধনাঢ্য; তখন আপনি বহুতর ত্যাগ করিয়া স্বল্প যাচ্ঞা করিবেন কেন? আমার কাছেই সর্ব্বপ্রার্থনা প্রাপ্ত হইবেন; আপনি কেন স্বল্প অর্থ লইয়া পুনরায় অন্যের নিকট যাচ্ঞা করিবেন? অতএব আপনি সাগর, শৈল, দ্বীপ, নগর, গ্রাম, বন বা কোটি কোটি হস্তী, অশ্ব, রথ, অথবা লক্ষ কোটি মণি, মুক্তা, স্বর্ণ ও রৌপ্য যাহা ইচ্ছা হয়, আমার নিকট যাচ্ঞা করুন। আমি প্রচুর ঐশ্বর্য্যশালী, ভবাদৃশ মহাত্ম-ব্যক্তিকে স্বল্প অর্থ কিরূপে দিব? হে ব্রাহ্মণবর! আপনার প্রসাদে যখন আমার এই বিপুল রাজ্যসম্পত্তি; তখন আপনাকে দিতে আমার কৃপণতা নাই। অতএব হে বামন! যাদৃশ দাতা ও যাচক তদনুরূপ যাচ্ঞা করুন। বামন বলিলেন, হে দয়ালো বদান্যবর! তুমি যাহা বলিলে, তাহা সত্য বটে; কিন্তু যে পরিমাণে দাতা, আমি সে পরিমাণে অর্থী নহি। তোমার প্রচুর ঐশ্বর্য্য আছে বটে, কিন্তু আমি তাপসবংশে জন্মগ্রহণ করিয়াছি, আমার সামান্য অর্থের প্রয়োজন হইয়া থাকে। হে বলিরাজ! অল্প ও বিস্তর, অপেক্ষা-বুদ্ধিতেই অপর্য্যাপ্ত হইয়া থাকে; সুতরাং আমি যে স্বল্প বস্তু প্রার্থনা করিতেছি, তাহা অন্যাপেক্ষায় বহু হইবে সন্দেহ কি? দেখ এই ব্রহ্মাণ্ডরাজ্যও দশটী ব্রহ্মাণ্ডের কথা চিন্তা করিলে অতি অল্পই বোধ হইয়া থাকে অতএব হে ভূপতে! তুমি, স্বল্প কি বহু কিরূপে জানিলে? যাচকজনের যেরূপ দ্রব্য প্রয়োজন হইয়া থাকে, তাহাই তাহাকে দেয়; এ বিষয়ে অল্প কি বহু ভাবনা করা উচিত নহে! স্বল্পদান ও অদান এই উভয়ই সমান এ অভিমান ত্যাগ কর। কারণ যে ব্যক্তি, সে অল্পই হউক, আর বহুতরই হউক, অবশ্য দান করিয়া থাকে। হে বলে! আমি যাহা যাচ্ঞা করিতেছি, তাহাই প্রদান কর। বলি কহিলেন, হে দ্বিজবর! আপনার অভীষ্ট কি বলুন, শ্রবণ করি। কারণ অভিপ্রায় না জানিলে কিছুই হয় না। এ বৃথা বাক্যেও প্রয়োজন নাই। বামন বলিলেন, আমি ব্রাহ্মণ-বালক তপস্যা করিব; তন্নিমিত্ত তোমার নিকট ত্রিপাদ-পরিমিত ভূমি প্রার্থনা করি; তাহা দিলেই আমি কৃতার্থ হইব, তোমারও সমস্ত প্রদান করা হইবে; একে ত ব্রাহ্মণ নিস্পৃহ,

তাহাতে আবার আমি তোমার যাচক। হে বলিরাজ! পুনরপি আমার উচিত বাক্য শ্রবণ কর। আমার যাচ্ঞাস্বরূপ ত্রিপাদ-পরিমিত স্থান প্রদান কর; আর তুমি যে প্রত্যেক বস্তু দিবার ইচ্ছায় সাগর-শৈলাদি কীর্ত্তন করিলে এই ত্রিপাদ ভূমি দিলে, তৎসমস্তই দান করা হইবে। হে মহাভাগ! এ যাচ্ঞা দানযোগ্য বিবেচনা করিও না, এক্ষণে আমার এই তিন পাদ-পরিমিত ভূমি দান কর। বলি কহিলেন, হে বামন! আশ্চর্য্য! তোমার বাক্য চঞ্চল হইবার নহে; হে দ্বিজবর! এইরূপ যাচ্ঞায় তোমার মতি কোথা হইতে উৎপন্ন হইল? সর্ব্বতোভাবে তুমি বামনই বটে। হে সভ্যগণ! তোমরা কি বল? তবে ইহাঁকে এই অভীষ্ট অর্থই প্রদান করা যাউক। সভ্যগণ বলিল, হাঁ, এই ব্রাহ্মণ-কুমার যাহা যাচ্ঞা করিতেছেন, তাহাই প্রদত্ত হউক; কারণ যে ব্যক্তি অল্পপ্রার্থী, তাহাকে তাহা দিলে কীর্ত্তি ব্যতীত অকীর্ত্তি নাই। শুকদেব কহিলেন, তখন বলিরাজ এইরূপে বামনদেবের নিশ্চিত বাক্য জানিয়া, হে বামন! আপনার অভীষ্ট মত বস্তু দান করিতেছি, গ্রহণ কর। এই কথা বলিয়া যেমন তাম্রপাত্রে তিল, জল ও কুশ লইয়া "ওঁ তৎসৎ" উচ্চারণ করিবেন, অমনি শুক্রাচার্য্য কহিলেন, হে রাজন্! বিরত হও, যদি সত্যই প্রদান করিবে, তবে তাম্রপাত্র ত্যাগ করিয়া আমি যাহা বলিতেছি, শ্রবণ কর। হে সত্তম! দাতা ব্যক্তি দান ও পাত্র বিচারপূর্ব্বক দান করিয়া থাকে। তুমি এই গ্রহীতা ব্যক্তিকে অবগত আছ? তোমার অভিপ্রেত দানই বা কি? তুমি রাজা এ সমস্ত বিচার না করিয়া, কেন কার্য্যে প্রবৃত্ত হইতেছ? বলি কহিলেন, হে আচার্য্য! আপনাকে প্রণাম, হে ভার্গব! ইহাঁর ব্রহ্মতেজে আমি এতদূর আকৃষ্ট হইয়াছি যে, কিছুই জিজ্ঞাসা করি নাই; ব্রাহ্মণ জানিয়াই দানে উদ্যত হইয়াছি। আপনি যদি এই দ্বিজবরকে জ্ঞাত থাকেন, তবে ইহাঁর নাম, গোত্র ও অভীষ্ট কর্ম্ম অনুগ্রহপূর্ব্বক বলুন। শুক্রাচার্য্য কহিলেন, হে মহাভাগ বলিরাজ! ইনি সাক্ষাৎ সনাতন বিষ্ণু, মায়াবলে কশ্যপের ঔরসে ও অদিতির গর্ভে বামনরূপে জন্ম-পরিগ্রহ করিয়া দেবগণের কার্য্যসিদ্ধির নিমিত্ত তোমার অপকারার্থে অবতীর্ণ হইয়াছেন। বলি কহিলেন, ইনিই কি সেই বিষ্ণু, হরি, প্রভু-নারায়ণ! দেবতাদিগের কার্য্যসিদ্ধ্যর্থে অবতীর্ণ হইয়াছেন? তবে আমার অপকারী কিসে? শুক্রাচার্য্য কহিলেন, হে নৃপতে! আপনি ইন্দ্রের নিখিল রাজ্য ভোগ করিতেছেন, তাই ত্রিপাদচ্ছলে আপনার কাছে তাহাই ইনি প্রার্থনা করিতেছেন। এক পদে মর্ত্ত্য, দ্বিতীয় পদে স্বর্গ ও দেহ দ্বারা সমগ্র নভঃস্থল ইনি আক্রমণ করিবেন; তৃতীয় পদের কার্য্যার্থ কিছুই নাই যে তুমি প্রদান করিবে। বলি কহিলেন, ইহাঁর দুইটী মাত্র পদ দৃষ্টিগোচর হইতেছে; তৃতীয় পদ ত দেখিতে পাইতেছি না, তবে কেন ইনি তিন পদে ত্রিপাদ ভূমি চাহিতেছেন? সকলেরই দুইটী মাত্র পদ আছে, ইনি আবার কোথা হইতে তৃতীয় পাদ-পদ্ম প্রাপ্ত হইলেন? শুক্র কহিলেন, ইন্দ্রের রাজ্যগ্রহণ করায় তোমার দমনের নিমিত্ত মেদিনী-

প্রকম্পক রজস্তমঃস্বরূপ মহৎ পদদ্বয় ধারণ করিয়া বিষ্ণু বামনরূপে আপনার সম্মুখে উপস্থিত হইয়াছেন। এক্ষণে আপনার সাত্ত্বিক বাক্যে সত্ত্বরূপ লঘু-প্রকাশক অপর একটী তৃতীয় পদ উৎপন্ন হইয়াছে। অতএব হে ভূপতে! ইহাঁর তিন পদ হইয়াছে; এই তিন পদের সামগ্রী দান করিয়া আপনার স্থান রহিবে না, যথায় যাইবেন। বলি কহিলেন, হে ভৃগুশ্রেষ্ঠ! ইনি ত্রিপাদচ্ছলে আমায় দণ্ড করিতে হয় করুন, ইহাঁর তৃতীয় পদের স্থান নিমিত্ত সর্ব্বতোভাবে স্থল থাকিবে। ইনি কখনই সেই অখিলাত্মা বিষ্ণু নহেন; তাহা যদি হইবে, তবে এইরূপ প্রার্থনা করিতেছেন কেন? অথবা ইহা অপেক্ষা আমার আর পরম সৌভাগ্য কি আছে যে, বামনরূপী সনাতন বিষ্ণু আমার নিকট যাচ্ঞা করিতেছেন? ইহা তো সামান্য, ইনি যাহাই প্রার্থনা করুন না আমি সমস্ত দিতে প্রস্তুত আছি। ফলতঃ এই প্রার্থনায় আমার প্রতি পরম অনুগ্রহ প্রকাশ করা হইয়াছে। আমার দানশক্তি ও ব্রাহ্মণভক্তি জানিতে পারিয়া সেই দেব ব্রাহ্মণ হইয়া আমার নিকট যাচ্ঞা করিতে আসিয়াছেন, ইহা অপেক্ষা পরম সৌভাগ্য কি আছে? জাতি ব্রাহ্মণ, এই যজ্ঞরূপী বিষ্ণু স্বয়ং যখন যাচক; তখন ইহাঁকে যে অভীষ্ট দান করিব, তদ্বিষয়ে সংশয় নাই। আমি যখন দান করিব বলিয়াছি, তখন আমার বাক্য যে মিথ্যা হইবে? শুক্রাচার্য্য কহিলেন, হে মহামতে! স্থল-বিশেষে মিথ্যাও ধর্ম্ম; সত্যও অধর্ম্ম হইয়া থাকে। এবিষয়ে আদি কবি যাহা বলিয়াছেন, শ্রবণ কর। স্ত্রীলোকের নিকট, পরিহাসস্থলে, বিবাহ বিষয়ে, জীবিকার্থে, প্রাণসংশয়ে, গো-ব্রাহ্মণার্থে ও প্রাণিবধ বিষয়ে মিথ্যা দূষণীয় নহে। অতএব আপনি যখন সর্ব্বস্বান্ত হইতেছেন, তখন মিথ্যা বাক্য প্রয়োগ করুন; নতুবা সর্ব্বস্বরক্ষা ও প্রাণরক্ষা হইবে না। বলি কহিলেন, যদি আপনি ইহাই জানেন, তবে পূর্ব্বে বলেন নাই কেন? যখন দান করিব, এই কথা বলা হইয়া গিয়াছে, তখন ইহা বলিলেন: ইহাতে জানিলাম, আপনার বুদ্ধি ভগবান্ বিষ্ণুরই কার্য্যের অনুকূল ও এইরূপ ব্রাহ্মণ কপটভাবে ভূতলে বিচরণ করিয়া থাকেন। যাহা ভবিতব্য, তাহা হইবেই—ভগবান্ বিষ্ণুকে আমি সর্ব্বস্ব দান করিব। এক্ষণে আমার পতিব্রতা প্রিয়তমা ভার্য্যা বিন্ধ্যাকে আহ্বান করুন; আমি সস্ত্রীক হইয়া সনাতন বিষ্ণুর অর্চ্চনা করিব। দেখুন, বিষ্ণুভক্তগণের অশুভ কখনই হয় না। এই সনাতন নারায়ণ বিষ্ণু আমাদিগের কুলদেবতা, ইনিই প্রহ্লাদের প্রাণরক্ষার জন্য নৃসিংহমূর্ত্তি ধারণ করিয়াছিলেন। এই কথা বলিয়া বলিরাজ জলপাত্র গ্রহণ করিলেন। তিনি সস্ত্রীক হইয়া তাম্রপাত্রে কুশ তিল জল লইয়া "ওঁতৎসৎ" উচ্চারণ করত মাস পক্ষাদি উল্লেখপূর্ব্বক নিষ্কামভাবে দান করিলেন। তৎক্ষণাৎ বামনের বামনমূর্ত্তি তিরোহিত হইল। ভগবান্ বিষ্ণুর সাত্ত্বিক পদ দ্যুলোকের দিকে উৎপতিত হইয়া ব্রহ্মাণ্ড ভেদ করিল। তখন ব্রহ্মা পূর্ব্বসঞ্চিত নিজ কমণ্ডলুস্থ গঙ্গাজল সেই পদে প্রদান করিলে অমনি তাহা স্থগিত হইল। তাঁহার রাজস-পদে ভূতল ও দেহ দ্বারা নভোমণ্ডল

পরিব্যাপ্ত হইল ; কেবল তামস-পদ বাকী রহিল। তখন ভগবান্ "তৃতীয় পদের স্থান প্রদান কর" বলিয়া বলিকে বন্ধন করিলেন। তাহা দেখিয়া তদীয় পত্নী বিন্ধ্যা বলিল, হে প্রভো দেব জগন্নাথ। বিরোচনপুত্র এই বলিরাজ অসুর হইয়াও কপটভাবে আপনারই সেবা, আপনারই নাম কীর্ত্তন ও শ্রবণ করিয়াছেন ; তবে কেন ইনি বন্ধনদশা প্রাপ্ত হইলেন? ইনি ত আপনাকে চরণদ্বয়ের যোগ্য স্থান দিয়াছেন, তবে একটী চরণের যোগ্য স্থান দেওয়া বাকী আছে বটে, কিন্তু ইঁহার ত মস্তক রহিয়াছে ; অতএব শ্রীচরণার্পণে তাহা গ্রহণ করুন ; তাহা হইলে ইনি অসুর হইয়াও মুক্তিপ্রাপ্ত হউন ও আপনার সেবক বলিয়া বিখ্যাত হউন। শুকদেব কহিলেন, ভগবান্ হরি বিন্ধ্যার এইরূপ বাক্য শ্রবণ করিয়া তৃতীয় চরণ তদীয় পতিমস্তকে অর্পণ করিলেন; অমনি চতুর্দ্দিকে জয় জয় ধ্বনি নিনাদিত হইল। তখন এইরূপে বলিরাজকে মুক্ত করিয়া তিনি মধুরাক্ষরে বলিতে লাগিলেন, এক্ষণে ইন্দ্রকে নিখিল রাজ্য অর্পণ করিলাম ; হে রাজন্! তুমিও তোমার পিতামহ প্রহ্লাদের সহিত চল পাতালে চল। অষ্টম মন্বন্তর আগত হইলে তুমি ত্রৈলোক্যাধিপতি ইন্দ্র হইবে। হে মহামতে! আমি গদাপাণি হইয়া তোমার ক্রীত দৌবারিকরূপে সেই পাতালে অবস্থিতি করিব। সর্ব্বস্বদানজনিত তোমার এই নির্ম্মল কীর্ত্তি চিরস্থায়িনী হইবে। তোমার তুল্য ব্রাহ্মণশ্রেষ্ঠও হয় নাই ও হইবে না ; কারণ আমি বিপক্ষ হইলেও আমায় স্বয়ং সর্ব্বস্ব দান করিলে। আমি পূর্ব্বে যেমন প্রহ্লাদার্থ অদ্ভুত নরসিংহ মূর্ত্তি ধারণ করিয়াছিলাম ; অদ্য তোমার জন্য তদ্রূপ বামনরূপে অবতীর্ণ হইয়াছি। এক্ষণে আরব্ধ কর্ম্ম সমাপ্ত করিয়া পাতালে প্রবেশ কর। শুকদেব কহিলেন, তখন মহাত্মা বামনরূপী কৃষ্ণ এই কথা বলিলে পর বলি রাজা অবশিষ্ট কর্ম্ম সমাধা করিয়া পিতামহ প্রহ্লাদের সহিত পাতালে গমন করিলেন, ভগবান্ বিষ্ণুও অন্তর্হিত হইয়া পাতালে গদাধর মূর্ত্তিতে অংশরূপে অবস্থান করিতে লাগিলেন। হে সাধো জৈমিনে! বামন দেবের এই পুণ্য-চরিত্র আমি তোমায় যথামতি বলিলাম, ইহা পাঠ বা শ্রবণ করিলে নরগণ সর্ব্বপাপবিমুক্ত হইয়া থাকে, ধনার্থী ব্যক্তি ধর্ম্ম ও যশের নিদান স্বরূপ ধন প্রাপ্ত হইয়া আনন্দ অনুভব করে। রাজ্যার্থী রাজ্য পায়। পুত্রার্থী পুত্র লাভ করে। বন্ধ্যার বন্ধ্যাত্ব যায় ও কুরূপের সুরূপ হইয়া থাকে। ধর্ম্ম, বিদ্যা, আরোগ্য ও অক্ষয় ফল ইহা প্রদান করে। পুণ্য তিথিতে এই বামনচরিত একাগ্রচিত্তে পাঠ করিবে। যে ব্যক্তি শ্রাদ্ধকালে ও দেবপূজা সময়ে পাঠ বা শ্রবণ করায়, সে বিষ্ণু-ভক্তিবলে পরম মুক্তি লাভ করিয়া থাকে।

সপ্তদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৭ ॥

অষ্টাদশ অধ্যায়।

শুকদেব কহিলেন, যখন ভগবানের সত্ত্বরূপ চরণ ব্রহ্মাণ্ডের উর্দ্ধভাগ ভেদ করিল, তখন ব্রহ্মা কমণ্ডলুজল প্রদান করিলেন; অমনি সত্ত্বগুণাশ্রয় হরি নিজ চরণ স্থগিত করিলেন। প্রফুল্ল রাজীব তুল্য উজ্জ্বল শ্রীকৃষ্ণের সেই চরণ তথায় গঙ্গা যে ভাবে ছিল, সেই ভাবে অবস্থান করিল; স্বয়ং হরি অন্তর্হিত হইলেন, তদীয় চরণ গঙ্গাশ্রয় হইয়া রহিল। তাহা হইতে উৎপন্ন হইয়া গঙ্গা যেরূপে ধরাতলে অবতীর্ণ হন, তাহা বর্ণন করিতেছি; একতান মনে শ্রবণ কর। বিষ্ণুর নাভিকমল হইতে চতুর্মুখ ব্রহ্মা প্রাদুর্ভূত হন। তাঁহার পুত্র মরীচি, মরীচির পুত্র কশ্যপ, কশ্যপের পুত্র সূর্য্য। সূর্য্যের পুত্র শ্রাদ্ধদেব নামে প্রসিদ্ধ মনু জন্মগ্রহণ করেন। পটুনামে তাঁহার পুত্র জন্মায়; তিনি ইক্ষাকু বলিয়া বিখ্যাত হন। তাঁহার পুত্র বিকুক্ষি; বিকুক্ষির পুত্র পুরঞ্জয়, তৎপুত্র অনেনা, তাঁহার পুত্র পৃথু। পৃথু হইতে বিশ্বগন্ধি, তাঁহা হইতে চন্দ্র, চন্দ্র হইতে যুবনাশ্ব, তৎপুত্র শ্রাবস্ত, শ্রাবস্তের পুত্র বৃহদশ্ব, তদাত্মজ দৃঢ়াশ্ব, তদীয় সুত হর্য্যশ্ব উৎপন্ন হন। তাঁহা হইতে নিকুম্ভ, নিকুম্ভ হইতে হরিণাশ্ব, তৎপুত্র কৃশাশ্ব, কৃশাশ্ব হইতে সেনজিৎ, তাঁহার পুত্র যুবনাশ্ব, তৎপুত্র মান্ধাতা, তদীয় পুত্র পুরুকুৎস, তাহার পুত্র অনরণ্য, তথা হইতে হর্য্যশ্ব জন্মিয়াছিলেন। তাহার পুত্র ত্র্যরুণ, তাহা হইতে ত্রিবন্ধন, ত্রিবন্ধন হইতে ত্রিশঙ্কু, তৎপুত্র হরিশ্চন্দ্র। তস্য পুত্র রোহিত, তদীয় পুত্র হারীত, তদাত্মজ চম্প, তৎসূনু বসুদেব, বসুদেবাত্মজ বিজয়, বিজয়ের পুত্র ভরুক, তদীয় নন্দন বৃক। বৃকের পুত্র বাহুক, তাঁহার পুত্র সগরনামে প্রবল পরাক্রান্ত রাজা হন। সুমতি ও কেশিনী নামে উক্ত সগররাজের দুই ভার্য্যা ছিল। প্রথম ভার্য্যা ঔর্ব্বমুনির বরে ষষ্টিসহস্র পুত্র প্রসব করেন; দ্বিতীয় ভার্য্যা কেশিনীর অসমঞ্জস নামে একটী মাত্র পুত্র হয়। কালক্রমে রাজা সগর আপন পুত্রদিগকে সুপুত্র বলবান্ ও পৃথিবী ধারণক্ষম দেখিয়া ঋষি ও দেবগণকে আহ্বান করিয়া স্বয়ং যজ্ঞ আরম্ভ করিলেন। যজ্ঞীয় অশ্ব উন্মুক্ত হইল। ইতিমধ্যে হে বিপ্র! নাগগণ অসূয়া-পরবশ হইয়া তাঁহার যজ্ঞীয় অশ্ব হরণপূর্ব্বক মহাতলবাসী সদা সমাধিমগ্ন কপিল মুনির নিকট রাখিয়া দিল। এদিকে রাজা ঘোটক অপ্রাপ্ত হইয়া অশ্বান্বেষণের নিমিত্ত ষষ্টিসহস্রসংখ্যক পুত্রকে নিযুক্ত করিলেন। তাহারা সপ্তদ্বীপ, বর্ষ ও সপ্তস্বর্গে অন্বেষণ করিয়া সেই অশ্ব প্রাপ্ত হইল না। তখন তাহারা কুদ্দাল দ্বারা পৃথিবী খনন করত বিবরে প্রবেশ করিল। এইরূপে অতল, বিতল, সুতল, তল ও রসাতল ভ্রমণ করিল বটে, কিন্তু অশ্ব দেখিতে পাইল না। তৎপরে তাহারা মহাতলে প্রবেশ করিবামাত্র নাগগণ অন্তর্হিত হইল। তখন তাহারা দেখিল একজন মুনির সমীপে সেই অশ্বটী বিদ্যমান রহিয়াছে। তাহারা পিতার অশ্ব দেখিয়া ও সেই মুনিকে অশ্বচোর ভাবিয়া নির্জ্জনে পাইয়া বিবিধরূপে তাড়না করিল। প্রথমে তাহারা

মহাশব্দ করিয়া ঢক্কাদি বাদ্য বাজাইতে লাগিল; তৎপরে প্রহারের অযোগ্য সেই মুনিকে সবলে পাদপ্রহার করিল। অনন্তর তাঁহার সমাধিভঙ্গ হইল। তখন সেই কপিল মুনি নয়ন উন্মীলিত করিয়া তমঃপ্রকৃতি সেই দুরাত্মাদিগের প্রতি হুঙ্কার দৃষ্টিনিক্ষেপ করিবামাত্র তাহারা ভস্মসাৎ হইল। ওদিকে রাজা সগর স্বীয় পুত্রগণের বিলম্ব দেখিয়া চিন্তিত আছেন, এমন সময়ে দেবর্ষি নারদ আসিয়া তাহাদিগের মৃত্যুবার্ত্তা তাঁহাকে শুনাইলেন। তদনন্তর তিনি ব্রহ্মকোপানলে এই অনর্থ ঘটিয়াছে জানিয়া পৌত্র অংশুমানকে নিযুক্ত করিলেন। তখন অসমঞ্জসের পুত্র অংশুমান্ পিতামহের আদেশক্রমে পিতৃব্যগণের গতি অনুসারে মহাতলে গমনপূর্ব্বক তথায় মহাপুরুষ ভগবান্ কপিল মুনিকে দর্শন করিলেন। তিনি তাঁহাকে দণ্ডবৎ প্রণাম করত কৃতাঞ্জলি হইয়া বলিলেন, হে সাংখ্যযোগপ্রবর্ত্তক দেবগণের পূজ্য, বিশ্বকারণ, বিশ্বপতে, বিশ্বাত্মন্, ভগবন্ নারায়ণস্বরূপ প্রভো কপিলমুনে! আমার পিতামহ মহাযশস্বী সগরনামক রাজাধিরাজ মর্ত্ত্যলোকে অশ্বমেধ যজ্ঞ করিতেছেন; এমন সময়ে মহাবলশালী নাগগণ তাঁহার এই যজ্ঞীয় অশ্ব হরণপূর্ব্বক আপনার নিকটে বন্ধন করিয়া রাখিয়া অন্তর্হিত হইয়াছিল। হে প্রভো! এই অশ্বের নিমিত্ত তমঃস্বভাব আমার পিতৃব্যগণ এই-স্থানে আসিয়া আপনার উপর যৎপরোনাস্তি অত্যাচার করিয়াছিল; তাহাতেই নষ্ট হইল। হায়! ব্রহ্মদণ্ডে নিহত হইয়া তাঁহাদিগের কিনা দুর্গতি হইয়াছে। হে প্রভো! এক্ষণে অনুগ্রহপূর্ব্বক তাঁহাদিগকে উদ্ধার করুন ও আমার পিতামহের এই অশ্বটীকে প্রদান করুন। কপিল কহিলেন, হে অংশুমন্! তোমার মঙ্গল হউক, এই যজ্ঞিয় অশ্ব লইয়া যাও, দেখ মহাত্মা সাগরের পিণ্ড ও ধারা তোমা হইতেই রক্ষা হইবে—ইহারা পূর্ব্বেই বিনষ্ট হইয়াছে, রাজ্ঞী সুমতির পুত্র হওয়া না হওয়া সমান;—ইহাদিগের তমঃস্বভাব বশতঃ কোন মতে শ্রেয়ঃ নাই। হে তাত! তবে আমার দর্শন কদাচ নিষ্ফল হইবার নহে; যদি পুণ্যজলা গঙ্গাদেবী ব্রহ্মাণ্ডমস্তক ভেদ করিয়া বিষ্ণুর পাদপদ্ম হইতে এইস্থানে আগমন করেন, তবে এই মোহগ্রস্ত তোমার পিতৃব্যগণের সদ্গতি হইবে। সেই দুরারাধ্যা শিববল্লভা দেবী যদি আরাধিতা হইয়া এই লোকে আগমন করেন, তবেই ইহাদিগের গতি হইবে, অন্যথা নহে; অতএব হে বৎস! তাঁহারই আনয়নে যত্ন কর। কারণ তিনিই পাপিগণের একমাত্র উদ্ধারের উপায়। তোমার পিতামহ সগর তদর্থে যত্নবান্ হউন, তুমিও যত্নবান্ হও, তথাপি যদি কার্য্য-সিদ্ধি না হয়, তবে তোমার পুত্রাদি কেহ না কেহ গঙ্গাকে আরাধনা করিলে আনয়ন করিতে পারিবে। তুমি এক্ষণে অশ্ব লইয়া প্রস্থান কর। শুকদেব কহিলেন, হে জৈমিনে! অংশুমান্ কপিলমুনিকর্ত্তৃক এইরূপে উক্ত হইয়া অশ্ব লইয়া প্রতিগমনপূর্ব্বক সগররাজকে পিতৃব্যগণের মরণদুর্গতি ও মহর্ষি কপিলকর্ত্তৃক আদিষ্ট উদ্ধারের উপায় সমস্ত নিবেদন করিলেন। এইরূপে রাজা সগর সমস্ত বৃত্তান্ত জ্ঞাত হইয়া আরব্ধ যজ্ঞ

সমাপনপূর্ব্বক পুত্রগণের উদ্ধারার্থ অংশুমানের হস্তে রাজ্যভার দিয়া গঙ্গাদেবীর আরাধনা করিলেন, তথাপি সেই দুরারাধ্যা দেবী প্রসন্ন হইলেন না। কালক্রমে তাঁহার মৃত্যু হইল। তদনন্তর অংশুমান্ গঙ্গাকে আনায়ন করিবার ইচ্ছায় বহুকাল তপস্যা করিলেন, কিন্তু তাঁহাকে আনায়ন করিতে পারিলেন না। তাঁহার পুত্র দিলীপ নামে অতি ধার্ম্মিক মহারাজ ছিলেন। তিনি সেই পুত্রের উপর নিষ্কণ্টক ভাবে সমস্ত রাজ্য অর্পণ করিয়া পুত্রকে গঙ্গার কথা শ্রবণ করাইয়া কালবশে মৃত্যু প্রাপ্ত হইলেন। মহারাজ দিলীপ বহুকাল তপস্যা করিলেন, তথাপি হে দ্বিজ! বিষ্ণুপদ হইতে গঙ্গা আনায়ন করিতে পারিলেন না। তিনি পুত্র ভগীরথের উপর সপ্তদ্বীপের আধিপত্য সমর্পণ করিয়া পঞ্চত্ব প্রাপ্ত হইলেন। রাজা ভগীরথ সপ্তদ্বীপের অধিপতি হইয়া আপনার পূর্ব্বপুরুষগণের ব্রহ্মদণ্ড জন্য দুর্গতি শ্রবণ করিলেন এবং এক মনে তাঁহাদের উদ্ধারের উপায় চিন্তা করিতে লাগিলেন। অনন্তর ভগীরথ গঙ্গাদেবীর আরাধনা করিয়া তাঁহার দর্শন লাভ করিলেন।

অষ্টাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৮ ॥

একোনবিংশ অধ্যায়।

জৈমিনি কহিলেন, হে মহাভাগ! পূর্ব্বে রাজা ভগীরথ, কি প্রকার তপোনুষ্ঠান করিয়া পূর্ব্বপুরুষগণের সাধ্যাতীত ভগবতী গঙ্গাকে ধরণীতলে আনয়ন করিয়াছিলেন? আপনি তদ্বিষয় কীর্ত্তন করুন, আমার শ্রবণ করিতে নিতান্ত কৌতূহল হইতেছে। ব্যাসদেব কহিলেন, হে জাবালে! জৈমিনি এইরূপ কহিলে, শুকদেব পরম আনন্দিত হইয়া তৎসন্নিধানে ধরণীতলে গঙ্গার অবতরণ বিষয় বর্ণন করিলেন। শুকদেব বলিলেন, পূর্ব্বে একদা দিলীপনন্দন রাজা ভগীরথ, সন্দিগ্ধচিত্তে বসিষ্ঠকে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে ব্রহ্মর্ষে বসিষ্ঠ! মদীয় পূর্ব্বপিতামহগণ পরমপুণ্যশীল হইয়াও কিজন্য ভগবতী গঙ্গাকে আনয়ন করিতে পারেন নাই? এক্ষণে আমিই বা কিরূপে তাঁহাদিগের সাধ্যাতীত গঙ্গাকে আনয়ন করিয়া, পূর্ব্বপুরুষগণের উদ্ধার সাধন করিব? হে মহাভাগ! আপনি তাহার উপায় বলুন। বসিষ্ঠ কহিলেন, হে নৃপবর! গঙ্গাদেবী দুরারাধ্যা, সুতরাং সামান্য তপস্যা দ্বারা কিরূপে তাঁহাকে ধরণীতলে আনয়ন করিতে সমর্থ হইবে? তোমার পূর্ব্বতন পুরুষগণ তাঁহাকে আনয়নার্থ উগ্রতর তপোনুষ্ঠান করিয়া গিয়াছেন। এক্ষণে তুমিও তপোনুষ্ঠান করিলে, ক্রমিক পূর্ব্বপুরুষচতুষ্টয়কর্ত্তৃক আরাধিতা ভগবতী গঙ্গা নিঃসন্দেহ আগমন করিবেন। ত্বদীয় পূর্ব্বতন পুরুষগণের তপশ্চরণ সার্থক করিবার জন্যই তোমার জন্ম হইয়াছে; অতএব গঙ্গার আরাধনায়

প্রবৃত্ত হও, অবশ্যই আনয়ন করিতে পারিবে। ভগীরথ কহিলেন, হে ব্রহ্মন্! দেবী গঙ্গা কি প্রকার? কোথায় তাঁহার অবস্থিতি? তাঁহাকে আনয়নার্থ কি প্রকারই বা তপস্যা করিব? আপনি তদ্বিষয় প্রকাশ করুন। বশিষ্ঠ কহিলেন, রাজন্! সেই কলিকলুষনাশিনী সুখপ্রদা গঙ্গা, ত্রিনেত্রা ও শ্বেতাঙ্গী; তাঁহার চারিহস্তে ক্রমে বর ও অভয় মুদ্রা এবং পদ্ম ও সুধাকলস শোভা পাইতেছে। তিনি দিব্য মূর্ত্তি, শ্বেত মকরোপরি সমাসীনা এবং নানা অলঙ্কার ভূষিতা। তদীয় মুখকমলে ঈষৎ হাস্য এবং ঊর্দ্ধ ও অধোভাগে প্রদীপ্ত হেমবর্ণ বসনযুগ্ম বিরাজমান। সেই মহাপ্রভা দেবীর দেহপ্রভায় দশদিক্ উদ্ভাসিত হইতেছে। তিনি ব্রহ্মকমণ্ডলু পরিত্যাগপূর্ব্বক ব্রহ্মাণ্ডোপরি বিরাজমান বিষ্ণুপদে অবস্থিতি করিতেছেন এবং স্বীয় শক্তি শঙ্কর-সন্নিধানে স্বমূর্ত্তিতে বিরাজমান আছেন। তুমি এইরূপে তাঁহাকে চিন্তা করিবে এবং মনে মনে প্রার্থনা করিবে, সেই নগনন্দিনী আমাদিগকে রক্ষা করুন। যতদিন না সেই দেবদেবীগণের বন্দিতা গঙ্গার সাক্ষাৎ পাইবে, তাবৎকাল হিমালয়-নিকটে তপস্যায় নিরত থাক। তুমি কুল-প্রদীপ, অবশ্যই সেই পরম-পাবনী দুরারাধ্যা মহাপুণ্যা ভগবতী গঙ্গাকে ভূতলে আনয়ন করিতে সমর্থ হইবে। তোমা হইতে যখন ত্রৈলোক্যপাবনী গঙ্গা অবতীর্ণা হইবেন, তখন ত্রিলোকমধ্যে তোমা অপেক্ষা অধিক বা তোমার তুল্য পুণ্যবান্ কেহ হয় নাই ও হইবেও না। রাজন্! তুমি তোমার পূর্ব্বপুরুষ-সঞ্চিত পিণ্ডীভূত তপস্যাস্বরূপ; কারণ, যাহা কেহ কখন পারে নাই, তুমি সেই গঙ্গাকে ভূতলে অবতীর্ণা করিবে। তদীয় এই পবিত্র কীর্ত্তি জগতে চিরদিন অচলভাবে দেদীপ্যমান থাকিবে। তুমি, স্বীয় পূর্ব্বপুরুষগণের উদ্ধারার্থ ভগবতী গঙ্গাকে আনয়ন করিলে, যে পরম ব্রহ্ম পরম সূক্ষ্ম অর্থাৎ কেহই দর্শন করিতে সমর্থ হন না, মানবগণ তাঁহাকে অনায়াসে দৃষ্টিগোচর করিবে এবং ত্রিলোক-বাসী অক্লেশে ব্রহ্মত্ব লাভ করিতে পারিবে। দেবী গঙ্গা, তোমা কর্ত্তৃক আনীতা হইলে তোমারই নামানুসারে ভাগীরথী নামে প্রসিদ্ধা হইবেন। অহো! বৎস সাধো! চিরজীবী হও, কি অপূর্ব্ব কার্য্যই তোমা দ্বারা সাধিত হইবে! তুমি ত্রিলোকদুর্লভ গঙ্গাকে মানবগণের সুলভ করিবে; অতএব রাজন্! গঙ্গাপূজার পর মানবগণ তোমারও পূজা করিবে। শুক কহিলেন, ধীমান্ ধরাপতি ভগীরথ, বশিষ্ঠকর্ত্তৃক এইরূপ অভিহিত হইয়া গঙ্গানয়নার্থ তপস্যা করিতে গমন করিলেন। অনন্তর আহার পরিহারপূর্ব্বক একপাদে অবস্থিত ও ঊর্দ্ধদৃষ্টি হইয়া নিরালম্বভাবে দেবপরিমাণে দ্বাদশ বৎসর কঠোর তপশ্চরণ করিলে, সুরগণ তদীয় তপঃপ্রভাবে ক্লিষ্ট হইয়া শিব-সন্নিধানে গমনপুরঃসর নিবেদন করিলেন, হে দেবদেব! হে চন্দ্রমৌলে, হে মহেশ্বর মহাদেব! হে ত্রিলোচন! হে পঞ্চানন! আপনাকে বারংবার নমস্কার। হে বৃষধ্বজ! আপনি নীলকণ্ঠ এবং ভৈরব, আপনাকে পুনঃপুনঃ প্রণাম করি। হে শাশ্বত! আপনি

সর্ব্ব এবং আপনি ক্ষিতিমূর্ত্তিতে সমুদয় ধারণ করিতেছেন; অতএব ভূয়োভূয়ঃ আপনাকে নমস্কার। দেব! আপনি জীবনের অমৃতস্বরূপ জলমূর্ত্তি ধারণ করিয়া জগতের মঙ্গলবিধান করিতেছেন। আপনি রুদ্র অগ্নিমূর্ত্তিতে নিখিল সুরগণের মুখস্বরূপ। আপনি উগ্র বায়ু মূর্ত্তিতে জীবগণের প্রাণাপানাদিরূপে বিচরণ করিতেছেন। হে আকাশমূর্ত্তে! আপনি ভীম ও বিভুরূপী। হে যজমানমূর্ত্তে! আপনিই সাধ্য ও আপনিই সাধক এবং আপনি পশুপতি। হে সোমমূর্ত্তে! আপনি মহাদেব ও সুখস্বরূপ। হে সূর্য্যমূর্ত্তে! আপনি স্বীয় তেজ দ্বারা নিখিল জগৎ উদ্ভাসিত করিতেছেন এবং আপনিই কালস্বরূপ; অতএব হে অষ্টমূর্ত্তে আমরা আপনাকে বারংবার নমস্কার করি। হে প্রভো! আমরা আপনার শরণাগত, আমাদিগকে রক্ষা করুন। দেব! ভগীরথ যে প্রকার তপস্যা করিতেছে, জানি না, কি করিবে? আমরা কিন্তু তাহার উগ্রতর তপোনুষ্ঠানে শঙ্কিত হইয়া আপনার শরণাপন্ন হইলাম; এক্ষণে যেরূপ উচিত হয়, বিধান করুন। ভগবান্ শঙ্কর, দেবগণের বাক্য শ্রবণে কহিলেন, হে দেবগণ! তোমরা ভাবিত হইও না, মহামতি নৃপতি ভগীরথ তোমাদিগের অপকারার্থ তপস্যা করিতেছে না। সে যাহা ইচ্ছা করিতেছে, আমি তাহা অচিরে পূর্ণ করিব, তোমরা নিঃশঙ্ক হইয়া সানন্দে স্ব স্ব স্থানে গমন কর। শুকদেব কহিলেন, দেবগণ মহেশ্বরের তাদৃশ বাক্যশ্রবণে পরম আনন্দিত হইয়া তাঁহাকে প্রণামপূর্ব্বক স্বর্গধামে গমন করিলে ভগবান্ শঙ্কর গঙ্গাকে স্মরণ করিলেন। অনন্তর ভগবতী গঙ্গা, শিবসন্নিধানে আগমন পূর্ব্বক তাঁহাকে প্রণাম করিয়া অবস্থান করিতে লাগিলে, শঙ্কর কহিলেন, হে বরারোহে গঙ্গে! হে সুন্দরি! হে পার্ব্বতি! আমি যে জন্য তোমাকে স্মরণ করিয়াছি, তাহা বলিতেছি, শ্রবণ কর। হে দেবি! সূর্য্যবংশীয় পরম ধার্ম্মিক রাজা ভগীরথ তোমার জন্য তপস্যা করিতেছে; কিন্তু তুমি কি জন্য তাহার প্রতি দয়া প্রকাশ করিতেছ না? দয়াই পরম ধর্ম্ম, তোমাকে দয়াহীনা বলিয়া আমার বিবেচনা হয়। হে পার্ব্বতি! দেখ, সগর অংশুমান্ প্রভৃতি তোমাকে সম্যক্ আরাধনা করিয়াছিল, কিন্তু তুমি তাহাদিগের প্রতি দৃষ্টিপাতও কর নাই। তাহারা সকলেই পরমার্থজ্ঞ, জিতেন্দ্রিয়, শুচি, পুণ্যকর্ম্মা, যাগশীল ও দানপরায়ণ। সেই নৃপচতুষ্টয়ের প্রত্যেকেই তপস্যা দ্বারা তোমাকে সাক্ষাৎকার করিতে যোগ্য, কিন্তু তাহারা সকলেই কঠোর তপঃ-ক্লেশ সহ্য করিয়াও তোমার দর্শন পায় নাই। হে দেবি! যাহা হইবার হইয়াছে, এক্ষণে ভগীরথকে দর্শন দাও। সেই ধর্ম্মাত্মা তোমার জন্য জীবন-নিরপেক্ষ হইয়া তপোনুষ্ঠান করিতেছে, তুমি তাহার চিরাধঃপতিত প্রপিতামহগণকে উদ্ধার কর। শুকদেব কহিলেন, ভগবান্ মহেশ্বর এইরূপ কহিলে, দেবী গঙ্গা, বিষণ্ণহৃদয়ে ম্লানমনে শঙ্করকে কহিলেন, হে প্রভো শঙ্কর! হে দেবেশ! আমাকে কি কারণে পরিত্যাগ করিতেছেন? আমি আপনার পত্নী, আমি আপনা কর্ত্তৃক পরিত্যক্তা হইয়া কোথায় অবস্থিতি করিব?

হে প্রভো! আমি বহুযত্নে আপনাকে পতিত্বে লাভ করিয়াছি, অতএব হে দেব! আমাকে কি কারণে পরিত্যাগ করিতেছেন? বোধ হয়, আপনার নিকট কোনরূপ অপরাধিনী হইয়াছি। হে প্রভো! রাজা ভগীরথ, আমাকে পাতালতলে লইয়া যাইবার জন্ত আমার আরাধনা করিতেছে, অতএব কি নিমিত্ত আপনি ঈদৃশ কার্য্যে আমাকে অনুমতি করিতেছেন? হে মহেশ্বর! অন্য কোন উপায়ে তাহার পূর্ব্বপুরুষগণের উদ্ধার-সাধন করুন, পাতালতলে গমনার্থ অনুরোধ করিবেন না। হে মহাদেব! কলিকালে মানবগণ আমার অবমাননা করিবে; অতএব কি প্রকারে সেই পাপক্লেশ সহ্য করিব? পশুধর্ম্মাবলম্বি-মনুষ্যগণের অবমাননাভয়েই আমি সগরাদি নৃপগণকে দর্শন দিই নাই; অতএব হে দেব! আমায় ক্ষমা করুন, আমাকে পাতিত করা আপনার উচিত হয় না। আপনিই বিবেচনা করুন, আমি কিরূপে তাদৃশ দুর্দ্দশা ভোগ করিব! আমি ভার্য্যা হইয়া যে, আপানার মস্তকে অধিষ্ঠান করিয়াছি, বোধ হয় তাহারই প্রতিফল দান করিতেছেন। বস্তুতঃ যে রমণী, পতি-মর্য্যাদা-লঙ্ঘন করে, তাহাকে নিঃসন্দেহ পতিত হইতে হয়। অতএব হে শঙ্কর! আমি যখন পতি লোকনাথের মস্তকে অধিরোহণ করিয়াছি, তখন কি জন্ত না পাতালতলগামিনী হইব? কিন্তু হে দেব! আমি ব্রহ্মার কমণ্ডলুতে বাস করিয়া কি প্রকারে এক্ষণে পাতালতলে গমন করিব? যে আমি, শৈলসুতা হইয়া ধরাতল পরিত্যাগ পূর্ব্বক সুরগণের সহিত সুরপুরে গমন করিয়াছিলাম; যে আমাকে দুর্লভ বিবেচনা করিয়া সুরপুরে সুরগণ পূজা করিয়াছিলেন; যে আমি, দিব্যশরীর পরিত্যাগপূর্ব্বক আপনাকে পাইবার জন্ত পুনরায় দেহ ধারণ করিয়াছি। যে আমি ব্রহ্মকমণ্ডলু আশ্রয় করিয়া ব্রহ্মলোকে গমন করিয়াছিলাম এবং যে আমি, আপনার সহিত বৈকুণ্ঠগামিনী হইয়াছি; সেই আমি, আজ কিরূপে পাতালতলে গমন করিব? হে দেব। এইরূপে যে আমার উত্তরোত্তর উচ্চোচ্চ গতি লাভ হইয়াছে; যে আমি, নিরাকারা হইয়াও হরিতনুস্বরূপ আকার প্রাপ্ত হইয়াছি। যে আমি, সুমেরুর দৌহিত্রী ও হিমালয়ের কন্যা এবং যে আমি, ব্রহ্মভাণ্ড পরিত্যাগ করিয়া সত্ত্বময়-হরিপদ প্রাপ্ত হইয়াছি; সেই আমি, আজ কি প্রকারে পাতালতলগামিনী হইব? আমি সাকার হইয়াও যখন নিরাকার ও জলাকার ধারণ করিয়াছি, তখন নিঃসন্দেহ আমাকে নদীরূপে পতিত হইতে হইবে। দেব! ইহা যে, আমার ভবদীয় মস্তকারোহণের ফল, তাহার কিছুমাত্র সংশয় নাই। জীবগণ যে, এইরূপ অত্যুচ্চে আরোহণ করিলে পতিত হয়, এ বিষয়ে আপনি আমাকেই নিদর্শনরূপে উল্লেখ করিবেন। হে প্রভো! আমি ধরাতলে গমন, কিংবা অধঃপতন, অথবা অপর প্রিয়বস্তুর পরিত্যাগ সহ্য করিতে পারি, কিন্তু আপনার পরিত্যাগ কিছুতেই সহ্য করিতে পারিব না। আমি যদি ধরাতলে গিয়া আপনার মস্তকে অবস্থান করিতে পারি, তাহা হইলে ধরাতলে বা পাতালগমনেও আমার কিছুমাত্র ক্লেশ নাই। হে প্রভো! আমি তোমা ব্যতীত বৈকুণ্ঠধামও প্রার্থনা করি না, কিন্তু তোমাকে পাইলে সর্ব্বত্রই সমভাবে অবস্থিতা

থাকিতে পারি। শুকদেব কহিলেন, ভগবান্ মহেশ্বর, গঙ্গার ঈদৃশ কাতরবাক্যে দুঃখিত হইয়া মধুর-স্নিগ্ধ-গম্ভীর-বচনে গঙ্গাকে কহিলেন, হে দেবি! গঙ্গে! তুমি নিতান্ত মৎপরায়ণা, তাহা আমি বিদিত আছি। হে মহাভাগে! আমি, মর্ত্ত্যলোকেও নদীভূতা তোমাকে মস্তকে ধারণ করিব। যে সময়, ভূপতি ভগীরথ, তোমাকে পাতালতলে গমন করিতে কহিবে, তুমি সেই সময় তাহাকে কহিও যে, যদি শঙ্কর আমাকে মস্তকে ধারণ করেন, তবে আমি পৃথিবীপথে পাতালতলে গমন করিতে পারি; কারণ, আমার নিরবলম্বভাবে পতনসময় পৃথিবী আমাকে ধারণ করিতে পারিবেন না; সে সময় পৃথিবীর ও আমার উভয়েরই ক্লেশ হইবে। তুমি এইরূপ কহিলে, শিবভক্ত রাজা ভগীরথ অবশ্যই আমার আরাধনা করিবে, তাহা হইলে নিশ্চয় আমি তোমাকে মস্তকে ধারণ করিব। কলিকালে পাপরূপ বনরাজির তুমিই দাবানলস্বরূপ হইবে; তোমার কোনরূপ পাপভয় থাকিবে না, পাপরাশিই তোমা হইতে ভীত হইবে। পাপপূর্ণ-কলিযুগে ত্বদীয় গুণকীর্ত্তনে, ত্রিলোকের পাপ বিনষ্ট হইবে। তুমি এক্ষণে অসঙ্কুচিত-ভাবে ধরাতলে অবস্থান কর। মেনকাদিও তোমাকে যে অব্যর্থ অভিসম্পাত প্রদান করিয়াছিলেন যে, পুত্রি! তুমি যখন আমাদিগকে পরিত্যাগ করিয়া গমন করিয়াছ, তখন অবশ্যই নদীরূপে তোমাকে ধরাতলে পতিত হইতে হইবে; অতএব হে গঙ্গে! নদীরূপে পতিত হওয়া তোমার অবশ্যম্ভাবী ফল; সুতরাং যাহা কিছুতেই খণ্ডিত হইবার নহে, সে বিষয়ে শোক করা তোমার কর্ত্তব্য নহে। তোমার সমুদয় প্রবাহস্থল আমার মস্তক হইবে এবং তুমি সর্ব্বত্র সমুদয় সুরগণকে সন্দর্শন করিতে পারিবে। নিশ্চয় বলিতেছি, যে সকল পুণ্যাত্মা ত্বদীয় জলে প্রাণত্যাগ করিবে, তাহারা আমাতেই লীন হইবে। হে শিবে! তুমি চিন্তিত হইও না; কি ঊর্দ্ধ, কি অধঃ এবং ভূমণ্ডল, ত্বৎকর্ত্তৃক অধিষ্ঠিত সমুদয় স্থানেরই তুল্যপ্রভাব হইবে, জানিও। শুকদেব কহিলেন, গিরিনন্দিনী ভগবতী গঙ্গা, শঙ্করকর্ত্তৃক এইরূপে আশ্বস্ত হইয়া সানন্দচিত্তে তথাস্তু বলিয়া ভূপতি ভগীরথকে দর্শন দান করিতে ইচ্ছা করিলেন।

একোনবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ১৯ ॥

বিংশ অধ্যায়।

শুকদেব কহিলেন, অনন্তর দেবী গঙ্গা, তপোনিরত ভগীরথকে চতুর্ভুজ শ্বেত মূর্ত্তিতে দর্শন দিলেন। তখন ভূপতি ভগীরথ, যাঁহাকে ধ্যানযোগে দর্শন করিতে-ছিলেন, চর্ম্মচক্ষে তাঁহাকে নিরীক্ষণ করিয়া আপনাকে পরমভাগ্যশালী মনে করিলেন এবং সাতিশয় আনন্দিত হইয়া, রোমাঞ্চিত-কলেবরে গদ্গদস্বরে সেই পরমদেবতা

শক্তিরূপিণী গঙ্গাকে দিব্য সহস্র নাম দ্বারা স্তুতি করিতে উপক্রম করিলেন। কহিলেন, হে শিবে! আমি দিলীপ-নন্দন, আমার নাম ভগীরথ, আমি পৃথিবীর রাজা; আপনার অতি দুর্লভ চরণ-কমলে প্রণিপাত করি। মদীয় পূর্ব্বপুরুষগণের পরম পুণ্য ও তপস্যাবলে আপনি আমার দৃষ্টিপথে পতিত হইলেন। হে মহেশ্বরি! আপনি পরমকরুণাময়ী, আজ আপনার দর্শনে নিঃসন্দেহ কৃতকৃতার্থ হইলাম। সূর্য্যবংশে আমার জন্ম সার্থক হইল। হে রাজীবলোচনে গঙ্গে! আপনাকে বারংবার নমস্কার করি। আমার এই দেহ আজ সার্থক হউক, আমি আপনাকে সর্ব্বাঙ্গ দ্বারা প্রণাম করি এবং সহস্র নাম দ্বারা আপনার স্তুতি করিয়া, স্বীয় বাক্‌শক্তিকে সফল করিব। শুক কহিলেন, হে বিপ্র! ভগীরথকৃত গঙ্গার সহস্রনামরূপ পরমপবিত্র স্তব-রাজের ঋষি ব্যাস, অনুষ্টুপ্ ছন্দঃ, মূলপ্রকৃতি দেবী গঙ্গা দেবতা এবং ইহা পাঠ করিলে সহস্র অশ্বমেধ, শত রাজসূয় ও শত-বাজপেয় যজ্ঞ এবং শত গয়াশ্রাদ্ধের ফল লাভ হইয়া থাকে। দুষ্কর ব্রহ্মহত্যাদি পাতক বিনষ্ট হয় ও পরিণামে নির্ব্বাণ মোক্ষপদ লাভ করা যায়। ভগীরথ কহিলেন, হে দেবি! তুমি ওঁকাররূপিণী, শ্বেতা, সত্যস্বরূপিণী, শান্তি, শান্তা, ক্ষমা, শক্তি, পরা, পরমদেবতা, বিষ্ণু, নারায়ণী, কাম্যা, কমনীয়া, মহাকলা, দুর্গা, দুর্গতিসংহন্ত্রী, গঙ্গা, গগনবাসিনী, শৈলেন্দ্রবাসিনী, দুর্গবাসিনী, দুর্গমপ্রিয়া, নিরঞ্জনা, নির্লেশা, নিষ্কলা, নিরহংক্রিয়া, প্রসন্না, শুক্লদশনা, পরমার্থা, পুরাতনী, নিরাকারা, শুদ্ধা, ব্রহ্মাণী, ব্রহ্মরূপিণী, দয়া, দয়াবতী, দীর্ঘা, দীর্ঘবক্ত্রা, দুরোদরী, শৈলকন্যা, শৈলরাজ-বাসিনী, শৈলনন্দিনী, শিবা, শৈবী, শাম্ভবী, শঙ্করী, শঙ্করপ্রিয়া, মন্দাকিনী, মহানন্দা, স্বর্ধুনী, স্বর্গবাসিনী, মোক্ষাখ্যা, মোক্ষসরণি, মুক্তি, মুক্তিপ্রদায়িনী, জলরূপা, জলময়ী, জলেশী, জলবাসিনী, দীর্ঘজিহ্বা, করালাক্ষী, বিশাখ্যা, বিশ্বতোমুখী, বিশ্বকর্ণা, বিশ্বদৃষ্টি, বিশ্বেশী, বিশ্ববন্দিতা, বৈষ্ণবী, বিষ্ণুপাদাম্বুজসম্ভবা, বিষ্ণুবাসিনী, বিষ্ণুস্বরূপিণী, বন্দ্যা, বালা, বৃহত্তরা, পীযূষপূর্ণা, পীযূষবাসিনী, মধুরদ্রবা, সরস্বতী, যমুনা, গোদা, গোদাবরী, বরেণ্যা, বরদা, বীরা, বরকন্যা, বরেশ্বরী, বল্লবী, বল্লবশ্রেষ্ঠা, বাগীরা, বারিরূপিণী, বারাহী বনসংস্থা, বৃক্ষস্থা, বৃক্ষসুন্দরী, বারুণী, বরুণজ্যেষ্ঠা, বরা, বরুণবল্লভা, বরুণপ্রণতা, দিব্যা, বরুণানন্দকারিণী, বৃন্দা, বৃন্দাবনী, বৃন্দারকেড্যা, বৃষবাহিণী, দাক্ষায়ণী, দক্ষকন্যা, শ্যামা, পরমসুন্দরী, শিবপ্রিয়া, শিবারাধ্যা, শিবমস্তকবাসিনী, শিবমস্তকসংস্থা, বিষ্ণুপাদপদ্মা, বিপত্তিনাশিনী, দুর্গতারিণী, তারিণী, ঈশ্বরী, গীতা, পুণ্যচরিত্রা, পুণ্যনাম্নী, শুচিশ্রবা, শ্রীরামা, রামরূপা, রামচন্দ্রেকচন্দ্রিকা, রাঘবী, রঘুবংশেশী, সূর্য্যবংশপ্রতিষ্ঠিতা, সূর্য্যা, সূর্য্যপ্রিয়া, গৌরী, সূর্য্যমণ্ডলভেদিনী, তপিনী, ভাগ্যদা, ভব্যা, ভাগ্যপ্রাপ্যা, ভগেশ্বরী, ভবোচ্ছেদোপলব্ধা, কোটিজন্মতপঃফলা, তপস্বিনী, তাপসী, তপন্তী, তাপনাশিনী, তন্ত্ররূপা, তন্ত্রময়ী, তন্ত্রগোপ্যা মহেশ্বরী, বিষ্ণুদেহদ্রবাকারা, শিবগানামৃতোদ্ভবা, আনন্দদ্রবরূপা, পূর্ণানন্দময়ী, শুভা, কোটীসূর্য্যপ্রভা, পাপধ্বান্তসংহারকারিণী, পবিত্রা, পরমা, পুণ্যা,

তেজোধরা, শশিপ্রভা, শশিকোটিপ্রকাশা, ত্রিজগদ্দীপ্তিকারিণী, সত্যা, সত্যস্বরূপা, সত্যজ্ঞা, সত্যসম্ভবা, সত্যাশ্রয়া, সতী, শ্যামা, নবীনা, নবকান্তিকা, সহস্রশীর্ষা, দেবেশী, সহস্রাক্ষী, সহস্রপাৎ, লক্ষবক্ত্রা, লক্ষপাদা, লক্ষহস্তা, বিলক্ষণা, সদানুভবরূপা, দুর্লভা, সুলভা, রক্তবর্ণা, রক্তাক্ষী, ত্রিনেত্রা, শিবসুন্দরী, ভদ্রকালী, মহাকালী, গগনবাসিনীলক্ষ্মী, মহাবিদ্যা, শুদ্ধবিদ্যা, সুমন্ত্রিতা, রাজসিংহাসনতটা, রাজরাজেশ্বরী, রমা, রাজকন্যা, রাজপূজ্যা, মন্দমারুতচামরা, বেদবন্দিপ্রগীতা, বেদবন্দিপ্রবন্দিতা, বেদবন্দিস্তুতা, দিব্যা, বেদবন্দিসুবর্ণিতা, সুবর্ণা, বর্ণনীয়া, সুবর্ণগাননন্দিতা, সুবর্ণদানলভ্যা, গানানন্দপ্রিয়া, অমলা, মালা, মালাবতী, মাল্যা, মালতীকুসুমপ্রিয়া, দিগম্বরী, দুষ্টহন্ত্রী, সদাদুর্গমবাসিনী, অভয়া, পদ্মহস্তা, পীযূষকরশোভিতা, খড়্গহস্তা, ভীমরূপা, শ্যেনী, মকরবাহিণী, শুদ্ধস্রোতা, বেগবতী, মহাপাষাণভেদিনী, পাপালীরোদনকরী, পাপসংহারকারিণী, যাতনাচয়বৈধব্য-দায়িনী, পুণ্যবর্দ্ধিনী, গভীরা, অলকনন্দা, মেরুশৃঙ্গবিভেদিনী, স্বর্গলোককৃতাবাসা, স্বর্গ-সোপানরূপিণী, আনন্দজলসম্পূর্ণা, শ্বেতবারিপ্রপূরিকা, অনায়াসসদামুক্তি, যোগ্যাযোগ্য-বিচারিণী, তেজোরূপজলাপূর্ণা, তৈজসী, দীপ্তিরূপিণী, প্রদীপকলিকাকারা, প্রাণায়াম-স্বরূপিণী, প্রাণদা, প্রাণনীরা, মহৌষধস্বরূপিণী, মহৌষধজলা, পাপরোগচিকিৎসিকা, কোটিজন্মতপোলক্ষ্যা, প্রাণত্যাগোত্তরামৃতা, নিঃসন্দেহা, নির্ম্মহিমা, নির্ম্মলা, মলনাশিনী, শবারূঢ়া, শবস্থানবাসিনী, শবষষ্ঠী, শ্মশানবাসিনী, কেশকীকসাচিতভারিণী, ভৈরবী, ভৈরবশ্রেষ্ঠসেবিতা, ভৈরবপ্রিয়া, ভৈরবপ্রাণরূপা, বীরসাধনবাসিনী, বীরপ্রিয়া, বীরপত্নী, কুলীনা, কুলপণ্ডিতা, কুলবৃক্ষস্থিতা, কৌলী, কুলকোমলবাসিনী, কুলভক্তপ্রিয়া, কুল্যা, কুল্যমালাজপপ্রিয়া, কৌলদা, কুলরক্ষিত্রী, কুলবারিস্বরূপিণী, রণশ্রী, রণভূ, রম্যা, রণোৎসাহপ্রিয়া, নৃমুণ্ডমালাধরণা, নৃমুণ্ডকরধারিণী, বিবস্ত্রা, সবস্ত্রা, সূক্ষ্মবস্ত্রা, যোগিনী, রসিকা, রসরূপা, জিতাহারা, জিতেন্দ্রিয়া, যামিনী, অর্দ্ধরাত্রস্থা, কূর্চ্চবীজস্বরূপিণী, লজ্জাশক্তি, বাগ্‌রূপা, নারী, নরকহারিণী, তারা, তারস্বরাঢ্যা, তারিণী, তাররূপিণী, অনন্তা, আদিরহিতা, মধ্যশূন্যা, খরূপিণী, নক্ষত্রমালিনী, ক্ষীণা, নক্ষত্রস্থলবাসিনী, তরুণাদিত্যসঙ্কাশা, মাতঙ্গী, মৃত্যুবর্জ্জিতা, অমরামরসংসেব্যা, উপাস্যা, শক্তিরূপিণী, ধূম্রাকারা, ধূম্রা, ধূমাবতী এবং রতি। হে জননি! তুমি কামাখ্যা, কামরূপা, কাশী-পুরস্থিতা, কাশী, বারাণসীবারযোষিৎ, কাশীনাথশিরঃস্থিতা, অযোধ্যা, মথুরা, মায়া, কাশী, কাঞ্চী, অবন্তিকা, দ্বারকা, জলদগ্নি, কেবলা, কেবলত্বদা, করবীরপুরস্থা, কাবেরী, কবরী, শিবা, রুক্মিণী, ক্রূরাক্ষী, কঙ্কালা, শঙ্করপ্রিয়া, জ্বালামুখী, ক্ষীরগ্রামবাসিনী, ক্ষীরিণী, রক্ষাকরী, দীর্ঘকর্ণা, সুদন্তা, দন্তবর্জ্জিতা, দুষ্টদানবসংহন্ত্রী, দুষ্টহন্ত্রী, বলপ্রিয়া, বলিমাংসপ্রিয়া, শ্যামা, ব্যাঘ্রচর্ম্মপিধায়িনী, জবাকুসুমসঙ্কাশা, সাত্ত্বিকী, রাজসী, তামসী, তরুণী, যুবতী, বৃদ্ধা, বালিকা, যক্ষরাজসুতা, জম্বুমালিনী, জম্বুবাসিনী, জম্বুনদবিভূষা, জ্বলজ্জাম্বুনদপ্রভা, রুদ্রাণী, রুদ্রদেহস্থা, রুদ্রা, রুদ্রাক্ষধারিণী, অণু, পরমাণু, হ্রস্বা,

দীর্ঘা, চকোরিণী, রামগীতা, বিষ্ণুগীতা, মহাকাব্যস্বরূপিণী, আদিকাব্য-স্বরূপা, মহাভারতরূপিণী, অষ্টাদশপুরাণস্থা, ধর্ম্মমাতা, ধর্ম্মিণী, মাতা, মান্যা, স্বসা, শ্বশ্রূ, পিতামহী, গুরু, গুরুপত্নী, কালসর্প-ভয়প্রদা, পিতামহসুতা, সীতা, শিবসীমন্তিনী, শিবা, রুক্মিণী, রুক্মবর্ণা, ভৈষ্মী, ভৈমী, সুরূপিণী, সত্যভামা, মহালক্ষ্মী, ভদ্রা, জাম্ববতী, মহী, নন্দা, ভদ্রমুখী, রিক্তা, জয়া, বিজয়দা, জয়িত্রী, পূর্ণিমা, পূর্ণা, পূর্ণচন্দ্রনিভাননা, গুরুপূর্ণা, সৌম্যভদ্রা, বিষ্টি, সংবেশকারিণী, শনিরিক্তা, কুজজয়া, সিদ্ধিদা, সিদ্ধিদায়িনী, অমৃতা, অমৃতরূপা, শ্রীমতী, জলামৃতা, নিরাতঙ্কা, নিরালম্বা, নিষ্প্রপঞ্চা, বিশেষিণী, নিষেধ-শেষরূপা, বরিষ্ঠা, যোষিতাম্বরা, যশস্বিনী, কীর্ত্তিমতী, মহাশৈলাগ্রবাসিনী, ধরা, ধরিত্রী, ধরণী, সিন্ধু, বন্ধু, সবান্ধবা, সম্পত্তি, সম্পদীশা বিপত্তিপরিমোচিনী, জন্মপ্রবাহহরণী, জন্মশূন্যা, নিরঞ্জনী, নাগালয়ালয়া, লীলা, জটামণ্ডলধারিণী, সুতরঙ্গজটাজূটা, জটাধর-শিরঃস্থিতা, পট্টাম্বরধরা, ধীরা, কবি, কাব্যরসক্রিয়া, পুণ্যক্ষেত্রা, পাপহরা, হরিণী, হারিণী, হরি, হরিরামনগরস্থা, বৈদ্যনাথ-প্রিয়া, বলি, বক্রেশ্বরী, বক্রধারা, বক্রেশ্বরপুরঃস্থিতা, শ্বেতগঙ্গা, শীতলা, উন্মাদকময়ী, রুচি, চোলরাজপ্রিয়করী, চন্দ্রমণ্ডলবর্ত্তিনী, আদিত্যা, আদিত্যমণ্ডলগতা, কাশ্যপী, দহনাক্ষী, ভয়হরা, বিষজ্বালা-নিবারিণী, হরা, দশহরা, স্নেহদায়িনী, কলুষাশনি, কপাল-মালিনী, কালী, কলা, কালস্বরূপিণী, ইন্দ্রাণী, বারুণী, বাণী, বলাকা, কালশঙ্করী, গোগী, হ্রী, ধর্ম্মরূপা, ধী, শ্রী, ধন্যা, ধনপ্রদা, বিৎ, সংবিৎ, কু, কুবেরী, ভূ, ভূতি ভূমিধরা, ধরা, ঈশ্বরী, হ্রীমতী, ক্রীড়া, ক্রীড়াগারা, জয়প্রদা, জীবন্তী, জীবনী, জীবা, জয়কারা, জয়েশ্বরী, সর্ব্বোপদ্রবসংশূন্যা, সর্ব্বপাপবিবর্জ্জিতা, সাবিত্রী, গায়ত্রী, গণেশী, গণবন্দিতা, দুষ্প্রেক্ষা, দুষ্প্রবেশা, দুর্দ্দশা, সুযোগিনী, দুঃখহন্ত্রী, দুঃখহরা, দুর্দ্দান্তা, যমদেবতা, গৃহদেবী, ভূমিদেবী, বনেশী, বনদেবতা, গুহালয়া, ঘোররূপা, মহাঘোর-নিতম্বিনী, স্ত্রী-চঞ্চলা, চারুমুখী, চারুনেত্রা, লয়াত্মিকা, কান্তি, কাম্যা, নির্গুণা, রজঃসত্ত্বতমোময়ী, কালরাত্রি, মহারাত্রি, জীবরূপা, সনাতনী, সুখদুঃখাদি-ভোক্ত্রী, সুখদুঃখাদি-বর্জ্জিতা, মহাবৃজিনসংহারা, বৃজিনধ্বান্তমোচনী, হ্লদিনী, খলহর্ত্রী, বারুণীপানকারিণী, নিদ্রাযোগ্যা, মহানিদ্রা, যোগনিদ্রা, যুগেশ্বরী, উদ্ধারয়িত্রী, স্বর্গস্থা, উদ্ধারণপুরস্থিতা, উদ্ধৃতা, উদ্ধৃতাহারা, লোকোদ্ধারণকারিণী, শঙ্খিনী, শঙ্খধাত্রী, শঙ্খবাদনকারিণী, শঙ্খেশ্বরী, শঙ্খহস্তা, শঙ্খরাজবিদারিণী, পশ্চিমাস্যা, মহাস্রোতা, পূর্ব্বদক্ষিণবাহিনী, সার্দ্ধযোজনবিস্তীর্ণা, পাবনী, উত্তরবাহিণী, পতিতোদ্ধারিণী, দোষক্ষমিণী, দোষবর্জ্জিতা, শরণ্যা, শরণা, শ্রেষ্ঠা, শ্রীযুতা, শ্রাদ্ধদেবতা, স্বাহা, স্বধা, স্বরূপাক্ষী, সুরূপাক্ষী, শুভাননা, কৌমুদী, কুমুদাকারা, কুমুদাম্বরভূষণা, সৌম্যা, ভবানী, ভূতিদা, ভীমরূপা, বরাননা, বরাহকর্ণা, বর্হিষ্ঠা, বৃহচ্ছ্রোণী, বলাহকা, কেশিনী, কেশপাশাঢ্যা, নভোমণ্ডলবাসিনী, মল্লিকা, মল্লিকাপুষ্পবর্ণা, লাঙ্গলধারিণী, তুলসীদলগন্ধাঢ্যা, তুলসীদামভূষণা, তুলসীতরুসংস্থা, তুলসীরসলেহিনী, তুলসীরসস্বাদুসলিলা,

বিল্ববাসিনী, বিল্ববৃক্ষনিবাসা, বিল্বপত্ররসদ্রবা, মালূরপত্রমালাঢ্যা, বৈল্বী, শৈবার্দ্ধদেহিনী, অশোকা, শোকরহিতা, শোকদাবাগ্নিহৃজ্জলা অশোকবৃক্ষনিলয়া, রম্ভা, শিবকরহিতা, দাড়িমী, দাড়িমীবর্ণা, দাড়িমস্তনশোভিতা, রক্তাক্ষী, বীরবৃক্ষস্থা, রক্তিনী, রক্তদন্তিকা, রাগিণী, রাগভার্য্যা, রাগবিবর্জ্জিতা, বিরাগা, রাগসম্মোদা, সর্ব্বরাগস্বরূপিণী, তালস্বরূপিণী, তালরূপিণী, তারকেশ্বরী, বাল্মীকিশ্লোকিতাষ্টৈড্যা, অনন্তমহিমা, আদিমা, মাতা, উমাসপত্নী, ধারাহারাবলি, স্বর্গারোহপতাকা, ইষ্টা, ভাগীরথী, ইলা, স্বর্গভীরামৃতজলা, চারুবীচি, তরঙ্গিণী, ব্রহ্মভীরা, ব্রহ্মজলা, গিরিদারণকারিণী, গুহাবিদারিণী, দীর্ঘা, দরীদারণকারিণী, ব্রহ্মাণ্ডভেদিনী, ঘোরনাদিনী, ঘোরবেগিণী, ব্রহ্মাণ্ডবাসিনী, স্থিরবায়ুপ্রভেদিনী, শুভধারাময়ী, দিব্যশঙ্খবাদ্যানুসারিণী,* ঋষিস্তুতা, শিবস্তুত্যা, গ্রহবর্গপ্রপূজিতা, সুমেরুশীর্ষনিলয়া, ভদ্রা, সীতা, মহেশ্বরী, বঙ্ক্ষু, অলকনন্দা, শৈলসোপানচারিণী, লোকাশাপূরণকরী, সর্ব্বমানসমোহনী, ত্রৈলোক্যপাবনী, পৃথ্বীরক্ষণকারিণী, ধরণী, পার্থিবী, পৃথ্বী, পৃথুকীর্ত্তি, নিরাময়া, ব্রহ্মপুত্রী, ব্রহ্মকন্যা, ব্রহ্মমান্যা, বনাশ্রয়া, ব্রহ্মরূপা, বিষ্ণুরূপা, শিবরূপা, হিরণ্ময়ী, ব্রহ্মবিষ্ণুশিবত্বাঢ্যা, ব্রহ্মবিষ্ণুশিবত্বদা, মজ্জজ্জনোদ্ধারিণী স্মরণার্ত্তিবিনাশিনী, স্বর্গদাত্রী, সুখস্পর্শা, মোক্ষদর্শনদর্পণা, আরোগ্যদায়িনী, নীরুক্, নানাতাপবিনাশিনী, তাপোৎসারণশীলা, তপোধামা, শ্রমাপহা, সর্ব্বদুঃখপ্রশমনী, সর্ব্বশোক-বিমোচনী, সর্ব্বশ্রমহরা, সর্ব্বসুখদা, সুখসেবিতা, সর্ব্বপ্রায়শ্চিত্তময়ী, বাসমাত্রমহাতপাঃ, তন্বী, সতনু, নিস্তনু, তনুধারণবারিণী, মহাপাতকদাবাগ্নি শীতলা, শশধারিণী, গেয়া, জপ্যা, চিন্তনীয়া, ধ্যেয়া, স্মরণলক্ষিতা, চিদানন্দস্বরূপা, জ্ঞানরূপা, আগমেশ্বরী, অগম্যা, আগমস্থা, সর্ব্বাগমনিরূপিতা, ইষ্টদেবী, মহাদেবী, দেবনীয়া, দিবিস্থিতা, দত্তাবলগৃহস্থাত্রী, শঙ্করাচার্য্যরূপিণী, শঙ্করাচার্য্যপ্রণতা, শঙ্করাচার্য্যসংস্তুতা, শঙ্করাভরণোপেতা, সদাশঙ্করভূষণা, শঙ্করাচারশীলা, শঙ্ক্যা, শঙ্করেশ্বরী, শিবস্রোতাঃ, শম্ভুমুখী, গৌরী, গগনভেদিনী, দুর্গমা, সুগমা, গোপ্যা, গোপনী, গোপবল্লভা, গোমতী, গোপকন্যা, যশোদা, নন্দনন্দিনী, কৃষ্ণানুজা, কংসহন্ত্রী, ব্রহ্মরাক্ষসমোচনী, শাপসংমোচনী, লঙ্কা, লঙ্কেশী, বিভীষণা, বিভীষাভরণী, ভূষা, হারাবলি, অনুত্তমা, তীর্থস্তুতা, তীর্থবন্দ্যা, মহাতীর্থ এবং তীর্থসূ। হে মাতর্গঙ্গে। তুমি কন্যা, কল্পলতা, কল্যাণী, কল্পবাসিনী, কলিকল্মষসংহন্ত্রী, কালকাননবাসিনী, কালসেব্যা, কালময়ী, কালিকা, কামুকোত্তমা, কামদা, কারণাখ্যা, কামিনী, কীর্ত্তিধারিণী, কোকামুখী, কোরকাক্ষী, কুরঙ্গনয়নী, করি, কজ্জলাক্ষী, কান্তিরূপা, কামাখ্যা, কেশরিস্থিতা, খগা, খলপ্রাণহরা, খলদূরকরা, খলা, খেলন্তী, খরবেগা, খকারবর্ণবাসিনী, গঙ্গা, গগনরূপা, গগনাধ্বপ্রসারিণী, গরিষ্ঠা, গণনীয়া, গোপালী, গোগণস্থিতা, গোপৃষ্ঠবাসিনী, গম্যা, গভীরা, গুরুপুষ্করা, গোবিন্দা, গোস্বরূপা, গোনাম্নী, গতিদায়িনী, ঘূর্ণনামা, ঘর্ম্মহরা, ঘূর্ণৎস্রোতা, ঘনোপমা, ঘূর্ণাখ্যদোষহরণী, জগত্রয়ঘূর্ণয়ন্তী, ঘোরা, ঘৃতোপমজলা, ঘর্ঘরারাবঘোষিণী, ঘোরাম্ভোঘাতিনী, ঘুষ্যা,

ঘোষা, ঘোরাঘহারিণী, ঘোষরাজ্ঞী, ঘোষকন্যা, ঘোষণীয়া, ঘনালয়া, ঘণ্টাটঙ্কারঘটিতা, ঘাস্কারী, ঘন্মচারিণী, ঙান্তা, ঙকারিণী, ঙেশী, ঙকারবর্ণসংশ্রয়া, চকোরনয়নী, চারুমুখী, চামরধারিণী, চন্দ্রিকা, চন্দ্রমণ্ডলবাসিনী, চোকারবাসিনী, চমরী, চর্চ্চ্যা, চর্ম্মবাসিনী, চর্ম্মহস্তা, চন্দ্রমুখী, চূচুকদ্বয়শোভিনী, ছত্রিণী, ছত্রিভাষারি, ছত্রচামরশোভিতা, ছত্রিতা, ছদ্মসংহন্ত্রী, ছরিতব্রহ্মরূপিণী, ছয়া, ছলশূন্যা, ছলয়ন্তী, ছলান্বিতা, ছিন্নমস্তা, ছলধরা, অচ্ছবর্ণা, ছুরিতা, ছবি, জীমূতবাসিনী, জিহ্বা, জবাকুসুমসুন্দরী, জরাশূরজয়াজ্বালা, জবিনী, জগদেশ্বরী, জ্যোতীরূপা, জন্মহরা, জনার্দ্দনমনোহরা, ঝঙ্কারকারিণী, ঝঝ্ঝা, ঝঝ্ঝরীবাদ্য-রূপিণী, ঝনঝনূপুরসংশব্দা, ঝরা, ব্রহ্মঝরা, অঝরা, ঞকারেশী, ঞকারস্থা, ঞবর্ণমধ্যনামিকা, টঙ্কারকারিণী, টঙ্কধারিণী, টঙ্কটুঙ্কনা, ঠকুরাণী, ঠদ্বয়েশী, ঠঙ্কারী, ঠক্কুরপ্রিয়া, ডামরী, ডমরাধীশা, ডামরেশীশিরঃস্থিতা, ডমরুধ্বনিনৃত্যান্তী, ডাকিনীভয়হারিণী, ডীনা, ডয়িনী, ডিণ্ডী, ডিণ্ডাধ্বনিনদাপ্রিয়া, ঢক্কারবা, ঢক্কারী, ঢক্কাবাদনভূষণা, ণকারবর্ণধরণী, ণকারীযান-ভাবিনী, তৃতীয়া, তীব্রপাপঘ্নী, তীব্রা, তরণিমণ্ডলা, তুষারকরতুল্যাস্যা, তুষারকরবাসিনী, থকারাক্ষী, থবর্ণস্থা, দন্তশূকবিভূষণা, দূরদৃষ্টি, দূরগমা, দ্রুতগন্ত্রী, দ্রবদ্রবা, দীর্ঘচক্ষুঃ, দীর্ঘধরা, ধনরূপা, ধনেশ্বরী, নীরজাক্ষী, নীরূরূপা, নিষ্কলা, নিরহংক্রিয়া, পরাপরা, পরাপেক্ষা, পারায়ণপরায়ণা, পারকর্ত্রী, পণ্ডিতা, পণ্ডা, পণ্ডিতসেবিতা, পরা, পবিত্রা, পুণ্যাখ্যা, পালিকা, পীতবাসিনী, ফুৎকারদূরদুরিতা, ফাণয়ন্তী, ফণাশ্রয়া, ফেনিলা, ফেনদশনা, ফেনা, ফেনবতী, ফণা, ফেৎকারিণী, ফণিধরা, ফণিলোকনিবাসিনী, ফাণ্টাকৃতালয়া, ফুল্লা, ফুল্লারবিন্দলোচনা, বেণীধরা, বলবতী, বেগবাদিধরাবহা, বন্দারবন্দ্যা, বৃন্দেশী, বনবাসা, ভীমরাজ্ঞী, ভীমপত্নী, ভবনীর্ষকৃতালয়া, ভাস্বরা, ভাস্করধরা, ভাস্কারবাদিনী, ভয়ঙ্করী, ভয়করা, ভূষণা, ভূমিভেদিনী, ভগভাগ্যবতী, ভব্যা, ভবদুঃখনিবারিণী, ভেরুণ্ডা, ভেরমুগমা, ভদ্রকালী, ভবস্থিতা, মনোরমা, মনোজ্ঞা, মৃতমোক্ষমহামতি, মতিদাত্রী, মতিহরা, মঠস্থা, মোক্ষরূপিণী, যমপূজ্যা, যজ্ঞরূপা, যজমানী, যমস্বসা, যমদণ্ডস্বরূপা, যমদণ্ডহরা, যন্তি, রক্ষিকা, রাত্রিরূপা, রমণীয়া, রমা, রতি, লবঙ্গলেশরূপা, লেশনীয়া, লয়প্রদা, বিমুগ্ধা, বৃষহন্ত্রী, বিশিষ্টা, বেশধারিণী, শ্যামরূপা, শরৎকন্যা, শারদী, শরণস্রুতা, শ্রুতিগম্যা, শ্রুতিস্তুত্যা, শ্রীমুখী, শরণপ্রদা, ষষ্ঠী, ষট্‌কোণনিলয়া, ষট্‌কর্ম্মপরিসেবিতা, সাত্ত্বিকী, সত্যবসতি, সানন্দা, সুখরূপিণী, হরিকন্যা, হরিস্রুতা, হরিবর্ণা হরীশ্বরী, ক্ষেমঙ্করী, ক্ষেমরূপা এবং ক্ষুরধারাম্বুশোষিণী। হে মাতঃ! তুমিই অনন্ত, ইন্দিরা, ঈশা, উমা, উষা, ঋবর্ণিকা, ঌকারস্থা ৡকারী এবং তুমিই এসিতা, ঐশ্বর্য্যদায়িনী, ওককারিণী, ঔমকারিণী, অঙ্কশূন্যা, অথচ অঙ্কধরা, অঃস্পর্শা, অস্ত্রধারিণী, অধিক আর কি কহিব, তুমি সর্ব্ববর্ণময়ী, বর্ণব্রহ্মরূপা ও অখিলাত্মিকা। তুমি প্রসন্না, শুক্লদশনা, পরমার্থা এবং পুরাতনী। শুক কহিলেন, হে দ্বিজ! যে ব্যক্তি ভগীরথকৃত ভগবতী ভাগীরথীর মহাপুণ্যজয়প্রদ সহস্রনামাখ্য এই স্তুতিবাদ পরমভক্তিসহকারে পাঠ করেন

কিংবা পাঠ করান, তাঁহার সমুদয় বাঞ্ছিত ফল সিদ্ধ হয় এবং তিনি অনায়াসে সর্ব্বার্থ-দায়িনী বরদা গঙ্গাকে লাভ করিয়া থাকেন। জ্যৈষ্ঠমাসীয় দশহরাতিথিতে দুর্গোৎসব-বিধানে কিংবা আগমোক্ত বিধি অনুসারে ভগবতী গঙ্গাকে অর্চ্চনাপূর্ব্বক সহস্রনামাত্মা এই স্তব পাঠ করিলে, দেবী গঙ্গা সংবৎসরকাল তাহার গৃহ পরিত্যাগ করিতে পারেন না। যে ব্যক্তি পুত্রের উৎসবদিনে, বিবাহাদি-শুভকার্য্যে, শ্রাদ্ধ-বাসরে এবং জন্মদিবসে এই স্তব পাঠ বা শ্রবণ করে, তাহার তত্তৎ কার্য্য অক্ষয় হইয়া থাকে। ইহা পাঠ করিলে, ধনার্থী ধন, ভার্য্যাহীন ভার্য্যা এবং অপুত্রক হইলে চতুর্ব্বর্গসাধক পুত্র-নিচয় লাভ করিয়া থাকে। যুগাদ্যা, পূর্ণিমা, রবিসংক্রান্তি, অমাবস্যা, ব্যতীপাত, পুষ্যানক্ষত্র, একাদশী, দিনক্ষয় ও পুণ্যতিথিতে এবং কোন শুশ্রূষু ব্যক্তি সমাগত হইলে, গোষ্ঠ কিংবা ব্রাহ্মণ-গৃহে পাঠ বা শ্রবণ করিবে। ভগবতী গঙ্গা, মহারাজ ভগীরথের প্রতি পূর্ব্বকৃত কঠোর তপোনিচয়ে যেরূপ প্রসন্ন হইয়াছিলেন, তাহার এই সহস্র নামাত্মক স্তবেও সেইরূপ প্রীতা হইবেন; অতএব যে ব্যক্তি ভক্তিভাবে এই সহস্র নাম দ্বারা গঙ্গাকে স্তব করে, সগরাদিকৃত তপস্যায় তিনি যেরূপ তাঁহাদিগের প্রতি প্রীতা হইয়াছিলেন, তাহার প্রতিও তাদৃশ প্রীতা হন। অনন্তর দেবী, পরমপরিতুষ্টা হইয়া বরদান-বাসনায় কহিলেন, হে ভূপাল! আমি তোমায় বরদান করিতে সমাগত হইয়াছি, অতএব বর প্রার্থনা কর। আমি যদি চ তোমার হৃদ্গত ভাব পরিজ্ঞাত আছি, তথাপি একবার নিজমুখে প্রকাশ কর। তখন রাজা ভগীরথ কহিলেন, হে দেবি! যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তবে বিষ্ণুপদ পরিত্যাগপূর্ব্বক পৃথিবীমার্গে পাতালপুরীপ্রবেশ করিয়া মদীয় পূর্ব্বপুরুষ-গণকে উদ্ধার করুন। আর দ্বিতীয় বর এই, আমি আপনাকে যে স্তুতিবাদ করিলাম, যে কোন মানব, ইহা দ্বারা আপনাকে স্তব করিবে, তাহাকে আপনি পরিত্যাগ করিবেন না। গঙ্গা কহিলেন, হে মহারাজ! আমি তোমাকে অধিক আরও এক বর দান করিতেছি, আমি ভাগীরথী নামে ত্বদীয় কন্যা বলিয়া প্রসিদ্ধা হইব। হে নৃপ! যে ব্যক্তি ত্বৎকৃত স্তুতিদ্বারা আমায় স্তব করিবে, আমি তাহার বশীভূতা থাকিব এবং পরিণামে তাহাকে নির্ব্বাণমুক্তি প্রদান করিব। হে রাজন্! এক্ষণে ভগবান্ শিবকে আরাধনা কর, কারণ তিনি আমাকে মস্তকে ধারণ করিবেন; তাহা না হইলে, আমি যদি নিরবলম্বন হইয়া পতিত হই, তাহা হইলে ধরাতল বিদারণপূর্ব্বক অন্যত্র জলস্রোত গমনের সম্ভাবনা। পৃথিবী, আমার বেগ কিছুতেই সহ্য করিতে পারিবে না। তুমি সুমেরুশিখরে আরোহণ করিয়া শঙ্খধ্বনি করিও, আমি তদনুসারে ব্রহ্মাণ্ডকোটিভেদ করিয়া তোমার অনুসরণ করিব। শুক কহিলেন, দেবী গঙ্গা এইরূপ কহিয়া তৎক্ষণাৎ তথায় অন্তর্দ্ধান করিলেন।

বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২০ ॥

একবিংশ অধ্যায়।

শুক কহিলেন, হে বিপ্র! এক্ষণে ভূমণ্ডলে পরমাশ্চর্য্য গঙ্গাবতরণবৃত্তান্ত শ্রবণ কর, উহা শ্রবণে ও কীর্ত্তনে মহাপাতক বিনষ্ট হইয়া থাকে। অনন্তর রাজা ভগীরথ, শঙ্কর-সন্নিধানে বরলাভ করিয়া অশ্বচতুষ্টয়সমন্বিত মহাবেগশালী পরম মনোহর দিব্য কাঞ্চনময় রথে আরোহণপূর্ব্বক পরমশোভা পাইতে লাগিলেন। সেই দীর্ঘবাহু, দীর্ঘলোচন, দীর্ঘদর্শী মহাতপা ভগীরথের সর্ব্বাঙ্গ প্রদীপ্ত কাঞ্চনের ন্যায় সমুজ্জ্বল এবং নানাভরণে ভূষিত। তাঁহার মস্তকে উজ্জ্বল মুকুট, সুদীর্ঘ ললাটদেশে দীর্ঘ তিলক এবং হস্তে শুক্লবর্ণ শুভশঙ্খ বিরাজমান। তদীয় পরিধেয় বসন পীতবর্ণ, লোচনদ্বয় আরক্ত এবং বক্ষঃস্থল অতিশয় উন্নত। তিনি এইরূপে বিপুল সুমেরুশৃঙ্গোপরি পূর্ণ শশধরের ন্যায় শোভমান হইতে লাগিলে, ঋষিগণ জয়শব্দে তাঁহার সংবর্দ্ধনা করিতে লাগিলেন। অতঃপর রাজা ভগীরথ বিজয়নামক সারথিকে আদেশ করিবামাত্র সারথি নিশ্বন, পবন, মানস ও তারক নামক অশ্বচতুষ্টয়কে চালনা করিল। পরে নৃপতি, মেরুমস্তকে আরূঢ় হইলে দেবগণ, সেই দুষ্করকর্ম্মা মহাসত্ত্ব মহাত্মা ভগীরথকে দ্বিতীয় সূর্য্যের ন্যায় অবলোকন করিতে লাগিলেন। অনন্তর ভগীরথ মেরুমস্তকে থাকিয়া যথোচিত অতি মধুর বিপুল শঙ্খধ্বনি করিতে লাগিলে, সেই শব্দ ভগবান্ হরির চরণপ্রান্তে উপস্থিত হইল। তখন সেই মধুর শব্দে ভগবান্ হরির চরণকমল ক্ষরিত হইতে লাগিল। অনন্তর ভগবতী গঙ্গা, নিজেচ্ছায় মহাবেগবতী হইয়া মহাশব্দে ব্রহ্মাণ্ডোপরিস্থিত জলের সহিত ব্রহ্মাণ্ড-ভেদ করত সুনির্ম্মলসলিলময়ী নদীরূপে মধুক্ষরণ করিতে করিতে পতিত হইতে লাগিলেন। এইরূপে সেই হিরাণ্ডমধ্যভেদিনী, গভীরচারুনাদিনী, সহস্রশঙ্খবাদিনী, গগনবিরাজিনী চারুরূপিণী মহেশ্বরী গঙ্গা, দশদিক্ উদ্ভাসনপূর্ব্বক আকাশমার্গে গমন করত সপ্তবিংশতি লক্ষযোজন ভেদ করত সুমেরুর উপরিভাগে আগত হইয়া বিশ্রাম করিতে লাগিলেন এবং রাজা ভগীরথও শঙ্খবাদনে বিরত হইলেন। তৎকালে বিবিধ-ভূষণ-ভূষিত সমুদয় দেবদেবীগণ সাক্ষাৎ মুক্তিস্বরূপ গঙ্গাদেবীকে পুষ্পচন্দনাদি দ্বারা অর্চ্চনা করিতে লাগিলেন। তাঁহাদিগের অর্চ্চনাকালে জয়ধ্বনি, শঙ্খনিনাদ এবং পুষ্প-চন্দন-সৌরভে দশদিক্ পরিব্যাপ্ত হইল। অনন্তর দিক্‌পালগণ, ভগীরথকে সম্বোধন-পূর্ব্বক কহিলেন, ভো ভো ক্ষত্রিয়শার্দ্দুল! তুমি যখন গঙ্গাকে আনয়ন করিলে, তখন চতুর্দ্দিক্‌স্থিত জনগণকে কৃতার্থ কর। হে ভূপতে! তাহা হইলে চতুর্দ্দিকেই তোমার বিমলকীর্ত্তি চিরস্থায়ী থাকিবে এবং সমুদয় ধরামণ্ডল কৃতার্থ হইবে। শুক কহিলেন, রাজা ভগীরথ দিক্‌পালগণের তাদৃশ হিতকর বাক্য শ্রবণে সবিনয়ে প্রণামপূর্ব্বক গঙ্গাকে কহিলেন, হে মাতর্গঙ্গে! আপনাকে নমস্কার করি, কৃতাঞ্জলিপুটে আপনার নিকট কিঞ্চিৎ নিবেদন করিতেছি, শ্রবণ করুন। হে দেবি! আপনি ধারাচতুষ্টয়

বিস্তার করিয়া, চতুর্দ্দিকে গমন করুন। গঙ্গা কহিলেন, হে ভূপ! যদি তুমি ও শঙ্কর সকলেই চতুর্ভাগে বিভক্ত হও, তাহা হইলে আমিও চতুর্ভাগে বিভক্ত হইয়া চতুর্দ্দিকে গমন করিতে পারি। গঙ্গার বাক্যশ্রবণে ভগীরথ কহিলেন, হে দেবি! আপনি সর্ব্ব-লোকের ঈশ্বরী ও হিতকারিণী। আমি সামান্য মনুষ্য, সামান্য তপস্যায় আমার এরূপ শক্তি কিরূপে হইবে? হে মাতঃ! আপনার নিকট ভগবান্ শম্ভুও হীনবল; কারণ, আপনি সমুদয় মানবগণকে শম্ভুসদৃশ করিবেন, অতএব হে দেবি! আপনিই উপায়জ্ঞা, আপনিই উপায় বিবেচনা করিয়া চতুর্দ্দিকে গমন করুন। শুক কহিলেন, দেবেন্দ্রপরিবেষ্টিতা ভগবতী গঙ্গা, নরেন্দ্রকর্ত্তৃক এইরূপ অভিহিতা হইয়া, স্বয়ং শঙ্খপদ্মহস্ত চারিভাগে বিভক্ত হইলেন। অনন্তর গঙ্গা, ত্রিমূর্ত্তিতে অগ্রে অগ্রে শঙ্খ-বাদনপূর্ব্বক অল্পবেগবিশিষ্ট উজ্জ্বল ধারাত্রয়ে গমন করিতে লাগিলেন। হে দ্বিজ! তাঁহার সীতানামক ধারা পূর্ব্বদিকে, ভদ্রানামক ধারা উত্তরদিকে এবং বংক্ষুনামক ধারা পর্ব্বতপরম্পরা অতিক্রমপূর্ব্বক পশ্চিমদিকে প্রবাহিত হইল। পরে সীতা-ধারা ভদ্রাশ্বে, ভদ্রাধারা কেতুমালে ও বংক্ষুধারা কুরুবর্ষে উপস্থিত হইলে, গঙ্গাদেবীর মূর্ত্তিত্রয় শঙ্খ পরিত্যাগপূর্ব্বক মহাবেগে ধারাত্রয়ে পৃথক্ পৃথক্ জলধিত্রয়ে প্রবেশ করিলেন এবং যে ধারা মেরুমস্তকে মন্দাকিনী নামে প্রসিদ্ধ, অলকানন্দানামক সেই মহাবেগা মহাবলা চারুরূপিণী বিপুলধারা দক্ষিণাভিমুখী হইয়া ভগীরথরথের পশ্চাৎ পশ্চাৎ দক্ষিণদিকে গমন করিতে লাগিলেন। অনন্তর ভগীরথ, মেরুর দক্ষিণ শৃঙ্গে ভয়ঙ্কর এক গুহা দেখিয়া শঙ্খবাদন পরিত্যাগ করিয়া গঙ্গাকে কহিলেন, হে দেবি! গঙ্গে! সম্মুখে এক দুষ্প্রবেশ-বিনির্গমা তমোময়ী মহাঘোরা গুহা দেখিতেছি, কি প্রকারে ইহা উত্তীর্ণ হইব? তখন দেবী কহিলেন, হে মহাভাগ! তুমি যেরূপ বলিলে, সত্যই এই গুহা সেই প্রকার; অতএব তুমি যদি আমাকে লইয়া গমন করিতে চাহ, তাহা হইলে ইন্দ্রহস্তী ঐরাবতকে আনায়ন কর; সে এই গুহা বিদীর্ণ করিয়া দিবে। রাজা ভগীরথ গঙ্গার বাক্য শ্রবণ করিয়া, ঐরাবত-সমীপে গমনপূর্ব্বক কহিলেন, হে শুক্লভাস্বর! হে মহাভাগ ঐরাবত! তোমাকে নমস্কার। ভগীরথের বাক্যে ঐবারত কহিল, হে রাজন্! কিজন্য আমাকে নমস্কার করিতেছ? আমাকে তোমার কান্ কার্য্য করিতে হইবে? আমা ভিন্ন নিষ্পন্ন না হয়, তোমার এরূপ কোন্ কার্য্য আমি করিব? ভূপতি কহিলেন, আমি দিলীপ-নন্দন রাজা ভগীরথ, আমি পিতামহ-গণের উদ্ধারার্থ গঙ্গা লইয়া গমন করিতে করিতে মেরুর দক্ষিণশৃঙ্গে এক মহাভীষণ গহ্বর দেখিয়া তোমার নিকট আসিলাম। হে গজরাজ! তুমি যদি অনুগ্রহপূর্ব্বক সেই গুহা বিদীর্ণ করিয়া দাও, তাহা হইলে গঙ্গা নির্গত হইতে পারেন, তোমা ব্যতীত আর কাহারও দ্বারা তাহা হইতে নির্গত হইবার সম্ভব নাই। ঐরাবত কহিল, যদি গঙ্গা, পত্নী ভাবে আমার সহিত এক রাত্রি অবস্থান করেন, তাহা হইলে আমি সেই গুহামধ্যে

প্রবেশ করিয়া তাহা বিদারণ করি। ভূপতি কহিলেন, আচ্ছা, তুমি যদি তাঁহার বেগ সহ্য করিতে পার, তবে তিনি তোমার সহিত যামিনী যাপন করিবেন। সুরগজ এই কথা শুনিয়া ভগীরথকে কহিল, ভগীরথ! যদি আমি তাঁহার বেগ সহ্য করিতে না পারিব, তবে বল, কিরূপে তাঁহার অসাধ্যকার্য্য আমা দ্বারা সাধিত হইতে পারে? ভগীরথ কহিলেন, যদি তুমি তাঁহার বেগ সহ্য করিতে পার, তাহা হইলে নিঃসন্দেহ তিনি তোমার সহিত মিলিত হইবেন। তিনি যে সেই সামান্য গুহা বিদারণ করিতে সমর্থ নন, এরূপ বোধ করিও না; তিনি ইচ্ছা করিলে মেরুকেও বিদীর্ণ করিয়া গমন করিতে পারেন; তবে কেবল দেবরাজ ইন্দ্রের সম্মানবর্দ্ধনার্থই সেই কার্য্যে তোমাকে আহ্বান করিয়াছেন, এক্ষণে যেরূপ উচিত হয়, কর। ঐরাবত কহিল, ভাল, আমি তাঁহার বেগ সহ্য করিব। চল, গুহায় প্রবেশ করিগে। তিনিত নিঃসন্দেহ এক রাত্রি আমার সহিত বাস করিবেন। ঐরাবত এই কথা বলিয়া আগমনপূর্ব্বক গুহামধ্যে প্রবেশ করিলে ভূপতি ভগীরথ শঙ্খধ্বনি করিতে লাগিলেন। তৎশ্রবণে ভগবতী ভাগীরথীও পরম বেগবতী হইয়া উঠিলেন। গঙ্গাকে বেগবতী দেখিয়া এবং ভয়ঙ্কর শব্দ শ্রবণ করিয়া ভয়ে গজরাজের নয়নদ্বয় উদ্‌ভ্রান্ত হইয়া উঠিল। তখন প্রতিগমনে সমর্থ না হইয়া দ্বারদেশে অবস্থানপূর্ব্বক দক্ষিণাভিমুখে মেরুশৃঙ্গ বিদারণ করত গম্ভীর চীৎকার করিয়া বেগে পলায়ন করিল। ভগবতী শঙ্করী গঙ্গা, এই উপায়ে নির্গত হইয়া ভগীরথের অনুসরণ করিতে লাগিলেন। অনন্তর মহেশ্বরী গঙ্গা, তরঙ্গমালায় শোভমান হইয়া ইতস্ততঃ যেন নৃত্য করিতে করিতে কোথাও আবর্ত্ত এবং কোন কোন স্থানে খরস্রোতঃ প্রকাশ করত দেবদেবীগণের করবিক্ষিপ্ত পুষ্পরাশি বহন করিয়া দুর্গম গিরিনিকর এবং নিষধ ও হেমকূট অতিক্রম-পূর্ব্বক ভগবান্ শঙ্কর মস্তকে কি প্রকারে আমার বেগ সহ্য করিবেন, মনে মনে এইরূপ ভাবিয়া শঙ্করের মস্তকোদ্দেশে মহাবেগে ভগীরথের শঙ্খশব্দানুসারে গমন করিতে লাগিলেন। তৎকালে করী কেশরী প্রভৃতি জন্তুগণে পরিপূর্ণ পর্ব্বতবাসী প্রাণী সকল তাঁহার প্রতি একদৃষ্টে চাহিয়া রহিল। এদিকে ভগবান্ ধূর্জ্জটিও দেখিব, গঙ্গার কি প্রকার বেগ, মনে মনে এইরূপ ঈর্ষাপরবশ হইয়া হিমালয়ের চতুর্ভাগে আরোহণপূর্ব্বক গঙ্গাকে ধারণার্থ মস্তক বিস্তার করিয়া অবস্থান করিতে লাগিলেন। অনন্তর সুরনদী গঙ্গা, যথাবিলম্বিত বেগবতী ও ফেনপুঞ্জে পরিবৃতা হইয়া ত্রিপঞ্চাশৎ যোজন লঙ্ঘনপূর্ব্বক হিমালয় হইতে সহস্র গুণ অধিক বহুজটাজটিল শম্ভুশিরে পতিত হইয়া নির্গমনমার্গ অন্বেষণ করত ভ্রমণ করিতে লাগিলেন। তিনি শঙ্করের মস্তকস্থিত জটাময় অরণ্য মধ্যে যে যে স্থানে গমন করেন, সেই সেই স্থান নূতন দেখিতে লাগিলেন। ভগবতী গঙ্গা, অনন্তশক্তিমান্ শঙ্করের মস্তকে এইরূপে ভ্রমণ করত পরিশ্রান্তা হইয়া পড়িলেন এবং এদিকে ভগীরথের শঙ্খধ্বনিতে আকৃষ্ট হইতে লাগিলেন। এইরূপ একবৎসর কাল অতীত হইলে গঙ্গাদেবী শিবসম্মুখে আবির্ভূত হইয়া কহিলেন, হে অনন্তশক্তে!

হে ভগবন্! ভূপতি ভগীরথ, শঙ্খধ্বনিরূপ অঙ্কুশ দ্বারা আমাকে আকর্ষণ করিতেছে, অতএব আমার নির্গমনের পথ দান করুন। আমি আপনার জটাবনে ভ্রমণ করিয়া শ্রমযুক্তা ও ভগীরথের শঙ্খশব্দে পীড়িতা হইতেছি। হে মহেশ্বর! আমি আপনার অনন্ত জটারণ্যে দ্বার না পাইয়া বেগশূন্যা হইয়া আপনার শরণাপন্না হইলাম, আপনি দ্বার দান করুন, সগরসন্তানগণ ব্রহ্মদণ্ড হইতে মুক্তিলাভ করুক। হে পরমেশ্বর! আমি আপনার নিকট অপরাধিনী হইয়াছি, আমাকে ক্ষমা করুন। ভগবান্ কহিলেন, হে গঙ্গে! তুমি যে নিজ প্রভূত প্রবাহবেগে আমাকেও রসাতলে লইয়া যাইতে বাসনা করিয়াছিলে, তোমার সে বেগ এক্ষণে কোথায় যাইল? কি জন্য এরূপ বিনয়বাক্য বলিতেছ? যাহাই হউক, তুমি যখন আমার শরণাপন্না হইয়াছ, তখন যথেচ্ছ গমন কর। ভগবান্ মহেশ্বর এইরূপ কহিয়া সহাস্যবদনে বামহস্ত দ্বারা দক্ষিণভাগের একগাছী জটা বিদারণ করিলেন। অনন্তর পিঞ্জরবদ্ধ পক্ষিণী যেরূপ পিঞ্জরদ্বার মুক্ত পাইলে তাহা হইতে নির্গত হয়, সুরধুনী গঙ্গাও সেইরূপ জটাদ্বার লাভে তাহা হইতে পরমানন্দে নির্গত হইলেন। হে মহামুনে! অনন্তর ভগবতী গঙ্গা জ্যৈষ্ঠমাসীয় শুক্লপক্ষে হস্তানক্ষত্র ও মঙ্গলবারযুক্ত দশমীতিথিতে হিমালয় পরিত্যাগপূর্ব্বক ধরণীতলে পতিত হইলেন। তিনি ভূতলে অবতীর্ণা হইয়া পরমনির্বৃতি লাভ করিলেন এবং নিজতেজে প্রজ্বলিত কোটি অগ্নিশিখার ন্যায় দেদীপ্যমান হইতে লাগিলেন। তাঁহার বেগে ধরাতল ক্ষুব্ধা হইয়াও গঙ্গালাভজন্য আনন্দভরে ক্ষোভ বোধ করিলেন না। তৎকালে চতুর্দ্দিকে জয় জয় শব্দ হইতে লাগিল এবং পাপ সকল ভীত হইয়া ধরাতল পরিত্যাগ করিল। সুরগণ ও ঋষিগণের বন্দনীয়া, সহস্র শশধরের ন্যায় শুভ্রবর্ণা, শত সহস্র সূর্য্যসম দীপ্তিশালিনী মহেশ্বরী ভগবতী ভাগীরথী এইরূপে ভূতলে অবতীর্ণা হইয়া পাপপুঞ্জ বিনাশ করত পরমশোভমান হইতে লাগিলেন।

একবিংশ অধ্যায় সমাপ্ত॥ ২১।

দ্বাবিংশ অধ্যায়।

শুক কহিলেন, অনন্তর গঙ্গাদেবী, ভূতলে পরমানন্দসহকারে বিপুল ধারারূপে দক্ষিণাভিমুখে চলিলেন। তৎকালে ভূতলগতা গঙ্গা যেন সাক্ষাৎ মুক্তিলতিকার ন্যায় বিরাজ করিতে লাগিলেন। মনোহর তরঙ্গমালা তাঁহার পত্রাবলী ও শুভ্রফেন-রাজি কুসুমনিকরের ন্যায় শোভমান হইতে লাগিল। শুভ্রকান্তি ধারাসুন্দরী—সিংহ, হস্তী, মহানাগ ও মহাপক্ষিগণে আকীর্ণ হওয়ায় পরমশোভা প্রাপ্ত হইল। রাজা ভগীরথ অগ্রে অগ্রে রথোপরি শঙ্খধ্বনি করিতে করিতে বায়ুবেগে যাইতে

লাগিলেন, ভগবতী গঙ্গা সেই শঙ্খ-শব্দানুসারিণী হইয়া উচ্চপর্ব্বত, বন, গ্রাম, নাগর ও সুরম্য সরোবর সকল প্লাবিত করিয়া দেবর্ষিগণের স্তুতিবাদসহ মহাবেগে ভূতলে অবতীর্ণ হইলেন। গঙ্গা যথায় যথায় যাইতে লাগিলেন; তথায় তথায় মহেশ্বর অষ্টহস্তাধিক তটদেশে ভূমিভাগকে মস্তক করিলেন। মহেশ্বরী গঙ্গাধারা সার্দ্ধযোজন বিস্তীর্ণ মৌলি, অষ্টহস্তাধিক ও মস্তক সার্দ্ধযোজন পরিমিত করিলেন। হে দ্বিজবর! ভগবান্ শম্ভু সমুদ্রপর্য্যন্ত মস্তক কিঞ্চিন্ন্যূন বিশতযোজন দীর্ঘ করিয়াছিলেন। ভগবতী গঙ্গা মহাবেগে চতুর্দ্দশযোজন অতিক্রম করিয়া হিমালয় নিকটে সপ্তর্ষি-মণ্ডলকে দর্শন করিলেন। তাঁহারা সাত জনে সাতটী শঙ্খ বাজাইতেছিলেন। তন্নিমিত্ত গঙ্গা সেই স্থানে সপ্তর্ষিগণের প্রীতিকরী সপ্তধারা হইলেন। তৎপরে তিনি ধারা-সঙ্কুচিত করিয়া হরিদ্বারে আসিয়া মহা-পাষাণ ভেদপূর্ব্বক সর্ব্বতোমুখী হইলেন। অনন্তর তিনি সখীতুল্য বিশুদ্ধ নদী সকলের সহিত মিলিত হইয়া কৌতুকে স্ফীত হইলেন। তৎপরে অগ্নিকোণমুখী হইয়া যাইতে যাইতে যমুনা ও অন্তঃসলিলা সরস্বতীর সহিত যে স্থানে মিলিত হইলেন, তাহা প্রয়াগ নামে অতি পুণ্যতম ক্ষেত্র হইল। পরে গঙ্গার স্রোত পূর্ব্বদিকে বিরাজিত হইল। তৎপরে ভগবতী গঙ্গা বামাশক্তি সর্ব্বোৎকৃষ্ট বলিয়া কাশীকে বামা করিলেন; তথায় শিবদর্শন-কৌতুকে উত্তর-স্রোতা হইলেন। সপাদৈকযোজনপরিমিত কাশীধাম পৃথিবীর বহির্ভূত হইয়া রহিল। পরে তিনি পূর্ব্বমুখী হইলেন; তখন রাজা ভগীরথ স্বয়ং পরিশ্রান্তবোধ হওয়াতে এবং অশ্ব ও সারথিকে পরিশ্রান্ত দেখিয়া শঙ্খবাদন হইতে বিরত হইলেন। ইত্যবসরে মহামুনি জহ্নু শ্রুতি-মধুর শঙ্খ-ধ্বনি করিতে লাগিলেন। তাহা শুনিয়া গঙ্গাদেবী গমনে প্রবৃত্ত হইলেন। ওদিকে ভগীরথ রাজা বিশ্রামপূর্ব্বক পুনরায় শঙ্খ-নিনাদ করিতে লাগিলেন। গঙ্গাদেবী কিয়দ্দূর গমন করিয়া অন্য শঙ্খশব্দ-শ্রবণে বিস্মিত হইয়া প্রথম শঙ্খধ্বনি জহ্নুমুনির কর্ম্ম ভাবিয়া রোষে অধীর হইয়া ভগীরথকে বলিলেন, হে মহাভাগ! আমাকে যখন নিজ আশ্রমে লইবার জন্য এই জহ্নুমুনি অন্য শঙ্খধ্বনি করিয়াছেন, তখন তাঁহার আশ্রমমণ্ডল প্লাবিত করিব, তুমি তদীয় আশ্রম দিকে চল। শুকদেব কহিলেন, ভগবতী গঙ্গা এই কথা বলিলে, রাজা অগ্রসর হইলেন; দেবীও বেগে তাঁহার অনুগমন করিলেন। এদিকে জহ্নুমুনি তাহা জানিতে পারিয়া ব্রহ্মতেজ স্মরণপূর্ব্বক ভূতলে দক্ষিণকর স্থাপন করিলেন। তথায় অলক্ষিত গঙ্গানালা হইল; তখন মহামুনি জহ্নু ব্রহ্মকরোপম দক্ষিণপাণিতলে প্রায় সমস্ত গঙ্গাজল গণ্ডূষ করিয়া পান করিলেন। তৎকালে ভূর্লোকে, আকাশে ও চতুর্দ্দিকে হাহাকার ধ্বনি উত্থিত হইল। তখন গঙ্গাদেবী নিজমূর্ত্তি ধারণপূর্ব্বক মুনি-পুঙ্গবের নিকট স্বয়ং উপস্থিত হইলেন। দেবী বলিলেন, হে ব্রহ্মন্ মহাভাগ! আমি আপনাকে ব্রহ্মতেজঃ সম্পন্ন বলিয়া জানি; আমি লোকহিতাকাঙ্ক্ষিণী, আমার অপরাধ

মার্জ্জনা করুন; আমি আপনার কন্যা হইলাম, আপন জঠর হইতে আমাকে এক্ষণে মুক্ত করুন। তাহা হইলে সগররাজের পুত্রগণ সদ্গতি প্রাপ্ত হইবে, ভগীরথের তপস্যা সার্থক হইবে। লোকে আমার জাহ্নবী এই পবিত্র নাম কীর্ত্তন করিবে ও আপনার পরমবিমলকীর্ত্তি জাজ্বল্যমান রহিবে। হে মুনে! মহাত্মা ব্রাহ্মণ দেবগণেরও দুর্লভ, ইহা আমি জানি; অতএব কার্য্যসিদ্ধির নিমিত্ত আমাকে ত্যাগ করিয়া ক্ষমা করুন। শুকদেব কহিলেন, তখন মহাতপা জহ্নু তদীয় কাতরোক্তি শ্রবণে নিজ জানুদেশ বিদীর্ণ করিলে, গঙ্গাদেবী নির্গত হইলেন,—অমনি "জয় জাহ্নবী" "জয় জাহ্নবী" এই পুণ্যতর ধ্বনি চারিদিকে উত্থিত হইল। অনন্তর রাজা ভগীরথ কিছু দূর গমন করিয়া তদীয় বাহনের বিশ্রামার্থ গমনে নিবৃত্ত হইলেন। ইতিমধ্যে মহাত্মা জহ্নুমুনির কন্যা পদ্মাবতী ভগিনীকে দর্শন করিবার ইচ্ছায় সময় বুঝিয়া শঙ্খধ্বনি করিলেন। তাহা শুনিবামাত্র পর্ব্বতনন্দিনী গঙ্গা অগ্নিকোণের দিকে কিছু দূর গমন করিলেন। রাজা ভগীরথ তাঁহাকে অন্যদিকে যাইতে দেখিয়া "চল সারথে! দেখিতেছ না, দেবী অন্যদিকে যাইতেছেন" এই কথা বলিয়া উচ্চৈঃস্বরে শঙ্খ বাজাইতে লাগিলেন। সেই শঙ্খধ্বনি শুনিয়া বিস্মিত হইয়া, দেবী গঙ্গা জল হইতে উত্থিত হইয়া, রাজাকে দূরে শঙ্খশব্দ করিতে দেখিলেন ও পদ্মাবতীর প্রতি কুপিত হইলেন। সেই কোপে পদ্মাবতী বিস্তীর্ণ নদীমূর্ত্তিতে পরিণত হইয়া, পূর্ব্বদিকে গমনপূর্ব্বক সমুদ্রে সঙ্গত হইল। দেবীও তীরদেশ সংক্ষিপ্ত করিয়া গমনে প্রবৃত্ত হইলেন। তিনি নিকটে সমুদ্র বুঝিয়া দক্ষিণস্রোতা হইয়া, যমুনাসঙ্গ ত্যাগ করিয়া, রাজাকে দক্ষিণভাগে রাখিয়া সমুদ্র-ভেদ করিলেন। তখন সাক্ষাৎ সমুদ্রদেব ভার্য্যা বেলার সহিত উঠিয়া পুষ্প ও চন্দন দ্বারা তাঁহাকে অর্চ্চনা করিলেন। অনন্তর দেবী সাগর-ভেদ করিয়া সুতলাদি অতিক্রমপূর্ব্বক মহাতলে যাইয়া, মহা-প্রভাবিত কপিল মুনিকে দর্শন করিলেন। তথায় হে দ্বিজ! রাজা ভগীরথ ধূপ দীপাদি বিবিধ উপচারে ভাগীরথী গঙ্গার পূজা করিলেন। কপিল কহিলেন, অয়ি মহেশানি! মহেশ্বরি! মাতর্গঙ্গে! আপনার শুভাগমন ত? বহুদেশ অতিক্রম করিয়া মহাতলে আসিয়াছেন, এই মহাবল ষষ্টিসহস্র সগর-সন্তানগণ আমার ক্রোধানলে দগ্ধ হইয়া পরম-দুর্গতি প্রাপ্ত হইয়াছে। হে মাতঃ! আপনিই জীবের একমাত্র গতি, ইহাদিগকে পবিত্র করুন। হে দেবি! ইহারা অদ্য দুর্গতি হইতে উত্তীর্ণ হইয়া দিব্যগতি লাভ করুক, আমিও আপনাকে স্পর্শ করিয়া নিঃসংশয়ে কৃতার্থ হই। শুকদেব কহিলেন, হে দ্বিজনন্দন! কপিল মুনি এই কথা বলিলে, দেবী গঙ্গা নাগগণকর্ত্তৃক-সেবিত হইয়া সগর-পুত্রগণের ভস্মরাশি প্লাবিত করিলেন। তদীয় জলস্পর্শ-মাত্র সগর-সন্তানেরা যমলোকে অমিতকান্তি সুন্দরদেহ হইল। যমদূতদিগের সমক্ষে তাহারা দিব্যমূর্ত্তি ধারণপূর্ব্বক বিমানারোহণে মুক্তবন্ধন বিহঙ্গগণের ন্যায় যুগপৎ

আকাশপথে উত্থিত হইল। তাহাদিগের স্বর্গগতি হইলে, অপ্সরোগণ সেবা করিল ও দেবগণ তাহাদিগের গুণকীর্ত্তন করিতে লাগিলেন। রাজা ভগীরথও স্বীয় নগরে মহামহোৎসব করিলেন। তৎপরে দেবী নাগলোকে ভোগবতী নামে বিখ্যাত হইলেন। তিনি ভূতল অতিক্রম করিয়া পাতালে গিয়া, সহস্রশীর্ষা অনন্তদেবকে দেখিয়া, যাঁহার উপরে ব্রহ্মাণ্ড ভাসমান সেই কারণসলিলে লীন হইলেন। হে দ্বিজ! পবিত্র দেবনদী গঙ্গা যেরূপে ধরাতলে অবতীর্ণ হইয়া পাতালে গমন করিলেন, তাহা এই তোমায় প্রশ্নানুরূপ বলিলাম। হে বিপ্র! গঙ্গার এই অবতরণকথা শোকনাশক, দুঃখসাগরের শোষক, বংশবর্দ্ধন, যশস্কর, আয়ুর্বর্দ্ধক, ধন্য ও পরমমঙ্গলস্বরূপ। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই উপাখ্যান শ্রবণ ও পাঠ করিলে পরমগতি লাভ করিবেক। স্ত্রী ও শূদ্রগণও শ্রবণ করিলে, তাদৃশ গতিলাভে সমর্থ হইবে। কূপ, তড়াগ, উপবন, বৃক্ষ ও মন্দিরাদি প্রতিষ্ঠাকালে, অপরাপর শুভকর্ম্মে, বৃষোৎসর্গসময়ে, গ্রহবৈগুণ্যে এবং বৃষ্টি, অগ্নির উৎপাতে এই উপাখ্যান পাঠ ও শ্রবণ করিবেক। অগঙ্গদেশবাসী যে জন মৃত্যু আসন্ন জানিয়া এই একাদশ অধ্যায় অথবা দ্বাবিংশ অধ্যায় স্থিত এই উত্তম আখ্যান পাঠ বা শ্রবণ করে, সে মহাপাতক বা সমস্ত পাতক যুক্ত হইলেও আজন্ম-গঙ্গাস্নান ও গঙ্গামৃত্যুর ফল প্রাপ্ত হইয়া থাকে। হে মুনে! স্বর্গে ও মর্ত্ত্যে সুরাসুরগণের অপূর্ব্ব উত্তম সুরনদীচরিত স্বীয় মতি অনুসারে তোমায় বলিলাম, তুমি অবহিতচিত্তে শ্রবণ করিলে। এক্ষণে জানিও সত্যযুগে তপস্যায় যে ফল, ত্রেতায় যাগে যে ফল, দ্বাপরে চন্দন কুসুম দ্বারা অর্চ্চনে যে ফল, তৎসমস্তই কলিযুগে গঙ্গার জলকণাস্পর্শে লব্ধ হইয়া থাকে। যখন এই গঙ্গাকে গিরিরাজকন্যা কহে, তখন ইঁহার স্বামী ভগবান্ শিব। যখন ইনি স্বর্গে দেবনন্দিনী, তখন ইঁহাকে অগ্নির ভার্য্যা ও স্কন্দের মাতা কহে। যখন ইনি বিষ্ণুপাদোদ্ভবা, তখনই স্বীয় পতিকে লাভ করিয়াছিলেন। ইনি জহ্নুমুনির কন্যা হইলে রাজপত্নী ও ভীষ্মজননী হন এবং ভাগীরথী হইলে সমুদ্ররূপ সৎপতি লাভ করেন। এইরূপে অনিয়তমূর্ত্তি ধারণ করিয়া, বহুমূর্ত্তিধর ভগবান্ শিবকেই পতিলাভ করিয়াছিলেন।

দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২২ ॥

ত্রয়োবিংশ অধ্যায়।

জৈমিনি বলিলেন, হে মহামতে! ব্রহ্মন্! সতীর অর্দ্ধরূপিণী গঙ্গা যেরূপে শিব প্রাপ্ত হইয়াছিলেন, তাহা বলিলেন; এক্ষণে উমার শিবপ্রাপ্তিকথা বলুন। ঋষি কহিলেন, সতীদেবী ত্রিদিবধামে গমন করিলে, মেনকা পুনরায় চারুগুণশীল-সমান্বিতা,

তপ্তকাঞ্চন-বর্ণা, চারুলোচনা, দ্বিভুজা অপর এক কন্যা প্রসব করিলেন। এই কন্যার জন্ম হইলে, মেনকা প্রভৃতি সকলেই গঙ্গাশোক বিস্মৃত হইলেন। হে জৈমিনে! ক্রমে সেই কন্যা হিমালয়ের গৃহে শুক্লপক্ষের চন্দ্রকলার ন্যায় দিন দিন বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল। একদা দেবর্ষি নারদ তদীয় অন্তঃপুরে আগমনপূর্ব্বক নির্জ্জনে মেনকাকে আমূলতঃ সতীর বৃত্তান্ত বলিলেন। মুনির কথা শুনিয়া, মেনকাদেবী কন্যাকে অনাদি প্রকৃতিরূপা ভবানী বোধ করিলেন। তৎপরে নারদ, শৈলরাজের নিকট গমনপূর্ব্বক বলিলেন, হে শৈলরাজেন্দ্র! তোমার কমল-লোচনা কন্যা জন্মিয়াছে। ইনি এক্ষণে দান-যোগ্যা, তবে কোন্ বরে সম্প্রদান করিতে ইচ্ছা কর, বল? হিমালয় বলিলেন, আমার এই কন্যা গুণবান্ অনুরূপ পতিলাভের জন্য নিজেই বনমধ্যে তপস্যা করিতেছে, পূর্ব্ব-জন্মে লব্ধপতিই ইহার ইহজন্মে পতি হইবে, সুতরাং কন্যাবরের মিলনবিষয়ে আমাদিগের চেষ্টা বৃথা। নারদ কহিলেন, হে শৈলেন্দ্র! তুমি যাহা বলিলে, তাহা সত্য বটে, কিন্তু পুরুষের চেষ্টা করা উচিত; কারণ উদ্যমশূন্য পুরুষকে কার্য্যরাক্ষস গ্রাস করিয়া বসে; অতএব তুমি যখন তাহার পিতা, তখন তোমার কর্ত্তব্য এই যে, কিসে সে পতিলাভ করে ও তুমি কন্যাদান ফলপ্রাপ্ত হও, এই বিষয়ে চেষ্টা কর। যে ব্যক্তির "যাহা লভ্য, তাহা লাভ হইবে" ইহার উপর নির্ভর করিয়া চেষ্টায় বিরত হয়, গৃহস্থদিগের মধ্যে সে দুর্ম্মতি, তাহার কিছুই কর্ত্তব্য নাই, তাহাকে নাস্তিক বলে। অতএব তুমি নিজে কন্যার বরের নিমিত্ত ব্রাহ্মণ ও মন্ত্রিগণের সহিত পরামর্শ কর। হিমালয় কহিলেন, হে প্রভো! আপনি একমাত্র তত্ত্বজ্ঞ, মদীয় কন্যার উপযুক্ত পাত্র বলুন, কাহাকে দান করিলে আমার কন্যা সুখিনী হইবে? নারদ বলিলেন, হে শৈলরাজ! তোমার কন্যার যোগ্য পতি যিনি আছেন, আমি তাঁহাকে জানি। ত্বদীয় দুহিতাও উহাঁকে পাইবার জন্য যত্নবতী আছেন। তাঁহার বসতি কৈলাসে, তিনি তোমাতেও আছেন, তিনি স্বয়ং আত্মা; কুবের তাঁহার কিঙ্কর; সেই দেবপূজ্য বরে কন্যা সম্প্রদান কর। হিমালয় কহিলেন, হে মহাসাধো! তাঁহাকেই আমি কন্যা দান করিব, এক্ষণে তনয়ার ঈপ্সিত সেই শিবকে আনয়ন করুন। শুকদেব কহিলেন, দেবর্ষি নারদ তথাস্তু বলিয়া ভগবান্ মহেশ্বরের নিকটে গমনপূর্ব্বক প্রণাম করিয়া তাঁহাকে এই বাক্য কহিলেন, হে শম্ভো! আপনার মনোরথ পূর্ণ হইয়াছে। যথায় দেবগণ গঙ্গাকে প্রাপ্ত হইয়াছেন, তথায় সতী দেবী উপস্থিত। সেই হেম-গৌরাঙ্গী তোমাকে পাইবার আশায় নিবিড় অরণ্যে তপস্যা করিতেছেন। হে মহাদেব! তোমার বৃত্তান্ত হিমালয় ও মেনকাকে নিবেদন করিয়াছি; তুমি পর্ব্বতরাজ হিমালয়ে বাস কর; গৌরী তোমার সেবা করিবে, তুমি তাহাকে নিঃসংশয় লাভ করিবে। শিব কহিলেন, হে নারদ! আমি যাহাকে মস্তকে ধারণ করিয়া কৃতার্থম্মন্য, সেই গঙ্গারূপিণী সতীকে লাভ করিয়াছি, তবে আর কাহার কথা বলিতেছ? নারদ কহিলেন, সতী দেবী

গঙ্গা ও উমা নামে দ্বিধা বিভক্ত হইয়াছেন। একজনকে তুমি মস্তকে ধারণ করিয়াছ, অপরকে বামাঙ্গে ধারণ করিবে। পূর্ব্বে ইনিই তোমার বামাঙ্গে ছিলেন, অদ্যও বামাঙ্গে তাঁহাকে স্থাপন কর। শুকদেব বলিলেন, হে জৈমিনে! দেবর্ষি নারদ এই কথা বলিয়া গমন করিলে পর, ভগবান্ শম্ভু তপস্যার্থ হিমালয়ে গমনপূর্ব্বক একদা ব্রাহ্মণের ছদ্মবেশধারী হইয়া তপস্যাকারিণী সতীকে বলিলেন, অয়ি রম্ভোরু! তুমি কে? তুমি কাহার? কি নিমিত্তই বা তপস্যা করিতেছ? তোমায় যেরূপ সুকুমারাঙ্গী দেখিতেছি, তাহাতে বোধ হইতেছে, ইহা তোমার তপস্যার উপযুক্ত কাল নহে। দেবী বলিলেন, হে দ্বিজোত্তম! আমি হিমালয়ের দুহিতা, ভগবান্ শিবের প্রাপ্তি-আশায় তপস্যা করিতেছি; আমি পূর্ব্বে দক্ষ-প্রজাপতির কন্যা ছিলাম, শিব-নিন্দায় দেহ ত্যাগ করিয়াছিলাম। শিব কহিলেন, অয়ি গুণ-সম্পৎ সমন্বিতে! ইন্দ্রাদি দেবগণ ত্যাগ করিয়া শ্মশানবাসী কুরূপ শিবকে পতি পাইবার জন্য কেন যত্ন করিতেছ? কঠোর তপস্যাই বা কেন করিতেছ? তোমার রূপ ও স্বভাবের বশবর্ত্তী হইয়া শিব ত তোমার পদানত হইবেনই। দেবী কহিলেন, হে ব্রহ্মচারিন্! আমি এই শিবনিন্দায় পূর্ব্বে দেহত্যাগ করিয়াছিলাম, অতএব আমার কাছে শিবনিন্দা করিবেন না; এক্ষণে মহেশ্বর শিবের স্তব করুন। উহাই আমাদিগের পাপের প্রায়শ্চিত্ত হউক, আমিও শিবনিন্দা-শ্রবণে দেহত্যাগ হইতে বিমুক্ত হই। তখন শিবরূপী ব্রাহ্মণ স্তব করিতে লাগিলেন, হে ত্রিলোচন! তুমি ত্রিভুবনপালক। হে শিব! হে বিশ্বেশ্বর! তুমি প্রমথগণ-বিহারী, তুমি সর্ব্বদা আনন্দস্বরূপ, তুমি কালরূপী, তুমি পাপহারী। হে দেবদেব! গিরিশ! ঈশ! হর! প্রসন্ন হউন। তাহা শুনিয়া দেবী হর্ষভরে বলিলেন, হে ব্রহ্মচারিন্! আপনাকেই আমি ভগবান্ শিব বলিয়া বোধ করিয়াছি; আপনি শিবজ্ঞ ও সাক্ষাৎ শিব—আপনাকে প্রণাম। হে দেবদেবেশ্বর! আমি ভক্তিসহকারে নমস্কার করি, আমার প্রতি প্রসন্ন হউন। শুকদেব কহিলেন, এইরূপে ভগবতী উমা প্রণাম করিলে, সেই মহেশ্বর তৎক্ষণাৎ স্বরূপ ধারণপূর্ব্বক বৃষরাজে বিরাজিত হইয়া বলিলেন, অয়ি সুন্দরি! তুমি আমায় প্রাপ্ত হইবে, সন্দেহ নাই। এই কথা বলিয়াই তিনি অন্তর্হিত হইলেন, উমাও পিত্রালয়ে গমন করিলেন। অনন্তর মহাযোগী শিব গঙ্গাকে মস্তকে ধারণপূর্ব্বক ভার্য্যার্থে নিঃস্পৃহ হইয়াও তথায় পর্ব্বতশৃঙ্গে অবস্থান করিলেন। তৎকালে শৈলেশ্বর হিমালয় নারদের বাক্যানুসারে শিবের শুশ্রূষার জন্য পুত্রী উমাকে নিযুক্ত করিলেন। তিনিও পিতার আদেশে যত্নপূর্ব্বক অভীষ্ট পতিসেবা করিতে লাগিলেন, তথাপি সেই মহাযোগী তাঁহাকে পত্নীত্বে কামনা করিলেন না। পূর্ব্বকালে ব্রহ্মা সন্ধ্যা-নাম্নী স্বীয় কন্যাতে উপগত হইতে প্রবৃত্ত হইলে শিব হাসিয়াছিলেন; এক্ষণে তিনি সেই বৈরানুক্রমে তদীয় সমাধিভঙ্গ জন্য কন্দর্পকে প্রেরণ করিলেন। হে জৈমিনে! পুষ্পধনুর্দ্ধারী সেই কন্দর্প পত্নী রতির সহিত আগমনপূর্ব্বক ধনুতে সম্মোহন প্রভৃতি

শর সন্ধান করিলেন। তৎকালে কুসুমরাজি-বিরাজিত মূর্ত্তিমান্ বসন্ত আবির্ভূত হইল। তখন মহাদেবের চঞ্চলভাব হইল। তিনি তাহা দেখিয়া তৎকারণ-অনুসন্ধানে প্রবৃত্ত হইয়া পার্শ্বে দৃষ্টিপাতপূর্ব্বক কন্দর্পকে কার্ম্মুকে জ্যা আরোপ করত অবস্থান করিতে দেখিয়া দৃক্‌পাতে ভস্ম করিলেন। এইরূপে মদন ভস্ম হইয়া দেবীর অঙ্গে গমন করিলে তাহার নাম অনঙ্গ হইল। মহেশ্বর সেই কামদেবের ভস্ম অঙ্গে লেপন করিলেন। তখন তাঁহাকে দেবী কামভাবে দর্শন করিলে তাঁহারও কামভাব উদ্রিক্ত হইল। ব্রহ্মাদি দেবগণ শম্ভুকে সকাম দেখিয়া আনন্দ প্রকাশ করিতে লাগিলেন। হিমালয়ও তাঁহাকে কন্যাদানে উদ্যত হইলেন। ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি দেবগণের সমক্ষে সেই মহেশ্বর যথাবিধি উমাদেবীকে বিবাহ করিয়া স্বস্থানে প্রস্থান করিলেন। অনন্তর দেবগণ তারকাসুরকর্ত্তৃক উৎপীড়িত হইয়া মহেশ্বরের নিকট গিয়া তদীয় বীর্য্যোৎপন্ন সেনাপতি প্রার্থনা করিলেন। তিনিও তাঁহাদের অভীষ্টসিদ্ধির নিমিত্ত সুমেরু-পর্ব্বতের মূলদেশে ইলাবৃত বর্ষে পার্ব্বতীর সহিত রমণে প্রবৃত্ত হইলেন। এইরূপে দিব্যপরিমাণে শতবর্ষ অতীত হইল। তাহা দেখিয়া ব্রহ্মাদি দেবগণ ভীত হইয়া অমর্ষ চিন্তায় আকুল হইয়া ভাবিলেন, দিব্যপরিমাণে শতবর্ষব্যাপী উমা ও মহেশ্বরের বিহারে যে পুত্র জন্মাইবে, তাহা কোথায় ধারণ করা হইবে। এইরূপ চিন্তা করিয়া তাঁহারা কতিপয় দ্বিজ প্রদর্শনে তাঁহাদিগের বিহার প্রতিবন্ধ করিলেন। দেবী বিপ্রদর্শনে লজ্জিত হইয়া বস্ত্র পরিধান করিলেন। তদবধি হে দ্বিজ! সেই স্থানটী দেবীপ্রীত্যর্থে শিবকর্ত্তৃক অভিশপ্ত হইয়া পুরুষের অগম্য ও স্ত্রীত্ব-কর হইল। তখন ভগবান্ শিব, স্থানভ্রষ্ট শুক্র ধরাতলে নিক্ষেপ করিলেন। অগ্নি স্বয়ং সেই সর্ব্বব্যাপী তেজ ধারণ করিলেন ও সকল দেবতার সম্মতিক্রমে তাহার কিয়দংশ গঙ্গাকে ধারণ করিতে বলিলেন। কিন্তু গঙ্গা তাহা ধারণ করিতে অসমর্থ হইয়া কৈলাস পর্ব্বতে শিব-কাননে নিক্ষেপ করিলেন। তাহা হইতে বিশাললোচন, মহাবল, মহাবাহু, মহাসত্ত্ব শিবকুমার সেনানীর উৎপত্তি হইল। দেবতাগণ তপ্তচামীকরবর্ণ নানালঙ্কারে শোভিত সেই কুমারকে সেনাপতিপদে অভিষিক্ত করিলেন। তিনি কৃত্তিকাদি ছয় মাতার স্তন্যপান করিয়াছিলেন বলিয়া কার্ত্তিকেয় প্রভৃতি নামে, নিগূহন বশতঃ গুহ নামে ও ষট্‌মুখে দুগ্ধ পান করিয়াছিলেন বলিয়া ষড়ানন নামে অভিহিত হন। শিব প্রভৃতি দেবগণ তাঁহাকে অস্ত্র শস্ত্র ও বাহনাদি প্রদান করিলেন। তিনি তাঁহাদিগের শত্রু তারকাসুরকে নিপাত করিলেন। দেবদেব উমার সহিত কৈলাস-শিখরে বাস করিতে লাগিলেন। হে দ্বিজবর! পার্ব্বতী শিববিচ্ছেদ অসহ্য হওয়ায়, তথায় তদীয় অর্দ্ধাঙ্গ হরণ করিলেন। তথায় মহেশ্বর প্রশ্নকারিণী পার্ব্বতীকে সর্ব্বদেবতার মন্ত্র ও তন্ত্র বলিয়াছিলেন। হে দ্বিজ! কিরূপে শিব পূর্ব্বপ্রিয়া সতীদেবীকে লাভ করিলেন, তাহা এই বলিলাম। এই পুণ্য আখ্যান পাঠ, শ্রবণ ও জপে অভীষ্টদায়ক; এক্ষণে আর কি বলিতে হইবে, বল?

ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৩ ॥

চতুর্ব্বিংশ অধ্যায়।

জৈমিনি কহিলেন, হে গুরো! আপনি মহাপুণ্য-ত্রিপথগামিনী গঙ্গার অবতরণকথা বলিলেন। এক্ষণে তাহাতে কর্ত্তব্য ও অকর্ত্তব্য কি তৎসমস্ত বলুন; আপনার মুখনিঃসৃত বাক্যসুধাপানে বিতৃষ্ণা উপলব্ধি হয় না, কারণ আপনার বাক্য অক্ষয় অর্থের প্রস্রবণ-স্বরূপ। ব্যাস কহিলেন, জৈমিনি এইরূপ জিজ্ঞাসা করিলে ভাগবতপ্রধান মহর্ষি সানন্দচিত্তে নিজশিষ্য জৈমিনিকে বলিতে লাগিলেন। শুকদেব বলিলেন, মহাপুণ্যকর মনোরম গঙ্গাধর্ম্ম শ্রবণ কর, শ্রবণেই গঙ্গাস্নানের ফলপ্রাপ্তি হয়। হিমালয় হইতে গঙ্গাসাগরসঙ্গম পর্য্যন্ত যে দেশ, উহা অপেক্ষা পরম পবিত্র স্থান নাই। অযোধ্যা, মথুরা, মায়া, কাশী, কাঞ্চী, অবন্তী ও দ্বারাবতী-এই সাতটী মুক্তিক্ষেত্র। তন্মধ্যে অযোধ্যা শ্রীরামচন্দ্রের নগরী, মথুরা কৃষ্ণপালিত নগরী, মায়া কামরূপ, কাশী শিবপুরী, কাঞ্চী দ্বিবিধ—শিবকাঞ্চী ও বিষ্ণুকাঞ্চী, অবন্তী সমুদ্রের তীরে শ্রীপুরুষোত্তম এবং দ্বারাবতী সমুদ্র-মধ্যস্থিত কৃষ্ণনির্ম্মিত পুরী,—এই সাতটী পৃথিবীমধ্যে গণ্য নহে। অযোধ্যা মহাপুরী শ্রীরামচন্দ্রের ধনুকের অগ্রভাগে স্থিত, কেশবের প্রিয়নগরী মথুরা সুদর্শনচক্রে ধৃত, ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি দেবগণে সেবিত মায়ানগরী শিবলিঙ্গের উপরিস্থিত, কাশী শিবের ত্রিশূলে-স্থিত এবং শিবকাঞ্চী ও বিষ্ণুকাঞ্চী বাম ও দক্ষিণ হস্তে ধৃত, দিব্যপুরী অবন্তী হরির পদ্মো-পরি স্থিত ও দ্বারাবতী বিষ্ণুর পাঞ্চজন্য শঙ্খোপরিস্থিত। এই সকল নগরীকে মোক্ষদায়িনী বলিয়া দেবগণ যেমন গণনা করিয়াছেন, শিবমস্তকোপরিস্থিত সুরধুনী গঙ্গাও তদ্রূপ। ইহাঁকে ধারণ করিতে স্বয়ং মহাদেব নিজ মস্তককে অষ্টহস্তাধিক সার্দ্ধযোজন বিস্তৃত ও কিঞ্চিদূন যোজনশত দীর্ঘ করিয়াছিলেন। অতএব গঙ্গাশ্রিত দেশ কদাচ পৃথিবীমধ্যে গণ্য নহে; প্রত্যুত বিশ্বমূর্ত্তি মহেশ্বরের মস্তক বলিয়া কীর্ত্তিত আছে। অলকনন্দানাম্নী এই গঙ্গা দক্ষিণবাহিনী, নতুবা গঙ্গা কোনস্থানে পূর্ব্ববাহিণী, কোনস্থানে পশ্চিমবাহিনী, কোথায় বা উত্তরবাহিণী, কোনস্থানে বা দক্ষিণবাহিনী। দক্ষিণবাহিনীর শতগুণ পূর্ব্ব-বাহিনী, তাহার শতগুণ পশ্চিমবাহিনী, তাহার সহস্রগুণ উত্তরবাহিণী। হে বিপ্র! সর্ব্বতোমুক্তিদায়িনী গঙ্গা ভারতের সর্ব্বস্থানের বিধানে সাক্ষিস্বরূপ আছেন। এই গঙ্গা-সদৃশ তীর্থ নাই; গঙ্গা পরমদেবতা, ইনিই বসতিস্থান; ইনিই পরমগতি। দেবী গঙ্গা আকাশে, পর্ব্বতে, ধরায় ও পাতালে সর্ব্বত্র আছেন। এই গঙ্গার জলে স্নানাদি পুণ্য-কার্য্যে দেশাদেশ, কালাকাল ও পাত্রাপাত্র বিচার নাই। কীটপতঙ্গাদি ক্ষুদ্র জীবগণও গঙ্গাজলে মৃত হইলে কীটাদি দেহ ত্যাগ করিয়া সুদুর্লভ স্বর্গ প্রাপ্ত হয়। সগরপুত্রগণ তমোভাবে পরিপূর্ণ, পাপাচারী, ব্রহ্মশাপে ভস্মীভূত হইলেও যাহার জলস্পর্শে বহুকালের পর স্বর্গতিলাভ করিল; তখন যাহারা ভক্তিপূর্ব্বক সেই পাপনাশিনী গঙ্গার সেবা করে, তাহাদিগের ত কথাই নাই। যে ব্যক্তি শত শত যোজন অন্তরে থাকিয়াও "গঙ্গা গঙ্গা"

এই নাম মুখে বলে, সে সর্ব্বপাপমুক্ত হইয়া বিষ্ণুলোকে গমন করে। যে দুর্ম্মতি জন্মাবধি নিরবচ্ছিন্ন পাপকর্ম্ম করিয়া গঙ্গামৃত্যু লাভ করে, মোক্ষ তাহার কিঙ্কর হইয়া থাকে। অতএব হে জৈমিনে! গঙ্গার রক্ষা সর্ব্বপ্রযত্নে কর্ত্তব্য; পরিত্যাগ কর্ত্তব্য নহে, তাহা হইলে কাহারও পরিত্রাণ নাই। জৈমিনি কহিলেন, হে ব্রহ্মন্! গঙ্গার রক্ষা ও পরিত্যাগ কিরূপ? এ বিষয়ে আমার সংশয় নিরাস করুন। শুকদেব বলিলেন, প্রবাহ হইতে চারি হস্ত পর্য্যন্ত যে স্থান, তথাকার স্বামী সাক্ষাৎ নারায়ণ; তদ্ভিন্ন অন্য কেহ কদাচ নহে। এইস্থানে পুণ্যবান্ ব্যক্তি প্রাণাত্যয়েও কিঞ্চিৎ গ্রহণ করিবে না অথবা সৎপাত্র প্রাপ্ত হইলেও দান করিবে না। যেহেতু প্রতিগ্রহের অভাবেই দানাভাব বুঝায়, গঙ্গায় পরক্ষতিকর কার্য্য সঙ্গত নহে। হে বিপ্র! গঙ্গায় প্রতিগ্রহ করিলে তাঁহাকে বিক্রয় করা হয়। গঙ্গাকে বিক্রয় করিলে জনার্দ্দনও বিক্রীত হন। জনার্দ্দনকে বিক্রয় করা হইলে ত্রিভুবনও বিক্রীত হয়; সুতরাং নিঃসম্বন্ধ বশত তাহার ত্রাণকর্ত্তা কেহ থাকে না। হে জৈমিনে! মিথ্যা কটু বা অপারমার্থিক বাক্য, দান, প্রতিগ্রহ, ক্রয়, বিক্রয়, পরপীড়াকর-কার্য্য, শস্ত্রপাত, বস্ত্রক্ষালন, নিজ গাত্রের মলকর্ষণ, পরদ্রব্যে পূজা, মৈথুন, ভোজন, অশাস্ত্র বা অজ্ঞাত-বিষয়ের কথন, পাদ-প্রক্ষালন, নিষ্ঠীবন, অপান-বায়ু-নিঃসারণ, উচ্ছিষ্ট-ক্ষেপণ, দণ্ডতাড়ন, অভ্যক্ত ভাবে স্নান ও অন্য তীর্থ বা অন্য জলের প্রশংসা; এই সমস্ত গঙ্গায় পরিত্যাগ করিবে। অভ্যঙ্গ দ্বিবিধ,—মস্তকাবধি বারি-মার্জ্জন ও মস্তকে নিক্ষিপ্ত তৈলের পাদ পর্য্যন্ত ধারায় পতন; এই উভয় প্রকারই ত্যাগ করিবে। গঙ্গায় প্রাণান্তেও শপথ, স্বচ্ছন্দ-বিচরণ, স্থানাস্থান-কল্পনা এবং এক বস্ত্রে বা অনেক বস্ত্রে, স্বর্ণ ও রৌপ্য অঙ্গে ধারণ না করিয়া স্নান করিবে না। আলস্য, শোক, মোহ, দুঃখচিন্তা, নাস্তিকতা, বিবাদলিপ্সা ও পাপচিন্তা গঙ্গাতীরে পরিহার করিবে। ভাদ্র মাসের কৃষ্ণচতুর্দ্দশীতিথিতে যে পর্য্যন্ত জল উঠে, ততদূর গঙ্গার গর্ভ বলিয়া জানিবে; তাহার ঊর্দ্ধ তীর নামে খ্যাত। এই তীর দেড় শত হাত বিস্তৃত; তীর হইতে চতুর্দ্দিকে দুই ক্রোশ পরিমিত স্থান ক্ষেত্র-সংজ্ঞিত, এইরূপে তীর ও ক্ষেত্র সর্ব্বপাপ-শূন্য জানিবে। প্রবাহ হইতে শত হস্ত পর্য্যন্ত গর্ভক্ষেত্র কহে। তথায় কি কি কার্য্য বর্জ্জনীয়, তাহা অবহিত-চিত্তে শ্রবণ কর। এই গর্ভক্ষেত্রে হিংসা, দ্বেষ, কলহ, মিথ্যাবাক্য, প্রতিগ্রহ, স্থানাস্থান-কল্পনা, অশাস্ত্র-বচন, পরান্নভোজন, পরদ্রব্যোপভোগ, শোক, মোহ, দুঃখচিন্তা, নাস্তিকতা, পাপভাবনা, ভিক্ষা, লিপ্সা, চাঞ্চল্য ও পরিহাস বর্জ্জন করিবে। হে দ্বিজ-পুঙ্গব! গঙ্গাতীরে যাহা পরিত্যাজ্য; এক্ষণে তাহা বলিতেছি। মিথ্যাকথন, শোকপ্রকাশ, মোহ, নাস্তিক্যভাব, পাপবুদ্ধি, কটুবাক্য, পরের পীড়াদায়ক কার্য্য, শাস্ত্র-বিগর্হিত বাক্য, কোন বিষয় না জানিয়া বলা, অন্য তীর্থের প্রশংসা, অন্য জলের প্রশংসা এবং স্থানাস্থানের বিচার; এই সকল গঙ্গাতীরে বর্জ্জন করিবে। উদ্ধৃত গঙ্গাজল দ্বারা জলসাধ্য কার্য্য সকল করিবে। যিনি গঙ্গার তীরস্থ

হইয়া অন্ত জল স্পর্শ না করেন, তিনি নিশ্চয়ই আপনাকে ব্রহ্ম বলিয়া অবগত হউন। এই মহাতীর্থ গঙ্গাতে যাবতীয় দৈব ও পৈত্র কার্য্যে অশৌচ হয় না। গঙ্গাতীর ও যেদিকে গঙ্গা প্রবাহিতা আছেন, সেই দিক্‌কে মল-মূত্রাদি ত্যাগ করিবার কারণ পরিহার করিবে, গঙ্গার সন্নিহিত যাবতীয় স্থানই পরমপবিত্র; সুতরাং তথা হইতে কদাচ অন্যত্র যাইবে না। ঐ সকল স্থানে পুণ্যকার্য্যের যাদৃশ ফল প্রাপ্ত হওয়া যায়, পাপকার্য্যেরও তাদৃশ জানিবে। মন্ত্রগ্রহণ, মন্ত্রজপ ও দেবার্চ্চনা গঙ্গাতটে বিশেষ ফলদায়ক হয়। এক্ষণে নারায়ণ-ক্ষেত্রে যে কিছু কর্ত্তব্য, তাহা নিরূপণ করিতেছি। শুক্লবস্ত্র পরিধান করিয়া সাবিত্রীজপ, শ্রাদ্ধ, তর্পণ, পরোপকারক র্ম, দানার্থবৃষোৎসর্গ, ইষ্টদেবের প্রীতিকর কার্য্য এবং পূর্ব্বে যে দ্রব্য দান করিবে বলিয়া সংকল্প রহিয়াছে, পাত্রহস্তে তাহার দান, স্তবপাঠ ও মৌনভাব করিবে এবং ঐ স্থানে নীচ ব্যক্তির সহিত সম্ভাষণ করিবে না। কেবল ব্রহ্মভাবমায় জলমাত্র পান করিবে, এই সকল কার্য্য নারায়ণ-ক্ষেত্রে আচরণ করিবে।

চতুর্ব্বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৪ ॥

পঞ্চবিংশ অধ্যায়।

ঋষি বলিলেন, যেকালে মানবের মন গঙ্গাদর্শনার্থে ব্যাকুল হইবে, তখনই তথায় গমন করিবে এবং স্নাত হইয়া দেবতা, ঋষিগণ ও পিতৃলোকের অর্চ্চনা করিবে। তথায় শুক্লবস্ত্র পরিধান করত প্রাণায়াম অভ্যাস করিবে। গঙ্গায় গমন কালে মৈথুন, কলহ ও হিংসা পরিহার করিবে এবং মলিন বসন গ্রহণপূর্ব্বক ইষ্টদেব, গণেশ, বিষ্ণু, শিব, দুর্গা, সরস্বতী, গো, ব্রাহ্মণ ও পতিব্রতা সকলকে বক্ষ্যমাণ বাক্য দ্বারা প্রণাম করিবে। গুরুগণ, পিতৃগণ, দেবগণ, দিক্‌পালগণ, গ্রহগণ, ঋষিগণ, চারণ, সিদ্ধ, গন্ধর্ব্ব ও কিন্নরগণ এবং দেবদেবীগণ আপনাদের সকলকে আমি এক্ষণে প্রণাম করিতেছি; আপনারা আমার এই গঙ্গাস্নান-যাত্রায় সিদ্ধিদায়ক হউন। এই মন্ত্র উচ্চারণ করিয়া গঙ্গায় প্রস্থান করিবে। বিল্ব ও তুলসীতরুকে ভক্তিসহকারে প্রণাম করিয়া বিল্বপত্র আঘ্রাণ করত গঙ্গায় যাত্রা করিবে। গঙ্গাযাত্রী মানব পথিমধ্যে দিবারাত্র শয়ন, ভোজন ও দানাদি সকল কার্য্যেই গঙ্গানাম স্মরণ করিয়া কালযাপন করিবে। গঙ্গাযাত্রী ব্যক্তির পথে যদি মৃত্যু হয়, তবে তাহার গঙ্গামৃত্যুর ফল হইবে, ইহাতে সংশয় নাই। দেবতারা জীবের গঙ্গাদর্শনের বিরোধী হইয়া থাকেন, তাহার উদ্দেশ্য, যাহাতে সে ব্যক্তি গঙ্গায় অবগাহন করিয়া তাঁহাদের সমান না হইতে পারে। যেমন রাত্রি-অবসানে অন্ধকার সকল নিষ্প্রভ হয়, তদ্রূপ জীবদেহের পাপরাশি গঙ্গাযাত্রায় উদ্যোগ করিবামাত্র সামর্থ্যহীন হইয়া

থাকে; তথাপি তখন তাহারা পদে পদে গমনবিঘ্ন করিয়া থাকে। কিন্তু গঙ্গার বায়ুস্পর্শমাত্রে সেই সকল পাপ বিনষ্ট হয়। তখন দেবতারা সকলে তাহার বিঘ্নকারী হন; সুতরাং গঙ্গাবায়ুস্পর্শ হইলে বক্ষ্যমাণস্তব পাঠ করিবে,—যাহাতে সর্ব্বদেবদেব ভগবান্ বিষ্ণু পরিতুষ্ট হন। যে বিষ্ণু নিজ মহিমায় অবস্থিত হইয়া নিজের অপ্রমেয়তা প্রকাশ করিতেছেন, সেই শোকমোহ-বহির্ভূত সনাতন বিষ্ণুকে ধ্যান করিবে। আলনাদিতে অসংস্পৃষ্ট যে গুণাতীত ঈশ্বরকে যোগিগণ সর্ব্বদা সেবা করিয়া থাকেন, সেই শান্তিময় বিশ্বরূপ সনাতন বিষ্ণুকে ধ্যান করিবে। যাঁহারা সনাতন ব্যোমদেহ সুখ ও ধর্ম্মের একমাত্র আশ্রয়, সেই ধর্ম্ম ও অধর্ম্মের আলয় সনাতন বিষ্ণুকে ধ্যান করিবে। যিনি ক্ষর ও অক্ষর হইতে অতীত, যাঁহার জন্ম মৃত্যু নাই, সত্যই যাঁহার সঙ্কল্প, সেই অভয়দাতা সনাতন বিষ্ণুকে ধ্যান করিবে। পণ্ডিতেরা যাঁহাকে নিত্যকারণ ও কার্য্যরূপে অবলোকন করেন, সেই জ্ঞেয়রূপী পরমাত্মা বিষ্ণুকে ধ্যান করিবে। ব্যাসাদি যোগপরায়ণ ঋষিগণ ধ্যানমগ্ন হইয়া যাঁহাকে ভাবরূপ পুষ্পরাশি দ্বারা অর্চ্চনা করেন, সেই সনাতন বিষ্ণুকে ধ্যান করিবে। এই যোগিজনাহ্লাদক পবিত্র বিষ্ণ্বষ্টক যে ব্যক্তি পরম ভক্তিসহকারে পাঠ করেন, তিনি বিষ্ণুর সদৃশ হন। এই স্তবপাঠে বিষ্ণুসদৃশ মানব গঙ্গাকে অবলোকন করিবে এবং পরমপবিত্রা গঙ্গাকে দর্শনের পর হে দেবি। জগজ্জননি! শিব মস্তকবাসিনি! মাতর্গঙ্গে! আজি আমার জন্ম সফল হউক, আপনাকে প্রণাম করিতেছি। এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক সেই ভগবতীকে প্রণাম করিবে এবং হে গঙ্গে! তোমাকে স্মরণ করিতাম, আজি দর্শন করিলাম, এক্ষণে স্পর্শ করিতেছি। হে জগজ্জননি! তুমি বিষ্ণুদেহ-দ্রবময়ী, আমার প্রতি প্রসন্না হও। অতঃপর উত্তর ও অধর বাস পরীধানপূর্ব্বক ইষ্টদেবপ্রীতিকামনায় স্নান করিবে। যাহারা এই জলপ্রবাহে মজ্জন করে, আর তাহাদিগকে ভবসমুদ্রে মগ্ন হইতে হয় না; আজি আমার সম্মুখে সেই জলরাশি, দেবতারা যাঁহার গঙ্গা নামে গান করিয়া থাকেন। গঙ্গাসলিলে তীর্থাবাহন নাই এবং ইহাতে সঙ্কল্প না করিয়া স্নান করিলেও নিষ্পাপ হইয়া থাকে। এই স্নানে যথাবিধানে দেবতা, ঋষি ও পিতৃগণেরই তর্পণ করিবে এবং অন্যচিন্তা পরিত্যাগ করিয়া নিজ ইষ্টদেবতার পূজা করিবে। গঙ্গাতীরে ত্রিরাত্রকাল বাস করিবে; কারণ ঐ স্থানে যেটুকু সময় থাকিবে ঐ সময়ই সার্থক হইল, জানিবে। গঙ্গা হইতে প্রত্যাগমন কালে পুনরায় তাঁহার দর্শনবাসনায় প্রার্থনা করিবে। জীবের পিতা, মাতা, স্ত্রী, পুত্র, কন্যা বা ধনরাশির বিয়োগে তাদৃশ দুঃখ হয় না, যেরূপ দুঃখ গঙ্গার বিয়োগে হইয়া থাকে। হে বিপ্র! অগঙ্গদেশ উৎসবময় হইলে উৎসবহীন জানিবে, আর যে দেশে গঙ্গা নাই সে দেশ গমনের অযোগ্য। যে ব্যক্তি একপাদে অবস্থিত হইয়া অযুতবর্ষ তপস্যা করেন, তাঁহা অপেক্ষা দণ্ডমাত্রকাল গঙ্গায় বাসকারী পুরুষই শ্রেষ্ঠ। যে ব্যক্তি এক পক্ষ বা এক মাস গঙ্গায় বাস করে, সেই ব্যক্তিকে ভগবতী

গঙ্গা দশুসম সংখ্যায় ফল বিতরণ করিয়া থাকেন। মানব যাবৎকাল গঙ্গায় বাস করে সেই কালে তদীয় পিতৃগণ ও দেবতারা তাহার প্রতি পরম সন্তুষ্ট থাকেন। ঐ সময়ে ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া থাকিবে এবং ভিক্ষালব্ধ বা পরপ্রদত্ত অন্ন গ্রহণ করিবে না, পরের নিন্দা করিবে না। যে ব্যক্তি গঙ্গাতীরে অবস্থান করিয়া পরনিন্দা করে, সর্ব্বভূতময় বিষ্ণু তাহার প্রতি কুপিত হইয়া পরাঙ্মুখ হন। গৃহস্থ গঙ্গায় স্নানার্থ আসিয়া যদি তণ্ডুল সুবর্ণ বা বস্ত্রাদি যে কিছু দ্রব্য গ্রহণ করে, তবে তাহার গঙ্গায় আগমনের সম্যক্ ফলসিদ্ধি হয় না এবং যে ব্যক্তি গঙ্গায় উপস্থিত হইয়া স্নান উপেক্ষা করে, সেই পাপাত্মা সর্ব্বদা পঙ্গু হইয়া থাকে। তীরবাসীরা প্রভাতে, মধ্যাহ্নে ও সায়ংকালে গঙ্গাকে দর্শন করিবে। যে ব্যক্তি স্নান না করিয়া তীর পরিত্যাগ করত দূরে গমন করে, ব্রহ্মহত্যা প্রভৃতি পাপ তাহাকে আশ্রয় করে। নিত্য গঙ্গাস্নায়ী গঙ্গাতীর-বাসী ব্যক্তিকে যথাবিধানে পূজা করিলে অশ্বমেধযজ্ঞের ফল লাভ হয়। যে ব্রাহ্মণ গঙ্গাহীনদেশে বাস করে, যদি তার বাসভবন ভগ্ন হয় এবং তখন যদি সে দেবী গঙ্গাকে আশ্রয় না করে, তবে বিধাতাই তাহাকে বঞ্চনা করিলেন, জানিবে। সেই সকল গ্রাম, জনপদ, পর্ব্বত ও আশ্রম পবিত্রতম বলিয়া জানিও,—যাহাদিগের মধ্য দিয়া নদীশ্রেষ্ঠা ভাগীরথী প্রবাহিতা হইয়া থাকেন। বিদ্যুৎবিকাশের মত ক্ষণস্থায়ী দুর্লভ মনুষ্যজন্ম পাইয়া যে ব্যক্তি গঙ্গার সেবা করে, সেই ব্যক্তিই বুদ্ধির পরপারে যাইয়াছে অর্থাৎ পরম বুদ্ধিমান্ বলিয়া তাহাকে জানিবে। যে মহাত্মারা বহুপুণ্যপ্রভাবে দেবলোকেও পূজিত হইয়া থাকেন, তাঁহারাই পৃথিবীতে গঙ্গাকে সহস্র সূর্য্যের ন্যায় প্রভাশালিনী দেখিয়া থাকেন আর নাস্তিকেরা ঐ দেবীকে সাধারণ জলপূর্ণ ও সামান্য নদীর মত দেখিয়া থাকে। কারণ কৃত পাপ তাহাদিগের দর্শনের ব্যাঘাত করে। যে ব্যক্তি গঙ্গাহীনদেশ পরিত্যাগ করিয়া গঙ্গাতীর আশ্রয় করে, সেই দেবদুর্লভ মনুষ্যই বুদ্ধিমান্-দিগের শ্রেষ্ঠ। হে দ্বিজবর! যাহার পিতৃপিতামহক্রমে গঙ্গাতীরে বাস আছে, সে ব্যক্তি মানবচর্ম্মে আচ্ছাদিত ভগবান্ শিব, ইহাতে সন্দেহ নাই। গঙ্গাতীরবাসী ব্যক্তিকে যিনি সুলক্ষণা কন্যা সংপ্রদান করেন, তাঁহার পিতৃগণ প্রত্যহ গয়াশ্রাদ্ধ ভোগ করেন এবং যিনি গঙ্গাতীরবাসীকে ভূমিদান করেন, তিনি চতুর্দ্দশ ইন্দ্রের অবস্থানকাল ব্যাপিয়া স্বর্গরাজ্য ভোগ করেন। গঙ্গাতীরবাসী ব্যক্তি অপরাধী হইলেও যিনি তাহাকে পরুষবাক্যে তাড়না করেন, তাহার পাপফল শ্রবণ কর,—দেবতারা ও পিতৃলোক তৎসেবিত হইলেও বিমুখ হন, গঙ্গা তাহাকে পরিত্যাগ করেন; সে চিরকাল নরকে অবস্থান করে। যিনি গঙ্গাতীরবাসী ব্যক্তিকে সূর্য্যের ন্যায় দর্শন করেন, তাহারই নির্ম্মল নয়ন দেবদর্শনে সক্ষম হয়। হে দ্বিজবর! যিনি গঙ্গাতীরবাসী ব্যক্তিদিগকে গঙ্গালোক বলিয়া নির্দ্দেশ করেন, গঙ্গাদেবী তাঁহাকেই অনুগ্রহ করিয়া থাকেন। হে জৈমিনে! মন্দচেতা ব্যক্তিরাই, দেবতারও পূজনীয়, গঙ্গাতীরবাসী মানব-

দিগকে পাপজনক মনুষ্য জ্ঞানে অবমাননা করিয়া থাকে; কিন্তু সে অবগত নহে যে, দেবতারাই মনুষ্যরূপ ধারণ করিয়া গঙ্গাতীরে বিচরণ করেন; সুতরাং শুভাকাঙ্ক্ষী ব্যক্তি কদাচ তাঁহাদিগকে অবমাননা করিবে না। হে মুনে! অসংখ্য পিশাচগণ শিবের আদেশে বায়ুরূপ ধারণ পূর্ব্বক গঙ্গার উভয় তীরে অবস্থান করিতেছে। তাহাদের যে কার্য্য ও যে কারণে তাহারা ঐরূপে নিযোজিত আছে, তাহা শ্রবণ কর। হে বিপ্রবর! ঐ গঙ্গাতীরে যে পাপাত্মারা বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মা, কেশ, নখাদি পরিত্যাগ করে, পিশাচেরা সেই কদর্য্য বস্তু তাহাদিগকেই ভোজন করায়। যাহারা মিথ্যাবাদী, দুষ্ট, গুরুসেবা-পরাঙ্মুখ, বৃথা হিংসাকারী, খল ও বিশ্বাসঘাতক; তাহাদিগকে মরণ সময়ে গঙ্গাপিশাচেরা গঙ্গাতট হইতে হরণ করিয়া, আকাশপথে লইয়া স্থাপন করে। পরে তাহারা সেই শূন্যমার্গেই প্রাণত্যাগ করিয়া পরম দুর্গতি প্রাপ্ত হয়; কিন্তু পাপিষ্ঠেরা ইহা দেখিতে পায় না। এই সকল ব্যাপার জ্ঞানীদিগেরই নয়নগোচর হয়; হে জৈমিনে! ইহার লক্ষণ বলিতেছি, শ্রবণ কর। যাহারা গঙ্গায় বিষ্ঠা বা মূত্র ত্যাগ করে, তাহারা চিররোগী হইয়া থাকে, বহুকাল উন্মত্ত হইয়া সর্ব্বদা দীর্ঘ শ্বাসবহন করে তাহাদের দেহ মলিন হয়, ইন্দ্রিয় শিথিল হইয়া যায়; এইরূপ অবস্থায় তাহারা মরে, তাহাকেই উক্ত পিশাচেরা শূন্যমার্গে লইয়া যায়। গঙ্গাভৈরব নামে অপর কতকগুলিন শিবের কিঙ্কর আছে, তাহারা সর্ব্বদা নানারূপে বিচরণ করত গঙ্গাকে রক্ষা করিতেছে। তাহাদের যে কর্ম্ম, তাহা বলিতেছি, শ্রবণ কর। হে মহাভাগ! যে সকল পুষ্প বা নৈবেদ্যাদি বস্তু অদত্ত হইয়া, গঙ্গাপ্রবাহে ভাসমান হয়, তাহারা সেই সমুদয় গ্রহণপূর্ব্বক গঙ্গাদেবীকে ও শিব, বিষ্ণু প্রভৃতি দেবগণকে পূজা করিয়া থাকে এবং বস্ত্রনিষ্পীড়িত জল ও পরিধানের পরত্যক্ত বস্ত্র গঙ্গাজলের সন্নিহিত হইবা মাত্র গঙ্গায় পতন আশঙ্কা করিয়া, তাহারা নিজ মস্তকে গ্রহণ করে। যাহারা মদ, মাৎসর্য্য ও হিংসারসে আক্রান্ত, সেই সকল দুষ্টবুদ্ধি ব্যক্তিকে দেবতারা গঙ্গা হইতে দূর করিয়া দেন; সুতরাং তাহারা অন্যত্র প্রাণত্যাগ করে। সে কারণ সর্ব্বতোভাবে হিংসাদি পরিবর্জ্জন করিবে। হে বিপ্র! এই তোমাকে নিজ বোধানুযায়ী গঙ্গামাহাত্ম্য বর্ণন করিলাম, এক্ষণে গঙ্গায় মরণের ফল কহিতেছি, শ্রবণ কর।

পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত॥ ২৫॥

ষড়বিংশ অধ্যায়।

ঋষি কহিলেন, হে জৈমিনে! যে ব্যক্তি কোটিজন্ম নিষ্পাপ হইয়া আসিতেছে, তাহারই গঙ্গায় মরণ হয়। গঙ্গার প্রবাহ হইতে চতুর্হস্ত পরিমিত যে স্থান, তাহাতে যে দেহীর

প্রাণত্যাগ হয়, তাহাকে আর দেহ আশ্রয় করিতে হয় না এবং তাহাতেই তাহার কোটিজন্ম সঞ্চিত পুণ্যের প্রকাশ পায়। হে দ্বিজবর! জীবের জন্মের সহিতই মরণ উৎপন্ন হইয়া থাকে; যদি সেই মরণ গঙ্গাজলে হয়, তবে তাহার চিরদিনের মত জন্মও বিনষ্ট হইয়া থাকে, অর্থাৎ গঙ্গামৃত ব্যক্তিকে আর দেহধারণের কষ্ট পাইতে হয় না। হে জৈমিনে! শত অকার্য্যকারী ব্যক্তিরও গঙ্গায় মৃত্যু হইলে, তদীয় পাপরাশি গুরুত্বপ্রযুক্ত অধোগত হয় এবং বলবৎ পুণ্য লঘুতাপ্রযুক্ত উর্দ্ধগত হয়; দেহী সেই পুণ্য-অবলম্বনে উর্দ্ধে গমন করে। সামান্য পক্ষী হইতে পরম যোগী পর্য্যন্ত যে কোন জীব, জ্ঞান বা অজ্ঞানপূর্ব্বক গঙ্গায় প্রাণত্যাগ করিবামাত্র মুক্তিলাভ করে। জৈমিনি কহিলেন, হে ব্রহ্মন্! আপনি বলিলেন যে, মিথ্যাকথনাদি পাপে দূষিত ব্যক্তিদিগকে মৃত্যুসময়ে গঙ্গাপিশাচেরা এই বিষ্ণুক্ষেত্র হইতে উর্দ্ধে লইয়া যায়। কিন্তু প্রভো! পক্ষী বা কীটদিগের কিরূপে গঙ্গামৃত্যু হয়? কেমনেই বা গঙ্গাতে ব্রহ্মহত্যাদি পাপের প্রায়শ্চিত্ত হয়? তাহা বলিয়া আমার মনের সংশয় শীঘ্র দূর করুন, যেহেতু ইন্দ্রিয়ের অগোচর অতিসূক্ষ্ম বিষয়ও ভবাদৃশ যোগিগণ জানিতে পারেন। ঋষি কহিলেন, হে জৈমিনে! যাহারা মিথ্যাবাদী, দুষ্ট ও গুরুসেবায় বিমুখ এবং যাহারা বৃথাহিংসা করে, খলতায় পরিপূর্ণ বা বিশ্বাস-ঘাতক; তাহারা যাবৎকাল জীবিত থাকে, তাহাদিগের সেই সকল পাপরাশি গঙ্গাদর্শন-কর্ম্মের ব্যাঘাত করিয়া থাকে; সুতরাং সেই পাপিষ্ঠেরা শূন্যমার্গেই প্রাণত্যাগ করিয়া থাকে। পরে সেই পাপিষ্ঠেরা শূন্যমরণহেতুক ভূরিপাপে আক্রান্ত হইয়া অনন্ত নরক ভোগ করত পাপাবসানে সদ্বংশে জন্মগ্রহণ করে ও সেই জন্মেই গঙ্গায় প্রাণত্যাগ করিয়া মুক্তিলাভ করে। তির্য্যগ্‌যোনিজাতদিগের পাপের ফলভোগ ঐ দেহেই হইতেছে, সুতরাং তাহাদের গঙ্গামরণে পিশাচেরা ব্যাঘাত করে না। পরে তাহারা স্বর্গভোগের পর নির্ব্বাণ মোক্ষের অধিকারী হয়। ব্রহ্মহত্যা, গো-হত্যা, স্ত্রী-হত্যা প্রভৃতি পাপ সকলও একমাত্র সত্যপালনরূপ পুণ্যে বিনষ্ট হয়; সুতরাং ঐ মহাপাত-কীরাও সত্যকথনরূপ পুণ্যে মুক্তিদায়িনী গঙ্গাকে প্রাপ্ত হয়। হে মহামুনে! এক্ষণে আর কি সংশয় আছে? তাহা জিজ্ঞাসা কর। জৈমিনি কহিলেন, হে মহাভাগ! এইরূপ গঙ্গায় মৃত্যু কোথায় কাহার হইয়াছে? তাহা শুনিতে বড়ই ইচ্ছা হইতেছে, তাহা আমাকে বলুন। ঋষি কহিলেন, হে দ্বিজবর! সগরসন্তানগণের অতি দুর্লভ সদ্গতির কথা পূর্ব্বে বলিয়াছি, এক্ষণে অন্য এক ইতিহাস বলিতেছি, শ্রবণ কর। পূর্ব্বে কীকট-নামক দেশে প্রজালোকের হিতার্থী কাককর্ণনামা রাজা ছিলেন। তিনি নিত্যই ব্রহ্মের দ্বেষ করিতেন। সেই রাজা নিয়ত রজঃ ও তমোগুণে আক্রান্ত ছিলেন বলিয়া ধর্ম্মকথা তদীয় কর্ণে বজ্রের ন্যায় বোধ হইত। সেই দেশে গয়া নামে একটী পুণ্য প্রদেশ ও পিতৃ-গণের স্বর্গপ্রদায়িনী ফল্গু নাম্নী এক নদী ছিল, কিন্তু ঐ উভয় স্থানে রাজা স্বয়ং যাইতেন না বলিয়া কেহই গমন করিত না। কিছুকাল পরে রাজা এক নিত্যগঙ্গাস্নায়ী গঙ্গা-

পরায়ণ সাধু বণিক্‌কে দেখিতে পান। সেই বণিক্ রাজাকে বহুল অর্থ প্রদান করিলেন, তাহাতে রাজা অত্যন্ত প্রীত হইলেন, বণিক্‌ও রাজার অনুরোধে তথায় বাস করিলেন। সেই বৎসরের মধ্যেই কাককর্ণ রাজার প্রবল দাহজ্বর পীড়ায় মৃত্যুকাল উপস্থিত হইল। তখন সেই পরম নাস্তিক রাজা বন্ধুবর বণিক্‌কে অবলোকন করিয়া তদীয় বিচ্ছেদ-দুঃখ অনুভব করিয়াই রোদন করিতে লাগিলেন। কাককর্ণ কহিলেন, হে সখে! হে মহাভাগ! আমি মরিতেছি, ইহাতে সন্দেহ নাই। তুমি আমার সকল কর্ম্মেই বিশ্বাস্য, সুহৃদ্, সখা ও বন্ধু। হে বণিক্‌বর। আমার এই শিশু সন্তান-দিগকে ও এই সমৃদ্ধ রাজ্যটীকে তুমি রক্ষা করিও। বণিক্ কহিলেন, হে মহারাজ! দেহী মাত্রেরই মরণ নিশ্চয় এবং একমাত্র ঈশ্বরকেই সুখ ও দুঃখের কর্ত্তা বলিয়া জানিবে। আত্মাই সকলের শোকস্থান, অন্য কেহ নাই; কারণ সকলে আত্মসঞ্চিত কর্ম্মফলই ভোগ করে, কখন পরোপার্জ্জিত ফল ভোগ করে না। হে মহারাজ! যখন দেহই আপনার নহে, তখন অন্য পুত্রাদির কথায় কি প্রয়োজন? এ সময়ে বিষ্ণু শিব ও গঙ্গাকে স্মরণ কর। উঁহাদিগকে স্মরণ করিলে চিরদিনের মত দেহবন্ধন ছিন্ন হইবে, তুমি সদ্গতি লাভ করিবে এবং তোমার পুত্রাদি স্বজনেরাও কল্যাণলাভ করিবে। কাককর্ণ কহিলেন, হে সখে! আমার এই বিপদ্‌কালে এরূপ বাক্য বন্ধুচিত নহে। আমার বালক পুত্রকে আনয়ন কর, আমি তাহাকে তোমার হস্তে অর্পণ করি; কারণ অন্য বলবান্ রাজারা আমার পুত্রকে যাহাতে পীড়ন না করে, আর তুমি যে কথা বলিলে, তাহা কি আমি জন্মাবধি শুনি নাই। বণিক্ কহিলেন, হে মহারাজ! শোক করিও না, স্ত্রী পুত্রকে প্রতিপালন কর; আর আমিও ত মরিব, তবে কেমনে তোমার পুত্রকে রক্ষা করিব? কাককর্ণ কহিলেন, হে সখে! আমি সম্মুখে ভীমাকৃতি আরক্ত-নয়ন দুইটী বীর পুরুষকে দেখিতেছি, এক্ষণে তোমার বাক্য আর শুনিবার জন্য থাকিতে পারিতেছি না; তুমি আমার স্বজনদিগকে রক্ষা করিও। শুক কহিলেন, ধার্ম্মিক রাজা কাককর্ণ এই কথা বলিয়াই যমপুরীস্থিত নদীর তটদ্বয় নিরীক্ষণ করিতে লাগিলেন, তদীয় সকল ইন্দ্রিয়ের জ্ঞান বিলুপ্ত হইল; বহুক্ষণে বহুকষ্টে তিনি প্রাণ পরিত্যাগ করিলেন। হে দ্বিজবর! যমদূতদ্বয় তাঁহাকে লইয়া যাইতেছিল, এমন সময় অন্য এক ভৈরবনামক গঙ্গাতীরবাসী দূত আসিয়া বলপূর্ব্বক নিবারণ করিল। তাহার তিনটী চক্ষু, চারিটী হাত; তদীয় জটা-মণ্ডল শোভিত মস্তকে উজ্জ্বল মুকুট শোভা পাইতেছে। তাহার পরিধান পীতবস্ত্র, চরণে নূপুর বাজিতেছে, হস্তদ্বয়ে শূল ও অক্ষমালা শোভা পাইতেছে এবং তদীয় তেজে দিক্ সকল দীপিত হইতে লাগিল। সেই পরমাদ্ভুত অতিতেজস্বী সুন্দর সাধু হাসিতে হাসিতে কাককর্ণকে অভয়প্রদান করত তথায় আসিয়া বলিল, হে দূতদ্বয়! ক্ষণেক অপেক্ষা কর, আমি দেখিতে পাইতেছি কোথায় যাইতেছ; তোমরা কে? তোমাদের মস্তকেই বা কি? এ সকল আমাকে না বলিয়া কেন যাইতেছ?

ঋষি কহিলেন, সেই যমদূতদ্বয় গঙ্গাভৈরবের তাদৃশ বাক্য শ্রবণ ও তৎকালে তাঁহার অত্যদ্ভুত রূপ অবলোকন করিয়া কহিল, আমরা ধর্ম্মরাজের দূত, তদীয় আদেশে বিচরণ করিয়া থাকি; এক্ষণে আমরা এই রাজা কাককর্ণকে লইয়া যমালয়ে যাইতেছি। ভৈরব কহিল, কিরূপে তোমরা আপনাকে যমানুচর বলিয়া নির্দ্দেশ করিতেছ? আমি তোমাদিগকে যমদূত বলিয়া বিশ্বাস করিতে পারি না, যেহেতু তোমরা এই নিষ্পাপ রাজাকে যাতনাময় স্থানে লইয়া যাইতেছ। স্বয়ং যম ও তাঁহার দূতেরা, কেহই ধর্ম্ম লঙ্ঘন করিয়া কার্য্য করে না। দূতদ্বয় কহিল, আমরা যমের দূত, ইহাতে সন্দেহ করিবেন না; আর এই রাজাও অতিপাপী এবং গঙ্গাহীন; অতএব পাপভূমি কীকট-দেশে ইহার মৃত্যু হইয়াছে, ইহাতেও সন্দেহ নাই। এক্ষণে এই যমদণ্ডের উপযুক্ত পাপীকে আপনি নিবারণ করিবেন না; আর এতাদৃশ অদ্ভুতরূপ ধারণ করিয়াছেন, আপনি কে? ভৈরব কহিলেন, আমাকে গঙ্গাভৈরব নামক গঙ্গাদূত বলিয়া জানিও। গঙ্গাবাসী ব্যক্তিকর্ত্তৃক স্পৃষ্ট এই রাজাকে ত্যাগ কর; কারণ বণিকের সহিত সংসর্গ-কারী এই রাজাতে যমের প্রভুতা নাই। তোমরা কি সেই গঙ্গাস্নায়ী বণিক্‌কে দেখিয়াছ? গঙ্গাবাসী ব্যক্তির সহিত ধর্ম্মবন্ধন করিলে মানবের আর কোন ক্লেশই ভুগিতে হয় না; কারণ গঙ্গা ও গঙ্গাবাসীতে কিছুই প্রভেদ নাই। যদি তোমাদের বাঁচিবার আশা থাকে, তবে শীঘ্র এই রাজাকে ত্যাগ করিয়া গমন কর। নচেৎ শিবের আজ্ঞায় আমি তোমাদিগকে যমের অধিকার হইতে ভ্রংশিত করিব। ঋষি কহিলেন, এই কথা বলিবামাত্র সেই মহাপাশ ও মহাদণ্ডনামক যমদূতদ্বয় ভয়ে ভীত হইয়া তাঁহাকে প্রণাম করত যমসন্নিধানে প্রস্থান করিল, গঙ্গাভৈরবও অন্তর্হিত হইলেন। এদিকে রাজা কাককর্ণ দিব্যবিমানে আরোহণ করত দেবকন্যাগণ-বীজিত হইয়া মোক্ষধামে গমন করিলেন। হে দ্বিজ! গঙ্গাবাসীর সহিত সংসর্গকারী ব্যক্তির যাদৃশ ফল কহিলাম, এক্ষণে সাক্ষাৎ গঙ্গাবাসীর কীদৃশ ফল, তাহা তুমি নিজ বুদ্ধিতেই জানিতে পারিতেছ। অনন্তর বণিক্‌ও সেই রাজপুত্রকে লইয়া গঙ্গাতীর আশ্রয় করিল। হে দ্বিজবর! এই কারণে গঙ্গায় মৃত্যু পূর্ব্বভাগ্যানুসারেই হইয়া থাকে। গঙ্গা ত্যাগ করিয়া একপদমাত্রও অন্যত্র গমন উচিত নহে; যদি সর্ব্বস্ব যায়, তথাপি গঙ্গা পরিত্যাগ করিবে না। কারণ এই ভূমণ্ডলে গঙ্গাত্যাগ অপেক্ষা অধিক বিপত্তি আর কিছুই নাই। যদি মানব এই নারায়ণ-ক্ষেত্র গঙ্গাতে গঙ্গাজল পান করিয়া রাম-নারায়ণ প্রভৃতি তারক-ব্রহ্ম নাম পাঠ করত এবং গঙ্গা এই নাম বারংবার স্মরণ করিয়া প্রাণত্যাগ করে, তবে তাহার সকলই সিদ্ধ হয়। হে রাম নারায়ণ! অনন্ত মুকুন্দ মধুসূদন! হে কৃষ্ণ কেশব! হে কংসারে! হে হরে! হে বৈকুণ্ঠ! হে বামন! গোবিন্দ বাসুদেব! ঈশ বিষ্ণো শ্রীপুরুষোত্তম! হে ভগবন্ পুণ্ডরীকাক্ষ! পদ্মনাভ অচ্যুত হে শম্ভু! এই সকল নাম শ্রবণ বা পাঠ করিতে করিতে মানব

প্রাণত্যাগ করিয়া সম্যক্ সিদ্ধি লাভ করে। হে শিব। শঙ্কর। পশুপতি। মহারুদ্র। ত্রিলোচন, হর, ঈশান, ঈশ, দেবীশ, নীলকণ্ঠ, পদ্মলোচন, পার্ব্বতীনাথ, গঙ্গানাথ, গঙ্গাধর। হে সতীপতে, মৃড়, ভীম। হে গুরো। হে নাথ। হে শম্ভো। ভূতনাথ। এই সকল নাম শ্রবণ বা পাঠ করিতে করিতে যাহার মৃত্যু হয়, তাহার সকল সিদ্ধিই করগতা হয়। হে মাতস্তারিণি গঙ্গে। মুক্তি তোমার পাদপদ্মকে নিরত সেবা করিতেছেন। হে নারায়ণি। এক্ষণে এই সংসারবন্ধন হইতে আমাকে মুক্ত কর, এই কথা শ্রবণ বা পাঠ করিতে করিতে যাহার মৃত্যু হয়, সে সকলই সম্পন্ন করিতে পারে। হে দ্বিজবর। অন্ত্যজ চণ্ডালও যদি কাহারও মুখে গঙ্গাজল নিক্ষেপ করে, সে মানবও মুক্তিলাভ করে। তদীয় পুত্রাদি-স্বজন-প্রদত্ত জলের কথা অধিক কি বলিব? কারণ গঙ্গাজলে উচ্চ, নীচ, কাল, অকাল ও স্থানাস্থানের বিচার করিবে না। গঙ্গাজল পাইবামাত্র প্রথমে প্রণামে, পরে সংগ্রহ; তৎপরে পান করিবে। নারায়ণক্ষেত্র গঙ্গায় ব্রাহ্মণ-সন্নিধানে হরিগুণ গান করিতে করিতে প্রাণত্যাগ, মুক্তির নিদর্শন জানিবে এবং যে পুরুষের গঙ্গামৃত্তিকায় সর্ব্বাঙ্গ লিপ্ত থাকে এবং তাহাতে রুদ্রাক্ষ, তুলসী ও বিল্বদল থাকিয়া মৃত্যু হয়, তাহার ঐ মৃত্যু মুক্তির পরিচায়ক বলিয়া জানিবে। গঙ্গায় মুমূর্ষু ব্যক্তির নিকটে স্বয়ং মহাদেব উপস্থিত হন এবং তাহার কর্ণে মুক্তিপ্রাপক বিমল জ্ঞান উপদেশ দিয়া থাকেন; সুতরাং গঙ্গায় মরণে যে মুক্তি, ইহাতে সন্দেহ নাই। হে দ্বিজবর। উত্তর ও দক্ষিণ উভয় অয়ন, রাত্রিকাল, দিবস, প্রাতঃ, সায়ং ও মধ্যাহ্ন; যে কোন সময়ে মানব গঙ্গা নারায়ণ এই নামদ্বয় উচ্চারণপূর্ব্বক গঙ্গাজলে প্রাণত্যাগ করিয়া নির্ব্বাণ মোক্ষের অধিকারী হয়, ইহাতে সন্দেহ নাই। হে জৈমিনে। স্বয়ং বিধাতা শতবর্ষেও গঙ্গামরণের মাহাত্ম্য বলিতে সমর্থ নহেন, সামান্য মানবের কথা কি বলিব? পুরাকালে দক্ষতনয়া সতী দক্ষযজ্ঞে দেহত্যাগ করিয়া জন্ম ও মৃত্যুর যাতনা জানিতে পারিয়া শরণাগত ব্যক্তিদিগের মুক্তির নিমিত্ত গঙ্গারূপে প্রবাহিতা হইয়াছেন। হে ব্রহ্মন্। তুমি যাহা জিজ্ঞাসা করিয়াছ, আমি সে বিষয় যতদূর জানি, তাহা এই বলিলাম; এক্ষণে গঙ্গায় দেবপূজাদি কার্য্যের মাহাত্ম্য বলিতেছি, শ্রবণ কর।

॥ ষড়বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৬ ॥

সপ্তবিংশ অধ্যায়।

ঋষি কহিলেন, হে মুনে! গঙ্গা হইতে এক যোজনের মধ্যে যাঁহারা বাস করেন, তাঁহারাও নিত্য, নৈমিত্তিক ও কাম্য ত্রিবিধ কার্য্যই গঙ্গাতীরে আসিয়া করিবেন, আর মলমাসাদি অশুদ্ধকালে যাহা নিষিদ্ধ আছে, সে সকল কার্য্যও গঙ্গাতীরে

আনিয়া করিতে পারিবেন। কারণ গঙ্গাতীরে কাল বা পাত্রের বিচার নাই। আর যেখানে গঙ্গা নাই, সেই স্থানেই প্রায়শ্চিত্ত বিহিত হইয়াছে। হে বিপ্রবর! গঙ্গা-প্রবাহে ও শালগ্রাম-শিলায় যে কোন দেবতার পূজা করিলে আবাহন ও বিসর্জ্জন করিতে হয় না। হে জৈমিনে! পরমপবিত্র গঙ্গাজলে বিষ্ণু, সূর্য্য, গণেশ, দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, ষষ্ঠী, মনসা, দিক্‌পাল ও গ্রহগণ, ভূতনাথ শিব, মুনিগণ, ভূত, প্রেত, পিশাচ, গন্ধর্ব্ব, অপ্সরোগণ ও সকল পিতৃগণের পূজা করিবে। মানব গঙ্গাতীরে শুক্ল ও শুচি বস্ত্র পরিধান করত পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া, আসনে উপবেশন করিয়া, আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, বস্ত্র, অলঙ্কার, মধুপর্ক, মাল্য, বিবিধ নৈবেদ্য, তাম্বূল ও পুনরাচমনীয়; এই সকল উপাচার দ্বারা সকল দেবতাকে পূজা করিবে। পূর্ব্বোক্ত উপচারের অন্তর্গত যে আসন আছে, তাহা সুবর্ণ বা রৌপ্য কিংবা কুশ কি কাশ নির্ম্মিত করিবে। দেবতাকে প্রশ্নবচনই স্বাগত-নামে অভিহিত হয়। পাদপ্রক্ষালনীয় জলকে পাদ্য বলে। হে ব্রহ্মন্! এক্ষণে অর্ঘ্যের বিষয় কহিতেছি, একাগ্রচিত্তে শ্রবণ কর। নিজ বামভাগে প্রথমতঃ ত্রিকোণ, পরে বৃত্ত অঙ্কিত করিয়া শঙ্খাধার রাখিবে. তদুপরি শঙ্খ রাখিবে; তাহার তিনভাগ জলে পরিপূর্ণ করিবে, পরে শুক্ল পুষ্প তণ্ডুল ও দূর্ব্বা প্রভৃতি প্রদান করিবে এবং ধেনুমুদ্রা ও যোনিমুদ্রা প্রদর্শন করিয়া অঙ্কুশমুদ্রা দ্বারা তীর্থের আবাহন করিবে; কিন্তু গঙ্গাজল হইলে, তাহা করিতে হইবে না। হে বিপ্রবর! সেই অঙ্কিত ত্রিকোণ, পাত্র ও শঙ্খ এই তিনটীতে অগ্নি, সূর্য্য ও চন্দ্রের নাম উদ্দেশ করিয়া, যথাক্রমে পুষ্প নিক্ষেপ করিবে। তাহাতে অষ্টবার মূলমন্ত্র জপ করিবে, এই মন্ত্রাত্মক সলিলকেই পণ্ডিতেরা অর্ঘ্য বলিয়া নির্দ্দেশ করেন। কর্ত্তা সেই মন্ত্রাত্মক জল স্পর্শ করিয়া কার্য্যে প্রবৃত্ত হইবে এবং আচমনার্থ জলই প্রশস্ত হইয়া থাকে। চন্দন, অগুরু, কস্তুরী প্রভৃতি গন্ধের নানাপ্রকার ভেদ আছে। পুরুষ দেবতাকে গৌর ও শুক্লবস্ত্র প্রদান করিবে ও স্ত্রীদেবতাকে রক্ত ও গৌর বস্ত্র দিবে। সূর্য্যকে প্রদান করিতে হইলে রক্ত বস্ত্রই প্রশস্ত আছে। মনসাদেবীকে নীলবস্ত্র দিবে। যে দেবতার যাদৃশ বর্ণ, তাঁহার তদ্বর্ণের বস্ত্রই সন্তোষজনক হইয়া থাকে, কিন্তু শ্রীকৃষ্ণকে নীলবস্ত্র দিবে না। স্বর্ণ বা রৌপ্যের অলঙ্কার প্রদান করিবে। মধু, শর্করা ও দধি ঘৃতের সহিত একত্র করিয়া কাংস্যপাত্রে প্রদান করিবে। ইহাই সকল দেবতার তুষ্টিকর মধুপর্ক নামে খ্যাত আছে। ষোড়শাঙ্গ অর্থাৎ ষোড়শটী দ্রব্যে নির্ম্মিত ধূপই প্রশস্ত। তবে কদাচিৎ দশাঙ্গ ধূপও প্রদান করিতে পারিবে। দীপ দিতে হইলে ঘৃতেরই দিবে; অভাব হইলে, তৈলদীপও প্রশস্ত হইয়া থাকে। সূত্রে গ্রথিত নানাবিধ সুগন্ধি পুষ্প দ্বারা মাল্য প্রদান করিবে। ফল, দুগ্ধ প্রভৃতি নৈবেদ্য ঘৃতসংযুক্ত করিয়া প্রদান করিবে। এই নৈবেদ্যদানের পর

পুনরাচমনীয় প্রদান করিতে হইলে, সেই পূর্ব্বোক্ত শঙ্খস্থিত মস্ত্রিত অর্ঘ্য-সলিল প্রদান করিবে। হে দ্বিজবর! তাম্বূলের বিষয় কহিতেছি, একমনা হইয়া শ্রবণ কর। গুবাক্ অর্থাৎ (সুপারী) মিশ্রিত চূর্ণক অর্থাৎ (চুণ) লবঙ্গ প্রভৃতি উত্তম দ্রব্য সকল তাম্বূলে রাখিয়া প্রদান করিবে। ইহাতে দেবতাদের তুষ্টি হয় ও মুখের উত্তম গন্ধ প্রকাশ পায়। এই সকল উপচার দ্বারা গঙ্গাজলে দেবতাদের পূজা করিবে। যে পর্য্যন্ত পূজা সমাপ্ত না হয়, তাবৎ পরের ভাষা, নীচের সহিত আলাপ বা অপবিত্রস্পর্শ করিবে না এবং যে আসনে বসিয়া পূজা করিবে, তাহা পরিত্যাগ করিবে না আর সেই সময় পূজক ব্যক্তি ক্রোধ-প্রকাশ, হিংসা, খলতা বা চিত্তের চাঞ্চল্য, অহঙ্কার, মমতাবুদ্ধি, শোক বা ভয় প্রকাশ করিবে না। পূজা করিবার সময় যদি গুরু আসিয়া উপস্থিত হন, তবে পূজামাত্র পরিত্যাগ করিবে, আসন ত্যাগ করিবে না এবং গুরুর পুত্র বা পৌত্র আসিলেও ঐরূপ আচরণ করিবে, পরে তথায় তাঁহাদিগকে পূজা করিবে; তাহাতেই সমধিক ফললাভ হইবে। এইপ্রকারেই ইষ্টদেবকেও পূজা করিবে। নৈবেদ্যাদি যে কিছু দ্রব্য, সকলই দেব-নিবেদনের পর ব্রাহ্মণকে সম্প্রদান করিবে। হে বিপ্র! এক্ষণে শিবপূজার বিধান কহিতেছি, স্থিরচিত্তে শ্রবণ কর। সুবর্ণ, রৌপ্য, প্রস্তর কিংবা মৃত্তিকা দ্বারা দুর্গাপ্রতিমার সহিত অঙ্গুষ্ঠপরিমিত শিবলিঙ্গ নির্ম্মাণ করিবে। ঐ লিঙ্গটী সোমসূত্রসমন্বিত প্রশস্ত-বেদিকার উপর রাখিবে। সেই বেদীটীও বৃষরূপী আসনের উপর স্থাপন করিবে। দেবীর প্রতিমা যোনির আকারে গঠিত হইবে, তাঁহাকেই দেবী বলিয়া জানিবে। আর সেই দণ্ডাকৃতি লিঙ্গই সাক্ষাৎ মহাদেব, ইহাতে সন্দেহ নাই। লিঙ্গের পরিমাণ যাহা নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা ন্যূনপরিমাণ বলিয়া জানিবে। অর্থাৎ তদপেক্ষায় ন্যূন না হয়; লিঙ্গ যত অধিক পরিমাণে হইবেন, ততই বিশিষ্ট ফল দান করিবেন। অধিক কি, পরিমাণে পর্ব্বতের সমানও রচনা করিবে, ঐ লিঙ্গের কোন স্থান ভগ্ন বা বিদীর্ণ না হয়। যে পর্য্যন্ত উহার পূজা না করিবে, তাবৎ সেই লিঙ্গ তণ্ডুল ও দূর্ব্বাদি প্রদান করিয়া অশূন্য রাখিবে। লিঙ্গনির্ম্মাণার্থ মৃত্তিকা আহরণ করিতে হইলে, শিবনাম উচ্চারণপূর্ব্বক করিবে এবং পূর্ব্বোক্ত ষোড়শ উপচার প্রদানে তাঁহার পূজা করিবে। ঐ কার্য্যের মৃত্তিকা, খনন করিয়া আহরণ করিবে এবং ঐ কার্য্যে গঙ্গার গর্ত্ত খনন করিলে কোন দোষ নাই। বিল্বপত্র মহাদেবের অত্যন্ত প্রীতিপ্রদ কিংবা কেবল গঙ্গাজল দিয়াও তাঁহার পূজা করিলে, তিনি বিশেষ সন্তুষ্ট হন। হে বিপ্র! যে ব্যক্তি গঙ্গার তটদেশে শিবপূজা করিবার মানস করে, স্বয়ং দেবতারাও তাহার ফল কহিতে পরাজিত হন। যে ব্যক্তি মহাদেবকে বিল্বপত্র ও গঙ্গাজল কিংবা কেবল গঙ্গাজল, কি কেবল বিল্বপত্র প্রদান করে, তাহার সকল বস্তুই তাঁহাকে প্রদান করা হয়। শিবকে নৈবেদ্য-প্রদান-কালে লিঙ্গের উপরিভাগে তাহা প্রদান করিবে। মহাদেব অগ্নিরূপ ষষ্ঠবদন দ্বারা তাহা গ্রহণ করেন বলিয়া সেইক্ষণেই তাহা ভস্মসাৎ হয়, সুতরাং কদাচ তাহা ভক্ষণ করিবে

না। পত্র পুষ্প, ফলাদি, যে কিছু সকলই অগ্রাহ্য ; অতএব তাহা গ্রহণ করিলে শিবের দ্বেষভাজন হইয়া নরকগামী হইতে হয়। সাধক তন্ত্রোক্তবিধানে শিবপূজা করিয়া যে নৈবেদ্য লিঙ্গের উপরিভাগে না দেওয়া হইয়াছে, তাহার কিয়দংশ ভক্ষণ করিতে পারেন, কিন্তু যদি তাহা মহাদেব অগ্রাহ্য করিয়া থাকেন, তবে তাহা ভক্ষণ করিবে না। সে সকল নৈবেদ্য ব্রাহ্মণকে প্রদান করিবে, ব্রাহ্মণও তাহা গ্রহণ করিবেন। মহাদেবকে সিদ্ধান্ন প্রদান করিলে তিনি তাহা পঞ্চমুখে ভক্ষণ করিয়া থাকেন এবং শিবোদ্দেশে প্রদত্ত পুষ্প-চন্দনাদি কদাচ গ্রহণ করিবে না। পুরাকালে চতুর্মুখ ব্রহ্মা শিবপূজা করিবেন সঙ্কল্প করিয়া, নানাবিধ মিষ্ট ফল দ্বারা নৈবেদ্য প্রস্তুত করিলেন এবং তিনি মনে এইরূপ বিবেচনা করিয়া পূজা করিতে বসিলেন যে, যদি আজি মহাদেব আসিয়া এই নিবেদিত বস্তু সকল ভক্ষণ করেন, তবেই আমার পূজা সফল হয়। এমত সময় মহাদেব ব্রহ্মার জ্ঞানের বিষয় জানিবার জন্য কুক্কুররূপ ধারণপূর্ব্বক তথায় আসিয়া নৈবেদ্য ভক্ষণ করিলেন। হে দ্বিজ! তখন ব্রহ্মা শিবের কার্য্য জানিতে না পারিয়া কুকুরে নৈবেদ্য ভক্ষণ করিতেছে দেখিয়া, হায় হায় এই কথা ত্বরা বশত বারংবার কহিতে কহিতে সেই কুক্কুরকে তাড়না করিলেন। অনন্তর মহাদেব নিজরূপ ধারণ করিয়া ব্রহ্মাকে বলিলেন, হে বিধাতঃ! কেন তুমি আমার প্রতি কুক্কুর বিবেচনায় তাড়না করিতেছ? ত্বদীয় অভিলাষ পূরণ করিব বলিয়াই কুক্কুররূপ ধারণ করিয়াছিলাম ; তুমি যেহেতু কুক্কুররূপী আমাকে তাড়না করিলে, সুতরাং তুমি কলঙ্কী হইলে। ব্রহ্মা কহিলেন, হে মহাদেব! তুমি যে নিজরূপ পরিত্যাগ করিয়া কৃত্রিমরূপ ধারণপূর্ব্বক এখানে আসিয়া আমার পরীহাস করিলে, এই অপরাধে, যে তোমার নৈবেদ্য ভক্ষণ করিবে ; সেই ব্যক্তিই কুক্কুর হইবে ইহাতে সন্দেহ নাই। ঋষি কহিলেন, হে জৈমিনে! মহাদেব এইরূপে বিধাতা কর্তৃক অভিশপ্ত হইয়া গমন করিলেন এবং দেবতাদিগকেও নিজ নৈবেদ্য ভোজন করিতে বারণ করিলেন। হে দ্বিজবর! এই কারণেই শিবনৈবেদ্য অগ্রাহ্য জানিবে। এইরূপ বিধানে শিবপূজা করিবে, পরে তদীয় অষ্টমূর্ত্তির পূজা করিয়া, ক্ষমস্ব এই কথা বলিয়া বিসর্জ্জন করিবে। শিবলিঙ্গেতেও সকল দেবতার পূজা হইবে। কারণ শিব ও শক্তি উভয়ই সর্ব্বলোকময় ও প্রভুর প্রভু। যদি ঐ কার্য্যে প্রাণ যায় কিংবা মস্তকচ্ছিন্ন হয়, তাহাও ভাল ; তথাপি ভগবান্ শিবের পূজা না করিয়া আহার করিবে না। প্রতিদিনই শিবলিঙ্গের পূজা করিবে। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, স্ত্রী কিংবা অন্য কোন অন্ত্যজও যদি শিবপূজায় বিমুখ হইয়া অন্য দেবতার পূজা করে, তাহার সকলই অবজ্ঞপুষ্ট ঔষধের ন্যায় বিফল হয় জানিবে। শিবপূজা না করিয়া যে ব্যক্তি জল পর্য্যন্তও পান করে, তাহার অন্ন বিষ্ঠাতুল্য, জল মূত্রতুল্য হইয়া থাকে ও তাহার মুখ দর্শন করিতে নাই। শিব সাক্ষাৎ গুরুদেব ও পার্ব্বতী গুরুপত্নী ; অতএব ঐ উভয়কে পূজা না করিয়া যে ভক্ষণ করে, তাহার মুখ দেখিতে নাই। শিব সাক্ষাৎ পিতৃদেব ও পার্ব্বতী জননী, তাঁহাদের

পূজা না করিয়া যে ভোজন করে, তাহার মুখ দর্শন করিতে নাই। শিবপূজা না করিয়া যাহার উভয় কালের ভোজনক্রিয়া নির্ব্বাহ হয়, তাহাকে মনুষ্যরূপে আবরিত শূকর অথবা কুক্কুর বলিয়া জানিবে। শুভাশৌচ বা মৃতাশৌচে শিবপূজা ত্যাগ করিবে না, কিন্তু মহা-গুরুর নিপাত হইলে দশদিনমাত্র বর্জ্জন করিবে। হে দ্বিজবর! পূর্ব্বদিকে মহাদেবের ক্ষিতিমূর্ত্তি বিরাজ করিতেছেন। দক্ষিণদিকে অগ্নিময়ীমূর্ত্তি, পশ্চিমে ব্যোমমূর্ত্তি, উত্তরদিকে সোমসূত্র ও সোমমূর্ত্তি বিরাজিত আছেন। আর অগ্নি ও নৈঋ'ত, বায়ু ও ঈশানকোণে যথাক্রমে জল, অগ্নি, যজমান ও সূর্য্যমূর্ত্তি রহিয়াছেন। পূর্ব্বাদি অষ্টদিকে দক্ষিণাবর্ত্তে যথাক্রমে সর্ব্ব, ভব, রুদ্র, উগ্র, ভীম, পশুপতি, মহাদেব ও ঈশান নাম উল্লেখ করিয়া পূজা করিবে; কারণ ঐ সকল মূর্ত্তি ঐ নামেই বিখ্যাত আছেন 'এবং মধ্যে শিবনামেই তাঁহার পূজা হইবে ও বেদীতে শক্তিপূজা করিবে। পূজাসমাধা হইলে, জপ করিয়া নৃত্য গীত বাদ্য দ্বারা স্তব করত সেই সর্ব্বদেবময় শম্ভুকে প্রণাম করিয়া যথেচ্ছ বিহার করিবে। মহাদেব প্রদক্ষিণ ও নমস্কার অর্দ্ধচন্দ্রাকারে করিবে। তৎপরে উত্তরদিকে যাইয়া সোমসূত্র লঙ্ঘন করিবে না। এই শিবপূজা অপেক্ষা ত্রিভুবনে অন্য কিছুই কর্ম্ম নাই। গঙ্গাতে শিবপূজার বিষয় তোমাকে অন্যত্র বলিয়াছি, ঐস্থানে শিবপূজা করিলে কি ফল হয়, তাহা বলিতে শিবও বাক্‌শক্তিহীন হন।

সপ্তবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৭ ॥

অষ্টাবিংশ অধ্যায়।

ঋষি কহিলেন, গঙ্গাতীরে পার্ব্বণ-বিধানানুসারে শ্রাদ্ধ করিতে হয়; ইহাকেই তীর্থশ্রাদ্ধ কহে, এই শ্রাদ্ধে পিতৃলোকগণ পরিতুষ্ট হন। যে ব্যক্তি গঙ্গাতীরে সাংবৎ-সরিক শ্রাদ্ধ করে, গয়াশ্রাদ্ধ না করিলেও সে ব্যক্তি পিতৃঋণ হইতে মুক্ত হয়। গঙ্গা এবং গয়া, উভয়েই পিণ্ডদানে সমান ফল; বিশেষতঃ কলিযুগে গঙ্গায় পিণ্ডদানই প্রশস্ত। যাহার অপমৃত্যু হইয়াছে, গঙ্গায় পিণ্ডদান করিলে, সে ব্যক্তি দুর্গতি ত্যাগ করিয়া ক্রিয়ার্হ পরমগতি লাভ, করে। অমাবস্থায় দিন তিল, তুলসীপত্র এবং পুষ্পাদি দ্বারা গঙ্গায় শ্রাদ্ধ ও তর্পণ করিবে। হে জৈমিনে! রবিবার এবং সোমবারে তিল-তর্পণ নিষিদ্ধ, কিন্তু গঙ্গায় নিষিদ্ধ নহে। শ্রাদ্ধপূর্ব্বদিনে যাহা বর্জ্জনীয়, তাহা শ্রবণ কর। তৈল, আমিষ, মাংস, মসূর, দ্বিভোজন, ত্যক্তদ্রব্য, মৈথুন, রোষ, শোক, পৈশুন্য, কলহ, হিংসা, রোদন, রক্তপাত, শস্ত্রধারণ, অস্ত্রধারণ এবং পরান্ন-ভোজন প্রভৃতি শ্রাদ্ধপূর্ব্বদিবসে পরিত্যাজ্য। ক্রোশোর্দ্ধগমন, নদীপারে গমন, ব্যায়াম, ক্রয়, বিক্রয়, অধ্যাপন, অধ্যয়ন, সায়ংসন্ধ্যা, দাস্য, মুদ্গ ও মসূরাদির আঘ্রাণ, তন্ত্রনির্ম্মাণ, অস্বাস্থ্য

এবং পরগৃহে যাত্রা; এই সমস্ত শ্রাদ্ধদিবসে পরিত্যাজ্য। যে ব্যক্তি স্নান-দানাদি না করিয়া গঙ্গাকে লঙ্ঘন করে, তাহার অভিলষিত কর্ম্ম নষ্ট হয় এবং পূর্ব্বকর্ম্মও নষ্ট হয়, অতএব গৃহী ব্যক্তি স্নানাদি করিয়াই গঙ্গাপারে গমন করিবে। বৃথা কখনও গঙ্গাকে লঙ্ঘন করিবে না। গঙ্গার তটদ্বয় মধ্যে কোন ব্রাহ্মণ, দৃষ্ট হইলে, তাঁহাকে সমাগত ব্রহ্মার ন্যায় মনে করিয়া ভক্তিভরে প্রণাম করিবে। গঙ্গাতটে গোদর্শনে মহাফল হয়। গঙ্গাতটে শুক্লবস্ত্র, যজ্ঞপুষ্প, সুন্দরী, তুলসী-তরু দেখিলে, পরমাদরে প্রণাম করিবে। হংস, কারণ্ডব, ক্রৌঞ্চ, চক্রবাক, সারস, রাজা, হস্তী, পদ্ম, খঞ্জন, শুক এবং শঙ্খচিহ্ন প্রভৃতি গঙ্গাতটে দৃষ্ট হইলে, ভক্তিপূর্ব্বক মনে মনে প্রণাম করিবে। গঙ্গাতটে ব্রাহ্মণস্থাপন, শিবস্থাপন, দুর্গামন্দির দান এবং বিষ্ণুমন্দির দান করিলে, পুনর্জ্জন্ম হয় না। পাষাণ, ইষ্টক, কিংবা মৃত্তিকা দ্বারা বাসস্থান নির্ম্মাণ করিয়া যে ব্যক্তি গঙ্গাতীরে বাস করে, তাহাকে আর পুনর্জ্জন্ম ভোগ করিতে হয় না। প্রভাতে, মধ্যাহ্নে এবং সায়াহ্নে যে ব্যক্তি গঙ্গার তটভূমি মার্জ্জন করে, গঙ্গাদেবী তাহার কোটিজন্মকৃত পাপরাশি নষ্ট করেন। গঙ্গাতটে সমাগত হইয়া যাহার মন প্রসন্ন হয় না, সমস্ত দেবগণকর্ত্তৃক সে নিগৃহীত হয়, জগতের মধ্যে সেই ব্যক্তি পরম ক্রূর। গঙ্গাতীরে থাকিয়া যে ব্যক্তি অশ্রুপাত করে, ব্রহ্মার সহস্র বৎসর পর্য্যন্ত তাহাকে অগ্নিসাগরে বাস করিতে হয়। সুরঙ্গ-গঙ্গাতরঙ্গের ন্যায় যাহার মন সর্ব্বদা প্রফুল্ল, তদীয় পিতৃলোক সদানন্দ হইয়া, তাহার প্রতি অনুরক্ত হন। যে ব্যক্তি গঙ্গাবাস পরিত্যাগ করিয়া অন্যত্র বাস করিতে ইচ্ছা করে, গঙ্গাদেবী তাহাকে পরিত্যাগ করেন। সেই নরাধম কীকটাদি দেশে জন্মগ্রহণ করিয়া তথায় বিষ্ঠাশূকরকর্ত্তৃক হত হইয়া, আকাশপথে রোদন করিতে করিতে ভ্রমণ করে এবং চিচীকূচী শব্দে লোক সকলকে উদ্বেজিত করে। এইরূপে কল্পকোটিসহস্র ভোগ করিয়া শূকরাদি-যোনি প্রাপ্ত হয় এবং তৈল যন্ত্রস্থিত বৃষের ন্যায় পুনঃপুনঃ এই অবস্থা ভোগ করিয়া, গুরুদ্বেষী এবং ব্রহ্মদ্বেষী হইয়া থাকে। আর যে সদ্বুদ্ধি ব্যক্তি সুখস্থান ত্যাগ করিয়া গঙ্গাতীরে বাস করে, সে ব্যক্তি জীবন্মুক্ত, তাহার কথা আর কি বলিব? হে বিপ্র! যথাবুদ্ধি বর্ণন করিলাম। সমস্ত গঙ্গাধর্ম্ম বর্ণন করিতে ব্রহ্মারও পাণ্ডিত্য লুপ্ত হয়, বিষ্ণুও মূকত্ব প্রাপ্ত হন, মহেশ্বর নির্ব্বাক্ হন, সুতরাং মনুষ্য হইয়া কিরূপে, সমর্থ হইতে পারা যায়? হে জৈমিনে! এ বিষয়ে একটী পুরাতন পরমাদ্ভুত ইতিহাস শ্রবণ কর। পূর্ব্বকালে ঋষিগণ আনন্দিত হইয়া ব্রহ্মার নিকটে জিজ্ঞাসা করিয়াছিলেন; হে ব্রহ্মন্! হে মহাবাহো! আমাদিগকে গঙ্গামাহাত্ম্য বর্ণন করুন। ব্রহ্মা বলিলেন, গঙ্গামাহাত্ম্য-স্বরূপ-কথনে আমি অসমর্থ; মহেশ্বর এবং বিষ্ণু কিয়ৎপরিমাণে জ্ঞাত আছেন, তাঁহাদের নিকটে গিয়া জিজ্ঞাসা করুন। ঋষিগণ কহিলেন, তবে আপনিই সেখানে গিয়া জানিয়া আসুন, আমরা আপনার মুখে শ্রবণ করিব, আমরা শিব এবং বিষ্ণুর নিকটে গমন করিতে সমর্থ নহি।

ঋষি কহিলেন, এই কথা শুনিয়া ব্রহ্মা গমন করিতে লাগিলেন। প্রথমে কৈলাসে গমন করিয়া দেখিলেন, মহাদেব ব্যাঘ্রচর্ম্ম পরিধান করিয়া কোটিচন্দ্রসদৃশ মূর্ত্তি ধারণ করিয়া গঙ্গাদেবীর আনন্দবর্দ্ধন করিতেছেন। চতুর্ম্মুখ দেখিয়া বিস্মিত হইলেন এবং প্রশ্নের সময় না দেখিয়া, বৈকুণ্ঠ-গমনে উদ্যত হইলেন। পথিমধ্যে প্রবল বায়ু দ্বারা বিক্ষিপ্ত হইয়া, ব্রহ্মা অন্য ব্রহ্মাণ্ডে নীত হইলেন। তথায় অষ্টমুখধারী, অপর ব্রহ্মাকে দেখিয়া তাঁহাকে চতুর্ম্মুখ ব্রহ্মা জিজ্ঞাসা করিলেন, আপনি কে? কাহার অধিকারে নিযুক্ত? আপনাকে অষ্টমুখ দেখিতেছি? আপনার নাম কি? আমি চতুর্ম্মুখ বিধাতা, আপনাকে প্রণাম করিতেছি। অষ্টমুখব্রহ্মা বলিলেন, পূর্ব্বে মর্ত্ত্যলোকে কোন গৃহস্থের ভবনে আমি উন্দূর ছিলাম, মার্জ্জারের ভয়ে গঙ্গাজলে পড়িয়া প্রাণত্যাগ করিয়াছিলাম, তজ্জন্যই অষ্টমুখ ব্রহ্মা হইয়া এই ব্রহ্মাণ্ডমধ্যে অধিষ্ঠিত আছি। আপনি গঙ্গামাহাত্ম্য জিজ্ঞাসা করিবার জন্য ইচ্ছা করিয়াছেন, অতএব শীঘ্র বৈকুণ্ঠধামে গমন করুন। চতুর্ম্মুখ ব্রহ্মা বলিলেন, আমি প্রবলবায়ুকর্ত্তৃক বিক্ষিপ্ত হইয়া এখানে আসিয়াছি, জানি না, বৈকুণ্ঠ কোথায়? আপনি আমাকে পথ দেখাইয়া দিন, যাহাতে আমি বৈকুণ্ঠধামে যাইতে পারি। শুকদেব কহিলেন, অনন্তর অষ্টমুখব্রহ্মা, চতুর্ম্মুখব্রহ্মার যথোপযুক্ত সম্মানাদি করিয়া, পথ দেখাইয়া দিলেন। তিনি পুনর্ব্বার গমন করিতেছেন, এমন সময়ে পুনর্ব্বার প্রবল বায়ু দ্বারা বিক্ষিপ্ত হইয়া ব্রহ্মাণ্ডান্তরে নীত হইলেন। তথায় ষোড়শমুখ-ধারী, অপর এক ব্রহ্মাকে দেখিয়া, বিস্মিতচিত্তে তাঁহাকে জিজ্ঞাসা করায়, তিনি বলিলেন, পূর্ব্বে আমি কোন নরমাংসাশী কুক্কুর ছিলাম, গলায় হাড় ফুটিয়া গঙ্গাতীরে আমার মৃত্যু হয়। তদনন্তর আমি ষোড়শমুখ হইয়া এখানে বাস করিতেছি। শুকদেব বলিলেন, এই প্রকার অদ্ভুত বাক্য শ্রবণ করিয়া, চতুর্ম্মুখব্রহ্মা, তৎপ্রদর্শিত পথে বৈকুণ্ঠধামে উপনীত হইলেন। তথায় চারিজন বিষ্ণুরূপধারী চতুর্ভুজ পুরুষকে অবলোকন করিলেন। তাঁহাদের পরিধান পীতবস্ত্র এবং তাঁহারা সূর্য্যের ন্যায় তেজস্বী। ব্রহ্মা তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন, আপনাদের সকলকেই বিষ্ণুর ন্যায় দেখিতেছি, আপনারা কে? আমি জানিতাম, বিষ্ণু এক, এক্ষণে এই বৈকুণ্ঠধামে কি অন্য বিষ্ণু আছেন? বৈষ্ণবগণ বলিলেন, আমরা বিষ্ণু নহি, তাঁহার কিঙ্কর; হে চতুর্ম্মুখ! আমাদের পূর্ব্ববৃত্তান্ত শ্রবণ কর। গঙ্গাজলে একটী শবমধ্যে কতকগুলি ক্রিমি ছিল, তন্মধ্যে স্রোতোবেগে চারিটী ক্রিমির মৃত্যু হয়; আমরাই সেই ক্রিমি; এক্ষণে ঈদৃশাবস্থান্তর প্রাপ্ত হইয়াছি। ঋষি কহিলেন, চতুরানন তাঁহাদের ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া, দেবীর অনন্তমহিমা বুঝিতে পারিয়া তৎক্ষণাৎ তথা হইতে প্রত্যাগমন করিলেন। অনন্তর ঋষিগণকে বলিলেন, হে মুনি-শ্রেষ্ঠগণ! আমি দুইজন ব্রহ্মা দেখিলাম, একজন অষ্টমুখ এবং অপর জন ষোড়শমুখ। পূর্ব্বজন্মে উভয়ে উন্দূর এবং কুক্কুর ছিলেন, গঙ্গাজলে দেহত্যাগ করিয়া তাদৃশ বিধাতৃরূপ-ধারী ব্রহ্মাণ্ডাধিপতি হইয়াছেন। অনন্তর বৈকুণ্ঠধামে চারিজন শঙ্খ-চক্র-গদা পদ্মধারী,

পীতবস্ত্র, বিষ্ণুরূপধারী পুরুষ দেখিলাম। তাঁহাদের রূপ অতি মনোহর, গলদেশে বনমালা সুশোভিত। তাহাদের সমুজ্জ্বল শ্যামবর্ণ, নবীন নীরদাবলীকে পরাভূত করিয়াছে। তাঁহারা পূর্ব্বজন্মে শবদেহমধ্যে ক্রিমি ছিলেন, গঙ্গাজলে দেহত্যাগ করিয়া ঈদৃশ রূপান্তর প্রাপ্ত হইয়াছেন। আমি এই সমস্ত ব্যাপার দেখিয়া, "গঙ্গার অনন্ত মহিমা" বুঝিয়া প্রতিনিবৃত্ত হইয়াছি। আর ইহাও বুঝিয়াছি যে, যাঁহাকে মস্তকে ধারণ করিয়া, মহেশ্বর অন্যজ্ঞানশূন্য; সেই গঙ্গাদেবীর নিকট, ইন্দ্রাদি দেবগণ বা মনুষ্যগণ কি তুচ্ছ! আমিও মশকাদির ন্যায়; অতএব যাঁহা হইতে ব্রহ্মাদির উৎপত্তি হয়, সেই গঙ্গাদেবীই ত্রিলোকের পরমারাধ্যা। শুকদেব কহিলেন, মুনিগণ ব্রহ্মার বাক্য শ্রবণ করিয়া গঙ্গানামপরায়ণ হইয়া, কেহ বা গঙ্গানাম উচ্চারণ, কেহ বা গঙ্গানাম গান, কেহ বা তদীয় নাম শ্রবণ করিতে করিতে ভ্রমণ করিতে লাগিলেন। এই ত গঙ্গামাহাত্ম্য যথাবুদ্ধি কিয়ৎপরিমাণে বর্ণন করিলাম। এক্ষণে বল, আর কি শ্রবণ করিতে ইচ্ছা আছে?

অষ্টাবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২৮ ॥

একোনত্রিংশ অধ্যায়।

জৈমিনি বলিলেন, ব্রহ্মন্! পূর্ব্বে আপনি যে মন্বন্তরের কথা বলিয়াছেন, এক্ষণে তাঁহাদের নাম এবং সমস্ত রাজবংশ বর্ণন করুন। ঋষি বলিলেন, মনুষ্যগণের এক বৎসরে দেবতাগণের এক অহোরাত্র, তিনশত ষাটি বৎসরে এক দিব্য বৎসর, এইরূপ দ্বাদশ সহস্র বৎসরে চতুর্যুগ হয়। এই চতুর্যুগসহস্রে ব্রহ্মার এক দিনও এক রাত্রি। ইহার মধ্যে অষ্টাবিংশতিযুগ, সন্ধ্যা এবং সন্ধ্যাংশ রূপে কল্পিত হয়। একাত্তর দিব্যযুগে এক মন্বন্তর, ইহাই এক জন ইন্দ্রের স্বর্গরাজ্যাধিকারের কাল। এই প্রকার ব্রহ্মার দিবস মধ্যে চতুর্দ্দশ ইন্দ্রের নিপাত হয়। এক্ষণে আমি ব্যাসমুখে যেরূপে শুনিয়াছি, তদনুসারে তাঁহাদের নাম বলিতেছি, শ্রবণ কর। প্রথম স্বায়ম্ভুব মনু, ব্রহ্মার শরীর হইতে উৎপন্ন। দ্বিতীয় স্বারোচিষ মনু, তৃতীয় উত্তমাখ্য মনু, চতুর্থ তামস মনু, পঞ্চম রৈবত মনু, ষষ্ঠ চাক্ষুষ মনু, সপ্তম শ্রাদ্ধদেব মনু, অষ্টম সাবর্ণি মনু, নবম ব্রহ্মসাবর্ণি, দশম বিষ্ণুসাবর্ণি, একাদশ রুদ্রসাবর্ণি, দ্বাদশ ধর্ম্মসাবর্ণি, ত্রয়োদশ দেবসাবর্ণি, এবং চতুর্দ্দশ ইন্দ্রসাবর্ণি, এই সকল মিলিত হইয়া চতুর্দ্দশ। হে বিপ্র! সপ্তমন্বন্তর গত হইয়াছে, অপর সপ্ত, ইহার পর হইবে। হে বিপ্রেন্দ্র! সত্য, ত্রেতা, দ্বাপর এবং কলি, এই চারি যুগ; ইহাদেরই একাত্তর যুগে মন্বন্তর হয়। এক্ষণে যুগপরিমাণ বলিতেছি শ্রবণ কর। সহস্র দিব্যবৎসরে কলির পরিমাণ নিরূপিত আছে এবং শত বৎসর সন্ধ্যা ও সন্ধ্যাংশরূপে কল্পিত আছে। কলিপরিমাণের দ্বিগুণ, দ্বাপরের

পরিমাণ এবং কলির পরিমাণের তিনগুণ ত্রেতাপরিমাণ, এইরূপ অবশিষ্ট সত্যযুগ-পরিমাণ নিরূপিত আছে। দেব জনার্দন, প্রতি মন্বন্তরে অবতীর্ণ হইয়া দৈত্যগণকে বিনাশ করিয়া ধর্ম্ম পালন এবং দেবগণকে রক্ষা করেন। এক্ষণে পুণ্যকর্ম্মা নৃপতি-গণের বংশ বর্ণন করিতেছি। সূর্য্যবংশ এবং চন্দ্রবংশ, এই দুই বংশ পৃথিবীতে বিখ্যাত এবং স্বায়ম্ভুববংশও বিখ্যাত। হে দ্বিজপুঙ্গব! প্রথমে সূর্য্যবংশ বলিতেছি, শ্রবণ কর। বিষ্ণুর নাভিপদ্ম হইতে ব্রহ্মার উদ্ভব হয়। ব্রহ্মা হইতে মরীচি এবং মরীচি হইতে কশ্যপ জন্মগ্রহণ করেন, দেবতাগণের সহোদর স্বয়ং সূর্য্যদেব তাঁহার পুত্র। সূর্য্যের পুত্র শ্রাদ্ধদেব; ইক্ষ্বাকু; নৃগ প্রভৃতি শ্রাদ্ধদেবের পুত্র। ইক্ষ্বাকুর পুত্র শশাদ নামে বিখ্যাত, তৎপুত্র পুরঞ্জয়, পুরঞ্জয়ের পুত্র পৃথু। পৃথুর পুত্র বিশ্বগন্ধি, তৎপুত্র চন্দ্র, চন্দ্র হইতে যুবনাশ্ব উৎপন্ন হন। যুবনাশ্বের পুত্র শ্রাবস্ত এবং তৎপুত্র বৃহদশ্ব। বৃহদশ্বের পুত্র কুবলয়াশ্ব, তৎপুত্র দৃঢ়াশ্ব, দৃঢ়াশ্বের পুত্র হর্য্যশ্ব, তৎপুত্র নিকুম্ভ, নিকুম্ভ হইতে বহুলাশ্বের জন্ম হয়। বহুলাশ্বের পুত্র কৃশাশ্ব, তৎপুত্র সেনজিৎ, সেনজিতের পুত্র যুবনাশ্ব, তৎপুত্র মান্ধাতা। মান্ধাতার পুত্র অম্বরীষ, তিনি নিঃসন্তান। মান্ধাতার পিতা যে যুবনাশ্ব, তৎপুত্র নিষেধ, নিষেধ হইতে বাহুকের জন্ম হয়। বাহুক হইতে সগর, সগর হইতে অসমঞ্জা, অসমঞ্জা হইতে অংশুমান এবং অংশুমান্ হইতে দিলীপের জন্ম হয়। দিলীপের পুত্র ভগীরথ, তৎপুত্র ভীম। ভীম হইতে সত্য, সত্য হইতে দিলীপ, দিলীপ হইতে রঘু, রঘু হইতে অজ, অজ হইতে দশরথের জন্ম হয়। স্বয়ং ভগবান্ বিষ্ণু, রাম, লক্ষ্মণ, ভরত, শত্রুঘ্ন এই চারি অংশে দশরথের পুত্র হইয়া জন্ম গ্রহণ করেন। ভগবান্ এই অবতারে রাবণাদি বিনাশ করিয়া পুণ্যকীর্ত্তি রাখিয়াছেন। এইত সংক্ষেপে প্রথম সূর্য্যবংশ ব্যাখ্যা করিলাম। এক্ষণে চন্দ্রবংশ বলিতেছি, শ্রবণ কর। ব্রহ্মার পুত্র অত্রি, অত্রি হইতে চন্দ্রের উৎপত্তি হয়। চন্দ্রের পুত্র বুধ, বুধ হইতে শ্রাদ্ধদেবের উৎপত্তি হয়। পুরূরবা শ্রাদ্ধদেবের দৌহিত্র। পুরূরবার পুত্র আয়ু, তৎপুত্র রন্তিনার, রন্তিনার হইতে বিম্নতি, বিম্নতি হইতে কৃতি, কৃতি হইতে নহুষ উৎপন্ন হন। নহুষের পুত্র যযাতি, যদু, পুরু প্রভৃতি যযাতির পঞ্চপুত্র। তন্মধ্যে পুরুপুত্র জনমেজয়, তৎপুত্র প্রচিন্বান্। প্রচিন্বানের পুত্র মনস্যু, তৎপুত্র চারুপদ, চারুপদ হইতে সুহ্য, সুহ্য হইতে বহুগব, বহুগব হইতে সংযাতির উৎপত্তি হয়। সংযাতির পুত্র অহংযাতি, তৎপুত্র রৌদ্রাশ্ব, রৌদ্রাশ্বের পুত্র ঋতেযু, তৎপুত্র রন্তিনার, রন্তিনারের পুত্র সুমতি। সুমতি হইতে মেধাতিথি, মেধাতিথি হইতে দুষ্মন্ত, দুষ্মন্ত হইতে ভরত, ভরত হইতে বিতথ উৎপন্ন হয়। বিতথের পুত্র মন্যু, তৎপুত্র বৃহৎক্ষত্র, বৃহৎক্ষত্রের পুত্র হস্তী, তৎপুত্র অজমীঢ়, অজমীঢ়পুত্র নীল, তৎপুত্র শান্তি, শান্তির পুত্র সুশান্তি, তৎপুত্র পুরুজ। পুরুজ হইতে অর্ক জন্মগ্রহণ করেন। অর্ক হইতে ভর্ম্ম্যাশ্ব, ভর্ম্ম্যাশ্ব হইতে মুদ্গল, মুদ্গল হইতে দিবোদাস উৎপন্ন হন।

দিবোদাসের কন্যা অহল্যা, গৌতম হইতে অহল্যার গর্ভে শতানন্দের জন্ম হয়। দিবোদাসের পুত্র মিত্রয়ু, মিত্রয়ুপুত্র চ্যবন, চ্যবনের পুত্র সুদাস, সুদাসের পুত্র সৌদাস, সৌদাসের পুত্র সহদেব, সহদেবের পুত্র সোমক, সোমকের শতপুত্র জন্মগ্রহণ করেন। তন্মধ্যে পৃষতই জ্যেষ্ঠপুত্র। পৃষতের পুত্র দ্রুপদ, তাঁহার পুত্র ধৃষ্টদ্যুম্ন, ধৃষ্টদ্যুম্নের পুত্র ধৃষ্টকেতু। উক্ত পৃষদাদি রাজগণ পঞ্চালদেশের অধিপতি বলিয়া পঞ্চাল নামে বিখ্যাত ছিলেন। অজমীঢ়ের ঋক্ষ নামে অপর যে পুত্র ছিলেন, তাহা হইতে সংবরণের জন্ম হয়, সেই সংবরণ হইতে কুরু উৎপন্ন হন। কুরু হইতে জহ্নু, জহ্নু হইতে সুরথ, সুরথ হইতে বিদূরথ, বিদূরথ হইতে সার্ব্বভৌম নামক পুত্র ধরাধিপ হইয়াছিলেন। উক্ত সার্ব্বভৌমের পুত্র জয়ৎসেন, জয়ৎসেনের পুত্র অরাধী, তাঁহার পুত্র অযুতায়ু, অযুতায়ু হইতে অক্রোধন উৎপন্ন হইয়াছিলেন। উক্ত অক্রোধনের পুত্র অতিথি, অতিথির পুত্র ঋক্ষ, ঋক্ষ হইতে দিলীপ উৎপন্ন হইয়াছিলেন। দিলীপের পুত্র প্রতীপ, প্রতীপের দেবাপি, শান্তনু, বাহ্লীক নামে তিন পুত্র জন্মগ্রহণ করেন। তন্মধ্যে দেবাপি পিতৃরাজ্য পরিত্যাগ করিয়া বনগমন করিয়াছিলেন। অপর বাহ্লীক নামে যে পুত্র, তাঁহা হইতে সোমদত্ত জন্মগ্রহণ করেন। তাঁহা হইতে ভূরি, ভূরি হইতে ভূরিশ্রবা জন্মগ্রহণ করেন। অপর শান্তনু নামক যে তাঁহার পুত্র ছিলেন। তাঁহা হইতে গঙ্গাদেবীতে জিতেন্দ্রিয় ভীষ্মদেব উৎপন্ন হইয়াছিলেন। উক্ত শান্তনুর ঔরসে সত্যবতীর গর্ভে চিত্রাঙ্গদ ও বিচিত্রবীর্য্য নামক দুইটী পুত্র জন্মগ্রহণ করেন। তন্মধ্যে বিচিত্রবীর্য্যের ধৃতরাষ্ট্র ও পাণ্ডু নামে দুইটী পুত্র উৎপন্ন হইয়াছিলেন। অপর ধৃতরাষ্ট্র হইতে দুর্য্যোধন প্রভৃতি শতপুত্র জন্মগ্রহণ করেন। পাণ্ডুর পঞ্চপুত্র উৎপন্ন হন, তন্মধ্যে কুন্তীর গর্ভে ধর্ম্মরাজ, বায়ু ও ইন্দ্র ইহাঁদের ঔরসে পুণ্যশীল যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, ইহাঁরা যথাক্রমে উৎপন্ন হন এবং মাদ্রীর গর্ভে অশ্বিনী-কুমারের ঔরসে নকুল ও সহদেব জন্মগ্রহণ করেন। এই পঞ্চ পাণ্ডবের মধ্যে অর্জ্জুনের অভিমন্যু নামে পুত্র জন্মগ্রহণ করেন। তাঁহা হইতে পরীক্ষিৎ উৎপন্ন হইয়াছিলেন। মহারাজ পরীক্ষিতের জনমেজয় নামে এক পুত্র জন্মগ্রহণ করিয়াছিলেন। যযাতির জ্যেষ্ঠপুত্র পূর্ব্বোক্ত যদুর বংশে ভগবান্ শ্রীহরি জন্মগ্রহণ করিয়াছিলেন। ঐ যযাতি-তনয় যদুর, নল নামে এক পুত্র হন। তাঁহা হইতে কৃতবীর্য্য উৎপন্ন হন। ঐ কৃতবীর্য্য হইতে সহস্র বাহুশালী অর্জ্জুননামক পুত্র জন্মগ্রহণ করিয়াছিলেন। যাঁহার স্মরণমাত্র নরগণ অপহৃত দ্রব্য সকল পুনরায় প্রাপ্ত হইয়া থাকেন এবং অপহৃত দ্রব্য প্রাপ্ত হইয়া যাঁহার প্রীতির নিমিত্ত সদ্ব্রাহ্মণকে লবণ দান করিয়া থাকেন। ঐ কার্ত্তবীর্য্যার্জ্জুন হইতে বৃষ্ণি, বৃষ্ণি হইতে শশবিন্দু, শশবিন্দু হইতে জ্যামঘ জ্যামঘ হইতে [illegible] বক্র উৎপন্ন হইয়াছিলেন। ঐ বক্র হইতে ভোজ, ভোজ হইতে সুমিত্র, সুমিত্র হইতে শিনি, শিনি হইতে [illegible] পুত্র উৎপন্ন হইয়াছিলেন। ঐ

মিত্রের সত্রাজিৎ ও প্রসেন নামক দুইটী পুত্র হইয়াছিল, তাঁহারই বংশে শূরনামক নরপতি উৎপন্ন হন। ঐ শূর হইতে বসুদেব জন্মগ্রহণ করেন। হে দ্বিজবর! ঐ বসুদেবের ঔরসে ভগবান্ শ্রীকৃষ্ণ দ্বাপরান্তে জন্মগ্রহণ করিয়াছিলেন। এই চন্দ্রবংশ বর্ণন করিলাম, পশ্চাৎ মানববংশ বর্ণন করিব। এই সকল তোমাকে বংশের বিষয় বর্ণন করিলাম, পুনরায় কি শুনিতে ইচ্ছা করিতেছ, তাহা বল?

একোনত্রিংশ অধ্যায় সমাপ্ত॥ ২৯

ত্রিংশ অধ্যায়।

জৈমিনি কহিলেন, হে ব্রহ্মন্! এই সমস্ত জগৎ ব্রহ্মবংশ ও বিষ্ণুবংশে চতুর্দ্দিকে ব্যাপ্ত; এক্ষণে শিববংশ বলুন। ঋষি বলিলেন, শিব পুরুষ ও পার্ব্বতী স্ত্রী—ইহাঁরা উভয়ে সৃষ্টিকর্ত্তা; অতএব পুরুষ সকল শিবস্বরূপ ও স্ত্রীগণ পার্ব্বতীস্বরূপ। শিব পুংলিঙ্গ-রূপী ও দেবী স্ত্রীলিঙ্গরূপিণী; অতএব এই স্থাবর-জঙ্গমাত্মক জগৎ শিবলিঙ্গ ও দেবী-লিঙ্গস্বরূপ। হে জৈমিনে! এই অখিল জগৎই শিববংশ ও শিবস্বরূপ; তোমার শ্রষ্টব্য শিববংশ অন্য কিছু নাই। শিবশক্তিহীন কোন বস্তুই কুত্রাপি বিদ্যমান নাই। শিবশক্তিযুক্ত হইলেই সমস্ত সত্ত্ব বলিয়া পরিগণিত হয়। ভগবান্ বিষ্ণু বা বিধি, দেবগণ বা সমস্ত জগৎ সকলেই শিবশক্তিযুক্ত। পূর্ব্বকালে দেবী গিরিজা অপত্য-কামনায় লোককল্যাণকারী শঙ্করকে বলেন, হে ভগবন্! অপত্যবানেরই সমস্ত কার্য্যে অধিকার, নিঃসন্তানের একেবারে ক্রিয়া নাই; অতএব আপনি সাত্ত্বিকভাব অবলম্বন পূর্ব্বক সদাই আমাতে সঙ্গত হইয়া ঔরস পুত্র উৎপাদন করুন। ঋষি বলিলেন, তখন ভগবান্ শঙ্কর পার্ব্বতীর এই কথা শুনিয়া মধুর-বচনে তাঁহাকে বলিলেন, অয়ি গিরিজে! আমি গৃহস্থ নহি, আমার পুত্রের প্রয়োজন কি? দেবগণের কুচক্রেই তুমি আমার ভার্য্যারূপে প্রতিপাদিত হইয়াছ। অয়ি ভদ্রে! বিরাগী পুরুষের ভার্য্যা পরমবন্ধু বটে, কিন্তু পুত্র তদীয় পাশ-শৃঙ্খলরূপে নিরূপিত হইয়া থাকে। হে দেবি! আমার মৃত্যু নাই, আমার পুত্রপ্রয়োজনও নাই; তবে বল দেখি, যাহার ব্যাধি নাই, তাহার ঔষধে প্রয়োজন কি? হে দেবি! তুমি ও আমি স্ত্রী ও পুরুষরূপে জগতের স্ত্রী ও পুরুষে সদা রত হইয়া আনন্দ অনুভব করি, তাহাতেই আমরা পুত্রোৎপত্তির কারণ হইয়া থাকি। আমরা স্বয়ং অনপত্য বটে, কিন্তু সর্ব্বদা আত্মারাম হইয়া রমণ করি। পার্ব্বতী কহিলেন, হে দেবদেব ভগবন্ নীলকণ্ঠ ত্রিলোচন! আপনি যথার্থই বলিয়াছেন বটে, কিন্তু আমি পুত্র ইচ্ছা করি; অতএব হে মহেশ্বর! পুত্র উৎপাদন করিয়া আপনি যোগ-অনুষ্ঠান করুন। আমি তাহাকে পালন করিব,

আপনার যোগের কোন ব্যাঘাত ঘটিবে না। আমার পুত্র-মুখ-চুম্বনে বলবতী স্পৃহা জন্মিয়াছে, আপনি যখন আমায় ভার্য্যা স্বীকার করিয়াছেন, তখন পুত্র উৎপাদন করুন। ইহা শুনিয়া শিব কহিলেন, আমি পুত্র উৎপাদন করিব বটে, কিন্তু সেই পুত্র বিবাহে বিমুখ হইবে; তাহা হইলে, তোমার বংশ পুত্র-পৌত্রাদিক্রমে থাকিবে না। ঋষি বলিলেন, এই কথা বলিয়া ভগবান্ কুপিতভাবে আসন হইতে উঠিয়া গমন করিলেন। দেবীও বিমনা হইয়া দুঃখে বহুক্ষণ চিন্তান্বিত হইলেন। তখন তদীয় পার্শ্বসহচরী জয়া ও বিজয়া ভগবানের নিকট গমনপূর্ব্বক রোষভঙ্গের নিমিত্ত তাঁহাকে অনুনয় করিলে, ভগবান্ শঙ্কর দেবীকে বিমনা দেখিয়া পুনরায় কহিলেন, অয়ি সুন্দরি! পুত্রের অভাবে কেন তুমি বিমনা হইয়াছ? যদি পুত্রের মুখ-চুম্বনে তোমার ইচ্ছা হইয়া থাকে, তবে তোমার পুত্রকল্পনা করিয়া দিতেছি, "এই পুত্র গ্রহণ কর ও যথাসুসারে তদীয় মুখ-চুম্বন কর" বলিয়া তিনি গিরিনন্দিনীর বসন আকর্ষণপূর্ব্বক তাঁহাকে দিলেন। পার্ব্বতী কহিলেন, হে মহেশ্বর! ইহা আমার রক্তবর্ণ বস্ত্র, ইহাতে কিরূপে পুত্রের কার্য্য করিবে? হে শিব! পরিহাস ত্যাগ করুন, আমি পশুপতি নহি; বস্ত্র দ্বারা কেমনে আমার পুত্রলাভের আনন্দ হইবে? ঋষি বলিলেন, এই কথা বলিয়া দেবী গিরিজা প্রভুর পরিহাস-বাক্য ভাবিয়া সেই বস্ত্রখানি পুত্রের ন্যায় করিয়া ক্রোড়ে করিলেন। হে দ্বিজ! তখন দেবীর ক্রোড়গত সেই বস্ত্র জীবন প্রাপ্ত হইয়া ক্রোড় হইতে পতিত হইল ও পুনঃপুনঃ স্পন্দিত হইতে লাগিল। পার্ব্বতী তাহাকে স্পন্দিত হইতে দেখিয়া শিবের নিকটে কর-কমলে গ্রহণপূর্ব্বক "জীব" "জীব" এই কথা বলিলেন। তখন সেই বালক জীবিত হইয়া প্রাণ লাভপূর্ব্বক "মা মা" বলিয়া রোদন করত পার্ব্বতীর হর্ষ-সম্পাদন করিল। স্নেহময়ী দেবী সেই বালককে পাইয়া ক্রোড়ে করিয়া স্তন্যপান করাইলেন। তখন তদীয় স্তন-যুগল হইতে দুগ্ধ নিঃসৃত হইতে লাগিল। সেই বালকও স্তন্যপান করিয়া সস্মিত-বদনে মাতার মুখ-পানে চাহিয়া রহিল, অমনি মাতা তদীয় মুখ-চুম্বন করিলেন। তখন সুন্দরী গিরিনন্দিনী মুহূর্ত্তকাল বালককে আলিঙ্গন করিয়া, "হে প্রভো! পুত্র গ্রহণ করুন, আপনি সদয় হইয়া ইহা দিয়াছেন, এক্ষণে পুত্রলাভে কীদৃশ সুখ উপলব্ধি করুন" ইহা বলিয়া স্বীয় পতি মহেশ্বরের ক্রোড়ে সমর্পণ করিতে উদ্যত হইলেন। হে দ্বিজপুঙ্গব! তাহা শুনিয়া শঙ্কর বলিলেন, হে দেবি! আমি পরিহাস করত তোমার বস্ত্রকৃত পুত্র প্রদান করিয়াছিলাম, তাহা তোমার ভাগ্যবলেই পুত্র হইয়াছে, ইহাতে বৈচিত্র্য কি? দেবি! প্রদান কর দেখি, সত্য কিনা, বস্ত্র-নির্ম্মিত দেহ কিরূপে জীব প্রাপ্ত হইল? ঋষি বলিলেন, এই কথা বলিয়া শম্ভু পুত্রকে গ্রহণ করিয়া পাণিতলে রাখিয়া অতিযত্নে দর্শন করিলেন। তিনি সেই বালকের সমস্ত অঙ্গ নিপুণভাবে দর্শন করিয়া জন্মদোষ স্মরণ করত দেবী পার্ব্বতীকে কহিলেন, হে দেবি! তোমার এই উৎপন্ন পুত্রের গ্রহরিষ্টি আছে; অতএব দেখিতেছি, এই পুত্র বহুকাল

জীবিত থাকিবে না। পুত্র অল্পায়ু হইলে অল্পদিন মধ্যেই তাহার মৃত্যু শ্রেয়স্কর, নচেৎ গুণবান্ হইয়া মরিলে, অত্যন্ত কষ্টপ্রদান করিয়া থাকে। ঋষি বলিলেন, শম্ভু এইরূপ কহিতেছেন, এমন সময়ে উত্তরাগ্রে স্থিত সেই শিশুর মস্তক দেহ হইতে বিচ্যুত হইয়া ভূতলে পতিত হইল। তাহা দেখিয়া পার্ব্বতী শোকে আকুল হইয়া সেই ছিন্নমস্তক পুত্রকে লইয়া, "হা বৎস, হা বৎস" বলিয়া বহুধা রোদন করিতে লাগিলেন। ভগবান্ শিবও বিস্মিত হইয়া পুত্রের ভ্রস্ত মস্তক করে লইয়া মধুরবাক্যে পার্ব্বতীকে বলিলেন, হে কল্যাণি! পুত্রশোক প্রাপ্ত হইয়াও রোদন করিও না; কারণ পুত্রশোক অপেক্ষা এমন আর আত্মশোষক নাই; অতএব পুত্রশোক ত্যাগ কর, আমি তোমার পুত্রের জীবন দান করিতেছি, এই ছিন্ন মস্তকটী স্কন্ধে যোজনা কর। ঋষি কহিলেন, ভগবান্ এই কথা বলিলে দেবী পার্ব্বতী মস্তকযোজনা করিতে গেলেন কিন্তু তাহা সংযুক্ত হইল না। তাহা দেখিয়া শিব চিন্তান্বিত হইলেন। ইত্যবসরে দৈববাণী হইল যে, "হে শম্ভো! তোমার এই পুত্রের মস্তকে রিষ্টি দৃষ্ট হইয়াছে, অতএব এই মস্তকসংযোগে জীবিত হইবে না, অন্যের মস্তক আনিয়া স্কন্ধে যোজনা করিয়া জীবন দান কর। আর যেহেতু তোমার পাণিতলে বালক উত্তরশিরা হইয়া অবস্থিত ছিল, এই নিমিত্ত উত্তরশিরে স্থিত কোন জীবের মস্তক আনিয়া যোজনা করিতে হইবে।" এইরূপ আকাশবাণী শ্রবণ করিয়া, শম্ভু দেবীকে আশ্বস্ত করিলেন ও নন্দীকে ডাকিয়া তৎকার্য্যে প্রেরণ করিলেন। তখন নন্দী ত্রিজগৎ ভ্রমণ করিয়া, অমরাবতীতে গিয়া, উত্তর-শিরে শয়ান ইন্দ্রের ঐরাবত হস্তীকে দেখিতে পাইলেন। দেখিয়াই তদীয় মস্তক ছেদনে উদ্যত হইলেন। এমন সময়ে হস্তী গর্জ্জন করিয়া উঠিল। সেই গর্জ্জনে ইন্দ্রাদি দেবগণ আসিয়া উপস্থিত হইলেন। ইন্দ্র কহিলেন, কে তুমি অদ্ভুত আকৃতি-মান্ আমার হস্তীকে বধ করিতে আসিয়াছ? তোমায় প্রেরণ করিয়াছে কে? তোমার হস্তে খড়্গাই বা বিদ্যমান কেন? নন্দী বলিলেন, আমি শিবকিঙ্কর নন্দী, প্রভুর আজ্ঞায় আসিয়াছি, ঐরাবতের মস্তক লইয়া আমার প্রভুকে দিতে হইবে। তদীয় কুমার পাণিতলে উত্তর শিরে ছিল, এমন সময়ে তাহার মস্তক রিষ্টিদৃষ্ট হইয়া ভূতলে পতিত হয়। তখনই আকাশবাণী হইয়া উঠে যে, "উত্তরশিরে শয়ান কোন জীবের মস্তক যোজনা করিলে পুত্র জীবিত হইবে", তাই প্রভুকুমারের মস্তকযোজনায় আমার জীবন দান করিতে হইবে। এই নিমিত্ত তদীয় গজরাজের মস্তক আমি নিশ্চয় ছেদন করিব। তোমার যদি বাঁচিতে সাধ থাকে, তবে ঐরাবতের সঙ্গ ত্যাগ করিয়া চলিয়া যাও, প্রভুর কুমারের প্রাণদানের নিমিত্ত তোমার হস্তিবধ জানিও। ঋষি কহিলেন, তখন ইন্দ্র নন্দীর এইরূপ বাক্য শ্রবণে কুপিত হইয়া, সকল দেব-গণকে ডাকিয়া নন্দীকে বলিলেন, হে বনচর! আমি দেবরাজ, আমার জীবন থাকিতে

তুমি কাননবাসী শম্ভুর কিঙ্কর হইয়া, কখনই হস্তী বধ করিতে পারিবে না। ঋষি বলিলেন, এই কথা বলিয়া দেবরাজ নন্দীকে বধ করিবার ইচ্ছায় শূলহস্তে ধাবিত হইলেন; নন্দী হুঙ্কারে সেই শূল ভস্ম করিল। পুনরায় তিনি গদা গ্রহণ পূর্ব্বক সবলে নিক্ষেপ করিলেন, নন্দী তাহা অবলীলাক্রমে বাম হস্তে ধারণ করিয়া "হে ইন্দ্র! এই লও, তোমার গদা লও" বলিয়া তাঁহার দিকে নিক্ষেপ করিল। তখন সেই গদা ইন্দ্রের বক্ষঃস্থলে পতিত হইয়া আঘাত করিল। ইন্দ্র তদীয় আঘাতে কিঞ্চিৎ ব্যথিত হইয়া অন্য শূল গ্রহণ পূর্ব্বক নন্দীর প্রতি নিক্ষেপ করিলেন, নন্দী তাহা খড়্গ দ্বারা খণ্ড-বিখণ্ড করিল। পুনরায় ইন্দ্র বজ্র উদ্যত করিয়া, বায়ুবেগে ধাবিত হইলেন, নন্দী তখন অতিভীষণ মূর্ত্তি ধারণ করিল। ইত্যবসরে হস্তিপক ইন্দ্রের নিমিত্ত মত্ত ঐরাবত হস্তী উপস্থিত করিল। মহাবল ইন্দ্র তাহাতে আরূঢ় হইয়া, দেবগণ-সাহায্যে বজ্রহস্তে নন্দীর সহিত যুদ্ধ করিতে লাগিলেন। সকল দেবগণ ধনুর্হস্তে মিলিত হইয়া ঘোর বর্ষাকালে মহাপর্ব্বতের উপর মেঘের ন্যায় সেই ভীষণমূর্ত্তি নন্দীর উপর শরবৃষ্টি করিতে লাগিল। তখন অদ্ভুতদর্শন মহাভীমতনু নন্দী পাষাণের ন্যায় কঠিনাকার হইয়া, তাহাদিগের শরবৃষ্টি সহ্য করত বামহস্ত-আমর্ষে, নিশিতখড়্গে, হুঙ্কারে ও নিশ্বাসপবনে সেই শরবৃষ্টি নিবারণপূর্ব্বক ঐরাবতের মস্তক ছেদন করিলেন। ঐরাবত হস্তী ছিন্ন-মস্তক হইয়া ঘোরনাদে ঘোষিত করিয়া, দেবগণের সমক্ষে ভূতলে পতিত হইল। সেই অদ্ভুত কার্য্য দর্শনে মুগ্ধ দেবগণ হাহাকার করত নিস্পন্দভাবে রহিলেন। এদিকে শিব নন্দীর সাধুবিক্রম শ্রবণ করিয়া আনন্দে নন্দীকে আলিঙ্গনপূর্ব্বক কুমারের স্কন্ধে গজমস্তক যোজনা করিলেন। মস্তকযোজনা করিবামাত্র সেই বালক অতি সুন্দর, খর্ব্ব, স্থূলতর, গাজেন্দ্রবদনাম্বুজ, জবাকুসুমসঙ্কাশ, মৃগাঙ্কধবলানন, চতুর্ব্বাহু, প্রস্যন্দমদগন্ধলুব্ধ-মধুপ-শোভিত ও বহ্যদ্ভুতলোচনরূপে শিবের সমীপে বিরাজমান হইল। তখন সকল দেবগণ আসিয়া ভগবান্ শম্ভুর ক্রোড়স্থিত গজেন্দ্রানন বালক শিবনন্দনকে দর্শন করিলেন। ব্রহ্মাদি দেবতা তথায় গমনপূর্ব্বক তাঁহাকে গাণপত্যে অভিষিক্ত করিলেন। ব্রহ্মা তাহার লম্বোদর নাম রাখিলেন। সেই বালক সর্ব্বদেবগণমধ্যে সর্ব্বাগ্রে পূজ্য অত্যদ্ভুত দেবরাজ হইয়া শোভা পাইতে লাগিলেন। বর্ণলোচনা সরস্বতী তাহাকে লেখনী, ব্রহ্মা জপমালা, ইন্দ্র গজদন্ত, লক্ষ্মী পদ্ম, শিব ব্যাঘ্রচর্ম্ম, বৃহস্পতি যজ্ঞসূত্র ও পৃথিবী মূষিকবাহন প্রদান করিলেন। মুনিগণ সেই রক্তবর্ণ শিবনন্দনকে স্তব করিতে লাগিলেন। ব্রহ্মা কহিলেন, হে শম্ভো! তোমার এই পুত্র তোমা হইতে অভিন্ন; হে মহেশ্বর! সকল দেবতার অগ্রে ইহাঁর পূজা হইবে, পরে তুমি পূজ্য হইবে; ইনি সকল দেবগণের ও তদীয় প্রমথগণের অধিপতি হইবেন। গজাস্য বলিয়া ইহাঁর গজানন নাম হইবে। নন্দী ইন্দ্রকে জয় করিয়া ঐরাবতবধপূর্ব্বক মস্তক আনিয়া দেওয়ায়

ইহার নাম একদন্ত হইবে। হে শঙ্কর! ইহাঁর বীজরূপ নাম হেরম্ব থাকিল, নিন্দনীয়-ভাবে লম্বোদর নামও থাকিল। ইহাঁর স্মরণ মাত্রে বিঘ্নরাশি নষ্ট হয় বলিয়া, হে শিব! তোমার পুত্রের নাম বিঘ্নেশ রহিল। যে ব্যক্তি যাত্রাকালে অথবা পুণ্য-কার্য্যারম্ভে এই গণপতিকে স্মরণ করিবে, তাহার যাত্রা ও কার্য্য সফল হইবে। সমস্ত মঙ্গলকার্য্যে এই গণাধিপের পূজা করিবে, তাহা হইলেই সকল দেবতা পূজিত হইয়া কার্য্যসাধক হইবেন। ঋষি বলিলেন, হে দ্বিজবর! তখন ব্রহ্মা এই কথা বলিয়া বিরত হইলে, ঐরাবতের অভাবে দুঃখিত ইন্দ্র শিবকে কহিলেন, হে দেবোত্তম ত্রিভুবনপতে পার্ব্বতীপ্রিয় ত্রিলোচন প্রভো মহাদেব! আপনাকে প্রণাম, আপনার পরাক্রান্ত কিঙ্কর নন্দী আমার হস্তীকে বধ করিয়াছে। আমি তখন অজ্ঞানপূর্ব্বক তাহার সহিত যুদ্ধ করিয়াছিলাম, আমার অপরাধ মার্জ্জনা করুন। হে মহেশ্বর! না প্রার্থনা করিলেও যাঁহাকে নিজ মস্তক দেওয়া কর্ত্তব্য, তাঁহাকে গজমস্তক দিতে ইচ্ছা করি নাই; অতএব তজ্জন্য আমায় ক্ষমা করুন। তাহা শুনিয়া ভগবান্ কহিলেন, হে ইন্দ্র! ছিন্নমস্তক ঐরাবতকে তুমি সাগরজলে নিক্ষেপ কর; তাহা হইলে সমুদ্রমথনোৎপন্ন নাগরাজকে পুনরায় প্রাপ্ত হইবে। তুমি যেমন আমার পুত্রের জন্য ঐরাবতমস্তক দিয়াছ, তদ্রূপ আমিও তোমাকে অক্ষয় বিষয় প্রদান করিব। ঋষি কহিলেন, হে দ্বিজ! ভগবান্ এই কথা বলিলে পর, কশ্যপনন্দন ইন্দ্র স্বর্গে গমন করিলেন; ব্রহ্মাদি দেবগণও স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন। দেবী পার্ব্বতী সানন্দে গণেশকে পালন করিতে লাগিলেন। এদিকে গণেশ সংসার-বিমুখ পরম যোগী হইলেন। ঋষিগণ সর্ব্বদা আগমন করত তাঁহাকে স্তব করিতে লাগিলেন। ঋষিগণ কহিলেন, গণেশ, গণনাথ, হেরম্ব, গিরিশাত্মজ, পার্ব্বতীনন্দন, বীর, দেবরাজ, গজাস্য, লম্বোদর, বিঘ্নরাজ, যোগী, সদ্‌যোগলক্ষণ, অগ্রপূজ্য, চতুর্ব্বাহু, একদন্ত, লিপীশ্বর, ব্যাঘ্র-চর্ম্মাম্বর, ধীর, মঙ্গলরূপবান্, শঙ্কাঙ্গ, মষিকারোহী, মোক্ষদায়ক, দন্তকর, দন্তী, বৈষ্ণব, পরমার্থদৃক্, পদ্মপাণি, পঞ্চবক্ত্র, শিব, শঙ্কর, ঈশ্বর, হাস্যগত, নৃত্যকারী, শিবপুত্র, ত্রযম্বক, আনন্দানন্দ, অতিমনা, শৈব, ধর্ম্ম, ধনেশ্বর, অনন্ত, জগদাধার, শশিসূর্য্যলোচন, সদ্রূপাত্তা, সামুদ্র, সমুদ্রজঠর, জয়, দিব্যরূপ, বারিনাথ ও বিজয়; গণেশের এই পঞ্চাশৎ নাম যে ব্যক্তি যাত্রা, পূজা ও দানকালে, শ্রাদ্ধে, গঙ্গাস্নানে অথবা পুত্রাদির মঙ্গলকার্য্যে কিংবা প্রত্যহ ত্রিসন্ধ্যা পাঠ করে বা ভক্তিমান্ হইয়া শ্রবণ করে, তাহার বিঘ্ন দূর হয়, ধনপুত্রাদির মঙ্গল হয়, ইষ্টদেবে ভক্তি ও বাঞ্ছিত অর্থলাভ হইয়া থাকে। শুকদেব কহিলেন, ঋষিগণ এইরূপ স্তব করিয়া যথাস্থানে গমন করিলেন। হে জৈমিনে! পুণ্যজনক এই গণেশের জন্মকথা তোমায় বলিলাম। সংহাররূপী শম্ভুর বংশ বর্ত্তমান নাই। শম্ভুর অন্য পুত্র কুমার কার্ত্তিকেয়ের কথা বলিয়াছি, তিনি কৌমারব্রতচারী ছিলেন বলিয়া বিবাহ করেন নাই। হে জৈমিনে! যে সমস্ত কথা জিজ্ঞাসা করিয়াছিলে, তাহা বলিলাম; তুমি তপশ্চরণে গমন কর; আমিও যথাস্থানে যাই। ব্যাস কহিলেন, হে জাবালে! তখন

জৈমিনি নিজ গুরুদেবকে প্রণামপূর্ব্বক তপস্যার্থ গমন করিলেন, শিবের অংশাবতার মহাভাগ মহাযোগী শুকদেবও অন্যত্র প্রস্থান করিলেন। হে জাবালে। এক্ষণে তোমার আর কি শ্রবণেচ্ছা আছে? বল, আমি বলিতেছি।

ত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩০ ॥

মধ্যখণ্ড সমাপ্ত।

উত্তরখণ্ড।

প্রথম অধ্যায়।

শৌনক কহিলেন, হে প্রভো সূত! মুনিবর জাবালি, দেবী-প্রমুখাৎ মধ্যমখণ্ড শ্রবণানন্তর গুরু বেদব্যাসকে কোন বিষয় জিজ্ঞাসা করিলেন? তাহা প্রকাশ করুন। সূত কহিলেন, হে শৌনক! তিনি মধ্যমখণ্ডের পুণ্যজনক কথা সকল শ্রবণ করিয়া গুরুকে জিজ্ঞাসা করিলেন, হে ব্রহ্মন্! আপনার মুখে দিব্য কথা সকল শ্রবণ করিলাম, এক্ষণে বর্ণাশ্রমধর্ম্ম-শ্রবণে নিতান্ত বাসনা হইতেছে; অতএব কৃপা করিয়া তদ্বিষয় কীর্ত্তন করুন। ব্যাসদেব কহিলেন, ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর মূলপ্রকৃতি হইতে সমুদ্ভূত, তন্মধ্যে সত্ত্বদেহ সনাতন বিষ্ণু মধ্যম। তাঁহার মুখ হইতে সর্ব্ববেদের আশ্রয়, বিপ্রগণ প্রজাপালনার্থ বাহু হইতে ক্ষত্রিয়গণ, ধনরক্ষার্থ উরুদেশ হইতে বৈশ্যগণ ও পূর্ব্বোক্ত বর্ণত্রয়ের সেবার্থ পাদদ্বয় হইতে শূদ্রগণ উৎপন্ন হইয়াছে। ভগবান্ বিষ্ণু এইরূপে বর্ণচতুষ্টয় সৃজন করিয়া তাহা-দিগের ধর্ম্মের উৎপাদন করেন। আগম ও নিগম এই উভয় ধর্ম্মের পথ। ঐ দুই পথ দ্বারাই সচরাচর সমুদয় জগৎ রক্ষিত হইতেছে। তন্মধ্যে নিগম বেদমার্গ ও আগম তত্ত্বমার্গ। বেদমার্গ কর্ম্মস্বরূপ ও তত্ত্বমার্গ যোগস্বরূপ জানিবে। কর্ম্মবিশেষের নামই যোগ, ঐ যোগবলেই তত্ত্বলাভ হইয়া থাকে এবং কর্ম্মস্বরূপ বেদমার্গ হইতে যোগলাভ হয়। কোন ব্যক্তিই কর্ম্ম না করিয়া ক্ষণকালও অবস্থান করিতে পারে না। যাবৎ পর্য্যন্ত তত্ত্বলাভ না হয়, তাবৎ জীবমাত্রেই কর্ম্মাধীন; অতএব হে বিপ্র! তত্ত্বপ্রার্থী ব্যক্তির বৈধকর্ম্ম ত্যাগ করা কোনক্রমেই উচিত নহে। তত্ত্বলাভের পূর্ব্বে যে ব্যক্তি কর্ম্মবিহীন হয়, সে নিঃসন্দেহ অধঃপতিত হইয়া থাকে। তত্ত্বশব্দের অর্থ অদ্বৈতভাব, তাহা কেবল বাক্য দ্বারা লাভ হয় না। হে বিপ্র! প্রাণিগণ, কর্ম্মদ্বারাই দেহ ধারণ করিয়া থাকে এবং কর্ম্ম হইতেই স্বর্গ বা নরক প্রাপ্ত হয়। হে দ্বিজ! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারিবর্ণই স্বধর্ম্মনিরত হইলে বিপ্রত্ব প্রাপ্ত হইয়া থাকে এবং ব্রাহ্মণ হইয়া যদি যথো-চিত ব্রাহ্মণের ধর্ম্ম প্রতিপালন করে, তাহা হইলেই তত্ত্বলাভে সক্ষম হয়। শূদ্র যথাবিধি শূদ্রধর্ম্ম পালন করিলে বৈশ্যত্ব, বৈশ্য বৈধ-বৈশ্যধর্ম্ম-পালনে ক্ষত্রিয়ত্ব, ক্ষত্রিয় শাস্ত্রোক্ত-ক্ষত্রিয়ধর্ম্ম-পালনে বিপ্রত্ব এবং বিপ্র সদাচার-সম্পন্ন হইলে মুক্তিলাভ করিয়া থাকে। সমুদয় বর্ণই স্বধর্ম্ম পরিহারপূর্ব্বক উচ্চবর্ণের ধর্ম্ম আচরণ করিলে ঘোর নরকে পতিত হইয়া থাকে, এজন্য নিজ নিজ ধর্ম্মের অনুষ্ঠানই সকল বর্ণের কর্ত্তব্য। হে ব্রহ্মন্! এক্ষণে যথাক্রমে ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়ের যে ধর্ম্ম শুভপ্রদ, তাহা কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর।

ব্রাহ্মণাদি সর্ব্ববর্ণেরই অনসূয়া, দয়া, ক্ষমা, শৌর্য্য, সরলতা, অলোভ, অকার্পণ্য, আলস্য-বিহীনতা এবং এবংবিধ অন্যান্য সদ্গুণ থাকা উচিত, ঐ অষ্টপ্রকার সদ্গুণ থাকিলে কি ইহকাল কি পরকাল উভয়েই মঙ্গল লাভ হইয়া থাকে। এক্ষণে পৃথক্ পৃথক্ ধর্ম্ম নির্দ্দেশ করিতেছি, শ্রবণ কর। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের যজ্ঞ, অধ্যয়ন ও দান স্বধর্ম্ম; ক্ষত্রিয় ব্রাহ্মণের, বৈশ্য ব্রাহ্মণ ক্ষত্রিয়ের এবং শূদ্র, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের সেবা করিবে এবং ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের শূদ্রকে ভরণ করা কর্ত্তব্য। ব্রাহ্মণের নামের অন্তে দেব ও শর্ম্মা, ক্ষত্রিয়ের রায় ও বর্ম্মা, বৈশ্যের ধন ও শূদ্রের নামশেষে দাস শব্দ ব্যবহার হইবে। হে দ্বিজপুঙ্গব! ব্রাহ্মণ ও ক্ষত্রিয় স্ত্রীর নামশেষে দেবী এবং বৈশ্য ও শূদ্রস্ত্রীর দাসীপদ প্রয়োগ করা কর্ত্তব্য। ক্ষত্রিয় প্রভৃতি বর্ণত্রয় ব্রাহ্মণকে সম্মুখাগত দেখিলে প্রণাম করিবে, যদি তাহা না করে, তবে ব্রহ্মহত্যাপাপে লিপ্ত হয়। উক্ত বর্ণত্রয় প্রণাম করিলে ব্রাহ্মণ সন্তুষ্টমনে সংস্কৃতবাক্যে আশীর্ব্বাদ করিবে। ব্রাহ্মণের সহিত ব্রাহ্মণের সাক্ষাৎ হইলে পরস্পর পরস্পরকে প্রণাম করিবে, ইহাতে পিতাও পুত্রকে প্রণাম করিলে কোনরূপ দোষ হয় না। জলহস্ত, বহ্নিহস্ত, অধ্যয়নপর ভোজনাসক্ত, জপনিরত, অন্নাদিপাকে নিযুক্ত, পুষ্পহস্ত, ধ্যানপরায়ণ, নিদ্রাযুক্ত বেগে ধাবমান, ক্রোধান্বিত, বদ্ধ, আর্দ্রবস্ত্রধারী, শস্ত্রপাণি, পতিত, উন্মাদগ্রস্ত, নীচস্থানস্থিত, অন্যমনস্ক, স্নানাসক্ত এবং অন্যকর্ত্তৃক পীড্যমান ব্যক্তিকে কদাচ প্রণাম করিবে না। কাহারও পশ্চাদ্ভাগে প্রণাম করাও নিষিদ্ধ। আর স্বয়ং পবিত্র হইয়া অপবিত্র ব্যক্তিকে, কিংবা জলপান করিতে করিতে, কিংবা উচ্চস্থানে অবস্থিত থাকিয়া কিংবা স্বয়ং অপবিত্র, বিবস্ত্র বা আর্দ্রবস্ত্র হইয়া কাহাকেও কদাপি প্রণাম করিতে নাই। হে দ্বিজ! যে কোন স্থানে কেহ নমস্কার করিলে তাহাকে আশীর্ব্বাদ করিবে, কিন্তু প্রণামের পূর্ব্বে কদাচ আশীর্ব্বাদ করা কর্ত্তব্য নহে। তাহা হইলে ব্রাহ্মণ ও শূদ্র উভয়েই নরকগামী হয়। ব্রাহ্মণ যদি বয়ঃকনিষ্ঠ হইয়াও গুণজ্যেষ্ঠ হন, তবে তিনি বয়োজ্যেষ্ঠ ব্রাহ্মণগণেরও নমস্য। গুরুজন অসৎ-গুণান্বিত হইলেও তাহাদিগকে প্রণাম করা কর্ত্তব্য। ক্রমে উচ্চ উচ্চ বর্ণ যে অধম বর্ণের গুরু, ইহা পূর্ব্বে কথিত হইয়াছে। গুরুজনের নামগ্রহণ, নিন্দা, পরোক্ষে দোষকথন এবং তাঁহাদিগকে নাম ধরিয়া আহ্বান করা ও তাঁহাদিগের নিকট ঔদ্ধত্য পরিত্যাগ করিবে। মাতুলাদি বয়ঃকনিষ্ঠ হইলেও তাঁহাদিগকে প্রণাম করা কর্ত্তব্য এবং অন্যান্য সম্বন্ধবিশিষ্ট স্বজনকে পাদগ্রহণ না করিয়া প্রণাম করিবে, কনিষ্ঠকে পাদগ্রহণ পূর্ব্বক প্রণাম করা নিষিদ্ধ। কনিষ্ঠবংশীয় শিক্ষাদানাদি দ্বারা গুরু হইলে জ্যেষ্ঠবংশীয় শিষ্যকে প্রণাম করিবে না এবং কনিষ্ঠবংশীয়েরা জ্যেষ্ঠবংশীয়কে পাদগ্রহণ না করিয়া প্রণাম করিবে। গুরুতর সম্বন্ধ বিশিষ্ট বয়ঃকনিষ্ঠ হইলেও তাহার নমস্কারের অগ্রে তাহাকে নমস্কার করিবে। গুরুপুত্রাদি ও মাতুলাদি ভিন্ন অপর গুরুপত্নীদিগকে ব্রাহ্মণগণের নমস্কার করা কর্ত্তব্য নহে! গুরুপত্নী যুবতী হইলে তাঁহার পাদস্পর্শ না করিয়া প্রণাম করিবে। কনিষ্ঠ-ভ্রাতৃপত্নী, পুত্রবধূ, শিষ্যপত্নী ও বন্ধুর সম্মুখ-

বর্ত্তী হওয়া কদাচ উচিত নহে। বিশেষতঃ তাঁহাদিগকে সমাদর, তাঁহাদিগের অঙ্গস্পর্শ, তাঁহাদিগকে বহিঃসন্দর্শনার্থ অবস্থিতি ও উচ্ছিষ্টদান কদাচ করিতে নাই। বিমাতা, গুরুপত্নী, শ্বশ্রূ, জ্যেষ্ঠসহোদরা, মাতৃস্বসা, মাতুলানী ও পিতৃস্বসা; ইহাঁরা মাতৃস্থানীয় ও উত্তরোত্তর লঘু এবং পরম মাননীয়া, পূজনীয়া ও সর্ব্বথা অগম্যা। পত্নীর মাতুলাদিকে সাদরে প্রণাম করা কর্ত্তব্য। ভার্য্যার ভ্রাতা বয়োজ্যেষ্ঠ হইলে তাহাকে প্রণাম করিবে; কিন্তু তাহার পাদগ্রহণ করিবে না। ব্রাহ্মণ সর্ব্ববর্ণের গুরু, ক্ষত্রিয়াদি অপর বর্ণত্রয় তাঁহার শিষ্য স্বরূপ। হে জাবালে! এই আমি তোমার নিকট প্রণামের বিধান বলিলাম, যে ব্যক্তি ইহার অন্যথাচরণ করে, সে পণ্ডিতগণের নিকট দণ্ডার্হ।

প্রথম অধ্যায় সমাপ্ত ॥ ১ ॥

দ্বিতীয় অধ্যায়।

ব্যাসদেব কহিলেন, এক্ষণে যথাজ্ঞান ব্রাহ্মণগণের সনাতন ধর্ম্ম কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। পূর্ব্বে উহা ভগবান্ ব্রহ্মা কহিয়াছেন এবং ব্রাহ্মণগণও আচরণ করিয়া আসিতেছেন। সত্য; শান্তি, ক্ষমা, অহিংসা, বৈধহিংসা, অল্পে সন্তোষ, দয়া, দান, যাহাতে অপরের ক্লেশ না হয় এরূপ ভিক্ষা, সৌজন্য, বিনয়, যজন, যাজন, প্রতিগ্রহ, অধ্যয়ন, অধ্যাপনা, পরিমিত আহার, নিরামিষ ভোজন, উপবাসাদি ব্রত, সূর্য্যের আরাধনা, অগ্নিসেবা, গুরুসেবা ও গোসেবা ব্রাহ্মণের অবশ্য কর্ত্তব্য। ব্রাহ্মণগণ, নীচের নিকট প্রার্থনা, অশুচিস্পর্শ, অপবিত্র স্থানে বাস, নীচ ব্যক্তির সহিত আলাপ, নীচগৃহে গমন, নীচবাসনা, স্নান ও জপে আলস্য, চিত্তক্ষোভ এবং শূদ্রকর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া ভোজন, পরিত্যাগ করিবে। ধর্ম্মজ্ঞান, ধর্ম্মবিষয়ে কথোপকথন এবং শাস্ত্রালাপ ব্রাহ্মণের কর্ত্তব্য কর্ম্ম। ব্রাহ্মণগণ শস্ত্রধারণ, বাণিজ্য, গোপৃষ্ঠে ভার-বাহন, গোচারণ ও গোবিক্রয় কদাপি করিবে না, যে ব্যক্তি ইহার অন্যথা করিবে সে গোবধের পাতকী হইবে। কোন প্রকার প্রাণী, তৈজসপাত্র, বসা ও বস্ত্র বিক্রয় এবং চর্ম্মবাদ্য, নৃত্য, চর্ম্মবাদ্য-উপজীবিকা ও চর্ম্মচ্ছেদাদি কার্য্য কদাচ ব্রাহ্মণের কর্ত্তব্য নহে। ব্রাহ্মণগণ, প্রতিদিন শুচি হইয়া ত্রিসন্ধ্যোপাসনা, গায়ত্রীজপ এবং দেবতা, ঋষি ও পিতৃগণের তর্পণ করিবে। উক্ত গায়ত্রী, প্রাতঃকাল, মধ্যাহ্নকাল ও সায়ংকাল ভেদে ত্রিবিধা। প্রাতঃকালে রক্তবর্ণা ব্রহ্মস্বরূপা, মধ্যাহ্নে শ্যামবর্ণা বিষ্ণুস্বরূপা ও সায়ংকালে শুক্লবর্ণা শিবস্বরূপা স্মরণ করিবে। উক্ত সন্ধ্যাত্রয়েই ব্রাহ্মণ্য অধিষ্ঠিত আছেন। যে ব্যক্তি ত্রিসন্ধ্যা না করে, সে ব্রাহ্মণপদবাচ্য নহে। যে পাপাত্মা ত্রিসন্ধ্যাবিমুখ, সে সূর্য্যদেবকে হত্যা করিয়া থাকে। অস্নায়ী ব্যক্তি—মল

ও জপবিহীন ব্যক্তি—পূয় শোণিত ভোজন করে। প্রতিদিন পিতৃতর্পণ না করিলে পিতৃহত্যার পাতকী হয়। সূর্য্যদেব উদিত হইলে মন্দেহনামক মহাবিকটানন রাক্ষসগণ, প্রত্যহ তাঁহাকে গ্রাস করিতে ধাবমান হয়, পরে তাহারা প্রাতঃসন্ধ্যাকারী দ্বিজগণের জলাঞ্জলি দ্বারা তাড়িত হইয়া দূরদেশে পলায়ন করিয়া থাকে। যে সকল ব্রাহ্মণগণ, এইরূপ আচরণ না করে, তাহারা আত্মহত্যাপাপে লিপ্ত হয়। রক্তপাত, পূয়নিঃসরণ, ক্ষারোদ্গার, জ্বররোগ এবং জনন বা মরণাশৌচে বৈদিক কার্য্য করা নিষিদ্ধ। প্রাতঃসন্ধ্যা না করিলে ব্রাহ্মণ সেই দিবস অশুচি থাকে, এজন্য সমুদয় বৈদিক কার্য্যে অনধিকারী হয়। ব্রাহ্মণ, রাজদ্বারগত, বন্ধনস্থ, কিংবা দূরপথ গমনে ত্বরান্বিত হইয়া মানসিক সন্ধ্যা করিলেও দোষাবহ হইবে না। মানব, প্রমাদাদিগ্রস্ত কিংবা শোকমোহাদিতে আক্রান্ত হইলে অশুচি হইয়া থাকে; এজন্য ঐ সময় তাহার মানসিক সন্ধ্যা করাই উচিত। দ্বাদশী, অমাবস্যা, পূর্ণিমা, সংক্রান্তি ও শ্রাদ্ধদিবসে সায়ংসন্ধ্যা করিবে না, করিলে পিতৃহত্যাপাপে লিপ্ত হইয়া থাকে। হে দ্বিজ! ব্রাহ্মণগণের, প্রতিদিন সহস্রবার এবং অশক্ত হইলে শতবার গায়ত্রী জপ করা কর্ত্তব্য। অঙ্গুলি-নিচয় পরস্পর সংলগ্ন রাখিয়া মধ্যমাঙ্গুলির অধঃপর্ব্বদ্বয় পরিহার-পূর্ব্বক দক্ষিণহস্তের অপর দশপর্ব্ব দ্বারা গায়ত্রী জপ করিবে। বিপ্রগণ, প্রাতঃ-কাল ও মধ্যাহ্নকালে উত্থিত হইয়া এবং সায়ংকালে উপবেশন করিয়া গায়ত্রী জপ করিবে। প্রজ্বলিত অনলে পতঙ্গ যেরূপ ভস্মীভূত হইয়া থাকে, তদ্রূপ গায়ত্রী-জপপরায়ণ ব্রাহ্মণের দৈবাৎ ব্রহ্মহত্যাদি পাতক হইলেও বিনষ্ট হয়। শতবার গায়ত্রী জপ করিলে দিনগত পাপ এবং সহস্রবার জপ করিলে নিখিল পাপপুঞ্জ ক্ষয়-প্রাপ্ত হইয়া থাকে। দ্বিজগণ, গায়ত্রী জপ করিয়া "হে দেবি! তুমি মহেশ্বরের মুখ হইতে সমুদ্ভূত হইয়া বিষ্ণুর বক্ষঃস্থলে অবস্থিতি করিতেছ। এক্ষণে ব্রহ্মকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া যথেচ্ছ গমন কর" এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক ভগবান্ ভাস্করেই জপ সমর্পণ করিবে। আদিত্যপুরাণে গায়ত্রীর বর্ণ ও রূপাদি বর্ণিত হইয়াছে জানিও। সুকৃতিশালী মানব ঐ পুরাণ হইতে উহার সম্যক্ অর্থ অবগত হইয়া জপ করিবে। যে ব্যক্তি গায়ত্রী গান অর্থাৎ জপ করে, তাহাকে পরিত্রাণ করিয়া থাকেন বলিয়া উহাঁর নাম গায়ত্রী হইয়াছে। ব্রাহ্মণগণের প্রতিদিন ফেনবিহীন নির্ম্মল সলিল জল দ্বারা পিতৃ-তর্পণ করা অবশ্য কর্ত্তব্য। দ্বিজগণ দক্ষিণাস্য হইয়া দক্ষিণাগ্র দর্ভ দ্বারা জল গ্রহণ-পূর্ব্বক বামদিক্ হইতে গাত্রলোম দ্বারা অস্পৃষ্ট ন্যূনকল্পে দশটী তিল গ্রহণ করিয়া স্বধা এই মন্ত্র উচ্চারণ করত তাহা তর্পণার্থ জলে মিশাইয়া তদ্দ্বারা তর্পণ করিবে। বামহস্তে বা পশ্চিমাগ্র দর্ভ দ্বারা কদাচ জল গ্রহণ করিতে নাই। এইরূপে তর্পণাদি-কার্য্য-সমাপনান্তে ব্রাহ্মণের অনুজ্ঞা লইয়া এবং কোন ব্রাহ্মণ তথায় উপস্থিত না থাকিলে জলপাত্রে কিঞ্চিৎ জল লইয়া গৃহে গমন করিবে। ব্রাহ্মণ, স্নানান্তে লৌহ

বা রাত্রিবাস স্পর্শ করিবে না এবং তদ্বিবসীয় ধৌত বস্ত্র পরিধান করিবে। বস্ত্র পরিত্যক্ত এবং রাত্রিবস্ত্র অপরিত্যক্ত হইলেও অপবিত্র হইয়া থাকে, বিশেষ রতিবস্ত্র শতবার ধৌত না করিলে পবিত্র হয় না। পবিত্রাত্মা দ্বিজগণ সর্ব্বদা শুক্লবর্ণ তিলক, শুক্লবর্ণ যজ্ঞোপবীত ও শুক্লবর্ণ বস্ত্রযুগ্ম ধারণ, করিবে এবং দন্ত মার্জ্জিত রাখিবে। নিষ্ঠাবান্ ব্রাহ্মণের সতত উপবীত ধারণ শিখাবন্ধন ও তিলক ধারণ করা কর্ত্তব্য। ব্রাহ্মণ, মলমূত্র-পরিত্যাগ-সময়ে উপবীতী থাকিবে না; বস্ত্র দ্বারা মস্তক আবরণপূর্ব্বক কর্ণে স্কন্ধে কিংবা মস্তকে যজ্ঞোপবীত রক্ষা করত মুক্তকচ্ছ হইয়া মূত্র ত্যাগ করিবে। দ্বিজগণ পরিমিত তৈলমর্দ্দন ব্যতীত তৈলাভ্যঙ্গ করিবে না এবং গাত্রে তৈলমর্দ্দন করিয়া মলমূত্র ত্যাগ করা ব্রাহ্মণের কদাচ কর্ত্তব্য নহে। মলমূত্রত্যাগ, মৈথুন, স্নান, ভোজন এবং দন্তধাবন সময়ে মৌনী হইবে। ব্রাহ্মণের দেহ কথনই সুখের নিমিত্ত নহে, উহা কেবল তপঃক্লেশ, ধর্ম্ম ও পরিণামে মুক্তির জন্যই উৎপন্ন হইয়া থাকে। যেরূপ অন্ধকারনাশক সূর্য্যে অন্ধকার অবস্থিতি করিতে পারে না, তদ্রূপ যে ব্যক্তি ত্রিকালীন সন্ধ্যাবন্দনা করিয়া থাকে, তাহার দেহেও কোন প্রকার পাতক অবস্থান করিতে সমর্থ হয় না। ব্রাহ্মণগণই পৃথিবীর দেবতা, ব্রাহ্মণগণই ব্রহ্মতেজঃসম্পন্ন; সুতরাং সূর্য্যের যেরূপ প্রভাহীনতা সম্ভব নহে, সেই প্রকার ব্রাহ্মণেরও ক্রূরতা উচিত নহে। জীবগণ মহৎ পুণ্যবল না থাকিলে ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিতে পারে না, এজন্য যে ব্রাহ্মণ কুকার্য্যে রত, তাহা অপেক্ষা আত্মঘাতী আর কে আছে? ব্রাহ্মণগণ আপনারই সমগ্র বস্তু ভোজন ও অন্যকে দান করিয়া থাকে। তাহা-দিগেরই অনুগ্রহে ক্ষত্রিয়াদি ভোজন করিতে পায়। কারণ সমগ্র বসুন্ধরা এবং নিখিল ধর্ম্মই ব্রাহ্মণের। ক্ষত্রিয়াদি সকলেই ব্রাহ্মণের শেষ গ্রহণ করিয়া থাকে। ব্রাহ্মণগণ সকলের পিতা ও ব্রাহ্মণীগণ সকলের মাতাস্বরূপ। নিখিল-তীর্থই ব্রাহ্মণের চরণ-সম্ভূত। রাজগণের আদি ভগবান্ মনু ব্রাহ্মণ, সতী ও গোগণের রক্ষার জন্য নিয়ম সংস্থাপন করিয়া গিয়াছেন যে, ব্রাহ্মণ, সতী ও গোগণকে পুষ্প দ্বারাও আঘাত করিবে না এবং কেশমুণ্ডন, সর্ব্বস্বগ্রহণ ও দেশান্তরে নির্ব্বাসন ভিন্ন কুকর্ম্মান্বিত ব্রাহ্মণের অন্য দৈহিক দণ্ড নাই। যাবৎকাল পর্য্যন্ত গো ও ব্রাহ্মণ অবস্থিত আছে, তাবৎ পর্য্যন্তই বসুমতী স্থিরভাবে অবস্থিতি করিতে পারিবেন। এজন্য পৃথিবী-রক্ষার্থে দ্বিজ, গো ও সতী-স্ত্রীকে পূজা করা কর্ত্তব্য। সতী স্ত্রী, গো ব্রাহ্মণ, এই তিনই পৃথিবীর মঙ্গলস্বরূপ। যে ব্যক্তি ইহাঁদিগের দ্বেষ করিবে, সে মঙ্গল হইতে বিচ্যুত হইবে। ব্রাহ্মণের গায়ত্রী, সতী স্ত্রীর আর্ত্তব ও গোগণের স্বভাব মহৎ পাপের বিনাশক। বিপ্রগণের চরণদ্বয়, গোগণের পৃষ্ঠ এবং স্ত্রীগণের সমুদয় অঙ্গকে জ্ঞানিগণ তীর্থ বলিয়া উল্লেখ করিয়াছেন। যে ব্যক্তি ইত্যাদি অঙ্গ-মর্য্যাদা অতিক্রম করে, সে ঘোর নরকগামী হইয়া থাকে এবং তাহাকে জীবন্মৃত বলা যায়। ব্রাহ্মণ প্রাণায়ামবলে

প্রভূত পাপরাশি দগ্ধ করিয়া থাকে, বস্তুতঃ প্রাণায়াম ব্যতীত নিখিল-পাপকলাপের অন্য আর ঈদৃশ উপায় নাই। হে দ্বিজসত্তম! ব্রাহ্মণের ইত্যাদি ধর্ম্ম কথিত আছে, এক্ষণে ক্ষত্রিয়গণের পরম পবিত্র ধর্ম্ম শ্রবণ কর।

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥ ২ ॥

তৃতীয় অধ্যায়।

ব্যাসদেব কহিলেন, হে মুনিবর! প্রজাপালন-নিরত ক্ষত্রিয়ই রাজপদবাচ্য। সত্য, দান, বিষ্ণুভক্তি, বিপ্রসেবা, দর্প, বিরোধ, নিয়ত যুদ্ধসামগ্রীসংগ্রহ, পরিধাবনম, গূঢ় চর দ্বারা রাজ্যের অবস্থাপরিদর্শন, মন্ত্রিগণের সহিত মন্ত্রণা, সত্যতা, বহু লোকের বা একজনের সহিত মন্ত্রণা না করা, সাবধানে দণ্ডবিধান, দণ্ডিতদিগের রক্ষা, শাস্ত্রাদর, বিপ্রভক্তি এবং ব্রাহ্মণ জাতি ভিন্ন অপর জাতির নিকট করগ্রহণ করা রাজার ধর্ম্ম। রাজগণ শোক, বিষাদ, মোহ, বাসনকা ও মূর্খতা পরিত্যাগ করিবে এবং প্রজাগণের প্রতি সুপ্রসন্ন থাকিবে। অমিততেজা রাজগণ অগ্নি, ঈশ, চন্দ্র, যম ও বরুণদেবের মূর্ত্তিস্বরূপ, এজন্য রাজগণের প্রতি হিংসা, আক্রোশ বা তিরস্কারবাক্য ব্যবহার করা কাহারও কর্ত্তব্য নহে। দেবগণই ভূপতিরূপে পৃথিবীতে বিচরণ করিয়া থাকেন। বিধাতা, ইন্দ্র হইতে প্রভুত্ব, বহ্নি হইতে প্রতাপ, যম হইতে ক্রোধ, চন্দ্র হইতে সৌন্দর্য্য, কুবের হইতে ধন এবং ভগবান্ বিষ্ণু হইতে মধুর সত্বগুণ লইয়া, নৃপতিগণের শরীর সৃজন করিয়া থাকেন। ভূমণ্ডলে রাজগণকে ইন্দ্র বলিয়া জানিবে, বস্তুত ভূপতিগণ ইন্দ্র হইতে ভিন্ন নহে। যে নৃপতি যথানিয়মে প্রজাপালন করেন, তিনি সহস্র অশ্বমেধ যজ্ঞের ফলভাগী হন। ধর্ম্মানুসারে প্রজাপালক নৃপগণ স্বীয় অধিকারস্থিত জনগণের পুণ্যকর্ম্মের ষষ্ঠভাগ লাভ করিয়া থাকেন। রাজা দণ্ডার্হদিগের দণ্ড করিবেন, তাহা হইলে প্রজাগণের মধ্যে কেহই সেই দণ্ডভয়ে উৎপথগামী হইবে না। রাজাই প্রজাগণের চক্ষু, রাজাই ইন্দ্র এবং রাজাই রুদ্র, কুবের, যম, বরুণ, বসু, আদিত্য, জলদ, অগ্নি ও বৃহস্পতি স্বরূপ। হে দ্বিজসত্তম! যে রাজা, দণ্ডবিধানে শঙ্কিত, তাঁহার কি ইহলোক কি পরলোক কুত্রাপি মঙ্গল নাই; বস্তুতঃ জগদ্বাসী জীব মাত্রেই দণ্ডান্বিত হইলেই বশীভূত হইয়া থাকে। জলচর ও স্থলচরের মধ্যে এমত কোন প্রাণী দেখি না, যে কাহাকেও কোনরূপ হিংসা না করিয়া জীবিত থাকিতে পারে। ভূপতি ধর্ম্মানুসারে দণ্ডবিধানাদি দ্বারা প্রজাগণকে পালন করিলে অধঃপতিত হন না। দণ্ডবিধান না থাকিলে নিখিল মানবগণ দুরাচারী হইত। মনুষ্যগণ যাবতীয় পশুকে বিনাশ করিত এবং কাকাদি পক্ষী ও কুক্কুর সকল যজ্ঞীয়

হবিঃ ও পুরোডাশ উচ্ছিষ্ট করিত। কেবল সমতা কুত্রাপি সম্ভবে না, তাহা হইলে ধরাতলে বিপ্লব ঘটিয়া উঠে। চাতুর্ব্বর্ণ্যবিভাগ ও দুর্বিনীতদিগকে শঙ্কিত রাখিবার জন্ম ভূপতিগণ ধর্ম্মাধিকরণ স্থাপন করিবে। জগতে প্রকৃত পবিত্রাত্মা লোক অতি বিরল, সকলেই দণ্ডভয়ে ভীত হইয়া, রাজশাসনের অনুবর্ত্তী হয় এবং কুকার্য্য হইতে বিরত হইয়া থাকে; এই জন্যই রাজদণ্ডে প্রায়শ্চিত্তের ফল বলিয়াছেন। হে দ্বিজ! শিষ্য গুরুকে, পুত্র পিতাকে এবং রমণী পতিকে অবজ্ঞা করিলে, রাজা দণ্ডপ্রদান করিবেন; কিন্তু কোন ব্রাহ্মণকে কুকর্ম্মান্বিত জানিয়া তাহার দৈহিক দণ্ড করিবেন না কারণ, ব্রাহ্মণ, স্ত্রী, বৃদ্ধ ও বালক ইহারা বধ্য নহে। হে বিপ্র! যে ব্যক্তি শুভকর্ম্ম কি এবং বিগর্হিত পাপকর্ম্মই বা কি, তাহা পরিজ্ঞাত নহে; সে কেবল রাজদণ্ডভয়েই পাপকার্য্য হইতে বিরত হয়। ব্রাহ্মণ বধার্হ হইলে, তাহার মস্তক মুণ্ডন করাইয়া সর্ব্বাঙ্গে গোময়লেপনপূর্ব্বক গর্দ্দভারোহণে সমুদয় নগর পরিভ্রমণ করাইবে, ইহাই ব্রাহ্মণের দণ্ড। ব্রহ্মনির্দ্দিষ্ট ঐরূপ দণ্ডের প্রায়শ্চিত্ত নাই। এক্ষণে আনু-পূর্ব্বিক ক্ষত্রিয়দণ্ড নির্দ্দেশ করিতেছি, শ্রবণ কর। ক্ষত্রিয় যদি পরদ্রব্যাহরণ বা পরস্ত্রীগমন করে, তাহা হইলে, তাহার হস্ত পাদ এবং নাসা কর্ণ ছেদন করিয়া, সর্ব্বস্বগ্রহণপূর্ব্বক অপর রাজ্যে তাহাকে নির্ব্বাসিত করিবে। কোন রাজা বা রাজমহিষী রাজ্যের বিপ্লবকারী হইলে, ভূপতি তাহাকে শরজালে বিদ্ধ এবং শক্তি, চক্র ও গদাদি দ্বারা তাড়িত করিবে। দুষ্ট ক্ষত্রিয়ের এইরূপ দণ্ড বিহিত আছে, এক্ষণে বৈশ্যের দণ্ড বলিতেছি, শ্রবণ কর। যে বৈশ্য, পরস্ত্রী ও পরদ্রব্যাহরণ প্রভৃতি ঘোরতর পাপকার্য্যে আসক্ত হয়, শূল দ্বারা তাহার কলেবর বিভিন্ন, কিংবা তাহাকে বৃক্ষশাখায় লম্বিত করিয়া বধ করিবে, ইহাই বৈশ্যের দণ্ড। সম্প্রতি শূদ্রের দণ্ড শ্রবণ কর। শূদ্রকুলে কেহ পাপাচারী হইলে, তাহাকে হস্তিপদতলে দলিত কিংবা লৌহকটাহাদিতে ভর্জ্জিত করিয়া হত্যা করাই শাস্ত্রসম্মত। কারণ, এক ব্যক্তির জন্য সমুদয় কুল কিংবা গ্রাম অথবা রাজ্য নষ্ট করা বৈধ নহে। নরপতি এইরূপে সমুদয় রাজ্য সুশাসিত করিয়া অবশিষ্ট অর্থ কোষাগারে রক্ষা করিবে। যে নৃপতি এই ধর্ম্ম বিদিত থাকেন, তিনিই প্রকৃত ধর্ম্মবিৎ। স্বীয় কুশলাভিলাষী ভূপতি কদাচ ব্রহ্মবৃত্তি হরণ করিবে না। যিনি, স্বদত্তাই হউক আর পরদত্তাই হউক, ব্রহ্মবৃত্তি অপহরণ করেন, ষষ্টিসহস্র বর্ষ তাঁহাকে বিষ্ঠামধ্যে ক্রিমিরূপে অবস্থান করিতে হয়। অধিক কি, যে ব্যক্তি ব্রাহ্মণের তুষ পর্য্যন্ত হরণ করে, সে নিঃসন্দেহ অধঃপতিত হইয়া থাকে। ব্রাহ্মণ-স্থাপন অপেক্ষা নৃপতির যেমন পুণ্যজনক কার্য্য অপর কিছুই নাই, সেইরূপ আবার ব্রহ্মস্বহরণ অপেক্ষা পাপকর কার্য্য দেখিতে পাওয়া যায় না। ব্রাহ্মণের দ্রব্য অগ্নি ও বিষতুল্য; সুতরাং ব্রাহ্মণাদি চারি বর্ণেরই তাহা অপহরণ করা ঘোর পাপজনক। বিষ ও অগ্নি যেরূপ দেহের এক

স্থানে সংলগ্ন হইলে সমুদয় দেহব্যাপক হইয়া উঠে, সেইরূপ এক ব্যক্তি ব্রহ্মস্বহরণ করিলে সমুদয় কুল দগ্ধ হইয়া যায়। ব্রাহ্মণ অপরাধী হইলে তাহার সর্ব্বস্বহরণরূপ যে দণ্ডবিধি নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাতেও এইরূপ করিতে হইবে, সেই ধন লইয়া অপরাপর ব্রাহ্মণদিগকে বিতরণ করিবে। সর্ব্বদা পণ্ডিতগণের সহবাস এবং বেদজ্ঞ, আগমজ্ঞ, পুরাণজ্ঞ, জ্যোতির্বিজ্ঞ ব্রাহ্মণগণ ও ভিষক্‌গণকে পরিত্যাগ করা রাজার কদাচ কর্ত্তব্য নহে। কারণ, যে রাজা বেদজ্ঞ-ব্রাহ্মণাদি-বিহীন হয়, তাহার পদে পদে বিপদ উপস্থিত হইয়া থাকে। ভূপতির সর্ব্বদা যুদ্ধসামগ্রী সজ্জিত রাখা অবশ্য কর্ত্তব্য। নৃপতি ধান্য, তণ্ডুল ও বস্ত্রাদির পৃথক্ পৃথক্ কোষাগার এবং প্রতি কোষাগারের এক একটী কোষাধ্যক্ষ বেতন দিয়া স্থাপন করিবেন। সৈন্যদিগের ভরণ করা রাজগণের নিতান্ত কর্ত্তব্যকর্ম্ম। সৈন্য চারি প্রকার; রথ, হস্তী, অশ্ব ও পদাতি। হে দ্বিজোত্তম! এক রথ, এক হস্তী, তিনটী অশ্ব ও পঞ্চজন পদাতি, ইহার নাম পত্তি। তিন পত্তিতে সেনামুখ, তিন সেনামুখে যুগ্ম, তিন যুগ্মে এক গণ, তিন গণে এক বাহিনী, তিন বাহিনীতে এক পৃতনা, তিন পৃতনায় এক চমূ, তিন চমূতে এক অনীকিনী ও দশ অনীকিনীতে এক অক্ষৌহিণী সংজ্ঞা হইয়া থাকে। হে দ্বিজ! এইরূপে এক অক্ষৌহিণী মধ্যে একবিংশতি সহস্র, অষ্ট শত ও সপ্ততিসংখ্যক রথ; ঐ সংখ্যক হস্তী এবং রথের ত্রিগুণ অশ্ব ও পঞ্চগুণ পদাতি হইবে। রাজগণের এইরূপ এক অক্ষৌহিণী সৈন্য সর্ব্বদা সঞ্চিত রাখা এবং ব্যয়শঙ্কা ও যুদ্ধশঙ্কা পরিত্যাগ করা সর্ব্বথা কর্ত্তব্য। কারণ, রাজগণের সমরে মৃত্যু হইলে অক্ষয় স্বর্গলাভ হইয়া থাকে। নৃপতিগণ ধর্ম্মার্থ, গৃহার্থ ও বিপত্ত্রাণার্থ অর্থকে তিনভাগে বিভক্ত করিবে; তাহা হইলে কোন প্রকার দোষে লিপ্ত হইতে হয় না। যাহার কুলশীল পরিজ্ঞাত আছে, এরূপ সাধুচরিত্র ব্যক্তিদিগকে মন্ত্রিত্বপদ প্রদান করা উচিত; কারণ শত্রুপক্ষীয় বহুল নরপতি বহুচ্ছলে বিচরণ করিয়া থাকে। এক ব্যক্তিকে বহুকাল মন্ত্রিপদে নিযুক্ত রাখা কর্ত্তব্য নহে, তাহা হইলে মনোগ্লানি হইবার সম্ভব; কারণ, এক ব্যক্তি বহুকাল মন্ত্রিত্ব পাইলে রাজাকেও অতিক্রম করিয়া থাকে। বহুলোকের সহিত বাস ও অস্ত্রবিহীন হওয়া ভূপতির উচিত কার্য্য নহে। অল্পনিদ্রা ও পরিমিত ভোজন করা কর্ত্তব্য। নৃপতিগণ, বহুধা স্ত্রীসঙ্গ ও পরস্ত্রীদর্শন পরিত্যাগ করিবে। স্বীয় বুদ্ধিতে, বিশেষতঃ শাস্ত্রের নিয়মানুসারে কার্য্য করা রাজার অবশ্য কর্ত্তব্য। নৃপতিগণ সর্ব্বদা স্বস্ত্যয়ন ও বিপ্রপূজাপরায়ণ হইবেন। ভ্রাতৃগণ ও পুত্রবর্গকে প্রশ্রয় দেওয়া অকর্ত্তব্য। রাজগণ সাধুশীল পুত্রকে রাজ্যে অভিষিক্ত করিয়া অন্যান্য সকলের যথাবিধি বৃত্তিস্থাপনপূর্ব্বক বৃদ্ধাবস্থায় রাজ্য পরিত্যাগ এবং পুরুষে পুরুষে নিজ নিজ সৎকর্ম্ম দ্বারা কীর্ত্তিস্থাপন করিবেন। এই আমি তোমার নিকট সনাতন রাজধর্ম্ম কীর্ত্তন করিলাম, ইহার পর বৈশ্য ও শূদ্রধর্ম্ম বর্ণন করিতেছি, শ্রবণ কর।

তৃতীয় অধ্যায় সমাপ্ত॥ ৩॥

চতুর্থ অধ্যায়।

ব্যাসদেব কহিলেন, কৃষি, বাণিজ্য, গোরক্ষা, কুসীদ ও বৃদ্ধিগ্রহণ; নৃপতির তুষ্টি-সাধন; ধান্য, তণ্ডুল, বস্ত্র, মণি, মুক্তা, স্বর্ণ, ঘৃত ও তৈলাদি-সঞ্চয়, ক্রয় এবং বিক্রয় এই সকল বৈশ্যের ধর্ম। এই সমস্ত কার্য্যে আলস্য করা বৈশ্যের কর্ত্তব্য নহে। হে দ্বিজসত্তম! বৈশ্যগণ বাণিজ্যার্থ গৃহার্থ, ধর্মার্থ ও আপদুদ্ধারার্থ আত্মধন চারিভাগে বিভক্ত করিবে। ধন-রক্ষার্থ ধর্মকার্য্যের অনুষ্ঠান করা বৈশ্যের অবশ্য কর্ত্তব্য; তাহা না হইলে, ভূপতি, তস্কর, অগ্নি বা জল হইতে সেই ধন বিনষ্ট হইয়া থাকে। সতত স্বস্ত্যয়ন, বিপ্রপূজা, রাজার আরাধনা ও শূদ্রকে পালন করা কর্ত্তব্য। বৈশ্যগণ হস্তী, অশ্ব, স্বর্ণ, ধান্য, ভূমি, গো, মেষ, বস্ত্রাদি এবং সমুদয় গন্ধ দ্রব্যের মূল্য-অনুসন্ধান রাখিবে। যে বস্তু যে মূল্যে ক্রীত হইবে, তাহার ষোড়শাংশ লাভ করিবে, নতুবা অতিরিক্ত লাভ করিলে, ধর্মের হানি হইবে। কাহাকেও ঋণদান করিয়া প্রতি-মাসে শাস্ত্রোক্ত ষোড়শাংশ কুসীদ গ্রহণ করিবে। যে ব্যক্তি তাহার অধিক গ্রহণ করে, তাহার সে ধন ভোগ হয় না। যে ব্যক্তি ঋণ লইয়া সেই মাসের মধ্যেই তাহা পরিশোধ করে, তাহার নিকট ও ব্রাহ্মণের নিকট সুদ গ্রহণ করা কর্ত্তব্য নহে; কিন্তু প্রয়োজন হইলে, ব্রাহ্মণকে ঋণ দেওয়া উচিত। কারণ ব্রাহ্মণ প্রত্যক্ষ-দেবতা, তাঁহাদিগের আশীর্বাদ-বাক্যই পরমধন। বুঝিবার জন্য মাষ, তোলক, দ্রোণ ও আঢ়কাদি পৃথক্ পৃথক্ পরিমাণোপায় বস্তু প্রস্তুত করিবে। ষট্‌ত্রিংশৎ তাম্রে এক সেটক পরিমাণ ও তাহার অর্দ্ধে তোলক হয়। বৈশ্যগণ ধর্মবুদ্ধিতে ঐ সকল পরিমাপক বস্তু দ্বারা ক্রয়-বিক্রয় করিবে, কদাচ ইহার অন্যথাচরণ করিবে না। হে বিপ্র! ইত্যাদি পৃথক্‌বিধ বৈশ্যধর্ম অভিহিত হইয়াছে। এক্ষণে শূদ্রধর্ম শ্রবণ কর। শূদ্রগণ বিপ্র-সেবায় আলস্য করিবে না এবং কদাচ ব্রাহ্মণকে আজ্ঞা বা অবজ্ঞা করা কিংবা ব্রাহ্মণ-গণের আচরণীয় বৈদিক বা লৌকিক ক্রিয়াকলাপের অনুষ্ঠান, পুরাণ-পাঠ, বেদ-পাঠ ও শাস্ত্রার্থের কথন শূদ্রের কদাচ কর্ত্তব্য নহে। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যকে বর্ণমালা ব্যাকরণাদি শাস্ত্র, শ্লোক বা শ্লোকার্থ অধ্যয়ন করান শূদ্রের অকর্ত্তব্য। যে ব্রাহ্মণ শূদ্রকে অধ্যয়ন করান, তিনিও অধঃপতিত হন এবং ব্রাহ্মণও শূদ্রের নিকট শিক্ষিত হইলে, আত্মঘাতী হইয়া থাকেন। ব্রাহ্মণ শূদ্রকে ঘৃত, মধু, পাদ-প্রক্ষালনার্থ জল, আসন ও ভুক্তোচ্ছিষ্ট কদাচ দান করিবেন না এবং শূদ্রকে নিমন্ত্রণ করাও ব্রাহ্মণের নিষিদ্ধ। শূদ্রের বেদ-শ্রবণে অধিকার নাই, পুরাণ-শ্রবণে অধিকার আছে। গুরু যে অংশ দান করেন, শূদ্র আগম-শাস্ত্রের সেই অংশ অধ্যয়ন করিতে পারে। স্বাহা ও প্রণব-সংযুক্ত মন্ত্র শূদ্রের গ্রহণ করিতে নাই, এজন্য দ্বিজগণ শূদ্রকে স্বাহা ও প্রণব-বর্জ্জিত মন্ত্র দান করিবেন। শূদ্র যদি ব্রাহ্মণ-মুখে পুরাণ শ্রবণ করে, তাহা হইলে ব্রাহ্মণের পুরাণ-পাঠে

যে পুণ্য নির্দ্দিষ্ট আছে, নিঃসন্দেহ তাহাই লাভ করিয়া থাকে। শূদ্রকে মন্ত্রদান এবং পুরাণ শ্রবণ করান, ব্রাহ্মণের যে আপদ্ধর্ম্ম, তাহার সংশয় নাই। ব্রাহ্মণ ভিন্ন অন্ত কাহারও চতুর্ব্বর্ণকে মন্ত্র, তন্ত্র ও শুভজ্ঞানোপদেশ দান করিবার অধিকার নাই, এইরূপ বিধি আছে বলিয়াই শূদ্রকে মন্ত্রদান করা ব্রাহ্মণের অবৈধ নহে। ব্রাহ্মণ শূদ্রকে কদাচ দেব-নৈবেদ্য দান করিবেন না। প্রতিদিন বিপ্র-পাদোদক পান করা শূদ্রের অবশ্য কর্ত্তব্য। ব্রাহ্মণের প্রতি ভক্তি ব্যতীত কি উপদেশ, কি মন্ত্র, কি স্তব, কি কবচ কিছুতেই আর শূদ্রের নিস্তার নাই। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই বর্ণত্রয়েরই ব্রহ্মহত্যা, সুরাপান, স্বর্ণচৌর্য্য ও গুরুপত্নীগমন মহাপাতক; শূদ্রেরও তাহাই, কেবল সুরাপান-স্থলে ব্রাহ্মণীগমন এইমাত্র বিশেষ। ব্রাহ্মণ-মহিলা, ক্ষত্রিয়াদি-বর্ণত্রয়েরই মাতৃস্বরূপা এবং উক্ত তিন বর্ণেরই মহিলা ব্রাহ্মণের কন্যাস্বরূপা জানিবে। ব্রাহ্মণগণ ক্ষত্রিয়াদি-বর্ণ-ত্রয়েরই কন্যার পাণিগ্রহণ করিতে পারেন এবং তাদৃশ দ্বিজগণ হইতেই নানাবিধ সন্তান উৎপন্ন হইয়া থাকে। কিন্তু ক্ষত্রিয়াদি-কন্যা দ্বিজপত্নী হইলে তাহাদিগের প্রতি মাত্রাদি শব্দ ব্যবহার করা কর্ত্তব্য নহে। বিপ্রান্নভোজী শূদ্র জল পুষ্পাদি আহরণ করিলে দ্বিজগণ তদ্দারা পূজাদি করিতে পারেন, কিন্তু অপর শূদ্র আহরণ করিলে কর্ত্তব্য নহে। যে শূদ্র, বিপ্র-সেবায় পরাঙ্মুখ, তাহার পক্ষে বিপ্রান্ন বিষ স্বরূপ। এজন্য ব্রাহ্মণের সেবা করিয়া ব্রাহ্মণের অন্ন ভোজন করা কর্ত্তব্য, নতুবা কোন প্রকারেই নহে। শূদ্র ব্রাহ্মণের আসনে কিংবা ব্রাহ্মণাসন অপেক্ষা উচ্চ স্থানে কদাচ উপবেশন করিবে না এবং ব্রাহ্মণের অগ্রে পৃথক্ পূজা করা শূদ্রের কদাচ কর্ত্তব্য নহে। শূদ্রের এবং সার্ব্ববর্ণিক স্ত্রীলোকের অঙ্গুলির অগ্রভাগের জলকণা দ্বারা আচমন করা বৈধ। শূদ্রের বস্ত্র, জলপাত্র ও ভোজনপাত্র ব্যবহার করিলে ব্রাহ্মণকে পাতকী হইতে হয়। শূদ্র মল মূত্র পরিত্যাগ করিয়া যাবৎকাল না পূতিগন্ধ অপনীত হয়, তাবৎকাল মৃত্তিকা দ্বারা, করমার্জ্জন করিবে। সর্ব্ববর্ণের স্ত্রীলোকদিগেরও এই নিয়ম জানিবে। ব্রাহ্মণগণের যেরূপে মৃত্তিকা দ্বারা শুদ্ধি বিহিত হইয়াছে, বলিতেছি, শ্রবণ কর। ব্রাহ্মণগণ, লিঙ্গে একবার, মলদ্বারে তিনবার, বাম করে দশ বার, করক্রোড়ে সাতবার, উভয় করে তিনবার এবং পাদদ্বয়ে তিন তিনবার মৃত্তিকালেপন করিবেন; পরে বারত্রয় নখশুদ্ধি করিয়া আচমন করা ব্রাহ্মণের কর্ত্তব্য। ব্রাহ্মণ, প্রথমে হস্ত পাদ প্রক্ষালনপূর্ব্বক জলের প্রতি দৃষ্টিপাত করত তিনবার জলপান করিবেন, অনন্তর অঙ্গুষ্ঠ মূল দ্বারা ওষ্ঠাধর সম্মার্জ্জনপূর্ব্বক বারত্রয় মুখ প্রমার্জ্জন করিবে। পরে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা নাসারন্ধ্র-দ্বয় স্পর্শ করিয়া ক্রমে অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা পুনঃপুনঃ চক্ষুঃ ও কর্ণ, কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠমূল দ্বারা নাভি, করতল দ্বারা হৃদয়, সর্ব্বাঙ্গুলি দ্বারা মস্তক এবং পরে অঙ্গুলি-নিচয়ের অগ্রভাগ দ্বারা বাহুদ্বয় স্পর্শ করিবে। হে জাবালে! ঈদৃশ আচমন ব্রাহ্মণেরই

কল্যাণপ্রদ, এইরূপ আচমন করিলে ব্রাহ্মণ সাক্ষাৎ নারায়ণতুল্য হইয়া থাকে। সর্ব্ববর্ণের স্ত্রীলোক ও শূদ্রের ঈদৃশ আচমন করা কর্ত্তব্য নহে। শূদ্র, ললাটে বিন্দুমাত্র তিলক এবং ব্রাহ্মণ শিখা পর্য্যন্ত ঊর্দ্ধ তিলক সর্ব্বদা ধারণ করিবে। দ্বিজগণের সমুদয় কার্য্যে মৃত্তিকাদি দ্বারা ললাটে যেরূপ মধ্যস্থলশূন্য বিভাগ-বিভক্ত তিলক ধারণ কর্ত্তব্য, সেইরূপ বাহুদ্বয়ে, হৃদয়ে, গ্রীবাদেশে এবং উভয়পার্শ্বেও তিলকের আবশ্যকতা আছে; কিন্তু যে ব্যক্তির পিতা কিংবা জ্যেষ্ঠ সহোদর জীবিত থাকেন, তাহার বাহুদ্বয়ে তিলক-ধারণ নিষিদ্ধ। ব্রাহ্মণ উচ্ছিষ্টহস্তে স্বয়ং শূদ্র কিংবা কুক্কুর স্পর্শ করিলে একাহ উপবাস করিবেন। শূদ্র, স্নান না করিয়া কদাচ ব্রাহ্মণকে স্পর্শ করিবে না এবং ব্রাহ্মণকে পরিহাস করা শূদ্রের কদাচ কর্ত্তব্য নহে। শূদ্র ও ব্রাহ্মণ পরস্পর কদাচ পিতামহ, পিতৃব্য ও ভ্রাতুষ্পুত্রাদি শব্দে সম্বোধনাদি করিবে না। হে দ্বিজপুঙ্গব! ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়ের ইত্যাদি ধর্ম্ম কথিত হইয়াছে, এক্ষণে আশ্রমধর্ম্ম নিরূপণ করিতেছি, শ্রবণ কর।

চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

পঞ্চম অধ্যায়।

ব্যাস বলিলেন, হে মুনিবর! অহিংসা ও অস্তেয়াদির বিষয় পূর্ব্বেই উল্লেখ করিয়াছি, তুমিও শ্রবণ করিয়াছ; ঐ সমস্ত এবং অতিথিসেবা, দান, তীর্থ-পর্য্যটন, গুরুসেবা, শাস্ত্রজ্ঞান, আস্তিকতা, সলজ্জতা, প্রতিদিন স্নান ও তর্পণ, ব্রহ্মচারীর কর্ত্তব্য। ব্রহ্মচারী ভিক্ষা করিয়া, ভিক্ষালব্ধ দ্রব্য গুরুকে সমর্পণ করিবে এবং গুরুগৃহে অবস্থিতিকালে যুবতিগণের সহিত কদাচ কথোপকথন করিবে না। কারণ প্রমদাগণ অগ্নি ও পুরুষগণ ঘৃতকুম্ভস্বরূপ; এজন্য নির্জ্জন স্থানে কন্যার সহিতও একত্র অবস্থান করিবে না, তাহা হইলেই মানবগণ পরম মঙ্গল লাভ করিয়া থাকে। অঙ্গসেবা, চন্দনাদিলেপন ও দুর্জ্জনসহবাস ব্রহ্মচারীর অকর্ত্তব্য। ব্রহ্মচারী ত্রিসন্ধ্যা স্নান করিবে। প্রত্যহ বেদাভ্যাস করা ব্রহ্মচারীর কর্ত্তব্য; তাহা হইতেই ক্রমে বেদার্থজ্ঞান হইয়া থাকে। এই জন্যই কথিত আছে, শাস্ত্রের অর্থবোধ করা অপেক্ষা আবৃত্তি শ্রেষ্ঠ। ব্রহ্মচারী, গুরুর দ্রব্য ভক্ষণ করিবে না এবং সতত গুরুকে ভক্ষ্যদ্রব্যাদি দান করিবে। মসুর, আমিষ, তৈল, তাম্বূল, ও খট্বায় শয়ন, ব্রহ্মচারীর নিষিদ্ধ। এক্ষণে হবিষ্যদ্রব্যের নামোল্লেখ করিতেছি, অবহিতচিত্তে শ্রবণ কর। অগ্নির শুক্ল হৈমন্তিকধান্য, মুগ, তিল, যব, কলায়, কঙ্গু, নীবার, বাস্তুক, হিঞ্চাশাক, কালশাক, কেমুক ভিন্ন মূল, সৈন্ধব ও সামুদ্র লবণ, গব্যদধি ও ঘৃত, যাহার সার উদ্ধৃত হয় নাই এরূপ দুগ্ধ, পনস, আম্র, হরীতকী, পিপ্পলী, জীরক, নাগরঙ্গ, তিন্তিড়ী,

কদলী, লবলী ও ধাত্রীফল, গুড় ভিন্ন ইক্ষুবিকার এবং অতৈলপক্ক দ্রব্য, মুনিগণ এই সকল বস্তুকে হবিষ্যান্ন মধ্যে পরিগণিত করিয়াছেন। ব্রহ্মচারী ও বিধবা রমণীগণের এই হবিষ্যান্ন ভোজন করাই কর্ত্তব্য। ভর্ত্তা মৃত হইলে বিধবা রমণীগণের সতত ঈদৃশ ব্রহ্মচর্য্যব্রতই নির্দ্দিষ্ট হইয়াছে। হে জাবালে! আমি তোমার নিকট ব্রহ্মচর্য্যব্রতাবলম্বী-দিগের ধর্ম্ম কীর্ত্তন করিলাম। এক্ষণে গৃহস্থদিগের যাহা পরম ধর্ম্ম, তাহা শ্রবণ কর। গৃহস্থ প্রতিদিন ব্রাহ্মমুহূর্ত্তে গাত্রোত্থানপূর্ব্বক গুরু ও ইষ্টদেবতাকে প্রণাম করিয়া শরক্ষেপ-পরিমিত স্থানের বহির্দ্দেশে গমন করত মলমূত্র ত্যাগ করিবে। জলসম্মুখে, বৃক্ষতলে, সূর্য্যাভিমুখে ও সূর্য্যকে পশ্চাৎ করিয়া মলমূত্র ত্যাগ করা এবং ঐ সময়ে লিঙ্গ স্পর্শ করা নিষিদ্ধ। প্রত্যূষে এইরূপে যথাবিধি শৌচকার্য্য সমাধা করিয়া দন্তধাবনপূর্ব্বক প্রাতঃস্নান করিবে। মানব, মুখধাবন না করিলে সমুদয় কার্য্যে অশুচি থাকে, এজন্য সর্ব্বপ্রযত্নে দন্তধাবন করা কর্ত্তব্য। দক্ষিণাস্য বা পশ্চিমাস্য হইয়া দন্তধাবন করিতে নাই। পূর্ব্বদিক্ অরুণবর্ণ হইলে প্রাতঃস্নান করিবে, পরে সূর্য্য উদিত হইলে পুনরায় দিবাস্নান কর্ত্তব্য; কারণ ঐরূপ স্নান করিলে মানবগণের দুঃখ ও দুশ্চিন্তাপ্রদ অলক্ষ্মী ও কালকর্ণী শান্তি পাইয়া থাকে, এ বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। এইরূপে সসঙ্কল্প স্নান করিয়া শুক্লবস্ত্র পরিধান পূর্ব্বক জপাদি-সমাপনান্তে পঞ্চযজ্ঞ করিবে; এক্ষণে পঞ্চযজ্ঞের বিবরণ বলিতেছি, শ্রবণ কর। অধ্যাপন ব্রহ্মযজ্ঞ, তর্পণ পিতৃযজ্ঞ, হোম দেবযজ্ঞ, বলিদান ভূতযজ্ঞ ও অতিথিসেবা নৃযজ্ঞ অথবা শ্রাদ্ধ বা পিতৃমাতৃপূজা পিতৃযজ্ঞ বলিয়া কথিত আছে। মুনিগণ ঐ পঞ্চযজ্ঞকে স্বর্গ ও অপবর্গের কারণরূপে নির্দ্দেশ করিয়া থাকেন। উক্ত প্রকার পঞ্চযজ্ঞের অভাবে প্রতিদিন কেবল অতিথিসেবা কিংবা ব্রাহ্মণকে উত্তম অন্ন দান করা সকলেরই কর্ত্তব্য। হে দ্বিজসত্তম! এক্ষণে বৈশ্বদেববিধি শ্রবণ কর। সাগ্নিক ব্রাহ্মণ, কুশণ্ডিকাবিধানে সংস্কৃত অগ্নিতে এবং নিরগ্নি ব্রাহ্মণ লৌকিকাগ্নিতে কিংবা অভাব-পক্ষে জলে বা পৃথিবীতে সংস্কার ব্যতীত অক্ষার-লবণান্বিত ঘৃতাক্ত হবিষ্যান্নের আহুতি দান করিবে, ইহাই বৈশ্বদেববিধি। পঞ্চসূনা-জনিত দোষশান্তির জন্য ব্রাহ্মণাদি সকলেরই উহা কর্ত্তব্য। অনন্তর ক্রমে নবগ্রহ, দশদিক্‌পাল, সূর্য্য ও সূর্য্যপুরুষ পূজা করিয়া সকলকে যথাক্রমে বলিপ্রদানপূর্ব্বক কীট ও পিপীলিকাদিগকেও বলিপ্রদান করত সাদরে অন্নাদি দ্বারা গোগণকে পূজা করিবে। ঈদৃশ বৈধকার্য্যের অনুষ্ঠান ও পরান্ন-পরিত্যাগ করা ব্রাহ্মণের কর্ত্তব্য কর্ম্ম। পিতৃগণের প্রীতির জন্য অন্নাদি ও জল দ্বারা কিংবা ফলমূল ও দুগ্ধ দ্বারা ব্রাহ্মণ প্রতিদিন শ্রাদ্ধ করিবে। অনন্তর "হে সৌরভেয্যঃ!" ইত্যাদি মন্ত্রে গোগ্রাসপ্রদানপূর্ব্বক যথাশক্তি অতিথিসেবা করা অবশ্য কর্ত্তব্য। গৃহিগণ, কি স্বাধ্যায়, কি অগ্নিহোত্র, কি যজ্ঞ, কি তপস্যা, কিছুতেই অতিথিসেবার তুল্য স্বর্গাদিলোক লাভ করিতে পারে না। যাহা অতিথিকে না

দেওয়া হয়, তাহা আপনার ব্যবহার করা উচিত নহে। অধিক কি কহিব, জগতে এক অতিথিসেবা হইতে যশঃ, আয়ুঃ ও স্বর্গ লাভ হইয়া থাকে। গৃহস্থ অতিথিসেবা-নন্তর মৌনী হইয়া যথাবিধি স্বয়ং ভোজন করিবে। প্রথমে অন্নের প্রতি দৃষ্টিপাত করিয়া সানন্দচিত্তে "তেজোসি" এই মন্ত্রে করস্পর্শপূর্ব্বক প্রণাম করা কর্ত্তব্য, পরে চতুষ্কোণ মণ্ডল করিয়া তদুপরি পঞ্চভাগ স্থাপন করিবে, অতঃপর চতুষ্কোণে 'ভূঃ স্বাহা, ভুবঃস্বাহা, ভুবনপতয়ে স্বাহা ও ভূতপতয়ে স্বাহা এবং পঞ্চভূতাত্মনে স্বাহা" এই মন্ত্র দ্বারা সেই পঞ্চভাগ উৎসর্গ করিয়া "অমৃতোপস্তরণমসি স্বাহা" এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক তত্ত্বমুদ্রা দ্বারা গণ্ডূষজল পান করিবে। পরে "প্রাণায় স্বাহা" ইত্যাদি পঞ্চমন্ত্র পাঠ করত পঞ্চগ্রাস গ্রহণ করিবে। আয়ুষ্কাম ব্যক্তি পূর্ব্বাস্য, সত্যপ্রার্থী উত্তরাস্য, শ্রীপ্রার্থী পশ্চিমাস্য এবং যশঃপ্রার্থী মানব দক্ষিণাস্য হইয়া ভোজন করিবে; কিন্তু যাহার পিতা বা মাতা জীবিত নাই, তাহার পক্ষেই ঈদৃশ নিয়ম। পীঠোপরি চরণতল এবং বামভাগে জলপাত্র সংস্থাপন করিয়া এবং পঙ্‌ক্তিমধ্যস্থিত হইয়া ভোজন করা নিষিদ্ধ; কিন্তু পঙ্‌ক্তিত্যাগ করাও উচিত নহে। অমাবস্যা, পূর্ণিমা, চতুর্দ্দশী, অষ্টমী, রবিবার, রবিসংক্রান্তি, দ্বাদশী এবং অন্যান্য পুণ্য দিবসে মৎস্য ও মাংস ভক্ষণ করিবে না। রবিবারে মৎস্য মাংস, মসূর, মাষকলাই নিম্বপত্র, আর্দ্রকও ব্যবহার করা নিতান্ত গর্হিত। রোহিত, শকুল ও শফর প্রভৃতি সশল্ক শুক্লবর্ণ মৎস্য ব্রাহ্মণের ভক্ষ্য। সমস্ত অঙ্গুলি দ্বারা ভোজন করা বৈধ এবং দুই হস্তে নিষিদ্ধ। ভোজনকালে মৌনাবলম্বন করা কর্ত্তব্য এবং অঙ্গুলিপৃষ্ঠে ভোজন বিগর্হিত। অগ্রে ঘৃতান্ন পরে শাকাদি ব্যঞ্জন, তৎপরে সূপাদি এবং অবশেষে ক্ষীরান্ন ভোজন করিবে। ক্ষীরে লবণ ও অম্লে গুড় মিশ্রিত করা বৈধ নহে এবং অগ্রে আমিষ ভক্ষণ করিয়া কদাচ ক্ষীর ভোজন করিতে নাই। পাষাণময় পাত্রে বা পত্রে ভোজন করা সকলের শুভপ্রদ। গৃহী ব্যক্তি ভগ্নকাংস্যে বা তাম্রপাত্রে অন্নাদিভোজন এবং তাম্রপাত্রে জলপান কদাচ করিবে না। তাম্রপাত্রস্থ জল দ্বারা মল-মূত্রাদি শৌচকার্য্য করা নিষিদ্ধ। বহুক্ষণ ধরিয়া ভোজন করিলে পাতক এবং সত্বর ভোজনে পুণ্যলাভ হইয়া থাকে; কিন্তু বিপ্রগণের অনুরোধে একবার উক্ত নিয়ম সকল পরিত্যাগ করা যাইতে পারে। বহুলোকের সহিত একত্র ভোজন করিতে বসিলে, একাকী ত্বরান্বিত হইয়া ভোজন করা, বৃথা অন্নবিকিরণ এবং উচ্ছিষ্টমুখে স্থানান্তরে গমন, শ্লোকপাঠ, পুরাণার্থব্যাখ্যা, শাস্ত্রার্থকথন, মন্ত্রোচ্চারণ ও মলমূত্র ত্যাগ নিষিদ্ধ। দ্বিজগণ ক্ষত্রিয়াদিস্পৃষ্ট, স্ত্রীস্পৃষ্ট, কুক্কুরস্পৃষ্ট কিংবা অন্য কোন কারণে দুষ্ট অন্ন পরিত্যাগ করিবে। স্বয়ং মার্জ্জারস্পর্শ নিষিদ্ধ, কিন্তু মার্জ্জারস্পৃষ্ট বস্তু পরিত্যাজ্য নহে। হস্তপাত্রে, বস্ত্রপাত্রে ও ভূমিপাত্রে ভোজন করিতে নাই। মৃৎপাত্রস্থ কিংবা পীতশেষ জল পান করা নিষিদ্ধ। উচ্ছিষ্ট পাত্রে ঘৃত গ্রহণ করিবে না এবং অনিবেদিত ঘৃতও গ্রহণ

করা অকর্ত্তব্য। আর্দ্রবস্ত্র বা একবস্ত্র পরিধান করিয়া এবং ভগ্নাসনস্থিত, শয়ান, লম্বিতপাদ হইয়া কিংবা শয্যাসংলগ্ন বস্ত্র থাকিলে ভোজন করিবে না। অঞ্জলি দ্বারা জলপান কিংবা জলে মুখ প্রদান করা অবৈধ। প্রাতঃকালে, সন্ধ্যাকালে এবং সুখরাত্রি ভিন্ন সার্দ্ধ প্রহরদ্বয়াতীত রাত্রিকালে ও অনাবৃতস্থানে কদাচ ভোজন করা কর্ত্তব্য নহে। অর্দ্ধস্বিন্ন অন্ন প্রেতগণের ভক্ষ্য, সুস্বিন্ন অন্ন দেবগণের প্রীতিকর, দ্বিস্বিন্ন মনুষ্যভক্ষ্য এবং ত্রিস্বিন্ন অন্ন ব্রহ্মগর্হিত। একস্বিন্ন তণ্ডুল রবিকিরণে শুষ্ক করিয়া, পুনরায় স্বিন্ন করিলে মানবগণের ভক্ষ্য হয়, নতুবা তাহা অগ্রাহ্য। দগ্ধ, ক্রিমিদুষ্ট, অশ্রদ্ধাপূর্ব্বক দত্ত, পর্য্যুষিত এবং যাহা চক্ষুঃ ও জিহ্বার অপ্রীতিকর, তাদৃশ অন্ন ভোজন করা নিষিদ্ধ। মধুর রসে ভোজন সমাপন করিয়া গণ্ডূষ গ্রহণ করিবে। হে দ্বিজোত্তম! এই আমি তোমার নিকট ভোজনের নিয়ম নির্দ্দেশ করিলাম। মানবগণ এইরূপে ভোজনান্তে সযত্নে মৃত্তিকা দ্বারা হস্ত, মুখ ও দন্ত সকল মার্জ্জিত করিবে। অনন্তর বারম্বার আচমন ও হরিস্মরণপূর্ব্বক তাম্বূল বা তুলসী পত্রদ্বারা মুখশুদ্ধি কর্ত্তব্য।

পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

ষষ্ঠ অধ্যায়।

ব্যাসদেব কহিলেন, তৎপরে গৃহস্থ ব্যক্তি ভোজনানন্তর বিশ্রাম করিয়া রাজদর্শন ও পুরাণ-শ্রবণাদি করিবে। পরে সায়ংসন্ধ্যায় তৎপর হইবে। সন্ধ্যাকালীন দীপ প্রজ্বলিত করিয়া প্রণাম করিবে, কিন্তু এককালে অগ্নি ও জল কদাচ আহরণ করিবে না। শাস্ত্রচিন্তা, ভোজন, শয়ন, ক্রীড়া, মৈথুন ও যাত্রা সায়ংকালে বর্জ্জন করিবে। অনন্তর ভোজন করিয়া পাদাদিশৌচ-বিধানান্তে কাষ্ঠরচিত সুচারু শুভ শয্যায় শয়ন করিবে। অপ্রশস্ত, ভগ্ন, বিষম, মলিন, অনাবৃত বা জন্তুময়ী শয্যায় শয়ন করিবে না। হে দ্বিজ! শয়নকালে পূর্ব্বশিরে অথবা দক্ষিণ-শিরে শয়নই প্রশস্ত, ইহার বিপরীতে রোগ জন্মিয়া থাকে। যে ব্যক্তি নন্দীশ্বরকে প্রণাম করিয়া শয়ন করে, তাহার কুষ্মাণ্ডরাজ হইতে ভয় থাকে না। গৃহী ব্যক্তি পদ্মনাভ, মনসাদেবী, নাগগণ ও কুলদেবতাকে নমস্কার করিয়া শয়ন করিবে। তৈলাক্ত, আর্দ্রবস্ত্র, আর্দ্রপাদ, উত্তরশিরা অথবা নগ্ন অবস্থায় ও চর্ম্মোপরি শয়ন করিবে না। গৃহের প্রধান প্রকোষ্ঠের লম্বালম্বীভাবে শয়ন ও শয়নের পূর্ব্বে অনিষ্টচিন্তা সর্ব্বতোভাবে নিষিদ্ধ। ঋতুকালে সকাম হইয়া দারগমন করিবে। কিন্তু চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি; এই সমস্ত পর্ব্বদিবসে; স্ত্রী-তৈল-মাংস ভোগ করিলে দেহান্তে বিণ্মূত্রভোজন নামক নরকে পতিত হইয়া থাকে। সন্ধ্যা,

রিক্তা, জয়া, পূর্ণা ও ভদ্রা তিথিতে তৈলমর্দ্দন, ক্ষৌরকর্ম্ম, মাংস, স্ত্রীসঙ্গ ও উক্ত চতুষ্টয় যথাক্রমে ত্যাগ করিবে। রবিবারে তৈলমর্দ্দন, বুধবারে ক্ষৌরকর্ম্ম, মঙ্গলবারে মাংস ও শুক্রবারে স্ত্রীসঙ্গ পরিহার করিবে। হস্তা, চিত্রা ও শ্রবণানক্ষত্রে তৈল; বিশাখা, মূলা, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ ও মৃগশিরা নক্ষত্রে ক্ষৌরকর্ম্ম এবং মঘা, কৃত্তিকা, উত্তরভাদ্র ও উত্তরফল্গুনীনক্ষত্রে মাংস ও স্ত্রীসঙ্গ ত্যাগ করিবে। ঋতু ভিন্ন অন্য কালেও সকামা স্ত্রীতে কামভাবে গমন করিবে। স্ত্রীলোকের ঋতুকাল ষোড়শ রাত্রি কথিত হয়। তন্মধ্যে হে দ্বিজোত্তম! যুগ্মতিথিতে পুরুষসঙ্গমে নারী পুত্র প্রসব করিয়া থাকে। গৃহস্থগণের এইরূপ ধর্ম্ম তোমাকে বলিলাম, এক্ষণে তাহাদিগের সাধারণ ধর্ম্ম বলিতেছি, শ্রবণ কর। কল্যাণপ্রার্থী ব্যক্তিমাত্রই জল কিংবা অগ্নিতে উচ্ছিষ্ট, মল, মূত্র ও শ্লেষ্মা প্রক্ষেপ করিবে না এবং উহাদিগকে পাদতাড়না করিবে না। অধিক কি, উহাদিগের সম্মুখেও মল মূত্র পর্য্যন্ত ত্যাগ করিবে না। গৃহী ব্যক্তি বস্ত্র পরিধান করিবে এবং ঐ বস্ত্রের দশা নাভিতে যোজনা করিবে। নারীধৌত, পূর্ব্বধৌত, রজকধৌত ও যে বস্ত্রের দশা দক্ষিণ পশ্চিমে এইরূপ বস্ত্র অধৌত জ্ঞান করিবে। পূজাকালে বিচিত্র সূত্ররচিত বস্ত্র পরিধান করিবে না। পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া যথাবিধি পূজা করিবে। পূজা ও শ্রাদ্ধাদিকালে মলিন, ছিন্ন ও শূদ্রব্যবহৃত বস্ত্র পত্র প্রভৃতি সমস্ত দ্রব্য ব্যবহারে কোন ফল হয় না; অতএব পূজা শ্রাদ্ধাদি সমস্তই বৃথা হইয়া থাকে। সন্ধ্যারাত্রে ব্রাহ্মণ অতিথি উপস্থিত হইলে গৃহী ব্যক্তি পূজা শ্রাদ্ধ আরম্ভ করিলেও তাঁহাকে পূজা করিয়া পরে উহা করিবে। নিজের আসন, বসন, শয্যা, পত্নী, অপত্য ও কমণ্ডলু এই গুলি শুচি; অপরের শুচি নহে; অতএব পরকীয় আসনাদিতে দেবপূজা বিশেষ নহে। পূজাকালে গুরুকে আগত দেখিলে আনন্দে পূজাত্যাগ করিবে। মলপীড়া উপস্থিত হইলে তত্ত্যাগের জন্য পূজাকালেও বহির্দ্দেশে গমন করিবে। পরে শৌচ করিয়া আচমন ও আত্মশোধন করত অবশিষ্ট কার্য্য করিবে। অন্ত্যজ জাতি স্পর্শ করিলে, স্নান করিবে। পুণ্যলাভের আশায় গৃহস্থগণের গো সেবা করা উচিত; যে ব্যক্তি গো-সেবা-পরায়ণ, তাহার চিরকাল শ্রীবৃদ্ধি হইয়া থাকে। গো, ব্রাহ্মণ, গুরু, অগ্নি ও দেবলিঙ্গধারিণী নারীর মধ্যভাগে আগমন করিবে না এবং ইহাদিগের মধ্য দিয়া গমন করিবে না; কিন্তু তৃণমধ্যে রাখিয়া গমন করিতে পারিবে। গুরু, গঙ্গা, মাতা, পিতা, সূর্য্য, চন্দ্র, অগ্নি, ব্রাহ্মণ, গাভী, পরিব্রাজক ও অতিথি এবং স্ত্রীলোকের পক্ষে পতি প্রত্যক্ষ দেবতাস্বরূপ। যে স্থানে গাভী অবস্থান করে, তাহা সর্ব্বদা শুচি; গো-স্পর্শে সর্ব্বদ্রব্যই সর্ব্বতোভাবে শুদ্ধ হইয়া থাকে। গোমূত্র ও গোময় পরম পবিত্র। দুগ্ধ, দধি ও ঘৃত ভোজনে অমৃত তুল্য;—এই সমস্ত বিনা ভোজন বৃথা-ভোজন মধ্যে গণ্য। বিশেষতঃ ব্রাহ্মণ গব্য-বিরহিতভোজন করিবে না। অন্য দ্রব্য উপেক্ষা করিতে পারে, কিন্তু কদাচ গব্য উপেক্ষা করিবে না।

গোমূত্র, গোময়, দুগ্ধ, দধি ও ঘৃত এই কয়েকটীকে পঞ্চগব্য কহে; ইহা সকল দেবতার স্নানীয় দ্রব্য। ব্রাহ্মণকে ভূদেব ও গব্যকে পার্থিব অমৃত কহে; অতএব ব্রাহ্মণমাত্রই সদা গব্য-ভোজন-পরায়ণ হইয়া অমরত্ব লাভ করিবেক। তাড়ন, "মর" এই বাক্য-প্রয়োগ, তালপত্র দ্বারা স্পর্শন, পদাঘাত ও ভক্ষ্যরোধ, এই কয়েকটী গো-বিষয়ে পরিত্যাগ করিবে। গো-গৃহে ধূম, ক্ষৌরকর্ম্ম, আমিষ-ভোজন, পীঠোপরি উপবেশন, প্রাণিদাহ, ব্যায়াম, মৈথুন, মিথ্যা-কথন, প্রাণি-হিংসা. ভ্রষ্টদ্রব্য-ভোজন ও পরান্ন-ভক্ষণ পরিহার করিবে। গাভী অপরাধ করিলে গৃহস্থ তদীয় দণ্ডবিধান করিবে না। হে দ্বিজবর! গৃহস্থ ব্যক্তি এই সমস্ত গোধর্ম্ম-পালন করিলে সুখ প্রাপ্ত হইবে। কৃষক ব্যক্তি দেড় প্রহর কাল মাত্র গোকে বহন করাইবে; তদধিক কাল বহন করাইলে গোবধের পাতকী হইবে। গৃহী ব্যক্তি কদাচ গোকে উচ্ছিষ্টান্ন প্রদান করিবে না। যাত্রাকালে সবৎসা ধেনু, দধি, শুক্লপুষ্প, সুন্দরী নারী, হস্তী, অশ্ব, দূর্ব্বা, শুক্লধান্য, জলপূর্ণ ঘট, শিবা, বিপ্র, শঙ্খচিল, খঞ্জন পক্ষী ও সজ্জন দেখিয়া সুখে গমন করিবে। বিদেশগমনেচ্ছু-ব্যক্তি পরোক্ত মঙ্গল বাক্য, বিল্ববৃক্ষ, মুক্তা ও শঙ্খ স্মরণ করিবে। একাকী অথবা তিন জনে দূরদেশে যাইবে না। ভদ্রা, বারবেলা, রিক্তা, পাপদিন এবং তিথি ও বারঘটিত দিক্‌শূল বর্জ্জন করিয়া সুখে গমন করিবে। হে দ্বিজোত্তম! আষাঢ়, কার্ত্তিক, মাঘ ও বৈশাখ মাসের পূর্ণিমা, সংক্রান্তি, যুগাদ্যা, ব্যতীপাত, পুষ্যা, চন্দ্রসূর্য্যগ্রহণ, মাঘ মাসের সপ্তমী, ভাদ্র মাসের কৃষ্ণাষ্টমী, শিবরাত্রি চতুর্দ্দশী, মহাপূজার দিন, সোমবারে অমাবস্যা, মঙ্গলবারে চতুর্থী, গুরুবারে অষ্টমী, রবিবারে সপ্তমী, শ্রাদ্ধদিন, জন্মদিন, একাদশী, অর্দ্ধোদয় এবং বারুণী-যোগ—এই সকল দিনে পবিত্রমনে দান করিবে। তীর্থস্নান, সাধুসঙ্গ, দেবতারাধনা, পুরাণ-শ্রবণ ও মিষ্ট ভোজন করিবে ও অপরকে করাইবে। রাজদর্শন, কলহাদি-বর্জ্জন, মৈথুনত্যাগ, নদী-সন্তরণ-পরিহার ও আমিষ-ত্যাগ করিবে। পৃথ্বীখনন, বস্ত্র ও ক্ষার-সংযোগে দন্তধাবন করিবে না এবং গোকে দিয়া বহন করাইবে না। হে জাবালে! ইহার অন্যথা করিলে নারকী হইতে হইবে। গৃহস্থ স্বয়ং রাজা, অপরে তাহাকে অবজ্ঞা করিবে না; কারণ তিনিই গৃহস্থাশ্রমে ভৃত্যপুত্রাদির উপর দণ্ডবিধানকর্ত্তা। দ্বিজাতিরা সূর্য্যের কাল-সন্ধ্যায়-ভোজন করিবে না। গৃহস্থ ব্যক্তি বৃথাচেষ্টা ও বৃথাবাক্যব্যয় করিবে না৭ বৃদ্ধা ও যুবতী নারীকে বিবস্ত্রা দেখিবে না। অবিরক্ত পুরুষের লিঙ্গ দর্শন করিবে না। স্ত্রী-লোকেরাও লিঙ্গ দেখাইবে না ও তাহাদিগের প্রতি পশুবৎ ব্যবহার করিবে না। বেতাল-প্রতিক ও করপ্রতিক হইবে না। ধর্ম্মধ্বজী, ছদ্মহিংসী, শঠ ও দুষ্টিকর হইবে না। ব্রাহ্মণ যশের নিমিত্ত নৃত্য, গীত ও বাদ্য করিবে না। চিকিৎসক, ভিক্ষুক, কুসীদজীবী, পাষণ্ড ও নাস্তিকের অন্ন ভক্ষণ করিবে না। একাকী নির্জ্জনগৃহে শয়ন ও শয়ান ব্যক্তির নিদ্রাভঙ্গ করিবে না। যাহার যোনি অধোদিকে আবৃত অথবা

চক্ষুরাকৃতি ও যাহার ভগ পত্রাকার তাদৃশ নারীতে উপগত হইবে না। তদীয় গর্ভে উৎপন্ন পুত্র ধর্মকামার্থ হরণ করিয়া থাকে। সুলক্ষণাক্রান্ত পুত্রহেতুক পুরুষের পুণ্য প্রকাশ হইয়া থাকে। পুত্র সমুদয়ে দ্বাদশ প্রকার; যথা—(১) ঔরস, (২) ক্ষেত্রজ (৩) দত্ত (৪) কৃত্রিম (৫) গূঢ় সম্ভব (৬) অপবিদ্ধ (৭) কানীন (৮) সহোঢ় (৯) ক্রীত (১০) পৌনর্ভব (১১) স্বয়ংদত্ত (১২) শৌদ্র। এতন্মধ্যে প্রথম ছয়টী পুত্র পৈতৃক ধনের অধিকারী—ইহাদিগের লঘুত্ব পর পর জানিবে। যথাবিধি সংস্কারলব্ধ ভার্য্যায় উৎপন্ন পুত্র ঔরস, স্বক্ষেত্রে পরশুক্রে উৎপাদিত পুত্র ক্ষেত্রজ, আপৎকালে পিতা মাতা কর্তৃক সঙ্কল্পপূর্ব্বক প্রদত্ত পুত্র দত্ত, পরপুত্রকে নিজপুত্র-কল্পনা করিলে কৃত্রিম; যাহার জন্ম অজ্ঞাত, এতাদৃশ নিজগৃহে উৎপন্ন পুত্র গূঢ়জ, পিতা অথবা মাতা কর্তৃক দত্তগৃহীত পুত্র অপবিদ্ধ, পিতৃগৃহে কন্যা অবস্থায় জাত পুত্র কানীন—(এই পুত্র পুত্রার্থে পিতা কর্তৃক নিযুক্ত কন্যার হইলে কন্যার পিতার হইয়া থাকে), দৈবলব্ধা গর্ভিণীর সংস্কর্ত্তার পুত্র সহোঢ়, মূল্য দ্বারা ক্রীত পুত্র ক্রীত, অন্যপতি স্বীকার করিয়া নারীর পুত্র হইলে পৌনর্ভব, স্বয়ং যে পুত্রত্ব স্বীকার করে, তাহাকে স্বয়ং-দত্ত ও শূদ্রার গর্ভে ব্রাহ্মণের ঔরস-জাত পুত্রকে শৌদ্র (পারশব) কহে। কল্পনীয় পুত্রগুলিকে পঞ্চবর্ষের অধিক বয়সে গ্রহণ করিলে, তাহারা প্রকৃত পুত্র হইবে না; কেবলমাত্র ভরণার্থ হইবে। একমাত্র সংস্কারবলে স্বয়ংদত্ত পুত্রের পুত্রত্ব হইয়া থাকে। সহোদর ভ্রাতৃগণের মধ্যে এক জনের পুত্র থাকিলেই সকলে পুত্রবান্ ও বহু পত্নীর মধ্যে এক জনেরও পুত্র হইলে সকলেই পুত্রবতী হইবে। এই সমস্ত দ্বাদশ প্রকার পুত্র মধ্যে ঔরস পুত্র কেবল পৈতৃক ধনের অধিকারী হইয়া থাকে; অবশিষ্ট পুত্রদিগের আনৃশংস্যার্থ জীবনবৃত্তি কল্পনা করিবে। শুক্রকে ব্রহ্মা কহে; ঐ শুক্র কামরূপ অনলসংযোগে গলিত হইয়া থাকে। বিবাহসংস্কারে সংস্কৃত নারীতে কামরূপ-অনলে উহা নিক্ষেপ করিবে। তদীয় ফলে পাবনী অভীষ্টদায়িনী পুত্রোৎপত্তি হইয়া থাকে। অতএব পরযোনি বা যোনি ব্যতীত স্থানে শুক্র নিক্ষেপ করিবে না। বৃথা শুক্রব্যয় ও বৃথা বাক্যব্যয় কদাচ করিবে না। পরগোচরে ভগলিঙ্গাদিশব্দ উচ্চারণ করিবে না; মাতা, কন্যা ও যে শিষ্যা শক্তিমন্ত্রে দীক্ষিতা নহে, তাহারি কাছেও উচ্চারণ করিবে না; কেবল আশ্বিন মাসে মহাপূজার দিন উহা উচ্চারণ করিবে। দেবী ভগবতী স্বয়ং ভগলিঙ্গরসের প্রিয়; অতএব তাঁহার প্রীত্যর্থে তদীয়পূজাদিনে উচ্চারণ করিতে পারিবে। জননী, গুরুপত্নী, জ্যেষ্ঠ সহোদরের ভার্য্যা, শ্বশ্রূ (শাশুড়ী), জ্যেষ্ঠ ভগিনী, পিতৃব্যপত্নী, মাতুলানী, মাতৃস্বসা ও পিতৃস্বসা এই নয়জন মাতা বলিয়া কথিত। কন্যা, কনিষ্ঠভগিনী, পুত্রবধূ, ভ্রাতুষ্পুত্রী, ভাগিনেয়ী, কনিষ্ঠভ্রাতার পত্নী, শিষ্যা, পুত্রের অসবর্ণ জাতীয় স্ত্রী ও শরণাপন্ন নারী; এই নয়জন কন্যা মধ্যে গণ্য; ইহাদিগকে

স্নেহ ও শাসন করিবে। এই নয় প্রকার মাতা ও নয় প্রকার কন্যা এবং যাঁহারা মাতা ও কন্যা শব্দে সম্ভাবিত হইয়া থাকে, এই সমস্ত নারীতে অকামতঃ উপগত হইলেও তৎক্ষণাৎ পতিত হইবে। ম্লেচ্ছনারী ও যবননারী গমনে জাতি-পাত হইয়া থাকে। এই ঘোর কলিকালেও পূর্ব্বোক্ত নারীতে সংগত হইলে, দৈব-শাপগ্রস্ত হইতে হয়। শক্তি-উপাসনা অতি দুরূহ; এমন কি, বীরগণও তদ্বিষয়ে মুগ্ধ হইয়া থাকেন। শিববাক্য অলঙ্ঘ্য ও যোগপথ সর্ব্বোৎকৃষ্ট, অতএব যোগপ্রিয়া দেবীকে যে ভজনা করে, সে যদি উক্ত সমস্ত কার্য্য করে, তাহা হইলে দোষ-ভাগী হইবে না। এই সংসারে তিন প্রকার ভাব আছে, তন্মধ্যে বৈকবক্রম যে ভাব, উহাই পাপক্ষয়কারক ও সর্ব্বোৎকৃষ্ট কল্পিত হয়। মধ্যমভাব আশ্রয় করিলে, অনুষ্ঠান-ভুক্তি যত্নসাধ্য ও ইষ্টাপূর্ত্তিজনক হইয়া থাকে। তৃতীয়ভাব দিব্যভাব, ইহাতে অনুষ্ঠান-ভুক্তি অযত্নসাধ্য ও দেবতালাভের কারণ হইয়া থাকে। কর্ম্মপর ও দেবপর এই সংসারে বধ্যমান হইলেও সূক্ষ্ম পরমধর্ম্মের প্রশংসা ও নিন্দা করিবে না। অধর্ম্মভাব প্রকাশ করত সৎপথ লঙ্ঘন করিবে না। যাহার যেরূপ রুচি, সেই মত দেবতা আশ্রয় করিবে; কারণ সকল দেবতাই সমান ফলদান করিয়া থাকেন। যে ব্যক্তি এক দেবতাকে আশ্রয় করিয়া, অপর দেবতাকে নিন্দা করে, সে ব্যক্তি নরকগামী হয়। শাস্ত্রনিষিদ্ধকালে বিষয়াসক্ত মানব মদ্য, মৎস্য, মাংস ও নরবলি দ্বারা শক্তির উপাসনা করিবে না। রাত্রিকালে দধি, তিক্ত, শক্তু (ছাতু) ও তিল ভক্ষণ করিবে না। আর নতি, প্রণতি, দান ও আশীর্ব্বাদ প্রয়োগ করিবে না। কর্ণ ও নাসিকাবিবরে কণ্ডূয়ন ও কাষ্ঠসংযোগ করিবে না। উচ্চ শব্দে আহ্বান ও পরনিন্দা করিবে না। রাত্রিকালে ধীর ব্যক্তি এই সমস্ত কার্য্য ত্যাগ করিবে। দিবসে স্ত্রীজনের সহিত পরিহাস, শয়ন, মৈথুন এবং রক্তপাদে নির্গম কদাচ করিবে না। গৃহস্থ ব্যক্তি সকল দেবদেবীর উৎসব করিবে, প্রত্যহ সকল দেবতার পূজা করিবে ও ঐহিক কর্ম্মের ফল দেবতায় অর্পণ করিবে। হে দ্বিজোত্তম! এইরূপ গৃহস্থধর্ম্ম তোমাকে বলিলাম; এক্ষণে বানপ্রস্থ ও ভিক্ষুকের আচার বলিতেছি, শ্রবণ কর।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত ॥ ৬ ॥

সপ্তম অধ্যায়।

ব্যাস কহিলেন, গৃহস্থ যখন আপনার বলী, পলিত ও অপত্যের অপত্য দেখিবে, তখন অরণ্য আশ্রয় করিবে। ব্রাহ্মণ যে সে আশ্রমে থাকিয়া মার্কণ্ডেয় পুরাণান্তর্গত সপ্তশতী

চণ্ডী, শ্রীমদ্ভগবদ্গীতা ও মহাভারত পাঠ করিবে। চণ্ডী ও গীতা পাঠ এবং হরিনাম ও গঙ্গাস্নান যে ব্যক্তি প্রবৃত্ত হইয়া না করে, তাহার জন্ম বৃথা হইয়া থাকে। গ্রাম্য-আহার ও পরিচ্ছদ ত্যাগ করিয়া বীতস্পৃহ হইয়া পুত্রহস্তে নিজ ভার্য্যার ভারার্পণপূর্ব্বক অথবা তাহার সহিত বনগমন করিবে। নানাবিধ পবিত্র মুনিজনযোগ্য আহার এবং শাকমূল ও ফল দ্বারা জীবনযাত্রা নির্ব্বাহ করিবে এবং যথাবিধি বক্ষ্যমাণ মহাযজ্ঞের অনুষ্ঠান করিবে। প্রাতঃস্নান, জটাবল্কল, নখশ্মশ্রু ধারণ, সর্ব্বভূতে মৈত্রী, শীতোষ্ণাদি দ্বন্দ্বসহিষ্ণুতা ও চিত্তৈকাগ্রতা সম্পাদন করত বেদাধ্যয়নে নিত্য নিরত হইবে। যথাবিধানে বৈতানিক অনলে আহুতি দিবে। দর্শপৌর্ণমাস্য যাগ করিবে। নক্ষত্রযজ্ঞ, নবশস্যেষ্টি ও চাতুর্ম্মাস্য যাগ অনুষ্ঠানে নিযুক্ত থাকিবে। চরু ও পুরোডাশ দেবতা-উদ্দেশে প্রদান করিয়া প্রণাম-পূর্ব্বক শেষ ও স্বয়ংকৃত লবণ ভক্ষণ করিবে। দিবসে আহরণ করিয়া রাত্রিকালে একবার মাত্র আহার করিবে। সুখপ্রয়োজনে যত্নশীল হইবে না, স্ত্রীসম্ভোগাদি করিবে না, ভূমিশায়ী হইবে, গৃহে মমতাশূন্য হইবে ও বৃক্ষমূল আশ্রয় করিবে। ফল-মূলাভাবে তাপস-ব্রাহ্মণের নিকট হইতে, তদভাবে বনবাসি-গৃহস্থ-ব্রাহ্মণের নিকট হইতে ভিক্ষা গ্রহণ করিবে। এরূপ ভিক্ষার অভাব হইলে গ্রাম হইতে ভিক্ষাহরণ করত বনে বাস করিয়া অষ্টগ্রাসমাত্র ভোজন করিবে। অসাধ্যরোগে আক্রান্ত হইলে ঈশানদিক্ আশ্রয়পূর্ব্বক সরল গমনে যোগনিষ্ঠ হইয়া যাবৎ না দেহপাত হয়, তাবৎ জল ও বায়ু মাত্র ভক্ষণ করত দেহপাত করিবে। এইরূপে পরমায়ুর তৃতীয় ভাগ বনে অতিবাহিত করিয়া চতুর্থভাগে সঙ্গত্যাগপূর্ব্বক সন্ন্যাস আশ্রমের অনুষ্ঠান করিবে। যথাক্রমে আশ্রম পালন করিয়া ইন্দ্রিয়জয় পূর্ব্বক অগ্নিহোত্র সমাধা করিবে ও ঋণত্রয়ের পরিশোধ করিয়া মোক্ষসাধন পরিব্রজ্যাশ্রমে মনোনিবেশ করিবে। বেদ সমুদায় অধ্যয়ন, পুত্রোৎপাদন ও যথাশক্তি যজ্ঞানুষ্ঠান করত বানপ্রস্থাশ্রমের পর চতুর্থাশ্রমে মন দিবে। দ্বিজাতি বেদাধ্যয়ন, পুত্রোৎপাদন ও যজ্ঞানুষ্ঠান না করিয়া মোক্ষ ইচ্ছা করিলে নরকে গমন করে। সর্ব্বস্বদক্ষিণ প্রজাপতি দেবতাকে যাগ করিয়া ব্রাহ্মণ গৃহ হইতে প্রব্রজ্যা করিবে। সর্ব্বসঙ্গমুক্ত হইলে মোক্ষলাভ হয়, ইহা অবগত হইয়া মোক্ষের জন্য একাকী বিচরণ করিবে। মৃণ্ময়ভিক্ষাপাত্র, বৃক্ষমূলাশ্রয়, কৌপীনাদি বস্ত্র, সঙ্গত্যাগ ও শত্রু মিত্রে সমতা; এই সমস্ত মুক্তপুরুষের লক্ষণ। জীবন বা মৃত্যু কদাচ কামনা করিবে না। সত্যপূত-বাক্য বলিবে, সাবধানে পাদনিক্ষেপ করিবে, বস্ত্রাদি দ্বারা জল ছাঁকিয়া পান করিবে ও মনঃপূত কার্য্য করিবে। অপমান-জনক বাক্য সহ্য করিবে, কাহাকেও অবজ্ঞা করিবে না, এই নশ্বরদেহ ধারণ করিয়া কাহারও সহিত বিরোধ করিবে না। তাহার ভিক্ষাপাত্র অচ্ছিদ্র হইবে ও তৈজস পাত্র হইবে না। অলাবু, দারু, মৃত্তিকা ও বংশনির্ম্মিত পাত্র যতিদিগের ভিক্ষাপাত্র বলিয়া স্বায়ম্ভুব মনু নির্দ্দেশ করিয়াছেন। যতি একবারমাত্র ভিক্ষা করিবে, প্রচুর

ভিক্ষা করিবে না। প্রচুর ভিক্ষা করিলে বিষয়ে আসক্তি আসিয়া পড়ে। যতি পাকধূম বিগত হইলে, উদূখল মুষলের কার্য্য শেষ হইলে, পাকাগ্নার নির্ব্বাণ হইলে, গৃহস্থ পর্য্যন্ত সমস্ত লোকের আহার হইলে ও উচ্ছিষ্টপাত্রাদি ফেলিলে, এইরূপ সময়ে নিত্য ভিক্ষা আচরণ করিবে। সমাদর, লাভ, গৌরব, নিন্দা ও ইন্দ্রিয়সুখ স্পৃহা ইচ্ছা করিলে যতি ব্যক্তি পাপগ্রস্ত হইয়া থাকে। যতি ব্রাহ্মণকর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া ভিক্ষা করিবে, অনিমন্ত্রণেও গৃহস্থেরা তাঁহাকে পূজা করিবে। প্রাণায়াম দ্বারা দোষ সকল দগ্ধ করিবে। ধারণাদি দ্বারা পাপ নষ্ট করিবে, বিষয় হইতে ইন্দ্রিয় আকর্ষণ দ্বারা বিষয়-সঙ্গ ত্যাগ করিবে ও "সোঽহমস্মি" এইরূপ চিন্তা দ্বারা রিপু দমন করিবে। জরাশোকে আক্রান্ত, ব্যাধিমন্দির, ক্ষুৎপিপাসায় কাতর, রজোগুণযুক্ত, অনিত্য এই পাঞ্চভৌতিক দেহ ত্যাগ করিবে। ব্রহ্মজ্ঞানী ব্যক্তি স্বজনে সুকৃত ও শত্রুজনে দুষ্কৃত নিক্ষেপ করিয়া ধ্যানযোগে ব্রহ্মে লীন হইয়া থাকে। যতি ব্যক্তি গোদোহন-পরিমিত কাল ব্যাপিয়া গৃহস্থের গৃহে অবস্থান করিবে ও মধুমাংস-বর্জ্জিত ইঙ্গুদী-ফলাদি-সম্ভূত স্নেহ ভোজন করিবে। অসৎকথা, ক্রীড়া ও পরনিন্দা নিয়ত ত্যাগ করিবে এবং দিবসে তীর্থসেবা ও দেবপূজা করিবে। হে জাবালে! তোমায় ভিক্ষুর এই উৎকৃষ্ট বিধি বলিলাম, আর পুত্রাদিতে মমত্ব ত্যাগ প্রভৃতি যে সমস্ত ফল বলিলাম, তাহা আত্মা ও পরমাত্মার অভেদচিন্তাতেই হইয়া থাকে, জানিবে। ব্রহ্মচর্য্য প্রভৃতি চারি আশ্রমের দ্বার গৃহস্থাশ্রম, অতএব গৃহস্থাশ্রমই সর্ব্বশ্রেষ্ঠ। গৃহস্থ ব্যক্তি তাহাদিগের সেবায় সদ্গতি প্রাপ্ত হইয়া থাকে। যেমন নদ-নদী সমুদয় সাগরে গিয়া অবস্থিতি করে, তদ্রূপ অন্য আশ্রমবাসীরা গৃহস্থের সাহায্যে অবস্থান করে। যেমন জল-জন্তুগণ সমুদ্রকে আশ্রয় করিয়া জীবিত থাকে, তদ্রূপ ভিক্ষুকবর্গ গৃহস্থকে অবলম্বন করিয়া জীবনধারণ করে। সন্তোষ, ক্ষমা, শীতোষ্ণাদি-দ্বন্দ্ব-সহিষ্ণুতা, অস্তেয়, ইন্দ্রিয়নিগ্রহ, শাস্ত্রতত্ত্বজ্ঞান, আত্মজ্ঞান, সত্যকথন ও ক্রোধত্যাগ; এই দশবিধ ধর্ম্মের লক্ষণ জানিবে। এইরূপে যখন ভিক্ষুক ব্যক্তি কর্ম্মফল ত্যাগ করত স্বর্গাদিফললাভে নিস্পৃহ হইয়া আত্ম-সাক্ষাৎকারে রত হইবে, তখন তাহার পাপ বিনষ্ট হইয়া মোক্ষলাভ হইবে। মুহূর্ত্তকাল সন্ন্যাস করিলে যখন পরমগতিপ্রাপ্তি হয়, তখন সন্ন্যাস অপেক্ষা মুক্তির কারণ পরমধর্ম্ম আর নাই। এই সন্ন্যাস ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যেরও ধর্ম্ম বটে, কিন্তু কলিযুগে ইহা অতিদুর্ঘট। হে দ্বিজ-পুঙ্গব জাবালে! যতিদিগের ধর্ম্ম তোমাকে বলিলাম, এক্ষণে আর কি শ্রবণ করিতে ইচ্ছা কর? বল।

সপ্তম অধ্যায় সমাপ্ত ॥ ৭ ॥

অষ্টম অধ্যায়।

জাবালি বলিলেন, হে ব্রহ্মন্ জগদ্‌গুরো বেদব্যাস! এক্ষণে স্ত্রীলোকের ধর্ম্ম ও তদীয় চরিত্র বিষয় আমাকে বলুন। ব্যাস কহিলেন, স্ত্রীলোকে কখনই স্বাধীন হইবে না; লজ্জাশীলা, স্মিতভাষিণী, আলস্যহীনা, শান্ত-প্রকৃতি, পরিমিতবাদিনী ও লোভশূন্য হইবে। স্ত্রীলোকের স্বতন্ত্র যজ্ঞ, উপবাস বা ব্রত বিহিত নহে; পতিসেবাই পরম ধর্ম্ম ও স্বর্গফলদায়ক। ভর্ত্তা মৃত হইলে যে নারী ব্রহ্মচর্য্যে থাকে; পুত্র সন্তানের অসদ্ভাবেও ব্রহ্মচারীর ন্যায় তাহার স্বর্গে গতি হইয়া থাকে। যে স্ত্রী সন্তানলোভে পতিকে অতিক্রম করে; সে ইহলোকে নিন্দাস্পদ হইয়া দেহান্তে পতিলোকচ্যুত হয়। নারী-গণের একমাত্র পতিই গতি; অতএব পতি উৎকৃষ্ট বা অপকৃষ্ট হইলেও তাঁহাকে ত্যাগ করিবে না। সধবা স্ত্রীলোকের উপবাসাদি ব্রত নাই; পতির আদেশে যাহা করিবে, তাহাই পরমব্রতমধ্যে গণনীয় হয়। পতিব্রতা নারী মৃত পতির অনুমরণে গমন করিলে মহাপাতক হইতেও পতিকে উন্মুক্ত করে। হে দ্বিজ! অনুমরণ অপেক্ষা স্ত্রী-লোকের উৎকৃষ্ট কর্ম্ম নাই; যেহেতু অনুমরণে মৃত হইলে এক মন্বন্তর কাল পর্য্যন্ত পতির সহিত স্বর্গে আমোদে বাস করে। পতি বহুদিন মৃত হইলেও তদীয় প্রিয়বস্তু লইয়া তদ্গতচিত্ত হইয়া যে নারী অগ্নিপ্রবেশে অনুমরণ করে, তাহারও তাদৃশ গতি হইয়া থাকে। বিধবা নারীদিগের ব্রহ্মচর্য্যই সর্ব্বদা অবলম্বনীয়। বিধবা নারী রক্ত-বস্ত্র পরিধান, খট্টায় শয়ন ও মৈথুন ত্যাগ করিবে। যে নারী পতিপুত্রহীনা, তাহাকে অবীরা কহে। দত্তা ও অদত্তাভেদে অবীরা দ্বিবিধ। মানব কদাচ অদত্তার অন্নাদি গ্রহণ করিবে না। সম্বন্ধগৌরব থাকিলে দত্তা অবীরার অন্নাদি গ্রহণ করিতে পারে। দন্ত ও কপালের উচ্চতা, অঙ্গবৈকল্য, স্তনের বিরলতা, দৈন্য ও লজ্জার অভাব, নারী-দিগের বৈধব্যলক্ষণ এবং ঐ সমস্ত যাহাদিগের আছে, তাহারা প্রায় কুটিল ও মুখরা হইয়া থাকে। হে দ্বিজসত্তম! স্ত্রীলোকের ধর্ম্ম বলা হইল; ব্রহ্মা বিষ্ণু আদি দেবতার পূজাধর্ম্ম শ্রবণ কর।

অষ্টম অধ্যায় সমাপ্ত ॥ ৮ ॥

নবম অধ্যায়।

ব্যাস বলিলেন, মানবগণ সমস্ত মঙ্গলকার্য্যে গণেশ, সূর্য্য, বিষ্ণু, অম্বিকা ও শিব; এই পঞ্চ দেবতার পূজা যথাবিধানে করিবে। ইন্দ্র, অগ্নি, যম, নৈঋ‍ত, বরুণ, বায়ু, কুবের, ঈশান, ব্রহ্মা ও অনন্ত; এই দশ দিক্‌পালের পূজা করিবে। সূর্য্য, সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু; এই নবগ্রহের পূজা করিয়া,

প্রকৃত কার্য্য আরম্ভ করিবে। সকল কার্য্যে ইহাঁরা অবশ্য পূজনীয়। যখন যে ব্রতে যে দেবতার পূজা করিতে হয়, তখন ইহাঁদিগের পূজানন্তর তাঁহার পূজা করিবে। অতঃপর অবিঘ্নব্রতের কথা বলিতেছি, শ্রবণ কর। এই অবিঘ্নব্রত (গণেশব্রত) ফাল্গুনমাসের চতুর্থীতে গ্রহণ করিতে হয়। ইহাতে নক্তভোজন, তিলান্ন দ্বারা পারণ, তিলান্ন দ্বারা অষ্ট আহুতি ও ব্রাহ্মণকে তিলান্ন দান করিতে হয়। এই ব্রত-গ্রহণকারী ব্যক্তি চারি মাস চতুর্থীতে এইরূপ করিয়া, পঞ্চম মাসে গণেশের সুবর্ণ-প্রতিমা নির্ম্মাণ করাইয়া, তিল পায়সের পঞ্চপাত্রের সহিত ব্রাহ্মণকে দান করিবে। হে বিপ্র! যে ব্যক্তি এইরূপ ব্রত করে, তাহার বিঘ্নরাশি দূর হইয়া যায়। হে পার্ব্বতীনন্দন। তুমি দিব্যশূর, লম্বোদর, গজানন, একদন্ত, কুঠারপাণি ও শ্রেষ্ঠ, তোমায় নমস্কার; এইরূপ স্তব করিয়া পূজা করিলে মনুষ্যের বিঘ্ন থাকে না। আষাঢ় মাসের চতুর্থীতেও গণেশের পূজা বিধেয়। তিলদান ও তিলভোজনপূর্ব্বক দুই বৎসর এই ব্রত করিলে, হেরম্বদেব প্রসন্ন হইয়া অভীষ্ট ফল প্রদান করেন। ফলতঃ তিলোদক ও তিলান্নাদি ভক্ষণই এই ব্রতের প্রধান অঙ্গ জানিবে। হে দ্বিজসত্তম! অতঃপর সূর্য্যব্রত বলিতেছি, শ্রবণ কর। এই সূর্য্যব্রত সপ্তমী তিথিতে মানব অনুষ্ঠান করিবে, করিলে আরোগ্য লাভ হইবে। ষষ্ঠীতে সংযত থাকিয়া, সপ্তমীতে উপবাস করত অষ্টমী তিথিতে ভোজন করিবে, এইরূপ বিধানই কথিত আছে। যে ব্যক্তি পূর্ব্বোক্ত বিধিমতে সংবৎসর সূর্য্যের অর্চ্চনা করে, তাহার এই জন্মেই আরোগ্য, ধন ও ধান্যলাভ হয় এবং দেহান্তে পবিত্র অক্ষয়পদপ্রাপ্তি হয়। এইরূপ ও অন্যবিধ ব্রতও ভগবান্ আদিত্যের তুষ্টির জন্য করিবে। যে ব্যক্তি ভক্তিসহকারে রবিবারে সূর্য্যপূজা ও নক্তভোজন করে, সে দেবলোক প্রাপ্ত হয়। সূর্য্যের আর এক প্রকার ব্রত বলিতেছি, শ্রবণ কর। রবিবারে সংক্রান্তি হইলে, সেই দিনে সূর্য্যপূজা, নক্তভোজন ও আদিত্যহৃদয় পাঠ করিবে, অথবা অস্ত পর্য্যন্ত সূর্য্য-দেবকে হৃদয়মধ্যে চিন্তা করিবে। ব্রাহ্মণগণকে মিষ্ট ভোজন করাইবে, স্বয়ং পায়স মাত্র খাইবে। যে ব্যক্তি ভক্তি ও শ্রদ্ধাসহকারে ঐ দিনে সূর্য্য-অর্চ্চনা করে, সে আদিত্যহৃদয়ে স্থিত দিব্য কামনা সকল প্রাপ্ত হয়। আদিত্যহৃদয় নামক মন্ত্র বলিতেছি, শুন। প্রথমে ঘৃণি, তৎপরে সূর্য্য এবং অন্তে আদিত্য ও প্রণব ইহাই আদিত্যহৃদয় মন্ত্র তোমাকে বলিলাম। সূর্য্যের অন্যবিধ ব্রত বলিতেছি, শুন। মাঘ মাসের সপ্তমীতে সূর্য্যপূজা করিবে। আর যদি হে জাবালে! সেই সপ্তমীতে রবিবার পায়, তাহা হইলে তাহাকে বিজয়সপ্তমী কহে। এই বিজয়সপ্তমীতে স্নান, দান, হোম, তপ ও উপবাস সমস্তই মহাপাতক নষ্ট করে। আর শুক্লপক্ষের সপ্তমীতে যদি সংক্রান্তি হয়, তাহা হইলে তাহাকে মহাজয়া সপ্তমী কহে, এই তিথি সূর্য্যদেবের প্রীতিদায়িনী। ইহাতে স্নান দানাদি করিলে চিত্ত-সুখ লাভ হয়।

আর ঘৃত বা দুগ্ধ দ্বারা ভগবান্ সূর্য্যকে স্নান করাইলে সর্ব্বপাপমুক্তি ও সূর্য্যলোকে গতি হইয়া থাকে। এই ব্রত বর্ষব্যাপিয়া করিয়া, সূর্য্যের সাতিশয় প্রীত হইয়া থাকে। ব্রাহ্মণ প্রভৃতি সকল বর্ণই এই ভাস্কর-তোষণ ব্রত করিবে। হে জাবালে! সূর্য্যদেবের অষ্টাঙ্গ অর্ঘ্য সাদরে শ্রবণ কর। জল, দুগ্ধ, কুশাগ্র, ঘৃত, মধু, দধি, রক্তকরবীরপুষ্প, রক্তচন্দন ও দারুপাত্রে কি মৃৎপাত্রে, অথবা সুবর্ণাদি ধাতু-পাত্রে করিয়া ফল; ইহাই অষ্টাঙ্গ অর্ঘ্য। হে দ্বিজ! অতঃপর শিবব্রত বলিতেছি, একাগ্রচিত্তে শ্রবণ কর। এই উত্তম ব্রত ফাল্গুন মাসের শুক্লপক্ষে আরম্ভ করিয়া সংবৎসর যাবৎ শুক্লপক্ষের চতুর্দ্দশী-রাত্রিতে ভগবান্ শিবের অর্চ্চনা করত ব্রাহ্মণ ভোজন করাইবে ও স্বয়ং ফল ভোজন করিবে। গ্রীষ্মকালে কৃষ্ণপক্ষের অষ্টমী ও চতুর্দ্দশীতে পঞ্চতপা ও সায়ংকালে হোমধেনু প্রদান করিলে, যথাক্রমে স্বর্গ ও অক্ষয়শিবত্ব লাভ হয়। কার্ত্তিক মাসের অষ্টমীতে বৃষ উৎসর্গ করিয়া নক্তব্রত করিলে শিবত্বপদপ্রাপ্তি হয়, ইহাই শ্রেষ্ঠ শিবব্রত। অগ্রহায়ণ মাসের কৃষ্ণাষ্টমীতে নক্তভোজী হইয়া শিবের অর্চ্চনা করিবে। যদি ইহাতে গোমূত্রমাত্র ভোজন করিতে পারে, তাহা হইলে অতিরাত্র-যজ্ঞের অপেক্ষা অধিক ফলপ্রাপ্তি হয়। এক্ষণে অপরবিধ শিবব্রত বলিতেছি, শুন। পৌষ মাসের কৃষ্ণাষ্টমীতে শম্ভুনামক ঈশ্বরের পূজা করিয়া, ঘৃত ভোজন করিলে বাজপেয়ফললাভ হয়। হে বিপ্র! মাঘ মাসের কৃষ্ণাষ্টমীতে মহেশ্বরের পূজা করিয়া, রাত্রিকালে গোদুগ্ধ পান করিলে, গোমেধযজ্ঞের ফল হইয়া থাকে। যে ব্যক্তি ফাল্গুন মাসে শিবপূজা করিয়া, তিল ভক্ষণ করে, তাহার রাজসূয়যজ্ঞের অষ্টগুণ ফললাভ হয়। যে ব্যক্তি চৈত্র মাসের অষ্টমীতে স্থাণুনামক ঈশানের পূজা করিয়া ভর্জ্জিত যব প্রাশন করে, তাহার অশ্বমেধফললাভ হয়। চৈত্রমাসে কি ক্ষত্রিয়, কি বৈশ্য, কি শূদ্র, সকলেই জিতেন্দ্রিয় হইয়া ত্রিসন্ধ্যাস্নান ও রাত্রিকালে হবিষ্যভোজন; এইরূপে দেহপীড়নপূর্ব্বক নৃত্যগীত মহোৎসব সহকারে ভক্তি-পূর্ব্বক শিবোৎসব করিবে; ইহা দেবদেবের পরমপ্রীতিকর। ইহা করিলে শিবত্বলাভ ও পদে পদে অশ্বমেধের ফল হইয়া থাকে। সর্ব্বকার্য্য পরিত্যাগপূর্ব্বক শিবোৎসব-পরায়ণ হইয়া ভক্তিসহকারে নৃত্যামোদে রাত্রিজাগরণ বিধেয়। নানাবিধ বাদ্য, বিবিধ অঙ্গ-ভঙ্গী ও বহুবিধ নৃত্যে ভগবান্ শঙ্কর প্রসন্ন হইয়া থাকেন। ভগবান্ দেবদেব প্রসন্ন হইলে কিছুই অলভ্য থাকে না; অতএব সর্ব্বতোভাবে তাঁহার তুষ্টিবিধান কর্ত্তব্য। এই শিবোৎসবে শিবের সমীপে শঙ্খজল ও শঙ্খবাদ্য বর্জ্জনীয়। উৎসব, গ্রামের বাহিরে সামন্তে কর্ত্তব্য এবং উপবাস ও হোমপূর্ব্বক সংক্রান্তি দিবসে ব্রত উদ্‌যাপন বিধেয়। বৈশাখ মাসে যত্নপূর্ব্বক শিবপূজা করিলে ও রাত্রিকালে কুশোদক পান করিলে সমস্ত কামনাসিদ্ধি হয়। জ্যৈষ্ঠ মাসে পশুপতির পূজা করিয়া গোশৃঙ্গোদক পান করিলে কোটি গোদানের ফল হইয়া থাকে। আষাঢ় মাসে উগ্রনামক শিবের

অর্চ্চনা করিয়া কেবলমাত্র গোময় প্রাশন করিলে শত বর্ষ শিবলোকে অবস্থিতি হয়। শ্রাবণ মাসে মানব সর্ব্বনামক শিবের পূজা করিয়া নিশাতে দুগ্ধপান করিলে, গোমেধযজ্ঞের ফল লাভ করে। ভাদ্র মাসে কৃষ্ণাষ্টমীতে ত্র্যম্বকের পূজা করিলে ও বিল্বপত্রের রস ভক্ষণ করিলে বাজপেয়যজ্ঞের ফল লাভ হয়। আশ্বিন মাসে পরম ভক্তিপূর্ব্বক ঈশনামক শিবের অর্চ্চনা করিয়া তণ্ডুলোদক পান করিলে পৌণ্ডরীক-ফলপ্রাপ্তি হইয়া থাকে। কার্ত্তিক মাসের অষ্টমীতে ঈশানাখ্য-শিবপূজা করিয়া রাত্রিকালে গোময় ভোজন করিলে পঞ্চযজ্ঞের ফল হইয়া থাকে। এইরূপ সংবৎসর ব্রত করিয়া বিপ্রগণকে মিষ্টভোজন করাইবে এবং ঘৃত, পায়স ও দুগ্ধবতী কৃষ্ণবর্ণ গাভী রুদ্রদেবকে নিবেদন করিবে। এইরূপ কৃষ্ণাষ্টমীব্রত করিয়া পর্য্যাপ্ত দক্ষিণা দিবে। সর্ব্বাভীষ্টদায়ক পবিত্র শিবব্রত তোমাকে এই বলিলাম। এক্ষণে বৈষ্ণবব্রত বলিতেছি, শ্রবণ কর।

নবম অধ্যায় সমাপ্ত ॥ ৯ ॥

দশম অধ্যায়।

ব্যাস কহিলেন, শুক্লপক্ষের কিংবা কৃষ্ণপক্ষের একাদশী পুণ্যা, পাপনাশিনী, বৈষ্ণবী-তিথি। এই তিথিতে যে উপবাস করে, তাহার হরিপ্রাপ্তি হয়। একাদশীতে উপবাস ও দ্বাদশীতে পারণ, এই উভয় একাদশী-ব্রত ও দ্বাদশী-ব্রত। হে দ্বিজবর। সাক্ষাৎ ভগবান্ বিষ্ণু উক্ত উভয় তিথির অধিষ্ঠাত্রী দেবতা। উক্ত ব্রতদ্বয় অপেক্ষা ত্রিভুবনমধ্যে অন্য উৎকৃষ্ট কার্য্য নাই। একাদশীতে ভোজন অপেক্ষা পাপকর কার্য্য আর নাই; কারণ, ব্রহ্মহত্যা প্রভৃতি সমস্ত পাপ ঐ দিনে অন্ন আশ্রয় করিয়া থাকে। ব্রাহ্মণাদি চারি বর্ণ ব্রহ্মচারী প্রভৃতি চারি আশ্রমী ও স্ত্রীলোক একাদশী-ব্রত-পরায়ণ হইলে দিব্য-গতি লাভ করে, অন্যথা, পাপভাগী হয়। সধবা নারীরা উপবাস করিয়া রাত্রিকালে জলমাত্র পান করিবে। শুক্ল ও কৃষ্ণপক্ষের একাদশীতে ভোজন না করাই বানপ্রস্থ ও সন্ন্যাসীর ধর্ম্ম; কিন্তু গৃহস্থ ব্যক্তি উপবাস করিয়া দেবকীনন্দন কৃষ্ণকে ধূপ-দীপ-নৈবেদ্যে পূজা করিবে, তাহাতেই পরমপদ প্রাপ্ত হইবে। মাস ও বৎসর ব্যাপিয়া এই ব্রতের অনুষ্ঠান করিলে স্বতন্ত্র ফল আছে। এইরূপে স্বস্ব তিথিতে সনাতন বিষ্ণুর পূজা ও নৃত্য-গীত-মহোৎসবপূর্ব্বক উৎসব কর্ত্তব্য। হে দ্বিজ! জল, অগ্নি, শালগ্রাম-শিলা অথবা প্রতিমায় কমললোচন কৃষ্ণের পূজা বিধেয়। প্রতিমাসে বিশেষ বিশেষ নৈবেদ্য দ্বারা বিষ্ণু-পূজা করিতে হয়। হে মহাভাগ! অগ্রহায়ণ মাসে নবান্ন দ্বারা হরিপূজা করিবে ও তাঁহাকে ভক্তিপূর্ব্বক দুগ্ধ, শর্করা, পায়স নিবেদন করিবে। পৌষ মাসে

বালার্ককিরণ দ্বারা হরিপূজা করিবে, তাঁহাকে সুগন্ধি তৈল মাখাইয়া উষ্ণজলে স্নান করাইবে এবং হিঙ্গুপত্রাদিযোগে সুরভিত উত্তম মুদ্গ-মাষ-মিশ্রিত, ঘৃতপ্রচুর মনোহর শালিধান্যের অন্ন, ঘৃতপক্ব বাস্তুকশাক (বেতোশাক) ও দধি নিবেদন করিবে। এইরূপে মাঘ মাসে পুরুষোত্তম শ্রীকৃষ্ণের পূজা করিয়া ফাল্গুন মাসে মাষ কলায়ের পিষ্টক, নির্ম্মল গুড়, ছোলার সহিত পক্ব হিঙ্গু প্রভৃতি দ্বারা সুবাসিত শাক, গব্য ঘৃত ও শর্করামিশ্রিত দধি পরমানন্দে তাঁহাকে নিবেদন করিবে। হে দ্বিজোত্তম! ফাল্গুন মাসের পূর্ণিমায় ব্রজসুন্দরীগণ কুঞ্জকুটীরস্থ হইয়া বনে শ্রীকৃষ্ণের দোলযাত্রা করিয়াছিল। রূপলাবণ্যবতী বস্ত্রালঙ্কারে ভূষিতা গোপরমণীগণ পুষ্পালঙ্কারে সজ্জিত ও তদ্গতচিত্ত হইয়া স্মরঘূর্ণিত-লোচনে হাস্য, নৃত্য, গীত ও বাদ্য করত মহানন্দে পরম-কৌতুকে পুষ্পরাশি নিক্ষেপপূর্ব্বক পূর্ণিমা ও প্রতিপদের সন্ধিসময়ে গোবিন্দকে দোলায়িত করিয়াছিল। চৈত্র মাসে সুন্দর সুগন্ধি পুষ্প ও চন্দন-কুঙ্কুমাদি নানাবিধ অনুলেপন দ্বারা পূজা করিয়া আর্দ্রক, নৈবেদ্য ও শর্করামিশ্রিত কচি আম্র ভক্তিপূর্ব্বক শ্রীকৃষ্ণকে নিবেদন করিবে। বৈশাখ মাসে তুলসীমিশ্রিত নির্ম্মল শীতল জল দ্বারা গোবিন্দকে স্নান করাইবে এবং মুগের দালের নৈবেদ্য, কর্পূরবাসিত শীতল জল ও তাম্বুল দিবে, কিন্তু সঘৃত অন্ন দিবে না। জ্যৈষ্ঠ মাসে পক্ব আম্র, শর্করা, দুগ্ধ, তাম্বুল, দিব্যছত্র, পাদুকা, সূক্ষ্মবস্ত্র-বিরচিত শয্যা ও সুচারু চামর বিষ্ণুকে নিবেদন করিলে মনুষ্য অতিদুর্লভ মুক্তি পর্য্যন্ত লাভ করিতে পারে। আষাঢ় মাসে পদ্মপুষ্প ও তুলসীদল দ্বারা ভক্তিপূর্ব্বক পূজা করিয়া দধি, নৈবেদ্য, দুগ্ধ ও ঘৃতমিশ্রিত পনসফল ভক্তবৎসল সনাতন বিষ্ণুকে নিবেদন করিবে এবং ব্রাহ্মণ-ভোজনোত্তর নৃত্যগীতাদি কৌতুকসহকারে অষ্টাহ যাবৎ শ্রীকৃষ্ণের রথোৎসব করিবে। শ্রাবণ মাসে অতি সূক্ষ্ম বস্ত্র ও লাজ (খই) দিবে। ভাদ্র মাসে ঘৃতযুক্ত তালফল দিবে। আশ্বিনমাসে সঘৃত শূরণান্ন (ওলভাত) বিষ্ণুকে অর্পণ করিবে এবং পরমান্ন, নানা মিষ্ট নৈবেদ্য, নারিকেলফল, নির্ম্মল পাষাণ পাত্রে করিয়া শালিধান্যের শীতল অন্ন, জম্বীর-রস-সুবাসিত শাক ও লবঙ্গাদি দ্বারা সুরসীকৃত তাম্বুল প্রদান করিবে, আর মনোজ্ঞ নীলপদ্মে পূজা করিবে। পরমাত্মা বিষ্ণুকে কখনই খদির নিবেদন করিবে না। ব্রাহ্মণও খদিরের নির্য্যাস ভক্ষণ করিবে না। কার্ত্তিক-মাসে সঘৃত শূরণান্ন, মরীচ-শর্করাযুক্ত ঘনক্ষীর ও বিচিত্র-সূত্রনির্ম্মিত চন্দ্রাতপ শ্রীকৃষ্ণকে প্রদান করিবে। এইরূপে কালোচিত দ্রব্য, ভক্ষ্য ও ভূষণ দ্বারা ভগবান্ অচ্যুতের অর্চ্চনা করিলে মানব সকল কামনা লাভ করে। ভগবান্ বিষ্ণুর তুলসীপত্রই সর্ব্বদা প্রিয় ও নির্ম্মলচিত্তে বিষ্ণুর নাম কীর্ত্তন করিবে। হে বিপ্রেন্দ্র! গঙ্গা, গীতা ও গায়ত্রী এই তিনটী হরির পরমপ্রিয় ও গুরুর মন্ত্রকালে প্রাপ্ত হইলে উত্তম। শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবা, অর্চ্চনা, বন্দনা, দাস্য, সখ্য ও আত্মসমর্পণ; এই নবলক্ষণ, ভক্তি দ্বারা নিজ ইষ্টদেবের অর্চ্চনা করিবে। হে দ্বিজোত্তম! সংক্ষেপে তোমার এই বিষ্ণুপূজা

বলিলাম; অতঃপর দুর্গাপূজা বলিতেছি, একাগ্রচিত্তে শ্রবণ কর। অগ্নিহোত্র ও সদক্ষিণ যজ্ঞ এই দুর্গাপূজার কোটি অংশের একাংশেরও তুল্য নহে। যে ব্যক্তি জগদম্বিকা দুর্গাকে পূজা বা প্রণাম করে, সে যোগী, মুনি ও বুদ্ধিমানের শ্রেষ্ঠ বলিয়া উক্ত হয়। হে বিপ্র! যে ব্যক্তি আশ্বিন মাসের শুক্লনবমীতে ত্রিশূলিনীর অর্চনা করে, সে অশ্বমেধাদিজনিত পুণ্য প্রাপ্ত হয়। তাহার পাপরাশি সুমেরু পর্ব্বত তুল্য হইলেও অগ্নিশিখায় পতঙ্গের ন্যায় দুর্গাপূজায় সমস্ত বিনষ্ট হইয়া যায়। হে বিপ্র! যে জন নিত্য দুর্গার্চ্চনায় রত, সে জলে পদ্মপত্রের ন্যায় মহাপাতকদোষে লিপ্ত হয় না। যে মন্দমতি বার্ষিক দুর্গাপূজা না করিয়া অন্য সমস্ত দেবতার পূজা করে, তাহার তত্তৎপূজা তৎক্ষণাৎ বিফল হয়। হে দ্বিজোত্তম! তোমায় এই দুর্গাপূজা সংক্ষেপতঃ বলিলাম; এক্ষণে নাগপূজা বলিতেছি, একমনে শ্রবণ কর। শ্রাবণ মাসে শুক্লপক্ষের পঞ্চমীতে যে জন নাগগণের পূজা করে, তাহার নাগভয় থাকে না। সেই দিনে মানব দধি, দুগ্ধ, কুশ, জল, নানা পুষ্পোপহার ও ব্রাহ্মণ-ভোজনসহকারে নাগপূজা করিবে। ভাদ্র মাসের পঞ্চমী তিথিতে ঘৃত, পায়স ও গুগ্গুল দ্বারা পূজা করিবে। ইহাকে নাগপঞ্চমী কহে। হে দ্বিজোত্তম! সংক্ষেপতঃ এই নাগপূজা কথিত হইল, অতঃপর আমায় কি বলিতে হইবে? বল। জাবালি কহিলেন, হে প্রভো! সূর্য্যাদি গ্রহ কোন্ কর্ম্ম করিলে সন্তুষ্ট হন ও তাঁহাদিগের মধ্যে কে কোথায় থাকেন? এই সমস্ত বলুন। ব্যাস বলিলেন, হে দ্বিজোত্তম! গ্রহগণ পৃথিবী হইতে ষোড়শ সহস্র যোজন উপরে স্থির বায়ুতে অবস্থিত আছেন। এই বায়ু স্থির হইয়া সকল দেবতাকে ধারণ করিতেছে। তথায় জলদজাল অধিষ্ঠিত হইয়া, সর্ব্বত্র বারি বর্ষণ করিয়া থাকে। তথা হইতে সহস্রযোজন ঊর্দ্ধে অবস্থিত রাহু, চন্দ্র এবং সূর্য্যকে গ্রাস করিতে ধাবিত হন। নবম গ্রহ কেতু সেইরূপ স্থানে বিচরণ করেন, সূর্য্য তথা বিলক্ষযোজন উপরে বিরাজমান। সূর্য্যের লক্ষ যোজন উপরিভাগে চন্দ্র অবস্থিত। চন্দ্রের লক্ষ যোজন উপরিভাগে তারকামণ্ডল প্রকাশ পাইয়া থাকেন। তাহা হইতে এক লক্ষ যোজন উপরিভাগে শুক্রাচার্য্য বিরাজমান। তথা হইতে দুইলক্ষ যোজন উপরিভাগে মঙ্গল গ্রহ প্রকাশ পাইয়া থাকেন। মঙ্গল গ্রহের দুই লক্ষ যোজন উপরে সোমনন্দন বুধ অবস্থিতি করেন। বুধের দুই লক্ষ যোজন উপরে দেবাচার্য্য বৃহস্পতি অবস্থিত। বৃহস্পতির দুই লক্ষ যোজন উপরে শনি প্রকাশ পাইয়া থাকেন। হে ব্রহ্মন্! এই সকল গ্রহ শুভাশুভফলপ্রদ। এই সকল গ্রহ যাহার প্রতি প্রসন্ন, তাহার কদাচ বিপদ্ হয় না। গণক গ্রহবিপ্রগণ গ্রহদিগের পূজা করিলে তাঁহাদের প্রীতি হইয়া থাকে এবং ইঁহারা যে স্তব দ্বারা পরিতুষ্ট হন, সেই স্তব শ্রবণ কর।

দশম অধ্যায় সমাপ্ত ॥ ১০ ॥

একাদশ অধ্যায়।

ব্যাস কহিলেন, হে দ্বিজশ্রেষ্ঠ! মহাফলজনক সূর্য্যস্তব শ্রবণ কর, ইহা শ্রবণ এবং পাঠ করিলে সর্ব্বপাপ হইতে বিমুক্ত হওয়া যায়। যথা—ওঁকাররূপ, ভগবান্, ভাস্কর, বিকর্ত্তন, সূর্য্য, হরি, কাশ্যপেয়, ভানু, দিনকর, প্রভু, লোকপ্রকাশক, সাক্ষী, শ্রীমান্, লোকদিগীশ্বর, গভস্তিমালী, সপ্তাশ্ব, ত্রিগুণ, কমলাসন, গ্রহেশ্বর, গুণাধার, ব্রহ্মবিষ্ণুশিবস্বরূপী, জ্যোতিষ্মান্, জ্যোতিষাংনাথ, ব্রহ্মা, ব্রাহ্মণ দৈবত, ত্রৈগুণ্যনায়ক, দিব্য, লোকবন্ধু, তমাপহ, তিমিরারি, রশ্মিমালী, সহস্রকিরণ, করী, সুর, কবীন্দ্র, মৈত্রেয়, কেবলাত্মা, অর্য্যমা, অমল, পদ্মপ্রকাশক, ধাতা, বিষ্ণু, উষ্ণাংশু, বেদাত্মা, বেদবেদ্য, যমকর্ত্তা, অশ্বিনীপতি, নাসত্যদস্রজনক (১), জ্ঞান-জ্যোতি, সনাতন, পূষা, বিবস্বান্, আদিত্য, দ্বাদশাত্মা, দিবাকর, অহস্কর, প্রভারাশি, রোগহা, রোগ-চিকিৎসক, মহৌষধি, স্মৃতি, পুণ্য, পরমার্থ, স্মৃতার্ত্তিহা (২), ঋষিস্তুত্য, জপ-প্রীত, গায়ত্রীজনক, অব্যয়, গায়ত্রীজপ-সুপ্রীত, ত্রিসন্ধ্যা-জপ-সুপ্রিয়, শিবপূজক-সুপ্রীত, বিষ্ণু-পূজক-সুপ্রিয়, গঙ্গাস্নান-প্রিয়-প্রীত (৩), দুর্গাপূজা-সুহৃৎ, বর, পিতৃমাতৃ-ভক্তি-ভক্ত, ধর্ম্ম, ধর্ম্মাত্ম-দত্ত-কৃৎ (৪), রক্তবর্ণ, শ্যামবর্ণ, ধবল, কালভেদকর্ত্তা, স্বয়ম্ভু, অরুণদেব, অগ্নি, প্রদাহী, অরুণসারথি, পিতা, পিতামহ, দেব, দক্ষিণাশাপতি, সুরুক্ (৫), আকাশরত্ন, তরণি, চিত্রভানু, বিরোচন, মার্ত্তণ্ড, বারিকর্ত্তা, সম্পদ্দাতা, কৃপাময়, প্রাত-মধ্যাহ্ন সায়াহ্ন সন্ধ্যা-বন্দনকৃৎপ্রিয় (৬), প্রাতর্ব্রাহ্মণ-হস্তাব্জ-জলাঞ্জলিসুখী (৭), তপন, তাপন, বিশ্ব, তীর্থোদয়, উদারধী এবং ভূ-রসগ্রাহক; এই অষ্টোত্তর শত সূর্য্যনাম অতি উত্তম; ইহা সর্ব্বজ্বরের প্রশমনকারক, সর্ব্বব্যাধির মহৌষধ। ইহা পবিত্র, পুণ্যপ্রদ এবং পুণ্য; যে ব্যক্তি সুসমাহিত হইয়া ইহা পাঠ করে, তাহার মনোমত অভীষ্টসিদ্ধি হয়। অমঙ্গলসূচক উৎপাত আরম্ভ হইলে, সযত্নপূর্ব্বক এই শুভ স্তব পাঠ করিবে; তাহা হইলে

---

(১) নাসত্য-দস্র—অশ্বিনীকুমারদ্বয়।

(২) যিনি স্মৃত হইবামাত্র পীড়া হরণ করেন।

(৩) গঙ্গাস্নান-প্রিয়-প্রীত—গঙ্গাস্নান যাহাদিগের প্রিয়, তাহাদিগের প্রতি প্রীতিযুক্ত।

(৪) ধর্ম্মাত্মার প্রদত্ত বস্তু যিনি গ্রহণ করেন।

(৫) উত্তম শোভাসম্পন্ন।

(৬) যে ব্যক্তি প্রাতঃকালে, মধ্যাহ্নকালে ও সায়ংকালে সন্ধ্যাবন্দনা করে, তাহার প্রিয় অথবা তাহার প্রতি প্রীতিযুক্ত।

(৭) প্রাতঃকালে ব্রাহ্মণের করকমলপ্রদত্ত জলাঞ্জলিলাভে সুখী।

তাহার ঐ অশুভ দূর হইবেই, এ বিষয়ে সন্দেহ নাই। সূর্য্যের প্রিয়তর এই পবিত্র স্তব সূর্য্যপূজা করিয়া যে ব্যক্তি পাঠ করেন, সূর্য্যমণ্ডল ভেদ করিয়া তিনি ব্রহ্মপ্রাপ্ত হইবেন, তাঁহার পুনরাবৃত্তি হইবে না। অনন্তর চন্দ্রের স্তব বলিতেছি, হৃষ্টচিত্তে তাহা শ্রবণ কর। চন্দ্র, অমৃতময়, শ্বেত, বিধু, বিমলরূপবান্, বিশাল-মণ্ডল, শ্রীমান্, পীযূষ-কিরণ, করী, দ্বিজরাজ, শশধর, শশী, শিব শিরো-গৃহ (১), ক্ষীরাব্ধি-তনয়, দিব্য, মহাত্মা, অমৃতবর্ষণ, রাত্রিনাথ, ধ্বান্তহর্ত্তা, নির্ম্মল, লোকলোচন, ক্ষুধাহা, মাদ-জনক, তারাপতি, অখণ্ডিত, ষোড়শাত্মা, কলানাথ, মদন, কামবল্লভ, হংসস্বামী, ক্ষীণ-বৃদ্ধ, গৌর, সতত-সুন্দর, মনোহর, দেবভোগ্য, ব্রহ্ম-কর্ম্মবিবর্দ্ধন, বেদ-প্রিয়, বেদকর্ম্মকর্ত্তা, হর্ত্তা, হর, হরি, উর্দ্ধবাসী, নিশানাথ, শৃঙ্গারভাবকর্ষণ, মুক্তিদ্বার, শিবাত্মা, তিথিকর্ত্তা, কলানিধি, ওষধীপতি, অব্জ, সোম, জৈবাতৃক, শুচি, মৃগাঙ্ক, গ্লৌ, পুণ্যনামা, চিত্রকর্ম্মা, সুরার্চ্চিত, রোহিণীশ, বুধপিতা, আত্রেয়, পুণ্যকীর্ত্তন, নিরাময়, মন্ত্ররূপ, সত্য, রাজা, ধনপ্রদ, সৌন্দর্য্যদায়ক, দাতা, রাহুগ্রাস-পরাঙ্মুখ (২), শরণ্য, পার্ব্বতী-ভাল-ভূষণ, ভগবান্, পুণ্যারণ্যপ্রিয়, পূর্ণ, পূর্ণ-মণ্ডল-মণ্ডিত, হাস্যরূপ, হাস্যকর্ত্তা, শুদ্ধ, শুদ্ধস্বরূপ, শরৎকাল-পরিপ্রীত, শারদ, কুসুম-প্রিয়, দ্যুমণি দক্ষজামাতা, সন্ধ্যারি, শাপমোচন, ইন্দু, কলঙ্কনাশী, সূর্য্যসঙ্গম-পণ্ডিত, সূর্য্যোদ্ভূত, সূর্য্যগত, সূর্য্য-প্রিয়পর (৩), পর, স্নিগ্ধরূপ, প্রসন্ন, মুক্তা-কর্পূর-সুন্দর, জগদাহ্লাদ-সন্দর্শ (৪), জ্যোতিঃশাস্ত্র-প্রমাণক, সূর্য্যভাব (সূর্য্য-তাপ), দুঃখহর্ত্তা, বনস্পতিগত, কৃতী, যজ্ঞরূপ, যজ্ঞভাগী, বৈদ্য, বিদ্যাবিশারদ, রশ্মিকোটিদীপ্তকারী (৫) এবং সৌরভানু; হে দ্বিজ! চন্দ্রের এই অষ্টোত্তর শত নাম পাপবিনাশক। যে ব্যক্তি চন্দ্রোদয়-সময়ে এই নামাবলী পাঠ করিবে, সে সৌন্দর্য্যসম্পন্ন হইবে। বিশেষতঃ পূর্ণিমা তিথিতে এই দিব্যস্তব পাঠ করিবে। হে দ্বিজোত্তম! ত্রিসন্ধ্যা এই স্তব পাঠ করিলে ইহার প্রসাদে ব্রাহ্মণাদি বর্ণ সদা প্রসন্ন থাকিবে। এই অমৃতস্বরূপ স্তব শ্রাদ্ধকালেও পড়িবে। চন্দ্রের প্রসাদে সেই শ্রাদ্ধ অনন্তফলজনক হইবে। এই পবিত্র স্তব, দুঃখনাশক এবং দাহজ্বর-নিসূদন। ব্রাহ্মণাদি এই স্তব পাঠ করিলে, স্ত্রীশূদ্রেরা শ্রবণ করিবে, ব্রাহ্মণেরাও শ্রবণ করিতে পারে; ফল সকলেরই সমান হইবে। অন্য গ্রহদিগের নাম-স্তোত্রও আমার নিকট শ্রবণ কর। সর্ব্বমঙ্গলদায়ক মঙ্গলস্তব বলিতেছি। মঙ্গল, ভূমিপুত্র,

---

(১) শিবের মস্তক যাঁহার গৃহ অর্থাৎ বাসস্থল।

(২) রাহুগ্রাসভীত।

(৩) সূর্য্যপ্রিয়ের প্রতি অনুরক্ত।

(৪) যাঁহাকে দর্শন করিলে জগৎ আহ্লাদিত হয়।

(৫) কোটি রশ্মি দ্বারা দীপ্তিকারী।

রক্তাঙ্গ, অরুণ-লোচন, অঙ্গারক, দীপ্তঘোর, শস্ত্রপাণি, ধনাপহা, মেষরাশিপতি, রক্ত, রক্তাম্বরধর, বৃশ্চিক-রাশিপতি, দেব, যাত্রামঙ্গলবৃত্তিদ (১), মধুরশোষক, বহ্নিনেত্র, প্রতাপবান্, ধনদ, শীতবদন, প্রসন্নাত্মা এবং প্রমোদদাতা ; মঙ্গলের এই একবিংশতি নাম যে ব্যক্তি পাঠ করিবে, সে ঋণবর্জ্জিত, ধার্ম্মিক এবং ধনী হইবে। মঙ্গলবারে মঙ্গল-গ্রহকে রক্তপুষ্প দ্বারা পূজা করিয়া এই স্তব পাঠ করিলে, ঋণহীন এবং ধনী হইবে। অনন্তর বুদ্ধিবৃদ্ধিকর, বুধস্তব কীর্ত্তন করিতেছি। বুধ, অ-গৌর-তনু, সৌম্য, মানবীশ (ইলাপতি), শুভানন, শুভগ্রহ, পুণ্যকীর্ত্তি, তারেয়, জ্ঞ, ইলাপতি, পুরুরবঃপিতা, ধীর, কুমার, রাজবল্লভ, রাজপুত্র, রাজ্যদাতা, ব্রহ্মরাজ, উধর্ব্বুধ, মিথুনরাশি-পতি, কন্যারাশি-পতি এবং নবগ্রহপ্রিয় ; বুধের এই একবিংশতি নামস্তোত্র যে ব্যক্তি পাঠ করিবে, সে যাত্রায় সুখলাভ করিবে। গ্রহগণ তাহার প্রতি প্রসন্ন হন, সে ব্যক্তি পুত্রবান্ এবং ধনবান্ হইয়া থাকে। পাণ্ডিত্য এবং ধর্ম্মজ্ঞান, তাহার সম্পূর্ণরূপে হয়। জাবালে! এক্ষণে বৃহস্পতির স্তব বলিতেছি, শ্রবণ কর ;—দেবাচার্য্য, গুরু, দেব, কমনীয়, সুরেশ্বর, বাচস্পতি, পণ্ডিত, সর্ব্বশাস্ত্রকর, সুর, বিধা, গীষ্পতি, ব্রহ্মা, ব্রাহ্মণ, বৃহস্পতি, শ্রীমান্, আঙ্গিরস, তারাবল্লভ, জীবনপ্রদ, জ্যেষ্ঠ, জ্যেষ্ঠগ্রহ, বিজ্ঞ, ধনুর্মীনাধিপতি (২), শুভগ্রহ, যজ্ঞকর্ত্তা, কৃতী ও চিত্রশিখণ্ডিজ ; এই সাতাইশটী বৃহস্পতির নাম। এই নামমালা পাঠ করিলে বুদ্ধিবৃদ্ধি হয়, বৃহস্পতির প্রসাদে ব্রাহ্মণের বেদজ্ঞান জন্মে। অপরাপর বর্ণের যথাযোগ্য ফল লাভ হয় এবং যাত্রাশুভ হয়। হে দ্বিজশ্রেষ্ঠ! শিবের অবতারস্বরূপ দৈত্যগুরু শুক্রাচার্য্যের নাম কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। শুক্র, দৈত্যগুরু, কবি, কাব্য, ভার্গব, সিত, শুক্ল, শুচি, শঙ্করপ্রভু, উশনা, উগ্রমৌজাঃ, উদগ্নী, উজ্জ্বলৎপ্রভু, উর্জ্জস্বী, বৃষরাশীশ, তুলারাশ্যধিপ, মৃতসঞ্জীবকজ্ঞাতা, বিদ্যাবিনয়-পাণ্ডিত, সদ্‌গ্রহ, সাধুশীল ও যযাতিশ্বশুর ; "এই একবিংশতি শুক্রের নাম, হে জাবালে! পঠন, পাঠন, শ্রবণ ও শ্রাবণ কর। যে জন শুক্রবারে শ্বেতপুষ্প দ্বারা পূজাপূর্ব্বক শুক্রাচার্য্যের এই স্তব পাঠ করে, তাহার প্রতি শুক্রাচার্য্য প্রসন্ন হন। ইহার শতাবৃত্তি পাঠ করিলে নিঃসংশয় কবি হইয়া থাকে। যে ব্যক্তি সমাহিত হইয়া ভক্তিভাবে প্রত্যহ এই স্তব পাঠ করে, তাহার ধর্ম্মে শুভমতি হইয়া থাকে ; ইহাতে সংশয় নাই। শুক্রাচার্য্যের এই স্তব কথিত হইল, অতঃপর সূর্য্যপুত্র শনির স্তব বলি, শ্রবণ কর। ইহাতে শনিগ্রহ তুষ্ট হইয়া শুভবর প্রদান করিয়া থাকেন। সূর্য্যপুত্র, শনি, শ্যাম, মন্দ, অমন্দ, শনৈশ্চর, ছায়াগর্ভোদ্ভব, বীর, দীর্ঘবক্ত্র, প্রমাদবান্, একাক্ষ, সর্ব্বসঞ্চারী,

(১) যাত্রায় যিনি মঙ্গল প্রদান করেন।

(২) মীন রাশির অধিপতি।

দীর্ঘবাসী ও শুভাকর; এই কয়েকটী শনির নাম, যে মানব প্রয়ত হইয়া পাঠ করে, শনি তাহার অষ্টমস্থ হইলেও একাদশস্থের ন্যায় হন অর্থাৎ অশুভ হইলেও শুভ বিধান করেন। যে ব্যক্তি শনিবারে সূর্য্যপুত্র শনির পূজা করে, তাহার গ্রহদোষশান্তি ও সর্ব্বাভীষ্টসিদ্ধি হয়। প্রতিদিন প্রাতঃকালে উঠিয়া শনিস্তব পাঠ করিলে গ্রহ সমস্ত শুভদায়ক হইয়া থাকেন। হে ব্রহ্মন্! অশেষফলদায়ক এই শনিস্তোত্র তোমাকে বলিলাম, এক্ষণে রাহুর প্রীতিকর রাহুনাম বর্ণন করিতেছি, শুন। পীযূষপায়ী, মস্তাখ্য, রাহু, ভিন্নমস্তি, তম, উপবাসগ্রহ, পুণ্যচরিত্র ও পুষ্পবন্তম; রাহুর পরম প্রীতিকর এই নামাষ্টক যে ব্যক্তি পাঠ বা শ্রবণ করে, তাহার রাহুদোষ থাকে না। হে জাবালে! অতঃপর কেতুগ্রহের নাম বলি, ভক্তিপূর্ব্বক শ্রবণ কর। সৈংহিকেয়, ধূম্রনামা, দীর্ঘাঙ্গ, বহুরূপবান্, স্কন্ধরূপতনু, কেতু, মহাভীমগ্রহ, শেষগ্রহ ও নবমগ্রহ; কেতুর এই নাম, হে দ্বিজোত্তম! তোমার নিকট কথিত হইল। ইহা পাঠ করিলে, কেতুর প্রীতি ও পুত্রসম্পত্তি লাভ হয়। নবগ্রহের এই সমস্ত স্তব পুণ্যজনক ও পাপনাশক; অতএব যত্নপূর্ব্বক পাঠ ও শ্রবণ করা বিধেয়। হে দ্বিজ! যে ব্যক্তি প্রাতঃকালে উঠিয়া এই নবগ্রহের স্তবাধ্যায় পাঠ করে, তাহার উপর সমস্ত গ্রহ প্রসন্ন হন এবং ধন, ধান্য, ধরা, ধর্ম্ম, কীর্ত্তি, আয়ু, যশ, শ্রী, পুত্র, পৌত্র, শুভভার্য্যা, গোবিন্দে পরমভক্তি ও অন্তকালে গঙ্গায় মৃত্যুপ্রদান করিয়া থাকেন। এই নবগ্রহের মহাস্তব-পাঠে দুঃস্বপ্ন দূর হয়। নর জাতিশ্রেষ্ঠ হইতে পারে ও পিতৃপুরুষের প্রীতি জন্মায়। সর্ব্বগ্রহের অধীশ্বর সূর্য্য; দ্বাদশ মাসে দ্বাদশস্বরূপ হইয়া উদিত হন। সূর্য্য উদিত হইলে, সকল গ্রহের উদয় হয় ও তাহাদিগের বারপ্রবৃত্তি হইয়া থাকে। দ্বাদশ মাসে দ্বাদশটী সূর্য্য; এই নিমিত্ত দ্বাদশ মাসে এক সংবৎসর হয়, কথিত আছে। কখন কখন ত্রয়োদশ মাসে বৎসর হইয়া থাকে, তখন মলিম্লুচমাসে একটী অধিক চান্দ্রমাস হয়। শুক্ল প্রতিপদ্ আরম্ভ করিয়া অমাবস্যা পর্য্যন্ত যে চান্দ্রমাস, উহা রবি-সংক্রান্তি-শূন্য হইলে, মলিম্লুচ বা মলমাস কহে। রবি উক্ত চান্দ্রমাসকে লঙ্ঘন করায়, মলিম্লুচ নাম ধারণ করে। এই মাসে বিহিত কর্ম্ম দ্বিতীয় মাসে করিবে। যে কালে মাসের আদিতে ইন্দ্রাগ্নি-দেবতাক, মধ্যে অগ্নীষোম-দেবতাক ও অন্তে পিতৃসোম-দেবতাক আহুতি প্রদত্ত হয়, সেই কাল অতিক্রম করিয়া কখন সূর্য্য গমন করিলে তাহাকে মলিম্লুচ কহে; এই মলিম্লুচ নিখিল-কর্ম্মের অযোগ্য। হে বিপ্র জাবালে! তোমার নিকট এইরূপে গ্রহ-নক্ষত্রাদি বিষয়ে বর্ণন করিলাম। এক্ষণে আর কি শ্রবণ করিতে ইচ্ছা কর, বল?

একাদশ অধ্যায় সমাপ্ত॥ ১১॥

দ্বাদশ অধ্যায়।

জাবালি বলিলেন, হে ব্রহ্মন্! আপনার মুখে নবগ্রহের মহাত্ম্য শ্রবণ করিলাম; অধুনা হে প্রভো! পুণ্যজনক যুগধর্ম্ম কীর্ত্তন করুন। বেদব্যাস কহিলেন, কৃত, ত্রেতা, দ্বাপর ও কলি এই চারি যুগ; উহাদিগের পরিমাণ ক্রমান্বয়ে চারি, তিন, দুই ও এক সহস্র দিব্যবর্ষ এবং সন্ধি ও সন্ধ্যাংশ তাবৎ শত-পরিমিত; এইরূপে দ্বাদশ সহস্র দিব্যবর্ষে চারি যুগ হইল। হে দ্বিজোত্তম! মানুষ-পরিমাণে ষট্‌ত্রিংশৎ সহস্র বৎসরে দিব্যশত বর্ষ হয়। ইহাতেই অঙ্কবিদ্যা-বিশারদ পণ্ডিতেরা বুঝিয়া লইবেন, চারি যুগের কত পরিমাণ হইবে। তন্মধ্যে কৃতযুগই আদিযুগ; উহাকে সত্যযুগ কহে। এই সত্যযুগে বৃষরূপী চতুষ্পাৎ সম্পূর্ণ ধর্ম্ম; অতএব বর্ণাশ্রম-ধর্ম্ম অখণ্ডরূপে বিরাজমান। তৎকালে সমস্তই অনুষ্ঠিত, সুতরাং অনুষ্ঠীয়মান কিছুই ছিল না। তৎকালে শোক, মোহ, জরা, ব্যাধি, সন্তাপ, উদ্বেগ, হিংসা, কলহ, দ্বেষ, দুর্ভিক্ষ, দুঃখ, ক্রয়, বিক্রয় ও পীড়ন কথনই ছিল না। অধ্যয়ন, যাগ ও দান প্রভৃতি সৎকার্য্য সম্পূর্ণ ছিল। সকল লোকই বলী-পলিতহীন দীর্ঘজীবী ছিল। শুক্লাম্বরধারী ব্রহ্মচারী শুক্লবর্ণ চতুর্ভুজ হংসনামক ভগবান্ নারায়ণ তৎকালে ধ্যানগম্য ছিলেন। ধ্যানই মুক্তির সাধন পরমধর্ম্ম ছিল। এই গেল, সত্যযুগের ধর্ম্ম; ত্রেতাযুগের ধর্ম্ম শ্রবণ কর। হে ব্রহ্মন্! ত্রেতাযুগে ধর্ম্মের একপাদ হ্রাস হয়। নরগণ স্বধর্ম্মস্থ, ধর্ম্মপরায়ণ, তপোদানরত, রজোগুণান্বিত ও ক্রিয়াবান্ হইয়া থাকে। যজ্ঞ অশ্বমেধাদি, তন্মধ্যে রাজসূয় যজ্ঞ সর্ব্বোৎকৃষ্ট; অগ্নিষ্টোম, বাজপেয় ও অতিরাত্রাদি মখ এবং সকল তৎকালে প্রবর্ত্তিত হইয়াছিল। এই যুগে ভগবান্ যুগানুরূপ রক্তবর্ণাকৃতি হইয়া অবতীর্ণ হইয়াছিলেন; তাঁহার নাম উপেন্দ্র, বামন হইয়াছিল। তৎপরে দ্বাপরযুগের প্রবৃত্তি। ইহাতে ধর্ম্ম দ্বিপাদহীন; ভগবান্ বিষ্ণু শ্যামল ও পীতবর্ণ হইয়া অবতীর্ণ হওয়াতে নানাবর্ণ ধারণ করিয়াছিলেন; চতুর্ব্যূহ অবতারে শ্যামবর্ণ দুই ও পীতবর্ণ দুই এই চারি অবতার হইয়াছিলেন। হিংসা, দ্বেষ, মাৎসর্য্য, কলহ, পৈশুন্য, মিথ্যা, মোহ, শোক, রোষ, পাপ, ব্যাধি, আধি, জরা, লোভ, ঈর্ষ্যা, ধর্ম্মবিষয়ে আলস্য, চাতুর্য্য ও জাতিসঙ্কর; এই সমুদয়ের প্রবৃত্তি দ্বাপর যুগে হইয়াছিল। এই যুগ তামসযুগ; ভগবান হরি সেই জন্য শ্যামবর্ণ হইয়াছেন। তিনি পীতাম্বরধর; সুতরাং পীত নামে কথিত। ইহাঁর অগ্রজ শুক্লবর্ণ। ইনি ধর্ম্মের আদর্শ অর্দ্ধলক্ষণ। শঙ্খ-চক্র-গদা-পদ্ম-কিরীট-কুণ্ডলধারী বনমালা-বিভূষিত চতুর্ভুজ ভগবান্ হরি সুনন্দ নন্দ প্রভৃতি পারিষদবর্গে বেষ্টিত; দ্বাপর যুগে ইনিই যুগাবতার। জাবালি বলিলেন, হে প্রভো! হিংসা-দ্বেষাদি ও জরা-মৃত্যু প্রভৃতি অধর্ম্ম কোথা হইতে কিরূপেই বা জন্মায়? ধর্ম্মেরই বা হ্রাস কেন হয়? অনুগ্রহ করিয়া বলুন। ব্যাস কহিলেন, হে ব্রহ্মন্! পূর্ব্বকালে জগন্নাশে উদ্যত

ঈর্ষ্যাযার্ অতিহিংসক ভীষণাকৃতি একাদশ রুদ্র ক্রোধ হইতে জন্মগ্রহণ করিয়াছিল। অনন্তর প্রজাপতি, তৎকালের অনুচিত হিংসাদি অবলোকন করিয়া, তৎসংবরণক্ষম দক্ষকে তদ্বিষয়ে আদেশ করিলেন। কুমতি দক্ষ, পাপসঙ্গপ্রসঙ্গে, তাহাদিগের অধিকৃত হইলেন। অনন্তর ভগবান্ শম্ভু স্বয়ং আসিয়া তৎক্ষণাৎ ক্রোধ, হিংসা, জরা প্রভৃতিকে প্রশমিত করিলেন। হে দ্বিজ! তদবধি হিংসা, ক্রোধ এবং জরা প্রভৃতি, শিবভয়ে ভীত হইয়া নিপ্রভ হইয়া রহিল। হে বিপ্র! তৎপরে রজোগুণ অভিভূত এবং তমোগুণ উদ্রিক্ত হইলে, দ্বাপর যুগে হংসাদি প্রকাশিত হয়। সেই সকল মহাভীমতর হিংসাদিগণ, শিবের প্রতি ধাবিত হইল। তখন তাহাদিগকে দর্শন করিয়া ভগবান্, সভয়ে নিজ রক্ষার জন্ত উদ্যত হইয়া শূল ধারণ করিলেন। শিবকে শূলহস্ত দেখিয়া হিংসাদিও ভীত হইল। হে দ্বিজোত্তম! তাহারা তখন শিবেরই শরণাপন্ন হইয়া এই কথা বলিতে লাগিল, হে ভূত ও ভবিষ্যৎ কালের অধীশ্বর! ভগবন্! ত্রিগুণেশ! ত্রিলোচন! আমরা সকলে ব্রহ্মার পুত্র, আপনার ভয়ে ভীত হইয়া রহিয়াছি। পূর্ব্বে আমরা একেবারেই স্থান প্রাপ্ত হই নাই। এক্ষণে স্থান লাভ যেন হইতেছে। আমাদিগের স্থান ও কর্ম্ম যথাযথ কল্পনা করিয়া দিন। আপনি এরূপ যদি না করেন তো, আপনাকেই ভোজন করিয়া ফেলিব। ব্যাস বলিলেন, বিকৃত-বদন-সম্পন্ন হিংসা প্রভৃতির এই কথা শুনিয়া পরমপুরুষ শিব বলিলেন, তোমাদিগের ন্যায্য প্রার্থনা আমি মনোযোগের সহিত শুনিলাম, তোমরা ব্রহ্মার নিকট যাও, তিনি তোমাদিগের বৃত্তি-বিধান করিয়া দিবেন। ভগবান্ চতুর্ম্মুখ দেবশ্রেষ্ঠ ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা, তোমরাও তাঁহার সৃষ্ট, তিনিই তোমাদিগের বৃত্তি-বিধান করিবেন। ব্যাস বলিলেন, সুখস্বরূপ শম্ভু এই কথা বলিলে, শম্ভুকে পরিত্যাগ করিয়া তাহারা সকলেই চতুর্ম্মুখ ব্রহ্মার নিকট গমন করিল। হে দ্বিজ পুঙ্গব! হিংসা প্রভৃতি ব্রহ্মাকে প্রণাম করিলে, সর্ব্বলোক-পিতামহ ব্রহ্মা, তাহাদিগকে দেখিয়া বলিলেন, তোমরা কে? কি জন্ম আসিয়াছ? তোমাদিগের সকলেরই ভয়ানক নির্ঘোষ। তোমরা কাহার পুত্র? কোথায় তোমাদিগের গৃহ? শীঘ্র তাহা বল। হিংসা প্রভৃতি বলিল, হে মহাত্মন্! আমরা আপনারই পুত্র, আমাদের নাম হিংসা ইত্যাদি। আমরা গুণপ্রাবল্যে, রুদ্রভয়ে ভীত ও স্থানশূন্য হইয়াছিলাম। এক্ষণে ধর্ম্মের হ্রাস হইতেছে, আমরাও স্থান প্রাপ্ত হইতেছি; এক্ষণে সবিশেষরূপ স্থান ও কর্ম্ম প্রার্থী হইয়া শিবের আদেশানুসারে আপনার নিকটে আসিয়াছি। হে ঈশ্বর! এক্ষণে আমাদিগের স্থান এবং কর্ম্ম কল্পনা করুন। ব্রহ্মা বলিলেন, কামনামে আপনার যে পুত্র আছে, তাহার আদেশানুসারে সে ব্রতাবলম্বন করিয়াছে, তোমরা সকলে তাহার সহায় হইয়া কার্য্যানুষ্ঠান কর। কাম হইতে শরীরের উৎপত্তি, অধর্ম্ম হইতে ক্রোধের উৎপত্তি, ক্রোধ হইতে সংমোহ, সংমোহ হইতে আশার উৎপত্তি, আশা হইতে ব্যামোহ, ব্যামোহ হইতে লোভ, লোভ হইতে চিন্তা এবং চিন্তা হইতে জরার উৎপত্তি। জরা হইতে ব্যাধি ও ব্যাধি হইতে মরণ

হয়। জীব মৃত্যুপ্রাপ্ত হইয়া পুনরায় এরূপ দেহান্তর লাভ করে; কামাদি এরূপ চক্রের ন্যায় পরিবর্ত্তনশীল। যাহাদের ধর্ম্মেমতি আছে, তোমরা তাহাদিগকে অবলোকন করিয়া নিবৃত্ত হইবে। ধর্ম্মিষ্ঠ ব্যক্তিগণ মৃত্যু প্রভৃতি কোন ভয়েই ভীত হন না। অধর্ম্ম নামে আমার আর এক পুত্র আছে, সে ধর্ম্মের নিবর্ত্তক; ধর্ম্ম, অধর্ম্মের ভয়ে ভীত হইলে তোমরা প্রবল হইয়া বিচরণ করিবে। যাহারা ধর্ম্মেশ্বর হরিকে ভজনা করে, তোমরা তাহাদিগকে পরিত্যাগ করিবে। প্রভু নারায়ণের নিকট অধর্ম্মও ভীত হয়। ব্যাস বলিলেন, ব্রহ্মা এই কথা ব্রহ্ম-নন্দন অধর্ম্মকে অবলোকনপূর্ব্বক কামের আশ্রয় অবলম্বন করত অধিষ্ঠিত হইল। হে দ্বিজোত্তম! ভীষণস্বভাব মৃত্যু অধর্ম্মের পুত্র, মর্ত্ত্যগণের মরণের জন্য অধর্ম্ম তাহাকে আদেশ করিল। মৃত্যু লোকহিংসার নিমিত্ত নিযুক্ত হইয়া পিতাকে বলিলেন, হে পিতঃ! আমাকে লোকহিংসার নিমিত্ত নিযুক্ত করিতেছেন কেন? হিংসারূপ পাপ কর্ম্ম আমি কিরূপে অনুষ্ঠান করিব? অধর্ম্ম বলিবেন, লোকহিংসায় তুমি পাতকী হইবে না। জরা, রোগ এবং জ্বরাদি আমারই সৃষ্ট, তুমি এ বিষয়ে তাহাদিগের সাহায্য পাইবে। লোকেরা তৎপ্রভাবে বিনষ্ট হইবে, তুমি তন্মধ্যে মারাত্মক থাকিবে। অতএব তুমি সকল দেহেই সুখে অধিষ্ঠান কর। মৃত ব্যক্তির অনুগমন করিবে এবং উৎপন্ন ব্যক্তির সঙ্গে সঙ্গে তুমিও উৎপন্ন হইবে; আমি যথায় বাস করিব, তুমিও তথায় বাস করিবে। আমি নারায়ণপরায়ণ ব্যক্তিকে অবলোকন করিয়া পরাঙ্মুখ হই। ব্যাস বলিলেন, অধর্ম্ম এই কথা বলিলে লোকভয়ঙ্কর মৃত্যু হিংসা, কলহ, এবং গর্ব্ব প্রভৃতি সেনাগণকে সঙ্গে লইয়া, জন্ম-মরণশীল লোকগণের মধ্যে বিচরণ করিতে লাগিল। তন্মধ্যে অধর্ম্মসম্ভূত বিবিধ ব্যাধির প্রাদুর্ভাব হইল। সকল ব্যাধির মধ্যে জ্বর জ্যেষ্ঠ। জ্বরের তিন মস্তক, নয় চক্ষু, ছয় হস্ত, আট্‌টী দন্ত, বর্ণ ভস্মের ন্যায়, বস্ত্র কুৎসিত। চক্ষু আরক্ত, চঞ্চল এবং বক্র নাসিকায় শ্বাস ঊর্দ্ধদিকে প্রবাহিত। এরূপ প্রবাহিকা, শোথ, শূল, গুল্ম, উদরী, বাতশ্লেষ্মা এবং কেবল শ্লেষ্মা প্রভৃতির বিকার-জনিত নানা রোগ উৎপন্ন হইল। অনন্তর জরা নামে অধর্ম্মের এক কন্যা হইল। জরা অপত্যকামনায় পতিংবরা হইয়া ভ্রাতা মৃত্যুকে বলিল, তুমি আমার স্বামী হও, মৃত্যু বলিল হে জরে! আমি তোমার স্বামী নহি, তোমার বিধি-কল্পিত স্বামী প্রজ্বার। প্রজ্বার ব্যাধিরাজ এবং প্রবল পরাক্রান্ত। প্রজ্বার আমার ভ্রাতা, বন্ধু এবং সুহৃদ্; তুমি তাহার ভার্য্যা হইবে। তুমি আমার কনিষ্ঠভ্রাতার পত্নী; অতএব আমার সর্ব্বতোভাবে ভগিনীস্বরূপ হইলে। জরা বলিল, আমি লোকের অপ্রিয়, বাহির হইলেই লোকে আমাকে বিড়ম্বনা করিতে পারে, অতএব হে বীর! আমার সহিত সৈন্য দাও, আমি প্রজ্বারের নিকট গমন করিব। ব্যাস বলিলেন, জরা এই কথা বলিলে মৃত্যু জরার সহিত বিচিত্র সৈন্য প্রেরণ করিলেন, জরা সেই সৈন্য সমভিব্যাহারে পতি প্রজ্বারের নিকট গমন করিল। হে দ্বিজশ্রেষ্ঠ! প্রজ্বার প্রিয়পত্নী জরাকে প্রাপ্ত হইয়া এবং অদ্ভুত সৈন্য লাভ করিয়া সহর্ষে, সবিস্ময়ে,

জরাকে বলিল, জরে! আমার সহিত সসৈন্যে ও কলহাদি সমভিব্যাহারে আগমন কর এবং লোকসমূহকে বিমর্দ্দিত কর, ইহা ব্রহ্মারও মত। এই সকল ব্যাধি মহা-বল পরাক্রান্ত সৈন্য, লোভ, হিংসা, ঈর্ষা, ক্রোধ, মোহ, প্রভৃতি তোমারও প্রধান প্রধান সৈন্য; আমরা ইহাদিগের সাহায্যে স্থাবরজঙ্গমাত্মক জগৎ বিনষ্ট করিব। ব্যাস বলিলেন, প্রজ্বার এবং জরা এই নবদম্পতী, এইরূপ স্থির করিয়া লোকমর্দ্দনের জন্য সৈন্যসমভি-ব্যাহারে গমন করিল। তখন বলবান্ ও মহাতেজা সকল লোক এবং স্থাবরগণ, তাহাদিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল। মহাবল পরাক্রান্ত সর্ব্বলোক কর্ত্তৃক প্রপীড়িত হইয়া প্রজ্বার শিবের শরণাপন্ন হইল, শিব তাহাকে রক্ষা করিলেন। তখন সকল লোকে, দুর্মতি জরার কেশ গ্রহণ করিল। কেশাকর্ষণে অবমানিতা জরা, লোক কর্ত্তৃক পরাজিতা হইয়া পরম সুন্দরীরূপে সকল লোককে বলিলেন, হে মানব তরু প্রভৃতি লোকগণ। আমি তোমাদিগের শরণাপন্না হইলাম। আমাকে তোমরা রক্ষা কর; আমি তোমাদিগের ভার্য্যা। আমার পতি প্রজ্বার তোমাদিগের হস্তে পীড়িত হইয়া বিনষ্ট হইয়াছে; অতএব আমি এক্ষণে বিধবা। তোমরা বিধবার স্বামী হও। ব্যাস বলিলেন, জরা এই কথা বলিলে, লোকে মুগ্ধবুদ্ধি হইয়া, কামভাবে উপস্থিতা জরাকে অঙ্গীকার করিল। জরা, তখন তাহাদিগকে পাইয়া হিংসা ঈর্ষ্যাদির সাহায্যে সকলকে জীর্ণ করিয়া পুনরায় প্রজ্বারের নিকট উপস্থিত হইল। প্রজ্বার তখন শৈব এবং উত্তম ভক্ত। প্রজ্বার স্ত্রীসৈন্য সমভিব্যাহারে সকলে-রই দেহ নামক পুর জীর্ণ করিয়া ফেলিল। দেহ পুর উৎপাদন করেন, বলিয়া জীবের নাম পুরঞ্জন। কামজা বুদ্ধি, সেই পুরের অন্তম হেতু। এই জন্য বুদ্ধির নাম পুরঞ্জনী। নবদ্বার-সম্পন্ন দেহপুরে পুরঞ্জন এবং পুরঞ্জনীই অধিষ্ঠাতা। পঞ্চ প্রাণ বন্ধু, পুর পালক। প্রজ্বার এবং জরা এই পুর মর্দ্দিত করিলে, পুরঞ্জন ও পুরঞ্জনী ইহা ফেলিয়া পলায়ন করে। পুরঞ্জন দেহে থাকিয়া যদি হরিভক্তি করে, তবে মৃত্যুর বশবর্ত্তী হয় না, নতুবা সেই মূঢ়বুদ্ধি অধঃ পতিত হয়। অতএব পুরঞ্জনীকে বিশুদ্ধা করিলে অমর-পতি হওয়া যায়। জরা প্রজ্বার ব্যাধি প্রভৃতি তাহাকে আবদ্ধ করিতে পারে না। হে বিপ্র! এই আমি তোমাকে, তোমার জিজ্ঞাসিত বিষয় হিংসাদির জন্ম কর্ম্ম ধর্ম্ম হ্রাসাদির কথা বলিলাম।

দ্বাদশ অধ্যায় সমাপ্ত॥ ১২॥

ত্রয়োদশ অধ্যায়।

জাবালি কহিলেন, আপনি পূর্ব্বে অদ্ভুত কথা কীর্ত্তন করিয়াছেন, আমিও অদ্ভুত বিষয় শ্রবণ করিয়াছি, এক্ষণে সঙ্কর-জাতি কিরূপ? এবং কেমন করিয়াই বা সঙ্কর-জাতির বৃদ্ধি হইল? তাহা কীর্ত্তন করুন। ব্যাস কহিলেন, পুরাকালে বেণ রাজা ধর্ম্ম-

পথ পরিত্যাগ করিয়া রাজ্য করিয়াছিলেন। উঁহার অধিকারকালে সঙ্কর-জাতি হয়। জাবালি কহিলেন, এই বেণ রাজা কে? কাহার পুত্র? ইনি কি কর্ম্ম করিয়াছিলেন? এবং কোন্ বংশেই বা ইঁহার উৎপত্তি? তাহার ধর্ম্মপরিত্যাগ কিরূপ? তাহাও বলুন, ব্যাস কহিলেন, পূর্ব্বকালে ব্রহ্মার পুত্র স্বায়ম্ভুব নামে মনু উৎপন্ন হন, তাহার দুই পুত্র, তাহার মধ্যে জ্যেষ্ঠ প্রিয়ব্রত, কনিষ্ঠ উত্তানপাদ। উত্তানপাদের পুত্র ধ্রুব, ত্রৈলোক্য-মধ্যে ধ্রুবের কীর্ত্তি অতি আশ্চর্য্য, সুনীতিগর্ভসম্ভূত এই ধ্রুব পঞ্চ বর্ষ বয়সে শ্রীকৃষ্ণের আরাধনারূপ তপস্যা করিয়া স্বচক্ষে তাঁহাকে অবলোকনপূর্ব্বক তাঁহার শরণাপন্ন হন এবং সর্ব্বোপরি সুবিখ্যাত বিমল পদ প্রাপ্ত হন। তাঁহার ঔরসে ভূমি নাম্নী তদীয় পত্নীর গর্ভে বৎসরের উৎপত্তি, বৎসরের পুত্র পুষ্পার্ণ, পুষ্পার্ণের মাতার নামও সুনীতি। প্রভার গর্ভে পুষ্পার্ণের ঔরসে ব্যুষ্ট নামে পুত্র উৎপন্ন হয়, ব্যুষ্টের ঔরসে পুষ্করিণীর গর্ভে সর্ব্বতেজার উৎপত্তি. আকৃতির গর্ভে সর্ব্বতেজার মনু নামে পুত্র উৎপন্ন হয়। মনুর পুত্র উলূক, উলূকের গর্ভধারিণী নড়্‌লা; উলূকের পুত্র অঙ্গ; অঙ্গের মাতার নামও পুষ্করিণী, অঙ্গের পুত্র বেণ। সুনীথার গর্ভে বেণের উৎপত্তি। সেই অধর্ম্মশালী বেণ রাজার চরিত্র শ্রবণ কর। সুনীথা সুন্দরী মৃত্যুর কন্যা এবং অঙ্গরাজের পত্নী। অঙ্গরাজা পুত্রেষ্টি যজ্ঞ করিয়া বেণ রাজাকে উৎপাদন করেন। বেণ উৎপন্ন হইলে নৃপশ্রেষ্ঠ অঙ্গ সুস্থচিত্ত হইয়াছিলেন। রাজকুমার বেণ সর্ব্বদা দর্পযুক্ত হইয়া সকল প্রাণীদিগকে স্বভাবতঃ প্রাণপীড়া প্রদান করিত এবং গৃহে গৃহে গৃহস্থদিগের বালকদিগকে বেগে আকর্ষণ করিয়া রজ্জু দ্বারা বন্ধন পূর্ব্বক অগাধ জলে নিক্ষেপ করিত; ইত্যাদি দুঃখপ্রদ বিবিধ কর্ম্ম নিত্য অনুষ্ঠান করিত। প্রজা সকল পুত্রশোকাদিতে সন্তপ্ত হইয়া রাজাকে এই সকল কথা বলিয়া দিল। সেই পুত্রের জন্য অনুতপ্ত হইয়া রাজা অঙ্গ বনগামী হইলেন। রাজ্য অরাজক হইল, তখন মুনিগণ ধর্ম্মবুদ্ধিবিবর্জ্জিত অত্যুগ্র বেণকে রাজ্যে স্থাপন করিলেন। স্বভাবপীড়ক বেণ রাজা সিংহাসন প্রাপ্ত হওয়াতে বর্ণ, আশ্রম এবং বংশোচিত ধর্ম্ম নিবারণ্ করিতে লাগিল। হে দ্বিজগণ! যাগ, দান বা হোম কদাচ কর্ত্তব্য নহে। বেণ রাজা ভেরীনির্ঘোষ দ্বারা ধর্ম্মনিবারণের আজ্ঞা প্রচার করিতে লাগিল। ব্রাহ্মণগণ ধর্ম্মলোপভয়ে নাস্তিকোত্তম রাজত্বের অযোগ্য বেণ রাজার নিকট গিয়া সভয়ে এই কথা বলিলেন, হে ধ্রুববংশসমুদ্ভূত মহাভাগ রাজন্ বেণ! আপনি সিংহাসনে অধিষ্ঠিত রাজা হইয়া ধর্ম্ম পরিত্যাগ করিতে ইচ্ছা করিতেছেন কেন? সর্ব্ববর্ণ সর্ব্বাশ্রমদিগের ধর্ম্ম হইতে পরম বন্ধু আর কিছুই নাই। ধর্ম্মত্যাগ করিলে লোক অল্পায়ু হয়, ইহার অন্যথা হয় না। ধর্ম্মত্যাগী রাজার নিকট কেহ কখনই ভয় পায় না, রাজা ধর্ম্মত্যাগী হইলে প্রজারাও ধর্ম্মত্যাগ করে; জন সাধারণ ধর্ম্মত্যাগ করিলে যাহার ধন তাহার থাকে না, যাহার স্ত্রী তাহার থাকে না এবং যাহার গৃহ তাহার থাকে না। দেশে অধর্ম্মের রাজত্ব হইলে বা অরাজকতা হইলে বড়ই ভয়ের বিষয় হয়। যে দেশে

বিষ্ণুপূজা হয় না সে দেশ অরাজক। অরাজক দেশে পরপুরুষ পরস্ত্রীর সহিত বলপূর্ব্বক সংসর্গ করে, ব্রাহ্মণ ক্ষত্রিয়ায় উপগত হয় এবং ক্ষত্রিয় ব্রাহ্মণীর প্রতি আসক্ত হয়, এইরূপে কুলে সঙ্কর দোষ হয়। সঙ্কর দোষ সঙ্করকারী কুলঘাতীদিগের এবং যে বংশে সঙ্কর হয়, সেই বংশের নরকের হেতু হুষ্ট রাজ্যে ধর্ম্মের অধঃপাত হয়। বেণ বলিল, শুনিলাম, সঙ্করদোষ নরকের হেতু, ইহা নিশ্চয়। অতএব আমি সর্ব্বতোভাবে সঙ্করদোষ প্রবর্ত্তিত করিব; দেখিব, সঙ্করদোষ হইতে কিরূপ অধর্ম্ম হয়? ব্যাস বলিলেন, রাজা এই কথা বলিয়া সত্বর অন্তঃপুরে প্রবেশ করিল। ব্রাহ্মণগণ বিমনায়মান হইয়া যথাস্থানে প্রস্থান করিলেন। নাস্তিকশ্রেষ্ঠ বেণ বলপূর্ব্বক ব্রাহ্মণীর সঙ্গে ক্ষত্রিয়কে সঙ্গত করিয়া পুত্রোৎপাদন করিল এবং ক্ষত্রিয়-পত্নীর সহিত ব্রাহ্মণকে, ব্রাহ্মণ-পত্নীর সহিত বৈশ্যকে সংগত করিয়া পুত্রোৎপাদন করিতে লাগিল। এইরূপে অন্য জাতীয় পুরুষের সহিত অন্য জাতির স্ত্রীকে সঙ্গত করিয়া বর্ণসঙ্করকারক রাজা বিবিধ বর্ণসঙ্কর প্রজার উৎপত্তি করিল। সঙ্কীর্ণ জাতির সহিত অন্য সঙ্কীর্ণ জাতিকে সঙ্গত করিয়া, রাজা দৌরাত্ম্য পূর্ব্বক, অন্য সঙ্কর জাতির সৃষ্টি করিল। শূদ্রার গর্ভে বৈশ্যের ঔরসে যে সন্তান-উৎপত্তি হইল, তাহার নাম করণ; বৈশ্যার গর্ভে ব্রাহ্মণের ঔরসে অম্বষ্ঠের জন্ম। গন্ধবণিক, কাংস্য-বণিক, শাঙ্খবণিক ব্রাহ্মণের ঔরসে বৈশ্যার গর্ভে জন্মে। উগ্রক্ষত্রিয় এবং রজপুত ক্ষত্রিয়-ঔরসে শূদ্রা ও বৈশ্যার গর্ভে যথাক্রমে উৎপন্ন হয়। কুম্ভকার এবং তন্তুবায় ক্ষত্রিয়পত্নীর গর্ভে ব্রাহ্মণের ঔরসে উৎপন্ন। কর্ম্মকার এবং দাস শূদ্র-পত্নীর গর্ভে * ব্রাহ্মণের ঔরসে উৎপন্ন। বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়-পত্নীর গর্ভে মাগধ জাতি ও গোপ জাতির উৎপত্তি। শূদ্রের ঔরসে ব্রাহ্মণ-কন্যার গর্ভে নাপিত ও মোদক জাতির জন্ম। ব্রাহ্মণের ঔরসে শূদ্রের কন্যার গর্ভে বারজীবি জাতির উৎপত্তি। হে মুনে! ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে সূতজাতির উৎপত্তি। মালাকার, তাম্বূলী এবং তৈলিকজাতি বৈশ্যের ঔরসে শূদ্র-কন্যার গর্ভে উৎপন্ন। হে জাবলে! এই বিংশতি প্রকার সঙ্করজাতির উৎপত্তি তোমার নিকট কীর্ত্তন করিলাম। এই উত্তম সঙ্কর। মধ্যম সঙ্কর জাতির কথা আমার নিকট শ্রবণ কর। করণের ঔরসে বৈশ্যার গর্ভে তক্ষা ও রজক জাতির উৎপত্তি। স্বর্ণকার এবং সুবর্ণবণিক অম্বষ্ঠের ঔরসে বৈশ্যার গর্ভে উৎপন্ন; বৈশ্যার গর্ভে গোপের ঔরসে আভীর এবং তৈলকারক জাতির উৎপত্তি। ধীবর এবং শৌণ্ডিক গোপের ঔরসে শূদ্রার গর্ভে উৎপন্ন। মালাকারের ঔরসে শূদ্রপত্নীর গর্ভে নট এবং শাবক জাতির উৎপত্তি। শেখরজাতি এবং জালিকজাতি মাগধের ঔরসে শূদ্রার গর্ভে উৎপন্ন। এই সকল মধ্যম সঙ্করজাতি কীর্ত্তন করিলাম। এক্ষণে অন্ত্যজ সঙ্করজাতির কথা শ্রবণ কর। হে মুনে! স্বর্ণকারের ঔরসে বৈদ্যপত্নীর গর্ভে গৃহীজাতির উৎপত্তি। কুড়বজাতি সুবর্ণবণিকের

---

* আমাদের মুদ্রিত মূল পুস্তকে 'শূদ্রাৎ তস্যাং' এই পাঠ আছে, ইহা সমাজবিরুদ্ধ।

ঔরসে বৈদ্যপত্নীর গর্ভে উৎপন্ন ; শূদ্রের ঔরসে ব্রাহ্মণপত্নীর গর্ভে চণ্ডাল জাতির উৎপত্তি। আভীরের ঔরসে গোপকন্যা রগর্ভে বড়ুরজাতির জন্ম। তক্ষজাতির ঔরসে বৈশ্যকন্যার গর্ভে শিল্পবৃত্তা চর্ম্মকার জাতির উৎপত্তি, ষট্‌জীবিজাতি ষরপজাতির ঔরসে বৈশ্যার গর্ভে উৎপন্ন। বৈশ্যার গর্ভে তৈলকার জাতির ঔরসে দোলাবাহী জাতির উৎপত্তি। মল্লজাতি ধীবরের ঔরসে শূদ্রার গর্ভে উৎপন্ন ; ইত্যাদি অন্ত্যজ সঙ্করজাতি বর্ণধর্ম্ম এবং আশ্রমধর্ম্মের বহিষ্কৃত বলিয়া কথিত হইয়াছে। ইত্যাদি ৩৬ ছত্রিশ জাতির কথা তোমার নিকট বলিলাম। এতন্মধ্যে বিংশতি জাতির পুরোহিত শ্রোত্রিয় ব্রাহ্মণ, চারি বর্ণ হইতে উত্তম সঙ্করজাতির উৎপত্তি। অপর জাতির সংসর্গে উত্তম সঙ্কর জাতি হইতে যে সঙ্করজাতির উৎপত্তি, হে বিপ্র! তাহারা মধ্যম সঙ্করজাতি বলিয়া কথিত। অন্য প্রকার সঙ্কর চাণ্ডাল প্রভৃতি জাতি এবং প্রতিলোম সঙ্কর-সম্ভূতজাতি অধম। গরুড় শাকদ্বীপ হইতে যে দেবল ব্রাহ্মণকে আনয়ন করেন, তিনি পৃথিবীতলে শাকদ্বীপী ব্রাহ্মণ বলিয়া বিখ্যাত। শাকদ্বীপী ব্রাহ্মণ হইতে হোম-পূজা-পরায়ণ গণকজাতির উৎপত্তি। বেণ রাজার অঙ্গ হইতে ম্লেচ্ছ নামে পুত্র উৎপন্ন হইল। পুলিন্দ, পুক্কশ, খস, যবন, সৌহ্ম, কাম্বোজ, শবর এবং ক্বর ইত্যাদি বিবিধ পুত্রগণ বেণপুত্র ম্লেচ্ছের ঔরসে উৎপন্ন ; তাহারা সকলেই ম্লেচ্ছবিশেষ। ঋষিগণ অধর্ম্মকর্ম্মসম্ভূত এই সকল ম্লেচ্ছদিগকে অবলোকন করিয়া সেই দুরাত্মা বেণরাজকে নিহত করিবার জন্য তাহার সন্নিধানে সকলে গমন করিলেন। মুনিশ্রেষ্ঠগণ তথায় গিয়া ক্রোধাবেশে সেইদিকে দৃষ্টিপাত করিয়া সম্মুখাগত সেই রাজাকে হুঙ্কার দ্বারা তৎক্ষণাৎ নিহত করিলেন। হুঙ্কার দ্বারা বিনষ্ট বেণরাজের পাণিযুগল মন্থন করিয়া আদি রাজা পৃথু ও তদীয় মহিষীর আবির্ভব সম্পাদন করিলেন। নারায়ণস্বরূপ পৃথু উৎপন্ন হইলে জগৎ স্বাস্থ্যলাভ করিল। পুনরায় ধর্ম্মপ্রবৃত্ত হইল ; দেবতা, গো, ব্রাহ্মণগণ অনুকূল বায়ুযোগে নদীস্রোতের ন্যায় যথা-নিয়মে চলিতে লাগিলেন। সকলেই পৃথুকে পিতৃরাজ্যে অভিষিক্ত করিলেন। পৃথু তাঁহাদিকে পূজা করিলে সেই মুনিপ্রধানগণ যথাস্থানে গমন করিলেন।

ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৩ ॥

চতুর্দ্দশ অধ্যায়।

জাবালি কহিলেন, হে মুনে! তৎপরে সেই বিষ্ণুস্বরূপে অবতীর্ণ রাজা পৃথু কি করিয়াছিলেন? সঙ্করজাতিদিগেরই বা কি হইল! তাহা আমাকে বলুন। ব্যাস কহিলেন, হে বিপ্রবর! পৃথুরাজ্যে অভিষিক্ত হইয়া ধর্ম্মানুসারে প্রজাগণের পালন করিতে থাকিয়াও চিত্তের শান্তি পাইলেন না, তখন দ্বিজগণকে আহ্বান করিয়া জিজ্ঞাসা করিলেন, হে

দ্বিজগণ! আমি প্রজাগণকে পালন করিতেছি, তথাপি কেন আমার মনের এরূপ অশান্তি উপস্থিত হইয়াছে এবং কেনই বা প্রজাগণ অন্নাভাবে কালগ্রাসে পড়িতেছে? ব্রাহ্মণেরা কহিলেন, হে মহারাজ! তোমার পিতা বেণরাজ ধর্ম্মকে উপেক্ষা করিয়া ও লোকনিবারণ অগ্রাহ্য করিয়া সকল বর্ণেরই সঙ্কর করিয়াছিলেন। সেই অধর্ম্মসম্ভূত জাতিসঙ্করেরা ভূতলে অবস্থান করিতেছে, এই দুঃখেই তোমার আত্মা কলুষিত হইতেছে। পৃথিবীও তাহাদিগের বহন করিতে অসমর্থা হইয়া, তাহাদিগকে অন্ন প্রদান করিতেছেন না, তুমি আমাদিগকে যাহা যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, সে সকলই বলিলাম। পৃথু কহিলেন, হে মহাশয়গণ! এই কেবল অধর্ম্ম হইতে উৎপন্ন সঙ্কর জাতিদিগের বিনাশসাধন বা রক্ষা এতদুভয় কিরূপ ব্যবহার কর্ত্তব্য হইতেছে? কিরূপ করিলেই বা এস্থলে মঙ্গল হইবে এবং বিধাতা কেন তাহাদিগকে সৃজন করিয়াছেন? কেমনেই বা তাহাদিগকে বিনাশ করিব, না করিলেও অন্য জীবগণ রক্ষা পায় না; কারণ আমার পৃথিবী অন্ন দিতেছেন না। হে বিপ্রগণ! এই বেণপাপসম্ভূত অশান্তিতে উচিত প্রতিবিধান কিরূপ কর্ত্তব্য? কেমনেই বা অন্য প্রাণীরা শান্তি পাইবে? তাহা আমাকে বলুন। ব্যাস কহিলেন, মুনিগণ পৃথুরাজের ঈদৃশ সদ্বাক্য শ্রবণ করিয়া আনন্দে পরিপ্লুত হইয়া তাঁহাকে কহিলেন, হে মহারাজ! তুমি একমাত্র আমাদিগের প্রভু, আমরা সকলে আজি তোমার আজ্ঞাবহ, অতঃপর আপনিই সাঙ্কর্য্য নিবারণ করুন; নচেৎ রাজ্যবিপ্লব হইবে। জীবগণ বিভিন্ন জাতিতে উপগত হইয়া বর্ণসঙ্কর উৎপাদন করিতেছে, তাহা আপনি সর্ব্বতোভাবে নিবারণ করুন এবং যাহারা সঙ্কর হইয়াছে, তাহাদের বৃত্তিবিধান করুন আর তাহাদিগকে আহ্বান করিয়া, তাহাদিগের জাতি ও অনুসরণীয় ধর্ম্মমার্গের নিরূপণ করিয়া দিউন। হে রাজন্! যাহারা আপনার নির্দ্দিষ্ট মর্য্যাদা লঙ্ঘন করিবে, তাহাদিগকে দণ্ডবিধান করুন, হে ভূপাল! বর্ণসঙ্করদিগের প্রতি এরূপ নিয়মই উচিত বলিয়া জানিবেন। তাহাদিগকে বিনাশ করিবেন না, কারণ বিধাতাই তাহাদিগকে বাড়াইয়াছেন; সুতরাং তাহারা বধানর্হ। ইহাই আমাদিগের অভিপ্রায়, এক্ষণে আপনার যাহা অভিরুচি হয়, তাহা করুন। ব্যাস কহিলেন, পরাক্রমশালী পৃথু দ্বিজগণের এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া, সমুদায় বর্ণসঙ্করদিগকে আহ্বান করিয়া কহিলেন, হে সঙ্করগণ! তোমাদিগের আকার কেন এরূপ বিকৃত, বদন মলিন, বসন ছিন্ন, দেহ দুর্ব্বল ও শীর্ণ হইয়াছে? তাহা আমাকে শীঘ্র বল। সঙ্করগণ কহিলেন, হে পৃথো! আমরা সকলেই সুন্দর, বলিষ্ঠ এবং আমাদিগের বদন অতি বিমল, বসন অছিন্ন ও অবয়ব অতি সুগঠিত, তবে আপনি দৃষ্টিহীন হইয়াই আমাদিগের স্বরূপ দেখিতে পাইতেছেন না। আমরা বেণ হইতে উৎপন্ন ও বেণ কর্ত্তৃক প্রতিপালিত বলিয়াই আমাদিগকে বেণসদৃশ জানিবেন। তিনি রাজাদিগের প্রধান ছিলেন; সুতরাং ব্রহ্মা, বিষ্ণু প্রভৃতি দেবতারাও কোন অংশে আমাদিগের অপেক্ষা অধিক নহেন। ব্যাস

কহিলেন, সমবেত ব্রাহ্মণেরা সঙ্করদিগের তাদৃশ বাক্য শ্রবণ করিয়া হাস্য করিলেন এবং রাজা ক্রোধে পরিপূর্ণ হইয়া সেই অপরাধীদিগকে বন্ধন করিলেন। তখন বন্ধনে পীড়িত ম্লানবদন, মলিনবসন সেই সঙ্করেরা, হে মহাবাহো! রক্ষা কর, রক্ষা কর, এই কথা বারংবার কহিল এবং কহিল, হে মহারাজ! এক্ষণে আমাদিগকে আপনার আজ্ঞাবহ বলিয়া জানিবেন। আমাদের বিকৃত রূপ দূর করিয়া সুন্দর রূপ বিধান করুন এবং হে ধার্ম্মিক! আমরা বেণের ন্যায় দুর্বুদ্ধি ও মূর্খ; আমাদের অপরাধ ক্ষমা করিয়া জাতিনির্ণয় ও বৃত্তিবিধান করুন। পৃথু কহিলেন, অহো! মহাভাগ! দ্বিজগণ! আপনারা ধর্ম্মের নিরূপণ করিয়া থাকেন, সুতরাং এক্ষণে ইহাদিগের যথাযোগ্য জাতি ও জীবিকার নিরূপণ করিয়া দিন। ব্যাস কহিলেন, ঋষিগণ মহাত্মা পৃথু কর্ত্তৃক এইরূপ উক্ত হইয়া তৎকালে বিনীত সেই সঙ্করদিগের জীবিকাদি-নির্দ্ধারণার্থ কহিলেন। ঋষিগণ কহিলেন, হে সঙ্করগণ! তোমরা ষট্‌ত্রিংশৎ প্রকার শূদ্রজাতি হইয়াছ, এক্ষণে তোমরা নিজ-শক্তি অনুসারে কে কোন্ কর্ম্ম করিবে, তাহা বল? তাহাতে তোমরা সকলে স্ব স্ব কর্ম্মানু-রূপ নামে খ্যাত হইবে। ব্যাস কহিলেন, শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণগণ কর্ত্তৃক এইরূপ কথিত হইয়া সঙ্করগণ বলিতে আরম্ভ করিল, তন্মধ্যে প্রথমে করণ কহিল, হে মহামুনে! আমরা সকলে জাতিহীন ও বুদ্ধিশূন্য মূর্খ; আপনারা সর্ব্বজ্ঞ, কর্ত্তব্য বিষয় যাহা উচিত হয়, তাহা আপনারা করুন। ব্যাস কহিলেন, সেই মুনিগণ তাহাদিগের ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া প্রফুল্লমুখে রাজাকে এই কথা বলিলেন, ইহাদিগের মধ্যে এই করণই শ্রীমান্ হউক এবং ইনি বিনয় ও আচার সমন্বিত হইয়া যেরূপ উত্তম বাক্য বলিয়াছেন, তাহাতে ইহাকে নীতিজ্ঞ বলিয়া প্রতীতি হওয়ায় ইনি রাজকার্য্যই করুন এবং ব্রাহ্মণ ও দেবতায় ইহাঁর ভক্তি থাকুক, ইনিই সংসারে সচ্ছূদ্র বলিয়া নির্দ্দিষ্ট হইলেন। কারণ ব্রাহ্মণে ভক্তি, দেবতার আরাধনায় বুদ্ধি ও মাৎসর্য্যবিহীন উত্তম স্বভাব, ইহাই সচ্ছূদ্রের পরিচায়ক জানিবেন। ব্যাস কহিলেন, ব্রাহ্মণেরা এই কথা বলিলে পর, করণ নামক সঙ্কর তাঁহাদিগের চরণে ভক্তিসহকারে প্রণাম করিল। ব্রাহ্ম-ণেরাও তাহাকে এই কথা বলিয়া আশীর্ব্বাদ করিতে লাগিলেন, হে বৎস! তুমি এই সংসারে রাজকার্য্যে অভিজ্ঞ ও লিপিকর্ম্মে পটু হইয়া অবস্থান কর; ব্রাহ্মণে তোমার ভক্তি থাকুক, মাৎসর্য্য পরিত্যাগ কর, সর্ব্বদা স্বচ্ছন্দচিত্তে কুশলে কালাতিপাত কর, তোমার বংশ অবিলুপ্ত হউক। ব্যাস কহিলেন, তখন ব্রাহ্মণদিগের তাদৃশ আশীর্ব্বাক্যে করণের রূপ অতি সুন্দর হইল এবং ব্রাহ্মণেরা রাজাকে সম্ভাষণ করিয়া কহিতে লাগিলেন, এই ব্যক্তি 'অপর এক সঙ্কর পূর্ব্বে বেণরাজের বশ্য ছিল, বৈশ্যাতে উপগত হইয়া অন্য এক সঙ্করের উৎপাদন করিয়াছে। হে মহারাজ! এই জন্য ইহার অম্বষ্ঠ নাম হইয়াছে। আমরা এই ব্রাহ্মণ হইতে উৎপন্ন অম্বষ্ঠের সংস্কার করিব, যাহাতে সংস্কৃত হইয়া পুনরুৎপন্নের ন্যায় হউক। ব্যাস কহিলেন, হে দ্বিজবর! কৃপালু

ব্রাহ্মণেরা এই কথা বলিয়া, স্বর্বৈদ্য অশ্বিনীকুমারদ্বয়কে স্মরণ করিলেন ও তাঁহাদের অনুগ্রহে সেই বৈদ্যকে বিশুদ্ধ আয়ুর্ব্বেদ প্রদান করিলেন, তাহাতে অম্বষ্ঠ নিষ্পাপ হইয়া সংসারে প্রতিপত্তি লাভ করিল ও সুন্দর রূপ ধারণপূর্ব্বক ভক্তিসহকারে কৃতাঞ্জলিপুটে ব্রাহ্মণদিগকে প্রণাম করত তদীয় আজ্ঞা শিরোধারণ করিয়া অবস্থান করিলেন। তখন ব্রাহ্মণেরা তাহাকে কহিলেন, হে সঙ্করশ্রেষ্ঠ! আমরা যে সকল শাস্ত্র প্রণয়ন করিয়াছি, তাহা তোমাকে প্রদান করিতেছি, তুমি কদাচ প্রমত্ত হইও না এবং চিকিৎসাশাস্ত্রে নিপুণ হইয়া সংসারে কুশলে অবস্থান কর ও শূদ্রদিগের ধর্ম্ম আশ্রয় করিয়া বৈদিক কার্য্য সকল নির্ব্বাহ করিবে। ব্যাস কহিলেন, হে অম্বষ্ঠ! ব্রাহ্মণেরা তোমাকে যে আয়ুর্ব্বেদ প্রদান করিলেন, তুমি তাহাতেই আসক্ত থাকিবে; অন্য পুরাণাদি পাঠ করিও না, কারণ আয়ুর্ব্বেদাতিরিক্ত বাক্য তোমাদের উপযুক্ত নহে, বৈদ্যাচারে ঔষধাদি নিষ্পাদন করিয়া সকলকে প্রদান করিও, তদীয় জাতির বংশানুক্রমে এই বৃত্তিই নির্দ্ধারিত রহিল। কারণ জাতিভেদ বিরহিত শুক্ররূপী পুরুষ যোনিসম্বন্ধে উৎপন্ন হইয়া জননী অনুসারে সঙ্কর হইয়া থাকে। ব্যাসাদি দ্বিজগণ কর্ত্তৃক এইরূপে কথিত হইয়া অম্বষ্ঠ তাহাই করিতে লাগিলেন। অশ্বিনীকুমারেরাও রাজার নিকট সম্মান পাইয়া স্বস্থানে প্রস্থান করিলেন এবং তখন ব্রাহ্মণেরা পুনরায় পৃথুরাজকে কহিলেন, হে মহামতে! অপর এই বলবান্ সাহসী সঙ্কর উগ্র নামে খ্যাত সঙ্করের ক্ষত্রিয়ের ন্যায় যুদ্ধে কুশলতা থাকায় সংসারে মাগধ নামে খ্যাত হউন। মাগধ কহিলেন, হে দ্বিজগণ! আপনাদের চরণে প্রণাম করিতেছি, যুদ্ধকে আমার বৃত্তি করিবেন না, কারণ আমি তাহা সম্যক্ অবগত নহি। তদ্ভিন্ন রাজকার্য্যই জ্ঞাত আছি, সুতরাং আপনারা আমাকে রাজসন্নিধানে থাকিতে দিউন, যুদ্ধ ভিন্ন ক্ষত্রিয়ধর্ম্মই আমার জাতির জীবিকারূপে নির্দ্দিষ্টা থাকুক। ব্রাহ্মণগণ কহিলেন, হে মহামতে! তুমি ব্রাহ্মণ ও ক্ষত্রিয় উভয় বর্ণেরই সদ্গুণ বর্ণন করিয়া স্তুতিপাঠক বন্দী হও এবং সঙ্করশ্রেষ্ঠ! তুমি ক্ষত্রিয় বেদে অধিকারী হইয়া তাঁহাদের উভয়েরই লিপিপত্রের বহন করিবে, ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণেরা তোমার এইরূপ বৃত্তিই বিধান করিলেন। রাজগণ তদীয় বিশুদ্ধজাতিকে রক্ষা করিবেন, তুমি আমাদিগের এই সবাক্য লঙ্ঘন না করিয়া সুখে অবস্থান কর, তোমার বংশাবলীও এইরূপে থাকুক। ব্যাস কহিলেন, মাগধ এইরূপ কথিত হইয়া সুস্থির থাকিলেন। ব্রাহ্মণেরাও অন্য সঙ্কর-দিগের বৃত্তি নিরূপণ করিতে লাগিলেন। তন্তুবায় জাতিতে বস্ত্র সৃজন, বণিকে গন্ধবিক্রয়, নাপিতে ক্ষৌরকর্ম্ম, গোপজাতিতে লিখন ও কর্ম্মকারে লৌহকর্ম্ম জীবিকারূপে নির্দ্দেশ করিলেন। তৈলিজাতির প্রতি গুবাক বিক্রয় আদেশ করিলেন; তাম্বুলিজাতিতে তাম্বুল-বিক্রয়, কুম্ভকারে মৃত্তিকার শিল্প এবং তাম্র ও কাংস্যাদি কার্য্যে কাংসকার অর্থাৎ কাঁসারিকে নির্দ্দেশ করিলেন। শাঙ্খিক অর্থাৎ শাঁকারিকে শঙ্খভূষা, দাসে কৃষিকার্য্য, সূতে তড়িত কর্ম্ম, মোদকে গুড়কর্ম্ম, এবং মালাকারের প্রতি দেবপূজায় পুষ্পাহরণরূপ

বৃত্তি বিধান করিলেন। স্বর্ণকারে স্বর্ণ-রূপ্যাদির অলঙ্কার গঠন এবং কলিক নামক বণিক্‌দের সেই সকল ভূষণের যাথার্থ্য পরীক্ষারূপ বৃত্তি দিলেন। এইরূপে সঙ্করদিগের জাতিভেদে বিভিন্ন বৃত্তি বিধান করিলেন। তাহাতেই তাহারা সুরূপ ও সুবুদ্ধি হইল এবং ব্রাহ্মণদিগের জাতিবর্গও স্ব স্ব উচিত বৃত্তি আশ্রয় করিয়া পৃথুরাজের আজ্ঞানুসারে ধর্ম্মপথে বিচরণ করিতে লাগিলেন। এইরূপে সঙ্করধর্ম্ম নিযুক্ত হইল এবং জ্যোতিঃ-শাস্ত্র সমুদায় গণকহস্তে প্রদত্ত হইল ও গ্রহবিপ্রদিগের প্রতি গ্রহগণের পূজা ও হোম বৃত্তিরূপে নির্দ্দিষ্ট রহিল। এইরূপে সঙ্করদিগের বৃত্তি সকল নির্দ্ধারিত হইলে তাঁহারা কৃতাঞ্জলিপুটে কহিলেন, হে মহাশয়গণ! কোন্ ব্রাহ্মণ আমাদিগের স্মার্ত্ত বৈদিক ও তান্ত্রিক ক্রিয়া কলাপ করাইবেন? কিরূপেই বা আমাদের ঐ সকল নিষ্পন্ন হইবে? ব্রাহ্মণগণ কহিলেন, শ্রোত্রিয় আমরা সকলে উত্তমজাতির পুরোহিত হইলাম; ব্রাহ্মণ অন্য জাতির পৌরোহিত্য করিলে পতিত হয় এবং ভোজন প্রভৃতি গুরুতর সংসর্গ করিলে সেই জাতির তুল্যতা প্রাপ্ত হইয়া থাকে। ব্যাস কহিলেন, অনন্যশাসন ব্রাহ্মণেরা এইরূপে সঙ্করদিগকে স্থাপন করিলে তাহারা ব্রাহ্মণপ্রদর্শিত পথেরই অনুসরণ করিতে লাগিল। তাহাতে রাজা পৃথুও মনের শান্তি লাভ করিয়া বিপ্রগণের পূজা করিলে ব্রাহ্মণে পূজিত হইয়া আনন্দে স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন। হে বিপ্র! রাজা পৃথু বৎস ও দোহক নির্দ্দিষ্ট রাখিয়া যেরূপে শস্যহীন ধরা হইতে শস্যাদি দোহন করিয়াছিলেন এবং তাহাতে সকলেই ধান্যাদি সকল বস্তুই লাভ করিয়াছিলেন, যাহা তুমি আমায় জিজ্ঞাসা করিয়াছিলে, সেই সকলই তোমাকে বলিলাম। এই সঙ্করদিগের উপাখ্যান ও পৃথুরাজের নির্ম্মল কীর্ত্তি, যে ব্যক্তি শ্রবণ বা পাঠ করে, তাহার অশেষ পুণ্য হয়।

চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত॥ ১৪॥

পঞ্চদশ অধ্যায়।

ব্যাস বলিলেন, জাবালে! দ্বাপরযুগে আমি বেদ-বিভাগ করি, তদবধি ব্রাহ্মণেরা এক-বেদী দ্বিবেদী প্রভৃতি ভেদ প্রাপ্ত হইয়াছে। শাস্ত্র এই রূপ ভেদ প্রাপ্ত হইলে প্রজাগণের ক্রিয়ার আধিক্য এবং তপোদানে প্রবৃত্তি হইল। তখন প্রজাসমূহ রজোগুণপ্রধান। ক্রমে মানবেরা অল্পায়ু, অধার্ম্মিক, মন্দভাগ্য, উপদ্রবগ্রস্ত, বেদাচার-বিবর্জ্জিত এবং হিংসা-শীল হইল। পৃথিবী এতাদৃশ প্রজামণ্ডলের ভারে পীড়িতা হইলেন। ভগবান্ অচ্যুত বিষ্ণু, সেই ভার হরণের জন্য, দেবকীর অষ্টম গর্ভে চতুর্ভুজ, শঙ্খ-চক্র-গদা-পদ্ম-শোভিত হইয়া অবতীর্ণ হন। তিনি এই অবতারে বাসুদেব নামে বিখ্যাত। সঙ্কর্ষণ তাঁহার

সহচর অবতার। ভূভারক্ষয়কারণ হরি, বাসুদেব এবং সঙ্কর্ষণ এই দুই ভাগে অবতীর্ণ হন। এই দুই ভাগে পূর্ণ ব্রহ্মের অর্দ্ধ। ব্রহ্মের অবশিষ্ট অর্দ্ধাংশ প্রদ্যুম্ন এবং অনিরুদ্ধ এই দুই ভাগে কলিযুগে অবতীর্ণ হন। পূর্ণ ব্রহ্মের এই চতুর্ব্যূহ অবতার। তন্মধ্যে বাসুদেব শ্রীকৃষ্ণ সংকর্ষণ সমভিব্যাহারে কলিযুগে, দ্বিভুজ মূর্ত্তিতে নন্দালয়ে বিরাজ করিয়াছিলেন। অগ্রে পূতনাদিবধ করিয়া পরে তিনি কংস বধ করেন। সর্ব্বশেষে নিজ যদুকুল সংহার করিয়া ভূভার হরণ করেন, সেই দেবশ্রেষ্ঠ ধর্ম্মরক্ষক ভগবান্ হরি, অধর্ম্ম-বুদ্ধিসময়ে অবতীর্ণ হন। হে ব্রহ্মন্! এই তোমাকে জিজ্ঞাসিত বিষয় কীর্ত্তন করিলাম, আর কি শ্রবণ করিতে ইচ্ছা কর? জাবালি কহিলেন, হে মহাপ্রভো! কিরূপ দান করিলে শ্রীকৃষ্ণের তুষ্টি হয়? তাহা আমাকে বলুন। কৃষ্ণতুষ্টিকর দানে দাতা কিরূপ? দান পাত্রই বা কিরূপ? ব্যাস বলিলেন, স্বর্ণদান পরম দান, স্বর্ণ দক্ষিণা পরম দক্ষিণা। সুবর্ণ হস্তে ধারণ করা কর্ত্তব্য, বিশেষতঃ ব্রাহ্মণের পক্ষে। সুবর্ণ পরম পবিত্র বস্তু, সুবর্ণধারণ পরম স্বস্ত্যয়নস্বরূপ; শত পাপ করিয়াও ব্রাহ্মণকে সুবর্ণ দান করিলে, পূর্ব্বতন দশ পুরুষকে, অধস্তন দশ পুরুষকে এবং আপনাকে উদ্ধার করে। যে ব্যক্তি, ব্রাহ্মণকে স্বচ্ছন্দচিত্তে স্বর্ণদান করে, তাহার দেবত্বলাভ হয়, সে ব্যক্তি দেবগণের সহিত আমোদ প্রমোদ করিতে সক্ষম হয়। হে দ্বিজোত্তম! সুবর্ণের দেবতা বহ্নি। সুবর্ণ দান করিলে, সর্ব্বপাপ হইতে মুক্তি লাভ হয়, ইহার অন্যথা নাই। সুবর্ণ নষ্ট হইলে পাপ হয়, অতএব সুবর্ণদান করা বড়ই মঙ্গলজনক। গোদানও পরম দান, প্রদত্তা গাভী, দাতাকে উদ্ধার করিয়া থাকে। হে দ্বিজোত্তম! পূর্ব্বকালে ভগবান্ স্বয়ম্ভূ ব্রহ্মা, স্বীয় শক্তিপ্রভাবে লোকসৃষ্টি করিয়া সর্ব্বভূতের প্রীতির জন্য গো-সৃষ্টি করেন। আমি গো-জাতির বিষয় কীর্ত্তন করিতেছি, এক মনে শ্রবণ কর। গৌর-কপিলা, গৌরপিঙ্গলা, কৃষ্ণকপিলা, নীলপিঙ্গলা, শুক্লপিঙ্গাক্ষী, শুক্লপিঙ্গলা, চিত্রপিঙ্গাক্ষী, রক্ত-রোহিণী, রক্তপিঙ্গাক্ষী এবং রক্তপিঙ্গলা এক এক করিয়া এই দশবিধ কপিলা গো জাতি। এতাদৃশ বৃষকপিল বৃষ। কপিল বৃষ দ্বারা লাঙ্গলাদি বহান ব্রাহ্মণের পক্ষে কেবল নিষিদ্ধ নহে। অন্য বর্ণ কদাচ এ কাজ করিবে না। বস্ত্রালঙ্কারভূষিত সবৎসা ধেনু দান করিলে, প্রদত্ত ধেনুর গাত্রে যত রোম থাকে, তত বৎসর স্বর্গলোকে সসম্মানে বাস করা বটে। যে ব্যক্তি, অন্য কাহারও নিকট গোদান গ্রহণ করিয়া সেই গোকে বিশুদ্ধ চিত্তে অপরকে প্রদান করেন, তিনি দুর্লভ স্থান প্রাপ্ত হইয়া অমরগণের সহিত আনন্দ অনুভব করিয়া থাকেন। ত্রিলোকে অন্নদান অপেক্ষা পরম দান আর কিছুই নাই। ক্ষুধিত ব্যক্তি মাত্রেই অন্নদানের পাত্র, ক্ষুধিত ব্যক্তিকে অন্নদান করা মহাফলজনক। অন্নদাতা এবং সত্যবাদী উভয়েরই স্থান তুল্য বলিয়া বিবেচিত আছে। অন্ন, প্রাণিগণের প্রাণস্বরূপ, অতএব অন্নদান প্রাণদানের তুল্য। অন্ন-ভিক্ষুক আসিয়া উপস্থিত হইলে, তাহাকে অন্নদান না করিয়া যাহারা ভোজন করে, তাহাদিগকে মরণের পর অনন্ত কাল

কুক্কুরী-বিষ্ঠা ভোজন করিতে হয়। অন্নদান, হরিনাম, গঙ্গাস্নান, গায়ত্রীজপ এবং অনায়াসে ধনোপার্জ্জন, যাহাদের নাই, তাহারা জীবন্মৃত। কেবল আপনার ভোজনের জন্য অন্নপাক যে করে, তাহার অন্ন-ভোজন করা, কৃমি ভোজনের সদৃশ। অতএব মানব, কিঞ্চিৎমাত্রও পরের জন্য পাক করিবে। ধর্ম্মবেত্তাগণ নিশ্চয় করিয়াছেন, ভূমিদান পরম দান। ভূমিদাতা, ষষ্টি সহস্র বৎসর স্বর্গবাস করেন। ভূমিদান না করায় যে ব্যক্তি অনুমোদন করে, তাহার তত বৎসরই নরকভোগ হয়। ভূমিদান, জগতে সকলের পক্ষেই অতিদান। ভূমি অক্ষয়া এবং অচলা, ভূমি সর্ব্বকামপ্রদায়িনী, ভূমিদাতা স্বর্গারোহণ করিয়া অনন্তকাল তথায় ক্রীড়া করে। তৎপরে পুনরায় জন্মলাভ করিয়া রাজা হইয়া থাকে। পৃথিবীর একটী নাম প্রিয়দত্তা, সেই নাম নিত্য এবং সকলের পূজনীয়। ভূমিদান করিবার সময়ে প্রীতিপূর্ব্বক সেই নাম সকলের কীর্ত্তনীয়। হে মহাপ্রাজ্ঞ! যে ব্যক্তি পৃথিবী দান করে, তাহার স্বর্ণ, রাজত, মণি, মুক্তা এই সকল বস্তুই দান করা হয়। তপস্যা, যজ্ঞ, শাস্ত্রজ্ঞান, সৎস্বভাব, অলোভ, সত্যবাদিতা, গুরুপূজা, দেবপূজা এই সমস্তই ভূমিদাতা ব্যক্তির অনুগামী হয়। হে ভূদেব! ভূমি, স্বামীর মঙ্গলদায়িনী হইয়া থাকে। যে মানব বিশুদ্ধ ফল-শস্যশালিনী ভূমি দান করেন, তিনি পরমপদ প্রাপ্ত হন। ভূমিদাতা এবং ভূমিগ্রহীতা উভয়েই স্বর্গগামী হন। যে ব্যক্তি পূর্ব্বজন্মে ভূমিদান করে না, তাঁহার ভূমিলাভ এবং যে ব্যক্তি অন্নদান করে না, তাঁহার অন্নলাভ হয় না। বস্ত্রাদিদান না করিলেও তাহার বস্ত্রাদি লাভ হয় না। দেবগণ দানের প্রশংসা করেন, দান দুর্গতিনাশক। দান দ্বারা স্বর্গ লাভ হয়, দান দ্বারা মোক্ষলাভ হইয়া থাকে। দরিদ্র এবং ধনী উভয়েই ব্রাহ্মণকে দান করিবে। দরিদ্রের অল্প দান এবং ধনীর প্রচুর দান উভয়ই সমান। যে ব্যক্তি দান করে না, কিন্তু পরদ্রব্য-গ্রহণেচ্ছায় ইতস্ততঃ গমন করে, সে ব্যক্তি জন্মান্তরে শৃগালযোনি প্রাপ্ত হইয়া চীৎকার করত ইতস্ততঃ ঘুরিয়া বেড়ায়। ব্রাহ্মণ দানের পাত্র, ব্রাহ্মণ অপেক্ষা উৎকৃষ্ট দানের পাত্র আর কোথাও নাই। হে ব্রহ্মন্! তুমি যে কথা জিজ্ঞাসা করিয়াছিলে, সে দানের কথা এই বলিলাম; এক্ষণে অন্য তোমার শ্রোতব্য বিষয় কি আছে? তাহা বল, আমি উত্তর করিতেছি।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৫ ॥

ষোড়শ অধ্যায়।

জাবালি বলিলেন, কলিকালে জগৎপতি বিষ্ণু, যেরূপে পৃথিবীতলে বিহার করিয়াছেন, হে মহাভাগ! তাহা এবং সর্ব্বপ্রকার কলিধর্ম্ম আমাকে বলুন। সূত বলিলেন,

হে দ্বিজগণ! জাবালি মুনি বেদব্যাসকে এই কথা বলিলে, বেদব্যাস, পরম হর্ষ প্রাপ্ত হইয়া বলিতে আরম্ভ করিলেন, পূর্ব্বকালে শত্রুঘ্ন নামক গৌর-শরীর, বিষ্ণু-অংশ মধুনামক অসুরকে বধ করিয়া মথুরাপুরী নির্ম্মাণ করেন। সেই মথুরায় উগ্রসেন নামক পরমধার্ম্মিক এক রাজা ছিলেন। তাঁহার কনিষ্ঠ ভ্রাতা মহামনা দেবক। দেবকের রূপবতী সুলোচনা সপ্ত কন্যা। দেবক শূরসেনপুত্র বসুদেবকে এই সপ্ত কন্যা ক্রমে ক্রমে হৃষ্টান্তঃকরণে প্রদান করেন। তন্মধ্যে সর্ব্বকনিষ্ঠা মূর্দ্ধা নাম্নী দেবক-নন্দিনী বিবিধ কুতূহল-সহকারে বসুদেবের হস্তে সমর্পিত হন। বসুদেব, দেবকীকে বিবাহ করিয়া, আনন্দসহকারে সুবর্ণরথে আরোহণপূর্ব্বক নিজগৃহে গমন করিতে লাগিলেন। তাঁহার গমনকালে ভেরী, মৃদঙ্গ, পণব, ঢক্কা এবং দুন্দুভি ধ্বনি হইতে লাগিল। ঘণ্টারব, কাংস্য-তালাদির শব্দ এবং মঙ্গলধ্বনি উচ্চারিত হইতে লাগিল। নৃত্য গীত উৎসবে দিঙ্মণ্ডল আনন্দমগ্ন হইল। ধ্বজ-পতাকা-মণ্ডিত সুবর্ণরথ-সমূহ, হস্তী-অশ্ব-পদাতি-বৃন্দ এবং বিমলকান্তি সুকুমারী দাসী-সমূহ বসুদেবের অনুবর্ত্তী হইল। উগ্রসেন-তনয় কংস, বসুদেবে রথে প্রীতি-সারথ্য করিতেছিলেন। পরমনিন্দিত কংস, যত্নসহকারে পথে গমন করিতে করিতে, সর্ব্বজনসমক্ষে আকাশবাণী (দৈববাণী) শ্রবণ করিলেন। "হে মূঢ়বুদ্ধে কংস! তুমি কিছুই অবগত নহ; যে ভগিনীর রথে সারথ্য করিতেছ, ইহাঁরই অষ্টম পুত্র, তোমাকে নিহত করিবে।" এই আকাশবাণী শ্রবণে কংস, অত্যন্ত দুর্ম্মনায়মান হইয়া, তৎক্ষণাৎ দুর্ব্বুদ্ধি-আবেশে ভগিনীকে বধ করিতে উদ্যত হইলেন। কংস, তখন দন্তে অধর দংশন করত, অসি নিষ্কাশিত করিয়া অগ্রসর হইলেন এবং দেবকীকে নিহত করিবার জন্য তাঁহার কেশমুষ্টি হস্তে ধারণ করিলেন। তখন হাহাকার ধ্বনি উত্থিত হইল, উৎসাহভঙ্গ হইল; কিন্তু কংসের ভয়ে কেহই তাঁহাকে নিষেধ করিতে পারিল না। হে দ্বিজোত্তম! মহামনা বসুদেব, কংসের হস্তে দেবকীর আসন্ন-বিপদ্ অবলোকন করিয়া, সবিনয়ে কংসকে বলিতে লাগিলেন, হে শাস্ত্র-ধর্ম্মার্থ-ভূষণ! মহাভাগ কংস! ভগিনীহত্যারূপ এই গর্হিত কর্ম্ম আপনার কদাচ উপযুক্ত নহে। ইনি আপনার অনুজা, অতএব প্রতিপাল্যা। ইহাঁকে বধ করা রূপ অধর্ম্ম, আপনাকে আশ্রয় করিতে যোগ্য নহে। বিশেষতঃ, এই সুকুমারমতি বালিকার কিছুমাত্র দোষ নাই। হে কংস! ইনি কি দোষাদোষবিচার কিছুমাত্র জানেন? দেখুন, ইহাঁর নির্ম্মল মুখমণ্ডল, পরিম্লান হইয়া, আপনার হস্তের প্রতি দৃষ্টিপাত করিয়া আছে। যুদ্ধে আপনার শৌর্য্য বিখ্যাত, অবলা বধ করিয়া আপনার শৌর্য্য প্রকাশ কি হইবে? ইহাঁর গর্ভোদ্ভব যে পুত্র, আপনাকে বিনষ্ট করিতে সক্ষম হইবে, তাহার সহিত যুদ্ধ হইলেই আপনার অশুভ হইবার সম্ভব। (তাহাতে ভগিনীর অপরাধ কি?) আর আকাশবাণীর বিষয়ও আপনার বিবেচনা করা কর্ত্তব্য।

জন্মান্তরেই বা এইরূপ হইবে। দেবকী হইতে,আপনার অহিত এজন্মে নহে, পুনর্জ্জন্মেই বা হইবে। যদি জন্মান্তরে, দেবকী আপনার শত্রুকে প্রসব করেন, তবে হে প্রভো! এখন ইহাঁকে বধ করিয়া কি ফল আছে? অথবা ধরিলাম, এই জন্মেই ইনি আপনার শত্রুকে প্রসব করিবেন; ইহা ত দৈববাণী, দৈববাণী সত্যই হইবে, আপনি তাহা অন্যথা করিবেন কিরূপে? জন্মিলেই মৃত্যু আছে, সকলেরই এই নিয়ম-ব্যতিচার নাই, আপনারও (এক দিন না এক দিন) মৃত্যু হইবে। তবে দুর্ব্বুদ্ধির বশবর্ত্তী হইয়া এমন ঘোরতর কার্য্য করিতে প্রবৃত্ত হইয়াছেন কেন? একমাত্র প্রভু হরিই শত্রু, মিত্র, গুরু এবং বন্ধু। একমাত্র তাঁহারই শরণাপন্ন হউন। মিথ্যা অনুধাবন কেন করিতেছেন? হে মহামতে! জিঘাংসা এবং ইহাঁর কেশপাশ পরিত্যাগ করুন। বরং ইহাঁর গর্ভে পুত্র উৎপন্ন হইবামাত্রঃ আপনাকে সমস্তই অর্পণ করিব। ব্যাস বলিলেন, বসুদেবের স্বভাব-বেত্তা কংস, বসুদেবের এই কথা শুনিয়া সকল লোককে সাক্ষী করিয়া দেবকীবধ হইতে নিবৃত্ত হইলেন। অনন্তর সকলে তৎকালোচিত যথাযথ মঙ্গলকার্য্য করিলেন। বসুদেবও দেবকীর সহিত গৃহে গমন করিলেন, পরে কিয়ৎকাল গত হইলে দেবকী এক পুত্র-সন্তান প্রসব করেন। অনন্তর মহাভাগ বসুদেব সেই পুত্রকে কংসের হস্তে সমর্পণ করিলেন। তাহাতে কংস বসুদেবের সত্যপালন-দর্শনে বড়ই বিস্মিত হইলেন এবং বলিলেন, বসুদেব! পুত্রকে লইয়া গমন করুন গমন করুন, এই পুত্র হইতে আমার ভয় নাই। আপনাদিগের অষ্টম পুত্র হইতে আমার মৃত্যু নির্দ্ধারিত হইয়াছে। কংসের এই বাক্য শুনিয়া বসুদেব গমন করিতে উদ্যত হইলে, নারদ স্বয়ং উপস্থিত হইয়া কংসকে বলিলেন, অহে রাজনন্দন কংস! এইরূপ বিবেচনা তোমার উপযুক্ত নহে। বসুদেবের পুত্রকে পরিত্যাগ করা তোমার কোন মতে উচিত নহে। বসুদেবের যত পুত্র হইবে, সকলকেই শত্রুর ন্যায় নিহত করিবে। বসুদেবের অষ্টম পুত্র এইরূপে নিঃসহায় হইলে তোমাকে মারিতে পারিবে না। ব্যাস বলিলেন, দেবর্ষি নারদ এইরূপ বলিয়া প্রস্থান করিলে, উগ্রসেন-তনয় কংস তাহা স্বীকার করিলেন এবং বসুদেব-নন্দনকে সহর্ষে নিহত করিলেন। অতি দুরাত্মা কংস, বসুদেবের ছয়টী পুত্রকে এইরূপে নিহত করিলে, পরমপুরুষ বিষ্ণু বসুদেবের সপ্তম পুত্রের রক্ষার নিমিত্ত কামরূপে অসুরনাশিনী দেবীকে স্তব করিতে লাগিলেন। হে নব-নীল-জলধর-রুচিরকান্তি দেবি! আপনার চরণযুগলে সুবর্ণময় উজ্জ্বল সুচারু নূপুরধ্বনি হইতেছে, চন্দ্র আপনার পদাঙ্গুলিনখরচ্ছলে আসিয়া আপনার সেবা করিতেছেন, হে বিজয়দায়িনি! আপনাকে প্রণাম করিতেছি; হে দক্ষকন্যে! দীর্ঘতর সর্প দ্বারা বিশেষরূপে বদ্ধ বিশাল-শার্দ্দূলচর্ম্ম আপনার পরিধান, ঘনজাল-নীল সুরুচির আলুলায়িত কেশপাশ আপনার জঘন দেশে নিপতিত হইয়া মহতী শোভা-সম্পাদন করিতেছে, আপনাকে স্মরণ করিতেছি। হে অমলে! আপনি

চতুর্ভুজা, খড়্গামুণ্ড * আপনার দুই হস্তে, আর এক হস্তে নর-কপাল উদীয়মান শশধরের ন্যায় শোভাসম্পন্ন; দৈত্য দানবাদি সুরারিগণের পক্ষে আপনার রূপ অতীব দুর্দ্ধর্ষ; হে বিজয়দায়িনি! আপনাকে স্মরণ করিতেছি। হে দৈত্যঘাতিনি! আপনি দেবতা ও ভক্তমানবাদির প্রতি উজ্জ্বল ত্রিনয়নের কৃপাবিলোকনরূপ অমৃতবৃষ্টি করিয়া থাকেন, আপনার নির্ম্মল-নভোমণ্ডল-প্রতিম স্বচ্ছ সুপ্রসন্ন ললাটদেশে চন্দ্রকলা-রূপ তিলক বিরাজমান, আপনাকে স্মরণ করিতেছি। আপনার উন্নত কিরীটরূপ † কমনীয় পতাকা-সুশোভিত, আপনি সুধাকর-শেখরের সতত কণ্ঠরত্ন; হে সর্ব্বপূজিতে! আপনার প্রভা অত্যুজ্জ্বল কোটিসূর্য্যের প্রভা অপেক্ষাও অধিক; হে বিজয়দায়িনি! আপনাকে স্মরণ করিতেছি। হে নিসর্গ-সুন্দরে! আপনি এইরূপ সুচারুরূপসম্পন্না এবং ভক্তের চিন্তানুরূপ রূপধারণে সমর্থা, হে জ্ঞান-স্বরূপিণি! প্রভো! আপনি নয়নাদির অধি-ষ্ঠাত্রী, কিন্তু চক্ষুরাদি-বিবর্জ্জিতা, আপনাকে স্মরণ করিতেছি। আপনি নারায়ণী আপ-নার পাদযুগল, হরিহর বিরিঞ্চি-বন্দিত; আপনি কালী, জয়া, বিজয়দায়িনী এবং জগদম্বা; আপনি দুর্গা, অভয়া, ভগবতী, গিরিজা, ভবানী এবং বৈষ্ণবী, হে নিখিল-দেবময়ি! প্রসন্ন হউন। হে লিঙ্গবিহীনে! নারায়ণ, অচ্যুত, জনার্দ্দন, পদ্মনাভ, দৈত্যারি, বিষ্ণু, ভগবান্ এবং কমলাসন, এই সকল নামই আপনার, শব্দ ও লিঙ্গভেদমাত্র। আপনি, কালকেতু ব্যাধকে বরদান করিয়াছেন, আপনি ছলে সুবর্ণগোধিকামূর্ত্তি পরিগ্রহ করিয়াছেন, আপনিই শুভা মঙ্গল চণ্ডিকা, আপনি মাতঙ্গ ভোজন ও উদ্গারণ করত 'কমলে কামিনী' রূপে শ্রীমন্ত সদাগর ও তৎপিতাকে শ্রীশালবাহন রাজার হস্ত হইতে রক্ষা করিয়াছেন। ব্যাস বলিলেন, প্রভু বিষ্ণু, এইরূপ স্তব করিলে কল্যাণদায়িনী দেবী কালী শ্রীহরিকে দেখা দিলেন। ভগবতী বলিলেন, হে দেব! আমাকে স্তব করিতেছেন কেন? কি কার্য্য উপস্থিত হইয়াছে, বলুন? অন্যথা করিবেন না; আমি তাহা সম্পাদন করিব। ভগবান্ বলিলেন, হে ভুবনেশ্বরি! আমি ভূভার-হরণের জন্য ভূতলে অবতীর্ণ হইব, তদ্বিষয়ে আপনার সাহায্য প্রার্থনা করি। ভগবতী বলিলেন, ভগবন্! হরে! তুমি দেবকীর অষ্টমগর্ভে প্রবিষ্ট হও। আমি গোকুলে যশোদা গোপিনীর গর্ভে আবির্ভূত হইব। তুমি গোকুলে নন্দের সাধ পূর্ণ করিবে, আমি মথুরায় আসিয়া তোমার শত্রু কংসকে ছলিত করিব। হে হরে! আমি তোমার জ্যেষ্ঠ ভ্রাতাকে, দেবকীর গর্ভ হইতে আকর্ষণ করিয়া গোকুলে রোহিণীর গর্ভে স্থাপন করিব। যখন যখন তুমি আমাকে স্মরণ করিবে, তখন তখনই এইরূপে তোমার কার্য্য সম্পাদন করিব। ব্রহ্মার সৃষ্টিতে পাপনাশিনী ভবদীয় নিত্যকীর্ত্তি প্রতিষ্ঠিত

---

* 'হস্তৈশ্চতুর্ভির্দধতে ধৃতখড়্গমুণ্ডৈঃ।' মূলে এই পাঠ হইবে।

† 'উদ্যৎকিরীটকমনীয়ধ্বজং' মূলের পাঠ এইরূপ হইবে।

থাকিবে। ব্যাস বলিলেন, এই কথা বলিয়া ভগবতী সেই স্থানেই অন্তর্হিতা হইলেন। অনন্তর ভগবতী, দেবকীর গর্ভ আকর্ষণ করিয়া রোহিণীতে প্রবিষ্ট করিলেন। জনরব হইল, দেবকীর গর্ভস্রাব হইয়াছে। এদিকে রোহিণী, নন্দালয়ে গর্ভবতী হইলেন। লোকমনোরম বলভদ্র নন্দালয়ে জন্মগ্রহণ করিলে পুরুষোত্তম কেশব দেবকীর গর্ভে প্রবেশ করিলেন। জগদীশ্বর বিষ্ণু, গর্ভে অধিষ্ঠিত হইলে, দেবকী, ব্রাহ্মমুহূর্ত্তে অরুণোজ্জ্বলা পূর্ব্বদিকের ন্যায় শোভা পাইতে লাগিলেন। তখন দেবগণ সকলে আসিয়া, গর্ভস্থ শ্রীকৃষ্ণকে স্তব করিতে লাগিলেন, হে পুরাণ-পুরুষ! আদ্য ভগবন্! বৈকুণ্ঠনাথ! হে অপ্রমেয় জ্ঞানস্বরূপ নির্ম্মল জগদীশ্বর! আপনি সত্যস্বরূপ, পূর্ণ, অনন্ত এবং ত্রিভুবনের একমাত্র অধীশ্বর; আপনাকে স্তব করিতেছি। বেদবন্দনীয় যে হরি প্রসন্ন হইলে, অমর-নরপূর্ণ ত্রৈলোক্যই প্রসন্ন হয়, আপনিই সেই সুরাসুর-নর-কিন্নর-উরগাদি-বন্দনীয় করুণাময় একমাত্র ঈশ্বর; আপনাকে ভজনা করি। হে নিখিলজীবময়! আপনি স্বেচ্ছাক্রমে, সৃষ্টি স্থিতি সম্পাদন করেন এবং প্রলয়কালে জগৎসংহার করেন, আবার সময়বিশেষে শরীর পরিগ্রহও করিয়া থাকেন; আপনি সেই স্বয়ং বিষ্ণু, পুরুষোত্তম দেহ ধারণ করিবার জন্য দৈবকীর গর্ভে প্রবিষ্ট হইয়াছেন; আপনাকে নমস্কার। হে হরে! যাঁহাকে স্মরণ করিলে, গর্ভবাস-পীড়াজনিত উগ্রদুঃখ ভোগ করিতে হয় না, প্রত্যুত পুনর্জ্জন্মই হয় না;—সেই আপনি দেবকীর গর্ভে প্রবিষ্ট হইয়াছেন, এ কথা কোন্ সাধুর বিশ্বাসযোগ্য হইতে পারে? হে স্বাধীন! আমাদের 'বিবেচনা হয়, আপনি নিজ ভক্তজনের প্রতি কৃপাবশেই তাহাদের উপাসনা-যোগ্য দেহ ধারণ করিয়া থাকেন; শত্রুবধাদি অপর কার্য্যের জন্য নহে; কেননা, কংস প্রভৃতি অসুর, আপনার বিদ্বেষভাজন হইলে, তাহারা কতক্ষণ জীবন ধারণ করিতে পারে? তাহারা ত আপনার নিকট কীট পতঙ্গের তুল্য। ভগবন্! আপনি এ স্থানে বিহার করিবেন, এই জন্য—দেবরূপী, ভূদেবরূপী এবং যজ্ঞরূপী আপনাকে পৃথিবী, বসুদেব দেবকী এবং নন্দ যোশদা যে সেবা করিয়াছেন, এতদ্বিষয়ে আশ্চর্য্য কি আছে? হে হরে! আপনি ধর্ম্মের নিদান, আপনার কেহ কারণ নাই, আর আপনার নাম হইল অচ্যুত। আপনার প্রিয়কামনায় আমরাও অবতীর্ণ হইয়া পৃথিবীতলে বিচিত্র চারুতর-লীলা-প্রকাশপরায়ণ পুরুষার্থসার আদিপুরুষ আপনাকে অবলোকন করিব। ব্যাস বলিলেন, সেই সকল ইন্দ্রাদি দেবগণ, এইরূপ স্তব করিয়া স্ব স্ব স্থানে গমন করিলেন। দেবতারা এইরূপে পুনঃপুনঃ আসিতেন। কংস, দেবকীকে পরম অদ্ভুত স্বরূপিণী অবলোকন করিয়া তৎকালেই তাঁহাকে বধ করিতে ইচ্ছুক হইলেন, পরে পরামর্শ করিয়া সেই কার্য্য হইতে নিবৃত্ত হইলেন। কংস, বসুদেব ও দেবকীকে নিগড়বদ্ধ করিলেন, রক্ষক-রক্ষিত রুদ্ধদ্বার কারাগৃহে তাঁহাদিগকে রাখিলেন। অনন্তর ভাদ্রমাস কৃষ্ণপক্ষের অষ্টমী অর্দ্ধরাত্রে রুচির চতুর্ভুজ-সম্পন্ন কমনীয়দেহ কৃষ্ণকান্তি শ্রীকৃষ্ণ আবির্ভূত হইলেন। তাঁহার হস্তে শঙ্খ, চক্র,

গদা, পদ্ম; পরিধানে পীতাম্বর, গলদেশে মাল্য ও কৌস্তুভ ভূষণ; তাঁহার প্রভায় সমস্ত গৃহ আলোকিত হইল। তাঁহার মস্তকে কিরীট, কর্ণে কুণ্ডল, মুখকমল স্মের ও প্রফুল্ল; তাঁহার বর্ণ নবঘনশ্যামল, জ্যোতি ইন্দ্রনীলমণির ন্যায়। সুনন্দ-নন্দ প্রভৃতি পারিষদেরা তাঁহার পূজা করিতেছে। দম্পতী বসুদেব-দেবকী, জগদীশ্বর কমল-লোচন দেবশ্রেষ্ঠ কৃষ্ণকে অবলোকন করিয়া প্রণাম পূর্ব্বক সহর্ষে বলিতে লাগিলেন, হে রমানাথ! প্রভো! মাধব! শ্রীধর! আমরা জানিতে পারিয়াছি, আপনি কমনীয় কলানিধি ভগবান্ পূর্ণবিষ্ণু! যাহার জ্রভঙ্গীমাত্রে ভূর্ভুবঃ প্রভৃতি ত্রৈলোক্য বিনষ্ট এবং উৎপন্ন হয়, আপনিই সেই প্রভু নারায়ণ। আপনি সেই অখিলাধার সনাতন সত্ত্বমূর্ত্তি স্বরূপ; পৃথিবীর ভারহরণের জন্ত আপনি অবতীর্ণ হইয়াছেন, ইহা বুঝিতেছি। সমুদায় ত্রৈলোক্যের কান্তি গ্রহণ করিয়া আপনি উপস্থিত হইয়াছেন; এই আপনার রূপ আমাদের আঁখিতে না ধরে। আপনি ত্রৈলোক্যাতিশায়ী এতাদৃশ রূপ ব্যতীতও ভূভারহরণে সমর্থ, অতএব এতাদৃশ রূপ উপসংহৃত করুন। হে কেশব! হে গরুড়ধ্বজ! গোবিন্দ! হে নাথ! হে শ্রীপুরুষোত্তম! হে বিশ্বরূপ! ভক্তগণের প্রতি কৃপা করিয়া এই অলৌকিক রূপ উপসংহৃত করুন। হে দীনবন্ধো! হে জনার্দ্দন! এক্ষণে আমাদের কর্ত্তব্য কি? ভগবান্ বলিলেন, তোমরা যাহা জানিয়াছ, তাঁহাই স্থির, এ বিষয়ে সন্দেহ নাই। আমি তোমাদের স্বাভাবিক বালক স্বরূপ হইলাম, নন্দরাজের গোকুলে আমাকে লইয়া যাও। আমি যে সময়ে জন্মিয়াছি, ঠিক সেই সময়ে, নন্দগৃহিণী যশোদা রুচিরাকৃতি এক কন্যা প্রসব করিয়াছেন। সেই কল্যাণী নন্দ-নন্দিনীই আমার প্রতিনিধি হইবেন, তাঁহাকে এই স্থানে আনয়ন করিবে। সেই কন্যাই কংসকে ছলনা করিবেন, নানা দুষ্টগণকে বিনাশ করত গোকুলে আমি বিহার করিব। মথুরা ও গোকুলের মধ্যে জলপূর্ণতরঙ্গ-সঙ্কুলা যমুনা নদী বিদ্যমান; নদী তোমাকে পারের পথ দিবেন। এক্ষণে জগৎ সুষুপ্ত, কংস বা অন্য কোন লোকের নিকট তোমায় ভয় পাইতে হইবে না। এক্ষণে তোমাদের দুজনের নিগড়বন্ধন বিমুক্ত এবং দ্বারও উদ্ঘাটিত। হে মহামতে! বসুদেব! এই গোকুলে এখন সকল লোকেই নিদ্রাগত; কোথাও কোন কথা বলিতে হইবে না। তোমার নামেই আমার বিখ্যাত নাম হইল বাসুদেব। ব্যাস বলিলেন, শ্রীকৃষ্ণ, এই কথা বলিয়া তৎক্ষণাৎ সাধারণ বালকের ন্যায় হইলেন। হে দ্বিজ! শ্রীকৃষ্ণ যাহা বলিলেন, বসুদেব তদনুসারে কার্য্য করিলেন। মহামনা শূরনন্দন বসুদেব, গোকুলে গিয়া যশোদাকে প্রসববিমুগ্ধা অবলোকন করত তথায় নিজ পুত্র স্থাপন ও তৎকন্যা গ্রহণ পূর্ব্বক নিজ গৃহে লইয়া আসিলে পূর্ব্ববৎ নিগড়বন্ধনে বদ্ধ হইলেন, দ্বারও অর্গল বদ্ধ হইল। আনীতা কন্যারও সেই সময়ই যেন জন্ম হইল, এইরূপে রোদনধ্বনি করিয়া উঠিলেন। তাহাতে রক্ষকগণ জাগরিত হইল। কংসও মুক্তকেশে অসিহস্তে ও রোষবিঘূর্ণিত-নয়নে তথায় আসিয়া সবল পদাঘাতে

কপাট উদ্ঘাটিত করিয়া বসুদেবকে বলিল, হে শূরনন্দন। তোমার বালক ভূমিষ্ঠ হইয়াছে, ইহাকে মারিয়া ফেলিব দেও; বিধাতা, ইহার জন্ম মাত্রেই মৃত্যু লিখিয়াছেন। ব্যাস বলিলেন, দেবকী ব্যাকুলনয়নে কংসের মুখের দিকে চাহিয়া 'এটী কন্যা' এই কথা বলিতে বলিতে কন্যাটীকে হস্ত দ্বারা আচ্ছাদিত করিয়া রাখিলেন। কংস, তাঁহার বাক্যে কর্ণপাত না করিয়া, বালিকাকে তাঁহার হস্ত হইতে ছিনাইয়া লইয়া, আনন্দে যেন হাস্য ও নৃত্য করত বসুদেবের পূর্ব্ব পূর্ব্ব সন্তানের বধ্যভূমিতে লইয়া গেল। কংস, তথায় বালিকা-রূপিণী দেবীর পদযুগল ধারণ করিয়া, পাষাণ-পৃষ্ঠে নিক্ষেপ করিবার জন্য সহর্ষে উত্তোলিত করিল। কংস-কর-গৃহীতা বালিকা-রূপিণী ভগবতী ক্ষণমধ্যে তদীয় হস্তভ্রষ্ট হইয়া আকাশে উঠিলেন, তখন তাঁহার ভীষণ আকৃতি হইল, তিনি অট্টট্ট হাস্য করিতে লাগিলেন। তিনি অষ্টভুজে খড়্গ, চর্ম্ম, শূল, ছুরিকা, বাণ, নাগপাশ, পরশু এবং যষ্টি এই অষ্ট প্রহরণ-ধারিণী হইলেন, দেবদেবীগণ তাঁহার পূজা করিতে লাগিলেন। ঘণ্টা, শঙ্খ এবং শরাসনের নিস্বনে দশদিক্ শব্দিত করিতে লাগিলেন। তখন ভগবতী, সেই বিস্মিতচিত্ত কংসকে সাট্টহাসে বলিলেন, রে মূর্খ! কি! আমাকে নিহত করিতে ইচ্ছা করিয়াছিস্! অরে! দৈববাণী মিথ্যা হয় না। তোর পূর্ব্ব শত্রু সেই অনঘ ব্যক্তি, তোর বিনাশের জন্য কোথাও জন্মগ্রহণ করিয়াছেন। এই কথা বলিয়া ভগবতী সেই স্থানেই অন্তর্হিতা হইলেন। তখন মন্দচেতা কংস বিমনায়মান ও পরম সন্দিহান হইয়া বসুদেব ও দেবকীকে অনুনয় সহকারে কারামুক্ত করিয়া, নিজ ভবনে প্রবিষ্ট হইল। তথায় মন্ত্রিগণের সহিত মন্ত্রণা করিয়া, গো, ব্রাহ্মণ এবং দেব-হিংসা করা স্থির হইল। লোকে যাঁহার নিকট স্বস্ত্যয়ন কামনা করে, তাঁহাদের হিংসা করা কংসের বিবেচনাসিদ্ধ হইল। আর স্থির হইল, দুষ্টবুদ্ধি কিঙ্করগণ, জিঘাংসু হইয়া বালকগণের অনুসন্ধান ও অবধারণ করুক।

ষোড়শ অধ্যায় সমাপ্ত ॥ ১৬ ॥

সপ্তদশ অধ্যায়।

প্রাতঃকালে গোপরাজ নন্দ পুত্রজন্ম শ্রবণ করিয়া, চন্দ্রোদয়ে সমুদ্রের ন্যায় আনন্দস্ফীত হইয়া বহু উৎসব করিলেন। গোকুলের ঘরে ঘরে যশোদার শুভপুত্র-জন্মের কথা প্রচারিত হইল; তথায় সকল লোকেই নন্দের পুত্র-জন্মোৎসবে সুখী হইল। গোপীগণ বস্ত্র, অলঙ্কার, মাল্য, চন্দনে শোভিত হইয়া, ধান্য, তণ্ডুল, দূর্ব্বা এবং দধিপাত্র হস্তে লইয়া শুভবেশে সহর্ষে নন্দনন্দনকে দেখিবার জন্য নন্দালয়ে

সমবেত হইলেন। তাঁহারা আসিয়া উৎফুল্লনয়ন ঈষৎহাস্য-বিকসিত-বদনশোভিত শ্রীকৃষ্ণকে অবলোকন করিলেন। তাঁহার ঈষৎহাস্য দৃষ্টি এবং লাবণ্য দর্শনে গোপীগণ অদৃষ্ট এবং অশ্রুত লাভে অন্তর এবং বাহিরে পরম পরিপূর্ণতা লাভ করিলেন। সেই সকল গোপীগণ ধান্য দূর্ব্বাদি প্রদান করিয়া বালককে আশীর্ব্বাদ করিলেন। বালক চিরজীবী হও চিরজীবী হও এইরূপ আশীর্ব্বাদ করিয়া তাহারা আপনাকে কৃষ্ণস্বরূপ বিবেচনা করিয়া কৃষ্ণস্পৃষ্ট হৃদয়ে পরস্পর পরস্পরকে আলিঙ্গন করিতে লাগিলেন। এইরূপে গোপগণ আমোদিত হইয়া দধিভার বহন করত উৎসবস্বরূপ দধিসমুদ্রে ভাসমান হইলেন এবং সেই বালককে আশীর্ব্বাদ করিতে লাগিলেন। গাভী, বৃষ, বৎসতরীগণ তৈল হরিদ্রায় রঞ্জিত হইয়া পুচ্ছ উৎক্ষেপনপূর্ব্বক সহর্ষে মনোহর নৃত্য করত বিচরণ করিতে লাগিল। দধিজম্বালপূর্ণ সদানন্দময় গোকুলে এইরূপে কৃষ্ণোৎসবকার্য্য সম্পন্ন হইতে লাগিল। সেই দিন হইতে গোকুলে যে উৎসব আরম্ভ হইল, কৃষ্ণবৃদ্ধির সঙ্গে সঙ্গে দিনে দিনে তাহাও বাড়িতে লাগিল। কংসরাজ তাহা শুনিয়া কৃষ্ণনিধনের জন্য পুতনাকে তথায় পাঠাইলেন। কৃষ্ণ যেন অধিক বলবান্ হইয়া প্রাণের সহিত পুতনার স্তনপান করিলেন। বালকঘ্নী পুতনা নিজ মূর্ত্তি ধারণ করিয়া ভূতলে নিপতিত হইয়া দেহত্যাগ করিল। গোপ-গোপী সকলে বিস্মিত হইয়া শ্রীকৃষ্ণের জন্য স্বস্ত্যয়নাদি করাইলেন। শ্রীকৃষ্ণ এইরূপে তৃণাবর্ত্ত প্রভৃতি দুষ্টগণকে নিহত করিয়া বলরামের সঙ্গে শৈশব অতিবাহিত করিলেন। রোহিণীনন্দনের নাম হয় বলরাম এবং নন্দনন্দনের নাম হয় কৃষ্ণ। শুভ বালকদ্বয় গোপগণের মন্ত্রণাক্রমে বৃন্দাবনে গমন করিলেন। বৃন্দাবনে যমুনা ও গিরি গোর্দ্ধন বিরাজমান। ব্রহ্মরূপী শ্রীকৃষ্ণের অধিষ্ঠানে বৃন্দাবন বড়ই রমণীয় হইল। শ্রীকৃষ্ণ এই বৃন্দাবনে গোপভাবে ক্রীড়া করত গোপ গোপী এবং গোপবালকগণকে সর্ব্বদা পরিতুষ্ট করিতে লাগিলেন। সকলেই শ্রীকৃষ্ণকে স্ব স্ব অভিপ্রায় অনুসারে কামনা করিতে লাগিলেন। ভক্তবৎসল শ্রীকৃষ্ণ তাহাদিগকে স্নেহভাবে ভজনা করিতে লাগিলেন। অনন্তর তথায় বলরাম এবং কৃষ্ণ বৎসচারণ করিয়া সময়ে বকাসুর বৎসাসুর প্রভৃতি সকলকে বধ করিলেন, তাহারা সকলই কংসাসুরের কিঙ্কর। ক্রমে শ্রীকৃষ্ণ বয়ঃস্থ হইলেন, বনে গোচারণে পাণ্ডিত্য জন্মিল। হে দ্বিজ! তিনি বনমধ্যে একদিন অঘ নামক অচলাকার এক মহাসর্পকে বিনষ্ট করিলেন। ব্রহ্মা, শ্রীকৃষ্ণের পরীক্ষার জন্য দেবগণ সমভিব্যাহারে সমাগত হইয়া ভোজনপরায়ণ শ্রীকৃষ্ণানুচর গোপ-বালকগণকে হরণ করিলেন। তৎকালে শ্রীকৃষ্ণ গাভী অন্বেষণ করিতে একটু দূরে গিয়াছিলেন। শ্রীকৃষ্ণ ফিরিয়া আসিয়া বালকগণের অনুসন্ধানে প্রবৃত্ত হইলে ব্রহ্মা তাঁহার সমুদয় গাভীও হরণ করিলেন। মায়ামনুষ্য শ্রীকৃষ্ণ সে সব কার্য্য ব্রহ্মারই জানিয়া সকল গোপগণের উদ্বেগ দূর করিবার জন্য আপনি সেই সকল গোপবালক এবং গাভী-রূপ ধারণ করিলেন। এইরূপে এক বর্ষ অতীত হইল। ব্রহ্মা আপনাকে অপরাধী

বিবেচনা করিলেন; তখন ব্রহ্মা শ্রীকৃষ্ণকে স্তুতিনতি দ্বারা প্রসন্ন করিয়া নিশ্চিন্ত হইলেন। অনন্তর শ্রীকৃষ্ণ সর্পরাজ কালিয়কে দমন করিয়া দূষিত হ্রদ নির্ম্মল করেন। তারপর বস্ত্রহরণ করিয়া গোপকুমারীগণের প্রতি অনুগ্রহ প্রকাশ করিলেন। অনন্তর যদুশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ যজ্ঞিক-ব্রাহ্মণ-পত্নীগণের প্রতি অনুগ্রহ করিতে অভিলাষী হইয়া সকল গোপবালকগণকে তাঁহাদিগের প্রদত্ত অন্ন ভোজন করাইলেন। তারপরে প্রভু শ্রীকৃষ্ণ ইন্দ্রের অহঙ্কার হইয়াছে জানিয়া গোবর্দ্ধন ধারণ পূর্ব্বক বাদবৃষ্টি ভয় হইতে গোকুল রক্ষা করত ইন্দ্রের দর্প চূর্ণ করিলেন।* অনন্তর গোবিন্দ সুরভির দুগ্ধে অভিষিক্ত হন। হে দ্বিজ! ভাদ্র মাসের দ্বাদশী তিথিতে ইন্দ্র তাঁহার স্তব করেন। তৎপরে শ্রীকৃষ্ণ গোপীগণের প্রীতির জন্য রাসোৎসব করেন। নন্দকে বরুণপাশ এবং সর্পভয় হইতে মুক্ত করেন। শ্রীকৃষ্ণ এই প্রকার নানা উত্তম উত্তম লীলা করিতে লাগিলেন। বহু লীলা করণে সমর্থ বলরামও নানা লীলা করিতে লাগিলেন। সর্ব্বলোকমনোহর পরম উদার শুক্লবর্ণ ও কৃষ্ণবর্ণ ভ্রাতৃদ্বয় বলরাম ও কৃষ্ণ এইরূপে বৃন্দাবনে শোভা পাইতে লাগিলেন। হে দ্বিজোত্তম! কংস, নারদমুখে এই সকল কথা বিশেষরূপে শ্রবণ করিয়া, উত্তম রাজমন্ত্রী অক্রূরকে তথায় প্রেরণ করিলেন। মন্ত্রিসত্তম অক্রূর কংসের আদেশে বলরাম এবং কৃষ্ণকে দেখিবার জন্য রথ লইয়া গোকুলে গমন করিতে প্রবৃত্ত হইলেন। ইতিমধ্যে কংস, গর্দ্দভরূপী কেশী অসুরকে তথায় প্রেরণ করেন। কেশী অসুর গর্দ্দভরূপে, বলরাম এবং কৃষ্ণের সন্নিধানে উপস্থিত হয়। কৃষ্ণ, কেশীকে নিহত করেন, তাহাতেই তাঁহার নাম হইল কেশব। কৃষ্ণ কেশী অসুরকে নিহত করিলে নারদ তাঁহার নিকট আসিয়া উপস্থিত হন। কংসের সহিত নারদের যে সকল গোপনীয় কথা হইয়াছিল নারদ সমস্ত কথাই শ্রীকৃষ্ণকে বলিলেন। নারদ গমন করিলে জগদীশ্বর শ্রীকৃষ্ণের দর্শনাশায় প্রীতিপ্রফুল্ল সুমতি অক্রূর আপনার এবং কংসের ভাগ্য সমান বলিয়া বিবেচনা করিতে লাগিলেন। কেননা, কংস অনিচ্ছাসত্ত্বেও যাঁহার করকমল প্রাপ্ত হইয়া মুক্তিলাভ করিবে, এই অক্রূর তাঁহারই চরণকমল লাভ ইচ্ছা করিয়া অধিক ফল কি আর প্রাপ্ত হইবে। অদ্য জন্ম সফল হইবে, ইহা বিবেচনা করিয়া অক্রূর গোকুলে গমন করিলেন। মহাত্মা রাম কৃষ্ণকে প্রণাম করিয়া অক্রূর জন্ম সার্থক করিলেন। হে দ্বিজোত্তম! রাম, কৃষ্ণ, অক্রূরকে আলিঙ্গন করিয়া বহু সমাদর করিলেন। তখন নির্ম্মল ভাগবৎ-প্রধান অক্রূর সকল বৃত্তান্ত রাম কৃষ্ণকে বলিলেন। গোপরাজ নন্দ কংসের

---

* যেরূপ পাঠ মূলে আছে, তাহার তাৎপর্য্য হইল এই। কিন্তু 'ইন্দ্রমহং হত্বা, মূলে এইরূপ পাঠ হওয়া সুসঙ্গত। তাহার তাৎপর্য্য "প্রভু শ্রীকৃষ্ণ ইন্দ্র-যজ্ঞ বন্ধ করিয়া গোবর্দ্ধনপূজা প্রচলিত করেন, তারপর, গোবর্দ্ধন ধারণ করিয়া ইন্দ্রকৃত বাতবৃষ্টি-মহাভীতি হইতে গোকুল রক্ষা করেন।"

কার্য্য শ্রবণ করিয়া সহর্ষে কংসযজ্ঞে যাইবার জন্ত উদ্যত হইলেন। কংস-নিমন্ত্রিত নন্দ বহুবিধ উপঢৌকন সামগ্রী সঙ্গে লইলেন। কৃষ্ণপ্রাণা গোপীগণ কৃষ্ণের গমনসংবাদ শ্রবণে ম্লানমুখী হইল। সকলেই আকুলভাবে যেন মরণকাল উপস্থিত বিবেচনা করিতে লাগিল। কুললজ্জাভয়ে আকুল গোপীগণ পরস্পর বলাবলি করিতে লাগিল, কৃষ্ণ কি আর আসিবেন না? গোপরাজের যাহা কিছু আছে, সে সকল বস্তুই কৃষ্ণের প্রীতি-সম্পাদক; তবুও শ্রীকৃষ্ণ আসিবেন না? হৃদয়েশ্বর কৃষ্ণ ব্যতীত আমরা প্রাণধারণ করিব কিরূপে? কৃষ্ণ কি আমাদিগকে পরিত্যাগ করিবেন? জানি না, তাঁহার মনে কি আছে? আমাদিগের সকলের এককালে মৃত্যুর জন্তই বিধাতা ইহাঁকে সৃষ্টি করিয়াছেন। তাহাই হউক, আমরা সকলে কৃষ্ণকে ধ্যান করিয়া মৃত্যুমুখে নিপতিত হইব; ত্রিলোকশরণ্য-কৃষ্ণ আমাদিগের উপায় স্বরূপ হইবেন। গোপীগণ এইরূপে মনে মনে চিন্তা করিতে লাগিল, কিন্তু কিছুতেই ধৈর্য্য ধারণ করিতে পারিল না। কৃষ্ণের গমনকালে পরম প্রিয় ধৈর্য্যকে সম্পূর্ণরূপে পরিত্যাগ করিয়া আকস্মিক কৃষ্ণভাবে বিভোর হইয়া প্রাণনাথ বলিয়া চীৎকার করিয়া উঠিল? হে নাথ! হে কৃষ্ণ! আমরা অবলা, আমাদিগকে পরিত্যাগ করিয়া কোথায় যাইতেছ। হে প্রভো! আপনি জগতের প্রাণস্বরূপ, এইরূপ নিষ্ঠুরতা করা আপনার উচিত নহে। আপনিই পূর্ব্বে আমাদিগকে অমৃতরূপিণী করিয়াছেন; আজ সেই আমাদিগকে মৃতরূপিণী করিতেছেন কেন? গোপীগণ সকলে এইরূপে রোদন করিতে লাগিলে, কমললোচন কৃষ্ণ তাহাদিগকে যেন চিরদিনের জন্ত প্রীতিযুক্ত করত দীর্ঘদৃষ্টি দ্বারা অবলোকন করিলেন। ভগবচ্চেষ্টানুবর্ত্তী গোপীগণ শ্রীকৃষ্ণের দর্শনেই আপনিই আপনাদিগকে পরিতৃপ্ত বিবেচনা করিলেন। ভাবিলেন, কৃষ্ণ আমাদিগের। হে বিপ্র! কৃষ্ণের চরিত্র যোগিগণের পক্ষেও দুর্জ্ঞেয়, দেখ, কৃষ্ণের সপ্রেম দর্শনে গোপীগণ চিরতরে সুখীত হইল। গোপীগণ ভক্ত অমরের ন্যায় স্বচ্ছন্দে প্রাণধারণ করিতে লাগিল। সত্তম, কৃষ্ণ এইরূপে গোপীগণের প্রীতি সম্পাদন করিয়া বলরাম সমভিব্যাহারে অক্রূররথে আরোহণ করিয়া সায়ংকালে মথুরায় আসিয়া উপস্থিত হইলেন। হে দ্বিজ! নন্দ প্রভৃতি গোপগণ উপবনে অবস্থান করিলেন। অক্রূর গৃহে গমন করিলেন। তৎপরে বলরাম এবং কৃষ্ণ রাজপথে যাইতে লাগিলেন। প্রভু কৃষ্ণ পথে রজককে নিহত করিয়া দুই ভ্রাতা উত্তম বস্ত্র পরিধান করিলেন। কৃষ্ণের নিকট কুব্জা অনুগৃহীত হইল। বলরাম এবং কৃষ্ণ সর্ব্বাঙ্গে গন্ধচর্চ্চিত ও উত্তম মাল্যে বিভূষিত হইয়া পৌরগণের নির্দ্দেশানুসারে কংসরক্ষিত সভাসংস্থানে উপস্থিত হইলেন। অনন্তর তাঁহারা ধনুর্ভঙ্গ করিয়া ধনুখণ্ডদ্বয় দ্বারা রক্ষক দিগকে নিহত করিলেন। অনন্তর হে দ্বিজসত্তম! মল্লাদির নিকট উপস্থিত হইয়া তাহাদিগকে প্রণাম করিলেন। কংস অক্রূরের নিকট বলরাম এবং কৃষ্ণের আগমনসংবাদ শ্রবণ করিয়া মন্ত্রিগণের সহিত পরামর্শক্রমে সকলকে আহ্বান করিলেন এবং বসুদেব ও দেবকীকে বন্ধন করিয়া

রাখিলেন। মল্লরঙ্গস্থানে মহাবল পরাক্রান্ত মল্লদিগকে স্থাপন করিয়া স্বয়ং সুতুঙ্গমঞ্চে আরোহণ পূর্ব্বক খড়্গ-চর্ম্মহস্তে অবস্থান করিলেন। মহাবল বলরাম এবং কৃষ্ণ রঙ্গস্থলের দ্বারে উপস্থিত হইলেন। কৃষ্ণ তথায় কুবলয়াপীড় হস্তীকে বধ করিয়া চাণূরমল্লকে বিনাশ করিলেন এবং বলরাম উত্তমমল্ল মুষ্টিকের প্রাণবধ করিলেন। উগ্রসেননন্দন কংস দেখিল, মল্লঘাতী মল্লরক্তাক্ত মঙ্গলময় প্রভু রামকৃষ্ণ নৃত্য ও হাস্য করিতেছেন। যদুনন্দন কৃষ্ণ তখন মঞ্চে আরোহণ পূর্ব্বক কংসের হস্ত হইতে অসি গ্রহণ ও বামহস্তে তাহার কেশপাশ গ্রহণ করিয়া কংসের খড়্গ দ্বারাই কিরীট মণ্ডিত কংসের মস্তক ছেদন করিয়া ফেলিলেন। নাল হইতে পদ্মের ন্যায়,কংসর স্কন্ধ হইতে তদীয় মস্তক নিপতিত হইল। কংসের তেজ কৃষ্ণে মিলিত হইল, তখন সকল লোকেই আনন্দলাভ করিল। প্রথমেই কংস-পীড়িত মাতাপিতাকে কারামুক্ত করিলেন। নন্দ প্রভৃতি গোপগণ, তখন সকল বৃত্তান্ত জানিতে পারিলেন, বসুদেব তাঁহাদিগের বিবিধরূপে সৎকার করিলেন। সমবেত জনসাধারণ স্ব স্ব স্থানে গমন করিলেন। বলরাম এবং কৃষ্ণের স্তুতিপাঠ সকলেই করিতে লাগিল; তাঁহারা উভয়ে অল্পদিনের মধ্যে বহুশাস্ত্র অধ্যয়ন করিলেন। কিছুদিন পরে কংসের শ্বশুর মহাবল জরাসন্ধ মহাবল কৃষ্ণ ও বলরামের সহিত যুদ্ধ করিবার মানসে মথুরায় আসিয়া উপস্থিত হইলেন। বলরাম এবং কৃষ্ণ স্বর্গস্থিত আপনাদের পূর্ব্বতন দিব্যরথ প্রাপ্ত হইয়া প্রচুরতর জরাসন্ধসৈন্যের সহিত যুদ্ধ করিলেন। পুনঃ-পুনঃ জরাসন্ধের সৈন্যমণ্ডলীকে বিনষ্ট করিলেন। পরে মগধরাজ জরাসন্ধের প্রিয় কাম-নায় কালযবন, শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধ করিতে উপস্থিত হয়। তখন তিনি সাগরমধ্যে দ্বারকাপুরী নির্ম্মাণ করিয়া তথায় যদুবংশীয় ক্ষত্রিয়গণ প্রভৃতি সকলকে স্থাপন করিয়া বলরামকে তাহাদিগের রক্ষক করিলেন এবং কৃষ্ণ মথুরা হইতে নির্গত হইয়া নিমেষ মধ্যে পলায়ন করিলেন। কালযবন তাঁহার অনুগমন করিতে লাগিল। এইরূপে কালযবনকে এক পর্ব্বতগুহাভ্যন্তরে লইয়া গেলেন, তথায় মুচুকুন্দ নামে সূর্য্যবংশীয় এক রাজা নিদ্রিত ছিলেন, সেই রাজার প্রতি দেবতার এইরূপ বর ছিল, যে তাঁহার নিদ্রাভঙ্গ করিবে, সেই তাঁহার দর্শনমাত্রে ভস্মসাৎ হইবে। কালযবন কৃষ্ণভ্রমে মুচুকুন্দের নিদ্রাভঙ্গ করে, তৎক্ষণাৎ তাঁহার দৃষ্টিপাতে কালযবন ভস্মীভূত হয়। কালযবন ভস্মীভূত হইলে শ্রীকৃষ্ণ মুচকুন্দকে বর প্রদান পূর্ব্বক তথা হইতে অন্তর্হিত হইয়া প্রিয় নগরী দ্বারকাতে গমন করিলেন।

সপ্তদশ অধ্যায় সমাপ্ত॥ ১৭॥

অষ্টাদশ অধ্যায়।

ব্যাস বলিলেন, কৃষ্ণ দ্বারকায় থাকিয়াই, রুক্মিণীর স্বয়ংবরকথা শুনিতে পাইলেন, অনন্তর ভীষ্মকনন্দিনী রুক্মিণী তাঁহাকেই পাইবার জন্ম উৎসুকা, ইহা জানিয়া শিশুপাল প্রভৃতির দর্প চূর্ণ করত রুক্মিণীকে হরণ করিয়া লইয়া যান। রুক্মিণীর গর্ভে শ্রীকৃষ্ণ প্রদ্যুম্ন নামক সুন্দর পুত্র উৎপাদন করেন। প্রদ্যুম্নের পুত্র মহাবাহু অনিরুদ্ধ, অনিরুদ্ধের পত্নী উষা। অনন্তর শ্রীকৃষ্ণ, সত্যভামা এবং জাম্ববতীকে বিবাহ করেন। সূর্য্যের সখা সত্রাজিৎ, সূর্য্যের নিকট হইতে স্যমন্তক নামক সৌভাগ্যপ্রদ অত্যুত্তম মণি প্রাপ্ত হইয়া দ্বারকায় আনিলেন। হে দ্বিজ! সেই মণি প্রতিদিন আট ভার করিয়া সুবর্ণ প্রসব করিত। সত্রাজিদ্‌ভ্রাতা প্রসেন, সেই মণি ধারণ করিয়া বনে ভ্রমণ করিতে করিতে সিংহের হস্তে নিহত হন। দৈবক্রমে মণির জন্ম জাম্ববান্ নামে ভল্লুক, যুদ্ধে বলপূর্ব্বক সিংহকে নিহত করে। কিন্তু জনাপবাদ হইল, শ্রীকৃষ্ণ মণিলোভে প্রসেনকে নিহত করিয়াছেন। এই জনাপবাদ শ্রবণে, নিষ্পাপ শ্রীকৃষ্ণ, অস্ত্র শস্ত্র লইয়া প্রসেনের পথে গমন করত এক বিস্তৃত গর্ত্তে প্রবেশ করিলেন। তখন দূর হইতে জাম্ববানের কিঙ্করী-মুখে শ্রীকৃষ্ণ এই বাক্য শুনিতে পাইলেন, 'সিংহ প্রসেনকে বধ করিয়াছে, তোমার পিতা পিতা জাম্ববান্ সেই সিংহকে মারিয়াছেন। হে সুকুমারক! রোদন করিও না; এই স্যমন্তক মণি তোমারই।' ভগবান্ তৎশ্রবণে তথায় দ্রুত আগমন পূর্ব্বক, দাসীর হস্ত হইতে মণি কাড়িয়া লইয়া প্রতিগমনে উদ্যত হইলেন, কিন্তু দাসীর ক্রন্দনে স্বয়ং জাম্ব-বান্ তথায় উপস্থিত হইয়া কৃষ্ণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল। এই যুদ্ধে বহুদিন অতি-বাহিত হইল। অনন্তর জাম্ববান্ কৃষ্ণের নিকট পরাজিত হয়। তৎপরে জাম্ববান্, শ্রীকৃষ্ণকে সেই জানকীনাথ বলিয়া জানিতে পারিয়া পূজা করত নিজকন্যা সম্প্রদান করিল এবং স্যমন্তক মণি যৌতুক স্বরূপ প্রদান করিল। শ্রীকৃষ্ণ, জাম্ববতী এবং স্যমন্তক মণি লাভ করিয়া দ্বারকায় আসিলেন, নিজের অপবাদ-মোচনের জন্য সত্রাজিৎকে সেই মণি প্রদান করিলেন। সত্রাজিৎ মণি পাইয়াও লজ্জাক্রমে গ্রহণ করিতে সম্মত হইলেন না। কিন্তু কৃষ্ণের নিকট অপরাধ-মোচনের জন্য নিজ তনয়া সত্যবতীকে শ্রীকৃষ্ণের হস্তে প্রদান করিলেন। হে দ্বিজ! ভগবান্ এইরূপে দুই পত্নী প্রাপ্ত হন। কালিন্দী, শৈব্যা, লক্ষ্মণা, নাগ্নজিতা এবং সপ্তবৃষ-শুল্কা মদ্রনন্দিনী; এই আট মহিষীপ্রমুখ ষোড়শ সহস্র এক শত পত্নী মহাগৃহী শ্রীকৃষ্ণের ছিলেন। যোগবলে-শ্বর শ্রীকৃষ্ণ, যত পত্নী, তত মূর্ত্তি অবলম্বন করিয়া প্রতি গৃহেই ক্রীড়া করিতেন। সেই সকল পত্নীর পুত্রাদি উৎপন্ন হওয়াতে সুবিপুল অনন্ত পরিবার শ্রীকৃষ্ণের হইল। প্রভু শ্রীকৃষ্ণ, পঞ্চ পাণ্ডবের সতত প্রীতি সম্পাদন করিতেন। তিনি যুধিষ্ঠিরের রাজসূয়-যজ্ঞে শিশুপালকে বধ করেন। তৎপরে শিশুপালমিত্র শত্রু সৌভপতি শাল্বকে নিহত

করেন। অর্জ্জুনের সারথি হইয়া দুর্য্যোধনাদির বিনাশসাধনও তিনি করেন, পৌণ্ড্রক, কাশিরাজ এবং দন্তবক্রের বধকার্য্য সম্পাদন পুরঃসর মানবাকারে লীলাক্রমে ভূভার হরণ করিলেন। অনন্তর পৃথিবীর মহাভারভূত সমগ্র যদুকুল ব্রহ্মশাপচ্ছলে নির্ম্মূল করিয়া আত্মতন্ত্র প্রভু শ্রীকৃষ্ণ স্বয়ংপ্রচারিত ধর্ম্ম স্থাপনপূর্ব্বক নিজ লোকে প্রবিষ্ট হইলেন। হে দ্বিজ! এইরূপে সেই পুণ্যচরিত্র দেব-দেব জনার্দ্দন কলিকালে অবতীর্ণ হইয়া ধর্ম্ম সংস্থাপন করিয়াছেন। সেই অনঘ বিষ্ণুর স্মরণ করিলে মানবগণের পাপ বিনষ্ট হয়। তিনি নিজ লোকে প্রস্থিত হইলে কলি প্রবল হইল। লোক সকল অলস, অধর্ম্মিষ্ঠ এবং অল্পজীবী হইতে লাগিল। হে মুনে! কলিকাল-জাত মানবগণের চরিত্র শ্রবণ কর।

অষ্টাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৮ ॥

একোনবিংশ অধ্যায়।

ব্যাস বলিলেন, পূর্ব্বকালে মুনিগণ, যে কলিধর্ম্ম কীর্ত্তন করিয়াছেন, তাহা শ্রবণ কর। সত্যযুগে তপস্যাই পরমধর্ম্ম, ত্রেতাযুগে জ্ঞান পরমধর্ম্ম, দ্বাপরে যজ্ঞ পরমধর্ম্ম এবং কলিযুগে দানই পরমধর্ম্ম বলিয়া কথিত। মহাঘোর কলিযুগ উপস্থিত হইলে, বিষ্ণু কৃষ্ণবর্ণ হইলে, সকল বর্ণও আশ্রমাবলম্বী ব্যাজ-ধর্ম্ম-পরায়ণ হইবে। তখন সত্য সংক্ষিপ্ত হইবে; লোকে, অল্পায়ুঃ বিদ্যাহীন, বুদ্ধিহীন এবং ক্রোধ-লোভ-পরায়ণ হইবে। সকল মানবেই কামাসক্ত এবং উদর-সর্ব্বস্ব হইবে। শত্রুতা পরস্পর বিশেষরূপে হইবে, পরস্পরের বিনাশ পরস্পরে অভিলাষ করিবে। উচ্চ ব্যক্তিগণ অধম হইয়া যাইবে, অধমেরা উচ্চতা প্রাপ্ত হইবে। কলিযুগে পুরুষের পত্নীই কেবল বন্ধু হইবে। জলদাবলী নদ-নদী এবং সরসী অল্পজল হইবে। গাভী সকলের দুগ্ধ অল্প হইবে। বৃক্ষের ফল অল্প হইবে। রাজাদিগের দান অল্প হইবে, মানবেরা অল্পায়ুঃ হইবে, ব্রাহ্মণগণের বেদজ্ঞান অল্পই হইবে এবং ব্রাহ্মণেরা ক্ষত্রিয়াদিধর্ম্মে জীবিকা নির্ব্বাহ করিবে। রমণীরা দুর্ম্মুখ, গুরুজন-নিন্দিত এবং ব্যভিচারিণী হইবে। শূদ্রেরা শ্লোকপাঠ করত ধর্ম্ম উপদেশ দিবে। শূদ্রগণ, পুরাণব্যাখ্যা করিবে, অপরে তাহা শ্রবণ করিবে। শূদ্রেরা ব্রাহ্মণকে ব্যাকরণাদি শাস্ত্র পড়াইবে। ব্রাহ্মণেরা এই সকল শূদ্রকর্ম্মে হততেজা হইয়া আত্মহত্যাভাগী হইবে, আর শূদ্রেরা অক্ষয় নরক ভোগ করিবে। কলিযুগে বেদোক্ত ধর্ম্মমার্গ সমূদয় পাষাণ্ডধর্ম্মে আচ্ছন্ন হইবে। স্বীয় বুদ্ধিবলে লোকে শাস্ত্র ও দেবতা কল্পনা করিবে, ধর্ম্মশাস্ত্র পরিত্যাগ এবং তাহার নিন্দা করিবে। প্রাকৃত ভাষায় বশাস্ত্রকে শাস্ত্ররূপ কল্পনা করিয়া স্বমনর-

চিত্ত শূদ্রগণ ধর্ম্মের ভাবকীর্ত্তন করিতে থাকিবে। স্বশাস্ত্রকল্পিত কৃত্রিম দেব-মূর্ত্তি পূজা করিবে এবং কৃষ্ণাদি নাম পরিত্যাগ করিয়া, সেই দেবতারই নাম কীর্ত্তন করিবে। যবনেরা এবং সেই সকল পাষণ্ডেরা স্বধর্ম্ম নাশ করিবে। কলিকালে মানবেরা ভগলিঙ্গোপজীবী হইবে। গুরু-বেশধারী লোকেরা অর্থলোভে অসজ্জনদিগকে মন্ত্র প্রদান করিবে। তাহারা অন্তঃশঠ, মহাক্রূর এবং পরদ্রব্যাভিলাষী, বৈষ্ণব-বেশে ভ্রমণ করত অসজ্জাতিদিগকে যাজন করিবে। সেই সব দেবতা-দ্বেষী বৈষ্ণব-বেশি-গণ, পুরাণার্থ-বেত্তা সাধুশীল ব্রাহ্মণদিগের প্রতি সর্ব্বদা দ্বেষ করিবে। কৃষ্ণ ভূমণ্ডল পরিত্যাগ করিলে, কতিপয় শাস্ত্রনিন্দক বৌদ্ধ প্রাদুর্ভূত হইয়া, সর্ব্বধর্ম্মবহির্ভূত নিজ মত স্থাপন করিতে থাকিবে। তখন সকল পুরাণ দর্শনে পরস্পর মতভেদ উপস্থিত হইল (মত সমন্বয় করিবার প্রথা তিরোহিত হইল), তাহাতে সরস্বতী দুঃখাতিশয্যে রোদন করিতে লাগিলেন। সরস্বতীর দুঃখশান্তির জন্য শিব এবং বিষ্ণু ভূতলে কোন স্থলে আচার্য্য উপাধিধারী ব্রাহ্মণবংশে অবতীর্ণ হইবেন। সরস্বতী আচার্য্যরূপী বিষ্ণুর পত্নী হইবেন, শিব শঙ্করাচার্য্য নামে বিখ্যাত হইয়া সন্ন্যাস আশ্রম করিবেন। তাঁহারা উভয়েই নৈয়ায়িক মত দ্বারা বৌদ্ধসমূহের মত নিরাকরণ করিবেন, বৌদ্ধেরা বলপূর্ব্বক তাড়িত হইয়া মরিবে। স্বয়ং শঙ্করাচার্য্য বৌদ্ধদিগকে নিবারণ করিয়া দেবতাগণের দিব্য স্তব কবচাদি করিবেন। দর্শন শাস্ত্র সম্বন্ধে নানা উত্তম গ্রন্থও প্রণয়ন করিবেন। মৃত-সঞ্জীবনী বিদ্যা অবলম্বন করিয়া শঙ্করারাচার্য্য পুনঃপুনঃ নানাবিধ শরীর পরিগ্রহ করত, অধ্যয়নশীল মানব-গণের জন্য কাব্য ব্যাকরণাদি নানাবিধ উত্তম পবিত্র গ্রন্থ রচনা করিবেন। সেই উভয় আচার্য্য যদবধি পৃথিবী পরিত্যাগ করিবেন, তখন হইতে কলির বৃদ্ধি ও জনগণের সত্ত্বগুণ বিনষ্ট হইবে। তদবধি উত্তরোত্তর ধর্ম্মহানি হইতে থাকিবে। যে মহামতি ব্যক্তি এইরূপ অদ্ভুত কলিচরিত্র অবগত হইয়া শিব এবং নারায়ণের প্রতি ভক্তি করিবে, সে, কলিদোষপরিত্যক্ত হইয়া পরমভাব প্রাপ্ত হইবে। হে দ্বিজ! কলিযুগে, লোকে সতত দুর্ম্মতিসম্পন্ন হইবে, শিষ্য গুরুকে, ভার্য্যা স্বামীকে, পুত্রাদি পিতামাতা প্রভৃতিদের দুর্ব্বাক্যবিষে সতত অবমাননা করিবে। খল, পিশুন, দাম্ভিক এবং মাৎসর্য্যশালী লোকে, সাধুগণের অবমাননা করিবে; এই সব হইল কলির মহৎ কার্য্য। কলিকালে সকল স্ত্রীলোকেই দীর্ঘাকার, দন্তুরা, বিবর্ণা, নিতান্ত খর্ব্বাকৃতি, ক্রোধবহুলা দুষ্টা বা অলক্ষণা ইহার একটা, না, একটা হইবেই। কলিযুগে ব্রাহ্মণেরা কৃষ্ণবর্ণ, দন্তুর, ক্ষীণদেহ এবং শাঠ্যপূর্ণ হইবে। শূদ্রেরা অত্যন্ত গৌরাঙ্গ অস্মশ্রুধারী, দন্তুর এবং বিশেষরূপে শাঠ্যযুক্ত হইবে। হে দ্বিজোত্তম! কলিকালে চতুর্ব্বর্ণের মধ্যে অনেকেই কুব্জ, নিম্নদৃষ্টি, দীর্ঘজঙ্ঘ, স্থূলোদর, বহ্বাশী এবং দন্তপূর্ণ হইবে।

কলিযুগে স্ত্রীলোক দুর্ভগা, উচ্চলভাটা, দুর্বাক্যভাষিণী এবং বিধবা হইবে। হে বিপ্র! এই প্রকার কলিকালে, দেবতারা পৃথিবী পরিত্যাগ করিবেন, ব্রাহ্মণেরা বেদত্যাগ করিয়া মাদকদ্রব্য সেবন করিবেন। দিন দিন পৃথিবীর শস্য অল্প হইবে, লোকক্ষয়ে বা আয়তনহ্রাসে পৃথিবী সঙ্কুচিতা হইবেন, গাভীগণের দেহ ক্ষুদ্র এবং দুগ্ধ অল্প হইবে। মানবগণের মৃত্যুকালের নিয়ম থাকিবে না। হে দ্বিজোত্তম! আশ্রমীরা আশ্রম-ভ্রষ্ট হইবে। লোক, লোভ বশত অন্যবর্ণ ও অন্য আশ্রমের বেশ ও চিহ্ন অবলম্বনপূর্ব্বক ভ্রমণ করিবে। কলিকালে, প্রথমে গ্রাম্য-দেবতা ভূতল ত্যাগ করিবেন, তার পর গঙ্গা ভূতলত্যাগকরিবেন * তৎপরে, তুলসী ও বিল্ববৃক্ষের সহিত ব্রাহ্মণেরাও পৃথিবী পরিত্যাগ করিবেন। তাহার পর পুরাণাদি শাস্ত্রও পৃথিবী হইতে সম্পূর্ণ রূপে বিলুপ্ত হইবে। চতুর্ব্বর্ণ কিছুই থাকিবে না; সতত যবন প্রাধান্য হইবে। ম্লেচ্ছসঙ্কুলা পৃথিবীকে দেবতারা পরিত্যাগ করিবেন। তারপর, পুনঃপুনঃ অতিবৃষ্টি অনাবৃষ্টি হইতে থাকিবে; পরস্পর বিরোধে সম্পূর্ণ রূপে লোকক্ষয় হইতে থাকিবে। অনন্তর বিষ্ণু কল্কিরূপে অবতীর্ণ হইয়া বলপূর্ব্বক নিখিল ম্লেচ্ছ জাতি নিহত করিয়া অন্তর্হিত হইবেন। তৎপরে, দগ্ধগোময়-পিণ্ডের ন্যায় পূর্ব্ব হইতে জীর্ণভাব প্রাপ্তা পৃথিবী ঝঞ্ঝাবাতে ক্ষীণ হইয়া জলমগ্ন হইবে। তৎপরে, সৃষ্টির জন্য পুনরায় সত্যযুগ হইবে; হে বিপ্র! তখন সকলই পুনরায় পূর্ব্ববৎ হইবে। হে বিপ্র! এই আমি তোমাকে ভয়াবহ কলিধর্ম্ম অর্থাৎ কলির স্বভাব কীর্ত্তন করিলাম। কিন্তু কলিকালে হরিনাম সতত ভীতিনাশক; এজন্য সাধুগণ, দোষনিধি কলি-যুগেরও সমাদর করিয়া থাকেন। কলিযুগে এক হরিসঙ্কীর্ত্তনে সকল ইষ্টসিদ্ধি হয়; কলিযুগে হরিনাম অশ্বমেধাদি যজ্ঞের তুল্য। কলিযুগে হরিনাম শ্রুতিসুখকর ও সর্ব্বপাপের পরমপ্রায়শ্চিত্তস্বরূপ।

একোনবিংশ অধ্যায় সমাপ্ত॥ ১৯॥

বিংশ অধ্যায়।

জাবালি বলিলেন, লোকের ব্রহ্মহত্যা প্রভৃতি পাপের সঙ্গে কলিধর্ম্মের বিশেষ সম্বন্ধ। হে মহাভাগ! আপনি পাপ-সম্বন্ধ-যুক্ত; সেই সব পাপের বিষয় কীর্ত্তন করুন। ব্যাস বলিলেন, ব্রহ্মহত্যা, সুরাপান, অশীতি রত্তিকার অন্যূন ব্রাহ্মণস্বামিক স্বর্ণচৌর্য্য ও

* বরাহ-পুরাণ-বচনের সহিত একবাক্যতা করিয়া স্থিরীকৃত হইয়াছে, অন্তিমকলি অর্থাৎ মন্বন্তরশেষে বা কল্পশেষে যে কলিযুগ হইবে, তাহাতেই গঙ্গা পৃথিবী ত্যাগ করিবেন, এ কলিযুগে নহে।

বিমাতৃগমন মহাপাতক বলিয়া কথিত। এতন্মধ্যে অন্যতম মহাপাতকীর প্রথম সংসর্গী ব্যক্তিও * পঞ্চম মহাপাতকী। স্ত্রীহত্যা, গোহত্যা প্রভৃতি পাতকপদবাচ্য। শূদ্র জাতির ব্রাহ্মণীগমন মহাপাতক, শূদ্রের সুরাপান মহাপাতক নহে। ব্রাহ্মণকে প্রণাম না করা শূদ্রের পক্ষে মহাপাতক বলিয়া গণ্য। সম্মাননীয় ব্যক্তির সম্মান না করাই তাহার বধ। পুরাণ শ্লোক পাঠ শূদ্রের পক্ষে ব্রহ্মহত্যার স্বরূপ। শাস্ত্র না জানিয়া শাস্ত্রসম্বন্ধে উপদেশ দেওয়াও ব্রহ্মহত্যা। দেবগণের প্রতি তারতম্যবুদ্ধি এবং তাঁহাদের নিন্দা করা দেব-হত্যা বলিয়া কথিত। হে জাবালে! তাহারই নামান্তর আত্মহত্যা; এ বিষয়ে সন্দেহ নাই। যে কুবুদ্ধি ব্যক্তি, পরকৃত শ্লোককে নিজকৃত বলিয়া খ্যাপন করে, সে সুরাপায়ীর° মধ্যে গণ্য এবং তাহাকে 'বান্তাশী"ও † বলা যায়। যে ব্যক্তি পরকৃত কার্য্যকে আত্মকৃত বলিয়া,প্রকাশ করে, তাহার ব্রহ্মহত্যাপাপ হয় এবং মহানরকভোগ হইয়া থাকে। যে মন্দবুদ্ধি ব্যক্তি, শাস্ত্রব্যাখ্যা অন্যরূপে করে, সে ব্যক্তিও ব্রহ্মহত্যাপাতকী বলিয়া পরিগীত হইয়া থাকে। পরের কীর্ত্তিলোপ যে করে, সে ব্যক্তিও ব্রহ্মঘাতী। যে কুবুদ্ধি ব্যক্তি, পরোপকার প্রভৃতি কার্য্যের হন্তা হয়, তাহার অধর্ম্ম অত্যন্ত অধিক, তাহার মুখ দেখিতে নাই। পুণ্যকর্ম্ম করিতে প্রবৃত্ত ব্যক্তির সহিত বিরোধ করিয়া যে তাহার পুণ্যকার্য্যে ব্যাঘাত জন্মায়, সে ব্যক্তি ব্রহ্মঘাতী এবং ব্রহ্মদ্বেষী বলিয়া কথিত। যে পাপিষ্ঠ ব্যক্তি, ভোজন-পরায়ণ জীবের সহিত বিরোধ করে, সেই পাপকারী, আত্মহত্যার ফল প্রাপ্ত হয়। আলাপ, গাত্র-সংস্পর্শ, নিশ্বাস, একত্র ভোজন, যানে একত্রে আরোহণ এবং এক পংক্তিতে ভোজন; এই সব কারণে মানবগণের পাপ সংক্রামিত হয়। যবন-সংসর্গ ও যবন-ভাষায় কথা বলা এই দুইটাই সুরাতুল্য। যবনান্ন তদপেক্ষাও অধিক। হে মহামুনে! এইরূপেই ধর্ম্মাধর্ম্ম পরিজ্ঞেয়। মহামুনে! তুমি যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, তৎসমস্তই আমি বলিলাম। আমি বৃহদ্ধর্ম্ম-পুরাণ নামক যে সর্ব্বশ্রেষ্ঠ উপপুরাণ পূর্ব্বে রচনা করিয়াছি, এ সমস্তই তথায় প্রকাশিত আছে। এই নির্ম্মল পুরাণ সর্ব্বদাই শ্রোতব্য, গেয় এবং পাঠ্য। এই উপপুরাণ পাপনাশক এবং মোক্ষসাধক। ত্রিলোকের মধ্যে এতদপেক্ষা পরম গোপনীয় আর কিছুই নাই। সকল মহাপুরাণের মধ্যে শ্রীমদ্ভাগবত যেমন প্রধান, আমি সকল উপপুরাণের মধ্যেও বৃহদ্ধর্ম্মপুরাণকে তদ্রূপে প্রস্তুত করিয়াছি। সূত বলিলেন, পরম ধর্ম্মাত্মা সর্ব্বধর্ম্মজ্ঞ-প্রধান বেদ-ব্যাস জাবালিকে এই কথা বলিয়া আমাকে বলিলেন, হে মহাভাগ! বৎস! সূত! তুমি এই পুরাণ সম্পূর্ণরূপেই শ্রবণ করিয়াছ; যে ব্যক্তি

---

* এই সংসর্গ গুরুলঘুভেদে নানা প্রকার; কোন্ সংসর্গ কতকালে মহাপাতক রূপে পরিণত হয়, সে সব পরিপাটী মৎকৃত 'প্রায়শ্চিত্তবিধিতে' দ্রষ্টব্য।

† বান্তাশী—বমি-ভোজী।

শুশ্রূষু নহে, তাহার নিকট কদাচ এ পুরাণ বলিবে না। ব্রহ্মজ্ঞানপ্রাপ্তিকর এই শাস্ত্র গোপনীয়। হে মহামতে! * তোমার পিতা লোমহর্ষণ, আমার শিষ্য এবং পুরাণজ্ঞ। পঞ্চম বেদ মহাভারত তাহারই বস্তু। তুমি তাহার পুত্র, আমার নিকট তুমি সর্ব্বতোভাবে তোমার পিতার ন্যায় সাধু বলিয়া পরিচিত। তুমি সুবক্তা বৃহদ্ধর্ম্মপুরাণ তোমাতেই ন্যস্ত করিলাম। সূত বলিলেন, ব্যাস, আমাকে এই কথা বলিয়া জাবালিকে বলিলেন, মহাভাগ বৎস জাবালে! সশিষ্যে গমন কর। আমি ভগবান্ সনাতন বিশ্বনাথকে স্মরণ করি। সূত বলিলেন, গুরু ব্যাস এই কথা বলিলে, মুনিসত্তম জাবালি ভক্তিসহকারে গুরুকে প্রণাম করিয়া শিষ্যগণ সমভিব্যাহারে যথেচ্ছ প্রস্থান করিলেন। হে বিপ্রগণ! আমি যাহা অধ্যয়ন করিয়াছি, বুদ্ধি অনুসারে তাহা আপনাদিগকে বলিলাম, ব্যাসের বচনানুসারে আপনারাও গোপন রাখিবেন।

বিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২০ ॥

একবিংশ অধ্যায়।

সূত বলিলেন, হে বিপ্রগণ! মুনিপুঙ্গবেরা যাহাকে বৃহদ্ধর্ম্মপুরাণ বলিয়া থাকেন, তাহা এই তোমাদিগকে বলিলাম। এই গ্রন্থ পাপনাশক, পুণ্যজনক, যশোবর্দ্ধক এবং ধনবর্দ্ধক। ইহা পাঠ বা শ্রবণ করিলে, সর্ব্বপাপ হইতে মুক্তিলাভ হয়। হে ভূদেবগণ! এই পুরাণ অষ্টোত্তর শতবার পাঠ বা শ্রবণ করিলে কলিকালেও অশ্বমেধযজ্ঞের ফলপ্রাপ্তি হয়। এই গ্রন্থের অন্ততঃ একটী শ্লোক পাঠ করিয়াও দিন সার্থক করা উচিত। হে দ্বিজগণ! ইহা বৈষ্ণব, শৈব এবং শাক্ত শাস্ত্র। এই সাধু শাস্ত্র সাংখ্যযোগাত্মক এবং পরম আত্মজ্ঞানপ্রদ। ব্রাহ্মণ দ্বারা এই পুরাণ পাঠ করাইবে, ব্যাখ্যা করাইয়া শ্রবণ করিবে। ইহা উপপুরাণসমূহের মধ্যে প্রধান, যেমন শ্রীমদ্ভাগবত পুরাণসমূহের মধ্যে। এ শাস্ত্রের শ্রবণাদিকার্য্যে কালাকালবিচার নাই। অশুশ্রূষু, অভক্ত এবং দেবতায় ভেদ-বুদ্ধিসম্পন্ন ব্যক্তিগণকে এই পরম জ্ঞানপ্রদ শাস্ত্র শ্রবণ করান কর্ত্তব্য নহে। এই শাস্ত্র দেবী প্রথমত ব্রহ্মাদি দেবগণসকাশে প্রকাশ করেন। ব্রহ্মা নারদকে বলেন, নারদ অমিততেজা বেদব্যাসের নিকট ইহা কীর্ত্তন করেন। ব্যাস এই শাস্ত্রকে শ্লোক-বদ্ধ করেন। আমি ব্যাসের নিকট ইহা শুনিয়াছি, তার পর আমি স্ববুদ্ধি-অনুসারে তাহা আপনাদিগকে বলিলাম, এই পুরাণ, পূজ্য, লেখ্য এবং গৃহে রক্ষণীয়। দুর্গোৎসব

---

* মূলে 'ভবিষ্যতি' পাঠ আছে, তাহা অসঙ্গত; তৎপরিবর্ত্তে সেস্থানে 'মহামতে' এইরূপ পাঠ করিবে।

সময়ে অথবা অন্ত পুণ্যদিনে বৃহদ্ধর্ম্মপুরাণ শ্রবণ করিবে; শ্রবণ করিয়া দক্ষিণা দিতে হয়। দ্বিজ গঙ্গাতীরে, পবিত্র তীর্থস্থানে, শিবালয়ে, বিষ্ণুমন্দিরে এবং সাধুসমাগমস্থলে শুচি হইয়া এই পুরাণ পাঠ করিবেন। এই পুরাণপাঠ সময়ে যে ব্যক্তি অপর কথা বলিবে, বিশুদ্ধির জন্ত ব্রহ্মহত্যা-প্রায়শ্চিত্ত তাহার কর্ত্তব্য। আমাকে আপনারা এখানে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, তৎসমস্তই আমি বলিয়াছি; এই শাস্ত্রের প্রভাবে অপার সংসারসাগর গোষ্পদসদৃশ হয়। ব্রাহ্মণগণ সুখে থাকুন, মেঘ যথাকালে বারিবর্ষণ করুক, ঋষি ব্রাহ্মণদিগকে নমস্কার করিয়া যথাস্থানে গমন করি।

একবিংশ অধ্যায় সমাপ্ত ॥ ২১ ॥

বৃহদ্ধর্ম্মপুরাণ সমাপ্ত।

অদ্ভুত। ভ্যালুপেবলে লইলে মূল্যাদি ছাড়া আরও দুই আনা অধিক লাগে (পাইকেরী দর স্বতন্ত্র।)

	বটিকার সংখ্যা	মূল্য	ডাঃমাঃ	প্যাকিং
১নং কৌটা	১৮	||৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৶০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১||৵০	।০	৶০
বিশেষ বৃহৎ—গার্হস্থ্য কৌটা অর্থাৎ				
৪নং কৌটা	১৪৪	৪।০	।০	৶০

বিজয়া বটিকা পাইবার ঠিকানা।

বিজয়া বটিকার উৎপত্তিস্থান—আদিস্থান—বর্দ্ধমানজেলাস্থ সাদীপুর পোষ্টের অধীন বেড়ুগ্রামবাসী বিজয়া বটিকার একমাত্র স্বত্বাধিকারী জে, সি, বসুর নিকট, অথবা কলিকাতা ১২ নং মৃজাপুর ষ্ট্রীটে বি, বসু এণ্ড কোম্পানির নিকট প্রাপ্তব্য।